গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JANUARY 3, 1871.

মঙ্গলবার ১৮৭১ সাল ৩ জানুআরি।

Government of India.

Legislative Department.

The following Bill was introduced into the Council of the Governor General of India for the purpose of making Laws and Regulations on the 2nd December 1870, and was referred to a Select Committee with instructions to make their report thereon in six weeks :—

No. 28 of 1870.

A Bill for the Registration of Criminal Tribes and Eunuchs.

Preamble. WHEREAS it is expedient to provide for the registration, surveillance, and control of certain criminal tribes and eunuchs; It is hereby enacted as follows :—

Part I.—Preliminary.

Short Title. 1. This Act may be called "The Criminal Tribes Act, 1870."

Local extent. This section and section nine extend to the whole of British India: the rest of this Act extends only to the territories respectively under the Governments of the Lieutenant-Governors of the North-Western Provinces and the Panjáb and under the administration of the Chief Commissioner of Oudh.

[*Government Gazette, 3rd January* 1871.]

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

আইনের এই পাণ্ডুলিপি ১৮৭০ সালের ডিসেম্বর মাসের ২ তারিখে আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় পঠিত হইয়া মনোনীত কমিটীর প্রতি অর্পিত হইয়া তাঁহারদের প্রতি ছয় সপ্তাহের মধ্যে তদ্বিষয়ের রিপোর্ট করিবার আদেশ হইয়াছে।

১৮৭০ সালের ২৮ নম্বর।

অপরাধি জাতির ও খোজাদের রেজিষ্টর করণ বিষয়ক আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ। অপরাধি কোনং জাতীয় লোকদের ও খোজাদের রেজিষ্টরী ও তত্ত্বাবধারণ করিবার ও তাহারদের উপর কর্ত্তৃত্ব রাখিবার বিধান করা বিহিত, এই হেতুক নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

প্রথম অধ্যায়।—পরিভাষা।

সংক্ষেপ নামের কথা। ১ ধারা। এই আইন "অপরাধি জাতির ১৮৭০ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে।

যত দূর ব্যাপ্ত হইবে তাহার কথা। এই ধারা এবং ৯ ধারা ব্রিটনীয় ভারতবর্ষের সর্ব্বস্থানে ব্যাপ্ত হইবে। অবশিষ্টাংশ কেবল উত্তর পশ্চিম দেশের ও পঞ্জাব দেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবদের এবং অযোধ্যার প্রধান কমিশ্যনর সাহেবের শাসিত দেশে ব্যাপ্ত হইবে।

Commencement.

This Act shall come into force on the passing thereof.

Part II.—Criminal Tribes.

Power to declare certain tribes to be criminal.

2. The Local Government may declare any tribe, gang, or class of persons reasonably suspected of being addicted to the commission of theft or robbery, and having a fixed place of residence during the whole or any part of the year, to be a criminal tribe, gang, or class, and may direct the magistrate of any district in which such tribe, gang, or class, or any part thereof, resides, to make a register of the members of such tribe, gang, or class in a form to be prescribed by the Local Government.

Register of members of such tribes.

Procedure in making register.

3. Upon receiving such direction, the said magistrate shall publish a notice in the place where the register is to be made, calling upon all the members of the tribe, gang, or class to appear, at a time and place therein specified, before such persons as he appoints, and to give those persons such information as may be necessary to enable them to make the register in the form aforesaid.

Penalties for failing to appear, refusing or giving false information.

Any member of any such tribe, gang, or class failing to appear according to such notice, or intentionally omitting to furnish such information, or furnishing, as true, information on the subject which he knows or has reason to believe to be false, shall be deemed guilty of an offence under section one hundred and seventy-four, or one hundred and seventy-six, or one hundred and seventy-seven of the Indian Penal Code, as the case may be.

Charge of register.

4. The register, when made, shall be kept by the officer in charge of such police station as the said magistrate from time to time directs.

Reporting desirable alterations in register.

5. The officer keeping the register shall from time to time report to the said magistrate any alterations which ought to be made therein, either by way of addition or omission.

যদবধি প্রচলিত হইবে তাহার কথা।

এই আইন বিধিবদ্ধ হওন সময়াবধি প্রচলিত হইবে ইতি।

দ্বিতীয় অধ্যায়।—অপরাধি জাতির কথা।

কোনং জাতীয় লোককে অপরাধি বলিয়া নির্দ্দেশ করিবার ক্ষমতার কথা।

২ ধারা। কোন জাতীয় কিম্বা কোন দল কি শ্রেণীভুক্ত লোকেরা চৌর্য্য কি দস্যুতা কার্য্যে নিয়ত রত হইয়া বৎসরের বারো মাস কিম্বা কএক মাস নিশ্চিত বাসস্থানে থাকে যুক্তিমতে এমত অনুভব হইলে স্থানীয় গবর্ণমেন্ট সেই জাতীয় কিম্বা সেই দল কি শ্রেণীভুক্ত লোকদিগকে অপরাধি বলিয়া নির্দ্দেশ করিতে পারিবেন। এবং সেই জাতীয় লোক কিম্বা সেই দল কি শ্রেণীর লোক কিম্বা তাহারদের একাংশ যে জিলার মধ্যে বাস করে সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবকে ঐ জাতির কি দলের কি শ্রেণীর লোকদিগকে রেজিষ্টরী করিবার আজ্ঞা দিতে পারিবেন। স্থানীয় গবর্ণমেন্ট সেই রেজিষ্টর লিখিবার পাঠ নিরূপণ করিবেন ইতি।

ঐ জাতীয় লোকদের রেজিষ্টরী করিবার কথা।

রেজিষ্টরী করণ সময়ে কার্য্যপ্রণালির কথা।

৩ ধারা। উক্ত মাজিষ্ট্রেট সাহেব তদ্রূপ আজ্ঞা পাইলে যে স্থানে তাহারদিগকে রেজিষ্টরী করিতে হইবে সেই স্থানে নোটিস প্রচার করিয়া ঐ জাতির কি দলের কি শ্রেণীর সকল লোককে ঐ নোটিসের নির্দ্দিষ্ট সময়ে ও স্থানে ঐ সাহেবের নিযুক্ত ব্যক্তিদের সম্মুখে উপস্থিত হইবার আজ্ঞা দিবেন। এবং তাঁহার নিযুক্ত ব্যক্তিরা উক্ত পাঠানুসারে রেজিষ্টরী করিতে পারেন এই নিমিত্তে যে সন্ধান লওয়া আবশ্যক তাহা লইবার আজ্ঞা দিবেন।

উপস্থিত না হইবার কিম্বা সন্ধান না জানাইবার কি মিথ্যা সন্ধান জানাইবার দণ্ডের কথা।

পূর্ব্বোক্ত কোন জাতির কি দলের কি শ্রেণীর কোন লোক সেই নোটিস অনুসারে উপস্থিত না হইলে কিম্বা তদ্বিষয়ের যে সন্ধান জানে তাহা ইচ্ছাপূর্ব্বক না জানাইলে কিম্বা যে সন্ধান মিথ্যা জানে কি মিথ্যা বলিয়া জ্ঞান করে তাহা সত্য বলিয়া জানাইলে, সে ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১৭৪ ধারা কিম্বা বিষয়বিশেষে ১৭৬ ধারা কি ১৭৭ ধারামতে অপরাধের অপরাধী জ্ঞান হইবে ইতি।

রেজিষ্টরী বহী যাহার নিকটে থাকিবে তাহার কথা।

৪ ধারা। রেজিষ্টর প্রস্তুত হইলে উক্ত মাজিষ্ট্রেট সাহেব সময়ে২ পোলীস থানার যে কার্য্যকারককে নির্দ্দেশ করেন তাহার নিকট থাকিবে ইতি।

রেজিষ্টরের কোন কথা পরিবর্ত্তনীয় বলিয়া রিপোর্ট করিবার কথা।

৫ ধারা। ঐ রেজিষ্টরী বহীতে অধিক কথা লিখিয়া কিম্বা কোন কথা ছাড়িয়া তাহার পরিবর্ত্তন করা উচিত হইলে যে কর্ম্মকারক রেজিষ্টর রাখেন তিনি সময়ে২ উক্ত মাজিষ্ট্রেট সাহেবের নিকট সেই কথা জানাইবেন ইতি।

6. Any person deeming himself aggrieved by any entry made or proposed to be made in such register may complain to the said magistrate, and the magistrate shall retain such person's name on the register, or erase it therefrom, or enter it thereupon as he may see fit.

Complaints of entries in register.

7. When the register has been formed, no alteration shall be made therein except by, or by order of, the said magistrate, and he shall write his initials against every such alteration.

By whom alterations are to be made.

8. The Local Government may, with the previous consent of the Governor General in Council, make rules binding upon all persons whose names may, for the time being, be upon such register.

Power to make rules binding on registered persons.

Such rules may prescribe—

1st, the limits within which persons whose names are on the register shall reside;

2nd, conditions as to holding passes, under which such persons may be permitted to leave the said limits; and

3rd, conditions as to answering at roll-call or otherwise, in order to satisfy the said magistrate, or persons authorized by him, that the persons whose names are on the register are actually present at given times within the said limits.

Any person violating any of the said rules shall, on conviction before a magistrate, be punished with rigorous imprisonment for a term which may extend to six months, or with fine, or with whipping, or with all or any two of those punishments.

Penalties for breach of such rules.

9. Any person so registered, who is found in any part of India beyond the limits so prescribed for his residence, without such pass as may be required by the said rules, may be arrested without warrant by any police officer, and taken before a magistrate, who may order him to be removed to the district in which he ought to have resided, there to be dealt with according to the rules under this Act in force for the time being.

Arrest of registered person found beyond prescribed limits.

[*Government Gazette*, 3rd *January* 1871.]

৬ ধারা। উক্ত রেজিষ্টরী বহীতে যে কথা লেখা গেল কি লিখিবার প্রসঙ্গ হইল, তাহাতে কোন ব্যক্তি আপনার পক্ষে অন্যায় হইয়াছে জ্ঞান করিলে, উক্ত মাজিষ্ট্রেট সাহেবের নিকট আবেদন করিতে পারিবেন। তাহাহইলে মাজিষ্ট্রেট সাহেব উচিত বোধ করিলে ঐ ব্যক্তির নাম রেজিষ্টরীতে রাখিতে পারিবেন কিম্বা উঠাইয়া দিতে অথবা লেখাইতে পারিবেন ইতি।

রেজিষ্টরীতে যে কথা লেখা যায় তদ্বিষয়ের আবেদনের কথা।

৭ ধারা। রেজিষ্টর করা গেলে পর কেবল মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা কিম্বা তাঁহার আজ্ঞামতে তাহার কথার পরিবর্ত্তন হইতে পারিবে। তাহা হইলে পরিবর্ত্তিত কথার ধারে তিনি আপন নামের আদ্যাক্ষর লিখিবেন ইতি।

ঐ রেজিষ্টর পরিবর্ত্তন করিতে যাহার ক্ষমতা থাকিবে তাহার কথা।

৮ ধারা। সেই রেজিষ্টরী বহীতে যৎকালে যে সকল ব্যক্তির নাম লেখা থাকে তাহারদের যে বিধি মানিয়া কর্ম্ম করিতে হইবে, স্থানীয় গবর্ণমেন্ট মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সম্মতিক্রমে নিম্নলিখিত বিষয়ের সেই বিধি করিতে পারিবেন।

যে ব্যক্তিদিগকে রেজিষ্টরী করা যায় তাহারদের নিমিত্ত বিধি করিবার কথা।

(১) রেজিষ্টরী বহীতে যে ব্যক্তিদের নাম লেখা আছে তাহারা যে সীমার মধ্যে বাস করিবে।

(২) তাহারা যে নিয়মমতে পাস পাইয়া ঐ সীমার বাহিরে যাইতে পাইবে।

(৩) যাহারদের নাম রেজিষ্টরী বহীতে লেখা থাকে তাহারা নির্দ্ধারিত কোন সময়ে সেই সীমার মধ্যে নিতান্তই আছে; উক্ত মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা তিনি অন্য যে ব্যক্তিকে ক্ষমতা দান করেন তাঁহার হৃদ্বোধমতে ইহা জানা যায়, এই নিমিত্তে তাহারদের নাম ডাকা গেলে তাহারদের উত্তর দিবার কিম্বা প্রকারান্তরের নিয়ম ঐ বিধির মধ্যে নির্দ্দিষ্ট হইবে।

কোন ব্যক্তি উক্ত কোন বিধি লঙ্ঘন করিলে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে প্রমাণ হইলে তাহার ছয় মাসের অনধিক কাল কঠোর কারাদণ্ড কিম্বা অর্থদণ্ড কিম্বা বেত্রাঘাত দণ্ড কিম্বা উক্ত সকল কি কোন দুই দণ্ড হইতে পারিবে ইতি।

ঐ বিধি লঙ্ঘন করিবার দণ্ড।

৯ ধারা। তদ্রূপ রেজিষ্টরী করা কোন ব্যক্তির বাস করিবার নিমিত্তে যে সীমা নির্দ্দিষ্ট হইয়াছে, তাহাকে ঐ সীমার বাহিরে ভারতবর্ষের কোন স্থানে পাওয়া গেলে, ও উক্ত বিধির নির্দ্দিষ্ট পাস তাহার কাছে না থাকিলে, পোলীসের কোন কর্ম্মকারক পরওয়ানাবিনা তাহাকে ধরিয়া কোন মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে লইয়া যাইতে পারিবে। তাহা হইলে এই আইনমত যে বিধি যে সময়ে চলন থাকে তাহাকে লইয়া সেই বিধিমতে কর্ম্ম করা যায়, এই নিমিত্তে ঐ ব্যক্তির যে জিলার মধ্যে বাস করা উচিত মাজিষ্ট্রেট সাহেব তাহাকে সেই জিলায় চালান করিবার আজ্ঞা দিবেন।

রেজিষ্টরী ব্যক্তিকে নির্দ্দিষ্ট সীমার বাহিরে পাওয়া গেলে তাহাকে ধরিবার কথা।

The rules for the time being in force for the transmission of prisoners shall apply to all persons removed under this section.

Part III.—Eunuchs.

Registers of eunuchs and their property.

10. The Local Government shall cause the following registers to be made and kept up by such officer as from time to time it appoints in this behalf:—

(a) A register of the names and residences of all eunuchs residing in any town or place to which the Local Government specially extends this part of this Act, who are reasonably suspected of kidnapping or castrating children, or of committing offences under the Indian Penal Code, section three hundred and seventy-seven, or of abetting, within the meaning of the same Code, the commission of any of the said offences; and

(b) a register of the property of such of the said eunuchs as, under the provisions hereinafter contained, are required to furnish information as to their property.

Rules for making and keeping up such registers.

The Local Government may from time to time make rules for the making and keeping up and charge of such registers, and may, if it think fit, direct the name of any eunuch to be erased therefrom.

Penalty on registered eunuch appearing in female clothes;

11. Any eunuch so registered who appears in female clothes in any public street or place,

or dancing in public or for hire.

or who dances or plays music, or takes part in any public exhibition, in any public street or place, or for hire in any private house,

shall, upon conviction before a magistrate, be punished with imprisonment for a term which may extend to two years, or with fine, or with whipping, or with all or any two of those punishments.

Penalty on Registered eunuch keeping boy under 16.

12. Any eunuch so registered who has in his charge, or keeps in his house, or under his power or control, any boy who has not completed the age of sixteen years, shall, upon conviction before a magistrate, be punished with imprisonment for a term which

কয়েদীদিগকে চালান করিবার যে বিধি যে সময়ে চলন হয় এই ধারামতে চালান করা ব্যক্তিদের প্রতি সেই বিধি খাটিবে ইতি।

তৃতীয় অধ্যায়।—খোজাদের বিধি।

খোজাদের ও তাহারদের সম্পত্তির রেজিষ্টরীর কথা।

১০ ধারা। স্থানীয় গবর্ণমেন্ট সময়ে২ এই কার্য্যপক্ষে যে কর্ম্মকারককে নিযুক্ত করেন তাঁহার দ্বারা নিম্নলিখিত রেজিষ্টর করিয়া রাখিবার আজ্ঞা দিবেন।

(ক) স্থানীয় গবর্ণমেন্ট যে নগরে কি স্থানে এই আইনের এই অধ্যায় বিশেষমতে প্রচলিত করেন, তন্মধ্য নিবাসি খোজারা বালকদিগকে হরণ করে কি খোজা করিয়া ফেলে কিম্বা ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৩৭৭ ধারার লিখিত অপরাধ করে কিম্বা সেই আইনের অর্থমতে উক্ত কোন অপরাধ করণের সহায়তা করে যাহারদের বিষয়ে যুক্তিমতে এমত অনুভব হয় তাহারদের নামের ও বাসস্থানের রেজিষ্টর।

(খ) নিম্নলিখিত বিধানমতে উক্ত যে সকল খোজার প্রতি সম্পত্তির সন্ধান জানাইবার আদেশ হইবে তাহারদের সম্পত্তির রেজিষ্টর।

ঐ রেজিষ্টর করিয়া রাখিবার কথা।

স্থানীয় গবর্ণমেন্ট সময়ে২ উক্ত রেজিষ্টর করিবার ও রাখিবার বিধি ও তাহ যাহার জিম্মায় থাকিবে ইহার বিধি করিতে পারিবেন, এবং বিহিত বোধ করিলে ঐ রেজিষ্টরহইতে কোন খোজার নাম উঠাইয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

রেজিষ্টরী করা খোজা স্ত্রীর বেশে বেড়াইলে!

১১ ধারা। তদ্রূপে যে খোজাকে রেজিষ্টরী করা যায়, সে স্ত্রী লোকের ন্যায় কাপড় পরিয়া কোন কোন রাজপথে কি প্রকাশ স্থানে বেড়াইলে,

কিম্বা পয়সা লইয়া প্রকাশ স্থানে নাচিলে তাহার দণ্ডের কথা।

কিম্বা কোন রাজপথে কি প্রকাশ স্থানে সাধারণে দেখিবার নাট্যক্রিয়াদির ভাগী হইলে কিম্বা পয়সা লইয়া কোন ব্যক্তির বাড়ীতে নাচিলে কি বাদ্য বাজাইলে,

মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে প্রমাণ হইয়া তাহার দুই বৎসরের অনধিক কাল কারাদণ্ড কিম্বা অর্থদণ্ড কিম্বা বেত্রাঘাত দণ্ড কিম্বা উক্ত সকল কি কোন দুই দণ্ড হইতে পারিবে ইতি।

রেজিষ্টরী খোজা ১৬ বৎসরের কম বয়সের বালককে রাখিলে তাহার দণ্ডের কথা।

১২ ধারা। যে খোজাকে তদ্রূপে রেজিষ্টরী করা যায়, ষোল বৎসর বয়স যাহার পূর্ণ না হইয়াছে এমত বালক তাহার জিম্মায় থাকিলে কিম্বা সে এমত বালককে আপনার ঘরে কি ক্ষমতার কি তন্ত্রের অধীনে রাখিলে, মাজিষ্ট্রেট সাহে-

may extend to two years, or with whipping, or with both.

Disabilities of Registered eunuchs.

13. No eunuch so registered shall be capable—

(a) of being or acting as guardian to any minor ;

(b) of making a gift ;

(c) of making a will, or

(d) of adopting a son.

Power to require information as to a Registered eunuch's property.

14. Any officer authorized by the Local Government in this behalf may, from time to time, require any eunuch so registered to furnish information as to all property, whether movable or immovable, of or to which he is possessed or entitled, or which is held in trust for him.

Penalty for refusing such information.

Any such eunuch intentionally omitting to furnish such information, or furnishing, as true, information on the subject which he knows or has reason to believe to be false, shall be deemed to have committed an offence under section one hundred and seventy-six or one hundred and seventy-seven of the Indian Penal Code, as the case may be.

Part IV.—Miscellaneous.

Execution of sentences of whipping.

15. All sentences of whipping under this Act shall be executed in manner, and subject to the precautions, prescribed in sections ten and eleven of Act No. VI. of 1864.

Bar of suits for acts done *bonâ fide.*

16. No suit or other proceeding shall be maintained against any person in respect of anything done by him in good faith pursuant to this Act.

বের সম্মুখে প্রমাণ হইয়া তাহার দুই বৎসরের অনধিক কাল কারাদণ্ড কি বেত্রাঘাত দণ্ড কিম্বা ঐ দুই দণ্ড হইতে পারিবে ইতি।

রেজিষ্টরী খোজাদের অক্ষমতার কথা।

১৩ ধারা। যে খোজাকে তদ্রূপে রেজিষ্টরী করা যায়, সে

(ক) কোন বালকের অভিভাবক হইতে কিম্বা অভিভাবকস্বরূপ কর্ম্ম করিতে পারিবে না।

(খ) দান করিতে পারিবে না।

(গ) উইল করিতে পারিবে না।

(ঘ) পোষ্যপুত্র গ্রহণ করিতে পারিবে না ইতি।

রেজিষ্টরী করা খোজার সম্পত্তির সন্ধান লইবার ক্ষমতার কথা।

১৪ ধারা। এতৎপক্ষে স্থানীয় গবর্ণমেণ্টহইতে ক্ষমতা প্রাপ্ত কর্ম্মকারক তদ্রূপে রেজিষ্টরী কোন খোজাকে সময়ে২ আদেশ করিতে পারিবেন যে, স্থাবর কি অস্থাবর যত সম্পত্তি তাহার অধিকারে আছে কিম্বা যত সম্পত্তিতে তাহার স্বত্ব থাকে কিম্বা তাহার পক্ষে অন্য ব্যক্তির নিকটে ন্যাসস্বরূপ যত সম্পত্তি থাকে তাহার সন্ধান জানায়।

ঐ সন্ধান না জানাইবার দণ্ডের কথা।

তদ্রূপ কোন খোজা জানিয়া শুনিয়া সেই সন্ধান না জানাইলে, কিম্বা যাহা মিথ্যা জানে কি বোধ করে এমত সন্ধান সত্য বলিয়া জানাইলে সে ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১৭৬ ধারামতে কিম্বা বিষয়বিশেষে ১৭৭ ধারামতে অপরাধী জ্ঞান হইবে ইতি।

চতুর্থ অধ্যায়।—বিবিধ বিধি।

বেত্রাঘাত দণ্ড করিবার কথা।

১৫ ধারা। এই আইনমতে বেত্রাঘাত দণ্ডের আজ্ঞা হইলে, ১৮৬৪ সালের ৬ আইনের ১০ ও ১১ ধারায় ঐ দণ্ডের যে নিয়ম ও সাবধানতার যে বিধি নির্দ্দিষ্ট হইয়াছে তাহা মানিয়া ঐ দণ্ড হইবে ইতি।

সরলভাবে যে ক্রিয়া করা যায় তন্নিমিত্তে নালিশ না হইবার কথা।

১৬ ধারা। কোন ব্যক্তি এই আইনঅনুসারে সরলভাবে কোন কর্ম্ম করিলে তজ্জন্যে তাহার নামে কোন মোকদ্দমার কি মোকদ্দমাঘটিত কোন কার্য্যের অনুষ্ঠান হইতে পারিবে না ইতি।

acting
order 18
icial Com-
Panjáb.

gistrates and other persons are hereby indemnified for anything done under the circular order 18 of 1856 of the Judicial Commissioner of the Panjáb, and no suit or other proceeding shall be maintained against any such magistrate or other person in respect of anything so done.

Statement of Objects and Reasons.

Various tribes in the North-Western Provinces, the Panjáb and Oudh carry on theft and robbery systematically. They live quietly for part of the year in their own districts, but they spend the rest of it in wandering about the country plundering, and on their return divide their gains according to a fixed rule. In the North-Western Provinces alone there are twenty-nine tribes who support themselves in the manner above described.

The first object of the present bill is to provide for the formation of a register of the members of the tribes in question. They will be compelled, by rules which the Local Government is empowered to make, to reside within certain fixed limits forbidden to leave those limits without permission, and if found beyond them, apprehended by the police and sent to the place where they ought to live. Like rules were till lately enforced with excellent results in the Panjáb, but the Chief Court has recently decided that these rules were unauthorized by law.

The second object of the Bill is to crush an association of eunuchs in the North-Western Provinces, who carry on a system of unnatural prostitution, and perpetuate their class by kidnapping and castrating boys.

The bill provides for the registration of the names, residences, and property of all eunuchs reasonably suspected of committing these offences; imposes penalties on any registered eunuch who appears in public in female clothes, who dances in public or for hire, or who keeps in his control any boy under the age of sixteen. It also deprives such eunuchs of the power of becoming guardians to minors, of making gifts and wills, and of adopting sons.

J. F. Stephen.

The 23rd November 1870.

Whitley Stokes,
Secy. to the Govt. of India.

পঞ্জাবের জুডিশ্যল কমিশ্যমর সাহেবের ১৮৫৬ সালের ১৮ নং সরকুলর অর্ডরমতে কর্ম্ম করাপ্রযুক্ত দোষ না হইবার কথা।

১৭ ধারা। মাজিষ্ট্রেট সাহেবেরা ও অন্য ব্যক্তিরা পঞ্জাবের জুডিশ্যল কমিশ্যমর সাহেবের ১৮৫৬ সালের ১৮ নম্বরী সরকুলর অর্ডরমতে যে কোন কর্ম্ম করিয়াছেন তজ্জন্যে তাঁহারদের প্রতি দোষ বর্ত্তিবে না এবং তদ্রূপ কৃত কোন ক্রিয়াহেতুক উক্ত কোন মাজিষ্ট্রেটের কি অন্য ব্যক্তির নামে মোকদ্দমার কি মোকদ্দমাঘটিত কোন কার্য্যের অনুষ্ঠান হইবে না ইতি।

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

উত্তর পশ্চিম দেশের ও পঞ্জাবের ও অযোধ্যা দেশের মধ্যে নানা জাতীয় লোক নিয়মবদ্ধরূপে চৌর্য্য ও দস্যুতা ক্রিয়া করিয়া থাকে। বৎসরের কএক মাস তাহারা আপনং প্রদেশে বাস করে অন্য কএক মাস দেশভ্রমণ করিয়া লুঠ করে ও ঘরে ফিরিয়া আসিয়া নির্দ্ধারিত বিধিমতে আপনারদের প্রাপ্ত ধন বাঁটিয়া লয়। উত্তর পশ্চিম দেশেই ঊনত্রিশ বংশের লোক সেই প্রকারে জীবিকা নির্ব্বাহ করে।

উক্ত সকল জাতীয় লোকদের রেজিস্টরী করিয়া রাখা এই পাণ্ডুলিপির প্রধান উদ্দেশ্য। স্থানীয় গবর্ণমেন্টের প্রতি কোনং বিধি করিবার ক্ষমতা প্রদান করা যাইবে। সেই বিধিমতে তাহারদের কোন নির্দ্দিষ্ট সীমার মধ্যে বাস করিতে হইবে, অনুমতি না পাইলে তাহারা সেই সীমার বাহিরে যাইতে পারিবে না। গেলে পোলীস তাহারদিগকে ধরিয়া বাস স্থানে ফিরিয়া পাঠাইবে। পঞ্জাব দেশে অল্পকাল পর্য্যন্ত তদ্রূপ বিধি প্রচলিত ছিল তাহার উৎকৃষ্ট ফলও দেখা গেল। কিন্তু সেই বিধি আইনমতে সিদ্ধ নয় প্রধান আদালতের এই নিষ্পত্তি হইলে সেই বিধির কার্য্য রহিত করিতে হইল।

উত্তর পশ্চিম দেশে খোজাদের এক প্রকার সমাজ আছে তাহারা অস্বাভাবিক অভিগমনের নিয়ম চালাইয়া থাকে এবং বালকদিগকে হরণ করিয়া খোজা করিয়া ফেলে, এই প্রকারে তাহারা আপনারদের সেই ব্যবসায় রক্ষা করে সেই লোকদিগকে দমন করা এই পাণ্ডুলিপির দ্বিতীয় উদ্দেশ্য।

উক্ত প্রকারের অপরাধ করিয়া থাকে বলিয়া যে খোজারদের প্রতি যুক্তিমতে সন্দেহ হয় তাহারদের নাম ও বাসস্থান ও সম্পত্তি রেজিস্টরী করা যাইবে। রেজিস্টরী করা কোন খোজা স্ত্রী বেশে বেড়াইলে কিম্বা প্রকাশ স্থানে কি পয়সা লইয়া নাচিলে কিম্বা ষোল বৎসরের ন্যূন বয়সের বালককে নিকটে রাখিলে তাহার দণ্ড হইবে। আরো সেই খোজারা বালকদের অভিভাবক হইতে ও দানপত্র ও উইল করিতে ও পোষ্যপুত্র গ্রহণ করিতে পাইবে না। পাণ্ডুলিপির এই২ বিধি।

জে এফ ষ্টিফন।

১৮৭০ সাল ২৩ নবেম্বর।

উইটলি ষ্টোক্স।
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭১। ৩ জানুআরি।]

The following Bill was introduced into the Council of the Governor General of India for the purpose of making Laws and Regulations on the 9th December 1870, and was referred to a Select Committee with instructions to make their report thereon in a month :—

No. 34 OF 1870.

THE INDIAN PAPER CURRENCY BILL, 1870.

CONTENTS.

[*Government Gazette*, 3rd *January* 1871.]

আইনের এই পাণ্ডুলিপি ১৮৭০ সালের ডিসেম্বর মাসের ৯ তারিখে ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ মন্ত্রিসভায় গঠিত হইলে মনোনীত কমিটীর প্রতি অর্পিত হইয়া তাঁহারদের প্রতি এক মাসের মধ্যে তদ্বিষয়ের রিপোর্ট করিবার আদেশ হইয়াছে।

১৮৭০ সাল ৩৪ নম্বর।

ভারতবর্ষীয় নোট চলন বিষয়ক ১৮৭০ সালের আইনের পাণ্ডুলিপি।

নির্ঘণ্টপত্র।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭১। ৩ জানুআরি।]

A BILL TO CONSOLIDATE THE LAW RELATING TO THE GOVERNMENT PAPER CURRENCY.

গবর্ণমেণ্টের নোট চলনবিষয়ক আইন সংগ্রহ করণার্থ আইনের পাণ্ডুলিপি।

Preamble.

WHEREAS it is expedient to consolidate the law relating to the Government Paper Currency; It is nacted as follows:—

হেতুবাদ।

গবর্ণমেণ্টের নোটচলন বিষয়ক আইন সংগ্রহ করা বিহিত এই হেতুক নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

I.—*Preliminary.*

১ অধ্যায়।—পরিভাষা।

Short title.

1. This Act may be called "The Indian Paper Currency Act, 1870."

সংক্ষেপ নামের কথা।

১ ধারা। এই আইন ভারতবর্ষীয় নোট চলন বিষয়ক ১৮৭০ সালের আইন নামে খ্যাত হইতে পারিবে।

Local extent.

It extends to the whole of British India;

যে২ স্থানে ব্যাপ্ত হইবে তাহার কথা।

এই আইন ব্রিটনীয় ভারতবর্ষের সমস্ত দেশে প্রচলিত হইবে।

Commencement.

And it shall come into force on the passing thereof.

যে অবধি চলিবে তাহার কথা।

ও বিধিবদ্ধ হইবার সময়াবধি প্রবল হইবে ইতি।

Acts repealed.

2. The Acts mentioned in the schedule hereto annexed are repealed.

যে২ আইন রহিত হইল তাহার কথা।

২ ধারা। এই আইনের তফসীলে যে সকল আইনের উল্লেখ হইয়াছে তাহা রহিত করা গেল।

All appointments made, rules prescribed, circles of issue established, notifications published, and notes issued under any such Act shall be deemed to be respectively made, prescribed, established, published, and issued under this Act.

উক্ত কোন আইনমতে যে নিয়োগ করা যায় ও যে বিধি নির্দ্দিষ্ট হয়, ও নোট চলিবার যে২ চক্র নিরূপণ হয় ও যে২ জ্ঞাপন প্রকাশ করা যায় ও যে২ নোট প্রচলিত হয়, তৎসমুদয় এই আইনমতে করা গেল ও নির্দ্দিষ্ট ও নিরূপিত ও প্রকাশিত ও প্রচলিত হইল জ্ঞান হইবে ইতি।

II.—*The Department of Issue.*

২ অধ্যায়।—প্রচলনের কর্ম্মবিভাগের বিধি।

Functions of Department of Issue.

3. There shall continue to be a Department of the public service, to be called the Department of Issue, whose function shall be the issue of promissory notes of the Government of India payable to bearer on demand, for such sums, not being less than ten rupees, as the Governor General in Council from time to time directs.

প্রচলনের কর্ম্মবিভাগের কর্ত্তব্য কার্য্যের কথা।

৩ ধারা। নোট প্রচলনের কর্ম্মবিভাগ নামে রাজকীয় কর্ম্মবিভাগ থাকিবে। তাহার কর্ম্ম এই। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়ে২ দশ টাকার অন্যূন যত টাকার পত্র করিবার আজ্ঞা করেন কোন ব্যক্তি তাহা উপস্থিত করিলে তাহাকে ঐ টাকা দেওয়া যাইবে, ভারতবর্ষের গবর্ণমেণ্টের এই মর্ম্মের ঋণপত্র দিয়া প্রচলিত করিবেন ইতি।

Head Commissioner.

4. At the head of such Department shall be an officer called the Head Commissioner of the Department of Issue, and two other officers, called, respectively, the Commissioner of the Department of Issue at Madras and the Commissioner of the Department of Issue at Bombay.

Commissioners at Madras and Bombay.

প্রধান কমিশ্যনরের কথা।

৪ ধারা। নোট প্রচলনের কর্ম্মবিভাগের প্রধান কমিশ্যনর নামে এক জন কর্ম্মকারক ঐ কর্ম্মবিভাগের প্রধান পদে থাকিবেন।

বোম্বাইয়েরও মান্দ্রাজের কমিশ্যনরদের কথা।

এবং মান্দ্রাজে নোট প্রচলনের কর্ম্মবিভাগের কমিশ্যনর ও বোম্বাইয়ে নোট প্রচলনের কর্ম্মবিভাগের কমিশ্যনর নামে অন্য দুই জন কর্ম্মকারক থাকিবেন ইতি।

Power to establish Circles of Issue.

5. The Governor General in Council may from time to time, by order published in the *Gazette of India,*

establish Districts, to be called Circles of Issue, three of which circles shall include the Towns of Calcutta, Madras and Bombay, respectively,

appoint in each circle some one city or town to be he place of issuo of notes, as hereinafter provided,

নোট চলনের চক্র নিরূপণ করিবার ক্ষমতার কথা।

৫ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়ে২ ইণ্ডিয়া গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশ করিয়া

নোট প্রচলনের দেশচক্র নামে প্রদেশ নিরূপণ করিবেন। কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই নগর লইয়া এই প্রকার তিনটি চক্র হইবে।

প্রত্যেক চক্রে নিম্নলিখিত বিধানানুসারে নোট প্রচলন করিবার স্থান বলিয়া এক শহর কি নগর নিরূপণ করিবেন।

establish in such city or town an Office or Offices of Issue, and

declare that, for the purposes of this Act, any such city or town (other than Calcutta, Madras or Bombay) shall be deemed to be situate within such Presidency as is specified in the order.

Deputy Commissioners.

6. For each Circle of Issue other than those which include the Towns of Calcutta, Madras and Bombay, there shall be an officer called the Deputy Commissioner of Issue.

Subordination of Commissioners and Deputy Commissioners.

7. For the purposes of this Act, the Commissioners at Madras and Bombay shall be subordinate to the Head Commissioner:

the Deputy Commissioners in the Presidency of Fort William in Bengal shall be subordinate to the Head Commissioner; and

the Deputy Commissioners in the Presidencies of Fort St. George and Bombay shall be subordinate to the Commissioners of Madras and Bombay, respectively.

Appointment, suspension, and removal of officers.

8. All officers under this Act shall be appointed, and may be suspended or removed, by the Governor General in Council.

III.—Supply and Issue of Notes.

Head Commissioner to provide and distribute notes.

9. The Head Commissioner of Issue shall provide promissory notes of the Government of India payable to bearer on demand, of the denominations prescribed under this Act, and shall supply the Commissioners at Madras and Bombay, and the several Deputy Commissioners with such notes as they require for the purposes of this Act.

Notes where payable.

All such notes shall bear upon them the name of the city or town from which they are severally issued, and shall be payable only—

at the Office or Offices of Issue of such city or town, and

at the presidency town of the Presidency within which such city or town is situate.

ও সেই শহরে কি নগরে নোট প্রচলন করিবার এক কি অধিক কার্য্যালয় নিরূপণ করিবেন।

এবং ঐ অনুজ্ঞাপত্রে যে দেশ নির্দ্দিষ্ট হয়, এই আইনের কার্য্যোপলক্ষে কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই নগরভিন্ন উক্ত কোন শহর কি নগর সেই দেশের অন্তর্গত জ্ঞান হইবে এমত নির্দ্দেশ করিবেন ইতি।

ডেপুটী কমিশ্যনরদের কথা।

৬ ধারা। নোট প্রচলনের যে চক্রের মধ্যে কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই নগর থাকে তদ্ভিন্ন প্রত্যেক চক্রে নোট প্রচলন করিবার ডেপুটী কমিশ্যনর নামে একং জন কর্ম্মকারক নিযুক্ত হইবেন ইতি।

কমিশ্যনরেরা ও ডেপুটী কমিশ্যনরেরা যাঁহারদের অধীন থাকিবেন তাঁহাদের কথা।

৭ ধারা। এই আইনের কার্য্যপক্ষে মান্দ্রাজের ও বোম্বাইয়ের কমিশ্যনরেরা প্রধান কমিশ্যনর সাহেবের অধীন হইবেন।

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর ডেপুটী কমিশ্যনরেরা প্রধান কমিশ্যনরের অধীন হইবেন।

ফোর্ট সেন্ট জর্জ রাজধানীর ডেপুটী কমিশ্যনর মান্দ্রাজের কমিশ্যনরের ও বোম্বাই রাজধানীর ডেপুটী কমিশ্যনর বোম্বাইয়ের কমিশ্যনরের অধীন হইবেন ইতি।

কর্ম্মকারকদের নিযুক্ত ও অল্পকাল কি চিরকাল অবসর করিবার কথা।

৮ ধারা। এই আইনমত সকল কার্য্যকারক মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের দ্বারা নিযুক্ত হইবেন ও তাঁহার দ্বারা কর্ম্মহইতে স্থগিত কি অবসৃত হইতে পারিবেন ইতি।

তৃতীয় অধ্যায়।—নোট যুটাইবার ও প্রচলিত করিবার বিধি।

প্রধান কমিশ্যনরের নোট যুটাইবার ও বণ্টন করিবার কথা।

৯ ধারা। এই আইনমতে যত টাকার নোট করা যায় কোন ব্যক্তি তাহা উপস্থিত করিলেই তাহাকে তত টাকা দেওয়া যাইবে ভারতবর্ষের গবর্ণমেণ্টের এই মর্ম্মের ঋণপত্র বলিয়া সেই নোট প্রচলন করিবার প্রধান কমিশ্যনর তাহা প্রস্তুত করাইয়া মান্দ্রাজের ও বোম্বাইয়ের কমিশ্যনরেরা এবং নানা স্থানের ডেপুটী কমিশ্যনরেরা এই আইনের কার্য্যোপলক্ষে যত খানির প্রয়োজন রাখে তাঁহারদিগকে তত খানি যুটাইয়া দিবেন।

নোটের টাকা যেং স্থানে পাওয়া যাইবে তাহার কথা।

যে নোট যে শহর কি নগরহইতে বাহির হয় তাহার নাম সেই নোটে লেখা থাকিবে ও ঐ নোটের টাকা

ঐ শহরের কি নগরের নোট প্রচলনের এক কি অধিক কার্য্যালয়ে পাওয়া যাইবে।

ও সেই শহর কি নগর যে দেশের অন্তঃপাতি থাকে সেই দেশের রাজধানীতে পাওয়া যাইবে। অন্য স্থানে নয় ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭১। ৩ জানুআরি।]

10. The name of the Head Commissioner, of either of the Commissioners, of a Deputy Commissioner, or of some other person authorized by the said Head Commissioner, or by either of the said Commissioners, to sign notes issued under this Act, shall be subscribed to every such note, and may be impressed thereon by machinery.

Signatures to notes.

Names so impressed shall be taken to be valid signatures to all intents and purposes.

11. The Head Commissioner, the Commissioners, and the Deputy Commissioners shall, in their respective Circles of Issue, on the demand of any person, issue from the Office or Offices of Issue established in their respective Circles, promissory notes of the denominations prescribed under this Act, on the terms following:—

Issue of notes for silver.

First, in exchange for the amount thereof in current silver coin of the Government of India; or,

Secondly, in exchange for the amount thereof in silver bullion or foreign silver coin at the rate of nine hundred and seventy-nine rupees per thousand tolas of silver fit for coinage and of the standard fineness prescribed by the Indian Coinage Act, 1870:

Provided that in all places where there is no Mint of the Government of India, any such Head Commissioner, Commissioners, and Deputy Commissioners, may refuse to issue notes in exchange for silver bullion or foreign coin under this section.

Proviso.

12. The Governor General in Council may from time to time, by order published in the *Gazette of India,* direct that notes to an extent to be specified in the order, not exceeding one-fourth of the total amount of issues represented by coin and bullion as herein provided, shall be issued at such Offices of Issue as are named in the order, in exchange for gold coin of full weight of the Government of India or for foreign gold coin or gold bullion, at the rates and according to the rules and conditions fixed by such order.

Issue of notes for gold.

13. The Head Commissioner, Commissioners, and Deputy Commissioners may require any bullion or foreign coin received under section eleven or section twelve, to be melted and assayed. Any loss of weight caused

Expense of melting and assaying bullion received for notes.

১০ ধারা। এই আইনমতে যে সকল নোট প্রচলন করা যায় তাহার প্রত্যেক নোটে প্রধান কমিশ্যনরের নাম কিম্বা অন্যতর কমিশ্যনরের কি ডেপুটী কমিশ্যনরের নাম, কিম্বা উক্ত প্রধান কমিশ্যনর কি উক্ত অন্যতর কমিশ্যনর অন্য যে ব্যক্তিকে স্বাক্ষর করিবার অনুমতি দেন তাঁহার নাম লেখা থাকিবে ও কলদ্বারা তাহাতে ছাপান যাইতে পারিবে।

নোটে যাঁহার স্বাক্ষর থাকিবে তাঁহার কথা।

তদ্রূপে নাম ছাপা হইলে তাহা সর্ব্বতোভাবে সিদ্ধ স্বাক্ষর বলিয়া জ্ঞান হইবে ইতি।

১১ ধারা। প্রধান কমিশ্যনর ও কমিশ্যনরগণ ও ডেপুটী কমিশ্যনরগণ নোট প্রচলনার্থ আপনং চক্রের মধ্যে কোন ব্যক্তির প্রার্থনামতে নিম্নলিখিত নিয়মানুসারে আপনং চক্রে স্থাপিত নোট প্রচলনের এক কি অধিক কার্য্যালয়হইতে এই আইনের নির্দ্দিষ্ট টাকার নোট দিবেন।

রূপা লইয়া নোট দিবার কথা।

প্রথম। ভারতবর্ষের গবর্ণমেন্টের প্রচলিত রৌপ্য মুদ্রা লইয়া তত টাকার নোট দিবেন।

দ্বিতীয়। ভারতবর্ষীয় মুদ্রাবিষয়ক ১৮৭০ সালের আইনের নির্দ্দিষ্ট যে প্রকারের রূপাতে মুদ্রা করা যায় ও কষ্টিমতে বিশুদ্ধ রূপা কিম্বা ভিন্ন দেশের রৌপ্য মুদ্রা এক হাজার তোলাপ্রতি ৯৭৯৲ টাকার হিসাবে লইয়া নোট দিবেন ইতি।

কিন্তু যেং স্থানে ভারতবর্ষের গবর্ণমেন্টের টাকশাল নাই সেইং স্থানে উক্ত প্রধান কমিশ্যনর ও কমিশ্যনরগণ ও ডেপুটী কমিশ্যনরগণ এই ধারামতে রূপা কি ভিন্নদেশীয় মুদ্রা লইয়া নোট দিতে অসম্মত হইতে পারিবেন ইতি।

উপবিধি।

১২ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশ করিয়া এই আজ্ঞা করিতে পারিবেন যে নোট প্রচলনের যেং কার্য্যালয় সেই অনুজ্ঞাপত্রে নির্দ্দিষ্ট হইল তম্মধ্যে ঐ অনুজ্ঞাপত্রে যেং মূল্য ও যেং বিধি ও নিয়ম নিদ্ধার্য্য হইবে সেই মূল্যের হিসাবে ও সেই বিধি ও নিয়মানুসারে ভারতবর্ষীয় গবর্ণমেন্টের পুরা ওজনের সোণার মুদ্রা কি ভিন্নদেশীয় সোণার মুদ্রা কিম্বা সোণা গৃহীত হইয়া তৎপরিবর্ত্তে এই আইনের বিধানমত সোণার মুদ্রার ও সোণার মূল্যানুরূপ সর্ব্বসুদ্ধ যত নোট প্রচলিত হয় তাহার চতুর্থাংশের অনধিক যত টাকার নোট ঐ অনুজ্ঞাপত্রে নির্দ্দিষ্ট হয় তত টাকার নোট দেওয়া যাইবে ইতি।

সোণা লইয়া নোট দিবার কথা।

১৩ ধারা। ১১ কি ১২ ধারামতে যে সোণা কি রূপা কি ভিন্নদেশীয় মুদ্রা লওয়া যায় প্রধান কমিশ্যনর ও কমিশ্যনরগণ ও ডেপুটী কমিশ্যনরগণ তাহা গলাইবার ও পরখাই করিবার আজ্ঞা দিতে পারিবেন। গলাইতে কি পরখাই করিতে

নোটের নিমিত্ত যে রূপা কি সোণা লওয়া যায় তাহা গলাইবার ও পরখাই করিবার খরচের কথা।

[Government Gazette, 3rd January 1871.]

Loss of weight.

by such melting or assay shall be borne by the person tendering the bullion or coin.

Certificates for bullion.

14. Every person so tendering bullion or foreign coin and depositing it in any Office of Issue shall, after the expiration of the time necessary for melting and assaying the same, be entitled to receive therefor a certificate signed by the person authorized to issue the notes aforesaid.

Contents of certificate.

Such certificate shall—

(*a*) acknowledge the receipt of such bullion or foreign coin,

(*b*) state the amount of promissory notes of the Government of India, or of such notes and cash, to which the holder is entitled in exchange for such bullion or coin,

(*c*) state the interval on the expiration of which, if the certificate be presented to such office, the holder shall be entitled to receive such amount.

Notes where legal tender.

15. Within any of the said Circles of Issue a note issued under this Act from any Office of Issue in such Circle, shall be a legal tender to the amount expressed in such note, in payment or on account of—

any revenue or other claim to the amount of ten rupees and upwards due to the Government of India,

any sum of ten rupees and upwards due by the Government of India, or by any body corporate or person in British India:

Provided that no such note shall be deemed to be a legal tender by the Government of India at any Office of Issue.

IV.—Reserve.

Bullion received for notes to be kept as a reserve.

16. The whole amount of the coin and bullion received under this Act for notes shall be retained and secured as a reserve to pay such notes, with the exception of such an amount, not exceeding sixty millions of rupees, as the Governor General in Council, with the consent of the Secretary of State for India, from time to time fixes.

Except amount fixed as minimum limit of circulation.

Investment of such amount.

17. The amount so fixed shall be published in the *Gazette of India* and the whole or such part thereof as the Governor General in Council from time to time fixes shall be invested in securities of the

ওজনের যে কমৃতী হয়, যে ব্যক্তি ঐ সোণা কি রূপা কি মুদ্রা দেয় তাহার সেই কমৃতীর ক্ষতি স্বীকার করিতে হইবে ইতি।

সোণার ও রূপার নিমিত্ত সর্টিফিকটের কথা।

১৪ ধারা। যে ব্যক্তি উক্ত প্রকারে সোণা কি রূপা কি ভিন্নদেশীয় মুদ্রা আনিয়া নোট প্রচলনের কোন কার্য্যালয়ে দেন, গলাইবার ও পরখাই করিবার উপযুক্ত সময় গত হইলে পর, তিনি তন্নিমিত্ত সর্টিফিকট পাইতে পারিবেন। যে ব্যক্তি ঐ নোট প্রচলন করিবার ক্ষমতা প্রাপ্ত হন তিনি ঐ সর্টিফিকটে স্বাক্ষর করিবেন।

সর্টিফিকটের মর্ম্মের কথা।

ঐ সর্টিফিকটে

(ক) ঐ সোণা কি রূপা কি ভিন্ন দেশীয় মুদ্রা প্রাপ্ত হওয়ার কথা।

(খ) ঐ সোণার কি রূপার কি মুদ্রার পরিবর্ত্তে ঐ সর্টিফিকট প্রাপ্ত ব্যক্তি ভারতবর্ষের গবর্ণমেণ্টের কত টাকার ঋণপত্র কিম্বা কত টাকার ঐ নোট ও কত টাকা নগদ পাইবে এই কথা,

(গ) ও কত কাল গত হইলে পর ঐ সর্টিফিকটপ্রাপ্ত ব্যক্তি ঐ কার্য্যালয়ে সর্টিফিকট আনিলে ঐ নোট প্রভৃতি পাইতে পারে এই কথা লেখা যাইবে ইতি।

নোট যেং স্থলে আইনমত মুদ্রা স্বরূপ চলিতে পারে তাহার কথা।

১৫ ধারা। নোট প্রচলনের উক্ত যে চক্রের কার্য্যালয়হইতে এই আইনমত নোট প্রচলিত হয় সেই চক্রের মধ্যে ঐ নোটের নির্দ্দিষ্ট টাকার পরিবর্ত্তে ঐ নোট আইনমত প্রচলিত টাকা স্বরূপ,

ভারতবর্ষের গবর্ণমেণ্টের পাওনা দশ টাকার ও তাহার ঊর্দ্ধ সংখ্যার কোন রাজস্বের কি অন্য দাওয়ার নিমিত্ত,

ভারতবর্ষের গবর্ণমেণ্টের কিম্বা ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন সমবায়িত সমাজের কিম্বা কোন ব্যক্তির দেনা দশ টাকার কি তাহার ঊর্দ্ধ সংখ্যার টাকার নিমিত্ত লওয়া যাইতে পারিবে।

কিন্তু নোট প্রচলনের কোন কার্য্যালয়ে তদ্রূপ নোট ভারতবর্ষের গবর্ণমেণ্টের আইনমতে দত্ত টাকা জ্ঞান হইবে না ইতি।

৪ অধ্যায়।—সঞ্চিত টাকার বিধি।

নোটের পরিবর্ত্তে যে সোণা কি রূপা পাওয়া যায় তাহা সঞ্চয় করিয়া রাখিবার কথা।

১৬ ধারা। এই আইনঅনুসারে নোটের পরিবর্ত্তে যত টাকা ও যত সোণা ও রূপা পাওয়া যায়, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়েং ভারতবর্ষের পক্ষ শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের অনুমতিক্রমে ৬,০০,০০,০০০ টাকার অন্যূন যত টাকা নিরূপণ করেন তদ্ভিন্ন উক্ত সকল টাকা ঐ নোটের পরিশোধার্থে সঞ্চিত করিয়া রাখা যাইবে ইতি।

কিন্তু প্রচলিত নোটের অতি ন্যূন যে সীমা নির্দ্ধারিত হয় তাহা বর্জ্জিত হওয়ার কথা।

ঐ টাকা লইয়া যাহা করা যাইবে তাহার কথা।

১৭ ধারা। উক্ত প্রকারে কত টাকা নিরূপিত হইবে তাহা ইণ্ডিয়া গেজেটে প্রকাশ করা যাইবে। সেই সমস্ত টাকা কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়েং

Government of India: the said coin, bullion, and securities shall be appropriated and set apart to provide for the satisfaction and discharge of the said notes; and the said notes shall be deemed to have been issued on the security of the coin, bullion, and securities so appropriated and set apart, as well as on the general credit of the Government:

Appropriation of coin, bullion, and securities.

তাহার যে অংশ নিরূপণ করেন তাহা লইয়া ভারতবর্ষের গবর্ণমেণ্টের সিকুারিটী ক্রয় করা যাইবে। উক্ত মুদ্রা ও সোণা ও রূপা ও সিকুারিটী ঐ সকল নোটের টাকার পরিশোধ করিবার নিমিত্তে প্রয়োগ করা যাইবে ও স্বতন্ত্র রাখা যাইবে। এবং যে মুদ্রা ও সোণা রূপা ও সিকুারিটী তদ্রূপে প্রয়োগ করা যায় ও স্বতন্ত্র রাখা যায় উক্ত সকল নোট তাহারই প্রাতিভাব্যে ও গবর্ণমেণ্টের সাধারণ বিশ্বস্ততার উপর নির্ভর করিয়া প্রচলিত হইতেছে জ্ঞান হইবে।

মুদ্রা ও সোণা ও রূপা ও সিকুারিটী যে কর্ম্মে প্রয়োগ করা যাইবে তাহার কথা।

Provided that any silver bullion or foreign coin received under this Act may be sold or exchanged for silver coin, of the Government of India, and that any gold coin or bullion received under this Act may be sold or exchanged for silver coin or bullion to be so appropriated and set apart instead of the gold coin or bullion.

Sale or exchange of bullion and foreign coin.

পরন্তু এই আইনমতে যে রূপা কি ভিন্ন দেশীয় মুদ্রা পাওয়া যায় তাহা ভারতবর্ষের গবর্ণমেণ্টের রৌপ্য মুদ্রা লইয়া বিক্রয় হইতে পারিবে কি তাহার বিনিময়ে লওয়া যাইতে পারিবে। এবং এই আইনমতে যে সোণা কি সোণার মুদ্রা পাওয়া যায় তাহা রূপার মুদ্রা কি রূপা লইয়া বিক্রয় হইতে পারিবে ও তাহার বিনিময়ে লওয়া যাইতে পারিবে ও তাহা সেই সোণার মুদ্রার কি সোণার পরিবর্ত্তে প্রয়োগ করা যাইবে ও স্বতন্ত্র রাখা যাইবে।

সোণা ও রূপা ও ভিন্নদেশীয় মুদ্রা বিক্রয় করিবার ও বিনিময়ে দিবার কথা।

For the purposes of this section, silver bullion and coin shall be rated at ninety-eight rupees per hundred tolas, and gold bullion and coin at the rates fixed by the Governor General in Council under section twelve.

এই ধারার কার্য্যের উপলক্ষে রূপার ও রূপার মুদ্রার এক শত তোলার ৯৮৲ টাকা মূল্য ধরা যাইবে। এবং মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ১২ ধারামতে যে মূল্য নিরূপণ করেন সোণার ও সোণার মুদ্রার সেই মূল্য নিরূপণ হইবে ইতি।

18. The Government securities so purchased shall be held by the Head Commissioner and the Master of the Mint at Calcutta, in trust for the Secretary of State for India in Council.

Trustees of securities purchased under Act.

১৮ ধারা। যে গবর্ণমেণ্ট সিকুারিটী উক্ত প্রকারে ক্রয় করা যায়, তাহা ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের নিমিত্ত প্রধান কমিশ্যনর সাহেব এবং কলিকাতার টাকশালের অধ্যক্ষ সাহেবের নিকট ন্যাসস্বরূপ থাকিবে ইতি।

এই আইনমতে যে সিকুারিটী ক্রয় করা যায় তাহার ট্রষ্টীদের কথা।

19. The Head Commissioner may, at any time when ordered so to do by the Governor General in Council, sell and dispose of any portion of the above-mentioned limited amount of Government securities.

Power to sell such securities.

১৯ ধারা। পূর্ব্বোক্ত সীমানুসারে যত টাকার গবর্ণমেণ্ট সিকুারিটী থাকে, প্রধান কমিশ্যনর সাহেব মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আজ্ঞা পাইলে, কোন সময়ে তাহার কোন অংশ বিক্রয় করিয়া হস্তান্তর করিতে পারিবেন।

তদ্রূপ সিকুারিটী বিক্রয় করিবার ক্ষমতার কথা।

For the purpose of effecting such sales, the Master of the Mint at Calcutta shall, on a request in writing from the Head Commissioner, at all times sign and endorse such Government securities, and the said Head Commissioner, if so directed by the Governor General of India in Council, may purchase Government Securities to replace such sales.

Power to replace them.

ঐ সিকুারিটী বিক্রয় করিবার নিমিত্তে, কলিকাতার টাকশালের অধ্যক্ষ সাহেব প্রধান কমিশ্যনর সাহেবের লিখিত আদেশপত্র পাইয়া কোন সময়ে ঐ গবর্ণমেণ্ট সিকুারিটীতে স্বাক্ষর করিয়া তাহার পৃষ্ঠলিপি করিতে পারিবেন। এবং উক্ত প্রধান কমিশ্যনর সাহেব মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আজ্ঞা প্রাপ্ত হইলে, ঐ বিক্রীত সিকুারিটীর পরিবর্ত্তে গবর্ণমেণ্টের অন্য সিকুারিটী ক্রয় করিয়া রাখিতে পারিবেন ইতি।

তৎপরিবর্ত্তে গবর্ণমেণ্টের সিকুারিটী ক্রয় করিবার কথা।

20. The interest accruing due on the securities purchased and held under this Act shall be entered in a separate account, to be annually rendered by the

Interest on such securities to be entered in a separate account.

২০ ধারা। এই আইনমতে যে সিকুারিটী ক্রয় করিয়া রাখা যায় তাহার উপর যত টাকা সুদ হয় তাহা স্বতন্ত্র হিসাব খাতায় লেখা যাইবে। প্রধান কমিশ্যনর

ঐ সিকুারিটীর উপর সুদের স্বতন্ত্র হিসাব রাখিবার কথা।

Head Commissioner to the Governor General in Council.

সাহেব মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবকে বৎসর২ সেই হিসাব দিবেন।

"Profits of Notes Circulation."

The amount of such interest shall from time to time, as it becomes due, be paid to the credit of the Government of India, under the head of "Profits of Notes Circulation,"

প্রচলিত নোটের লভ্যের কথা।

ঐ সুদ সময়ে২ পাওনা হইলে "প্রচলিত নোটের লভ্যের" খাতায় ভারতবর্ষের গবর্ণমেণ্টের নামে জমা হইবে।

Annual account.

and an account showing the amount of such profits and of the charges and expenses incidental thereto shall be made up and published annually in the *Gazette of India*.

বার্ষিক হিসাবের কথা।

উক্ত প্রকারে যত টাকা লাভ হয় ও তদ্ঘটিত যত টাকা খরচ হয় ইহারও হিসাব করিয়া বৎসর২ ইণ্ডিয়া গেজেটে প্রকাশ করা যাইবে ইতি।

V.—Miscellaneous.

৫ পঞ্চম অধ্যায়।—বিবিধ বিধি।

Monthly abstracts of accounts.

21. An abstract of the accounts of the Department of Issue showing—the whole amount of notes in circulation,

the amount of coin and bullion reserved, distinguishing gold from silver, and

the amount of the Government Securities held by the said Department,

shall be made up monthly in Calcutta, and published as soon as may be in the *Gazette of India*.

হিসাবের মাসিক চুম্বক।

২১ ধারা। নোট প্রচলনের কর্ম্মবিভাগের হিসাবের সারলিপি কলিকাতায় মাসে২ প্রস্তুত হইয়া সাধ্যমতে ত্বরায় ইণ্ডিয়া গেজেটে প্রকাশ করা যাইবে।

যত খানি নোট প্রচলন আছে,

সোণার ও রূপার যত মুদ্রা ও যত সোণা ও যত রূপা সঞ্চিত আছে,

উক্ত কর্ম্মবিভাগের হাতে গবর্ণমেণ্টের যত সিকুরিটী আছে, ঐ হিসাবে এই২ কথা লেখা যাইবে ইতি।

Description of notes in indictments.

22. All notes issued under this Act shall be deemed to be promissory notes of the Government of India, and may be described as promissory notes of the Government of India in all indictments, and in criminal and civil proceedings.

অভিযোগপত্রে নোটের বর্ণনা।

২২ ধারা। এই আইনমতে যত নোট প্রচলিত হয় তাহা ভারতবর্ষের গবর্ণমেণ্টের ঋণগ্রহণপত্র জ্ঞান হইবে এবং অভিযোগপত্রে ও ফৌজদারী ও দেওয়ানী আদালতের সকল কাগজপত্রে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ঋণপত্র বলিয়া বর্ণিত হইতে পারিবে ইতি।

Prohibition of issue of private bills or notes payable to bearer on demand.

23. No body corporate or person in British India shall draw, accept, make or issue any bill of exchange, hundi, promissory note or engagement for the payment of money payable to bearer on demand, or borrow, owe, or take up any sum or sums of money on the bills, hundis or notes payable to bearer on demand, of any such body corporate or of any such person :

যে হুণ্ডী কি ঋণপত্র উপস্থিত করা গেলেই টাকা দেওয়া যাইবে এমত হুণ্ডী-প্রভৃতি দিবার নিষেধ।

২৩ ধারা। এই পত্র উপস্থিত করিবামাত্র তাহার টাকা দেওয়া যাইবে ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন সমাবায়িত সমাজ কি কোন ব্যক্তি এই মর্ম্মের কোন বিল অফ একস্‌চেঞ্জ কি হুণ্ডী কি ঋণপত্র কি অঙ্গীকারপত্র লিখিবেন না ও স্বীকার করিবেন না ও করিবেন না ও প্রচলিত করিবেন না এবং উপস্থিত করিবামাত্র ইহার টাকা দেওয়া যাইবে কোন ব্যক্তি কোন সমাবায়িত সমাজের কি অন্য ব্যক্তির এই মর্ম্মের বিলের কি হুণ্ডির কি নোটের উপর কোন টাকা কর্জ্জ কি ঋণ করিয়া লইবেন না ও গ্রহণ করিবেন না।

Exception in favour of cheques.

Provided that cheques or drafts payable to bearer on demand or otherwise, may be drawn on bankers, shroffs, or agents, by their customers or constituents, in respect of

চ্যাকের বিষয়ে বর্জ্জিত কথা।

কিন্তু কোন বণিকের কি মহাজনের কি গোমাশ্তার হাতে কোন ব্যক্তির টাকা থাকিলে ও তাঁহার চ্যাক কি ড্রাফ্‌ট প্রাপ্ত হইবামাত্র সেই টাকা দেওয়া যাইবে এই নিয়ম থাকিলে এই পত্র উপ-

deposits of money in the hands of such bankers, shroffs, or agents, and held by them at the credit and disposal of the persons drawing such cheques or drafts.

স্থিত করা গেলেই কি কএক দিনান্তরে ইহার টাকা দিতে হইবে ঐ বণিকের কি মহাজনের কি গোমাশতার সঙ্গে নিভা কর্ম্মকারি কোন ব্যক্তি এই মর্ম্মের চাক কি ড্রাফট দিতে পারিবেন ইতি

Penalty for issuing such bills or notes.

24. Any body corporate or person committing any offence under section twenty-three shall, on conviction before a Magistrate, be liable to a penalty to the amount of the bill, hundí, note or engagement in respect whereof the offence is committed.

উক্ত প্রকারের হুণ্ডী কি নোট দিবার দণ্ডের কথা।

২৪ ধারা। কোন সমাবায়িত সমাজ কি কোন ব্যক্তি ২৩ ধারার উল্লিখিত অপরাধ করিলে যে হুণ্ডীর কি ঋণপত্রের কি অঙ্গীকারপত্রের বিষয়ে সেই অপরাধ করেন মাজিষ্ট্রেটের সম্মুখে প্রমাণ হইলে তাহার লিখিত টাকার তুল্য তাঁহার দণ্ড হইতে পারিবে।

Every prosecution under this section shall be instituted by the Head Commissioner, Commissioner, or Deputy Commissioner, as the case may be, of the Circle of Issue in which such bill, hundí, note or engagement is drawn, accepted, made or issued.

নোট প্রচলনের যে চক্রের মধ্যে ঐ বিল কি হুণ্ডী কি ঋণপত্র লেখা যায় কি স্বীকার করা যায় কি করা যায় কি দেওয়া যায় সেই চক্রের প্রধান কমিশ্যনর কিম্বা বিষয়বিশেষে কমিশ্যনর কি ডেপুটী কমিশ্যনর এই ধারামত অভিযোগ উপস্থিত করিতে পারিবেন ইতি।

Supplementary Powers.

পরিশিষ্ট ক্ষমতার বিধি।

Supplementary powers of the Government of India.

25. The Governor General in Council may from time to time, by notification in the *Gazette of India*—

ভারতবর্ষের গবর্ণমেণ্টের পরিশিষ্ট ক্ষমতার কথা।

২৫ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে সময়ে২ জ্ঞাপনপত্র প্রকাশ করণপূর্ব্বক,

(1) fix the amounts (not being less than ten rupees) for which notes shall be issued under this Act,

(১) এই আইনমতে ১০৲ টাকার অন্যূন যত টাকার নোট প্রচলন করা যাইবে তাহা নিরূপণ করিবেন।

(2) alter the limits of any of the said Circles of Issue,

(২) নোট প্রচলনের উক্ত কোন চক্রের সীমার পরিবর্ত্তন করিতে পারিবেন।

(3) declare the places at which notes shall be issued under this Act,

(৩) এই আইনমত নোট যেং স্থানে প্রচলিত হইবে তাহা নির্দ্দেশ করিবেন।

(4) fix the rates, rules and conditions at and according to which gold may be taken in exchange for Government promissory notes,

(৪) গবর্ণমেণ্টের ঋণপত্রের বিনিময়ে যেং নিয়ম ও যে বিধিমতে সোণা গ্রহণ হইতে পারিবে তাহা নিরূপণ করিবেন।

(5) fix the charge for melting and assaying bullion and foreign coin received for Government promissory notes,

(৫) গবর্ণমেণ্টের ঋণপত্রের বিনিময়ে সোণা কি রূপা কি ভিন্নদেশীয় মুদ্রা গলাইবার ও পরখাই করিবার যত খরচ ধরিতে হইবে তাহা নিরূপণ করিতে পারিবেন।

(6) fix the interval on the expiration of which holders of certificates under section fourteen shall be entitled to receive Government promissory notes,

(৬) যাঁহারা ১৪ ধারামতে সর্টিফিকট পান তাঁহারা কত দিন গত হইলে গবর্ণমেণ্টের ঋণপত্র পাইতে পারিবেন তাহা নিরূপণ করিবেন।

(7) regulate any matters relative to Paper Currency which are not provided for by this Act,

(৭) এই আইনে প্রচলিত নোটসম্পর্কীয় যেং বিষয়ের বিধান করা যায় নাই তাহা করিতে পারিবেন।

[*Government Gazette, 3rd January* 1871.]

(8) revoke or alter any notification previously made under this Act.

Every such notification shall come into force on the day therein in that behalf mentioned, and shall have effect as if it were enacted in this Act:

Provided that no notification under clause four of this section shall have effect until six months have elapsed from the date of its appearance in the *Gazette of India*.

SCHEDULE.

Number and year of Act.	Title.
XIX of 1861 ...	An Act to provide for a Government Paper Currency.
XXIV of 1861 ...	An Act to enable the Banks of Bengal, Madras and Bombay to enter into arrangements with the Government for managing the issue, payment and exchange of Government Currency Notes and certain business hitherto transacted by the Government Treasuries.
I of 1866 ...	An Act to amend Act XIX of 1861 (*to provide for a Government Paper Currency.*)
XXX of 1867 ...	An Act to amend Act XIX of 1861 (*to provide for a Government Paper Currency.*)
XV of 1870 ...	An Act for the further amendment of Act No. XIX of 1861.

Statement of Objects and Reasons.

The primary object of this Bill is to consolidate the law relating to the Government Paper Currency, which is now contained in four Acts, XIX of 1861, I of 1866, XXX of 1867, and XV of 1870. The opportunity has been taken to repeal the obsolete Act XXIV of 1861, and to improve the arrangement and wording of the existing law.

R. Temple.

The 19th November 1870.

Whitley Stokes,
Secy. to the Govt. of India.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭১। ৩ জানুআরি।]

(৮) এই আইনমত যে জ্ঞাপনপত্র প্রকাশ করা যায় তাহা অন্যথা কি পরিবর্ত্তন করিতে পারিবেন।

তদ্রূপ প্রত্যেক জ্ঞাপনপত্র প্রচলিত হইবার যে দিন ঐ পত্রে নির্দ্দিষ্ট হয় তাহা সেই দিন অবধি প্রবল হইয়া এই আইনে বিধি বদ্ধ হওয়ার ন্যায় বলবৎ হইবে।

কিন্তু এই ধারার ৪ প্রকরণমতে যে জ্ঞাপনপত্র প্রকাশ হয় তাহা ইণ্ডিয়া গেজেটে প্রকাশ হইবার পর ছয় মাস গত না হইলে বলবৎ হইবে না ইতি।

তফসীল।

আইনের সাল ও নম্বর।	নাম।
১৮৬১ সা. ১৯ আ.	গবর্ণমেণ্টের নোট চালাইবার বিধান করিবার আইন।
১৮৬১ সা. ২৪ আ.	গবর্ণমেণ্টের নোট চালাইবার ও দিবার ও ভাঙ্গাইবার কার্য্য ও অন্য যেং কার্য্য পূর্ব্বাবধি গবর্ণমেণ্টের ত্রেজুরীতে করা যাইত তাহা চালাইবার বিষয়ে গবর্ণমেণ্টের সঙ্গে বন্দোবস্ত করিতে বাঙ্গাল ও মান্দ্রাজ ও বোম্বাই ব্যাঙ্কে ক্ষমতা দিবার আইন।
১৮৬৬ সা. ১ আ...	গবর্ণমেণ্টের নোট চালাইবার বিধান করণার্থ ১৮৬১ সালের ১৯ আইন সংশোধন করিবার আইন।
১৮৬৭ সা. ৩০ আ.	গবর্ণমেণ্টের নোট চালাইবার বিধান করণার্থ ১৮৬১ সালের ১৯ আইন সংশোধন করিবার আইন।
১৮৭০ সা. ১৫ আ	১৮৬১ সালের ১৯ আইন আরো সংশোধন করিবার আইন।

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

গবর্ণমেণ্টের প্রচলিত নোট বিষয়ক ব্যবস্থা এইক্ষণে চারিটি আইনেতে অর্থাৎ ১৮৬১ সালের ১৯ আইনে, ১৮৬৬ সালের ১ আইনে, ১৮৬৭ সালের ৩০ আইনে ও ১৮৭০ সালের ১৫ আইনে প্রচারিত আছে। তাহা সংগ্রহ করা এই পাণ্ডুলিপির মুখ্য উদ্দেশ্য। ১৮৬১ সালের ২৪ আইন অকর্ম্মণ্য হইয়াছে এই সুযোগে তাহাও রহিত করা গেল এবং প্রচলিত আইনের পদ ও শব্দবিন্যাস উৎকৃষ্ট করা গেল।

আর টেম্পল,

১৮৭০ সাল ১৯ নবেম্বর।

উইটলি ষ্টোক্স,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

John Robinson, *Bengalee Translator.*

[Government Gazette, 3rd January 1871.]

E

Circular Orders by the High Court of Judicature at Fort William in Bengal.

No. 36.

To the Judge of , District of ,—(dated Calcutta, the 13th December 1870.)

(CIVIL SIDE.)

Bhaugulpore.	Sarun.
Gya.	Shahabad.
Patna.	Tirhoot.

THE High Court of Judicature hereby authorizes the closing of the subordinate Civil Courts in the districts as per margin, comprised in the Province of Behar, on the dates specified in the annexed list, being Christian and Native Holidays permitted to be observed in the ensuing year.

2. The Courts are not to be closed except on the days specified, and this order is not to be taken as justifying the refusal to do any act or make any order for which emergent application may be made, and which may be lawfully done or made out of Court.

List of Authorized Holidays for the year 1871.

Names of Holidays.	English Date.	Bengalee Date.		Days of the Week.	Number of Days.	REMARKS.
New Year's Day and the two days following	1st to 3rd January	18th to 20th Pous	1277	Sunday to Tuesday	3 days.	
Days after the Eclipse of the Moon ...	7th January	24th Pous	1277	Saturday	1 day.	
Bussunt Punchomee	25th and 26th January ...	13th and 14th Magh	1277	Wednesday and Thursday ...	2 days.	
Shebu Rattree	17th and 18th February ..	6th and 7th Falgoon	1277	Friday and Saturday ...	2 days.	
Eed-uz-Zoha	3rd and 4th March	20th and 21st Falgoon	1277	Friday and Saturday	2 days. ...	If the Moon be visible on the 20th February, the Court will be closed on the 2nd and 3rd March.
Dole Jattra	7th and 8th March	24th and 25th Falgoon	1277	Tuesday and Wednesday ..	2 days.	
Barrunnee Gunga Snan	19th March	6th Cheitra	1277	Sunday	1 day.	
Moharrum, including Sree Ram Nobomee	28th March to 1st April ..	15th to 19th Cheitra	1277	Tuesday to Saturday	5 days ...	If the Moon be not visible on the 22nd March, the Court will be closed from the 29th March to 2nd April.
Good Friday and the day following ...	7th and 8th April	25th and 26th Cheitra	1277	Friday and Saturday... ...	2 days.	
Mohabishub Saneruntee	12th April	31st Cheitra	1277	Wednesday	1 day.	
Akheri Chahar-shumba	17th May	4th Joistho	1278	Wednesday	1 day.	
Queen's Birth day	24th May	11th Joistho	1278	Wednesday	1 day.	
Dasahara Gunga Snan	29th May	16th Joistho	1278	Monday	1 day.	
Futteh-doaz-doham	2nd June	20th Joistho	1278	Friday	1 day. ...	If the Moon be visible on the 20th May, the Court will be closed on the 1st June.
Day after the Eclipse of the Moon ...	3rd July	20th Assar	1278	Monday	1 day.	
Jummo Ustomee	8th and 9th August	24th and 25th Sraban	1278	Tuesday and Wednesday ...	2 days.	
Dusserah Vacation, including Mohaloya, Luckhee Poojah, Shub-e-Barrat, Dewalee, and Bhratriditia	13th October to 11th November ...	28th Assin to 29th Kartick	1278	Friday to Tuesday	33 days.	
Chutter Mela	24th to 29th November ..	9th to 14th Aughran	1278	Friday to Wednesday... ..	6 days.	
The Eclipse of the Sun	12th December - ...	27th Aughran	1278	Tuesday	1 day.	
Eed-ul-fitr	14th and 15th December ...	29th Aughran and 1st Pous	1278	Thursday and Friday ...	2 days ...	If the Moon be not visible on the 13th, the Court will be closed on the 15th and 16th December.
Christmas Day and the two days following	25th to 27th December ...	11th to 13th Pous	1278	Monday to Wednesday ...	3 days.	

F. B. PEACOCK,
Registrar.

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের সরক্যুলর অর্ডর।

দেওয়ানীপক্ষ।

৩৬ নম্বর।

অমুক জিলার জজ সাহেব সমীপেষু।—ফোর্ট উলিয়ম ১৮৭০ সাল ১৩ ডিসেম্বর।

আগামি বৎসরের খ্রীষ্টীয় ও এদেশীয় পর্ব্বের নির্ঘণ্টপত্র নিম্নভাগে প্রকাশ করা যাইতেছে। হাই কোর্ট বেহার প্রদেশের অন্তর্গত পার্শ্বে লিখিত সকল জিলার অধীন দেওয়ানী আদালত সেই২ দিনে বন্দ করিবার অনুমতি দিয়াছেন।

ভাগলপুর।	সারন।
গয়া।	শাহাবাদ।
পাটনা।	তির্হুত।

২। উক্ত প্রকারের নির্দ্দিষ্ট দিন ভিন্ন অন্য দিনে আদালত বন্দ হইবে না। সেই২ দিনেও অত্যাবশ্যক কোন কার্য্য করিবার কিম্বা কোন আজ্ঞা করিবার আদেশ হইলে ও সেই কর্ম্ম আইনমতে আদালতের বাহিরে করা যাইতে পারিলে এই আজ্ঞাপত্রপ্রযুক্ত কেহ সেই কর্ম্ম করিতে অসম্মত হইয়া নির্দ্দোষী হইবেন না।

১৮৭১ সালের নিমিত্ত নিয়মিত ছুটীর দিনের নির্ঘণ্টপত্র।

ছুটীর নাম	ইংরেজী তারিখ	বাঙ্গলা তারিখ	সপ্তাহের যে২ দিন	যত দিন	মন্তব্য।
নুতন বৎসরের প্রথম ও তৎপশ্চাৎ দুই দিন..	জানুআরি মাসের ১ অবধি ৩ পর্য্যন্ত ...	১২৭৭ সালের পৌষ মাসের ১৮ অবধি ২০ পর্য্যন্ত ...	রবি, সোম মঙ্গল-বার ...	৩ দিন	
চন্দ্রগ্রহণের পর দিন ...	ঐ ৭ ...	ঐ ২৪ ..	শনিবার ...	১ দিন	
বসন্ত পঞ্চমী ...	ঐ ২৫, ২৬ ...	১৩ ১৪ মাঘ ..	বুধ ও বৃহস্পতি-বার।	২ দিন	
শিবরাত্রি ...	১৭ ও ১৮ ফেব্রুআরি	৬ ও ৭ ফাল্গুন ...	শুক্র ও শনিবার	২ দিন	
ইদুজ্জহা ...	৩ ও ৪ মার্চ ...	২০, ২১ ফাল্গুন..	শুক্র ও শনিবার	২ দিন	চন্দ্র ২০ ফেব্রুআরি তারিখে দেখা গেলে আদলত মার্চ মাসের ২ ও ৩ তারিখে বন্দ হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭১। ৩ জানুআরি।]

ছুটীর নাম	ইংরেজী তারিখ	বাঙ্গলা তারিখ	সপ্তাহের যেহ দিন	মত দিন	মন্তব্য।
দোলযাত্রা ..	৭, ৮ মার্চ ...	২৪,২৫ ফালগুন ...	মঙ্গল ও বুধবার	২ দিন	
বারুণী গঙ্গাস্নান ..	১৯ মার্চ ...	৬ চৈত্র ..	রবিবার ..	১ দিন	
মহরম। ইহার মধ্যে শ্রীরাম নবমী	২৮ মার্চ অবধি ১ আ-প্রিল পর্য্যন্ত ...	১৫ অবধি ১৯ চৈত্র-পর্য্যন্ত	মঙ্গলঅবধি শনি-বার পর্য্যন্ত ...	৫ দিন	চন্দ্র ২২ মার্চ দেখা না গেলে আদালত মার্চ মাসের ২৯ অবধি ২ আপ্রিল পর্য্যন্ত বন্দ হইবে।
গুডফ্রাইডে ও তৎপশ্চাৎ দিন	৭, ৮ আপ্রিল ..	২৫, ২৬ চৈত্র ...	শুক্র ও শনিবার	২ দিন	
মহাবিষুব সংক্রান্তি ...	১২ আপ্রিল ...	৩০ চৈত্র ...	বুধবার ...	১ দিন	
আখেরি চাহার সম্বা...	১৭ মে ...	১২৭৮ সাল ৪ জ্যৈষ্ঠ	বুধবার ..	১ দিন	
মহারাণীর জন্মদিন ..	২৪ মে ...	১১ জ্যৈষ্ঠ ...	বুধবার ...	১ দিন	
দশহরা গঙ্গাস্নান ...	২৯ মে ...	১৬ জ্যৈষ্ঠ ...	সোমবার ...	১ দিন	
ফাতেহেদুআজদহম ..	২ জুন ...	২০ জ্যৈষ্ঠ ..	শুক্রবার ..	১ দিন	চন্দ্র ২০ মে তারিখে দেখা গেলে আদালত জুন মাসের ১ তারিখে বন্দ হইবে।
চন্দ্রগ্রহণের পর দিবস..	৩ জুলাই ..	২০ আষাঢ় ...	সোমবার ..	১ দিন	
জন্মাষ্টমী ..	৮, ৯ আগষ্ট ...	২৪, ২৫ শ্রাবণ ...	মঙ্গল ও বুধবার	২ দিন	
দুর্গোৎসবের বন্দ ইহার মধ্যে মহালয়া লক্ষ্মীপূজা সুবেবরাৎ দেওয়ালী ও ভ্রাতৃদ্বিতীয়া ধরা গেল	অকুটোবর মাসের ১৩ অবধি নবেম্বর মাসের ১৪ পর্য্যন্ত	২৮ আশ্বিন অবধি ২৯ কার্ত্তিক পর্য্যন্ত	শুক্র অবধি মঙ্গল-বার পর্য্যন্ত ..	৩৩ দিন	
ছত্রমেলা ...	২৪ অবধি ২৯ নবেম্বর পর্য্যন্ত	৯ অবধি ১৪ অগ্রহায়ণ পর্য্যন্ত	শুক্র অবধি বুধবার পর্য্যন্ত	৬ দিন	
সূর্য্যগ্রহণ ...	১২ ডিসেম্বর ...	২৭ অগ্রহায়ণ ...	মঙ্গলবার	১ দিন	
ইদুলফিত্র ...	১৪, ১৫ ডিসেম্বর...	২৯ অগ্রহায়ণ ও ১ পৌষ	বৃহস্পতি ও শুক্র-বার	২ দিন	চন্দ্র ১৩ তারিখে দেখা না গেলে আদালত ডিসেম্বর মাসের ১৫ অবধি ১৬ পর্য্যন্ত বন্দ হইবে।
কৃসমাস ডে ও তৎপশ্চাৎ দুই দিন	ডিসেম্বর মাসের ২৫ অবধি ২৭ পর্য্যন্ত	পৌষ মাসের ১১ অবধি ১৩ পর্য্যন্ত	সোম অবধি বুধ-বার	৩ দিন	

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

এফ বি পীকক,

রেজিষ্ট্রার।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

[*Government Gazette*, 3rd *January* 1871.]

Orders by the Lieutenant-Governor of Bengal.

REVENUE AND GENERAL DEPARTMENTS.

No. 2182R.

APPOINTMENTS.

The 21*st December* 1870.—Mr. Charles Dickinson Field, M.A., LL.D., to be a Joint-Magistrate and Deputy Collector of the Second Grade, in Chittagong, but to continue to officiate as Civil and Sessions Judge of that district until further orders.

Mr. Francis Henry Bennett Skrine to be a Member of the Local Committee of Public Instruction at Rampore Beauleah.

The 27*th December* 1870.—The following gentlemen are appointed to officiate as Deputy Magistrates under Act XV. of 1843, and Deputy Collectors under Regulation IX. of 1833, in the districts mentioned against their names, and are vested with the powers of a Subordinate Magistrate of the Second Class, *viz.*:—

Mr. George William Ferris, in Sylhet.

Baboo Saroda Persad Chatterjee, in Rungpore.

,, Kashi Kinker Sen, in Rajshahye.

Baboo Tariny Churn Mitter, Deputy Magistrate and Deputy Collector, to have charge of the Sub-division of Bagirhaut, during the absence, on leave, of Baboo Kali Prosonno Sircar, B.A., or until further orders.

LEAVE OF ABSENCE.

The 27*th December* 1870.—Baboo Kali Prosonno Sircar, B.A., Deputy Magistrate and Deputy Collector of Bagirhaut, for two months, under the Financial Notification of the Government of India, No. 3622, dated the 22nd December 1865.

Moulvy Ahmed, Deputy Magistrate and Deputy Collector, Dinagepore, for two months, under the Financial Notification of the Government of India, No. 3622, dated the 22nd December 1865, from the 15th January next, or any subsequent day within one month of that date on which he may take the leave.

NOTIFICATION.

The 12*th December* 1870.—All Officers in charge of Treasuries at Sudder Stations of Districts in Bengal, and the Collector of Customs and the Collector of Stamps at Calcutta, are

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্ট।

২১৮১ R. নম্বর।

নিয়োগ।

১৮৭০ সাল ২১ ডিসেম্বর।—শ্রীযুত চার্লস ডিকিন্সন ফিলড সাহেব এম. এ. এল. এল. ডি, দ্বিতীয় শ্রেণীমতে চট্টগ্রামের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন, কিন্তু অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত ঐ জিলার সিবিল ও সেশন জজের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত ফ্রান্সিস হেনরি বেনেট স্কাইন সাহেব রামপুর বোয়ালিয়ার সাধারণের শিক্ষাসংক্রান্ত কমিটীর মেম্বর হইবেন।

১৮৭০ সাল ২৭ ডিসেম্বর।—নিম্নলিখিত মহাশয়েরা আপনং নামের পার্শ্বের লিখিত জিলাতে ১৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেট ও ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়াছেন ও অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত জর্জ্জ উলিয়ম ফেরিস সাহেব শ্রীহট্টে।

,, বাবু শারদাপ্রসাদ চট্টোপাধ্যায় রঙ্গপুরে।

,, বাবু কাশীকিঙ্কর সেন রাজশাহীতে।

শ্রীযুত বাবু কালীপ্রসন্ন সরকার বি. এর. ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু তারিণীচরণ মিত্র বাগের হাট শাখাখণ্ডের অধ্যক্ষতা ভার পাইবেন।

ছুটী।

১৮৭০ সাল ২৭ ডিসেম্বর।—বাগেরহাটের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কালী প্রসন্ন সরকার বি. এ. ফিনান্শ্যল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৬৫ সালের ২২ ডিসেম্বরের ৩৬২২ নং বিজ্ঞাপনমতে দুই মাস ছুটী পাইয়াছেন।

দিনাজপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী আহম্মদ আগামি জানুআরি মাসের ১৫ তারিখঅবধি অথবা তাহার পর একমাসের মধ্যে যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি ফিনান্শ্যল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৬৫ সালের ২২ ডিসেম্বরের ৩৬২২ নং বিজ্ঞাপনমতে দুই মাস ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ১২ ডিসেম্বর।—বঙ্গদেশের অন্তর্গত সকল জিলার সদর মোকামের খাজানাখানার অধ্যক্ষত ভারপ্রাপ্ত সকল কার্য্যকারক ও কলিকাতার কষ্টমের কালেক্টর এবং ষ্টাম্পের কালেক্টর সাহেব ভারতবর্ষের

vested with the powers described in Section 16, Act XXIII. of 1870 (the Indian Coinage Act).

RIVERS THOMPSON,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 27th December 1870.—Under the provision of Section 35, Act V. (B.C.) of 1870 (an Act to appoint Commissioners for making improvements in the port of Calcutta), the Lieutenant-Governor directs the publication of the following resolution :—

Resolution.—Read letter No. 140, dated the 13th December 1870, from the Vice-Chairman of the Commissioners for making improvements in the port of Calcutta, submitting, in accordance with the provision of Section 35 of Act V. (B.C.) of 1870 (an Act to appoint Commissioners for making improvements in the port of Calcutta), a plan and estimate for pulling down the old Custom House shed and erecting it again opposite No. 6 jetty, at a cost of Rs. 28,016.

2. Resolved, that the Commissioners be informed that the Lieutenant-Governor is pleased to sanction the plan of the work and the estimate amounting to Rs. 28,016.

RIVERS THOMPSON,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 27th December 1870.—Under the provisions of Section 35, Act V. (B.C.) of 1870 (an Act to appoint Commissioners for making improvements in the port of Calcutta), the Lieutenant-Governor directs the publication of the following resolution :—

Resolution.—Read letter No. 142, dated 13th December 1870, from the Vice-chairman of the Commissioners for making improvements in the port of Calcutta submitting, in accordance with the provisions of Section 35 of Act V. (B.C.) of 1870 (an Act to appoint Commissioners for making improvements in the port of Calcutta), a plan and estimate for doubling the accommodation of sheds at jetties Nos. 1, 2, 3 and 4.

2. Resolved, that the Commissioners be informed that the Lieutenant-Governor is pleased to sanction the plan of the work and the estimate amounting to Rs. 99,032.

RIVERS THOMPSON,
Offg. Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette, 3rd January* 1871.]

মুদ্রাবিষয়ক ১৮৭০ সালের ২৩ আইনের ১৬ ধারার নর্দ্দিষ্ট ক্ষমতা পাইয়াছেন।

রিবর্স তামসন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ২৭ ডিসেম্বর।—শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৭০ সালের বঙ্গীয় ৫ আইনের (অর্থাৎ কলিকাতা বন্দর সৌষ্ঠব করণার্থ কমিশ্যনরদের নিযুক্ত করণের আইনের) ৩৫ ধারার বিধানমতে নিম্নলিখিত নির্দ্ধারণ প্রকাশ করিবার আজ্ঞা করিয়াছেন।

নির্দ্ধারণ।—কলিকাতার বন্দর সৌষ্ঠবকরণার্থ কমিশ্যনরদের প্রতিনিধি সভাপতি ১৮৭০ সালের বঙ্গীয় ৫ আইনের (অর্থাৎ কলিকাতাবন্দর সৌষ্ঠব করণার্থ কমিশ্যনরদের নিযুক্ত করণের আইনের) ৩৫ ধারার বিধানমতে কষ্টম হৌসের পুরাতন শেড ভাঙ্গিয়া ৬ নং জেটীর সম্মুখে তাহা পুনর্ব্বার নির্ম্মাণ করণের নকুশা ও ২৮০১৬ টাকা ব্যয় হইবার অনুমানপত্র সহিত ১৮৭০ সালের ডিসেম্বর মাসের ১৩ তারিখে ১৪০ নং যে পত্র পাঠান তাহা পাঠ করা গেল।

২। উক্ত কার্য্যের নকুশা ও ২৮০১৬ টাকার অনুমানপত্র শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অনুমোদন করিলেন এই বিষয় কমিশ্যনরদিগকে জ্ঞাত করিবার আজ্ঞা হইল।

রিবর্স তামসন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ২৭ ডিসেম্বর।—শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৭০ সালের বঙ্গীয় ৫ আইনের (অর্থাৎ কলিকাতার বন্দর সৌষ্ঠব করণার্থ কমিশ্যনরদের নিযুক্ত করণের আইনের) ৩৫ ধারার বিধানমতে নিম্নলিখিত নির্দ্ধারণ প্রকাশ করিবার আজ্ঞা করিয়াছেন।

নির্দ্ধারণ।—কলিকাতারবন্দর সৌষ্ঠব করণার্থ কমিশ্যনরদের প্রতিনিধি সভাপতি ১৮৭০ সালের বঙ্গীয় ৫ আইনের (অর্থাৎ কলিকাতার বন্দর সৌষ্ঠব করণার্থ কমিশ্যনরদের নিযুক্ত করণের আইনের) ৩৫ ধারার বিধানমতে ১, ২, ৩, ও ৪ নং জেটীর শেডের স্থান দ্বিগুণ করণের নকুশা ও অনুমানপত্র সহিত ১৮৭০ সালের ডিসেম্বর মাসের ১৩ তারিখে ১৪২ নং যে পত্র পাঠান তাহা পাঠ করা গেল।

২। উক্ত কার্য্যের নকুশা ও ৯৯০৩২ টাকার অনুমানপত্র শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অনুমোদন করিলেন এই বিষয় কমিশ্যনরদিগকে জ্ঞাত করিবার আজ্ঞা হইল।

রিবর্স তামসন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

Declaration.

The 27th December 1870.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken at the public expense for a public purpose, that is to say, for the erection of a Post Office at Kaitalparah or Nyehatty, within the jurisdiction of the Nyehatty Police Station in Sub-division Baraset, in the District of the 24-Pergunnahs, it is hereby declared that for the above purpose a plot of land, with an area of about three cottahs, butted and bounded as below, is required:—

Boundaries.

On the North, the Eastern Bengal Railway Company's road, leading from the Nyehatty Railway Station to the bank of river Hooghly; on the East and South, land belonging to Chundee Churn Bhuttacharjee; and on the West, a ditch and land belonging to Tarini Churn Bhuttacharjee.

This Declaration is made under the provisions of Section 6 of Act X. of 1870, to all whom it may concern.

RIVERS THOMPSON,
Offg. Secy. to the Govt. of Bengal.

JUDICIAL AND POLITICAL DEPARTMENTS.

No. 1350J.

Appointments.

The 22nd December 1870.—Assistant Surgeon John Gay French to officiate, until further orders, as Civil Assistant Surgeon of Mymensing.

Baboo Nilmadhub Shamunto, B.L., to officiate as additional Moonsiff of Buseerhaut, in the 24-Pergunnahs, during the absence, on leave, of Baboo Amrita Lall Pal, or until further orders.

Baboo Prosonno Coomar Roy, B.L., to officiate as Moonsiff of Ghosegong, in Mymensing, during the absence, on leave, of Baboo Ram Chunder Dhur, or until further orders.

Baboo Hurrogobind Mookerjee to officiate as Moonsiff of Gowas, in Moorshedabad, during the absence, on leave, of Baboo Radhakristo Sen, or until further orders.

The 26th December 1870.—In modification of the orders of the 28th ultimo, notified in the *Calcutta Gazette* of the 30th idem, Baboo Janokey Nath Mookerjee is appointed to be Moonsiff of Ameergong, in Tipperah.

The transfer of Baboo Mohesh Chunder Chuckerbutty from Bowful, in Backergunge, to Ameergong, in Tipperah, published in orders of the 28th ultimo, is cancelled.

[গবর্ণমেণ্টর গেজেট। ১৮৭১। ৩ জানুআরি।]

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ২৭ ডিসেম্বর।—বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ ২৪ পরগনা জিলার অন্তর্গত বারাসত শাখাখণ্ডের নৈহাটীর পোলীস থানার আধিপত্যের মধ্যে কাঁটালপাড়ায় কি নৈহাটীতে ডাকঘর প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে কালিতে /৩ কাঠা পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন, উক্ত ভূমির চিহ্ন ও সীমা নিম্নে প্রকাশ করা গেল।

সীমা।

উত্তর সীমা, নৈহাটীর রেলওয়ে ষ্টেশনহইতে হুগলী নদীর তীরপর্য্যন্ত ইষ্টার্ণ বেঙ্গল রেলওয়ে কোম্পানির পথ, পূর্ব্ব ও দক্ষিণ সীমা চণ্ডীচরণ ভট্টাচার্য্যের ভূমি, পশ্চিম সীমা তারিণীচরণ ভট্টাচার্য্যের খানা ও ভূমি।

উক্ত ভূমিতে যাঁহারদের সম্পর্ক আছে তাঁহারদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

রিবর্স তামসন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

জুডিশ্যাল ও পলিটিকাল ডিপার্টমেণ্ট।

১৩৫০J. নম্বর।

নিয়োগ।

১৮৭০ সাল ২২ ডিসেম্বর।—আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জন, গে, ফ্রেঞ্চ সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ময়মনসিংহের সিবিল চিকিৎসকের কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু অমৃতলাল পালের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত শ্রীযুত বাবু নীলমাধব সামন্ত বি, এল, বশীরহাটের আডিশ্যনল মুনসেফের কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু রামচন্দ্র ধরের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত শ্রীযুত বাবু প্রসন্নকুমার রায় বি, এল, ময়মনসিংহের অন্তর্গত ঘোষগাঁয়ের মুনসেফের কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু রাধাকৃষ্ণ সেনের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত শ্রীযুত বাবু হরগোবিন্দ মুখোপাধ্যায় মুরশিদাবাদের অন্তর্গত গোয়াসের মুনসেফের কর্ম্ম করিবেন।

১৮৭০ সাল ২৬ ডিসেম্বর।—গত মাসের ২৮ তারিখের যে আজ্ঞা এই মাসের ৬ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তাহা মতান্তর হইয়া এই আজ্ঞা হইল, শ্রীযুত বাবু জানকীনাথ মুখোপাধ্যায় ত্রিপুরার অন্তর্গত আমীরগাঁয়ের মুনসেফ হইবেন।

বাকরগঞ্জের অন্তর্গত বহুফলের মুনসেফ শ্রীযুত বাবু মহেশচন্দ্র চক্রবর্ত্তী ত্রিপুরার অন্তর্গত আমীরগাঁয়ে মুনসেফ হইবেন গত মাসের ২৮ তারিখের এই যে আজ্ঞা প্রকাশ হয় তাহা রহিত করা গেল।

The 27th December 1870.—Assistant Surgeon Cornelius John McKenna, 43rd Native Infantry, to officiate temporarily as Civil Assistant Surgeon of Gowhatty, in addition to his own duties.

The following gentlemen to be Members of the Committee for the management of the Charitable Dispensary at Berhampore, *viz.*:—

Baboo Prankristo Banerjee.
,, Rajiblochun Roy.
,, Ram Das Sen.

Mr. Alexander Vansittart Knyvett to officiate as District Superintendent of Police, Chittagong, during the absence, on leave, of Mr. Arthur King, or until further orders. The Court Inspector of Chittagong will have charge of the District Superintendent's Office till the arrival of Mr. Knyvett, or until further orders.

LEAVE OF ABSENCE.

The 21st December 1870.—Mr. Arthur King, District Superintendent of Police, Chittagong, for three months, under Financial Notification No. 3622, dated the 22nd December 1865.

NOTIFICATION.

The 22nd December 1870.—Her Majesty's Secretary of State for India has been pleased to grant an extension of leave for three months, on Medical Certificate, to Mr. Arthur Anley, District Superintendent of Police, Jessore.

A. EDEN,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 21st December 1870.—It is hereby notified under the provisions of Section 15, Act V. of 1861, that in consequence of the conduct of the inhabitants of Soojamoota, in the Sub-division of Contai, in the District of Midnapore, the Lieutenant-Governor has been pleased to increase the number of the Police in that neighbourhood, and to sanction the employment of an additional force, consisting of one Head Constable and six Constables, at a cost of Rs. 69-4 per mensem, as shewn below, to be quartered in the above-named village for such time as may be considered necessary, at the expense of the inhabitants:—

	Rs.	As.	P.
1 Head Constable ...	15	0	0
6 Constables, at Rs. 8 each ...	48	0	0
Contingencies at 10 per cent. on the cost of the Establishment ...	6	4	0
Total ...	69	4	0

A. EDEN,
Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette, 3rd January* 1871.]

১৮৭০ সাল ২৭ ডিসেম্বর।—৪৩ নং দেশীয় পদাতিক পলটনের আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুক্ত কর্ণিলিয়স, জান মাকেন্না সাহেব আপন কর্ম্মাতিরিক্ত কিয়ৎকালের নিমিত্তে গৌহাটীর সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসকের কর্ম্ম করিবেন।

নিম্নলিখিত মহাশয়েরা বহরমপুরের দাতব্য ঔষধালয়ের কার্য্যসম্পাদনার্থ কমিটীর মেম্বর হইবেন।

শ্রীযুক্ত বাবু প্রাণকৃষ্ণ বন্দ্যোপাধ্যায়।
,, বাবু রাজীবলোচন রায়।
,, বাবু রামদাস সেন।

শ্রীযুক্ত আর্থর কিং সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত শ্রীযুক্ত আলেকজণ্ডার বান্সিটার্ট নিবেট সাহেব চট্টগ্রামের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন। শ্রীযুক্ত নিবেট সাহেবের না পঁহুছন কি অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত চট্টগ্রামের কোর্ট ইনস্পেক্টর ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্টের কার্য্যালয়ের কর্ম্মের অধ্যক্ষতা ভারপাইবেন।

ছুটী।

১৮৭০ সাল ২১ ডিসেম্বর।—চট্টগ্রামের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুক্ত আর্থর কিং সাহেব ফিনানশ্যাল ডিপার্টমেন্টের ১৮৬৫ সালের ২২ ডিসেম্বরের ৩৬২২ নং বিজ্ঞাপনমতে তিন মাস ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ২২ ডিসেম্বর।—শ্রীশ্রীমতী মহারাণীর ভারতবর্ষের পক্ষ ষ্টেট সেক্রেটারী সাহেব যশোহরের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুক্ত আর্থর আনলী সাহেবকে চিকিৎসকের সর্টিফিকটমতে আর তিন মাস ছুটী দিয়াছেন।

এ ইডন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ২১ ডিসেম্বর।—১৮৬১ সালের ৫ আইনের ১৫ ধারার বিধানমতে ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে মেদিনীপুর জিলার অন্তর্গত কাঁথি উপখণ্ডের সুজামুটাবাসিদের অত্যাচার হেতু শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তন্নিকটবর্ত্তি স্থানে পোলীস সংখ্যা বৃদ্ধি করিয়া মাসিক ৬৯।০ টাকা ব্যয়ে নিম্নলিখিতমতে এক জন হেড কনষ্টাবল ও ছয় জন কনষ্টাবলের এক দল যত কাল আবশ্যক তত কাল উক্ত গ্রামে অবস্থিতি করিবার অনুমতি করিলেন। উক্ত ব্যয় ঐ গ্রামবাসিদের দিতে হইবে।

		টাকা
এক জন হেড কনষ্টাবল	...	১৫৲
৮৲ টাকা করিয়া ছয় জন কনষ্টাবল	...	৪৮৲
ঐ কর্ম্মকারকদের অন্যান্য ব্যয়ের নিমিত্তে শতকরা ১০৲ টাকার হিসাবে নৈমিত্তিক ব্যয়		৬।০
মোট		৬৯।০

এ ইডন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

NOTIFICATION.

The 21st December 1870.—The Lieutenant-Governor is pleased to extend the operations of Section 34, Act V. of 1861 (an Act for the regulation of the Police), to the town of Jungipore, in the District of Moorshedabad, to take effect within the limits within which Act VI. (B.C.) of 1868 is in force.

A. EDEN,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 21st December 1870.—The Lieutenant-Governor has been pleased to approve of the annexed form of contract, to be executed between laborers and their employers, under Act II. (B.C.) of 1870 (an Act to consolidate and amend the law relating to the transport of laborers to the districts of Assam, Cachar, and Sylhet, and their employment therein) :—

AGREEMENT made and entered into under Act II. of 1870, passed by the Lieutenant-Governor of Bengal in Council, between the several persons whose names are subscribed hereto, herein called "laborers," of the one part, and , herein called "the employer," of the other part:

Witnesseth, that in consideration of the covenants hereinafter contained on the part of the said employer, each of them the said laborers doth hereby for himself and herself respectively covenant and agree with the said employer, his representatives and successors in estate, and his, their, or any of their assigns, in manner following, that is to say :—

1. That each of them the said laborers will, as soon after the execution of these presents as they shall respectively be required so to do, embark on board a boat or steamer, to be provided as hereinafter mentioned, and proceed to the estates of the said employer, in the zillah of and province of , and will there remain in the service of the said employer his representatives and successors, or his or their assigns, for the space of years from the date of his or her arrival on the said estates: Provided always that this contract shall be subject to the provisions contained in the 92nd section for the redemption of the same, and also to the power of cancellation conferred by sections 100 and 105 respectively, and also to all other the provisions contained in the same Act which in any manner affect this contract or the parties hereto, or either of them.

[গবর্ণমেণ্ট গেজট। ১৮৭১। ৩ জানুআরি।]

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ২১ ডিসেম্বর।—শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব মুরশিদাবাদ জিলার অন্তর্গত জঙ্গীপুর নগরের যে সীমার মধ্যে ১৮৬৮ সালের বঙ্গীয় ৬ আইন প্রবল আছে সেই সীমায় ১৮৬১ সালের ৫ আইনের (অর্থাৎ পোলীসের বিধান করণার্থ আইনের) ৩৪ ধারা প্রচলিত করিলেন।

এ ইডন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ২১ ডিসেম্বর।—১৮৭০ সালের বঙ্গদেশীয় ২ আইন অর্থাৎ আসাম ও কাচাড ও ছিলট প্রদেশে মজুরদের প্রেরণ বিষয়ক ও তথায় তাহারদের কর্ম্মপ্রাপণ বিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করণার্থ আইনমতে মজুর ও মুনিবের মধ্যে যে চুক্তি করিতে হইবে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সেই চুক্তিপত্র লিখিবার এই পাঠ অনুমোদন করিয়াছেন।

বঙ্গদেশের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রণীত ১৮৭০ সালের ২ আইনমতে মজুর নামে খ্যাত এক পক্ষের, যেং ব্যক্তির নাম নিম্নভাগে লেখা গেল তাহারদের সঙ্গে মুনিব নামে খ্যাত শ্রী অমুক অন্য পক্ষেরপরস্পর এই নিয়মপত্র করা গেল।

ইহাতে এই প্রমাণ হইল যে, উক্ত মুনিবের নিম্নলিখিত অঙ্গীকার হওয়াতে, উক্ত মজুরদের প্রত্যেক জন ঐ মুনিবের ও তাহার প্রতিনিধির নিকট ও তাঁহার পরে যিনি মুনিব হইবেন তাঁহার নিকট ও তাঁহার কি তাঁহাদের কি তম্মধ্য কোন ব্যক্তির সম্পত্তির অধিকার প্রাপ্তার নিকট এই পত্রদ্বারা, এই অঙ্গীকার ও নিয়ম করিতেছে। যথা

১। এই পত্রে স্বাক্ষর করা গেলে পর উক্ত মজুরদের প্রতি আজ্ঞা হইলেই নিম্নলিখিত প্রকারে তাহারদের যাইবার যে নৌকা কি ষ্টীমর নিরূপণ করা যায়, তাহারা প্রত্যেক জন সেই নৌকায় কি ষ্টীমরে উঠিয়া অমুক প্রদেশের অমুক জিলার অন্তর্গত উক্ত মুনিবের আবাদে যাইবে, ও সেই আবাদে পঁহুছিবার তারিখ অবধি এত বৎসর পর্য্যন্ত উক্ত মুনিবের কি তাহার প্রতিনিধিদের নিকট কিম্বা তাঁহার পর যিনি কর্ত্তা হন তাঁহার নিকট কিম্বা তাঁহার কি তাঁহারদের সম্পত্তির অধিকার প্রাপ্তাদের নিকট কর্ম্ম করিতে থাকিবে। কিন্তু ৯২ ধারামতে টাকা দিয়া নিয়ম হইতে মুক্ত হইবার যে বিধি আছে, কিম্বা ১০০ ও ১০৫ ধারাতে এই চুক্তিপত্র রহিত করিবার যে বিধি আছে, এবং ঐ আইনের অন্য যে সকল বিধির সাক্ষাত এই চুক্তিপত্রের কিম্বা এই নিয়মের উভয় পক্ষের কি কোন পক্ষের সম্পর্ক থাকে এই নিয়মপত্রের উপর সেই সকল বিধির কার্য্য চলিবে।

2. That during the said term of years each of them the said laborers shall and will severally obey all lawful orders of the said employer or of his agents for the time being, and shall and will employ himself or herself in and about the business of the said employer in such manner as he or she shall from time to time be directed, and that he or she shall and will continually, and as directed, unless prevented by illness, execute the daily task allotted to him or her by the schedule framed by the said employer for the time being under the power conferred upon the said employer by section 66 of the said Act, and provided also that in no case shall he or she be compelled to work on more than six days in each week, or for more than six hours consecutively, or for more than nine hours on each day.

২। উক্ত কএক বৎসর মিয়াদ যত দিন চলে তত দিন উক্ত মজুরদের প্রত্যেক জন উক্ত মুনিবের কিম্বা যে সময়ে যে ব্যক্তি তাঁহার পক্ষে কর্ম্ম করেন তাঁহার বিধিমত সকল আজ্ঞা মানিবে ও উক্ত মুনিব সময়ে২ যে প্রকারে কর্ম্ম করিতে বলেন সেই প্রকারে তাঁহার কর্ম্ম করিবে। এবং উক্ত আইনের ৬৬ ধারামতে উক্ত মুনিবের প্রতি যে ক্ষমতা দেওয়া গেল তদনুসারে তিনি প্রতি দিনের কর্ম্মের যে তালিকা করিয়া দেন ঐ মজুরদের পীড়া না হইলে প্রত্যেক জন সেই তালিকামতে সর্ব্বদা কর্ম্ম করিয়া দিবে। কিন্তু কোন সপ্তাহে ছয় দিনের অধিক কর্ম্ম করিতে না হয়। ও কোন দিন এক টানে ছয় ঘণ্টার অধিক কিম্বা থামিয়া২ নয় ঘণ্টার অধিক কর্ম্ম করিতে না হয়।

3. That if any laborer whose name is subscribed hereto shall at any time before the expiration of the said period of years absent himself or herself from his or her labor for sufficient cause, he or she shall immediately make known the same to the nearest agent for the time being of the said employer, and that if he or she shall refuse to proceed to the said estates, or shall abscond before arriving at such estates, or if at any time before the expiration of the said term of years he or she shall absent himself from his or her labor without sufficient cause, or shall be wilfully negligent or indolent in the performance thereof, or otherwise wilfully contravene his or her obligations to the said employer, then, and in such case, each and every of the said laborers making such default as aforesaid will become and be subject to punishment under the said Act, and such other Acts as may in that behalf be made and provided.

৩। এই পত্রের নিম্নভাগে যেহ মজুরের নাম লেখা আছে তাহারদের মধ্যে কেহ যদি উক্ত এত বৎসরের মিয়াদের মধ্যে কোন সময়ে কোন দিন উপযুক্ত কারণে কর্ম্মে না যায়, তবে যে সময়ে উক্ত মুনিবের যে কর্ম্ম-কারক নিকট থাকেন তাঁহাকে সেই সময়েই ঐ কথা জানাইবে। যদি সেই আবাদে যাইবে না এই কথা বলে কিম্বা পঁহুছিতে না পঁহুছিতে যদি পলায়, কিম্বা উক্ত এত বৎসর মিয়াদের মধ্যে কোন সময়ে কোন দিন যদি উপযুক্ত কারণ না থাকিলেও কর্ম্মে না যায়, কিম্বা জানিয়া শুনিয়া কর্ম্ম যদি করিতে শৈথিল্য কি আলস্য করে কিম্বা মুনিবের নিকট যাহা করিতে হয় যদি তাহার অন্যথা করে, তবে উক্ত আইনমতে ও সেই বিষয়ের জন্য যে আইন যে সময়ে করা যায় সেই আইনমতে উক্ত প্রকারের দোষি মজুরদের দণ্ড হইতে পারিবে।

4. And the said employer, in consideration of the covenants and agreements hereinbefore contained, and on the part of the said laborers to be performed, doth hereby, for himself and his representatives and successors in estate, and his and their assigns, covenant and agree with each of them the said laborers in manner following, that is to say: That the said employer shall and will, previous to the departure for the estates aforesaid of the said laborers severally, ' [illegible] the women, children, and aged relatives who shall by virtue of the 63rd section of the said Act be permitted to accompany them without having executed this contract, supply him or her with the following articles free of all charges, to wit: One blanket, one sotoronchee for each male or female above the age of twelve years, and one blanket for each male and female under that age, two dhootees or sarrees, one peron or koorta, one cap, one tin plate, one tin mug, and a flannel banian.

৪। উক্ত মজুরেরা ইহার পূর্ব্বে লিখিত নিয়ম ও চুক্তি করিলে উক্ত মুনিব আপনার পক্ষে ও আপন প্রতিনিধিদের পক্ষে ও আপনার পরে যে ব্যক্তি মুনিব হইবেন তাঁহার পক্ষে ও আপনার কি তাঁহারদের সম্পত্তির অধিকার প্রাপ্ত ব্যক্তিদের পক্ষে, উক্ত প্রত্যেক জন মজুরের নিকট এই নিয়ম ও অঙ্গীকার করিতেছেন। উক্ত আবাদে যাইবার নিমিত্ত উক্ত মজুরদের গমন করিবার পূর্ব্বে উক্ত মুনিব তাহারদের প্রত্যেক জনকে, এবং উক্ত আইনের ৬৩ ধারামতে যে স্ত্রীলোক ও বালক বালিকা ও বৃদ্ধ আত্মীয়গণ এই চুক্তিপত্রে সহী না করিয়া ঐ মজুরদের সঙ্গে যাইতে পাইবে তাহারদের প্রত্যেক জনকে নিম্নলিখিত সকল দ্রব্য অমনি দিবেন। অর্থাৎ এক কম্বল, ও বারোবৎসর বয়সের অধিক প্রত্যেক পুরুষকে ও প্রত্যেক স্ত্রীকে একং সতরঞ্চ ও বারো বৎসরের কমবয়সের প্রত্যেক পুরুষ ও স্ত্রীকে একং কম্বল ও দুই খান ধুতী কি সাড়ী ও একখান পীরণ কি কুর্ত্তা, এক টুপী, টিনের এক থালা ও টিনের এক গেলাস ও এক ফেলানেল বেনিয়ান।

5. That the said employer shall and will, with all convenient despatch, provide, or cause to be provided, for each of the said laborers and other the persons aforesaid, a passage, free of all costs, to the estates of the said employer in a good serviceable boat or steamer, and shall in like manner provide medicine, medical attendance, and good and sufficient food suitable to the caste of each of the said laborers and other the persons aforesaid during such passage. That on arrival of the said laborers and other the persons aforesaid at the estates of the said employer, there shall be provided for them such sufficient and proper house accommodation, water-supply, and sanitary arrangements, as the Lieutenant-Governor of Bengal shall define by rules published by him in the *Calcutta Gazette*, and that until such rules shall be published as aforesaid, there shall be provided by the said employer for the said laborers and other the persons aforesaid, sufficient and proper house accommodation, water-supply, and sanitary arrangements, and there shall also be provided by the said employer, free of all rent or other charge, for each of the said laborers and other the persons aforesaid, a piece of garden ground attached to the house accommodation provided for him or her, not exceeding five cottahs for each man and four cottahs for each woman above the age of twelve years, and three cottahs for each child under the age aforesaid and above the age of seven years: Provided always that such of the said laborers as are married or live together as man and wife shall not be entitled to two several plots of land of the dimensions before mentioned, but shall, for the purpose of this contract, be considered as one person.

৫। উক্ত মুনিব সাধ্যমতে ত্বরায় কর্ম্মের উপযুক্ত ও ভাল নৌকায় কি ষ্টীমরে আপন আবাদে ঐ মজুরদের ও পূর্ব্বোক্ত অন্য ব্যক্তিদের বিনা খরচে যাইবার উপায় করিয়া কি করাইয়া দিবেন এবং পথে যাওন সময়ে উক্ত প্রত্যেক মজুরের ও উক্ত অন্য ব্যক্তিদের ঔষধ ও চিকিৎসা পাইবার ও তাহাদের জাতি অনুসারে উত্তম ও প্রচুর আহার পাইবার উপায় করিয়া দিবেন। আরো বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে মজুরদের থাকিবার গৃহাদির যে বিধি প্রকাশ করেন, উক্ত মজুরেরা ও উক্ত অন্য ব্যক্তিরা উক্ত মুনিবের ঐ আবাদে পঁহুছিলে সেই বিধি মতে তাহারদের থাকিবার প্রচুর পরিমাণের উপযুক্ত ঘর ও জল যোগাইবার বিধি ও স্বাস্থ্যরক্ষার নিয়ম করিয়া দিবেন। ও সেই বিধি যত কাল উক্ত প্রকারে প্রচারিত না হয় ততকাল উক্ত মুনিব ঐ মজুরদের ও উক্ত অন্য ব্যক্তিদের থাকিবার প্রচুর পরিমাণের উপযুক্তঘর দিবেন ও তাহারদের জল পাইবার ও স্বাস্থ্যরক্ষার বিধি করিবেন। আরো উক্ত মজুরদের ও পূর্ব্বোক্ত অন্য ব্যক্তিদের থাকিবার নিমিত্ত যে ঘর নিরূপণ করা যায়, উক্ত মুনিব সেই প্রত্যেক ঘরের লাগাও বার বৎসরের ঊর্দ্ধ বয়সের প্রত্যেক পুরুষের নিমিত্ত পাঁচ কাঠা ও প্রত্যেক স্ত্রীর নিমিত্ত চারি কাঠা ও উক্ত বয়সের ন্যূন কিন্তু সাত বৎসরের অধিক বয়সের প্রত্যেক বালক বালিকার নিমিত্তে তিন কাঠা বাগাৎ ভূমি নিরূপণ করিয়া তাহার কোন খাজানা কি খরচ লইবেন না। পরন্তু উক্ত মজুরদের মধ্যে যাহাদের স্ত্রী থাকে কিম্বা যাহারা স্বামি ভার্য্যাভাবে বাস করে তাহারদের নিমিত্তে সেই পরিমাণের স্বতন্ত্র দুই কিতা ভূমি নিরূপণ করিবেন না। এই চুক্তিপত্রের কার্য্যপক্ষে তাহারা দুই জন একি বলিয়া জ্ঞান হইবে।

6. That at all times during the term of the said engagement, each of the said laborers and other the persons aforesaid shall be supplied by the said employer or his agent, when so required, with an amount of good rice sufficient for his or her consumption at the market or local rate, so long as it does not exceed the rate of Rs. 3 per maund; and so long as the said market or local rate shall exceed the said rate of Rs. 3 per maund, then at the said rate of Rs. 3 per maund, to be paid for by the said laborer requiring the same; and in the event of illness, shall be supplied gratuitously with all such sufficient hospital accommodation and medicines of such quality and description, and according to such scale, as shall from time to time be fixed by the Lieutenant-Governor of Bengal, and also with such medical attendance as the said laborer and other the persons aforesaid are entitled to under the said Act.

৬। উক্ত করারপত্রের মিয়াদ যত দিন চলে, উক্ত মুনিবের কিম্বা তাঁহার পক্ষ কর্ম্মকারকের নিকট প্রার্থনা হইলে তিনি বাজারের কিম্বা স্থানবিশেষের দরে উক্ত প্রত্যেক মজুরের ও পূর্ব্বোক্ত অন্যব্যক্তিদের আহারের উপযুক্ত পরিমাণে উত্তম চাউল দিবেন কিন্তু মণপ্রতি ৩৲ টাকার অধিক দর লইবেন না, বাজারে কি সেই স্থানবিশেষে যদি মণ প্রতি ৩৲ টাকার অধিক মূল্যে চাউল বিক্রয় হয় তবে মণপ্রতি ৩৲ টাকার দরে লইবেন। যে মজুর চাউল লয় তাহারই সেই মূল্য দিতে হইবে। তাহার পীড়া হইলে তাহাকে বিনাখরচে হাস্পাতালে থাকিবার স্থান ও উপযুক্ত ঔষধ দিতে হইবে। হাস্পাতালে যত স্থান দিতে হইবে ও যে গুণের যে প্রকারের যত ঔষধ দিতে হইবে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা সময়েং নির্দ্ধার্য্য করিবেন। আরো উক্ত আইনমতে ঐ মজুরদের ও উক্ত অন্য ব্যক্তিদের যদ্রূপ চিকিৎসা পাইবার অধিকার থাকে তাহারদের সেইরূপ চিকিৎসা পাইবার বিধি করিতে হইবে।

[গবর্ণমেণ্টে গেজেট। ১৮৭১। ৩ জানুয়ারি।]

7. That the said employer will pay to each of the said laborers one rupee on his or her arrival at the estates aforesaid on account of his or her wages hereinafter mentioned, and a further sum of one rupee fifteen days after such arrival (should the date of the payment of wages next hereinafter mentioned not have arrived at the expiration of the said fifteen days), and such further sum as shall be required to make up his or her proportionate wages for the month on the day hereinafter named for the payment of such wages, and will also supply each laborer and other the persons aforesaid, gratis, with a new and serviceable blanket at the commencement of each cold season.

৭। উক্ত মজুরেরা পূর্ব্বোক্ত আবাদে পঁহুছিলে, উক্ত মুনিব তাহারদের নিম্নলিখিত বেতনের একাংশ বলিয়া তাহারদের প্রত্যেক জনকে এক২ টাকা দিবেন। এবং তাহারদের বেতন দিবার যে দিন পশ্চাৎ লিখিত মতে নিরূপণ হইয়াছে তাহারদের পঁহুছিলে পর পনের দিনের মধ্যে যদি সেই দিন উপস্থিত না হয় তাহা হইলে পঁহুছিবার পর পনের দিনের দিনে তাহারদিগকে আর এক২ টাকা দিবেন। ও বাকী যত টাকাতে পুরা বেতন হয় বেতন দিবার সেই নিরূপিত দিবেন ঐ বাকী টাকা দিবেন। তদ্ভিন্ন প্রতিবৎসর শীতকালের আরম্ভে উক্ত প্রত্যেক মজুরকে ও উক্ত অন্য ব্যক্তিদিগকে বিনা মূল্যে নূতন ও কর্ম্মের উপযুক্ত কম্বল দিবেন।

8. That so long as the said laborers shall work for nine hours daily as aforesaid, or for such shorter time as shall be required of them, or so long as they shall be prevented by sufficient cause from so working, each man above the age of twelve years shall receive monthly, and on the last day of every succeeding month, the sum of Rs. , each woman above the aforesaid age the sum of Rs. , and each boy or girl under that age, and above the age of seven years, the sum of Rs. ; subject, nevertheless, to the deduction of any amount before paid on account.

৮। উক্ত মজুরেরা পূর্ব্বোক্তমতে দিন নয় ঘণ্টা কিম্বা তাহার ন্যূন যত ঘণ্টা কর্ম্ম করিতে আজ্ঞা পায় কর্ম্ম করিলে অথবা উপযুক্ত কারণে কর্ম্ম করিতে না পারিলেও বারো বৎসরের ঊর্দ্ধ বয়সের প্রত্যেক জন পুরুষ মাসে এত টাকা ও ঐ বয়সের ঊর্দ্ধ প্রত্যেক স্ত্রী এত টাকা ও ঐ বয়সের কম কিন্তু সাত বৎসরের ঊর্দ্ধ বালক বালিকা প্রত্যেক জন এত টাকা বেতন পাইবে। যে মাসের যে বেতন পাওনা হয় তাহার পর মাসের শেষ দিনে তাহা পাইবে। কিন্তু আগাম যাহা দেওয়া গেল তাহা কাটিয়া লওয়া যাইবে।

9. And that the said employer shall and will pay at the same rate for extra work and labor done by any of the said laborers in excess of the daily work to be performed by him or her.

৯। এবং উক্ত মজুরদের দিন২ যত কর্ম্ম করিতে হইবে তাহারদের কোন ব্যক্তি তাহার অধিক কর্ম্ম করিলে উক্ত মুনিব তাহারদের সেই অধিক কর্ম্মের সেই হারে বেতন দিবেন।

10. Provided always that after the arrival of the said laborers at any estate of the said employer, no laborer related by blood to another or others of them shall without his consent be separated or removed from his relative or relatives, or employed on any estate of the said employer other than that on which his relative or relatives is or are employed.

১০। কিন্তু মজুরেরা মুনিবের আবাদে পঁহুছিলে পর পরস্পর যাহারদের আত্মীয় সম্বন্ধ থাকে তাহারদের নিজ২ ইচ্ছা না হইলে তাহারদিগকে পৃথক করিয়া রাখিতে কিম্বা মুনিবের স্বতন্ত্র কি অন্য আবাদে পাঠাইতে হইবে না।

11. And, lastly, it is hereby agreed that all men, women, and children to whom this contract refers shall be divided into two classes, the one designated "the non-effective class," and consisting of all children under the age of seven years, and also all women, children, and aged relatives who shall, under or by virtue of the 63rd section of the said Act, accompany the said laborers, and the other class designated "the effective class," and consisting of all the said men, women, and children who are not included in the non-effective class. In witness whereof the said parties to these presents have hereunto set their hands and seals the day of in the Christian year 1870.

১১। আরো এই নিয়ম করা গেল। এই চুক্তিপত্র যে সকল পুরুষের ও স্ত্রীর ও বালকবালিকার প্রতি খাটে তাহারদের দুই শ্রেণী করাযাইবে অর্থাৎ অকর্ম্মঠ শ্রেণী। সাত বৎসরের ন্যূন বয়সের সকল বালকবালিকা এবং আইনের ৬৩ ধারামতে মজুরদের সঙ্গে যে সকল স্ত্রী ও বালক বালিকা ও বৃদ্ধ কুটুম্বাদি যায় তাহারা সেই শ্রেণীর লোক। দ্বিতীয় কর্ম্মঠ লোকশ্রেণী। যে সকল পুরুষ ও স্ত্রী ও বালক বালিকা অকর্ম্মঠ শ্রেণীভুক্ত নয় তাহারা এই শ্রেণীভুক্ত হইবে।— ইহার প্রমাণার্থে এই নিয়মপত্রে উভয় পক্ষের লোক সকল খ্রীষ্টাব্দের অমুক সালের অমুক মাসের অমুক দিনে স্বাক্ষর ও মোহর করিলেন।

[*Government Gazette*, 3rd *January* 1871.]

No.	Name.	Father's name.	Sex.	Age.	Where born.		Caste.	Signature.	Seal.
					Zillah.	Village.			

I hereby certify that before the execution of the above written contract I personally explained the same to the above written laborers and satisfied myself that each of them understood the same and the details thereof.

Superintendent of Labor Transport.

A. Eden,
Secy. to the Govt. of Bengal.

নম্বর	নাম	পিতার নাম	পুরুষ কি স্ত্রী	বয়স	জন্মস্থান		জাতি	স্বাক্ষর	মোহর
					জিলা	গ্রাম			

উপরের লিখিত চুক্তিপত্রে স্বাক্ষর হইবার পূর্ব্বে আমি স্বয়ং উক্ত মজুরদিগকে ঐ চুক্তির ভাব বুঝাইয়া দিলে তাহারা প্রত্যেকে ঐ চুক্তিপত্র ও তাহার মর্ম্ম বুঝিয়াছে ইহা আমি হৃদবোধমতে জানিলাম এই কথা সংশিষ্ট মতে জানাইতেছি।

মজুর প্রেরণের সুপরিন্টেণ্ডেন্ট।

এ ইডন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭১। ৩ জানুআরি।]

DECLARATION.

The 31st December 1870.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up in the Sub-district of Serajgunge, Pubna District, at the public expense, for a public purpose, *viz.*, a public road, it is hereby declared that for the above purpose the undermentioned land is required: A strip of land, measuring about 3608 feet in length by 50 feet in breadth, more or less, situated on the east bank of the river Dhanbandi, between the Kowa Ghat and the Machimpore road.

This Declaration is made under Section 6, Act X. of 1870, to all whom it may concern.

A. EDEN,
Secy. to the Govt. of Bengal.

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ৩১ ডিসেম্বর।—বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ পাবনা জিলার অন্তর্গত সেরাজগঞ্জ শাখাখণ্ডে রাজপথের নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে উক্ত কার্য্যের নিমিত্তে কাওয়াঘাট ও মাচিমপুরের মধ্যগত পথে ধনবন্দি নদীর পূর্ব্বতটস্থিত ন্যূনাধিক ৩৬০৮ ফুট দীর্ঘ ও ৫০ ফুট প্রস্থ এক খণ্ড ভূমির প্রয়োজন।

উক্ত ভূমিতে যাঁহারদের সম্পর্ক আছে তাঁহারদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামতে এই বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

এ ইডন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENT. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

নং ৯৩৩C.

বোর্ড অব রেবিনিউ ফোর্ট উলিয়ম। তারিখ ৩১ অক্টোবর সন ১৮৭০ সাল।

ইস্তাহার দেওয়া যাইতেছে যে ১৮৬৯। ৭০ সালের উৎপন্ন ৩২,০০০ সিন্দুক বেহার এবং ২০,০০০ সিন্দুক বানারস আফিম সন ১৮৭১ সালে নিম্নলিখিত বিশেষ২ তারিখে অথবা তাহার অগ্র পশ্চাৎ অবধারিত দিবসে প্রকাশ্য নীলাম দ্বারা বিক্রয় হইবেক।

						বেহার সিন্দুক	বানারস সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৭১ সালের	৫ই	জানুআরি	বৃহস্পতিবার	অথবা	কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ	২,৬৮৫	১,৬৮৫	৪,৩৭০
ঐ	৬ই	ফিব্রুআরি	সোমবার	ঐ	ঐ	২,৬৬৫	১,৬৬৫	৪,৩৩০
ঐ	৩রা	মার্চ	শুক্রবার	ঐ	ঐ	২,৬৬৫	১,৬৬৫	৪,৩৩০
ঐ	৪টা	আপ্রিল	মঙ্গলবার	ঐ	ঐ	২,৬৬৫	১,৬৬৫	৪,৩৩০
ঐ	৪টা	মে	বৃহস্পতিবার	ঐ	ঐ	২,৬৬৫	১,৬৬৫	৪,৩৩০
ঐ	৫ই	জুন	সোমবার	ঐ	ঐ	২,৬৬৫	১,৬৬৫	৪,৩৩০
ঐ	৬ই	জুলাই	বৃহস্পতিবার	ঐ	ঐ	২,৬৬৫	১,৬৬৫	৪,৩৩০
ঐ	৪টা	আগষ্ট	শুক্রবার	ঐ	ঐ	২,৬৬৫	১,৬৬৫	৪,৩৩০
ঐ	৪টা	সেপ্টেম্বর	সোমবার	ঐ	ঐ	২,৬৬৫	১,৬৬৫	৪,৩৩০
ঐ	২রা	অক্টোবর	সোমবার	ঐ	ঐ	২,৬৬৫	১,৬৬৫	৪,৩৩০
ঐ	২রা	নবেম্বর	বৃহস্পতিবার	ঐ	ঐ	২,৬৬৫	১,৬৬৫	৪,৩৩০
ঐ	৪টা	ডিসেম্বর	সোমবার	ঐ	ঐ	২,৬৬৫	১,৬৬৫	৪,৩৩০
					জুমলা ...	৩২,০০০	২০,০০০	৫২,০০০

যদ্যপি এই সকল তারিখ পরিবর্ত্তন করিবার আবশ্যক হয় তাহা হইলে সাহেবান বোর্ডের ক্ষমতা থাকিল যে তাহারা ঐ সকল তা রুথ পরিবর্ত্তন করিবেন।

বিক্রয়ের নিয়মাবলি নিম্নে প্রকাশিত রহিল।

১ দফা। কেবল সমুদ্র পথে রপ্তানি করিবার নিমিত্তেই উক্ত আফিম সকল বিক্রীত হইবেক ঐ প্রকার রপ্তানির নিমিত্ত ভিন্ন অন্য কোন কারণে কাহাকেও সার্টিফিকট প্রদান করা যাইবেক না।

২ দফা। ৮০০৲ টাকা করিয়া সিন্দুকের মূল্য হইলে উক্ত আফিমের অবধারিত মূল্য হইবেক, এই নিয়মাবলির দ্বাদশ প্রকরণের লিখিত নিয়ম ব্যতিরেকে যে সকল উক্ত মূল্য ডাকনিয়া ব্যক্তিগণ উক্ত অবধারিত মূল্যের অধিক ডাকিবেন তাহাদিগকেই আফিম বিক্রয় করা যাইবেক।

৩ দফা। পূর্ব্ব লিখিত বিজ্ঞাপনে যে সকল নীলামের নিরূপিত দিন ধার্য্য করা হইল সেই সকল প্রত্যেক দিবসের পূর্ব্বাহ্নে ১১ এগার ঘটিকার সময় নীলাম আরম্ভ করা হইবেক এবং প্রতি দিবস অপরাহ্নে ৫ ঘটিকার পর অধিক কাল নীলামের কার্য্য চালান হইবেক না, যে সময় মধ্যে নীলামের লাট সকল বিক্রয় করিবার নিমিত্ত বিজ্ঞাপন দেওয়া হইল সেই সময়ের মধ্যে যদি কোন লাট অবিক্রীত থাকে তাহা হইলে বোর্ডের সাহেবান আলিসান তৎপর দিবস রবিবার অথবা সাধারণ পর্ব্বোপলক্ষে বন্ধের দিন না হইলে সেই দিবসে পূর্ব্বাহ্ন ১১ ঘটিকার সময়াবধি যে পর্য্যন্ত সমুদয় অবিক্রিত লাট সকল নিঃশেষিত না হয় সেই পর্য্যন্ত নীলাম করা যাইবেক, যদ্যপি কোন গতিকে নিরূপিত দিবস মধ্যে ঐ বিজ্ঞাপন যত সমুদয় আফিম বিক্রীত না হয়, তাহা হইলে বোর্ডের সাহেবান আলিসানের ইচ্ছাক্রমে সেই সকল অবিক্রীত লাট ভবিষ্যৎ নীলামে ধরা যাইবেক।

৪ দফা। প্রত্যেক লাট ৫ পাঁচ সিন্দুক করিয়া আফিম থাকিবেক।

৫ দফা। নীলামের ঘরে এবং সেল বহীতে লাট লেখা হইবার অগ্রে খরিদারের নিকট হইতে প্রত্যেক লাটের উপর ডিপাজিট অর্থাৎ আমানত স্বরূপ পার্শ্বের* লিখিত পরিমাণানুসারে প্রমিশরি নোট অর্থাৎ তমসুক লিখিয়া লওয়া যাইবেক, খরিদারগণকে বাঙ্গাল ব্যঙ্কের রসিদ অথবা তাহার পরিবর্ত্তে বাঙ্গাল গবর্ণমেণ্টের অন্য কোন প্রকার সরকারি মাতবরি নীলামের পর ৫ পঞ্চম দিবসে বেলা অপরাহ্ণ ৪ ঘটিকার সময় কিম্বা তাহার পূর্ব্বে এই কার্য্যালয়ে দাখিল করিয়া উক্ত প্রমিশরি নোট অর্থাৎ তমসুকখালাষ করিয়া লইতে হইবেক, যদ্যপি উক্ত সময়ের মধ্যে উক্ত প্রকারে তমসুক খালাষ করিয়া লওয়া না হয়, তাহা হইলে যে লাট অথবা লাট সমুদায়ের নিমিত্ত উপরি উক্ত বাঙ্গাল বেঙ্কের রসিদ কিম্বা অন্য কোন সরকারি মাতবরি দাখিল করা না হইবেক সেই লাট কিম্বা লাট সকল পুনর্ব্বার নীলামে বিক্রয় করা যাইবেক, পুনঃ নীলাম সময় ও সরত্ত বোর্ডের সাহেবান যেরূপ ভাল বিবেচনা করিবেন সেইরূপ ধার্য্য করা হইবেক, এই প্রকার পুনঃ বিক্রয় দ্বারা যে কোন ক্ষতি ও খরচা হইবে তাহা খেলাপি খরিদাগণের নিকট হইতে আদায় করা যাইবেক এবং সেইরূপ পুনঃ বিক্রয় করিয়া যে লাভ হইবেক তাহা গবর্ণমেণ্টের প্রাপ্য হইবেক।

* ডিপাজিট অর্থাৎ আমানত যৎকালে প্রত্যেক সিন্দুকে ১২০০ টাকার ন্যূন ডাক হইবেক তৎকালে প্রত্যেক সিন্দুকে ২০০ টাকা আমানত, যত কালে ১২০০ টাকার অধিক অথচ ১৬০০ টাকার ন্যূন ডাক হইবেক তৎকালে ৩০০ টাকা, যত কালে ১৬০০ টাকার অধিক অথচ ২০০০ টাকার ন্যূন ডাক হইবেক তৎকালে ৪০০ টাকা, এইরূপে প্রত্যেক সিন্দুকে ৪০০ টাকার অধিকডাক হইলেই আমানতের উপর ১০০ টাকা বৃদ্ধি হইবেক।

৬ দফা। শেষ দফার লিখিত নিয়মানুসারে নীলামের দিন যে প্রমেশরি নোট অর্থাৎ তমসুক লিখিয়া লওয়া যাইবেক তাহা যদি নীলামের পর ৫ পঞ্চম দিবসে বেলা চারি ঘণ্টার সময় খালাষ করিয়া লওয়া না হয় তাহা হইলে সেই সকয় প্রমিশরি নোট অর্থাৎ তমসুক আদায়ের নিমিত্ত সরকারি উকীলের হস্তে সমর্পণ করা যাইবেক, উকীল যেমন ভাল বিবেচনা করিবেন সেইরূপ ধার্য্য করিবেন।

৭ দফা। যে আফিমের নিমিত্ত নীলামের পরদিন হইতে ৫ পঞ্চম দিবসের বেলা ৪ চারি ঘটিকাপর্য্যন্ত নিয়মিত আমানত দাখিল কারণ হইবেক তাহার পরে সেই আফিমের নিমিত্ত আর টাকা কিম্বা বাঙ্গাল বেঙ্কের রসীদ অথবা কোন সরকারী মাতব্বরি গ্রহণ করা যাইবেক।

৮ দফা। আফিমের মূল্যের টাকা নীলামের দিনহইতে ১৫ পোনেরো দিবসের মধ্যে দাখিল করিতে হইবেক, যদ্যপি কোন লাটের কি সিন্দুকের মূল্যের টাকা এইরূপ দাখিল কি নিষ্পত্তি করা না হয় তাহা হইলে পঞ্চম দফার নির্দ্দিষ্টমত সেই লাট কিম্বা সিন্দুকের উপর যে টাকা কিম্বা সরকারী মাতব্বরি আমানত করা হইবেক তাহা সরকারে বাজেয়াপ্ত হইবেক এবং ঐ আফিম সরকারের হিসাবে বিক্রয় করা যাইবেক, যে সময়ে ও যে প্রকারে বিক্রীত হইবেক তাহা সাহেবান বোর্ড যেমন উপযুক্ত বিবেচনা করিবেন সেইরূপ অবধারিত হইবেক, এইরূপ দ্বিতীয়বার বিক্রয়ের দ্বারা প্রথম মূল্য ও পুনঃবিক্রয়ের মূল্যের মধ্যে যে প্রভেদ বা ক্ষতি হইবেক তাহা প্রথম খরিদারের নিকট আদায় করিয়া লওয়া যাইবেক, এবং পুনঃবিক্রয়দ্বারা যাহা লাভ হইবেক তাহাতে প্রথম খরিদারের কোন দাবী থাকিবেক না।

৯ দফা। খরিদারেরা পূর্ব্ব নির্দ্দিষ্ট সমুদয় মূল্যের টাকা প্রদান করিয়া যখন ডিলেবরি অর্থাৎ রওয়ানা পাইবার সর্টিফিকট অথবা অনুমতিপত্র পাইবে তৎকালে তাহারা ইচ্ছা করিলে প্রত্যেক সর্টিফিকেট অথবা অনুমতিপত্রে তাহাদিগের খরিদা লাটের নাম ও সংখ্যা লিখিয়া লইতে পারিবেক এবং ইহা স্পষ্টরূপে দরকার করা আবশ্যক যে ঐ প্রকারের গৃহীত সর্টিফিকেট অথবা অনুমতিপত্র সকল চূড়ান্ত বিবেচনা করা যাইবেক এবং প্রথমে একবার যে সকল লাট ও সিন্দুক সর্টিফিকেট অথবা অনুমতিপত্র ভুক্ত করিবার প্রার্থনা গ্রাহ্য হইয়াছে সেই সকল লাট কিম্বা সিন্দুকের মধ্যে একটিমাত্র লাট কিম্বা অন্য লাট কি সিন্দুক ডেলেবরি অর্থাৎ রওয়ানা পাইবার নিমিত্ত আদি সর্টিফিকেট পরিবর্ত্তিত হইতে পারিবেক না।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭১। ৩ জানুআরি।]

১০ দফা। যে ব্যক্তির নাম সেল বহীতে খরিদারস্বরূপে লেখা হইবেক সেই ব্যক্তি স্বয়ং অথবা তাহার ক্ষমতা প্রাপ্ত গোমাশতা ব্যতিরেকে আর কেহ যদি ৫ দফার লিখিত সরকারী মাতব্বরি আমানত করিতে আইসে তাহা হইলে তাহাদিগের হস্তে তদ্রূপ আমানত গ্রহণ করা যাইবেক না, সরকারি মাতব্বরির রসিদ দিবার সময় কেবল খরিদারের নিজ নামেই তাহা প্রদান করা হইবেক ঐ প্রকারে আমানত করা সরকারের মাতব্বরি সকল যখন ফিরত দেওয়া হইবেক তখন সম্পূর্ণ টাকা দেওয়া হইয়াছে জানিলে খরিদারকে অথবা যাহাকে তিনি বরাত দেন সেই ব্যক্তিকে তাহা ফেরত দেওয়া যাইবেক।

provided that every such notification contain also a declaration, that the Governor General in Council has been duly certified that the Government of the place to which the notification refers has made such laws and other provisions as the Governor General in Council thinks sufficient for the protection of Natives of India emigrating to such place.

Proviso.

25. From the date of any such notification contracts may be made with any Native of India for labour to be performed in any place to which emigration is authorized in the notification, and it shall be lawful to enable or assist any Native of India to emigrate to such place ;

Contracts may be made for emigration to such other places.

but all contracts and emigration under such notification shall be made and conducted subject to the provisions of this Act.

26. Emigration shall not be lawful except from the port of Calcutta, the port of Madras or the port of Bombay.

From what ports emigration lawful.

VI.—Registration of Emigrants.

27. Every Native of India, who in any place other than the Towns of Calcutta, Madras or Bombay, enters into any engagement with a Recruiter to emigrate, shall, before leaving the District within which the engagement was entered into, appear with the Recruiter before the Magistrate of such District, and no Recruiter shall remove such Emigrant from the said District until he has so appeared.

Natives engaging to emigrate to appear before Magistrate.

Upon so appearing, the Magistrate shall examine the intending Emigrant with reference to his engagement ; and if it appears that he understands the nature of the engagement he has entered into and that he is willing to fulfil the same, the Magistrate shall register in a book to be kept for the purpose, in such form as the Local Government prescribes,

Examination and registration.

২৪ ধারা। ২৩ ধারার লিখিত স্থানভিন্ন যেং স্থানে ভারতবর্ষীয় ব্যক্তিরদের গমন করা আইনসিদ্ধ হইবে মন্ত্রিসভাগত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করণপূর্ব্বক সময়েং সেইং স্থান নির্দ্ধার্য্য করিতে পারিবেন।

অন্যং স্থানে গমন করা আইনঅনুগত প্রকাশ করিবার ক্ষমতার কথা।

পরন্তু উক্ত জ্ঞাপনপত্রে যে স্থানের উল্লেখ হয়, সেই স্থানে গমনকারি ভারতবর্ষীয় লোকেরদের সংরক্ষণার্থে মন্ত্রিসভাগত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যেং আইন ও অন্য যেং বিধান যথাযোগ্য জ্ঞান করেন, উক্ত স্থানের গবর্ণমেণ্ট তদ্রূপ আইনপ্রভৃতি করিয়াছেন, মন্ত্রিসভাগত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবকে ইহা উপযুক্তরূপে জ্ঞাত করা গিয়াছে, এই কথাও সেই জ্ঞাপনপত্রে প্রকাশ হইবে ইতি।

উপবিধি।

২৫ ধারা। তদ্রূপ কোন জ্ঞাপনপত্রদ্বারা যে স্থানে গমনের অনুমতি হয় ঐ জ্ঞাপনপত্রের তারিখঅবধি ভারতবর্ষীয় কোন ব্যক্তির সঙ্গে সেই স্থানে পরিশ্রমকরণের চুক্তি করা যাইতে পারিবে, এবং ভারতবর্ষীয় কোন ব্যক্তিকে সেই স্থানে গমন করিবার সামর্থ্য দান ও সাহায্য করা আইন অনুগত হইবে।

উক্ত অন্যং স্থানে গমনের চুক্তি হইতে পারিবার কথা।

কিন্তু তদ্রূপ কোন জ্ঞাপনপত্রক্রমে যে সকল চুক্তি ও দেশান্তরগমন কার্য্য করা যায় তাহা এই আইনের বিধানানুসারে করিতে হইবে ইতি।

২৬ ধারা। কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই বন্দরভিন্ন কোন স্থানহইতে দেশান্তরগমন আইনসিদ্ধ হইবে না ইতি।

যেং বন্দরহইতে দেশান্তরে যাওয়া যাইতে পারিবে তাহার কথা।

৬ অধ্যায়।—ভিন্নদেশগামিদের রেজিষ্টরী করিবার বিধি।

২৭ ধারা। ভারতবর্ষীয় কোন ব্যক্তি কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই নগরভিন্ন কোন স্থানে মজুর সংগ্রাহকের সঙ্গে দেশান্তর গমনের করার করিলে, সেই মজুর যে জিলাতে ঐ করার করিয়াছে সেই জিলাহইতে প্রস্থান করিবার পূর্ব্বে ঐ সংগ্রাহকের সঙ্গে সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে যাইবে। যতকাল তদ্রূপে উপস্থিত না হয়, ততকাল কোন মজুর সংগ্রাহক ঐ দেশান্তরগামি ব্যক্তিকে সেই জিলাহইতে স্থানান্তর করিবে না।

দেশীয় লোকেরা দেশান্তর গমন করিতে করার করিলে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে উপস্থিত হইবার কথা।

মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে উপস্থিত হইলে, তিনি দেশান্তর গমনেচ্ছুক ব্যক্তিকে তাহার করারের কথা জিজ্ঞাসা করিবেন, এবং ঐ করারের মর্ম্ম বুঝিয়াছে ও সেই করারমতে কার্য্য করিতে ইচ্ছুক আছে মাজিষ্ট্রেট সাহেব ইহা দেখিলে,

পরীক্ষা ও রেজিষ্টরী করণের কথা।

(*a*) the name, name of the father, and the age, of such Emigrant,

(*b*) the name of the village or place of which such Emigrant is a resident,

(*c*) the Emigration depôt to which it is intended he shall proceed, and

(*d*) the rate of wages and period of service, if any, agreed upon between the Emigrant and the Recruiter.

(ক) ঐ দেশান্তর গমনেচ্ছুক ব্যক্তির নাম ও তাহার পিতার নাম ও তাহার বয়স,

(খ) ও যে গ্রামে কি স্থানে তাহার নিবাস তাহার নাম,

(গ) ও দেশান্তরগামিদের যে আড্ডায় তাহাকে পাঠাইবার কল্পনা আছে,

(ঘ) এবং দেশান্তর গমনেচ্ছুক সেই ব্যক্তির ও সংগ্রাহকের মধ্যে বেতনের ও কালের করার হইলে যত বেতন পাইবার ও যত কাল কর্ম্ম করিবার করার হইল, এই সকল কথা লিখিবার বহীতে রেজিষ্টর করিবেন।

স্থানবিশেষের গবর্ণমেণ্ট যে পাঠ নিরূপণ করেন, সেই পাঠে ঐ রেজিস্টরী বহী রাখিতে হইবে।

If the Magistrate thinks that the intending Emigrant does not understand the nature of the engagement, or has been induced to enter into the engagement by fraud or misrepresentation, he shall refuse to register his name.

কিন্তু দেশান্তর গমনেচ্ছুক ব্যক্তি ঐ করারের মর্ম্ম বুঝে নাই, কিম্বা কোন ছলনাক্রমে কি অযথার্থ কথা দ্বারা তাহাকে সেই করার করিবার প্রবৃত্তি দেওয়া গিয়াছে, মাজিষ্ট্রেট সাহেব ইহা বোধ করিলে সেই ব্যক্তির নাম রেজিষ্টর করিবেন না।

A copy of every registration under this section, written on substantial paper which shall not require a stamp, shall be furnished by the Magistrate to the Emigrant registered.

এই ধারামতে যে সকল কথা রেজিষ্টর করা যায় মাজিষ্ট্রেট সাহেব রেজিস্টরী করা দেশান্তরগামিকে তাহার প্রতিলিপি দিবেন। তাহা উত্তম কাগজে লেখা যাইবে। ইস্টাম্প লাগিবে না ইতি।

Copy of registration to be sent to Emigration Agent and Protector.

28. Authentic copies of every such registration shall be forthwith forwarded by the Magistrate to the Emigration Agent at the depôt to which the person named therein has been engaged to proceed, and to the Protector of Emigrants at the intended port of embarkation.

রেজিষ্টরী কথার প্রতিলিপি দেশান্তর গমনসম্পর্কীয় এজেণ্টের ও রক্ষকের নিকটে পাঠাইবার কথা।

২৮ ধারা। কোন মজুর সম্বন্ধে যে কথা রেজিস্টরী বহীতে লেখা যায়, ঐ রেজিস্টরের লিখিত মজুর যে স্থানে গমন করিবার করার করিয়াছে সেই স্থানের আড্ডাতে যিনি দেশান্তরগমনসম্পর্কীয় এজেন্ট হন তাঁহার নিকটে এবং যে বন্দরে মজুরকে জাহাজে উঠাইয়া দিবার কল্পনা হয়, সেই বন্দরে যিনি দেশান্তরগামিরদের রক্ষক হন তাঁহার নিকটে মাজিষ্ট্রেট সাহেব অগৌণে ঐ রেজিস্টরী কথার যথার্থ প্রতিলিপি স্বাক্ষর করিয়া পাঠাইবেন ইতি।

Registration of Emigrants recruited in presidency towns.

29. Every Native of India, who in the towns of Calcutta, Madras or Bombay, enters into any engagement with a Recruiter to emigrate, shall, within forty-eight hours of making such engagement, appear with the Recruiter before the Protector of Emigrants in such town; and no Recruiter shall remove such Emigrant from the said town, or to any Emigration depôt, until he has so appeared.

রাজধানীতে সংগৃহীত মজুরের রেজিষ্টরকরণের কথা

২৯ ধারা। ভারতবর্ষীয় কোন ব্যক্তি কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাই নগরে মজুরসংগ্রাহকের সঙ্গে দেশান্তরে গমন করিবার করার করিলে সেই করার করিবার পর ঐ ব্যক্তি ৪৮ ঘণ্টার মধ্যে মজুরসংগ্রাহকের সঙ্গে উক্ত নগরস্থ দেশান্তরগামিরদের রক্ষকের সম্মুখে উপস্থিত হইবে। যতকাল তদ্রূপে উপস্থিত না হয়, তত কাল কোন মজুরসংগ্রাহক দেশান্তর গমনেচ্ছুক ঐ ব্যক্তিকে ঐ নগরহইতে স্থানান্তর করিতে কি দেশান্তরগামিরদের কোন আড্ডাতে পাঠাইতে পারিবে না।

Upon his so appearing, the Protector of Emigrants shall examine the intending Emigrant with reference to his engagement; and if it appears that he understands the nature of the engagement he has entered into, and that he is willing to fulfil the same, the Protector of Emigrants shall register in a book to be kept for the purpose, in such form as the Local Government prescribes,

তদ্রূপে উপস্থিত হইলে দেশান্তরগামিদের রক্ষক ঐ দেশান্তরগমনেচ্ছুক ব্যক্তিকে তাহার করারের কথা জিজ্ঞাসা করিবেন। এবং ঐ করারের মর্ম্ম বুঝিয়াছে ও সেই করারমতে কার্য্য করিতে ইচ্ছুক আছে দেশান্তরগামিরদের রক্ষক ইহা দেখিলে

(*a*) the name, the name of the father, and the age of such Emigrant,

(ক) ঐ দেশান্তরগমনেচ্ছুক ব্যক্তির ও তাহার পিতার নাম ও তাহার বয়স,

(*b*) the name of the village or place of which such Emigrant is a resident,

(*c*) the Emigration depôt to which it is intended he shall proceed, and

(*d*) the rate of wages and period of service, if any, agreed upon between the Emigrant and the Recruiter.

(খ) ও যে গ্রামে কি স্থানে তাহার নিবাস তাহার নাম,

(গ) ও দেশান্তরগামিরদের যে আড্ডায় তাহাকে পাঠাইবার কল্পনা আছে সেই আড্ডার নাম,

(ঘ) এবং দেশান্তরগমনেচ্ছুক সেই ব্যক্তির ও মজুরসংগ্রাহকের মধ্যে বেতনের ও কালের করার হইলে যত বেতন পাইবার ও যত কাল কর্ম্ম করিবার করার হইল এই সকল কথা লিখিবার বহীতে রেজিষ্টর করিবেন।

স্থানবিশেষের গবর্ণমেণ্ট যে পাঠ নিরূপণ করেন, সেই পাঠে ঐ রেজিষ্টরী বহী রাখিতে হইবে।

If the Protector of Emigrants thinks that the intending Emigrant does not understand the nature of the engagement, or has been induced to enter into the engagement by fraud or misrepresentation, he shall refuse to register his name.

কিন্তু দেশান্তরগমনেচ্ছুক ব্যক্তি ঐ করারের মর্ম্ম বুঝে নাই কিম্বা কোন ছলনাক্রমে কি অযথার্থ কথাদ্বারা তাহাকে সেই করার করিবার প্রবৃত্তি দেওয়া গিয়াছে, দেশান্তরগামিরদের রক্ষক ইহা বোধ করিলে সেই ব্যক্তির নাম রেজিস্টর করিবেন না।

A copy of every registration under this section, written on substantial paper which shall not require a stamp, shall be furnished by the Protector to the Emigrant registered.

এই ধারামতে যে সকল কথা রেজিষ্টর করা যায়, রক্ষক রেজিষ্টরী করা দেশান্তরগামিকে তাহার প্রতিলিপি দিবেন। তাহা উত্তম কাগজে লেখা যাইবে, ইষ্টাম্প লাগিবে না ইতি।

Copy of registration by Protector to be forwarded to Agent.

30. An authentic copy of every such registration shall be forthwith forwarded by the Protector to the Emigration Agent of the place for which the person named therein has been engaged.

রক্ষকের রেজিষ্টরী কথার প্রতিলিপি এজেণ্টের নিকটে পাঠাইবার কথা।

৩০ ধারা। দেশান্তরগামিরদের রক্ষক দ্বারা যে সকল কথা রেজিস্টরী বহীতে লেখা যায় তাহার লিখিত ব্যক্তি যে স্থানে যাইবার করার করিয়াছে, সেই স্থানের দেশান্তরগমনসম্পর্কীয় এজেণ্টের নিকটে দেশান্তরগামিরদের রক্ষক ঐ রেজিষ্টরের যথার্থ প্রতিলিপি স্বাক্ষর করিয়া পাঠাইবেন ইতি।

Fee for registration by Protector.

31. For the registration of every Emigrant under section twenty-seven or twenty-nine, the Recruiter shall pay to the Magistrate or the Protector of Emigrants, as the case may be, a fee of one rupee and eight annas.

রক্ষকদ্বারা রেজিষ্টর করণের ফীর কথা।

৩১ ধারা। ২৭ কি ২৯ ধারামতে প্রত্যেক মজুরের নাম রেজিস্টর করণের নিমিত্তে মজুরসংগ্রাহক মাজিষ্ট্রেট সাহেবকে কিম্বা বিষয়বিশেষে মজুরদের রক্ষককে দেড় টাকা ফী দিবেন।

On proof of the desertion of any Emigrant before embarkation, the fee paid in respect of such Emigrant may be refunded by the Magistrate or the Protector to the Recruiter by whom it was paid, under such rules as are from time to time made in that behalf by the Governor General of India in Council.

দেশান্তরগামি কোন ব্যক্তি জাহাজে উঠিবার পূর্ব্বে পলায়ন করিলে যদি সেই বিষয়ের প্রমাণ হয়, তবে মন্ত্রিসভাগত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ঐ ফী ফিরিয়া দিবার যে২ বিধি সময়ে২ করেন, তদনুসারে মাজিষ্ট্রেট সাহেব কিম্বা মজুররক্ষক দেশান্তরগামি ঐ ব্যক্তির নিমিত্তে যে মজুরসংগ্রাহকের স্থানে ঐ ফী পাইয়াছিলেন তাহাকে তাহা ফিরিয়া দিতে পারিবেন ইতি।

VII.—Conveyance of Emigrants to Depôts.

৭ অধ্যায়।—দেশান্তরগামিদিগকে আড্ডায় লইয়া যাইবার বিধি।

Conveyance of Emigrant to depôt.

32. (1.) Every Emigrant recruited under the provisions of this Act shall be conveyed by land or river with all convenient despatch to the depôt, at the port of embarkation, established by the Emigration Agent of the place to which such Emigrant has contracted to emigrate.

দেশান্তরগামিকে আড্ডাতে লইয়া যাইবার কথা।

৩২ ধারা। ১ প্রকরণ। দেশান্তরগামি যে প্রত্যেক ব্যক্তিকে এই আইনের বিধানক্রমে গ্রহণ করা যায়, সেই ব্যক্তি যে দেশে গমন করিতে করার করে সেই দেশে গমনার্থ বন্দরে তদ্দেশগমনসম্পর্কীয় এজেণ্টের যে আড্ডা আছে সেই আড্ডাতে তাহাকে জল কি স্থলপথে সুবিধামতে ত্বরায় লইয়া যাইতে হইবে।

(2.) The registered Emigrants engaged by any Recruiter shall, while proceeding to a depôt, be accompanied throughout the journey either by the Recruiter himself or by a competent person appointed by him with the approval of the Magistrate by whom the Emigrants have been registered. The Magistrate shall give to the person so appointed a certificate under his signature, stating that he has been appointed for the journey to the depôt.

Emigrants to be accompanied by Recruiter.

২ প্রকরণ। রেজিস্টরী যে মজুরেরা কোন সংগ্রাহকের সঙ্গে করার করে, আডডাতে যাইবার সময়ে মজুরসংগ্রাহক আপনি তাহারদের সঙ্গে? সমস্ত পথ যাইবে, অথবা যে মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা ঐ মজুরেরা রেজিস্টরী হইয়াছে তাঁহার সম্মতিক্রমে ঐ মজুরসংগ্রাহকের নিযুক্ত কোন উপযুক্ত ব্যক্তি তাহারদের সঙ্গে যাইবে। এবং সেই ব্যক্তি আডডাপর্য্যন্ত পথে যাইবার নিমিত্তে নিযুক্ত হইয়াছে এই মর্ম্মের সর্টিফিকটে মাজিষ্ট্রেট সাহেব স্বাক্ষর করিয়া তদ্রূপে নিযুক্ত ব্যক্তিকে দিবেন।

মজুরের সঙ্গে সংগ্রাহকের যাইবার কথা।

(3.) Every Recruiter by or through whom Emigrants may be forwarded to a depôt shall, throughout their journey, provide them with suitable lodging and food.

Recruiter to provide suitable food and lodging.

৩ প্রকরণ। যে মজুর সংগ্রাহকের সঙ্গে কি যাহারদ্বারা মজুরদিগকে কোন আডডায় পাঠান যায়, সেই মজুরসংগ্রাহক পথে তাহারদের উপযুক্ত বাসা ও আহারের বিধান করিবে ইতি।

আহার ও বাসার সদুপায় করা মজুরসংগ্রাহকের কর্ত্তব্যের কথা।

VIII.—Arrival at Depôts and Procedure thereon.

অষ্টম অধ্যায়।—আডডায় পঁহুছিবার ও তৎপরে কার্য্য প্রণালীর বিধি।

33. The arrival of each Emigrant at a depôt shall immediately be reported by the person in charge of the depôt to the Emigration Agent, and by such Agent to the Protector of Emigrants.

Arrival at depôt to be reported.

৩৩ ধারা। দেশান্তরগামি প্রত্যেক ব্যক্তি আডডায় পঁহুছিলে, সেই আডডা রক্ষার ভার যাঁহার প্রতি থাকে তিনি অগৌণে দেশান্তরগমনসম্পার্কীয় এজেণ্টকে সেই ব্যক্তির পঁহুছিবার সম্বাদ দিবেন ও সেই এজেণ্ট দেশান্তরগামিরদের রক্ষককে সম্বাদ দিবেন ইতি।

আডডায় পঁহুছিলে জ্ঞাত করিবার কথা।

34. The copy of the registration of every Emigrant, received by the Emigration Agent from the Magistrate or from the Protector of Emigrants, shall as soon as conveniently may be after the arrival of the Emigrant be shewn to the Medical Inspector of Emigrants; and the Emigrant shall be examined by the Medical Inspector to ascertain if he is in a fit state of health to emigrate to the place to which he has contracted to proceed.

Copy of registration to be shewn to Medical Inspector.

Emigrants to be inspected by him.

৩৪ ধারা। দেশান্তরগমনসম্পার্কীয় এজেণ্ট মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা দেশান্তরগামিদের রক্ষকের স্থানে দেশান্তরগামি প্রত্যেক ব্যক্তির রেজিষ্টরী কথার যে প্রতিলিপি প্রাপ্ত হন, তাহা সেই দেশান্তরগামি ব্যক্তির পঁহুছিবার পরে দেশান্তরগামিদের পরিদর্শনার্থ চিকিৎসককে সুবিধামতে ত্বরায় দেখান যাইবে। এবং সেই ব্যক্তি যে স্থানে যাইতে চুক্তি করিয়াছে. শারীরিক স্বাস্থ্য বিবেচনায় সেই স্থানে যাইবার উপযুক্ত কি না, ইহা নিশ্চয়মতে জানিবার নিমিত্তে পরিদর্শনার্থ চিকিৎসক ঐ দেশান্তরগামির পরীক্ষা করিয়া দেখিবেন।

রেজিষ্টরী কথার প্রতিলিপি পরিদর্শনার্থ চিকিৎসককে দেখাইবার কথা।

দেশান্তরগামিদিগকে তাঁহার দৃষ্টি করিবার কথা।

The Medical Inspector, if satisfied of his fitness, shall give a certificate thereof to the Emigration Agent: if satisfied of his unfitness, he shall give a certificate thereof to the Protector of Emigrants.

সেই ব্যক্তি যাইবার উপযুক্ত, চিকৎসক ইহা স্ববোধমতে জ্ঞাত হইলে দেশন্তরগমনসম্পার্কীয় এজেণ্টকে সেই মর্ম্মের সর্টিফিকট দিবেন। ও যাইবার অনুপযুক্ত ইহা স্ববোধমতে জ্ঞাত হইলে, দেশান্তরগামিদের রক্ষককে সেই মর্ম্মের সর্টিফিকট দিবেন ইতি।

35. If the Medical Inspector certifies that any Emigrant is not in a fit state of health to emigrate to the place to which he has contracted to proceed,

When emigrant to be sent back to place of registration.

৩৫ ধারা। দেশান্তরগামি কোন মজুর যে স্থানে যাইবার চুক্তি করিল শরীরগতিক বিবেচনায় তাহার সেই স্থানে যাওয়া উচিত নয়, চিকিৎসক এই মর্ম্মের সর্টিফিকট দিলে,

যে স্থানে রেজিষ্টর হইয়াছিল সেই স্থানে মজুরকে ফিরিয়া পাঠাইবার কথা।

or if any irregularity has occurred in the recruitment of any Emigrant,

কিম্বা দেশান্তরগামি কোন ব্যক্তিকে অনিয়মিতরূপে গৃহীত হইলে,

the Protector of Emigrants may order the Emigration Agent in whose depôt such Emigrant may be, forthwith to pay to him, the Protector of Emigrants, such reasonable sum as is necessary to enable the labourer to return to the place where he was registered, and the Protector may take any steps he thinks necessary for the conveyance of the labourer to such place.

ঐ ব্যক্তিকে যে স্থানে রেজিষ্টরী করা গেল তাহার সেই স্থানে ফিরিয়া যাইবার যত টাকা যুক্তিমতে আবশ্যক হয়, দেশান্তরগমনসম্পর্কীয় যে এজেন্টের আড্ডায় ঐ ব্যক্তি থাকে তাহার প্রতি দেশান্তরগামিদের রক্ষক তাহাকে অর্থাৎ দেশান্তরগামিদের রক্ষককে তত টাকা দিতে আদেশ করিবেন। এবং সেই ব্যক্তিকে ঐ স্থানে চালান করিবার জন্যে রক্ষক যে কর্ম্ম করা প্রয়োজন জ্ঞান করেন তাহা করিবেন ইতি।

Failure of Emigration Agent to pay sum required to enable emigrant to return.

36. On failure of the Emigration Agent for twenty-four hours to comply with an order of the Protector for the payment of any such sum, the Protector may pay the same to or on behalf of the Emigrant.

মজুরের প্রত্যাগমনার্থে যত টাকা প্রয়োজন দেশান্তরগমনসম্পর্কীয় এজেন্ট তাহা না দিলে তদ্বিষয়ের কথা।

৩৬ ধারা। রক্ষক ঐ টাকা দিবার আজ্ঞা করিলে, যদি দেশান্তরগমনসম্পর্কীয় এজেন্ট চব্বিশ ঘণ্টাপর্য্যন্ত ঐ আজ্ঞামতে টাকা না দেন, তবে রক্ষক দেশান্তরগামিকে কি তাহার নিমিত্তে সেই টাকা দিতে পারিবেন।

Every sum so disbursed shall be recoverable by the Protector with six per cent. interest from the date of disbursement, from the Emigration Agent on whose default it is paid, as money paid to the use of such Emigration Agent.

দেশান্তরগমনসম্পর্কীয় যে এজেন্টের ত্রুটিপ্রযুক্ত ঐ টাকা দেওয়া যায় তাঁহারি ব্যবহারার্থে দেওনের ন্যায় ঐ রক্ষক, টাকা দিবার তারিখঅবধি শতকরা ৬৲ টাকার হিসাবে সুদসুদ্ধ ঐ এজেন্টের স্থানে তাহা আদায় করিতে পারিবেন।

No further proof shall be required by any Court in any such case than that the Protector gave the Emigration Agent an order to pay such money, and that the Emigration Agent for a space of twenty-four hours made default in complying therewith.

সেই বিষয়ের মোকদ্দমা হইলে, রক্ষক দেশান্তরগমনসম্পর্কীয় এজেন্টকে উক্ত প্রকারের আজ্ঞা করিয়াছিলেন, এবং দেশান্তরগমনসম্পর্কীয় এজেন্ট ২৪ ঘণ্টাপর্য্যন্ত সেই আজ্ঞামতে কর্ম্ম করেন নাই ইহার প্রমাণভিন্ন কোন আদালতে অধিক প্রমাণের প্রয়োজন হইবে না।

Provided that every Emigrant who, from his state of health, is, in the opinion of the Medical Inspector, unfit to undertake the journey back to the place where he was registered, shall, in addition to his being conveyed back at the expense of the Emigration Agent, be entitled to continue in the depôt and to be fed, clothed, lodged and attended to there, by and at the expense of the Emigration Agent, until such time as the Protector otherwise orders.

কিন্তু যদি চিকিৎসকের বিবেচনায় দেশান্তরগমনেচ্ছুক ব্যক্তি শারীরিক রোগপ্রযুক্ত রেজিস্টরী হইবার স্থানে ফিরিয়া যাইতে না পারে, তবে দেশান্তরগমনসম্পর্কীয় এজেন্টের খরচে ঐ মজুরের ফিরিয়া যাইবার যে অধিকার আছে, তদতিরিক্ত রক্ষক যত কাল অন্য প্রকারের আজ্ঞা না করেন, তত কাল ঐ মজুরের সেই আড্ডাতে থাকিবার এবং দেশান্তরগমনসম্পর্কীয় এজেন্টের দ্বারা ও তাহার খরচে আহারও বস্ত্র ও বাসা পাইবার ও তত্ত্বাবধারণ হইবার অধিকার থাকিবে ইতি।

Duty of Emigration Agent.

37. The Emigration Agent, in the presence of the Protector of Emigrants and within forty-eight hours after the arrival of each Emigrant at the depôt, shall ascertain by personal communication with such Emigrant whether or not he has been properly fed and otherwise properly treated on his journey to the depôt.

দেশান্তরগমনসম্পর্কীয় এজেন্টের কর্ত্তব্য কর্ম্মের কথা।

৩৭ ধারা। আড্ডাতে দেশান্তরগামির প্রত্যেক ব্যক্তির পঁহুছিবার পর আটচল্লিশ ঘন্টার মধ্যে দেশান্তরগমনসম্পর্কীয় এজেন্ট দেশান্তরগামিরদের রক্ষকের সাক্ষাতে দেশান্তরগমনোদ্যত প্রত্যেক ব্যক্তির সঙ্গে স্বয়ং কথা কহিয়া, সে আড্ডাতে আসিবার পথে উপযুক্তমতে আহার পাইয়াছে কি না ও প্রকারান্তরে তাহার প্রতি উপযুক্ত আচার হইয়াছে কি না ইহা নির্যাসমতে জানিবেন।

The Emigration Agent shall also, in the presence of the Protector and within such time as aforesaid, examine the copy of the registration furnished to the Emigrant under section twenty-seven or section twenty-nine. If for any reason further enquiry be necessary, such enquiry shall be made forthwith.

আরো দেশান্তরগামি ব্যক্তিকে ২৭ ধারা কি ২৯ ধারামতে রেজিস্টরী কথার যে প্রতিলিপি দেওয়া গেল পূর্ব্বোক্ত সময়ের মধ্যে রক্ষকের সাক্ষাতে দেশান্তরগমনসম্পর্কীয় এজেন্ট তাহা দৃষ্টি করিবেন। যদি কোন কারণে অধিক অনুসন্ধান লওয়া আবশ্যক হয়, তবে অগোণে লওয়া যাইবে।

[*Government Gazette*, 10*th January* 1871.]

Unless the Emigration Agent, with the consent of the Protector, refuses to recognize or to be bound by the contract entered into by the Recruiter with the Emigrant, as shown by the copy of the registration produced by the Emigrant, such copy, if it be a copy furnished under section twenty-seven, shall be countersigned by both the Emigration Agent and the Protector, and if it be a copy furnished under section twenty-nine shall be countersigned by the Emigration Agent alone. The copy so countersigned, under whichever section it may have been furnished, shall be delivered back to the Emigrant.

Refusal of Agent, without consent of Protector, to be bound by contract made by Recruiter.

If the Emigration Agent, without the consent of the Protector, refuses to be bound by the contract entered into by the Recruiter with the Emigrant, the Protector may thereupon order the Emigration Agent forthwith to pay to him, the Protector of Emigrants, such reasonable sum as is necessary to enable the Emigrant to return to the place where he was registered. On failure of the Emigration Agent to pay such sum within twenty-four hours of his being ordered so to do, the Protector may pay the same to or on behalf of the Emigrant. All the provisions of section thirty-six as to sums paid by the Protector shall apply, so far as the circumstances of the case permit, to sums paid by him under this section.

Suits against Emigration Agent.

The Protector shall also, in every case in which it seems to him proper to do so, institute a suit on behalf of the Emigrant against the Emigration Agent, for the recovery of damages for the breach of contract committed by the Emigration Agent.

In every such suit, the contract entered into by the Recruiter shall be deemed to have been entered into by and to be binding on the Emigration Agent.

After examination and Medical Inspector's certificate, Emigration Agent to grant a pass.

38. After the examination mentioned in section thirty-seven, and if the Medical Inspector has given a certificate of the fitness of the Emigrant to emigrate, the Emigration Agent shall deliver to the Emigrant a pass, countersigned by the Protector of Emigrants as hereinafter provided, stating the name and the age of the Emigrant and the name of his father, and certifying that he is in a fit state of health to emigrate to the place to which he has contracted to go.

দেশান্তরগামি ব্যক্তি রেজিষ্টরী করা যে কথার প্রতিলিপি দেখাইয়া দেয়, তাহাতে তাহার সঙ্গে মজুর সংগ্রাহকের যে চুক্তি প্রকাশ হয়, যদি দেশান্তরগমনসম্পার্কীয় এজেন্ট রক্ষকের সম্মতিক্রমে সেই চুক্তি স্বীকার করিতে ও তাহাতে আবদ্ধ হইতে অসম্মত না হন, তবে সেই প্রতিলিপি ২৭ ধারামতে দেওয়া গেলে দেশান্তরগমনসম্পর্কীয় এজেন্ট এবং রক্ষক উভয়ই তাহাতে স্বাক্ষর করিবেন। যদি সেই প্রতিলিপি ২৯ ধারামতে দেওয়া গিয়া, থাকে তবে কেবল দেশান্তর গমনসম্পর্কীয় এজেন্ট তাহাতে স্বাক্ষর করিবেন। উক্ত যে ধারামতে দেওয়া যাউক, স্বাক্ষর হইলে পর, সেই প্রতিলিপি দেশান্তরগামি ব্যক্তিকে ফিরিয়া দেওয়া যাইবে।

রক্ষকের সম্মতিভিন্ন এজেণ্ট সংগ্রাহকের চুক্তি স্বীকার না করিলে তাহার কথা।

দেশান্তরগামি ব্যক্তির সঙ্গে মজুর সংগ্রাহক যে চুক্তি করিয়াছে দেশান্তরগমনসম্পার্কীয় এজেন্ট যদি রক্ষকের সম্মতি বিনা সেই চুক্তিতে আবদ্ধ হইতে স্বীকার না করেন, তবে দেশান্তরগামি ব্যক্তিকে যে স্থানে রেজিষ্টর করা গেল তাহার সেই স্থানে ফিরিয়া যাইবার যত খরচ যুক্তিমতে আবশ্যক হয়, দেশান্তরগামিরদের রক্ষক দেশান্তরগমনসম্পার্কীয় এজেণ্টের প্রতি তাঁহাকে অর্থাৎ সেই রক্ষককে তত খরচ দিতে আজ্ঞা করিবেন। তিনি সেই খরচ দিবার আজ্ঞা পাইলে পর যদি চব্বিশ ঘণ্টার মধ্যে না দেন, তবে রক্ষক দেশান্তরগামিকে কি তাহার নিমিত্তে সেই খরচ দিবেন, এবং ৩৬ ধারাতে রক্ষকের দত্ত টাকার যে সকল বিধান হইয়াছে, তাহা গতিক বিবেচনায় এই ধারামতে দত্ত টাকা বিষয়ে যেপর্য্যন্ত বর্ত্তিতে পারে, সেই পর্য্যন্ত বর্ত্তিবে।

দেশান্তরগমনসম্পার্কীয় এজেণ্টের নামে মোকদ্দমার কথা।

আরো রক্ষক কোন স্থলে উপযুক্ত বোধ করিলে দেশান্তরগমনসম্পার্কীয় এজেণ্টকর্ত্তৃক চুক্তিভঙ্গ হওয়াতে দেশান্তরগামি ব্যক্তির পক্ষে দেশান্তরগমনসম্পার্কীয় এজেণ্টের নামে ক্ষতিপূরণের মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন।

মজুর সংগ্রাহক যে চুক্তি করিয়াছে তদ্রূপ প্রত্যেক মোকদ্দমায়, তাহা দেশান্তরগমনসম্পার্কীয় এজেণ্টের করা ও তিনি তাহাতে আবদ্ধ এমত জ্ঞান হইবে ইতি।

পরীক্ষা হইলে এবং চিকিৎসক সর্টিফিকট দিলে পর দেশান্তরগমনসম্পার্কীয় এজেণ্টের ছাড়পত্র দিবার কথা!

৩৮ ধারা। ৩৭ ধারাতে পরীক্ষা করণের যে বিধান হইয়াছে তদনুসারে কার্য্য হইলে পর দেশান্তরগমনেচ্ছুক ব্যক্তি দেশান্তরে গমন করিবার উপযুক্ত, চিকিৎসক যদি এই মর্ম্মের সর্টিফিকট দেন, তবে দেশান্তরগমনসম্পার্কীয় এজেন্ট ঐ দেশান্তগামিকে ছাড়পত্র দিবেন। সেই ছাড়পত্রে দেশান্তগামিরদের রক্ষক পশ্চাৎ লিখিত বিধানমতে স্বাক্ষর করিবেন। তাহাতে দেশান্তরগামির নাম ও বয়স ও তাহার পিতার নাম লেখা থাকিবে, এবং সেই ব্যক্তি যে স্থানে যাইবার চুক্তি করিয়াছে সে শরীরের স্বাস্থ্য বিবেচনায় ঐ স্থানে যাইবার উপযুক্ত, এই কথা লিখিত থাকিবে ইতি।

39. The Protector of Emigrants shall attend personally at the examination and passing of Emigrants by the Emigration Agent under sections thirty-seven and thirty-eight, and shall see that the Emigration Agent makes all such enquiries of the Emigrants as it may be his duty to make.

Protector of Emigrants to attend personally at examination and passing.

If such Protector is satisfied with such enquiries, but not otherwise, he shall countersign the pass delivered by the Emigration Agent.

And to countersign pass.

IX.—*Emigrant Vessels.*

40. (1.) It shall not be lawful to receive any Emigrant on board any vessel unless a license to carry Emigrants in such vessel has been obtained from the Local Government. The granting or withholding any such license shall be in the discretion of the Local Government.

Emigrant not to be received on board an unlicensed ship.

(2.) The Master or owner of any vessel who desires to obtain a license to carry Emigrants in such vessel, shall apply in writing through the Protector of Emigrants to the Local Government for such license.

Application for license.

(3.) Every such application shall state the number of men, women, and children proposed to be carried, and the tonnage and other particulars respecting the vessel.

Contents of license.

(4.) The Protector of Emigrants shall cause the vessel to be carefully surveyed by a competent person, with a view to ascertain her sea-worthiness and the extent and nature of her accommodation for Emigrants, and to ascertain that she is properly ventilated and is supplied with all the requisite tackle for her voyage.

Survey of vessel.

(5.) The Protector of Emigrants shall make a full report on the survey to the Local Government; and if he is of opinion that the vessel is in all respects suitable for the carrying of Emigrants under this Act, but not otherwise, he shall give a certificate to that effect to the Master of the vessel.

Report after survey, and certificate to Master.

৩৯ ধারা। দেশান্তর গমনসম্পর্কীয় এজেন্ট যে সময়ে ৩৭ ও ৩৮ ধারামতে দেশান্তরগামিদিগকে পরীক্ষা করেন ও ছাড়পত্র দেন, সেই সময়ে দেশান্তরগামিরদের রক্ষক স্বয়ং উপস্থিত হইয়া, দেশান্তরগামিরদের নিকটে দেশান্তর গমনসম্পর্কীয় এজেন্টের যে সকল কথা জিজ্ঞাসা করা কর্ত্তব্য তাহা জিজ্ঞাসা করেন, ইহা দৃষ্টি করিবেন।

দেশান্তরগামি ব্যক্তিদিগকে পরীক্ষা করণের ও ছাড়পত্র দেওনে সময়ে, দেশান্তর গামিরদের রক্ষকের উপস্থিত থাকিবার কথা।

রক্ষক সেই অনুসন্ধানে তৃপ্ত হইলে, দেশান্তরগমনসম্পর্কীয় এজেন্টের দত্ত ছাড়পত্রে স্বাক্ষর করিবেন। তৃপ্ত না হইলে স্বাক্ষর করিবেন না ইতি।

ছাড়পত্রে তাঁহার স্বাক্ষর করিবার কথা।

৯ অধ্যায়।—দেশান্তরগামিদের নিমিত্ত জাহাজের বিধি।

৪০ ধারা। ১ প্রকরণ। স্থানবিশেষের গবর্ণমেন্টের স্থানে কোন জাহাজ দেশান্তরগামিদিগকে লইবার অনুমতিপত্র না পাইলে, দেশান্তরগামি কোন মজুরকে সেই জাহাজে লইবার অনুমতি নাই। তদ্রূপ অনুমতিপত্র দেওয়া না দেওয়া ঐ গবর্ণমেন্টের বিবেচনাধীন কর্ম্ম।

জাহাজের অনুমতিপত্র না হইলে দেশান্তরগামিদিগকে না লইবার কথা।

২ প্রকরণ। কোন জাহাজের অধ্যক্ষ কি স্বামী সেই জাহাজে দেশান্তরগামিদিগকে লইবার অনুমতিপত্র পাইতে চাহিলে তিনি সেই অনুমতিপত্র পাইবার প্রার্থনাপত্র লিখিয়া দেশান্তরগামিরদের রক্ষকের দ্বারা স্থান বিশেষের গবর্ণমেন্টকে দিবেন।

অনুমতিপত্র পাইবার প্রার্থনার কথা।

৩ প্রকরণ। উক্ত প্রার্থনাপত্রে, যত পুরুষ ও যত স্ত্রী ও যত বালকবালিকা জাহাজে লইবার প্রস্তাব হয়, ও জাহাজে যত টন বোঝাই ধরে ও জাহাজসম্বন্ধীয় অন্যং বৃত্তান্ত লিখিতে হইবে।

প্রার্থনাপত্রে যাহা লেখা যাইবে তাহার কথা।

৪ প্রকরণ। জাহাজ সমুদ্রে গমনের উপযুক্ত এবং তাহাতে দেশান্তরগামি মজুরদের থাকিবার যত ও যে প্রকারের স্থান, ও জাহাজে বায়ু চলনের সদুপায় আছে, ও গমনীয় স্থানে যাইবার প্রয়োজনীয় কল ও কাছিপ্রভৃতি সরঞ্জাম আছে, ইহা নিরাসমতে জানিবার জন্যে, দেশান্তরগামিদের রক্ষক উপযুক্ত ব্যক্তি দ্বারা মনোযোগ ক্রমে ঐ জাহাজের পর্য্যালোচনা করাইবেন।

জাহাজ পর্য্যালোচনার কথা।

৫ প্রকরণ। দেশান্তরগামিদের রক্ষক স্থানবিশেষের গবর্ণমেন্টকে ঐ পর্য্যালোচনার সম্পূর্ণ রিপোর্ট করিবেন। এবং ঐ জাহাজ এই আইনমতে দেশান্তরগামিদিগকে সর্ব্বতোভাবে লইয়া যাইবার উপযুক্ত জ্ঞান করিলে, তিনি জাহাজের অধ্যক্ষকে সেই মর্ম্মের সর্টিফিকট দিবেন, নতুবা দিবেন না।

পর্য্যালোচনার পরে রিপোর্ট করিবার ও অধ্যক্ষকে সর্টিফিকট দিবার কথা।

(6.) In consideration of his obtaining a license to carry Emigrants, the Master of every vessel intended to carry Emigrants shall, upon the requisition of the Protector of Emigrants and before any Emigrant embarks on board of such vessel, execute in duplicate a bond, in such form as the Local Government prescribes, binding himself and his owners in a penal sum of ten thousand rupees to conform to the several conditions in this Act provided. The Protector of Emigrants shall require the Master to execute such bond as aforesaid in duplicate, and shall forward one copy of it to the Government of the place to which the Emigrants are to be carried (or in the case of a French colony to the British Consular Agent at such colony) and the other copy of it to the Local Government.

Bond to be executed by Master.

41. (1.) No certificate under section forty shall be granted, unless there be provided for the Emigrants, either between decks or in cabins on the upper deck firmly secured and entirely covered in, a space devoted to their exclusive use. Such cabins and space between decks shall in every part have a height of not less than five feet and a half.

Space and accommodation required on board Emigrant ships.

(2.) No compartment shall take more than one adult Emigrant for every twelve superficial feet on deck, and for every cubic space of seventy-two feet, or more than one child who has completed two and has not completed ten years of age for every eight superficial feet on deck.

(3.) A distinct and separate place shall be fitted up for a hospital in every Emigrant vessel.

(4.) Women and children shall occupy a compartment of the vessel distinct and separate from the compartments of the single men.

(5.) An Emigrant above the age of ten years shall, for the purposes of this Act, count as an adult, and two children from one to ten years of age shall count as one adult.

42. (1.) There shall be actually laden and on board of every vessel carrying Emigrants, at the time of the departure of such vessel from the port at which they embark,

Provisions, fuel and water.

(a.) good and wholesome provisions for the use and consumption of the said Emigrants (over and above the victualling of the Captain, officers and crew, and of the cabin and other passengers, if any

৬ প্রকরণ। যে জাহাজে দেশান্তরগামি মজুরদিগকে লইবার কল্পনা থাকে তাহাতে দেশান্তরগামিদিগকে লইবার অনুমতিপত্র প্রাপ্ত হওন বিধায়, দেশান্তরগামিদের রক্ষকের আদেশ হইলে ও জাহাজে দেশান্তরগামি কোন মজুরের আরোহণ করিবার পূর্ব্বে, ঐ জাহাজের অধ্যক্ষ স্থানবিশেষের গবর্ণমেণ্টের নিরূপিত পাঠে দুই প্রস্থ নিবন্ধপত্রে স্বাক্ষর করিবেন, তাহাতে এই প্রতিজ্ঞা করিবেন যে এই আইনের বিহিত প্রত্যেক নিয়মানুসারে কার্য্য না হইলে তিনি এবং জাহাজের স্বামিরা দশ সহস্র টাকা দণ্ড দিবেন। দেশান্তরগামিরদের রক্ষক জাহাজের অধ্যক্ষকে পূর্ব্বোক্ত নিবন্ধপত্রের দুই প্রস্থে স্বাক্ষর করিতে আদেশ করিবেন, এবং দেশান্তরগামি মজুরদিগকে যে স্থানে লইয়া যাইতে হইবে সেই স্থানের গবর্ণমেণ্টের নিকটে এক প্রস্থ (কিম্বা ফ্রান্সীয়দের উপনিবেশ হইলে ঐ উপনিবেশের ব্রিটনীয় কনসলর এজেণ্টের নিকট এক প্রস্থ) ও স্থানবিশেষের গবর্ণমেণ্টের নিকটে অন্য প্রস্থ প্রেরণ করিবেন ইতি।

অধ্যক্ষের নিবন্ধপত্র লিখিবার কথা।

৪১ ধারা। ১ প্রকরণ। জাহাজের দুই তুতকের মধ্য স্থানে কিম্বা উপরের তুতকে দৃঢ় মতে আঁটা ও সম্পূর্ণরূপে আবৃত কুঠরীতে কেবল দেশান্তরগামিরদের ব্যবহারার্থ ফাকা স্থান নিরূপণ না থাকিলে ৪০ ধারামত সর্টিফিকট দেওয়া যাইবে না। সেই সকল কুঠরীর ছাত, ও তুতকের মধ্যস্থানের ছাত, মেজ্যাহইতে সর্ব্বাংশ সাড়ে পাঁচ ফুটের ন্যূন উর্দ্ধ হইবে না।

দেশান্তরগামি মজুরদের জাহাজে শূন্য স্থানের ও থাকিবার স্থানের কথা।

২ প্রকরণ। জাহাজের কোন বিভাগে তুতকের বর্গ দ্বাদশ ফুট, এবং অন্যত্র ঘন ৭২ ফুট স্থানে বয়ঃপ্রাপ্ত দেশান্তরগামি এক ব্যক্তির অধিক ও যেং বালকের বয়স দুই বৎসর পূর্ণ হইয়াছে কিন্তু দশ বৎসর পূর্ণ হয় নাই তুতকের বর্গ আটং ফুট স্থানে এমত এক বালকের অধিক গ্রহণ হইবে না।

৩ প্রকরণ। দেশান্তরগামিদের প্রত্যেক জাহাজে চিকিৎসালয়স্বরূপ স্বতন্ত্র ও পৃথক স্থান সাজান থাকিবে।

৪ প্রকরণ। অবিবাহিত পুরুষেরা জাহাজের যে ভাগে থাকে, স্ত্রী ও বালক বালিকা ভিন্ন ও স্বতন্ত্র স্থানে থাকিবে।

৫ প্রকরণ। এই আইনের কার্য্যপক্ষে দেশান্তরগামিদের দশ বৎসরের অধিক বয়স্ক প্রত্যেক জন বয়ঃপ্রাপ্তের তুল্য গণ্য হইবে। এবং এক বৎসরের অধিক দশ বৎসরপর্য্যন্ত বয়সের দুই বালক এক জন বয়ঃপ্রাপ্তের তুল্য গণ্য হইবে ইতি।

৪২ ধারা। ১ প্রকরণ। দেশান্তরগামি মজুরদিগকে লইবার প্রত্যেক জাহাজে, তাহারা যে বন্দরে আরোহণ করিবে, সেই বন্দরহইতে জাহাজের যাত্রাকরণ সময়ে,

আহারীয় দ্রব্য ও জ্বালানি কাষ্ঠাদির ও জলের কথা।

(ক) কাপ্তান সাহেবের ও মালিমেরদের ও মাল্লাপ্রভৃতির, এবং ঐ জাহাজের কুঠরীতে কি অন্য স্থানে চড়নদার গেলে সেই চড়নদারেরদের আহারাদির যেং দ্রব্য জাহাজে লওয়া যায়, তদ্ভিন্ন ও তদতিরিক্ত উক্ত

in such quantity and of such description and quality as may be prescribed by any rule framed by the Governor General of India in Council under section fifty-six,

(b.) fuel for cooking such provisions, and

(*c.*) a supply of water, to the amount of seven gallons for every week of the probable length of the voyage for every Emigrant on board such vessel. Such water shall be carried in tanks or casks to be approved by the Protector of Emigrants. When casks are used, they shall be sweet and tight, of sufficient strength, and if of wood properly charred inside, and shall not be capable severally of containing more than three hundred gallons each: the staves of the water-casks shall not be made of fir, pine or soft wood.

Surgeon, medicines, and stores.

(2.) Every such vessel shall, at the time of departure aforesaid, have actually on board and shall carry with her a properly qualified European or Native Surgeon, and such medicines and other stores in such quantity and of such quality as may be prescribed by rules made under section fifty-six.

Supply of water for vessel destined to call at intermediate port.

(3.) When any vessel is destined to call at a port or place in the course of her voyage for the purpose of filling up her tanks or casks, a supply of water at the rate hereinbefore mentioned, for every week of the probable length of the voyage to such port or place shall be deemed to be a compliance with this section.

The probable length of the voyage to such port or place shall be determined from time to time by the Protector of Emigrants, subject to the approval of the Local Government.

Supply in vessel fitted with distilling apparatus.

(4.) When any such vessel is fitted with Normandy's apparatus, or other apparatus approved by the Protector of Emigrants, for distilling sea-water, and with proper and sufficient means for working the same, a reduction shall be allowed of one-third in the quantity of water required under this section.

Protector and Inspector of Emigrants to ensure compliance with above provisions.

(5.) The Protector of Emigrants and the Medical Inspector of Emigrants shall see personally that all the provisions of this section are complied with.

দেশান্তরগামি মজুরেরদের ব্যবহার ও আহারার্থে উত্তম ও স্বাস্থ্যকর দ্রব্য লওয়া যাইবে। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল সাহেব ৫৬ ধারামতে যে বিধি করেন সেই বিধিতে যে পরিমাণের ও যে প্রকারের ও যে গুণের আহারীয় দ্রব্য নির্দ্দিষ্ট হয়, সেই পরিমাণে সেই প্রকারের দ্রব্য লওয়া যাইবে।

(খ) ঐ আহারীয় দ্রব্য রন্ধনার্থ কাষ্ঠাদি, এবং

(গ) দেশান্তরগামিদের রক্ষক যে জলাশয় কি পিপা উপযুক্ত জ্ঞান করেন, তাহাতে জল লইতে হইবে, অর্থাৎ সেই জাহাজে দেশান্তরগামি যত মজুর থাকে তাহাদের গমনের সম্ভাবিত প্রতি সপ্তাহে প্রত্যেক জনের নিমিত্তে, সাত গালন হারে জল লইতে হইবে। যদি জল পীপাতে থাকে, তবে তাহা পরিষ্কার ও দৃঢ়মতে আঁটা ও উপযুক্তমতে শক্ত হইবে. যদি কাষ্ঠময় পীপা হয়, তবে জল দিবার পূর্ব্বে তাহার অন্তর্ভাগ উপযুক্তমতে পোড়াইয়া কয়লার ন্যায় করিতে হইবে। প্রত্যেক পীপাতে ৩০০ গালনের অধিক না ধরে। জলপীপা দেবদারু কি পাইন কি নরম কাষ্ঠে প্রস্তুত করিতে হইবে না ইতি।

চিকিৎসক ও ঔষধপ্রভৃতি লইবার কথা।

২ প্রকরণ। তদ্রূপ প্রত্যেক জাহাজের গমনকালে ইউরোপীয় কি এদেশীয় উপযুক্তমতে ক্ষমতাপন্ন চিকিৎসক থাকিবেন ও জাহাজে গমন করিবেন। এবং ৫৬ ধারামতে যে বিধি করা যায় তাহাতে যত ও যে গুণের ঔষধ ও অন্য দ্রব্য নির্দ্দিষ্ট হয়, তাহাও জাহাজে থাকিবে ও লইতে হইবে।

লক্ষিত বন্দরে পঁহুছিবার পূর্ব্বে পথিমধ্যে জাহাজের থামিবার কল্পনা থাকিলে যত জল লইতে হইবে তাহার কথা।

৩ প্রকরণ। জাহাজের জলাশয় কি জলপীপা পূর্ণ করিবার নিমিত্তে, পথিমধ্যে কোন বন্দরে কি স্থানে থামিবার কল্পনা থাকিলে সেই বন্দরে কি স্থানে যত কালে পঁহুছিবার সম্ভাবনা তত কালের প্রত্যেক সপ্তাহের নিমিত্তে পূর্ব্বলিখিত হারে জল গ্রহণ হইলে, এই ধারামতে কার্য্য হইল জ্ঞান হইবে।

তদ্রূপ বন্দরে কি স্থানে পঁহুছিতে যত দিন লাগিবে দেশান্তরগামিরদের রক্ষক সময়েং তাহা নিরূপণ করিবেন, ও তাহাতে স্থানবিশেষের গবর্ণমেণ্টের অনুমোদনের অপেক্ষা থাকিবে।

জাহাজে জল চোয়াইবার যন্ত্র থাকিলে অল্প জল লইতে পারিবার কথা।

৪ প্রকরণ। তদ্রূপ কোন জাহাজে নরমাণ্ডির যন্ত্র, কিম্বা দেশান্তরগামিরদের রক্ষক সমুদ্রের জল মিষ্ট করিবার অন্য যে যন্ত্র উপযুক্ত জ্ঞান করেন এমত যন্ত্র ও তদ্দ্বারা কার্য্য চলনের উপযুক্ত ও যথাযোগ্য উপায় থাকিলে, এই ধারাতে যত জল লইবার আদেশ হইল তাহার তৃতীয়াংশ ন্যূন করিবার অনুমতি হইবে।

উক্ত বিধানমতে কার্য্য হওয়া দেশান্তরগামিরদের রক্ষকের ও চিকিৎসকের দিব্যাসমতে কাথিবার কথা।

৫ প্রকরণ। এই ধারার সকল বিধিমতে কার্য্য হয়, ইহা দেশান্তরগামিরদের রক্ষকের ও দেশান্তরগামিরদের পরিদর্শনার্থ চিকিৎসকের স্বয়ং দৃষ্টি করা কর্ত্তব্য ইতি।

[*Government Gazette,* 10*th January* 1871.]

43. Before any vessel carrying Emigrants clears out for any place westward of the Cape of Good Hope, between the first day of March and the fifteenth day of September, the Protector of Emigrants shall personally see that every Emigrant is supplied with at least one extra double blanket, and that the same is placed with his other clothing or luggage.

Supply of extra clothing.

Every Emigrant shall be allowed to make use of such double blanket so long as the vessel is outside of the tropics.

44. Before any vessel licensed to carry Emigrants shall be cleared out from the port of Calcutta, Madras or Bombay, the Master of such vessel shall obtain from the Protector of Emigrants at the port of clearance, and from the Emigration Agent for the place to which the Emigrants are intended to proceed, certificates, under the hands of such Protector and Emigration Agent respectively, to the effect following, that is to say:—that such Protector and Emigration Agent have, in respect of the Emigrants proceeding in such vessel, done all that is hereinbefore required to be done on the part of such Protector and Emigration Agent respectively; and that all the directions herein contained for ensuring the health, comfort and safety of the Emigrants have been duly complied with, as well as all such rules as the Governor General in Council from time to time frames under section fifty-six.

Certificates from Protector of Emigrants and from Emigration Agent.

X.—Embarkation.

45. If any Emigrant without sufficient cause refuses or neglects to embark when called upon by the Emigration Agent so to do, it shall not be lawful to compel such Emigrant to embark or to put him on board-ship against his will, or to detain him against his will at the depôt or elsewhere: but nothing in this section shall diminish or affect the civil or criminal liabilities, which such Emigrant incurs by reason or in respect of his refusal or neglect aforesaid.

Emigrants refusing to embark.

Proviso.

Every case in which an Emigrant is charged before a Magistrate of a Presidency Town with refusing or neglecting to embark without sufficient cause, shall be heard and determined by such Magistrate in a summary manner, and every such labourer shall, on conviction, be punished

৪৩ ধারা। দেশান্তরগামি মজুরদিগকে লইয়া কোন জাহাজ মার্চ মাসের প্রথম দিবসাবধি সেপ্টেম্বর মাসের ১৫ দিবসপর্য্যন্ত কোন সময়ে উত্তমাশান্তরীপের পশ্চিমদিকস্থ কোন স্থানে গমনোদ্যত হইলে প্রত্যেক মজুরকে অতিরিক্ত অন্যূন এক২ খান দোহারা কম্বল দেওয়া যায়, ও সেই কম্বল তাহার অন্য বস্ত্র কি সরঞ্জামের মধ্যে রাখা যায়, দেশান্তরগামিরদের রক্ষকের স্বয়ং এই বিষয় দৃষ্টি করিতে হইবে।

অতিরিক্ত পোশাক যোগাইবার কথা।

সেই জাহাজ যত কাল ট্রোপিকের বহির্ভাগে থাকে, তত কাল প্রত্যেক মজুরের ঐ দোহারা কম্বল ব্যবহার করিবার অনুমতি হইবে ইতি।

৪৪ ধারা। দেশান্তরগামি মজুরদিগকে লইবার অনুমতিপত্র প্রাপ্ত জাহাজ কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাই যে বন্দরহইতে যাত্রা করিবে ঐ জাহাজের অধ্যক্ষ যাত্রা করিবার পূর্ব্বে সেই বন্দর বাসি দেশান্তরগামিরদের রক্ষকের স্থানে এবং তাহারদের যে দেশে গমন করিবার পল্পনা থাকে সেই দেশের পক্ষে দেশান্তরগমনসম্পর্কীয় এজেন্টের স্থানে, ঐ রক্ষকের ও দেশান্তরগমনসম্পর্কীয় এজেন্টের স্বাক্ষরিত পশ্চাৎ লিখিত মর্ম্মের সর্টিফিকট লইবেন। বিশেষতঃ ঐ জাহাজে দেশান্তরগমনোদ্যত ব্যক্তিদের বিষয়ে পূর্ব্বলিখিত বিধানে ঐ রক্ষকের ও দেশান্তর গমনসম্পর্কীয় এজেন্টের যে সকল কর্ম্মের আদেশ হইল উক্ত রক্ষক ও দেশান্তরগমনসম্পর্কীয় এজেন্ট তাহা করিয়াছেন। এবং এই আইনেতে দেশান্তরগামি ব্যক্তিদের স্বাস্থ্যের ও স্বচ্ছন্দতার ও সুরক্ষার যে সকল বিধান হইয়াছে তদনুসারে, এবং মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ৫৬ ধারামতে সময়ে২ যে সকল বিধি করেন তদনুসারে উপযুক্তমতে কার্য্য হইয়াছে, ইতি।

দেশান্তরগামিরদের রক্ষকের ও দেশান্তরগমন সম্পর্কীয় এজেন্টের সর্টিফিকেটের কথা।

১০ অধ্যায়।—জাহাজে উঠিবার বিধি।

৪৫ ধারা। দেশান্তর গমনসম্পর্কীয় এজেন্ট দেশান্তরগামি কোন ব্যক্তিকে জাহাজে যাইতে আদেশ করিলে, যদি সেই ব্যক্তি উপযুক্ত হেতু না থাকিলেও জাহাজে উঠিতে অস্বীকার করে কি না উঠে, তবে তাহাকে ইচ্ছাবিরুদ্ধে জোর করিয়া জাহাজে আরোহণ করাণ, কিম্বা জাহাজে উঠাইয়া দেওয়া, কিম্বা স্বেচ্ছাবিরুদ্ধে তাহাকে আডডাতে কি অন্য স্থানে আটক করিয়া রাখা আইন বিরুদ্ধ কর্ম্ম। কিন্তু উক্ত প্রকারে অস্বীকার করণ কিম্বা না যাওনদ্বারা কি তৎসম্পর্কে, দেওয়ানী কি ফৌজদারী আইনমতে ঐ ব্যক্তির যে দায় বর্ত্তে, তাহা এই ধারার কোন কথাদ্বারা ন্যূন কি কোন প্রকারে হ্রাস হইল এমত জ্ঞান করিতে হইবে না।

দেশান্তরগামিরা জাহাজে আরোহণ করিতে সম্মত না হইলে তাহার কথা।

কোন রাজধানীর মাজিষ্ট্রেটের সম্মুখে দেশান্তরগামি কোন ব্যক্তির নামে উপযুক্ত ও যথোচিত হেতু বিনা জাহাজে যাইতে অস্বীকার করিবার কি না যাইবার অভিযোগ হইলে ঐ মাজিষ্ট্রেট সরাসরীমতে ঐ মোকদ্দমা শুনিয়া নিষ্পত্তি করিবেন। এবং তদ্রূপ কোন মজুরের দোষ প্রমাণ হইলে, ভারতবর্ষের দণ্ড-

in the manner provided in section four hundred and ninety-two of the Indian Penal Code for the punishment of offences under that section.

Time of sailing for places East of Cape of Good Hope.

46. Emigrants may leave India for any place East of the Cape of Good Hope to which emigration is lawful under this Act, at all times of the year.

For other places.

For any such place West of the Cape of Good Hope, Emigrants may leave only between the thirty-first of July and the sixteenth of March, unless they embark in vessels using steam-power, in which case they may leave at any time of the year.

Provided that, in cases of emergency, the Lieutenant-Governor of Bengal may permit Emigrants for any place West of the Cape of Good Hope to leave the port of Calcutta between the thirty-first day of July and the first day of April.

Emigrant unfit to undertake voyage.

47. The Protector of Emigrants shall, from the report of the Medical Inspector and by personal communication with every Emigrant before embarkation, ascertain that the Emigrant is in good health and not incapacitated from labour by old age, bodily infirmity, or disease.

If the Protector of Emigrants is of opinion that any Emigrant is in a state of health which makes him unfit to undertake the voyage on which he is about to embark, the Protector shall refuse to permit his embarkation.

The Protector of Emigrants shall also, before the embarkation of any Emigrant, ascertain that he has in his possession the copy of the registration provided under section twenty-seven or section twenty-nine.

If it appear to the satisfaction of the Protector of Emigrants that any Emigrant has lost such copy, the Protector may furnish such Emigrant with another copy of such registration, to be made from the copy received by the Protector from the Magistrate under section twenty-seven or from the Register kept by himself under section twenty-nine, and shall thereupon allow such Emigrant to embark.

Provisions of Act to be explained.

48. The Protector of Emigrants shall explain to all Emigrants, prior to their embarkation, the substance of the provisions of this Act so far as they immediately affect such Emigrants.

বিধির আইনের ৪৯২ ধারার লিখিত অপরাধহেতুক দণ্ডের যে বিধি আছে, সেই বিধিমতে ঐ মজুরের দণ্ড হইবে ইতি।

উত্তমাশা অন্তরীপের পূর্ব্বদিগে ও অন্যান্য স্থানে জাহাজগমনের সময়ের কথা।

৪৬ ধারা। এই আইনমতে মজুরদের যে স্থানে যাইবার অনুমতি হয়, উত্তমাশা অন্তরীপের পূর্ব্ব দিক্স্থ এমত কোন স্থানে যাইবার নিমিত্তে দেশান্তরগামিরা বৎসরের কোন সময়ে ভারতবর্ষহইতে যাত্রা করিতে পারিবে।

ঐ অন্তরীপের পশ্চিমদিক্স্থ তদ্রূপ কোন স্থানে যাইবার নিমিত্তে দেশান্তরগামিরা জুলাই মাসের ৩১ তারিখঅবধি মার্চ মাসের ১৬ তারিখপর্য্যন্ত যাত্রা করিতে পারিবে, অন্য সময়ে নয়। কিন্তু বাষ্পীয় জাহাজে গেলে বৎসরের কোন সময়ে যাইবার বাধা নাই।

পরন্তু অত্যাবশ্যক স্থলে, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব উত্তমাশা অন্তরীপের পশ্চিম কোন স্থানে গমনেচ্ছুক ব্যক্তিদিগকে জুলাই মাসের ৩১ তারিখের ও আপ্রিল মাসের ১ তারিখের মধ্য কোন সময়ে কলিকাতা বন্দরহইতে যাইবার অনুমতি দিতে পারিবেন ইতি।

ভিন্নদেশগমনোদ্যত ব্যক্তি সমুদ্রে গমনের অনুপযুক্ত হইলে তাহার কথা।

৪৭ ধারা। দেশান্তরগামি ব্যক্তির জাহাজে আরোহণ করিবার পূর্ব্বে তাহার শারীরিক স্বাস্থ্য আছে এবং বার্দ্ধক্য কি শারীরিক দুর্ব্বলতা কি রোগপ্রযুক্ত পরিশ্রম করিতে অনুপযুক্ত নয়, দেশান্তরগামিদের রক্ষক চিকিৎসকের রিপোর্ট দ্বারা ও স্বয়ং প্রত্যেক জনের সঙ্গে কথা কহিয়া ইহা নির্ণয়মতে জানিবেন।

দেশান্তরগামি কোন ব্যক্তি সমুদ্র পথে যে যাত্রা করিতে উদ্যত, তাহা শরীরের অস্বাস্থ্য প্রযুক্ত করিবার অনুপযুক্ত, দেশান্তরগামিরদের রক্ষকের এমত বোধ হইলে তিনি ঐ ব্যক্তিকে জাহাজে আরোহণ করিবার অনুমতি দিবেন না।

আরো দেশান্তরগামি প্রত্যেক ব্যক্তির নিকটে ২৭ ধারা কি ২৯ ধারামতে রেজিষ্টরী কথার প্রতিলিপি থাকে, তাহার জাহাজে আরোহণ করিবার পূর্ব্বে দেশান্তগামিরদের রক্ষক ইহা নির্ণয়মতে জানিবেন।

দেশান্তরগামি কোন ব্যক্তির সেই প্রতিলিপি হারাইয়াছে, দেশান্তরগামিদের রক্ষক ইহা হৃদ্বোধমতে জানিলে তিনি মাজিষ্ট্রেট সাহেবের স্থানে ২৭ ধারামতে যে প্রতিলিপি পাইয়াছেন, কিম্বা ২৯ ধারামতে আপনি যে রেজিষ্টর রাখেন, তাহা দেখিয়া এ রেজিষ্টরী কথার অন্য প্রতিলিপি লিখিয়া, ঐ দেশান্তরগামি মজুরকে দিয়া, তাহাকে জাহাজে উঠিতে দিবেন ইতি।

আইনের বিধানের অর্থ জানাইবার কথা।

৪৮ ধারা। দেশান্তরগামি ব্যক্তিরদের সঙ্গে এই আইনের যেং বিধানের বিশেষ সম্পর্ক থাকে, জাহাজে উঠিবার পূর্ব্বে দেশান্তরগামিদের রক্ষক তাহারদিগকে এ সকল বিধানের মর্ম্ম বুঝাইয়া দিবেন ইতি।

Procedure on embarkation.

49. (1.) When any Emigrants are about to embark on any vessel, the Emigration Agent for the place to which they are intended to proceed shall furnish the Master of the vessel with five copies of a list, specifying, as accurately as may be, the names, ages and occupations, and the names of the fathers, of the Emigrants about to embark on board such vessel.

জাহাজে আরোহণ করিলে কর্ত্তব্য কর্ম্মের কথা।

৪৯ ধারা। ১ প্রকরণ। দেশান্তরগামি ব্যক্তিরা জাহাজে যাইতে উদ্যত হইলে তাহারদের গমনীয় স্থান পক্ষে দেশান্তরগমনসম্পর্কীয় এজেন্ট ঐ জাহাজের অধ্যক্ষকে ঐ ব্যক্তিরদের নির্ঘণ্টপত্রের পাঁচ প্রস্থ দিবেন, তন্মধ্যে তাহারদের নাম ও বয়স ও ব্যবসায় ও তাহারদের পিতার নাম সাধ্যমতে যথার্থরূপে লেখা থাকিবে।

Emigrant to give his pass to Master.

(2.) On embarkation, every Emigrant shall deliver to the Master of the vessel the pass granted to him under section thirty-eight; and the Master shall not receive any Emigrant on board unless he delivers up such pass. The Master shall compare the Emigrants who embark and the passes delivered by them with the list furnished by the Emigration Agent, and if the list appear to be correct, and to correspond with the passes delivered and with the Emigrants embarked, the Master shall sign the five copies of the list.

জাহাজাধ্যক্ষকে দেশান্তরগামির ছাড়পত্র দিবার কথা।

২ প্রকরণ। দেশান্তরগামি প্রত্যেক ব্যক্তি ৩৮ ধারামতে যে ছাড়পত্র পায়, জাহাজে উঠিলে জাহাজের অধ্যক্ষকে ঐ পত্র দিবে। না দিলে, জাহাজাধ্যক্ষ তাহাকে জাহাজে গ্রহণ করিবেন না। যে দেশান্তরগামিরা জাহাজআরোহণ করে জাহাজাধ্যক্ষ তাহারদিগকে, ও তাহারা যে ছাড়পত্র দেয় তাহা, দেশান্তরগমনসম্পর্কীয় এজেন্টের নির্ঘণ্টপত্রের সঙ্গে মিলাইয়া দেখিবেন। ঐ নির্ঘণ্ট শুদ্ধ দৃষ্ট হইলে ও সেই ছাড়পত্রের ও জাহাজ আরোহি ব্যক্তিদের সঙ্গে মিলিলে জাহাজাধ্যক্ষ ঐ নির্ঘণ্টের পাঁচ প্রস্থে স্বাক্ষর করিবেন।

Protector to be personally present.

(3.) The Protector of Emigrants shall be personally present at the embarkation of all Emigrants, and shall see that the Master duly compares the list with the passes and Emigrants, and he shall himself also compare the list with the passes and Emigrants.

রক্ষকের স্বয়ং উপস্থিত থাকিবার কথা।

৩ প্রকরণ। দেশান্তরগামি সকল ব্যক্তির জাহাজারোহণ সময়ে দেশান্তরগামিরদের রক্ষক স্বয়ং উপস্থিত থাকিবেন এবং জাহাজাধ্যক্ষ ছাড়পত্রের ও দেশান্তরগামিদের সঙ্গে ঐ নির্ঘণ্টপত্র উপযুক্তমতে মিলাইয়া দেখেন, ইহা দৃষ্টি করিবেন, আপনিও সেই ছাড়পত্রের ও দেশান্তরগামিরদের সঙ্গে ঐ নির্ঘণ্ট মিলাইবেন।

One copy of list of Emigrants given to Protector, to be signed and returned to Master.

(4.) When the copies of the list have been signed, the Master shall give two copies to the Protector of Emigrants, who shall sign such copies if he believes them to be correct, and shall return one copy to the Master of the vessel: the other copy shall be filed in the office of the Protector of Emigrants.

দেশান্তরগামিদের যে নির্ঘণ্ট রক্ষককে দেওয়া যায় তাহার এক প্রস্থে স্বাক্ষর করিয়া অধ্যক্ষকে দিবার কথা।

৪ প্রকরণ। ঐ নির্ঘণ্টের সকল প্রস্থ স্বাক্ষরিত হইলে পর, জাহাজের অধ্যক্ষ দেশান্তরগামিদের রক্ষককে দুই প্রস্থ দিবেন। তিনি পাঠ শুদ্ধ জ্ঞান করিলে তাহাতে স্বাক্ষর করিয়া এক প্রস্থ জাহাজের অধ্যক্ষকে ফিরিয়া দিবেন, অন্য প্রস্থ দেশান্তরগামিদের রক্ষকের কার্য্যালয়ে রাখা যাইবে।

Emigrant not having pass not to be allowed to remain on board.

(5.) The Protector of Emigrants shall not permit any Emigrant to remain on board who has not a pass, or is not mentioned in the list aforesaid.

দেশান্তরগামির নিকটে ছাড়পত্র না থাকিলে, জাহাজে না থাকিতে পারিবার কথা।

৫ প্রকরণ। দেশান্তরগামি যে ব্যক্তির নিকট ছাড়পত্র না থাকে, ও পূর্ব্বোক্ত নির্ঘণ্টে যাহার নাম না থাকে, দেশান্তরগামিদের রক্ষক তাহাকে জাহাজে থাকিতে দিবেন না।

Pass to be returned to Emigrant on arrival at place of destination.

(6.) Every pass delivered up to the Master of a vessel under this section shall be returned by him to the Emigrant by whom the same was delivered up, prior to such Emigrant disembarking on the arrival of the vessel at her place of destination.

লক্ষিত স্থানে গেলে দেশান্তরগামিকে ছাড়পত্র ফিরিয়া দিবার কথা।

৬ প্রকরণ। এই ধারামতে জাহাজের অধ্যক্ষকে যে সকল ছাড়পত্র দেওয়া যায়, জাহাজ লক্ষিত স্থানে পঁহুছিলে পর দেশান্তরগামিরদের নামিয়া যাইবার পূর্ব্বে, যাহার যে পত্র তাহাকে তাহা ফিরিয়া দেওয়া যাইবে ইতি।

50. The Master of every vessel carrying Emigrants shall, after the embarkation of the Emigrants and before the departure of the vessel, give to the Emigration Agent at the port from which such vessel is cleared out two others of the five copies of the list of Emigrants mentioned in section forty-nine, duly signed by the Master.

Copy of list of Emigrants to be signed by Emigration Agent and returned to Master.

The Emigration Agent shall thereupon sign such copies, and shall return to the Master one of the said copies, which shall, on the arrival of the vessel at the place of destination and previous to the disembarkation of any Emigrant, be delivered by the Master to the Protector of Emigrants, or other the proper officer, at such place.

And by him to be delivered at place of destination.

51. The Protector of Emigrants shall, by every vessel which carries Emigrants, send to the Protector of Emigrants or other the proper Government Authority at the place for which the Emigrants embark, a correct and detailed list of all Emigrants embarked in such vessel, compiled from the passes of the Emigrants and from the list signed by the Master as aforesaid.

Protector to send list of Emigrants to Government of place to which they sail.

52. The Master of every vessel carrying Emigrants from the port of Calcutta shall proceed on his voyage and depart with his vessel from Garden Reach within twenty-four hours after the embarkation of such of the Emigrants as shall have first embarked.

Vessel sailing from Calcutta to depart within twenty-four hours of embarkation.

53. Every vessel sailing from the port of Calcutta with Emigrants shall proceed from Garden Reach to sea under tow of a competent steamer.

Vessels sailing from Calcutta to be towed to sea.

54. Two copies of this Act and of all rules made by the Governor General of India in Council under section fifty-six, and two copies of a translation of this Act and of such rules, in such language or languages as the Local Government may direct, shall be delivered to the Master of every vessel carrying Emigrants by the Emigration Agent at the time of clearance, and shall be kept on board of every such vessel during the whole voyage.

Copies of Act and rules to be kept on board.

[*Government Gazette*, 10*th January* 1871.]

দেশান্তরগামিদের নির্ঘণ্টের এক প্রস্থ দেশান্তরগমনসম্পর্কীয় এজেণ্টের স্বাক্ষরিত হইয়া, জাহাজের অধ্যক্ষকে দিবার কথা।

৫০ ধারা। ৪৯ ধারাতে দেশান্তরগামিদের নির্ঘণ্টের যে পাঁচ প্রস্থের কথা আছে, দেশান্তরগামিরা যে জাহাজে যাইবে সেই জাহাজের অধ্যক্ষ তাহার অন্য দুই প্রস্থে রীতিমতে স্বাক্ষর করিয়া, তাহাদের উঠিবার পর ও জাহাজের যাত্রা করণের পূর্ব্বে, জাহাজ যে বন্দরহইতে যাত্রা করে সেই বন্দরস্থ দেশান্তরগমনসম্পর্কীয় এজেণ্টকে ঐ দুই প্রস্থ দিবেন।

ও লক্ষিত স্থানে পঁহুছিলে তাহা প্রদান করিবার কথা।

দেশান্তর গমনসম্পর্কীয় এজেণ্ট ঐ দুই প্রস্থে স্বাক্ষর করিয়া এক প্রস্থ জাহাজের অধ্যক্ষকে ফিরিয়া দিবেন, লক্ষিত স্থানে পঁহুছিলে দেশান্তরগামি কোন ব্যক্তির নামিয়া যাইবার পূর্ব্বে, জাহাজের অধ্যক্ষ তৎস্থানস্থ দেশান্তরগামিদের রক্ষককে কি অন্য উপযুক্ত কার্য্যকারককে ঐ প্রস্থ দিবেন ইতি।

দেশান্তরগামিরা যে দেশে যাবে তথাকার গবর্ণমেণ্টের নিকটে রক্ষকের ঐ নির্ঘণ্ট পাঠাইবার কথা।

৫১ ধারা। দেশান্তরগামিদের রক্ষক দেশান্তরগামিদের ছাড়পত্র এবং জাহাজের অধ্যক্ষের পূর্ব্বোক্তমতে স্বাক্ষরিত নির্ঘণ্ট দেখিয়া, ঐ জাহাজে যাত্রাকারি সকল ব্যক্তির সংশুদ্ধ ও বিস্তারিত নির্ঘণ্ট প্রস্তুত করাইয়া, দেশান্তরগামিরা যে স্থানে যাইবে তথাকার দেশান্তরগামিদের রক্ষকের নিকট কিম্বা গবর্ণমেণ্টের নিযুক্ত অন্য উপযুক্ত প্রধান কর্ম্মকারকের নিকটে পাঠাইবেন ইতি।

কলিকাতাহইতে গেলে জাহাজে উঠিবার সময়াবধি ২৪ ঘণ্টার মধ্যে জাহাজ খুলিবার কথা।

৫২ ধারা। দেশান্তরগামিদিগকে লইয়া কলিকতা বন্দরহইতে যে জাহাজ যায় জাহাজের অধ্যক্ষ সে জাহাজে দেশান্তরগামিদের প্রথম উঠিবার পর চব্বিশ ঘণ্টার মধ্যে গাডনরীচ (অর্থাৎ মুচিখোলাহইতে) জাহাজ খুলিয়া যাইবেন ইতি।

কলিকাতাহইতে সমুদ্রপর্য্যন্ত গমনীয় জাহাজের আকৃষ্ট হইবার কথা।

৫৩ ধারা। কোন জাহাজ দেশান্তরগামিদিগকে লইয়া কলিকাতাহইতে যাত্রা করিলে, সেই জাহাজ মুচিখোলাহইতে সমুদ্রপর্য্যন্ত উপযুক্ত বাষ্পীয় জাহাজ দ্বারা আকৃষ্ট হইবে ইতি।

আইনের ও বিধির কএক প্রস্থ জাহাজে রাখিবার কথা।

৫৪ ধারা। দেশান্তরগামি মজুরেরা যে জাহাজে যায়, সেই জাহাজের যাত্রা কালে দেশান্তর গমনসম্পর্কীয় এজেণ্ট ঐ জাহাজের অধ্যক্ষকে এই আইনের দুই প্রস্থ, এবং মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব এই আইনের ৫৬ ধারামতে যে সকল বিধি করেন সেই সকল বিধির দুই প্রস্থ, এবং স্থানবিশেষের গবর্ণমেণ্ট যে কোন ভাষায় আজ্ঞা করেন সেই ভাষায় অনুবাদিত এই আইনের ও সেই বিধির দুই প্রস্থ দিবেন। সেই প্রত্যেক জাহাজের গমনীয় সমুদয় পথে ঐ আইন ও বিধি জাহাজে থাকিবে।

One of such copies or translations shall, upon request made at any reasonable time to the Master of the vessel, be produced to any Emigrant or passenger for his perusal.

55. In case of sickness breaking out on board of any vessel conveying Emigrants to Seychelles, such Emigrants may be taken to the quarantine-station of Mauritius.

Taking emigrants for Seychelles to quarantine-station of Mauritius.

In such case the Emigrants may, at their option, contract for service at Mauritius, or may proceed to Seychelles.

If they elect to contract for service in Mauritius, such Emigrants shall then be regarded and treated, in all respects, as if they had emigrated to Mauritius under the provisions of this Act.

XI.—Supplementary Powers.

56. The Governor General of India in Council may from time to time make rules consistent with this Act,—

Power of the Governor General in Council to make rules.

(1.) To regulate the proportion of women to be taken with Emigrants, and the age below or above which children shall not be taken;

(2.) To prescribe the description, quantity and quality of provisions to be taken by vessels carrying Emigrants, the daily allowance of food and water to be issued to each Emigrant during the voyage, and the nature and amount of clothing which shall be supplied to the Emigrants;

(3.) To provide for the medical care of Emigrants during their residence at the depôts and on their voyages;

(4.) To prescribe the nature, quality and quantity of medical drugs and other stores to be carried on board such vessels;

(5.) To provide for the ventilation and cleanliness of such vessels during their voyages, and for their being furnished with a sufficient number of suitable boats for use in case of shipwreck or fire;

(6.) To provide for a journal being kept, by the Surgeon of every such vessel, of the health of the Emigrants, and of his treatment of the sick, together with full explanations of the causes of every death;

(7.) And generally to provide for the security, well-being, and protection of Emigrants.

দেশান্তরগামি কোন ব্যক্তি কি চড়নদার উপযুক্ত কোন সময়ে জাহাজাধ্যক্ষের নিকটে তাহা দৃষ্টি করিতে প্রার্থনা করিলে, ঐ জাহাজাধ্যক্ষ তাহার পাঠার্থে ঐ আইনের কি তদনুবাদের এক গ্রন্থ দিবেন ইতি।

৫৫ ধারা। কোন জাহাজ দেশান্তরগামি ব্যক্তিদিগকে লইয়া সেশল নামক স্থানে যাইতেছে, এমত সময়ে সেই জাহাজে রোগ সঞ্চার হইলে, ঐ দেশান্তরগামিদিগকে মরীচ উপদ্বীপের কারান্টাইন স্থানে (অর্থাৎ রোগ নিবৃত্তি না হওন পর্য্যন্ত অবস্থানের নির্দ্দিষ্টস্থানে) আনা যাইতে পারিবে।

সেশেল নামক স্থানগামি মজুরদিগকে মরীচ উপদ্বীপের করান্টাইন স্থানে লইয়া যাইবার কথা।

এমনস্থলে মজুরেরা চাহিলে উক্ত মরীচ উপদ্বীপে থাকিয়া কর্ম্ম করিবার চুক্তি করিতে পারিবে অথবা সেশল নামক উক্ত স্থানে চলিয়া যাইতে পারিবে।

মরীচ উপদ্বীপে থাকিয়া কর্ম্ম করিবার চুক্তি করিতে মনস্থ করিলে, এই আইনের বিধানমতে সর্ব্বতোভাবে উক্ত দ্বীপগামি ব্যক্তিরদের ন্যায় জ্ঞান হইয়া, তাহারদের প্রতি কার্য্য চলিবে ইতি।

১১ অধ্যায়।—পরিশিষ্ট ক্ষমতার বিধি।

৫৬ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়েং এই আইনের বিধানের সম্মত পশ্চাৎ লিখিত বিষয়ের বিধান করিতে পারিবেন, বিশেষতঃ

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের বিধি করণের ক্ষমতার কথা।

১ প্রকরণ। দেশান্তরগামিরদের সংখ্যানুসারে যত জন স্ত্রী যাইবে, ও যে বয়সের ন্যূন কি অধিক বয়স্ক বালককে লওয়া যাইবে না তাহার বিধি।

২ প্রকরণ। দেশান্তরগামিরদিগকে যে জাহাজে লওয়া যায়, তন্মধ্যে যে প্রকারের ও যত ও যে গুণের আহারীয় দ্রব্য লইতে হইবে ও পথিমধ্যে প্রত্যেক জন দেশান্তরগামিকে প্রতিদিন যত আহারীয় দ্রব্য ও যত জল দিতে হইবে ও তাহারদিগকে যে প্রকারের যত বস্ত্র দিতে হইবে তাহার বিধি।

৩ প্রকরণ। দেশান্তরগামিদের আড্ডায় থাকন কি জাহাজে যাত্রা কালে তাহারদের চিকিৎসা হইবার বিধি।

৪ প্রকরণ। জাহাজে যে প্রকারের যত ও যে গুণের ঔষধাদি লইতে হইবে তাহার বিধি।

৫ প্রকরণ। জাহাজে মজুরদের গমনকালে সেই জাহাজে বায়ুর উপযুক্তমতে গতিবিধি হইবার, ও জাহাজ পরিষ্কার রাখিবার বিধি, ও জাহাজ ভগ্ন হইলে কি তাহাতে আগুণ লাগিলে যত নৌকা দ্বারা ঐ সকল লোক বাঁচিতে পারিবে তত খানি নৌকা লইবার বিধি।

৬ প্রকরণ। তদ্রূপ প্রত্যেক জাহাজে দেশান্তরগামিরদের স্বাস্থ্যের বিবরণ, ও কেহ পীড়িত হইলে চিকিৎসক তাহারদের যে প্রকারে চিকিৎসা করেন, তাহার ও কেহ মরিলে তাহারদের মৃত্যুর কারণের সম্পূর্ণ বিবরণঘটিত যে রোজনামা চিকিৎসকের লিখিয়া রাখিতে হইবে তাহার বিধি।

৭ প্রকরণ। এবং সাধারণ্যে দেশান্তরগামিদের নিরাপদ ও মঙ্গল ও সুরক্ষার জন্যে যাহা কর্ত্তব্য তাহার বিধান করিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭১। ১০ জানুআরি।]

All such rules shall be published in the *Gazette of India* and shall have effect as if they were contained in this Act.

Provided that, in cases of emergency, the Lieutenant-Governor of Bengal may permit any vessel carrying Emigrants to leave the port of Calcutta, although the proportion of women embarked on board such vessel is not in accordance with the said rules.

Power to prohibit emigration to any place to which emigration is allowed.

57. Whenever the Governor General in Council has reason to believe that in any place to which emigration is lawful under this Act, proper measures have not been taken for the protection of Emigrants immediately upon their arrival in such place or during their residence therein, or for their safe return to India, or to provide a return-passage to India for any such Emigrants at or about the time at which they are entitled to such return-passage, the Governor General in Council may, by notification published in the *Gazette of India*, declare that emigration to such place shall cease and be prohibited from a certain day to be specified in the notification.

Emigration to place mentioned to be suspended.

58. After any notification has been published under section fifty-seven, emigration to such place as is specified in such notification shall be suspended from the day specified in the notification but such suspension shall not affect any act done, offence committed, or proceedings commenced before such suspension.

During suspension laws against emigration to be in force as to place specified.

59. During the time of such suspension any provisions of this Act prohibiting emigration, or the aiding or abetting of emigration, or the making of any contract for labour to be performed by any Native of India out of the British territories in India, shall take effect so far as relates to the place specified in the notification, in the same manner and to the same extent as if emigration to such place had never been declared to be lawful.

Revocation of suspension.

60. Whenever the Governor General in Council is satisfied that, in the place specified in any notification under section fifty-seven, proper measures have been taken and will be adopted for the protection of Emigrants immediately upon their arrival thereat and during

সেই সকল বিধান ইণ্ডিয়া গেজেটে প্রকাশ করা যাইবে, ও এই আইনে লিখিত হওয়ার ন্যায় বলবৎ ও ফলবৎ হইবে।

পরন্তু অত্যাবশ্যক স্থলে, উক্ত বিধিমত পুরুষের সংখ্যা বিবেচনায় যত জন স্ত্রীলোক থাকিতে হইবে, তত জন স্ত্রীলোক না থাকিলেও বন্দরে শব শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব দেশান্তরগামি মজুরদিগকে লইয়া জাহাজের যাইবার অনুমতি দিতে পারিবেন ইতি।

এদেশীয় মজুরেরদের যে স্থানে গমনের অনুমতি হয় তন্মধ্যে কোন স্থানে যাইতে গমনের করিবার ক্ষমতার কথা।

৫৭ ধারা। এই আইনমতে যে দেশান্তরে গমনের অনুমতি হইল সেই দেশে পহুঁছিলে কিম্বা তথায় থাকনকালে দেশান্তরগামিরদের সুরক্ষার, কিম্বা ভারতবর্ষে তাহারদের নিরাপদে প্রত্যাগমনের সদুপায় হয় নাই, কিম্বা ভারতবর্ষে ঐরূপ কোন ব্যক্তির যে সময়ে প্রত্যাগমনের অধিকার আছে সেই সময়ে কিম্বা তাহার কিঞ্চিৎ পূর্ব্বে কি পরে তাহার প্রত্যাগমনের উপায় হয় নাই, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের এমত জানিবার কারণ থাকিলে, তিনি ইণ্ডিয়া গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশপূর্ব্বক, ভারতবর্ষীয় লোকেরদের তৎস্থানে গমনের অনুমতি রহিত, এবং সেই জ্ঞাপনপত্রের নির্দ্দিষ্ট দিবসাবধি নিষিদ্ধ প্রকাশ করিতে পারিবেন ইতি।

তল্লিখিত স্থানে গমনের অনুমতি স্থগিত হইবার কথা।

৫৮ ধারা। ৫৭ ধারামতে কোন জ্ঞাপনপত্র প্রকাশ হইলে পর, ঐ জ্ঞাপনপত্রের নিরূপিত দিবসাবধি তল্লিখিত দেশান্তরে গমন স্থগিত হইবে। কিন্তু তদ্রূপে স্থগিত হইলেও, তৎপূর্ব্বে যে কোন ক্রিয়া করা গেল কি অপরাধ হইল কি মোকদ্দমাঘটিত কার্য্যের আরম্ভ হই। তাহার কোন ব্যতিক্রম হইবে না ইতি।

স্থগিত থাকনকালে, জ্ঞাপনপত্রে নির্দ্দিষ্ট দেশান্তর গমনের বিপক্ষ সকল বিধি প্রবল হইবার কথা।

৫৯ ধারা। কোন দেশান্তরে গমনের বিধি তদ্রূপে স্থগিত থাকন কালে, এই আইনের যে কোন বিধানক্রমে ভারতবর্ষীয় কোন লোকের ভারতবর্ষস্থ ব্রিটনীয় দেশের বহির্ভূত কোন স্থানে পরিশ্রমকরণার্থে দেশান্তরগমনের, কিম্বা দেশান্তরে যাইবার সাহায্য কি সহকারিতা করণের, কিম্বা কোন চুক্তি করণের নিষেধ হইল, ঐ জ্ঞাপনপত্রনির্দ্দিষ্ট স্থানে সেই বিধান যেপর্য্যন্ত বর্ত্তিতে পারে বর্ত্তিবে, অর্থাৎ সেই স্থানে গমনের অনুমতি কখন না হইলে যদ্রূপে যেপর্য্যন্ত বর্ত্তিতে পারে, তদ্রূপ ও সেই পর্য্যন্ত বর্ত্তিবে ইতি।

স্থগিত থাকনের বিধি রহিত করণের কথা।

৬০ ধারা। ৫৭ ধারামত কোন জ্ঞাপনপত্রে যে স্থান নির্দ্দিষ্ট হয় সেই স্থানে দেশান্তরগামি মজুরদের পহুঁছন ও অবস্থান কালে তাহারদের সুরক্ষার, ও ভারতবর্ষে তাহারদের নিরাপদে প্রত্যাগমনের, এবং ভারতবর্ষে যে সময়ে তাহারদের প্রত্যাগমনের অধিকার হয় সেই সময়ে কি তা-

their residence therein, and for their safe return to India, and for providing return-passages to India for such Emigrants at or about the time at which they are entitled to such return-passages, the Governor General in Council may notify in the *Gazette of India* that emigration to such place shall again be allowed from a day to be specified in such notification.

হার কিঞ্চিৎপূর্ব্বে কি পরে, তাহারদের প্রত্যাগমনের সদুপায় করা গিয়াছে ও তদনুসারে কার্য্য হইবে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইহা স্বজ্ঞোধমতে অবগত হইলে, ইণ্ডিয়া গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করণ দ্বারা সেই জ্ঞাপনপত্রের নির্দ্দিষ্ট দিবসাবধি পুনশ্চ সেই স্থানে গমনের অনুমতি দিতে পারিবেন।

Thereupon all the provisions of this Act authorizing emigration to such place shall, from the day so specified, be revived and have the same effect as if such emigration had not been suspended, except as to acts done, offences committed, and proceedings commenced during the time of such suspension.

তাহা হইলে এই আইনের যে সকল বিধানক্রমে তৎস্থানে গমনের অনুমতি হয়, সেই বিধান উক্ত নির্দ্দিষ্ট দিবসাবধি পুনশ্চ প্রবল হইবে, এবং তৎস্থানে গমনের অনুমতি স্থগিত না হওনের ন্যায় বলবৎ ও ফলবৎ হইবে। কিন্তু ঐ অনুমতি স্থগিত থাকন কালে যে কোন ক্রিয়া করা গেল কি যে অপরাধ হইল কি মোকদ্দমাঘটিত যে কার্য্যের আরম্ভ হইল তৎসম্পর্কে উক্ত বিধান প্রবল হইবে না ইতি।

61. Whenever the Governor General in Council or the Local Government has reason to believe that, in any place to which emigration is lawful, the plague or other infectious disease dangerous to human life has broken out,

Power to prohibit emigration.

৬১ ধারা। মনুষ্যদের যে স্থানে যাইবার অনুমতি আছে এমত কোন স্থানে প্লেগনামক মহামারী রোগ কিম্বা মনুষ্যের প্রাণনাশক অন্য সংক্রামক রোগের প্রাদুর্ভাব আছে,

দেশান্তর গমন নিষেধ করিবার ক্ষমতার কথা।

or that proper measures have not been taken for the protection of Emigrants immediately upon their arrival in such place or during their residence therein,

কিম্বা দেশান্তরগামিদের সেই স্থানে পঁহুছিবামাত্র কি তথায় যতকাল থাকে ততকাল তাহারদের আশ্রয় পাইবার,

or for their safe return to India,

কিম্বা ভারতবর্ষে তাহাদের ফিরিয়া আসিবার,

or to provide a return-passage to India for any such Emigrants at or about the time at which they are entitled to such return-passage,

কিম্বা যে সময়ে তাহারদের কোন ব্যক্তির প্রত্যাগমনের সদুপায় পাইবার অধিকার থাকে তৎকালের কি তাহার কিঞ্চিৎ পূর্ব্বে কি পশ্চাৎ ভারতবর্ষে প্রত্যাগমনের সুযোগ করা হয় নাই, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের কিম্বা স্থানীয় গবর্ণমেণ্টের এমত বিশ্বাস করিবার হেতু থাকিলে,

the Governor General in Council or the Local Government may, by notification published in the *Gazette of India* or the local Gazette (as the case may be), declare that emigration from British India or from the territories subject to the Local Government (as the case may be) to such place shall cease and be prohibited from a certain day to be specified in the notification.

মন্ত্রিসভাধিষ্ঠিত উক্ত গবর্ণর জেনরল সাহেব কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট ইণ্ডিয়া গেজেটে কিম্বা বিষয়বিশেষে স্থানীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া, ঐ জ্ঞাপনির নির্দ্দিষ্ট কোন দিবসাবধি ব্রিটনীয় ভারতবর্ষহইতে কিম্বা বিষয়বিশেষে স্থানীয় ঐ গবর্ণমেণ্টের শাসিত দেশহইতে সেই স্থানে গমন করা রহিত ও নিষিদ্ধ হওয়ার আদেশ করিতে পারিবেন।

Any notification issued by the Governor General in Council under this section may be cancelled by notification in the *Gazette of India*.

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব এই ধারামতে যে জ্ঞাপনপত্র প্রচার করেন তাহা ইণ্ডিয়া গেজেটে অন্য জ্ঞাপনপত্র প্রকাশ করণদ্বারা রহিত করা যাইতে পারিবে।

Any notification issued by the Local Government under this section may be cancelled by order of the Governor General in Council, or by the Local Government.

স্থানীয় গবর্ণমেণ্ট এই ধারাক্রমে যে জ্ঞাপনি প্রচার করেন মন্ত্রিসভাধিষ্ঠিত উক্ত গবর্ণর জেনরল সাহেবের আজ্ঞাক্রমে অথবা ঐ স্থানীয় গবর্ণমেণ্টের দ্বারা তাহা রহিত করা যাইতে পারিবে ইতি।

62. The Governor General in Council may, from time to time, by notification in the *Gazette of India*, increase any fee payable under sections eleven, nineteen and thirty-one, and may also

Power to increase fees.

৬২ ধারা। ১১ ও ১৯ ও ৩১ ধারামতে যে ফী আদেয় হয় মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়ে২ ইণ্ডিয়া গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া, তাহা বৃদ্ধি করিতে পারিবেন, পরে

ফী বৃদ্ধি করিবার ক্ষমতার কথা।

in like manner reduce to its present amount any fee so increased:

Provided that no fee shall be increased under this section by more than double such amount.

XII.—Special Provisions as to French Colonies.

Nomination of Agents for Calcutta, Madras and Bombay.

Proviso.

63. The French Government may nominate a person to be Emigration Agent under this Act for each of the Ports of Calcutta, Madras and Bombay. Provided that such person, before entering on the duties of his office under this Act, has been approved by Her Majesty.

Powers of Agents.

64. The Emigration Agents so nominated and approved as aforesaid shall be authorized, under the conditions prescribed in this Act, to recruit and engage Native labourers for all or any of the French Colonies aforesaid.

Operations of recruitment.

65. The said Emigration Agents shall act in conformity with the regulations now or hereafter existing for the recruitment of Native labourers for British Colonies, and shall, with regard to the operations of recruitment which are entrusted to them, enjoy for themselves and the persons whom they may employ in the management of the said operations, all the facilities and the advantages afforded to the Emigration Agents for British Colonies.

Protector of Emigrants.

66. The Protector of Emigrants at each of the three British Ports aforesaid, shall act for the British Government as Protector of labourers emigrating under the provisions of this Part of this Act.

In French Ports in India the duty imposed on the British Consular Agents by Article V of the Convention printed in the third schedule hereto annexed shall be performed under such instructions as may be given by the Governor General in Council in this behalf.

Contracts of service, with certain exceptions, to be made in India. Effect of contract.

67. All contracts of service made with labourers emigrating to French Colonies under this Act, except the contracts mentioned in clause four of Article IX and clause two of Article X of the said Convention, shall be made in India, and shall bind the Emigrant either to serve a

ঐ বর্দ্ধিত ফী তদ্রূপে হ্রাসও করিয়া এইক্ষণকার অবধারিতমত করিতে পারিবেন।

কিন্তু এই ধারামতে কোন ফী দ্বিগুণের অধিক বৃদ্ধি হইতে পারিবে না ইতি।

১২ অধ্যায়।—ফ্রান্সীয় উপনিবেশের বিশেষ বিধি।

কলিকাতায় ও মান্দ্রাজে ও বোম্বাইয়ে একেণ্ট সাহেবদিগকে মনোনীত করিবার কথা ও উপবিধি।

৬৩ ধারা। ফ্রান্সীয় গবর্ণমেণ্ট কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই বন্দরের নিমিত্তে এই আইনমতে দেশান্তর গমনসম্পর্কীয় এজেন্টের পদে এক২ ব্যক্তিকে মনোনীত করিতে পারিবেন। কিন্তু ই আইনমতে তাঁহার পদের কর্ম্ম আরম্ভ করিবার পূর্ব্বে শ্রীশ্রীমতী মহারাণী কর্ত্তৃক তাহার অনুমোদন হওয়া আবশ্যক ইতি।

একেণ্ট সাহেবদের ক্ষমতার কথা।

৬৪ ধারা। উক্ত দেশান্তরগমনসম্পর্কীয় যে এজেন্টদিগকে মনোনীত করা যায় ও যাঁহাদের নিয়োগ মঞ্জুর হয় তাঁহারা এই আইনের নির্দ্দিষ্ট নিয়মমতে ফ্রান্সীয়দের পূর্ব্বোক্ত সকল কি কোন উপনিবেশ পাঠাইবার জন্যে এদেশীয় মজুরদিগকে সংগ্রহ করিতে ও তাহাদের সঙ্গে কর্ম্ম করিবার করার করিতে ক্ষমতাপন্ন হইবেন ইতি।

লোক সংগ্রহ করিবার কার্য্যের কথা।

৬৫ ধারা। ব্রিটনীয় উপনিবেশের নিমিত্তে মজুরদিগকে সংগ্রহ করিবার যে২ বিধি এখন চলিতেছে কি পরে চলন হয়, দেশান্তরগমনসম্পর্কীয় ঐ এজেন্টে সেই২ বিধিমতে কার্য্য করিবেন। ও ব্রিটনীয় উপনিবেশের নিমিত্তে ঐ এজেন্টদের কার্য্য সহজ করিবার যে সকল উপায় ও ক্ষমতা থাকে পূর্ব্বোক্ত এজেন্টদের প্রতি লোক সংগ্রহ করিবার যে কর্ম্ম অর্পণ করা যায় তদ্বিষয়ে তাঁহাদের ও তাঁহারা ঐ কর্ম্ম চালাইবার নিমিত্তে যে লোকদিগকে নিযুক্ত করেন তাঁহাদেরও সেই উপায় ও ক্ষমতা থাকিবে ইতি।

মজুরদের রক্ষকের কথা।

৬৬ ধারা। ব্রিটনীয় পূর্ব্বোক্ত তিন বন্দরে যাঁহারা মজুরদের রক্ষকের পদে থাকেন তাহারা ব্রিটনীয় গবর্ণমেণ্টের পক্ষে এই আইনের এই অধ্যায়ের বিধানমত গমনশীল মজুরদের রক্ষকস্বরূপে কর্ম্ম করিবেন।

ভারতবর্ষে যে২ ফ্রান্সীয় বন্দর আছে এই আইনের তৃতীয় তফসীলের উল্লিখিত সন্ধিপত্রের ৫ প্রকরণমতে ব্রিটনীয় কন্সলর এজেন্টদের প্রতি যে২ কার্য্য অর্পণ হয় সেই২ কার্য্য বিষয়ে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যে২ উপদেশ দিয়া থাকিবেন তাঁহারা তথায় সেই২ উপদেশমতে ঐ কার্য্য নির্ব্বাহ করিবেন ইতি।

কোন২ স্থল ছাড়া কর্ম্ম করিবার করার ভারতবর্ষে করিতে হইবার কথা ও করারের ফলের কথা।

৬৭ ধারা। উক্ত সন্ধিপত্রের ৯ প্রকরণের ৪ দফাতে ও ১০ প্রকরণের ২ দফাতে যে২ চুক্তির কথা লেখা আছে তাহা ছাড়া এই আইনমতে ফ্রান্সীয়দের উপনিবেশ গমনশীল মজুরদের সঙ্গে কর্ম্ম করিবার সকল চুক্তি ভারতবর্ষে করিতে হইবে। ও সেই চুক্তিপত্রে যে ব্যক্তির নাম

person designated by name, or to serve a person to whom he is allotted by the proper authority on his arrival in the Colony to which he emigrates.

68. The contracts of service shall be in accordance with the terms of the said Convention, and shall make provision for—

Matters to be provided for in contract.

(1.) The duration of the engagement at the expiration of which the Emigrant shall receive a return-passage to India at the expense of the French Government, and the terms on which he may abandon or renounce his right to a free return-passage.

(2.) The number of days and hours of work.

(3.) The wages and rations as well as the rate of payment for extra work, and all the advantages promised to the Emigrant.

(4.) Gratuitous medical treatment for the Emigrant, except in cases where, in the opinion of the proper Government officer, his illness has arisen from his own misconduct.

(5.) In every contract of engagement there shall be inserted an exact copy of Articles IX, X, XX and XXI of the said Convention.

69. The Governor General in Council may, by order to be published in the *Gazette of India*, extend this Act to any other French Colony not expressly named herein, at which a British Consular Agent is established and to which the application of the said Convention shall be extended, and in such order may declare the probable length of the voyage to such Colony.

Power to extend Act to French Colonies not expressly named.

Such declaration shall have the same effect as if it formed part of this section.

70. Every Emigrant vessel sailing to a French Colony shall carry an European Surgeon and an Interpreter.

Emigrant vessel to carry European Surgeon and Interpreter.

XIII.—Penalties.

71. Whoever, except under and in conformity with the provisions of this Act, makes any contract with any Native of India for labour to be performed in any place beyond British India to which emigration is not authorized

For making unlawful contract of labour.

নির্দ্দিষ্ট থাকিবে, মজুর তাঁহার নিকটে কিম্বা যে উপনিবেশে যাইবে, তথায় পঁহুছিলে উপযুক্ত কার্য্যকারক সাহেব তাহাকে যে মুনিবের নিকট চাকরী করিতে নিযুক্ত করেন ঐ মজুর উক্ত চুক্তিক্রমে তাঁহার নিকটে কর্ম্ম করিতে আবদ্ধ হইবে ইতি।

৬৮ ধারা। কর্ম্ম করিবার চুক্তিপত্র ঐ সন্ধিপত্রের নিয়মানুযায়ি হইবে তন্মধ্যে এই২ বিষয়ের বিধান থাকিবে।

চুক্তিপত্রে যে২ বিষয়ের নিয়ম করিতে হইবে তাহার কথা।

১। ঐ মজুর যত কাল কর্ম্ম করিলে পর ফ্রান্সীয় গবর্ণমেন্টের খরচে ভারতবর্ষে ফিরিয়া আসিতে পারিবে সেই কাল নিরূপণ ও বিনা খরচে মজুরের ফিরিয়া আসিবার যে স্বত্ব থাকে তাহা যে নিয়মমতে ত্যাগ করিতে পারিবে সেই নিয়ম।

২। যত দিন ও যত ঘন্টা করিয়া কর্ম্ম করিতে হইবে তাহার কথা।

৩। যত বেতন ও আহারীয় যত দ্রব্য পাইবে ও উপরি কর্ম্ম করিলে যে হিসাবে পারিশ্রমিক পাইবে ও মজুরের প্রতি যে সকল উপকারের প্রতিজ্ঞা করা যায় তাহার কথা।

৪। পীড়িত হইলে তাহার বিনা খরচে চিকিৎসা হইবার কথা কিন্তু নিজ কোন অহিতাচারে রোগ হইয়াছে গবর্ণমেন্টের উপযুক্ত কর্ম্মকারকের এমত জ্ঞান হইলে বিনা খরচে চিকিৎসা না পাইবার কথা।

৫। কর্ম্মেতে নিযুক্ত হইবার প্রত্যেক চুক্তিপত্রে উক্ত সন্ধিপত্রের ৯ ও ১০ ও ২০ ও ২১ প্রকরণের কথা অবিকল লেখা থাকিবে ইতি।

৬৯ ধারা। এই আইনের অনির্দ্দিষ্ট অন্য যে কোন ফ্রান্সীয় উপনিবেশে ব্রিটনীয় কনসলর এজেন্ট নিযুক্ত থাকেন ও উপরের লিখিত সন্ধিপত্র খাটান যায় মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশ করিয়া তৎস্থানে এই আইন চালাইতে পারিবেন ও সেই উপনিবেশে যাইতে অনুমান যত সময় লাগিবে তাহাও ঐ অনুজ্ঞাপত্রে লিখিবেন।

ফ্রান্সীয়দের যে২ উপনিবেশের নাম স্পষ্ট ব্যক্ত হয় নাই তথায় আইন বিস্তার করিবার ক্ষমতার কথা।

উক্ত প্রকাশিত কথা এই ধারার একাংশের মত প্রবল ও সফল হইবে ইতি।

৭০ ধারা। মজুরদিগকে লইয়া যাইবার প্রত্যেক জাহাজে ইউরোপীয় এক জন ডাক্তর সাহেবকে ও এক জন দোভাষিকে লইতে হইবে ইতি।

মজুরদিগকে লইয়া যাইবার জাহাজে ইউরোপীয় ডাক্তর সাহেবের ও দোভাষির যাইবার কথা।

১৩ অধ্যায়।—দণ্ডের বিধি।

৭১ ধারা। কোন ব্যক্তি এই আইনের বিধানমতে ও তদনুসারে কর্ম্ম না করিয়া ব্রিটনীয় ভারতবর্ষের বহির্ভূত যে স্থানে এই আইন অনুসারে গমনের অনুমতি নাই, এমত কোন স্থানে পরিশ্রমকরণার্থে

পরিশ্রম করিবার চুক্তি বেআইনীমতে করণের দণ্ডের কথা।

under this Act, shall be deemed to have committed the offence specified in section three hundred and sixty-three of the Indian Penal Code;

And whoever knowingly enables or assists any Native of India to emigrate to any such place, or aids in or abets the emigration of any Native of India to any such place, shall be deemed to have abetted the commission of that offence.

72. Whoever, not being a Recruiter duly licensed under this Act, acts or is employed as a Recruiter of labourers, or contrary to the provisions of this Act, enters into any contract with a Native of India for labour to be performed by such Native in any place beyond British India, shall be liable to a fine not exceeding five hundred rupees.

For recruiting without being licensed.

73. Whoever, being a duly licensed Recruiter removes any Emigrant whom he may engage in any district or place other than the towns of Calcutta, Madras or Bombay, from such district or place, without such Emigrant having appeared along with the Recruiter before the Magistrate of the District in order that the Emigrant might be examined and registered;

For Recruiter failing to take engaged labourers before Magistrate or Protector.

and whoever removes any Emigrant whom he may engage in any one of the towns of Calcutta, Madras or Bombay, from such town, or to an emigration depôt, without such Emigrant having appeared with the Recruiter before the Protector of Emigrants in order that the Emigrant might be examined and registered;

and whoever by means of intoxication, violence, fraud, or false pretences induces any Native of India to enter into a contract for labour to be performed by him in any place to which emigration is lawful under this Act, or to proceed to any such place without having entered into any contract;

For fraudulently inducing labourer to contract.

and whoever fails to supply any Emigrant whom he has engaged, and who is registered, with suitable food, or otherwise ill-treats such Emigrant on his journey to the depôt;

For not supplying proper food.

ভারতবর্ষীয় কো গ-
সেই ব্যক্তি ভারত-
ধরার নির্দ্দিষ্ট অপরাধের

এবং কোন ব্যক্তি জানিয়া ভু
কোন লোককে তদ্রূপ কোন স্থানে গ-
মর্থ্য দিলে কি সাহায্য করিলে, কিম্বা ত-
স্থানে ভারতবর্ষীয় কোন লোকের গমনের সাহ-
সহকারিতা করিলে, সেই ব্যক্তি উক্ত অপরাধ কর-
সহায় জ্ঞান হইবে ইতি।

৭২ ধারা। কোন ব্যক্তি এই আইনঅনুসারে মজুর সংগ্রাহকস্বরূপ উপযুক্তমতে অনুমতিপত্র না পাইয়া মজুর সংগ্রাহকস্বরূপে কর্ম্ম করিলে, কিম্বা ঐ কর্ম্মে নিযুক্ত হইলে কিম্বা ব্রিটনীয় ভারতবর্ষের বহির্ভূত কোন স্থানে ভারতবর্ষীয় কোন লোকের পরিশ্রম করিবার নিমিত্তে এই আইনের বিধানের অন্যথায় ভারতবর্ষীয় কোন লোকের সঙ্গে চুক্তি করিলে সেই ব্যক্তির পাঁচ শত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

অনুমতিপত্রবিনা মজুর সংগ্রহ করণের দণ্ডের কথা।

৭৩ ধারা। কোন মজুরসংগ্রাহক নিয়মমতে অনুমতিপত্র প্রাপ্ত হইয়া, কলিকাতা কি মাক্সাজ কি বোম্বাই নগরভিন্ন কোন জিলাতে কি স্থানে দেশান্তরগামি কোন ব্যক্তির সঙ্গে চুক্তি করিলে পর, যদি তাহার নিকটে জিজ্ঞাসা হইবার ও তাহার নামাদি রেজিস্টরী করাইবার নিমিত্তে তাহাকে সঙ্গে লইয়া ঐ জিলার মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে উপস্থিত না হইয়া, স্থানান্তরে লইয়া যান,

মজুর সংগ্রাহক যে মজুরদিগের সঙ্গে করার করে তাহারদিগকে মাজিষ্ট্রেট সাহেবের কি রক্ষকের নিকটে লইয়া না যাওনের কথা।

অথবা কলিকাতা কি মাক্সাজ কি বোম্বাই ইহার অন্যতর নগরে দেশান্তরগামি কোন ব্যক্তির সঙ্গে করার করিয়া, তাহার নিকটে জিজ্ঞাসা হইবার কি তাহার নামাদি রেজিস্টর করাইবার নিমিত্তে তাহাকে সঙ্গে লইয়া দেশান্তরগামিদের রক্ষকের সম্মুখে উপস্থিত না হইয়া, সেই নগর হইতে স্থানান্তর করে কিম্বা দেশান্তর গমন সম্পর্কীয় আড্ডায় চালান করে,

অথবা এই আইনমতে মজুরেরদের যে স্থানে গমনের অনুমতি হয়, এমত কোন স্থানে পরিশ্রম করণার্থে যদি ভারতবর্ষীয় কোন ব্যক্তিকে মাদক দ্রব্য সেবন করাইয়া কি বলপূর্ব্বক কি প্রতারণাক্রমে কিম্বা মিথ্যা ছলনা দ্বারা প্রবৃত্তি দেয়, কিম্বা কোন চুক্তি না করিয়া তদ্রূপ কোন স্থানে গমন করিবার প্রবৃত্তি দেয়,

ও প্রতারণাদিদ্বারা চুক্তি করিবার প্রবৃত্তি দেওনের কথা।

অথবা দেশান্তরগামি যে কোন ব্যক্তির সঙ্গে করার করিয়াছে ও যাহার নামাদি রেজিস্টর হইয়াছে, তাহাকে আড্ডায় গমন সময়ে যদি পথে উপযুক্ত আহার না দেয়, কি তাহার প্রতি প্রকারান্তরে অত্যাচার করে,

ও উপযুক্ত আহারাদি না দেওনের কথা।

and whoever forwards, sends or conveys any such Emigrant otherwise than *is* provided in section thirty-two, or to any house or place in or near the Towns of Calcutta, Madras or Bombay, respectively, other than the depôt for the Emigrants for the place at which such Emigrant has contracted to labour,

For not taking labourer to depôt.

shall be liable to a fine not exceeding five hundred rupees.

অথবা তদ্রূপ কোন দেশান্তরগামিকে ৩২ ধারার বিধানমতে যেরূপে চালান করিতে হয়, তদ্ভিন্ন যদি তাহাকে প্রকারান্তরে অগ্রসর করায় কি প্রেরণ কি চালান করে, অথবা ঐ দেশান্তরগামিরা যে স্থানে পরিশ্রম করিবার চুক্তি করে সেই স্থানগামিদের আড্ডাভিন্ন যদি কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাই নগরস্থ কি তন্নিকটস্থ কোন ঘরে কি স্থানে প্রেরণ করে কি চালায়,

ও মজুরকে আড্ডায় লইয়া না যাওনের দণ্ডের কথা।

তবে সেই ব্যক্তির পাঁচ শত টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

74. Whoever, being a duly licensed Recruiter, forwards or sends any Emigrant from the district or town in which he has entered into an engagement, to any emigration depôt, without such Emigrant having been duly registered in accordance with the provisions of sections twenty-seven and twenty-nine;

For forwarding labourers, or allowing them to go, without being duly registered.

and whoever, being a duly licensed Recruiter, induces or knowingly permits any such Emigrant to leave such district or town, or to proceed to any emigration depôt, for the purpose of emigrating to any place, without the Emigrant being duly registered as aforesaid,

shall be liable to a fine not exceeding five hundred rupees.

৭৪ ধারা। দেশান্তরগামি কোন ব্যক্তি কোন জিলাতে কি নগরে করার করিলে তাহার নামাদি ২৭ ও ২৯ ধারার বিধানানুসারে রেজিষ্টরী না করা গেলেও নিয়মমতে অনুমতিপত্রপ্রাপ্ত মজুরসংগ্রাহক যদি তাহাকে সেই জিলা কি নগরহইতে দেশান্তরগমনসম্পর্কীয় কোন আড্ডাতে অগ্রসর করায় কি প্রেরণ করে,

মজুরদিগকে উপযুক্তমতে রেজিষ্টরী না করাইয়া চালান করিবার কি যাইতে দিবার দণ্ডের কথা।

অথবা দেশান্তরগামি ব্যক্তি পূর্ব্বোক্তমতে নিয়মিতরূপে রেজিষ্টরী না হইলেও, নিয়মমতে অনুমতিপত্রপ্রাপ্ত কোন মজুরসংগ্রাহক যদি তাহাকে কোন দেশান্তরে গমনাভিপ্রায়ে দেশান্তরগমনসম্পর্কীয় কোন আড্ডায় গমন করণার্থে সেই জিলা কি নগরহইতে চলিয়া যাইতে প্রবৃত্তি দেয় কি জানিয়া শুনিয়া যাইতে দেয়,

তবে সেই মজুরসংগ্রাহকের পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

75. Whoever, without lawful authority, issues any written order to the Police to assist himself or any other person to procure labourers to proceed to any place beyond British India, or falsely represents that such labourers are required by the Government or are to be engaged on behalf of Government, shall be liable to a fine not exceeding five hundred rupees.

For false representation of Government authority.

৭৫ ধারা। কোন ব্যক্তি আইনমতে ক্ষমতাপ্রাপ্ত না হইয়া ব্রিটনীয় ভারতবর্ষের বহির্ভূত কোন স্থানে গমনার্থ মজুরদিগকে যুটাইবার কার্য্যে আপনার কি অন্য ব্যক্তির সাহায্য করিবার নিমিত্তে পোলীসকে কোন লিখিত আজ্ঞাপত্র দিলে, কিম্বা গবর্ণমেণ্টের জন্যে সেই মজুরদিগের প্রয়োজন, কি গবর্ণমেণ্টের পক্ষে সেই মজুরদিগের সঙ্গে চুক্তি হইবে, এই মিথ্যা উক্তি করিলে, সেই ব্যক্তির পাঁচ শত টাকার অনধিক অর্থ দণ্ড হইতে পারিবে ইতি।

গবর্ণমেণ্টহইতে ক্ষমতাপ্রাপণের মিথ্যা উক্তির দণ্ডের কথা।

76. The Master of any vessel which has not been licensed as provided in section forty, knowingly receiving any Emigrant on board in order to convey such Emigrant to any place contrary to the provisions of this Act, shall be liable to imprisonment for a period not exceeding one year, and also to a fine not exceeding one thousand rupees for every such Emigrant received on board, and the vessel shall be liable to be orfeited.

For receiving Emigrants in an unlicensed vessel.

৭৬ ধারা। ৪০ ধারার বিধানমতে জাহাজের অনুমতিপত্র না হইলেও, যদি সেই জাহাজের অধ্যক্ষ জানিয়া শুনিয়া এই আইনের বিধানের অন্যথায় দেশান্তরগামি কোন ব্যক্তিকে কোন স্থানে লইয়া যাইবার জন্যে জাহাজে গ্রহণ করে, তবে এক বৎসরের অনধিক কালপর্য্যন্ত সামান্যরূপে কি কঠিন পরিশ্রমসহিত কারাবদ্ধ হইতে পারিবে। এবং তদ্রূপ যত জন মজুরকে জাহাজে গ্রহণ করা যায় তাহারদের প্রত্যেক জনের নিমিত্তে তাহার এক সহস্র টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ও সেই জাহাজ দণ্ডস্বরূপে রাজস্বত্ত হইতে পারিবে ইতি।

জাহাজের অনুমতিপত্র না থাকিলে দেশান্তরগামি মজুরদিগকে গ্রহণ করিবার দণ্ডের কথা।

77. If the Master of any vessel, at the port of Calcutta, the port of Madras, or the port of Bombay, clears such vessel for any place to which emigration is lawful under this Act, and takes on board any Emigrant without having fully complied with every particular required in sections forty-one and forty-two, he shall be liable to a fine not exceeding two hundred rupees for every Emigrant so taken on board.

For clearing ship without complying with rules.

৭৭ ধারা। এই আইনঅনুসারে দেশান্তর যে স্থানে গমনহইতে পারে, যদি কলিকাতার বন্দরে কি মান্দ্রাজের বন্দরে, কি বোম্বাইয়ের বন্দরে কোন জাহাজের অধ্যক্ষ জাহাজের সেই স্থানে গমনের অনুমতিপত্র লন, এবং ৪১ ও ৪২ ধারাতে যে বিশেষ কার্য্যের আজ্ঞা হইয়াছে তদনুসারে সম্পূর্ণরূপে না করিয়া দেশান্তরগামি কোন ব্যক্তিকে ঐ জাহাজে গ্রহণ করেন, তবে দেশান্তরগামি যত ব্যক্তিকে তদ্রূপে গ্রহণ করা যায়, তাহারদের প্রত্যেক ব্যক্তির নিমিত্তে ঐ অধ্যক্ষের দুই শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

বিধানুসারে কার্য্য না করিয়া জাহাজের গমনানুমতি লইবার দণ্ডের কথা।

78. If the Master of any vessel, after having cleared such vessel for any place to which emigration is lawful under this Act, takes on board any Emigrant without such Emigrant having been duly entered in the lists mentioned in sections forty-nine and fifty, and in the manner in those sections prescribed, he shall be liable to a fine not exceeding two hundred rupees for every Emigrant so taken on board.

For taking on board after clearance Emigrants not entered in list.

৭৮ ধারা। ৪৯ ও ৫০ ধারার লিখিত নির্ঘণ্টপত্রে দেশান্তরগামি যে ব্যক্তির নাম নিয়মিতরূপে ও সেইং ধারার নির্দ্ধারিতমতে লেখা যায় নাই এই আইনঅনুসারে মজুরেরদের যে কোন স্থানে যাইবার অনুমতি আছে জাহাজের অধ্যক্ষ এমত কোন স্থানে গমনার্থে ঐ জাহাজের গমনানুমতিপত্র লইলে পর, যদি দেশান্তরগামি এমত কোন ব্যক্তিকে উক্ত জাহাজে গ্রহণ করেন, তবে তদ্রূপ যত ব্যক্তি তাঁহার জাহাজে গৃহীত হয় তাহারদের প্রত্যেক জনের নিমিত্ত জাহাজাধ্যক্ষের দুই শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

জাহাজের গমনানুমতি হইলে পর নির্ঘণ্টের অলিখিত মজুরদিগকে লইবার দণ্ডের কথা।

79. If after having obtained a certificate in accordance with the provisions of section forty, the Master of any vessel cleared for any place to which emigration is lawful under this Act, fraudulently does, or suffers to be done, any act or thing whereby such certificate becomes inapplicable to the altered state of the vessel or other matter to which such certificate relates, he shall be liable to a fine not exceeding five thousand rupees,

For fraudulent acts whereby certificate becomes inapplicable to vessel.

৭৯ ধারা। এই আইনঅনুসারে মজুরদের যে স্থানে গমনের অনুমতি হয়, জাহাজের সেই স্থানে গমনানুমতিপত্র হইলে পর এবং সেই জাহাজের অধ্যক্ষ এই আইনের ৪০ ধারার নির্দ্দিষ্ট সর্টিফিকট পাইলে পর, যদি প্রতারণাক্রমে এমত কার্য্য কি বিষয় করেন কি অন্য কাহাকে করিতে দেন, যে জাহাজের অবস্থা পরিবর্ত্তনপ্রযুক্ত ঐ সর্টিফিকট সেই জাহাজের, কি অন্য যে বিষয়ে সর্টিফিকটের সম্পর্ক থাকে এমত বিষয়ের প্রতি আর খাটিতে না পারে, তবে সেই জাহাজাধ্যক্ষের পাঁচ সহস্র টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে,

প্রতারণাঘটিত যে ক্রিয়ার দ্বারা জাহাজের অবস্থা পরিবর্ত্তন হওয়াতে সর্টিফিকট না বর্ত্তে এমত ক্রিয়ার দণ্ডের কথা।

and he may also be sued on any bond which he may have executed in consideration of any license obtained for the vessel as originally described.

এবং জাহাজের প্রথমাবস্থার বর্ণনানুসারে প্রাপ্ত যে অনুমতিপত্রের উপলক্ষে নিবন্ধপত্র লিখিয়া দিলেন তাহার উপর তাঁহার নামে মোকদ্দমা হইতে পারিবে ইতি।

80. If the Master of a vessel sailing from the port of Calcutta, licensed under section forty and sailing with Emigrants on board, without reasonable excuse causes or allows his vessel to proceed from Garden Reach to sea, or to proceed any part of the distance between Garden Reach and sea, without his vessel being under tow of a competent steamer,

For proceeding to sea without steam.

or if such vessel has not left Garden Reach and proceeded on her voyage within the time prescribed in section fifty-two,

৮০ ধারা। কোন জাহাজ ৪০ ধারামতে অনুমতি প্রাপ্ত হইয়া এবং দেশান্তরগামি মজুরদিগকে লইয়া কলিকাতা বন্দরহইতে যাত্রা করিলে, যদি সেই জাহাজের অধ্যক্ষ যুক্তিমত হেতু না থাকিলেও উপযুক্ত বাষ্পীয় জাহাজের দ্বারা আকৃষ্ট হওনবিনা আপনার জাহাজ মুচিখোলাহইতে সমুদ্রপর্য্যন্ত কিম্বা মুচিখোলাহইতে সমুদ্রের এদিক কোন স্থানপর্য্যন্ত চালান কি যাইতে দেন,

বাষ্পীয় জাহাজভিন্ন সমুদ্রে যাইবার দণ্ডের কথা।

অথবা যদি সেই জাহাজ ৫২ ধারার নির্দ্ধারিত সময়ের মধ্যে মুচিখোলাহইতে খুলিয়া যাত্রা না করে,

the Master of such vessel shall be liable to a fine not exceeding one thousand rupees.

Customs officers may search and detain for purposes of this Act.

81. All the powers vested by law in the officers of Customs in regard to the searching and detention of vessels, or otherwise, for the prevention of smuggling on board thereof, may be exercised by such officers for the prevention of the illegal embarkation of Emigrants on board vessels bound for any place to which emigration is lawful under this Act, and of other offences against this Act.

Prosecutions under this Act where and how instituted.

82. All prosecutions under this Act shall be instituted on information laid at the instance of an Emigration Agent, or of a Protector of Emigrants, or of an officer appointed for the purpose by the Local Government, before a Magistrate of Police, or before the Magistrate of the District, according as they shall be instituted for offences committed within or for offences committed beyond the limits of the towns of Calcutta, Madras and Bombay.

Mode of recovering fines.

All fines imposed under this Act may be recovered, if for offences committed outside the limits of the said towns, in the manner prescribed by the Code of Criminal Procedure, and if for offences committed within those limits, in the manner prescribed by any Act regulating the Police of such towns in force for the time being.

XIV.—Miscellaneous.

Probable length of voyages to places mentioned in section twenty-three.

83. The probable length of the voyages to the places mentioned in section twenty-three, from Calcutta, Madras or Bombay respectively, shall, for the purposes of this Act, be deemed to be as follows:—

FROM CALCUTTA:—

To Mauritius, Seychelles and Réunion ...	Between the months of April and October inclusive, ten weeks; and between the months of November and March inclusive, eight weeks.

তবে ঐ জাহাজের অধ্যক্ষের এক সহস্র টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

এই আইনের কার্য্য সফলার্থে কষ্টমের কার্য্যকারকেরদের সন্ধান লইতে ও আটক করিয়া রাখিতে পারিবার কথা।

৮১ ধারা। কষ্টমের কার্য্যকারকেরদের প্রতি কোন জাহাজে মাসুলচুরি নিবারণার্থে আইনক্রমে সন্ধান লওনের ও তাহা আটক রাখিবার কিম্বা অন্য প্রকারের কার্য্য করিবার যে সকল ক্ষমতা অর্পিত আছে মজুরদের এই আইনঅনুসারে গমনীয় কোন স্থানে গমনোদ্যত জাহাজেও সেই কার্য্যকারকেরা মজুরেরদের বেআইনীমতে পূর্ব্বোক্ত প্রকারে আরোহণ করা, ও এই আইনের বিপক্ষ অন্যান্য অপরাধ নিবারণার্থে ঐ ক্ষমতানুসারে কর্ম্ম করিতে পারিবেন ইতি।

এই আইনমতে অভিযোগ যে স্থানে যে প্রকারে উপস্থিত করিতে হইবে তাহার কথা।

৮২ ধারা। এই আইন অনুযায়ি যে সকল অভিযোগ করা যায় কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাই নগরের সীমার অন্তর্গত স্থানে অপরাধ করা গেলে পোলীসের মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে, কিম্বা উক্ত কোন নগরের সীমার বহির্ভূত স্থানে করা গেলে জিলার মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে দেশান্তরগমনসম্পর্কীয় এজেন্টের কিম্বা দেশান্তরগামিরদের রক্ষকের যত্নক্রমে কিম্বা স্থানবিশেষের গবর্ণমেন্ট সেই কার্য্যের নিমিত্তে যে কার্য্যকারককে নিযুক্ত করেন তাঁহার যত্নক্রমে ঐ অভিযোগ উপস্থিত করা যাইবে।

অর্থদণ্ড আদায় করিবার কথা।

এই আইনমত অর্থদণ্ড যে অপরাধের নিমিত্তে ধার্য্য হয়, সেই অপরাধ কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাই নগরের সীমার বহির্ভূত স্থানে করা গেলে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের অবধারিতমতে ঐ দণ্ডের টাকা আদায় হইতে পারিবে। সেই সীমার মধ্যে করা গেলে ঐ২ নগরের পোলীসের কার্য্যবিধায়ক যে আইন যে সময়ে চলন থাকে সেই আইনের নির্দ্দিষ্টমতে ঐ দণ্ড আদায় করা যাইবে ইতি।

১৪ অধ্যায়।—বিবিধ বিধি।

২৩ ধারার লিখিত স্থানে গমনের সম্ভাবিত সময়ের কথা।

৮৩ ধারা। এই আইনের কার্য্যপক্ষে কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাইহইতে ২৩ ধারার লিখিত স্থানে পঁহুছিবার সম্ভাবিত কাল এই, অর্থাৎ

কলিকাতাহইতে

মরীচে ও সেশলে ও রিউনিয়নে ...	আপ্রিল মাসের আরম্ভঅবধি অকুটোবর মাসের শেষপর্য্যন্ত যাত্রা করিলে ১০ সপ্তাহ। এবং নবেম্বর মাসের আরম্ভ অবধি মার্চ মাসের শেষ পর্য্যন্ত যাত্রা করিলে ৮ সপ্তাহ।

To Jamaica, British Guiana, Trinidad, St. Lucia, Grenada, St. Vincent, St. Kitts and St. Croix, Martinique, Guadeloupe and its dependencies ...	Twenty weeks.
To French Guiana ...	Twenty-six weeks.
To Natal ...	Twelve weeks.

FROM MADRAS:—

To Mauritius, Seychelles and Réunion ...	Between the months of April and October inclusive, seven weeks; and between the months of November and March inclusive, six weeks.
To Jamaica, British Guiana, Trinidad, St. Lucia, Grenada, St. Vincent, St. Kitts, St. Croix, Martinique, Guadeloupe and its dependencies, and French Guiana ...	Nineteen weeks.
To Natal ...	Ten weeks.

FROM BOMBAY:—

To Mauritius, Seychelles and Réunion ...	Between the months of April and September inclusive, five weeks; and between the months of October and March inclusive, six weeks.
To Jamaica, British Guiana, Trinidad, St. Lucia, Grenada, St. Vincent, St. Kitts, St. Croix, Martinique, Guadeloupe and its dependencies, and French Guiana ...	Nineteen weeks.
To Natal ...	Ten weeks.

Notification legalizing emigration to new place to give probable length of voyages thither.

84. Every notification under section twenty-four shall state the probable length of the voyages from Calcutta, Madras and Bombay, respectively, to every place to which emigration is thereby authorized, and thereupon such period shall, for the purposes of this Act, be taken to be the probable length of such voyage.

জামেকা ও ব্রিটিশ গয়ানা ও ত্রিনীদাদ ও সেন্টলুসিয়া ও গ্রেনেডা ও সেন্ট বিনসেন্ট ও সেন্টকিটস ও সেন্টক্রয় ও মার্টিনীক ও গাডালূপ ও তদধীন স্থানে ..	২০ সপ্তাহ।
ফ্রান্সীয় গয়ানায় ...	২৬ সপ্তাহ।
নেটালে ...	১২ সপ্তাহ।

মান্দ্রাজহইতে

মরীচে ও সেশলে ও রেউনিয়নে ...	আপ্রিল মাসের আরম্ভাবধি অকটোবর মাসের শেষপর্য্যন্ত যাত্রা করিলে ৭ সপ্তাহ। ও নবেম্বর মাসের আরম্ভাবধি, মার্চ মাসের শেষপর্য্যন্ত যাত্রা করিলে ৬ সপ্তাহ
জামেকা ও ব্রিটিশ গয়ানা ও ত্রিনীদাদ ও সেন্টলুসিয়া ও গ্রেনেডা ও সেন্ট বিনসেন্ট ও সেন্টকিটস ও সেন্টক্রয় ও মার্টিনীক ও গাডালূপ ও তদধীন স্থানে ও ফ্রান্সীয় গয়ানায় ...	১৯ সপ্তাহ।
নেটালে ...	১০ সপ্তাহ।

বোম্বাইহইতে

মরীচে ও সেশলে ও রেউনিয়নে ...	আপ্রিল মাসের আরম্ভাবধি সেপ্টেম্বর মাসের শেষপর্য্যন্ত যাত্রা করিলে ৫ সপ্তাহ। অকটোবর মাসের প্রথমাবধি মার্চ মাসের শেষপর্য্যন্ত যাত্রা করিলে ৬ সপ্তাহ।
জামেকা ও ব্রিটিশ গয়ানা ও ত্রিনীদাদ ও সেন্টলুসিয়া ও গ্রেনেডা ও সেন্ট বিনসেন্ট ও সেন্টকিটস ও সেন্ট ক্রয় ও মার্টিনীক ও গাডালূপ ও তদধীন স্থানে ও ফ্রান্সীয় গয়ানায় ...	১৯ সপ্তাহ।
নেটালে ...	১০ সপ্তাহ।

যে জ্ঞাপনপত্রদ্বারা কোন নূতন স্থানে গমনের অনুমতি হয়, তন্মধ্যে সেই স্থানে পঁহুছিবার সম্ভাবিতকাল নিরূপণ হইবার কথা।

৮৪ ধারা। ২৪ ধারামতে যে প্রত্যেক জ্ঞাপনপত্র প্রকাশ করা যায়, ঐ জ্ঞাপনপত্রক্রমে কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাইহইতে যে দেশান্তরে গমনের অনুমতি দেওয়া যায় সেই দেশে পঁহুছিবার সম্ভাবিত কালও সেই জ্ঞাপনপত্রে নিরূপিত হইবে। তাহা হইলে এই আইনের কার্য্যপক্ষে সেই কাল, ঐ স্থানে পঁহুছিবার সম্ভাবিত কাল জ্ঞান হইবে ইতি।

[*Government Gazette*, 10*th January* 1871.]

85. The Local Government may from time to time authorize any person invested with the powers of a Magistrate, as defined in the Code of Criminal Procedure, to perform the duties and exercise the powers by this Act assigned to and conferred on the Magistrate of the District.

Exercise of powers of Magistrate of the District under this Act.

Every person so authorized shall in all respects for the purposes of this Act be deemed to be included in the words "the Magistrate of the District."

86. Nothing in this Act or in any rule to be made by the Governor General of India in Council under section sixty-one shall apply to any vessel in the service of the Lords Commissioners of the Admiralty, or to any of Her Majesty's vessels.

Act and rules made under it not to apply to certain vessels.

THE FIRST SCHEDULE.

(See section 2.)

Number and year.	Title.
XLVI of 1860.	To authorize and regulate the Emigration of Native Labourers to the French Colonies.
VII of 1862.	To amend Act XLVI of 1860 (to authorize and regulate the Emigration of Native Labourers to the French Colonies.)
XIII of 1864.	To consolidate and amend the laws relating to the Emigration of Native Labourers.
VI of 1869.	To amend the law relating to the Emigration of Native Labourers.
VI of 1870.	To enable the Governor General in Council to increase the fee payable under section thirty-one of the Emigration Act.

THE SECOND SCHEDULE.

(See section 19.)

Office of the Protector of Emigrants at the Port of

A B is hereby licensed under the Indian Emigration Act, 1871, to be a Recruiter for engaging persons to proceed to for the purpose of labouring for hire.

This license will be in force for one year only from this date.

Dated the day of

(*Signed*) *C. D.*,
Protector of Emigrants.

৮৫ ধারা। এই আইনেতে জিলার মাজিষ্ট্রেট সাহেবের প্রতি যে কার্য্য সমর্পণ ও যে ক্ষমতার্পণ হয়, স্থানবিশেষের গবর্ণমেণ্ট সেই কর্ম্ম নির্ব্বাহ ও সেই ক্ষমতানুসারে কার্য্য করণার্থে, ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের আইনে মাজিষ্ট্রেটের যে ক্ষমতা নির্দ্দিষ্ট হইয়াছে সেই ক্ষমতা প্রাপ্ত কোন ব্যক্তিকে সময়ে২ ক্ষমতা প্রদান করিতে পারিবেন।

এই আইনমতে জিলার মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কার্য্যের কথা।

এই আইনের কার্য্যপক্ষে জিলার মাজিষ্ট্রেট শব্দে তদ্রূপ ক্ষমতাপ্রাপ্ত প্রত্যেক ব্যক্তি সর্ব্বতোভাবে গণ্য হইবেন ইতি।

৮৬ ধারা। এই আইনের কোন কথা কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব এই আইনের ৬১ ধারামতে যে কোন বিধি করেন তাহ আডমিরল্‌টির লর্ড কমিশ্যনরদের অধীন কোন জাহাজের কিম্বা শ্রীশ্রীমতী মহারাণীর কোন যুদ্ধ জাহাজের প্রতি বর্ত্তিবে না ইতি।

কোন২ জাহাজের প্রতি এই আইন ও বিধি না খাটিবার কথা।

প্রথম তফসীল।

(২ ধারা দেখ।)

নম্বর ও সাল		আখ্যা
১৮৬০ সা ৪৬ আ	...	ফ্রান্সিয়েরদের বসতি স্থানে এদেশীয় মজুরদের গমন করিতে অনুমতি দিবার ও তাহার বিধান করিবার আইন।
১৮৬২ সা ৭ আ	...	১৮৬০ সালের ৪৬ আইন (অর্থাৎ এতদ্দেশীয় মজুরদিগকে ফ্রান্সিয়েরদের বসতি স্থানে গমন করিবার অনুমতি দেওনের ও বিধান করণের আইন) সংশোধন করিবার আইন।
১৮৬৪ সা ১৩ আ	...	এদেশীয় মজুরদের দেশান্তর গমন বিষয়ক আইন সংগ্রহ ও সংশোধনার্থ আইন।
১৮৬৯ সা ৬ আ	...	এদেশীয় মজুরদের দেশান্তর গমন বিষয়ক আইন সংশোধন করিবার আইন।
১৮৭০ সা ৬ আ	..	মজুরদের দেশান্তর গমন বিষয়ি আইনের ৩১ ধারামতে যে ফী দেওয়া যায় মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রতি তাহা বৃদ্ধি করিবার ক্ষমতা দানার্থ আইন।

দ্বিতীয় তফসীল।

(১৯ ধারা দেখ।)

অমুক বন্দরের দেশান্তরগামিদের রক্ষকের আফিস।

দেশান্তরগমন বিষয়ক ভারতবর্ষীয় ১৮৭১ সালের আইনঅনুসারে মজুরী লইয়া পরিশ্রম করণার্থে অমুকস্থানে গমনেচ্ছুক ব্যক্তিদিগের সঙ্গে করার করিবার জন্যে শ্রী অমুককে মজুরসংগ্রাহক হইবার অনুমতিপত্র দেওয়া গেল।

এই অনুমতিপত্র অদ্যকার তারিখঅবধি কেবল এক বৎসর প্রবল থাকিবে।

সাল তাং

শ্রী অমুক।
দেশান্তরগামিদের রক্ষক।

[গবর্ণমেণ্টের গেজেট। ১৮৭১। ১০ জানুআরি।]

THE THIRD SCHEDULE.

(See sections 66, 67 and 68.)

Convention between Her Majesty and the Emperor of the French relative to the Emigration of Labourers from India to the French Colonies, with an additional article thereto annexed.

Signed at Paris, July 1861.

[*Ratifications exchanged at Paris, July 30th,* 1861.]

His Majesty the Emperor of the French having made known, by a declaration dated this day (1st July 1861) his resolution to put an end to the recruitment upon the coast of Africa of negro labourers by means of redemption; and Her Majesty the Queen of the United Kingdom of Great Britain and Ireland desiring, in consequence, to facilitate the immigration of free labourers into the French Colonies, their said Majesties have resolved to conclude a Convention destined to regulate the recruitment of such labourers in the British territories in India. For this purpose they have named as their Plenipotentiaries:—

Her Majesty the Queen of the United Kingdom of Great Britain and Ireland, the Most Honourable Henry Richard Charles Earl Cowley, Her Majesty's Ambassador Extraordinary and Plenipotentiary to the Emperor of the French;

And His Majesty the Emperor of the French, M. Edouard Antoine Thouvenel, Senator, His Minister and Secretary of State for the Department of Foreign Affairs;

Who, after having communicated to each other their respective full powers, found in due form, have agreed upon the following Articles:—

ARTICLE I.

The French Government shall be at liberty to recruit and engage labourers for the French Colonies in the Indian Territories belonging to Great Britain, and embark Emigrants, being subjects of Her Britannic Majesty, either in British or French Ports in India, under the conditions hereinafter stipulated.

ARTICLE II.

The French Government shall entrust the direction of its operations in every centre of recruitment to an Agent chosen by itself.

Those Agents must be approved by the British Government.

Such approval is assimilated, with regard to the right of granting and withdrawal, to the Exequatur given to Consular Agents.

ARTICLE III.

This recruitment shall be effected conformably to the regulations which now exist, or may hereafter be established, for the recruitment of labourers for British Colonies.

ARTICLE IV.

The French Agent shall, with regard to the operations of recruitment which are intrusted to him, enjoy for himself and for the persons whom he may employ, all the facilities

তৃতীয় তফসীল।

(৬৬, ৬৭, ৬৮ ধারা দেখ)

ভারতবর্ষহইতে মজুরদের ফ্রান্সীয় উপনিবেশে গমন বিষয়ে শ্রীশ্রীমতী মহারাণীর ও ফ্রান্সীযদের সম্রাটের মধ্যে এই সন্ধি করা গেল। তাহার পরিশিষ্ট এক প্রকরণও দেওয়া গেল।

পারিস নগরে ১৮৬১ সালের জুলাই মাসে স্বাক্ষরিত হয়।

পারিস নগরে ১৮৬১ সালের জুলাই মাসের ৩০ তারিখে উভয় রাজ্যের মধ্যে এই সন্ধিপত্র নির্দ্ধারিত হইল।

আফ্রিকার সমুদ্রাকলদেশে মূল্য দিয়া মজুরদিগকে সংগ্রহ করণের যে রীতি আছে, ফ্রান্সীযদের সম্রাট অদ্য ১৮৬১ সালের ১ জুলাই সেই রীতি নিষেধ করিবার নির্দ্ধারণসূচক নির্দ্দেশবাক্য প্রচার করিয়াছেন। তৎপ্রযুক্ত গ্রেট ব্রিটন ও ঐরলণ্ড সংযুক্ত রাজ্যের শ্রীশ্রীমতী মহারাণী ফ্রান্সীয়দের উপনিবেশে স্বাধীন মজুরদের গমনের সুবিধাজনক নিয়ম করিতে ইচ্ছুক হইলেন। তাহাতে উক্ত শ্রীশ্রীমতী মহারাণী ও উক্ত সম্রাট ব্রিটনীয়দের শাসিত ভারতবর্ষে তদ্রূপ মজুরদিগকে সংগ্রহ করণের বিধানসূচক এই সন্ধিপত্র করিতে স্থির করিয়াছেন এতদর্থে তাঁহারা আপনং ক্ষমতাবিশিষ্ট প্রতিনিধিগণকে নিযুক্ত করিয়াছেন।

গ্রেটব্রিটন ও ঐরলণ্ডে সংযুক্ত রাজ্যের শ্রীশ্রীমতী মহারাণী ফ্রান্সীয়দের সম্রাটের নিকট শ্রীশ্রীমতীর বিশেষ রাজদূত ও সম্পূর্ণক্ষমতাবিশিষ্ট প্রতিনিধি অতীব মান্যবর হেনরি রিচার্ড চারলস অরল কৌলী সাহেবকে প্রেরণ করিলেন।

ও ফ্রান্সীয়দের সম্রাট স্বীয় মন্ত্রি ও ভিন্ন দেশীয় ব্যাপারঘটিত কর্ম্মবিভাগের ষ্টেট সেক্রেটারী সভ্য এড্যার্ড আণ্টওয়ান থুবেনেল সাহেবকে নিযুক্ত করিলেন।

তাঁহারা পরস্পর আপনং সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্তির কথা জ্ঞাত করিলে ও তাহা যথানিয়ম প্রকাশ হইলে, তাঁহারা নিম্নলিখিত প্রকরণে সম্মত হইলেন।

১। প্রথম প্রকরণ।

ফ্রান্সীযদের গবর্ণমেণ্ট নিম্নভাগের নির্দ্ধারিত নিয়মমতে ফ্রান্সীযদের উপনিবেশে পাঠাইবার জন্যে গ্রেট ব্রিটনের অধীন ভারতবর্ষ দেশীয় মজুরদিগকে সংগ্রহ করিতে ও তাহারদিগের সঙ্গে করার করিতে পারিবেন ও ভারতবর্ষের মধ্যে ব্রিটনীয়দের কি ফ্রান্সীযদের যেং বন্দর থাকে সেইং বন্দরে ব্রিটনীয় শ্রীশ্রীমতী মহারাণীর প্রজা কোনং লোকদিগকে মজুরস্বরূপে জাহাজে প্রেরণ করিতে পারিবেন।

২। দ্বিতীয় প্রকরণ।

লোক সংগ্রহ করিবার প্রত্যেক সদর স্থানে ফ্রান্সীয় গবর্ণমেণ্ট আপনার ঐ কার্য্যের তত্ত্বাবধারণের ভার আপনার মনোনীত কোন এজেণ্ট সাহেবের প্রতি অর্পণ করিবেন।

ঐ এজেণ্ট সাহেবদিগকে ব্রিটনীয় গবর্ণমেণ্টের অনুমোদন করা আবশ্যক।

ব্রিটনীয় গবর্ণমেণ্টদ্বারা ঐ নিয়োগ অনুমোদন হইলে তাহা ক্ষমতাদি দিবার ও রহিত করিবার স্বত্বাদি বিষয়ে কনসলর এজেণ্ট সাহেবদিগকে দত্ত এক্সিকোটর নামক পত্রের তুল্য হইবে।

৩। তৃতীয় প্রকরণ।

ব্রিটনীয়দের উপনিবেশে পাঠাইবার জন্যে মজুরদিগকে সংগ্রহ করিবার যে সকল বিধান এখন আছে কি ইহার পরে প্রণীত হইবে সেই সকল বিধানানুসারে ঐ সংগ্রহ করিবার কার্য্য চলিবে।

৪। চতুর্থ প্রকরণ।

ব্রিটনীয় উপনিবেশের নিমিত্ত লোক সংগ্রহ করিবার এজেণ্ট সাহেবদিগের কর্ম্মের সুবিধা করিবার যে সকল উপায় ও ক্ষমতা দেওয়া গিয়াছে ফ্রান্সীয় এজেণ্ট সাহেবের প্রতি

and advantages afforded to the Recruiting Agents for British Colonies.

ARTICLE V.

The Government of Her Britannic Majesty shall appoint n those British Ports where Emigrants may be embarked, an Agent who shall be specially charged with the care of their interests.

In French Ports the same duty with regard to Indian subjects of Her Britannic Majesty shall be confided to the British Consular Agent.

Under the term "Consular Agents" are comprised Consuls, Vice-Consuls, and all other Commissioned Consular Officers.

ARTICLE VI.

No Emigrant shall be embarked unless the Agent described in the preceding Article shall have been enabled to satisfy himself, either that the Emigrant is not a British subject or, if a British subject, that his engagement is voluntary, that he has a perfect knowledge of the nature of his contract, of the place of his destination, of the probable length of his voyage, and of the different advantages connected with his engagement.

ARTICLE VII.

The contracts of service, with the exception provided for by section 4 of Article IX, and by section 2 of Article X shall be made in India, and shall either bind the Emigrant to serve a person designated by name, or to serve a person to whom he shall be allotted by the proper authority on his arrival in the Colony.

ARTICLE VIII.

The contracts shall, moreover, make stipulation for :—

1. The duration of the engagement, at the expiration of which the Emigrant shall receive a return-passage to India at the expense of the French Government, and the terms on which it will be competent to him to abandon or renounce his right to a free return-passage.

2. The number of days and hours of work.

3. The wages and rations, as well as the rate of payment for extra work, and all the advantages promised to the Emigrant.

4. Gratuitous medical treatment for the Emigrant, except in cases where, in the opinion of the proper Government officer, his illness shall have arisen from his own misconduct.

In every contract of engagement there shall be inserted an exact copy of Articles IX, X, XX and XXI of the present Convention.

ARTICLE IX.

1. The duration of the Immigrant's engagement shall not be more than five years. In case, however, he shall be duly proved to have absented himself from work, he shall be bound to serve a number of days equal to the time of his absence.

লোক সংগ্রহ করিবার যে কার্য্যের ভার দেওয়া যায় তাহার সম্পর্কে ঐ এজেণ্ট সাহেবের ও তিনি যে সকল লোককে নিযুক্ত করেন তাঁহারদের কর্ম্মের সুবিধা করিবার সেই সকল উপায় ও ক্ষমতা দেওয়া যাইবে।

৫। পঞ্চম প্রকরণ।

ব্রিটনীয় যে২ বন্দরে মজুরদের জাহাজে উঠিতে হইবে সেই২ বন্দরে ব্রিটনীয় শ্রীশ্রীমতী মহারাণীর গবর্ণমেণ্ট এক২ জন এজেণ্টকে নিযুক্ত করিবেন। তাঁহার প্রতি বিশেষমতে ঐ মজুরদের হিতজনক বিষয়ে মনোযোগ করিবার ভার অর্পণ হইবে।

ফ্রান্সীয় বন্দরে ব্রিটনীয় শ্রীশ্রীমতী মহারাণীর ভারতবর্ষীয় প্রজারদের বিষয়ে ঐ কর্ম্মের ভার ব্রিটনীয় কনসুলর এজেণ্ট সাহেবের প্রতি অর্পণ হইবে।

"কনসুলর এজেণ্ট" এই শব্দেতে সকল কনসল সাহেবকে ও বৈস কনসল সাহেবকে ও সনদপ্রাপ্ত অন্য সকল কনসুলর কার্য্যকারক সাহেবদিগকে বুঝাইবে।

৬। ষষ্ঠ প্রকরণ।

কোন মজুর ব্রিটনীয় প্রজা নহে কিম্বা ব্রিটনীয় প্রজা হইলেও স্বেচ্ছামতে ঐ কর্ম্ম লইবার করার করিয়াছে ও সেই করারের ভাব ও যে স্থানে তাহার যাইতে হইবে ও তথায় পঁহুছিতে যত দিন লাগিতে পারে ও সেই করার সম্পর্কে যে নানা প্রকারের লাভ হয় এই সকল কথা সে সম্পূর্ণরূপে বুঝিয়াছে এই২ বিষয় যদি ইহার পূর্ব্বের প্রকরণের নির্দ্দিষ্ট এজেণ্ট সাহেব সন্তোষমতে জানিতে না পান তবে সেই মজুরকে জাহাজে উঠাইয়া দেওয়া যাইবে না।

৭। সপ্তম প্রকরণ।

৯ প্রকরণের ৪ দফায় ও ১০ প্রকরণের ২ দফার লিখিত স্থল ভিন্ন অন্যান্য স্থলে কর্ম্ম করিবার ঐ করার ভারতবর্ষে করিতে হইবে। ও যে সাহেবের নিকটে মজুরের চাকরী করিতে হইবে তাহার নাম লেখা হইয়া তাহার নিকটে, কিম্বা উপনিবেশে পঁহুছিলে উপযুক্ত কর্ম্মকারক সাহেব তাহাকে যে সাহেবের নিকটে চাকরী করিতে নিযুক্ত করেন সেই সাহেবের নিকটে চাকরী করিতে ঐ মজুর সেই করারমতে বদ্ধ হইবে।

৮। অষ্টম প্রকরণ।

আরো ঐ চুক্তিপত্রে এই২ বিষয়ের নিয়ম থাকিবে।

১। ঐ করার যত দিন প্রবল থাকিবে ও সেই কাল গত হইলে পর ঐ মজুর ফ্রান্সীয় গবর্ণমেণ্টের খরচে ভারতবর্ষে ফিরিয়া আসিতে পাইবে ইহার নিয়ম ও যে নিয়মমতে ঐ মজুর বিনা খরচে ভারতবর্ষে ফিরিয়া আসিবার স্বত্ব ত্যাগ করিতে পারিবে সেই নিয়ম।

২। যত দিন ও যত ঘণ্টা করিয়া কর্ম্ম করিতে হইবে তাহার নিয়ম

৩। যত বেতন ও আহারের যত দ্রব্য পাইবে ও উপরি কর্ম্ম করিলে যে হিসাবে পারিশ্রমিক পাইবে ও মজুরের যে সকল উপকার প্রভৃতির প্রতিজ্ঞা করা যায় তাহার নিয়ম।

৪। মজুরের পীড়া হইলে গবর্ণমেণ্টের উপযুক্ত কার্য্যকারক সাহেব যদি বোধ করেন যে ঐ মজুরের নিজ কোন অত্যাচার দ্বারা পীড়া হয় নাই, তবে তাহার বিনাখরচে চিকিৎসা হইবার নিয়ম।

কর্ম্ম করিবার প্রত্যেক চুক্তিপত্রে এই সন্ধিপত্রের ৯ ও ১০ ও ২০ ও ২১ প্রকরণের যথার্থ প্রতিলিপি লেখা থাকিবে।

৯। নবম প্রকরণ।

১। মজুরের পাঁচ বৎসরের অধিক কাল কর্ম্ম করিবার করার থাকিবে না। কিন্তু সে আপন কর্ম্মেতে কোন সময়ে অনুপস্থিত হইয়াছে ইহার উপযুক্ত প্রমাণ হইলে সে যত দিন অনুপস্থিত ছিল তাহার করারের অধিক তত দিন কর্ম্ম করিতে হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭১। ১০ জানুআরি।]

2. At the expiration of that period, every Indian who shall have attained the age of ten years at the time of his departure from India, shall be entitled to a return-passage at the expense of the French Government.

3. If he can show that his conduct has been regular, and that he has the means of subsistence, he may be allowed to reside in the Colony without any engagement; but from that time he will lose his right to a free return-passage.

4. If he consents to contract a new engagement, he will be entitled to a bounty, and will retain his right to a return-passage at the expiration of this second engagement.

The right of the Immigrant to a return-passage extends to his wife, and to his children who quitted India under the age of ten years, as well as to those born in the Colonies.

Article X.

The Immigrant shall not be bound to work more than six days in seven nor more than nine hours and a half a day.

The conditions of task-work and every other kind of regulation for work, shall be freely arranged with the labourer. The obligation to provide, on holidays, for the care of animals and the necessities of daily life, shall not be considered as work.

Article XI.

In British Ports, the arrangements which precede the departure of the Emigrants shall be conformable to those prescribed by the regulations for the British Colonies.

In French Ports, the Emigration Agent or his deputies shall, on the departure of every Emigrant ship, deliver to the British Consular Agent a nominal list of the Emigrants who are subjects of Her Britannic Majesty, with a description of their persons, and shall also communicate to him the contracts of which he may require copies.

In such case, only one copy shall be given of all contracts of which the provisions are identical.

Article XII.

In the Ports of embarkation, the Emigrants who are subjects of Her Britannic Majesty shall be at liberty, conforming to the regulations of Police relative to such establishments, to leave the depôts, or other place in which they may be lodged, in order to communicate with the British Agents, who, on their part, may at any reasonable hour visit the places in which the Emigrants, subjects of Her Britannic Majesty, are collected or lodged.

Article XIII.

Emigrants may leave India for the Colonies to the East of the Cape of Good Hope at all times of the year.

For other Colonies they may leave only from the first of August to the fifteenth of March. This arrangement applies only to sailing vessels; vessels using steam-power may leave at any time of the year.

Every Emigrant sailing from India for the Antilles between the first of March and the fifteenth of September

২। কর্ম্ম করিবার সেই কাল গত হইলে ভারতবর্ষীয় যে প্রত্যেক জনের ভারতবর্ষহইতে যাত্রা করিবার সময়ে দশ বৎসর বয়স ছিল ফ্রান্সীয় গবর্ণমেণ্টের খরচে তাহার ফিরিয়া আসিবার স্বত্ব থাকিবে।

৩। কোন মজুর নিয়মিতরূপ আচার করিয়াছে ও তাহার ভরণপোষণের সঙ্গতি আছে ইহা দেখাইতে পারিলে অন্য করার না করিয়া তাহার সেই উপনিবেশে থাকিবার অনুমতি হইতে পারিবে। কিন্তু তদবধি তাহার বিনাখরচে ফিরিয়া আসিবার স্বত্ব রহিত হইবে।

৪। ঐ মজুর নূতন করার করিতে স্বীকার করিলে পারিতোষিক পাইবে। ও সেই দ্বিতীয় করারের মিয়াদ গত হইলে তাহার বিনাখরচে ফিরিয়া আসিবার স্বত্ব থাকিবে।

মজুরের বিনাখরচে ফিরিয়া আসিবার যে স্বত্ব আছে স্ত্রীর উপর ও ভারতবর্ষহইতে চলিয়া যাইবার সময়ে তাহার যে সকল সন্তানের দশ বৎসরের ন্যূন বয়স ছিল ও তাহার যে সকল সন্তান ঐ উপনিবেশে জন্মিয়াছে তাহারদের উপরও সেই স্বত্ব বর্ত্তিবে।

১০। দশম প্রকরণ।

মজুর সপ্তাহে ছয় দিনের অধিক কিম্বা দিনে সাড়ে নয় ঘণ্টার অধিক কর্ম্ম করিতে বদ্ধ হইবে না।

কর্ম্মের নিয়ম ও কর্ম্মের অন্য সকল বিধি মজুরের সঙ্গে তাহার সম্মতিমতে স্থির করা যাইবে। কিন্তু ছুটীর দিনে গোমেষাদি জীব জন্তুর সেবা ও প্রতিদিনের আবশ্যক কর্ম্ম করা কর্ম্মের মধ্যে গণ্য হইবে না।

১১। একাদশ প্রকরণ।

ব্রিটনীয় বন্দরে মজুরদের যাত্রা করিবার পূর্ব্বে যে সকল নিয়ম করা যায় তাহা ব্রিটনীয় উপনিবেশের নির্দ্দিষ্ট বিধিমতে হইবে।

ফ্রান্সীয় বন্দরে দেশান্তরগমনসম্পর্কীয় এজেণ্ট কি তাঁহার ডেপুটীগণ মজুরদের জাহাজের গমনকালে তন্মধ্যে যত জন ব্রিটনীয় শ্রীশ্রীমতী মহারাণীর প্রজা হয় তত জনের নামের ও চেহারাপ্রভৃতির ফর্দ্দ ব্রিটনীয় কনসলের এজেণ্ট সাহেবকে দিবেন ও তিনি চুক্তির প্রতিলিপি চাহিলে তাহাও তাঁহাকে দিবেন।

এমত স্থলে যে সকল চুক্তিপত্রের নিয়ম একি প্রকারের হয় তাহার কেবল একং খান প্রতিলিপি দিতে হইবে।

১২। দ্বাদশ প্রকরণ।

যে বন্দরে মজুরদের জাহাজে উঠিতে হইবে সেই বন্দরে বিদেশ গমনকারি যে লোকেরা ব্রিটনীয় শ্রীশ্রীমতীমহারাণীর প্রজা হয় তাহারা আপনারদের থাকিবার স্থানের পোলীসসম্পর্কীয় সকল বিধান মানিয়া আপনাদের আড্ডা কিম্বা থাকিবার অন্য স্থান ছাড়িয়া ব্রিটনীয় এজেণ্ট সাহেবকে কোন কথা জানাইবার জন্যে তাঁহার নিকট যাইতে পারিবে ও বিদেশগমনকারি যে লোকেরা ব্রিটনীয় শ্রীশ্রীমতী মহারাণীর প্রজা হয় তাহারা যেং স্থানে একত্র থাকে কি বাস করে ব্রিটনীয় এজেণ্ট সাহেব উপযুক্ত কোন সময়ে সেইং স্থানে গিয়া দেখিতে পারিবেন।

১৩। ত্রয়োদশ প্রকরণ।

উত্তমাশাঅন্তরীপের পূর্ব্বদিকস্থ উপনিবেশ গমনকারিরা বৎসরের যে সময়ে হউক ভারতবর্ষহইতে তথায় যাইতে পারিবে।

অন্যান্য উপনিবেশে যাইতে হইলে তাহারা আগষ্ট মাসের ১ তারিখ অবধি মার্চ মাসের ১৫ তারিখপর্য্যন্ত কোন সময়ে যাইতে পারিবে অন্য সময়ে নয়। এই নিয়ম কেবল পালের জাহাজের উপর খাটে কিন্তু কলের জাহাজ বৎসরের যে সময়ে হউক যাইতে পারিবে।

যে মজুরেরা মার্চ মাসের ১ তারিখের ও সেপ্টেম্বর মাসের ১৫ তারিখের মধ্য কোন সময়ে ভারতবর্ষহইতে আণ্টিলিস

shall receive at least one double blanket over and above the clothing usually allowed to him, and may make use of it so long as the vessel is outside of the Tropics.

Article XIV.

Every Emigrant vessel must carry an European Surgeon and an Interpreter.

The Captains of Emigrant vessels shall be bound to take charge of any despatch which may be delivered to them by the British Agent at the Port of embarkation for the British Consular Agent at the Port of destination and to deliver it to the Colonial Government immediately after his arrival.

Article XV.

In every vessel employed for the conveyance of Emigrants subjects of Her Britannic Majesty, the Emigrants shall occupy, either between decks, or in cabins on the upper deck firmly secured and entirely covered in, a space devoted to their exclusive use. Such cabins and space between decks shall in every part have a height of not less than five feet and a half.

No compartment shall take more than one adult Emigrant for every cubic space of seventy-two feet in the Presidency of Bengal and at Chandernagore, and for every cubic space of sixty feet in other French Ports, and in the Presidencies of Bombay and Madras.

An Emigrant above the age of ten years shall count as an adult, and two children from one to ten years of age shall count as one adult.

A place shall be fitted up for a hospital in every Emigrant ship.

Women and children shall occupy compartments of the vessel distinct and separate from those of the men.

Article XVI.

Each shipment of Emigrants shall include a proportion of women equal to at least one-fourth of the number of men. After the expiration of three years, the numerical proportion of women shall be raised to one-third; after two years more, it shall be raised to one-half; and after a further period of two years, the proportion shall be the same as may be fixed for the British Colonies.

Article XVII.

The British Agents at the embarkation shall have, at all reasonable times, the right of access to every part of the ship which is appropriated to the use of Emigrants.

Article XVIII.

The Governors of the French establishments in India shall make such administrative regulations as may be necessary to ensure the complete execution of the preceding stipulations.

[গবর্ণমেন্ট গেজেট । ১৮৭১ । ১০ জানুয়ারি ।]

নামক উপদ্বীপে যায় তাহাদিগকে রীতিমতে যে সকল বস্ত্র দেওয়া গিয়া থাকে তদ্ভিন্ন দোহারা একং খান কম্বল দেওয়া যাইবে ও সমুদ্রে ট্রোপিক নামক স্থানের সীমার বাহিরে যত দিন থাকে তত দিন তাহারা সেই কম্বল ব্যবহার করিতে পারিবে।

১৪। চতুর্দ্দশ প্রকরণ।

মজুরদের যাইবার প্রত্যেক জাহাজে এক জন ইউরোপীয় ডাক্তর ও এক জন দোভাষী থাকিবেন।

মজুরদের জাহাজ যে বন্দরহইতে যাত্রা করে সেই বন্দরের ব্রিটনীয় এজেন্ট সাহেব ঐ জাহাজ যে বন্দরে যাইবে সেই বন্দরের ব্রিটনীয় কনসুলর এজেন্ট সাহেবের নামে যে পত্রাদি দেন ঐ জাহাজের কাপ্তান সাহেবের সেই পত্রাদি অবশ্য লইতে হইবে ও পঁহুছিলেই উপনিবেশের গবর্ণমেণ্টের নিকটে তাঁহার সেই পত্র দিতে হইবে।

১৫। পঞ্চদশ প্রকরণ।

যে মজুরেরা ব্রিটনীয় শ্রীশ্রীমতী মহারাণীর প্রজা হয় তাহারদিগকে লইয়া যাইবার যে সকল জাহাজ নিযুক্ত থাকে সেই জাহাজের দুই তুতকের মধ্য কোন স্থান কি তুতকের উপর কএক কুঠরী সেই মজুরদের ব্যবহারের নিমিত্তে নিরূপণ থাকিবে। ও সেই স্থান অতিদৃঢ় করিয়া আঁটা যাইবে ও চারি দিগে আবৃত থাকিবে। ঐ২ কুঠরী ও তুতকের মধ্যের ঐ২ স্থান কোন ভাগে সাড়ে পাঁচ ফুটের কম উচ্চ হইবে না।

বাঙ্গলা দেশ ও চন্দননগরহইতে যে মজুরেরা যাইবে তাহারদের বয়ঃপ্রাপ্ত প্রত্যেক জনের থাকিবার স্থানের পরিমাণ ঘন সর্ব্বসুদ্ধ বাহাত্তর ফুটের কম হইবে না। ও ফ্রান্সীয়দের অন্যান্য বন্দর ও বোম্বাই ও মান্দ্রাজ দেশহইতে যাহারা যাইবে তাহারদের প্রত্যেক জনের থাকিবার স্থানের পরিমাণ সর্ব্বসুদ্ধ ঘন ষাইট ফুটের কম হইবে না।

দশ বৎসরের যে লোক বিদেশে যায় সে বয়ঃপ্রাপ্ত মজুরের তুল্য গণ্য হইবে ও যাহারদের এক বৎসরঅবধি দশ বৎসরপর্য্যন্ত বয়স হয় এমত দুই জন বয়ঃপ্রাপ্ত এক জনের তুল্য গণ্য হইবে।

মজুরদের যাইবার প্রত্যেক জাহাজে পীড়িত লোকদের জন্যে হাসপাতাল বলিয়া এক স্থান সাজান থাকিবে।

পুরুষেরা জাহাজের যে২ স্থানে থাকে স্ত্রীরা ও ছেলেরা তাহার স্বতন্ত্র স্থানে থাকিবে।

১৬। ষোড়শ প্রকরণ।

মজুরেরা জাহাজে গেলে পুরুষ যত জন যাইবে তাহার সিকি ভাগের কম স্ত্রীলোক যাইবে না। তিন বৎসরের পর ঐ সংখ্যা বৃদ্ধি হইয়া যত জন পুরুষ যায় তাহার তিন ভাগের এক ভাগ স্ত্রীলোক যাইবে। তৎপরে দুই বৎসর গত হইলে যত জন পুরুষ তাহার অর্দ্ধেক স্ত্রীলোক যাইবে। আর দুই বৎসরের পর ব্রিটনীয় উপনিবেশে পুরুষের সংখ্যা বুঝিয়া যত জন স্ত্রীলোক যাইবার নিরূপণ আছে তত জন যাইতে পারিবে।

১৭। সপ্তদশ প্রকরণ।

মজুরেরা যে স্থানে জাহাজে উঠে সেই স্থানের ব্রিটনীয় এজেন্টরা জাহাজের যে ভাগ মজুরদের নিমিত্তে নিরূপণ আছে সেই ভাগে উপযুক্ত কোন সময়ে যাইতে পারিবেন।

১৮। অষ্টাদশ প্রকরণ।

ভারতবর্ষে ফ্রান্সীয়দের মোকামের গবর্ণর সাহেবেরা পূর্ব্বলিখিত সকল নিয়ম যাহাতে সম্পূর্ণরূপে সফল হয় এমত বিধান করিবেন।

ARTICLE XIX.

On the arrival of an Emigrant ship in any French Colony, the Government shall cause to be transmitted to the British Consular Agent any despatches which it may have received for him, together with—

1. A nominal list of all labourers disembarked who are subjects of Her Britannic Majesty.

2. A list of the deaths or births which may have taken place during the voyage.

The Colonial Government shall take the necessary measures to enable the British Consular Agent to communicate with the Emigrants before their distribution in the Colony.

A copy of the "List of distribution" shall be delivered to the Consular Agent.

He shall be informed of all deaths and births which may occur during the period of engagement, as well as of all changes of employer, and of all departures on a return-passage.

Every fresh engagement, or [illegible] of renunciation of the right to a free return-passage, sh[illegible] be communicated to the Consular Agent.

ARTICLE XX.

All Immigrants, being subjects of Her Britannic Majesty, shall, in the same manner as other subjects of the British Crown, and conformably to the ordinary rules of international law, enjoy, in the French Colonies, the right of claiming the assistance of the British Consular Agents; and no obstacle shall be opposed to the labourer's resorting to the Consular Agent and communicating with him; without prejudice, however, to the obligations arising out of his engagement.

ARTICLE XXI.

In the distribution of labourers no husband shall be separated from his wife, nor any father or mother from their children under fifteen years of age. No labourer shall be required to change his employer without his own consent, unless he be transferred to the Government, or to the person who has acquired the property on which he is employed.

Immigrants who may become permanently incapable of work, either by sickness or by any other cause beyond their own control, shall be sent back at the expense of the French Government, whatever time may still be wanting to entitle them [illegible] free return-passage.

ARTICLE XXII.

All operations of immigration may be carried on in the French Colonies by French or British vessels without distinction.

British vessels which may engage in those operations shall be bound to conform to all the measures of Police, health, and equipment which may apply to French vessels.

[*Government Gazette*, 10*th January* 1871.]

১৯। ঊনবিংশ প্রকরণ।

ফ্রান্সীয়দের উপনিবেশে মজুরদের জাহাজ পঁহুছিলে বৃটনীয় কনস্থলর এজেন্ট সাহেবের নামে যে সকল পত্রাদি থাকে তাহা ঐ এজেন্ট সাহেবের নিকটে ঐ গবর্ণমেন্টের পাঠাইতে হইবে ও তাহার সঙ্গে এই২ নির্ঘণ্টপত্রও পাঠান যাইবে অর্থাৎ

১। যে মজুরেরা বৃটনীয় শ্রীশ্রীমতী মহারাণীর প্রজা হয় এমত যত জন জাহাজহইতে নামে তাহারদের নামের নির্ঘণ্ট।

২। ঐ স্থানে যাইবার পথে যত জন মরিয়াছে ও যত সন্তানের জন্ম হয় তাহারদের নির্ঘণ্ট।

মজুরদিগকে উপনিবেশের ভিন্ন২ স্থানে পাঠান যাইবার অগ্রে বৃটনীয় কনস্থলর এজেন্ট সাহেব তাহারদের সঙ্গে কথা কহিতে পারেন ঐ উপনিবেশের গবর্ণমেন্ট এমত আবশ্যক সকল উপায় করিবেন।

যাহাদিগকে যে২ স্থানে পাঠান যায় তাহার নির্ঘণ্টের প্রতিলিপি কনস্থলর এজেন্ট সাহেবকে দেওয়া যাইবে।

[illegible] মিয়াদের মধ্যে যত সন্তানের জন্ম হয় ও মুনিবের [illegible] মৃত্যু হয় ও যত জন মজুর ভারতবর্ষে ফিরিয়া আইসে এই সকল কথার স[illegible] [illegible] জানাই-তে হইবে।

কোন মজুর নূতন করার করিলে কিম্বা ভারতবর্ষে বিন খরচে ফিরিয়া আসিবার স্বত্ব ত্যাগ করিলে সেই কথ কনস্থলর এজেন্ট সাহেবকে জ্ঞাত করা যাইবে।

২০। বিংশ প্রকরণ।

ফ্রান্সীয় উপনিবেশে ব্রিটনীয় শ্রীশ্রীমতী মহারাণীর প্রজা যে সকল মজুর যায় তাহারা ব্রিটনীয় রাজ্যের অন্যান্য প্রজার ন্যায় ও ভিন্ন দেশের পরস্পর চলিত সাধারণ বিধিমতে ব্রিটনীয় কনস্থলর এজেন্ট সাহেবের সাহায্য পাইবার দাওয়া করিতে পারিবে। ও কনস্থলর এজেন্ট সাহেবের নিকটে মজুরের যাইবার ও তাহার সঙ্গে কথা কহিবার কিছু বাধা দিতে হইবে না কিন্তু ঐ মজুরের উপর করারমতে যে সকল ঝুঁকি থাকে তাহার কোন ব্যাঘাত না হয়।

২১। একবিংশ প্রকরণ।

মজুরদিগকে ভিন্ন২ স্থানে পাঠাইলে স্বামি স্ত্রীকে পৃথক করিতে হইবে না ও পনেরো বৎসরের কম বয়সের সন্তান দিগকে পিতামাতাহইতে স্বতন্ত্র করিতে হইবে না, কোন মজুর নিজে রাজী না হইলে তাহাকে এক মুনিব ছাড়িয়া অন্য মুনিবের নিকটে চাকরী করিতে পাঠাইতে হইবে না কেবল যদি তাহাকে হস্তান্তর করিয়া গবর্ণমেন্টের নিকটে সমর্পণ করা যায় কিম্বা ঐ মজুর যে কুঠীতে কর্ম্ম করে তাহা যদি অন্য মুনিবের হস্তগত হয়, তবে তাহার রাজী হওয়ার অপেক্ষা নাই।

কোন মজুর পীড়াপ্রযুক্ত কিম্বা অনিবার্য্য অন্য কারণে কর্ম্ম করিতে একেবারে অক্ষম হইলে যত দিন কর্ম্ম করিলে পর তাহার বিনাখরচে ভারতবর্ষে ফিরিয়া যাইবারস্বত্ব থাকে তত দিন অতীত হইবার যত কাল বাকী থাকুক তাহাকে ফ্রান্সীয় গবর্ণমেন্টের খরচে ফিরিয়া পাঠান যাইবে।

২২। দ্বাবিংশ প্রকরণ।

ফ্রান্সীয় উপনিবেশে মজুরদের যাওয়া ফ্রান্সীয় কি ব্রিটনীয় জাহাজে হইতে পারিবে। ইহাতে কিছু বিশেষ মানিতে হইবে না।

ব্রিটনীয় যে সকল জাহাজ ঐ কর্ম্মে নিযুক্ত হয় ফ্রান্সীয় জাহাজের উপর পোলীসসম্পর্কীয় ও মজুরদের স্বাস্থ্যের ও বস্ত্রাদি দেওয়ার বিষয়ে যে সকল বিধি খাটে সেই ব্রিট-নীয় জাহাজেও সেই সকল বিধি মানিতে হইবে।

ARTICLE XXIII.

The labour-regulations of Martinique shall serve as the basis for all the regulations of the French Colonies into which Indian Emigrants, subjects of Her Britannic Majesty, may be introduced.

The French Government engages not to introduce into those regulations any modification, the result of which would be to place the said Indian subjects in an exceptional position, or to impose upon them conditions of labour more stringent than those prescribed by the said regulations.

২৩। ত্রয়োবিংশ প্রকরণ।

মার্টিনীক নামক স্থানে কর্ম্ম করিবার যে সকল বিধান আছে সেই বিধান ব্রিটনীয় শ্রীশ্রীমতী মহারাণীর প্রজা ভারতবর্ষীয় যে সকল মজুরকে ফ্রান্সীয় কোন উপনিবেশে পাঠান যায় তাহারদের কর্ম্মের বিধানের মূল হইবে।

ফ্রান্সীয় গবর্ণমেণ্ট এই প্রতিজ্ঞা করিতেছেন যে, উক্ত ভারতবর্ষীয় প্রজারা যাহাতে বিধির বর্হির্ভূত অবস্থায় থাকিতে পারে কিম্বা উক্ত বিধানেতে শ্রম করিবার যে নিয়ম আছে তাহাহইতে আরো কঠিন নিয়ম যাহাতে হয় এমতে উক্ত বিধানের কোন কথার মতান্তর করা যাইবে না।

ARTICLE XXIV.

The present Convention applies to emigration to the Colonies of Ré-union, Martinique, Guadeloupe and its dependencies, and Guiana.

It may hereafter be applied to immigration to other Colonies in which British Consular Agents shall be established.

২৪। চতুর্ব্বিংশ প্রকরণ।

রিইউনিয়ন ও মার্টিনীক ও গাডিলুপ ও তদধীন স্থানে ও গয়ানা নামক উপনিবেশে যাইবার বিষয়ে এই সন্ধি খাটিবে।

ইহার পরে অন্য২ যে২ উপনিবেশে ব্রিটনীয় কনসুলর এজেণ্টেরা নিযুক্ত থাকেন সেই২ স্থানে যাইবার বিষয়ে খাটান যাইতে পারিবে।

...conveyance of Emigrants ... Majesty, the Emigrants shall occupy, either between decks, or in cabin...

ARTICLE XXV.

The provisions of the present Convention relative to the Indian subjects of Her Britannic Majesty shall apply to the Natives of every Indian State which is under the protection or political control of Her said Majesty, or of which the Government shall have acknowledged the supremacy of the British Crown.

২৫। পঞ্চবিংশ প্রকরণ।

ব্রিটনীয় শ্রীশ্রীমতী মহারাণীর ভারতবর্ষীয় প্রজাদের বিষয়ে এই সন্ধিপত্রের যে সকল নিয়ম হইয়াছে তাহা উক্ত শ্রীশ্রীমতীর আশ্রিত কি রাজনীতিঘটিত কর্ত্তৃত্বাধীন ভারতবর্ষীয় প্রত্যেক রাজ্যের লোকদের কিম্বা যে কোন দেশের কর্ত্তৃপক্ষেরা ব্রিটনীয় রাজ্যের নিকটে আয়ত্ত স্বীকার করেন সেই সকল দেশের লোকদের উপরও খাটিবে।

ARTICLE XXVI.

The present Convention shall begin to take effect on the first of September 1861, and shall continue in full force for three years and a half. It shall remain in full force, if notice for its termination be not given in the course of the month of September of the third year, and then notice can be given only in the course of the month of September of each succeeding year.

In case of notice being given for its termination, it shall cease eighteen months afterwards.

Nevertheless the Governor General of British India in Council shall, in conformity with the Act of the 19th of September, 1856, relative to immigration to British Colonies, have the power to suspend at any time emigration to any one or more of the French Colonies, in the event of his having reason to believe that in any such Colony proper measures have not been taken for the protection of the emigrants immediately upon their arrival or during their residence therein, or for their safe return to India, or to provide a return-passage to India for any such emigrants at or about the time at which they are entitled to such return-passage.

In case, however, the power thus reserved to the Governor General of British India should at any time be exercised, the French Government shall have the right immediately to terminate the whole Convention, if they should think proper to do so.

But in the event of the determination of the present Convention, from whatever cause, the stipulations relative to Indian subjects of Her Britannic Majesty introduced into the French Colonies shall be maintained in force in favour of the said Indian subjects, until they shall either have

২৬। ষড়বিংশ প্রকরণ।

এই সন্ধি ১৮৬১ সালের ১ সেপ্টেম্বর তারিখঅবধি প্রচলিত হইয়া সাড়ে তিন বৎসরপর্য্যন্ত সম্পূর্ণরূপে বলবৎ থাকিবে। তৃতীয় বৎসরের সেপ্টেম্বর মাসের মধ্যে তাহা রহিত হইবার জ্ঞাপনপত্র দেওয়া না গেলে তাহা প্রবল থাকিবে ও তৎপর বৎসরের সেপ্টেম্বর মাসের পূর্ব্বে তাহার রহিত হইবার জ্ঞাপনপত্র প্রকাশ হইতে পারিবে না। কোন বৎসরের সেপ্টেম্বর মাসে যদি ঐরূপ জ্ঞাপনপত্র প্রকাশ না হয়, তবে তাহার পর বৎসরের সেপ্টেম্বর মাসের পূর্ব্বে হইতে পারিবে না।

রহিত হইবার সম্বাদ দেওয়া গেলে পর আঠারো মাস বাদে তাহা রহিত হইবে।

পরন্তু ফ্রান্সীয়দের কোন উপনিবেশে মজুরেরা পঁহুছিলেই কিম্বা তথায় তাহারদের বাস করণকালে তাহারদের সুরক্ষার কিম্বা ভারতবর্ষে তাহারদের নিরাপদে ফিরিয়া আসিবার নিমিত্ত কিম্বা যে সময়ে ফিরিয়া আসিবার অধিকার থাকে সেই সময়ে কি তাহার কিঞ্চিৎ পূর্ব্বে কি পরে তাহারদের ফিরিয়া আসিবার জাহাজাদির উপযুক্ত নিয়ম হয় নাই মন্ত্রিসভাধিষ্ঠিত ব্রিটনীয় ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব এমত বোধ করিবার কারণ জানিলে ব্রিটনীয় উপনিবেশে মজুরদের গমনবিষয়ি ১৮৫৬ সালের ১৯ সেপ্টেম্বর তারিখের আইনঅনুসারে কার্য্য করিয়া কোন সময়ে ফ্রান্সীয়দের উক্ত কোন এক কি অধিক উপনিবেশে মজুরদের গমন করা স্থগিত করিতে ক্ষমতাপন্ন হইবেন।

"কিন্তু ব্রিটনীয় ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কোন সময়ে উক্ত প্রকারের প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিলে ফ্রান্সীয় গবর্ণমেণ্ট এই সন্ধি সম্পূর্ণরূপে রহিত করা উপযুক্ত জ্ঞান করিলে তৎক্ষণাৎ রহিত করিতে পারিবেন।

পরন্তু এই সন্ধি কোন কারণে রহিত হইলে ব্রিটনীয় শ্রীশ্রীমতী মহারাণীর ভারতবর্ষীয় যে প্রজারা ফ্রান্সীয়দের উপনিবেশে প্রেরিত হইয়াছে তাহাদিগকে যত কাল আপনাদের দেশে ফিরিয়া পাঠান না যায় তত কাল কিম্বা ভারতবর্ষে বিনা ব্যয়ে ফিরিয়া আসিবার অধিকার ত্যাগ

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭১। ১০ জানুআরি।]

been sent back to their own country, or have renounced their right to a return-passage to India.

ARTICLE XXVII.

The present Convention shall be ratified, and the ratifications shall be exchanged at Paris in four weeks, or sooner if possible.

In witness whereof the respective Plenipotentiaries have signed the same, and have affixed thereto the seals of their arms.

Done at Paris, the 1st day of July, in the year of our Lord one thousand eight hundred and sixty one.

(L. S.) COWLEY.
(L. S.) THOUVENEL.

ADDITIONAL ARTICLE.

His Majesty the Emperor of the French having stated that, in consequence of the order which he gave long ago that no more African Emigrants should be introduced into the Island of Réunion, that Colony has, since last year, had to obtain labourers from India and China, and Her Britannic Majesty having, by a Convention signed on the 25th of July 1860, between Her Majesty and His Majesty the Emperor of the French, authorized the Colony of Réunion to recruit six thousand labourers in her Indian possessions, it is agreed that the Convention of this date shall take effect forthwith, with regard to the said Colony of Réunion.

The present Additional Article shall have the same force and validity as if it were inserted, word for word, in the Convention signed this day. It shall be ratified, and the ratifications shall be exchanged at the same time as those of the Convention.

In witness whereof the respective Plenipotentiaries have signed the same, and have affixed thereto the seals of their arms.

Done at Paris, the 1st of July 1861.

(L. S.) COWLEY.
(L. S.) THOUVENEL.

STATEMENT OF OBJECTS AND REASONS.

This Bill forms part of the scheme for consolidating the Acts and Regulations, the execution of which commenced in 1867, has since been steadily progressing, and is now being actively carried out. It consolidates the five Acts in which the law on the subject of cooly emigration is contained. The opportunity has been taken to improve, here and there, the wording and arrangement of that law; but no alteration has been made in its substance.

F. S. CHAPMAN.

The 30th November 1870.

WHITLEY STOKES,
Secy. to the Govt. of India.

[*Government Gazette, 10th January* 1871.]

না করণপর্য্যন্ত উক্ত সন্ধি তাহারদের পক্ষে প্রবল থাকিবে।

২৭। সপ্তবিংশ প্রকরণ।

এই সন্ধি পারিস নগরে স্থিরীকৃত হইবে ও তাহা দৃঢ় করণের নিয়মপত্র চারি সপ্তাহের মধ্যে কিম্বা সাধ্যপর্য্যন্ত তৎপূর্ব্বে দেওয়া লওয়া যাইবে।

এতৎপ্রমাণে সম্পূর্ণ ক্ষমতাবিশিষ্ট প্রতিনিধিদ্বয় ইহাতে স্বাক্ষর করিয়া আপনারদের কৌলিন্য চিহ্নের মোহর বসাইয়াছেন।

পারিসনগরে খ্রীষ্টীয় ১৮৬১ সালের জুলাই মাসের ১ দিবসে সম্পাদিত হইল।

কৌলী।
থুবিনেল।

অতিরিক্ত প্রকরণ।

ফ্রান্সীয়দের সম্রাট কহিয়াছেন যে আফ্রিকা দেশীয় আর কোন মজুর রিউনিয়ন নামক উপদ্বীপে প্রেরিত না হয় তাঁহার বহুকালাবধি এমত আজ্ঞা হওয়াতে গত বৎসরাবধি সেই উপনিবেশে ভারতবর্ষ ও চীন দেশহইতে মজুরদিগকে আনাইতে হইয়াছে ও বৃটনীয় শ্রীশ্রীমতী মহারাণীর ও ফ্রান্সীয়দের সম্রাটের মধ্যে যে সন্ধিপত্রে ১৮৬০ সালের জুলাই মাসের ২৫ দিবসে স্বাক্ষর করা যায় তাহাতে বৃটনীয় শ্রীশ্রীমতী মহারাণী রিউনিয়ন দ্বীপনিবাসিদিগকে তদীয় ভারতবর্ষীয় অধিকারহইতে ছয় সহস্র লোককে আনাইতে অনুমতি দিয়াছেন এই হেতু উভয় পক্ষে নির্দ্ধার্য্য হইয়াছে যে উক্ত রিউনিয়ন উপনিবেশসম্পর্কে অদ্যকার তারিখের উক্ত সন্ধি এইক্ষণাবধি প্রচলিত হয়।

এই নূতন প্রকরণের প্রত্যেক কথা অদ্যকার স্বাক্ষরিত সন্ধিপত্রের মধ্যে থাকার ন্যায় সবল ও সিদ্ধ হইবে। তাহা স্থিরীকৃত হইবে ও তাহা দৃঢ় করণের নিয়মপত্র ঐ সন্ধি দৃঢ় করণের নিয়মপত্রের সমকালে দেওয়া লওয়া যাইবে।

এতৎপ্রমাণে সম্পূর্ণ ক্ষমতাবিশিষ্ট উক্ত প্রতিনিধিদ্বয় ইহাতে স্বাক্ষর করিয়া আপনারদের কৌলিন্য চিহ্নের মোহর বসাইয়াছেন।

পারিস ১৮৬ সাল ১ জুলাই।

কৌলী।
থুবিনেল।

অভিপ্রায় ও হেতুর বর্ণনা।

১৮৬৭ সালাবধি একত্র বিষয়ের সমস্ত আইন সংগ্রহ করিবার কল্পনা সফল করা যাইতেছে ও সম্প্রতি অধিক যত্নে প্রচলিত হইতেছে। এই পাণ্ডুলিপি সেই কল্পনাধিন্ধিত অন্তর্গত কার্য্য। মজুরদের ভিন্ন দেশে গমনের পাঁচটি আইন সংগ্রহ করা গিয়াছে। এবং এই সুযোগে ঐ আইনের পদ ও শব্দ বিন্যাস উৎকৃষ্ট করিবার চেষ্টা হইয়াছে। কিন্তু মর্ম্মের কিছু পরিবর্ত্তন হয় নাই।

এফ এস চাপমান।

১৮৭০ সাল ৩০ নবেম্বর।

ভিইট্লি ষ্টোক্‌স,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

Orders by the Lieutenant-Governor of Bengal.

REVENUE AND GENERAL DEPARTMENTS

No. 1R.

APPOINTMENTS

The 29th December 1870.—The following officers in Chittagong are vested with the powers of a Collector under Section 3, Act X of 1870, for the acquisition of land in that district —

Mr. Andrew William Cochran.
„ James Kellcher.
„ William Sarson.
Baboo Gour Chunder Roy

The 30th Dec[illegible] —Mr Stuart Colvin [illegible] to officiate as Commissioner of Revenue and Circuit of the Chittagong Division, during the absence, on leave, of Lord Henry Ulick Browne, or until further orders

Mr. Charles Fortescue Worsley to officiate temporarily as Magistrate and Collector of Tirhoot, in the Second Grade.

Mr Ormiston Galloway Reid McWilliam to officiate as Deputy Commissioner of Cachar, in the Fourth Grade, during the absence, on special duty, of Mr John Ware Edgar, or until further orders.

The following gentlemen to be Members of the Local Committee of Public Instruction at Mymensing.—

Baboo Bhugwan Chunder Sen.
„ Gopi Krishna Sen.

Mr. John George Charles to officiate as Joint-Magistrate and Deputy Collector of Patna

LEAVE OF ABSENCE

The 28th December 1870.—Moulvie Syed Willyut Hossein, Deputy Magistrate and Deputy Collector at Jehanabad, for three months, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he availed himself of the leave.

The 30th December 1870.—Mr. A. H. Warde-Jones, Special Sub-Registrar of Gya, for nine days, without pay, from the 27th instant, under Financial Notification No 512, dated the 4th June 1864.

The 3rd January 1871.—Mr. Henry Abbott Robert Alexander, Judge of Rajshahye, is allowed leave for a period not exceeding thirty days, from the 14th instant, to enable him to appear before the Standing Medical Committee at the Presidency.

ERRATUM.

The 29th December 1870.—The leave granted to Baboo Kaliprosonno Sircar, B.A., Deputy

বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্ট।

১ R. নম্বর।

নিয়োগ।

১৮৭০ সাল ২৯ ডিসেম্বর।—চট্টগ্রামের নিম্নলিখিত কার্য্যকারকেরা ঐ জিলাতে ভূমিগ্রহণার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৩ ধারামতে কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুক্ত আন্দ্রু উলিয়ম কক্রান্ সাহেব।
„ জেমস্ কেলিহর সাহেব।
„ উলিয়ম সার্সন সাহেব।
„ বাবু গৌর চন্দ্র রায়।

১৮৭০ সাল ৩০ ডিসেম্বর।—লার্ড শ্রীযুক্ত হেনরি ইউলক ব্রোণ সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুক্ত ষ্টুয়ার্ট কল্‌বিন্ বেলি সাহেব চট্টগ্রাম খণ্ডের রাজস্বের ও দাওরা সায়েরের কমিশ্যানরের কর্ম্ম করিবেন।

শ্রীযুক্ত চার্লস ফর্টেস্কিউ ওর্স্‌লী সাহেব কিয়ৎকালের নিমিত্তে দ্বিতীয় শ্রেণীমতে ত্রিহুতের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

১৮৭১ সাল ৩ জানুআরি।—শ্রীযুক্ত জান ওয়ের এডগার সাহেবের বিশেষ কর্ম্মোপলক্ষে অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুক্ত অর্ম্মিষ্টন গাল্লওয়ে রীড মাকুউলিয়ম সাহেব চতুর্থ শ্রেণীমতে কাছাড়ের ডেপুটী কমিশ্যানরের কর্ম্ম করিবেন।

নিম্নলিখিত মহাশয়েরা ময়মনসিংহের সাধারণ শিক্ষাসংক্রান্ত কমিটীর মেম্বর হইলেন।

শ্রীযুক্ত বাবু ভগবানচন্দ্র সেন।
„ বাবু গোপীকৃষ্ণ সেন।

শ্রীযুক্ত জান জর্জ চার্লস সাহেব পাটনার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৭০ সাল ২৮ ডিসেম্বর।—জাহানাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুক্ত মৌলবী সৈয়দ বিলায়ৎ হুসেন যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে তিন মাস ছুটী পাইয়াছেন।

১৮৭০ সাল ৩০ ডিসেম্বর।—গয়ার বিশেষ সবরেজিষ্ট্রার শ্রীযুক্ত এ এচ ওয়ার্ড জোন্স সাহেব ফিনান্‌শ্যাল ডিপার্টমেণ্টের ১৮৬৪ সালের ৪ জুনের ৫১২ নং বিজ্ঞাপনমতে বিনা বেতনে বর্ত্তমান মাসের ২৭ তারিখ অবধি নয় দিন ছুটী পাইয়াছেন।

১৮৭১ সাল ৩ জানুআরি।—রাজশাহীর জজ শ্রীযুক্ত হেনরি আবট রবর্ট আলেকজণ্ডার সাহেব রাজধানীর স্থায়ি চিকিৎসক সভায় উপস্থিত হইতে পারিবার নিমিত্তে এই মাসের ১৪ তারিখ অবধি ত্রিশ দিনের অনধিক ছুটী পাইয়াছেন।

অশুদ্ধ শোধন।

১৮৭০ সাল ২৯ ডিসেম্বর।—এই মাসের ২৭ তারিখের যে আজ্ঞা ১৮৭১ সালের জানুআরি মাসের ৫

Magistrate and Deputy Collector of Bagirhaut, under orders of the 27th instant, should be for *one month*, and not *two months*, as notified in the *Calcutta Gazette* of the 28th idem.

RIVERS THOMPSON,
Offg. Secy. to the Govt. of Bengal.

JUDICIAL AND POLITICAL DEPARTMENTS.

No. 1J.

APPOINTMENTS.

The 29th December 1870.—Baboo Judoonath Mullick to officiate as First Subordinate Judge of Dacca, during the absence, on leave, of Moulvie Nasirooddeen Mahomed, or until further orders.

Baboo Krishna Chunder Das to officiate as Moonsiff of Midnapore, during the absence, on deputation, of Baboo Judoonath Mullick, or until further orders.

The 30th December 1870.—Mr. Henry Blunt Beames is appointed, under Section 3, Act II. of 1869, to be a Justice of the Peace within the territories under the Lieutenant-Governor's control.

Mr. Frederick Mytton Halliday to officiate temporarily as Civil and Sessions Judge of Tirhoot.

The following promotions and appointments of Police Officers are sanctioned :—

Mr. Marcus Burgh Rochfort, from the Fifth to the Fourth Grade of District Superintendents.
" George Morsely McMullen Ridsdale to be a District Superintendent of the Fifth Grade, and to be District Superintendent of Chittagong. Mr. Ridsdale will continue to officiate as District Superintendent of Noakhally, until further orders.
" Hugh Gilmore Wilkins, from the Second to the First Grade of Assistant Superintendents of Police.

} With effect from the 11th instant.

" John Briscoe Birch, from the Third to the Second Grade of Assistant Superintendents of Police, with effect from the 9th instant.

" Knightley Grey Burne, from the Third to the Second Grade of Assistant Superintendents of Police, with effect from the 11th instant.

[*Government Gazette*, *10th January* 1871.]

তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তাহাতে বাগের-হাটের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কালী প্রসন্ন সরকার বি: এর যে দুই মাস ছুটীর কথা আছে তাহা না হইয়া এক মাস ছুটী হইবে।

রিবর্স তামসন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

জুডিশ্যাল ও পালিটিকাল ডিপার্টমেণ্ট।

১J. নম্বর।

নিয়োগ।

১৮৭০ সাল ২৯ ডিসেম্বর।—শ্রীযুত মৌলবী নাজির উদ্দীন মহম্মদের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু যদুনাথ মল্লিক ঢাকার প্রথম সবর্ডিনেট জজের কর্ম্ম করিবেন।

রাজ মজুরদের কার্য্যে ... বাবু যদুনাথ মল্লিকের অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু কৃষ্ণচন্দ্র দাস মেদনীপুরের মুনসেফের কর্ম্ম করিবেন।

১৮৭০ সাল ৩০ ডিসেম্বর।—শ্রীযুত হেনরি ব্লন্ট বীমস্ সাহেব শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন দেশে ১৮৬৯ সালের ২ আইনের ৩ ধারামতে শান্তিরক্ষার্থ জষ্টিসের পদে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত ফ্রেডরিক মিটন হালিডে সাহেব কিয়ৎকালের নিমিত্তে ত্রিহুতের সিবিল ও সেশন জজের কর্ম্ম করিবেন।

পোলীস কার্য্যকারকদের নিম্নলিখিত উচ্চপদভুক্ত হওন ও নিয়োগ অনুমোদিত হইয়াছে।

শ্রীযুত মার্কসবর্গ রচফর্ট সাহেব ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টদের পঞ্চম শ্রেণীহইতে চতুর্থ শ্রেণীতে
" জর্জ মোর্সলী মাকমলেন রিডস্ডেল সাহেব পঞ্চম শ্রেণীর ডিষ্ট্রিক্ট সুপারিণ্টেণ্ডেণ্ট হইয়া চট্টগ্রামের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন। অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত তিনি নওয়াখালীর ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিতে থাকিবেন।
" হিউ গিলমোর উইলকিন্স সাহেব পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্টদের দ্বিতীয় শ্রেণী হইতে প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

} ইহা এই মাসের ১১ তারিখঅবধি প্রবল হইবে।

" জান ব্রিস্কো বর্চ সাহেব এই মাসের ৯ তারিখঅবধি পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্টদের তৃতীয় শ্রেণীহইতে দ্বিতীয় শ্রেণীভুক্ত হইয়াছেন।

" নাইটলী গ্রে বর্ণ সাহেব এই মাসের ১১ তারিখ অবধি পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্টদের তৃতীয় শ্রেণীহইতে দ্বিতীয় শ্রেণীভুক্ত হইয়াছেন।

Mr. William Law Hodges Forbes, Officiating Assistant Superintendent of Police, to be an Assistant Superintendent of the Third Grade, with effect from the 9th instant

পোলীসের একটিং আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত উলিয়ম লা হজেস্ ফর্বস সাহেব এই মাসের ৯ তারিখঅবধি তৃতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

„ Frederick Angelo Dawson, Officiating Assistant Superintendent of Police, to be an Assistant Superintendent of the Third Grade, with effect from the 11th instant.

পোলীসের একটিং আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ফ্রেডরিক আঞ্জেলো ডাসন্ সাহেব এই মাসের ১১ তারিখ অবধি তৃতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

The following acting grade promotions of District Superintendents of Police are sanctioned, *viz* :—

পোলীসের নিম্নলিখিত ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টদের একটিংরূপে উচ্চ শ্রেণীভুক্ত হওন অনুমোদিত হইয়াছে।

Mr. Henry Augustus Coombs to officiate in the Third Grade.

শ্রীযুত হেনরি আগষ্টস কুম্ব সাহেব তৃতীয় শ্রেণীমতে কর্ম্ম করিবেন।

„ Edward Alfred Vines to officiate in the Fourth Grade.

„ এডওয়ার্ড আলফ্রেড বাইন্স সাহেব চতুর্থ শ্রেণীমতে কর্ম্ম করিবেন।

„ James Patch to officiate in the Fourth Grade.

„ জেমস পাচ্চ সাহেব চতুর্থ শ্রেণীমতে কর্ম্ম করিবেন

Mr Edward Melian Showers, Assistant Superintendent of Police, Gya, is transferred to Patna, and is appointed to officiate in the First Grade of Assistant Superintendents of Police Mr Showers officiated as District Superintendent of Police, Burdwan, from the afternoon of the 6th September last to the 22nd instant.

গয়ার পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এড ওয়ার্ড মিলিয়ান শোয়ার্স সাহেব পাটনায় প্রেরিত হইয়া পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্টদের প্রথম শ্রেণীমতে কর্ম্ম করিতে নিযুক্ত হইয়াছেন। তিনি গত সেপ্টেম্বর মাসের ৬ তারিখের অপরাহ্ন অবধি এই মাসের ২২ তারিখ পর্য্যন্ত বর্দ্ধমানের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিলেন।

The 3rd January 1871 —Mr Ormiston Galloway Reid McWilliam, who has been, under separate orders of this date, appointed to officiate as Deputy Commissioner of Cachar, is vested with powers of a Civil Judge, and powers under Section 445A of the Criminal Procedure Code

১৮৭১ সাল ৩ জানুআরি।—শ্রীযুত অর্ম্মিষ্টন গালওয়ে রীড মকউলিয়ম সাহেব অদ্যকার তারিখের স্বতন্ত্র আজ্ঞাক্রমে কাছাড়ের ডেপুটী কমিশ্যনরের কর্ম্ম করণার্থ নিযুক্ত হওয়ায় সিবিল জজের এবং ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৪৪৫ A ধারামতে ক্ষমতা পাইয়াছেন।

Baboo Rampersad, Moonsiff of Jumooye, to be additional Moonsiff of Monghyr, until further orders, in addition to his present duties.

জমুইয়ের মুনসেফ শ্রীযুত রামপ্রসাদ বাবু অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত আপনার বর্ত্তমান কর্ম্মাতিরিক্ত মুঙ্গেরের অতিরিক্ত মুনসেফের কর্ম্ম করিবেন।

LEAVE OF ABSENCE.

ছুটী।

The 29th December 1870 —Moulvie Nazmooddeen Mahomed, First Subordinate Judge of Dacca, for three months, from the 17th proximo, under Financial Notification No. 2622, dated the 22nd December 1865.

১৮৭০ সাল ২৯ ডিসেম্বর।—ঢাকার প্রথম সবর্ডিনেট জজ শ্রীযুক্ত মৌলবী নাজীমউদ্দীন মহম্মদ ফিনান্‌শ্যল ডিপার্টমেণ্টের ১৮৬৫ সালের ২২ ডিসেম্বরের ৩ ২২ নং বিজ্ঞাপনমতে আগামি মাসের ১৭ তারিখ অবধি তিন মাস ছুটী পাইয়াছেন।

A. EDEN,

Secy. to the Govt. of Bengal.

এ ইডন,

বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

NOTIFICATION

বিজ্ঞাপন।

The 31st December 1870 —Whereas one Mussamut Roopea, widow of Mohun Ram Soobadar, in the District of Monghyr, died intestate, leaving certain lands measuring 1 biggah and 18 cottahs, and situated in Mouzahs Gowdur Chuck and Wemkha, in the above named district, and

১৮৭০ সাল ৩১ ডিসেম্বর।—মুঙ্গের জিলার অন্তর্গত মোহনরাম সুবেদারের বিধবা স্ত্রী মসম্মৎ রূপিয়া চরমপত্র না করিয়া ঐ জিলার অন্তর্গত গৌদরচক ও ওয়েমখা মৌজায় ১৸৩ কাঠা ভূমি রাখিয়া লোকান্তর গত হওয়াতে এবং নিয়মিত বিজ্ঞাপন প্রকাশের তারিখঅবধি বার মাসের মধ্যে কেহ উক্ত সম্পত্তির

whereas no claim has been put forward to the estate within the period of twelve months after the issue of a formal Notification, the said landed property is hereby declared to be an escheat to Government.

A. EDEN,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 29th December 1870.—The Lieutenant-Governor is pleased to appoint the Municipal Commissioners of Santipore for the time being to be Members of the Committee for the management of the dispensary at Santipore.

A. EDEN,
Secy. to the Govt. of Bengal.

Public Works Department,—Bengal.

LOCAL,—COMMUNICATION.

No. 1.

The 3rd January 1871.

Declaration under Section 6, *Act. X of* 1870, *of the Government of India.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government, at the public expense, for a public purpose, *viz.*, for a new cut in the village of Jattrapore, Pergunnah Ragdia, Zillah Jessore, it is hereby declared that, for the above purpose, a piece of land, measuring more or less 29 beegahs of standard measurement, bounded on the north, east, and south-east by the river Bhyrub, on the south-west by the Jattrapore Bazar and Koonjobary, and on the north-east by the houses of Ishan Behara, Chundra Paul, Komol Kamar of Loufulla, is required within the aforesaid village of Jattrapore.

This Declaration is made, under the provisions of Section 6 of the said Act X of 1870, to all whom it may concern.

By order, &c.,
J. E. T. NICOLLS, *Col.*, *R. E.*,
Secretary to the Govt. of Bengal,
P. W. D.

উপর দাওয়া না করাতে উক্ত ভূসম্পত্তি রাজার প্রতি বর্ত্তিল প্রকাশ করা গেল।

এ ইডন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

বিজ্ঞাপন।

১৮৭০ সাল ২৯ ডিসেম্বর :—যাঁহারা যে সময়ে শান্তিপুরের মুনিশিপল কমিশ্যনর হন তাঁহারদিগকে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব শান্তিপুরের ঔষধালয়ের কার্য্যসম্পাদনার্থ কমিটীর মেম্বরের পদে নিযুক্ত করিলেন।

এ ইডন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

পবলিক ওর্ক্‌স ডিপার্ট্‌মেণ্ট।

স্থানীয় গমনাগমন বিষয়ক।

---

১ নম্বর।

১৮৭১ সাল ৩ জানুআরি।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামত বিজ্ঞাপন।—বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ যশোহর জিলার অন্তর্গত রাগদিয়া পরগনার যাত্রাপুর গ্রামে নূতন নালা কাটিবার নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে ভূমি লওয়া আবশ্যক অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে, পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত গ্রামে খাটি মাপের ন্যূনাধিক ২৯/ বিঘা পরিমিত ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর ও পূর্ব্ব এবং দক্ষিণপূর্ব্ব সীমা ভৈরব নদ, দক্ষিণ পশ্চিম সীমা যাত্রাপুরের বাজার ও কুঞ্জবাড়ী, উত্তর পূর্ব্ব সীমা লৌফুলার ঈশান বেহারার ও চন্দ্র পালের ও কমল কামারের বাটী।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থ ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সম্বাদ প্রকাশ করা গেল।

আজ্ঞাক্রমে,
জে, ই, টি নিকলস, কর্ণেল, আর ই,,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্ণমেণ্টের,
সেক্রেটারী।

NOTIFICATION.

The Government Examiners have fixed the following dates for the examination of candidates for Higher and Lower Grade Pleaderships and for Mookhtearships, in supersession of those previously notified:—

Senior Pleaders ...	Saturday, 21st, Monday, 23rd, and Tuesday, 24th January.
Junior Pleaders ..	Friday, 27th, Saturday, 28th, and Monday, 30th January.
Mookhtears ..	Tuesday, the 31st January to Wednesday, 1st, and Thursday, 2nd February 1871.

F. B. PEACOCK,
Secy. to the Committee of Examiners.

The 6th January 1871.

বিজ্ঞাপন।

প্রথম ও দ্বিতীয় শ্রেণীর ওকালতী এবং মোক্তারী পরীক্ষার নিমিত্তে পূর্ব্বে যে২ দিন অবধারিত হইয়াছিল গবর্ণমেণ্ট পরীক্ষকেরা তাহা রহিত করিয়া নিম্নলিখিত তারিখ অবধারণ করিলেন।

প্রথম শ্রেণীর ওকালতী পরীক্ষার্থিদের ...	২১ জানুআরি শনিবার ২৩ সোমবার ও ২৪ মঙ্গলবার,
দ্বিতীয় শ্রেণীর ওকালতী পরীক্ষার্থিদের ..	২৭ জানুআরি শুক্রবার ২৮ শনিবার ও ৩০ সোমবার,
মোক্তারী পরীক্ষার্থিদের .. .	৩১ জানুআরি মঙ্গলবার ১ ফেব্রুআরি বুধবার ২ ফেব্রুআরি বৃহস্পতিবার পরীক্ষা হইবে।

১৮৭১ সাল।
৬ জানুআরি।

এফ, বি, পীকক।
পরীক্ষক কমিটীর সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENT. — গবর্ণমেণ্টের ইশতিহার।

LAND ADVERTISEMENT. — ভূমিবিষয়ক ইশতিহার।

জিলা বাকরগঞ্জ।

"ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে, ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা বাকরগঞ্জ মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল ১৮৭০ সালের ২৮ সেপ্টেম্বর তারিখে প্রাপ্য বাকি মালগুজারী এবং অন্যান্য পাওয়া চলিত আইন এবং আকুটের অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৭১ সালের ১২ জানুআরি তারিখ ঐ জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবে।" ইতি সন ১৮৭০। তাং ৩১ অক্টোবর।

মহালের শ্রেণী	জেলার তৌজিতে মহালের নম্বর	নাম মহাল ও পরগণা	নাম মালিক	সদর জমা	বাকি পাওনা সরকার	মন্তব্য
ইস্তমুমারি জমা ধার্য্য হওয়া মহাল	১৫৭২	খাঁ পং বোজর গওমেদপুর গোবিন্দ বসু তালুক	বৃন্দাবনচন্দ্র বক্রবর্ত্তি ঈশ্বরচন্দ্র রায় চৌধুরী	৫০৫।৶১০	১৫০।৴৬॥	বাকী মালগুজারি জন্যে ষোলআনা মহাল নীলাম হইবেক।

H BEVERIDGE,
Offg. Collector.

(F)

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭১। ১০ জানুআরি।]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুক্ত এডুইন ঘারিয়ুরিন সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

১ নং।

গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র।

উত্তর ভারতবর্ষের কোনং জিলায় ১৮৭০ সালের ডিসেম্বর মাসের ২৪ তারিখপর্য্যন্ত এক সপ্তাহে দ্রব্যাদির নিরিখ।

মঙ্গলবার ১৮৭১ সাল ১০ জানুআরি।

১৮৭০ সালের ডিসেম্বর মাসের ২৪ তারিখে ও তৎপূর্ব্ব সপ্তাহে এবং ১৮৬৯ সালের

তাহার

১৮১৬ ৫৯ইং	৪৩২	পরগণে দক্ষিণ সাহাপুর ধনা গোদা চর ১৯৭ নং ১৮১৯ সালের ২ কানুনের ডিক্রী	১০।০।১৮	২০৲	৶০	২০৶০	৪০৲	

(Sd.) R. F. Rampini,
Deputy Collcetor.

(F)

জিলা বীরভূম।

এস্তাহারনামা কাছারী কালেক্টরী জিলা বীরভূম।

এতদ্দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে অত্র জেলার মধ্যবর্ত্তী নিম্নের লিখিত সি শ্রেণীভুক্ত জমি ইষ্টইণ্ডিয়ান রেলওয়ে কোম্পানির আর আবশ্যক না থাকায় সন ১৮৭১ সালের ২৭ জানুআরি, মোতাবক সন ১২৭৭ সালের ১৫ মাঘ শুক্রবার জেলা বীরভূমের কালেক্টরী কাছারিতে বিক্রয় হইবেক।

এই সকল জমি যে ব্যক্তি ক্রয় করিবেন তাঁহারা কোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটরী সাহেবের স্বাক্ষরিত বিক্রয় নিয়মের ১। ২ এবং ৫ ধারা ব্যতীত অপর ও নিম্নলিখিত অতিরিক্ত নিয়মের অধীন থাকিবেন। ঐ জমি অবধারিত মূল্যের উপর সর্ব্বোচ্চ ডাককারিকে নিষ্কর বিক্রয় করা যাইবেক ইতি।

গবর্ণমেণ্টের মহালাতের ষ্টেটমেণ্টের লিখিত নম্বর।	জেলার তৌজীর নম্বর।	মহালের নাম ও পরগনা।	একর হিসাবে জমির আনুমানিক পরিমাণ।	ধার্য্য করা টাকা।	রাস্তার টাকা।	মোট।	নীলামের অবধারিত ন্যূন ডাক।	মন্তব্য
			এ, রু, পো					
৩০১নং	১৭নং	পরগনে, সাবেক মোড়েশ্বর লাট কাগাস	৩।৩।১৯	০	০	০	১৬৫৲	

(F)

T. T. Allen,
Offg. Collcetor.

জেলা বিরভুম কালেক্টরী,
১৮৭০ সাল তাং ৬ ডিসেম্বর।

জিলা ঢাকা।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা ঢাকা।

ইহাদ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে ঢাকা জিলার মধ্যবর্ত্তি পশ্চাৎ লিখিত মহালাতের গবর্ণমেণ্টের মালিকি স্বত্ব ১৮৭১ সালের ১৫ মার্চ মোং ১২৭৭ সালের ২ চৈত্র জেলা ঢাকার কালেক্টরি কাছারিতে নিলাম হইবেক।

এই নিলাম যে ব্যক্তিরা ক্রয় করেন তাহারা ক্রোড়পত্রের শিরোভাগের লিখিত নিয়মের অধীনে থাকিবেন ইতি সন ১৮৭০ ইং তারিখ ২৮ ডিসেম্বর মোং ১২৭৭ বাং ১৪ পৌষ।

ইষ্টেটমেণ্টের নম্বর	জেলার তৌজির নম্বর	পরগনা ও মহালের নাম	জমির পরিমাণ ক্ষেত্রফলিক	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
				ধার্য্য হওয়া সদর জমা	রোডসেস	মোট।		
			এ, রূ, পো,					
১২৫	৮৫২৭	তপে বলরামপুর তাং কুলমণ্ড দাস	৩।১।১০	২৲	/০	২/০	৫৲	এই নীলাম ১৮৭১ সনের ১ আপ্রিল অবধি আমলে আসিবেক।
৯৬৫	৭৮৯০	জাগির বেলদার মুং উমাকান্ত বাঁড়ুয্যা	১।৩।৩৭	৩৲	/০	৩/০	৬৲	তথা
১৫৯৭	৯৬৩৩	পং রাজনগর তাওলা পিতাম্বর সেন মৈধ্যে তোং বোরকাটী জিং রাবিলোচন মুখটি	১২।১।২৬	২৫৲	।০	২৫।০	৫০৲	তথা
১৬০৯	৯৬৯১	পং গুনানন্দী তালুক বাঁসিরাম সর্ম্মার সিকস্তি পয়স্তিচর	৭১৩।৩।৩৬	১৩৫৲	১।৵০	১৩৬।৵	২৭০৲	তথা

D. R. LYALL,
Offg. Collector.

(F)

জেলা যশোহর।

এস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা যশোহর।

ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে অত্র জেলার মধ্যবর্ত্তী নিম্নের লিখিত মহাল গবর্ণমেণ্টের মালিকি স্বত্ব আগত ২০ ফেব্রুআরি মোং সন ১২৭৭ সালের ৯ ফালগুন রোজ বুধবারে অত্র জেলার কালেক্টরিতে নীলামে ধরা যাইবেক।

এই মহালের খরিদারেরা এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটারী সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন।

রাজকিয় কৈফিয়তের নম্বর।	জেলার বহির নম্বর।	মহালের এবং পরগনার নাম	ক্ষেত্রফলিক পরিমাণে মত একর।	সদর জমা			নীলামের প্রথম ডাকের মূল্য	মন্তব্য কথা।
				ধার্য্য করা রাজস্ব	রাস্তার টাক্স	সর্ব্ব সুদ্ধ		
			এ, রূ, পো,					
১৪৫	৪৬৩৮	তর্পে গোতমা পং মনই...	৬৩।০।১৫	৬৮৲	৸৶০	৬৮৸৶০	১৩৬৲	১২৭৭ সালের ৩০ চৈত্রতক ইজারার মেয়াদ আছে।

E. J. BARTON,
Offg. Collector.

(F)

বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে শ্রীযুত এডউইন মরিস্ লুইস সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY. JANUARY 24, 1871.

মঙ্গলবার ১৮৭১ সাল ২৪ জানুআরি।

Government of India.

LEGISLATIVE DEPARTMENT.

THE following Bill, and Statement of Objects and Reasons accompanying it, are published for general information by order of His Excellency the Governor General, under the 19th of the Rules for the Conduct of Business at Meetings of the Council of the Governor General of India for the purpose of making Laws and Regulations:—

No. 26 OF 1870.

INSOLVENCY BILL.

A Bill to amend the Law of Insolvency.

Preamble.

Whereas it is expedient to amend the law relating to Insolvency; It is hereby enacted as follows:—

Preliminary.

Short title.

1. This Act may be cited as "The Indian Insolvency Act, 1871."

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ মন্ত্রিসভার সভাকর্ম্ম নির্ব্বাহ করণের বিধির ১৯ ধারামতে অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা সহিত নিম্নলিখিত পাণ্ডুলিপি মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আজ্ঞাক্রমে সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১৮৭০ সালের ২৬ নম্বর।

ঋণশোধনাক্ষমতা বিষয়ক আইন সংশোধন করণার্থ আইনের পাণ্ডুলিপি।

ঋণশোধনাক্ষমতা বিষয়ক আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

ঋণশোধনাক্ষমতা বিষয়ক আইন সংশোধন করা বিহিত, এই হেতুক নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

পরিভাষা।

সংক্ষেপী আখ্যের কথা।

১ ধারা। এই আইন ঋণ শোধনাক্ষমতা বিষয়ক ১৮৭১ সালের আইন নামে খ্যাত হইতে পারিবে ইতি।

Extent of Act.

2. This Act extends to the whole of British India.

ব্যাপকতার কথা।

২ ধারা। এই আইন ব্রিটনীয় ভারতবর্ষের সমস্ত দেশে ব্যাপ্ত হইবে ইতি।

Commencement of Act.

3. This Act shall come into operation on the first day of *January* one thousand eight hundred and seventy-one.

যদবধি প্রচলিত হইবে তাহার কথা।

৩ ধারা। এই আইন ১৮৭১ সালের জানুআরি মাসের প্রথম দিবসাবধি প্রচলিত হইবে ইতি।

Repeal of 11 & 12 Vic., cap. 21.

4. On and from that day the eleventh and twelfth of Victoria, Chapter twenty-one, shall be repealed.

বিকটোরিয়ার ১১ ও ১২ বৎসরের ২১ অধ্যায় রহিত হইবার কথা।

৪ ধারা। সেই দিবসে ও তদবধি মহারাণী বিকু-টোরিয়ার ১১ ও ১২ বৎসরের আইনের ২১ অধ্যায় রহিত হইবে ইতি।

Interpretation of certain terms in the Act.

5. In this Act, if not inconsistent with the context, the following terms have the meanings hereinafter respectively assigned to them; that is to say,

এই আইনের কএক শব্দের অর্থের কথা।

৫ ধারা। এই আইনগত নিম্নলিখিত শব্দের যে অর্থ এই ধারায় করা গেল পূর্ব্বাপর কথার সহিত অসঙ্গত না হইলে সেই শব্দের সেই অর্থ ধরিতে হইবে, বিশেষতঃ

"Court."

"The Court" shall mean the court having jurisdiction in Insolvency as by this Act provided:

"আদালত"

এই আইনের বিধানমতে যে আদালতের প্রতি ঋণশোধনাক্ষমতাবিষয়ক বিচারাধিপত্য দেওয়া গেল "আদালত" শব্দে সেই আদালত বুঝাইবে।

"Registrar."

"The Registrar" shall mean the Registrar of "the Court" as above defined or, where there is no Registrar, such officer as the Court appoints in this behalf:

"রেজিষ্ট্রার"

"রেজিষ্ট্রার" শব্দে পূর্ব্ব নির্দ্দিষ্ট আদালতের রেজিষ্ট্রারকে বুঝাইবে। রেজিষ্ট্রার না থাকিলে আদালত তৎপক্ষে যে ব্যক্তিকে নিযুক্ত করেন তাঁহাকে বুঝাইবে।

"Prescribed."

"Prescribed" shall mean prescribed by rules of Court to be made as in this Act provided:

"নির্দ্দিষ্ট"

এই আইনের বিধানমতে আদালতের যে বিধি করিতে হইবে, "নির্দ্দিষ্ট" শব্দে সেই বিধির নির্দ্দিষ্ট বিষয় বুঝাইবে।

"Property."

"Property" shall mean and include money, goods, things in action, land, and every description of property, whether moveable or immoveable; also, obligations, easements, and every description of estate, interest, and profit, present or future, vested or contingent, arising out of or incident to property as above defined:

"সম্পত্তি"

"সম্পত্তি" শব্দে টাকা ও দ্রব্য ও মোকদ্দমারদ্বার প্রাপ্য বিষয় ও ভূমি ও স্থাবরাস্থাবর সকল প্রকারের সম্পত্তি বুঝাইবে, এবং পূর্ব্বোক্ত সম্পত্তিহইতে উদিত কিম্বা তৎসংক্রান্ত নিবন্ধন ও বর্ত্মাদিস্বত্ব এবং আধুনিক কি ভাবি ও অধিকৃত কি সম্ভাবিত সর্ব্বপ্রকারের স্বামিত্ব ও সম্পর্ক ও লাভ বুঝাইবে।

"Debt."

"Debt provable in insolvency" shall include any debt or liability by this Act made provable in insolvency:

"ঋণ"

এই আইনক্রমে ঋণশোধন ক্ষমতা ঘটিত কার্য্যে যে ঋণের কি দায়ের প্রমাণ করা যাইতে পারে "ঋণশোধনাক্ষমতা স্থলে প্রামাণ্য ঋণ" এই কথায় তাহা বুঝাইবে ইতি।

Exclusion of companys and larger partnership.

6. A partnership, association, or company corporate, or registered under "The Indian Companies Act, 1866," shall not be adjusted insolvent under this Act.

কোম্পানি এবং সংভূয়সমুত্থানযুক্ত বৃহৎ কার্য্য এই আইনের বহির্ভূত হইবার কথা।

৬ ধারা। সংভূয়সমুত্থান কি সমাজ কিম্বা সমবায়িত কোম্পানি অথবা ভারতবর্ষীয় কোম্পানি বিষয়ক ১৮৬৬ সালের আইনমতে রেজিষ্টরী করা কোম্পানি এই আইনমতে ঋণ শোধ করিতে অক্ষম বলিয়া নির্ণীত হইবে না ইতি।

PART I.

Adjudication, Vesting and Administration of Property.

Adjudication.

Petition for adjudication in insolvency.

7. A single creditor, or two or more creditors, if the debt due to such single creditor or the aggregate amount of debts due to such several creditors, from any debtor, amount to a sum of not less than five hundred rupees, may present a petition to the Court, praying that the debtor be adjudged an insolvent, and alleging as the ground for such adjudication any one or more of the following acts or defaults, hereinafter deemed to be and included under the expression "acts of insolvency."

(1.) That the debtor has, in India or elsewhere, made a conveyance or assignment of his property to a trustee or trustees for the benefit of his creditors generally:

(2.) That the debtor has, in India or elsewhere, made a fraudulent conveyance, gift, delivery, or transfer of his property or of any part thereof:

(3.) That the debtor has, with intent to defeat or delay his creditors, done any of the following things, namely, departed out of India, or departed from his dwelling house, or otherwise absenred himself; or begun to keep house; or being out of India, remained out of India, or suffered himself to be outlawed:

(4.) That the debtor has filed in the prescribed manner in the Court a declaration admitting his inability to pay his debts:

(5.) That execution issued against the debtor on any legal process for the purpose of obtaining payment of not less than five hundred rupees has been levied by seizure and sale of his goods:

(6.) That the creditor presenting the petition has served in the prescribed manner on the debtor a debtor's summons requiring the debtor to pay a sum due, of an amount of not less than five hundred rupees, and the debtor has for the space of fourteen days succeeding the service of such summons, neglected to pay such sum, or to secure or compound for the same.

[*Government Gazette, 24th January* 1871.]

১ অধ্যায়।

নির্ণয়সূচক আজ্ঞা ও সম্পত্তি সমর্পণের ও নিরূপণাধিকারিত্বের বিধি।

নির্ণয় করণের বিধি।

ঋণশোধ করিবার অক্ষমতা স্থলে নির্ণয়সূচক আজ্ঞা হইবার দরখাস্তের কথা।

৭ ধারা। একজন উত্তমর্ণ কিম্বা দুই কি তদধিক জন উত্তমর্ণ থাকিলে, ঋণির স্থানে যদি সেই এক জন উত্তমর্ণের প্রাপ্য কিম্বা ঐ সকল উত্তমর্ণের মোটে প্রাপ্য পাঁচ শত টাকার ন্যূন না হয়, তবে সেই ঋণী ঋণ শোধ করিতে অক্ষম বলিয়া নির্ণীত হয় তিনি কি তাঁহারা আদালতে এই প্রার্থনাসূচক দরখাস্ত এবং তদ্রূপ নির্ণয় সূচক আজ্ঞা হইবার হেতু বলিয়া নিম্নলিখিত কোন এক কি অধিক ক্রিয়া কি ত্রুটি ব্যক্ত করিতে পারিবেন। নিম্নভাগে সেইং ক্রিয় ও ত্রুটি "ঋণ শোধনাক্ষমতাসূচক কার্য্য বলিয়া জ্ঞান হইল ও সেই শব্দের মধ্যে ধরা গেল।

(১) ঐ ঋণী স্বীয় উত্তমর্ণদের সাধারণ লভ্যার্থে ভারতবর্ষ কি অন্যত্র ট্রস্টীর কি ট্রস্টীদের প্রতি আপনার সম্পত্তি হস্তান্তর কি সমর্পণ করিয়া দিয়াছেন।

(২) ঐ ঋণী ভারতবর্ষে কি অন্যত্র আপনার সম্পত্তি কিম্বা তাহার কোন অংশ প্রতারণাক্রমে হস্তান্তর কি দান কি সমর্পণ করিয়াছেন কি অন্যের নামে দিয়াছেন।

(৩) ঐ ঋণী স্বীয় উত্তমর্ণদিগকে নিরাশ কিম্বা বিড়ম্বনা করিবার নিমিত্ত নিম্নলিখিত কোন কার্য্য করিয়াছেন অর্থাৎ ভারতবর্ষহইতে কিম্বা আপনার বাসস্থানহইতে প্রস্থান করিয়াছেন কিম্বা প্রকারান্তরে অনুপস্থিত হইয়াছেন অথবা গৃহে থাকিতে আরম্ভ করিয়াছেন, অথবা ভারতবর্ষের বহিস্থ হইয়া ভারতবর্ষের বহির্ভূত স্থানে থাকিলেন কিম্বা আপনাকে আইনের বিধানের বহির্ভূত হইতে দিয়াছেন।

(৪) ঐ ঋণী আপনার ঋণ শোধ করিবার অক্ষমতা স্বীকার করণসূচকপত্র নির্দ্দিষ্টমতে আদালতে অর্পণ করিয়াছেন।

(৫) পাঁচ শতের অন্যূন টাকা শোধের নিমিত্তে ঐ ঋণির নামে আইনগত পরওয়ানা বাহির হইলে তাঁহার মাল ক্রোক ও নীলাম করণদ্বারা সেই পরওয়ানামত টাকা আদায় হইয়াছে।

(৬) যে উত্তমর্ণ দরখাস্ত দেন তিনি নির্দ্দিষ্টমতে ঋণির নামে পাঁচ শতের অন্যূন টাকা শোধ করিবার আজ্ঞাসূচক সমন দিয়াছেন, এবং সেই সমন দেওয়া গেলে পর ঋণী চৌদ্দ দিন পর্য্যন্ত সেই টাকা দেন নাই ও টাকা দিবার প্রতিভূ দেন নাই ও রফানামা করেন নাই।

But no person shall be adjudged an insolvent on any of the above grounds unless the act of insolvency on which the adjudication is grounded has occurred within six months before the presentation of the petition for adjudication.

The debt of the petitioning creditor must be a liquidated sum due and must not be a secured debt, unless the petitioner state in his petition that he will be ready to give up such security for the benefit of the creditors in the event of the debtor being adjudicated an insolvent, or unless the petitioner is willing to give an estimate of the value of his security, in which latter case he may be admitted as a petitioning creditor to the extent of the balance of the debt due to him after deducting the value so estimated; but he shall, on an application being made by the trustee within the prescribed time after the date of adjudication, give up his security to such trustee for the benefit of the creditors upon payment of such estimated value.

8. A debtor's summons may be granted by the Court on a creditor proving to its satisfaction that a debt sufficient to support a petition in insolvency is due to him from the person against whom the summons is sought, and that the creditor has failed to obtain payment of his debt, after using reasonable efforts to do so.

Proceedings in relation to a debtor's summons.

The summons shall be in the prescribed form, resembling, as nearly as circumstances admit, a summons issued under the Code of Civil Procedure. It shall state that in the event of the debtor failing to pay the sum specified in the summons, or to compound for the same to the satisfaction of the creditor, a petition may be presented against him, praying that he may be adjudged an insolvent.

The summons shall have an endorsement thereon to the like effect, or such other prescribed endorsement as may be best calculated to indicate to the debtor the nature of the document served upon him, and the consequences of inattention to the requisitions therein made.

Any debtor served with a debtor's summons may apply to the Court, in the prescribed manner and within the prescribed time, to dismiss such summons, on the ground that he is not indebted to the creditor serving such summons, or that he is not indebted to such amount as will justify such creditor in presenting an insolvency petition against him;

পরন্তু নির্ণয়সূচক আজ্ঞামূলক ঋণশোধনাক্ষমতা-ঘটিত যে কার্য্য হয়, তাহা উক্ত আজ্ঞা হইবার দরখাস্ত উপস্থিত করিবার পূর্ব্ব ছয় মাসের মধ্যে না করা গেলে সেই ব্যক্তি উক্ত কোন হেতুতে ঋণ শোধ করিবার অক্ষম বলিয় নির্ণীত হইবে না।

যে উত্তমর্ণ দরখাস্ত দেন তাহার প্রাপ্য ঋণ দত্ত টাকা-প্রযুক্ত প্রাপ্য হওয়া প্রয়োজন, বন্ধকক্রমে সংশ্রিত ঋণ নয়। কিন্তু ঋণী ঋণ শোধ করিবার অক্ষম বলিয়া নির্ণীত হইলে, দরখাস্তকারী উত্তমর্ণদের লভ্যার্থে ঐ বন্ধক সমর্পণ করিতে প্রস্তুত আছেন, আপন দরখাস্তে এই কথা লিখিলে, তাঁহার বন্ধকক্রমে সংশ্রিত ঋণও গ্রাহ্য হইবে। কিম্বা দরখাস্তকারী সেই বন্ধক দ্রব্যের আনুমানিক মূল্য জানাইতে স্বীকার করিলে সেই অনুমিত মূল্য বাদ দিয়া তাহার বাকী যত টাকা পাওনা থাকে, তত টাকাপর্য্যন্ত তিনি দরখাস্তকারি উত্তমর্ণ-স্বরূপ গ্রাহ্য হইতে পারিবেন। কিন্তু নির্ণয়সূচক আজ্ঞা হইবার তারিখের পর নির্দ্দিষ্ট সময়ের মধ্যে ট্রষ্টী তাহাকে আদেশ করিলে, তিনি সেই অনুমিত মূল্য পাইয়া উত্তমর্ণদের লভ্যার্থে সেই ট্রষ্টীকে ঐ বন্ধক দ্রব্য প্রদান করিবেন ইতি।

৮ ধারা। কোন ব্যক্তি ঋণির নামে সমন প্রার্থনা করিলে, সেই ঋণির নিকট তাঁহার যত টাকা প্রাপ্য থাকিলে ঋণ শোধ করিবার অক্ষমতাসূচক দরখাস্তের প্রতিপোষণ হইতে পারে, ঐ ঋণির স্থানে তাঁহার তত টাকা পাওনা আছে, ও উত্তমর্ণ ঋণ শোধ হইবার সঙ্গত উদ্যোগ করিলে পর ঋণের টাকা পাইতে পারিলেন না এই কথা আদালতের হৃদ্বোধমতে প্রমাণ করিতে পারিলে আদালত ঐ ঋণির নামে সমন দিতে পারিবেন।

ঋণির সমনসম্পর্কীয় কার্য্য-প্রণালীর কথা।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনমতে যে সমন দেওয়া গিয়া থাকে উক্ত সমন নির্দ্ধারিত পাঠে ভাবগতিক বিবেচনায় প্রায় তদনুসারে লিখিত হইবে। তন্মধ্যে এই কথা ব্যক্ত থাকিবে যে, ঋণী ঐ সমনের নির্দ্দিষ্ট টাকা না দিলে, কিম্বা উত্তমর্ণের হৃদ্বোধমতে তাহার রফা না করিলে, তাঁহাকে ঋণ শোধ করিতে অক্ষম বলিয়া নির্ণয় করিবার প্রার্থনাসূচক দরখাস্ত উপস্থিত করা যাইবে।

ঐ সমনের পৃষ্ঠে সেই মর্ম্মের কথা অথবা নির্দ্দিষ্ট অন্য যে পৃষ্ঠলিপিদ্বারা ঋণির নিকট ঐ দলীলের ভাব এবং সেই সমনের আদেশে মনোযোগ না করিবার ফল প্রকাশ হয়, এমত কথা লেখা যাইবে।

কোন ঋণী ঐ সমনপ্রাপ্ত হইলে, যে উত্তমর্ণ ঐ সমন দিলেন তাঁহার নিকট আমি ঋণী নহি, কিম্বা তাঁহার যত টাকা ধারি তত টাকার জন্যে তিনি আমার নামে ন্যায়মতে ঋণ শোধনাক্ষমতাসূচক দরখাস্ত উপস্থিত করিতে পারেন না, ইহা বলিয়া সেই ঋণী আদালতের নিকট নির্দ্দিষ্ট প্রকারে ও নির্দ্দিষ্ট সময়ে সেই সমন নিরাকরণ হইবার প্রার্থনা করিতে পারিবেন। *

and the Court may dismiss the summons, with or without costs, if satisfied with the allegations made by the debtor, or it may, upon such security (if any) being given as the Court may require for payment to the creditor of the debt alleged by him to be due, and the costs of establishing such debt, stay all proceedings on the summons for such time as will be required for the trial of the question relating to such debt.

Poceedings on petition.

9. A petition praying that a debtor may be adjudged an insolvent, in this Act referred to as an insolvency petition, shall be served in the prescribed manner.

At the hearing, the Court shall require proof of the debt of the petitioning creditor, and of the trading, if necessary, and of the act of insolvency, or, if more than one act of insolvency is alleged in the petition, of some one of the alleged acts of insolvency, and, if satisfied with such proof, shall adjudge the debtor to be insolvent.

The Court may adjourn the petition, either conditionally or unconditionally, for the procurement of future evidence, or for any other just cause, or may dismiss the petition, with or without costs, as the Court thinks just.

Proceedings if debt of petitioning creditor is contested.

10. Where the debtor appears on the petition, and denies that he is indebted to the petitioner, or that he is indebted to such amount as would justify the petitioner in presenting an insolvency petition against him, the Court, upon such security (if any) being given as the Court may require, for payment to the petitioner of any debt which may be established against him in due course of law, and of the costs of establishing such debt, may stay all proceedings on the petition for such time as may be required for trial of the question relating to such debt, and such trial shall be had in manner hereinbefore provided with respect to disputed debts under debtors' summonses.

Where proceedings are stayed, the Court may, if by reason of the delay caused by such stay of proceedings or for any other cause it thinks just, adjudge the debtor an insolvent on the petition of some other creditor, and shall thereupon dismiss, upon such terms as it thinks just, the petition proceedings in which have been stayed as aforesaid.

আদালত ঋণির উক্তি সন্তোষজনক জ্ঞান করিলে খরচাসমেত কি তদ্ভিন্ন ঐ সমন নিরাকরণ করিতে পারিবেন, কিম্বা ঋণী যত টাকার ঋণ স্বীকার করেন আদালত উত্তমর্ণকে তাহার তত টাকা ও সেই ঋণ প্রতিপন্ন করিবার খরচ দিবার প্রতিভূ দিতে আজ্ঞা করিলে ঋণী সেই প্রতিভূ দিলে, ঐ ঋণসম্পার্কীয় বিবাদের বিচারার্থে যত সময় প্রয়োজন, আদালত সেই সময়পর্য্যন্ত ঐ সমনসংক্রান্ত সমস্ত কার্য্যানুষ্ঠান রহিত করিতে পারিবেন ইতি।

দরখাস্তসম্পর্কীয় কার্য্যের কথা।

৯ধারা। কোন ঋণী ঋণ শোধ করিবার অক্ষম বলিয়া নির্ণীত হইবার যে দরখাস্ত এই আইনেতে ঋণ শোধনের অক্ষমতাসূচক দরখাস্ত বলিয়া উল্লিখিত হইয়াছে, সেই দরখাস্ত তাহাকে নির্দ্দিষ্টমতে দেওয়া যাইবে।

শ্রবণকালে, আদালত দরখাস্তকারি উত্তমর্ণের প্রাপ্য টাকার প্রমাণ, এবং প্রয়োজন হইলে ব্যবসায়ের ও ঋণ শোধনের অক্ষমতাসূচক কার্য্যের প্রমাণ কিম্বা দরখাস্তে ঋণ শোধনের অক্ষমতাসূচক একের অধিক কার্য্য হইবার কথা লেখা গেলে কথিত একতর কার্য্যের প্রমাণ দিতে আজ্ঞা করিবেন, এবং সেই প্রমাণ যথোপযুক্ত জ্ঞান করিলে আদালত সেই ঋণিকে ঋণ শোধ করিবার অক্ষম বলিয়া নির্ণয় করিবেন।

আদালত অধিক প্রমাণ পাইবার জন্যে কিম্বা অন্য ন্যায্য কারণে সাপেক্ষ কি নিরপেক্ষরূপে ঐ দরখাস্ত শ্রবণের দিনান্তর নিরূপণ করিতে পারিবেন কিম্বা আদালতের বিবেচনায় ন্যায্য বোধ হইলে খরচাসমেত কি তদ্ভিন্ন দরখাস্ত অগ্রাহ্য করিতে পারিবেন ইতি।

দরখাস্তকারি উত্তমর্ণের প্রাপ্য ঋণের প্রতিবাদ হইলে কার্য্যপ্রণালীর কথা।

১০ধারা। ঋণী সেই দরখাস্তমতে উপস্থিত হইয়া, আমি দরখাস্তকারির নিকট ঋণী নই, কিম্বা তাঁহার যত টাকা ধারী তিনি তত টাকার নিমিত্তে আমার নামে ন্যায্যমতে ঋণ শোধনের অক্ষমতা সূচক দরখাস্ত উপস্থিত করিতে পারেন না, ইহা কহিলে, আইনঅনুযায়ি রীতিমত কার্য্যক্রমে যদি তাহার ঋণ প্রতিপন্ন হয়, তবে ঋণী দরখাস্তকারির প্রাপ্য সেই টাকা এবং ঐ ঋণ প্রতিপন্ন করিবার খরচ দিবেন এতদর্থে আদালত তাহাকে প্রতিভূ দিতে আজ্ঞা করিলে তিনি সেই প্রতিভূ দিবেন। তাহা হইলে ঐ ঋণসম্পার্কীয় বিবাদের বিচারার্থে যত সময় প্রয়োজন, আদালত তৎকালপর্য্যন্ত ঐ দরখাস্তঘটিত সমস্ত কার্য্যানুষ্ঠান স্থগিত রাখিবেন। ঋণিরদের সমন দেওয়া গেলে পূর্ব্বভাগে ঋণসংক্রান্ত বিবাদের বিচার বিষয়ক যে বিধান হইয়াছে এই ধারামত বিচার সেই ধারানুসারে হইবে।

কার্য্যানুষ্ঠান স্থগিত করা গেলে ঐ স্থগিত থাকনপ্রযুক্ত যে বিলম্ব হয় তদ্ধেতুক কিম্বা আদালত অন্য যে কারণ ন্যায্য জ্ঞান করেন সেই কারণে অন্য উত্তমর্ণের দরখাস্তমতে ঋণিকে ঋণ শোধ করিবার অক্ষম বলিয়া নির্ণয় করিতে পারিবেন, তাহা করিলে, পূর্ব্বোক্ত যে দরখাস্তঘটিত কার্য্যানুষ্ঠান স্থগিত হইয়াছে আপনার বিবেচনামত ন্যায্য নিয়মানুসারে সেই দরখাস্ত অগ্রাহ্য করিবেন ইতি।

11. A copy of an order of the Court adjudging the debtor to be insolvent shall be published in the local official Gazette, and be advertised locally in such manner (if any) as may be prescribed, and the date of such order shall be the date of the adjudication for the purposes of this Act, and the production of a copy of the Gazette containing such order as aforesaid shall be conclusive evidence in all legal proceedings of the debtor having been duly adjudged an insolvent, and of the date of the adjudication.

Advertisement of order of adjudication.

১১ ধারা। আদালতের যে আজ্ঞাক্রমে ঋণী ঋণ শোধ করিবার অক্ষম বলিয়া নির্ণীত হয় সেই আজ্ঞার প্রতিলিপি স্থানবিশেষের রাজকীয় গেজেটে প্রকাশ করা যাইবে এবং স্থানবিশেষে প্রকারান্তরে প্রচারিত হইবার বিধি নির্দ্দিষ্ট হইলে সেই প্রকারে প্রচারিত হইবে। এবং এই কার্য্য-পক্ষে সেই আজ্ঞার তারিখ উক্ত নির্ণয়ের তারিখ হইবে। এবং পূর্ব্বোক্ত আজ্ঞা যে গেজেটে প্রকাশ করা যায়, মোকদ্দমাঘটিত কোন কার্য্যে সেই গেজেট উপস্থিত করা গেলে তাহা ঋণির ঋণ শোধ করিবার অক্ষম বলিয়া বিহিতমতে নির্ণীত হইবার ও সেই নির্ণয়ের তারিখের সিদ্ধান্ত প্রমাণ হইবে ইতি।

নির্ণয়সূচক আজ্ঞার জ্ঞাপনপত্রের কথা।

12. The insolvency of a debtor shall be deemed to have relation back to and to commence on the completion of the act of insolvency on which the order adjudging him to be insolvent is made.

Definition of commencement of insolvency.

১২ ধারা। ঋণ শোধনের অক্ষমতাসূচক যে কার্য্য-ক্রমে ঋণিকে অক্ষম বলিয়া নির্ণয়করণসূচক আজ্ঞা করা যায়, তাহার ঋণ শোধনের অক্ষমতাসূচক সেই কার্য্য সম্পাদন হইবার সময়াবধি হইল জ্ঞান হইবে।

ঋণ শোধ করিবার অক্ষমতা যে সময়াবধি ধরা যাইবে ইহা নিরূপণের কথা।

If the insolvent is proved to have committed more acts of insolvency than one, the insolvency shall be deemed to relate back to and to commence at the time of the first of the acts of insolvency that may be proved to have been committed by the insolvent within twelve months next preceding the order of adjudication. The insolvency shall not relate to any prior act of insolvency, unless at the time of committing such prior act the insolvent was indebted to some creditor or creditors in a sum or sums sufficient to support a petition in insolvency, and unless such debt or debts are still remaining due at the time of the adjudication.

ঋণ শোধ করিবার অক্ষম সেই ব্যক্তি দুই কি তদধিকবার ঋণ শোধনের অক্ষমতাসূচক কার্য্য করিয়াছে প্রমাণ হইলে, উক্ত নির্ণয় সূচক আজ্ঞার অব্যবহিত পূর্ব্ব দ্বাদশ মাসের মধ্যে যে সময়ে তাহার ঋণ শোধনের অক্ষমতা সূচক প্রথম কার্য্য হওয়ার প্রমাণ হয় ঐ অক্ষমতা সেই সময়াবধি হইল জ্ঞান হইবে। ঋণ শোধ করিবার অক্ষমতাসূচক পূর্ব্বকৃত কার্য্য সহিত ঐ অক্ষমতার সম্পর্ক থাকিবে না, কিন্তু সেই ক্রিয়াকরণকালে ঐ অক্ষম ঋণী কোন উত্তমর্ণের কিম্বা উত্তমর্ণদের যত টাকা ধারিতেন তত টাকা হেতুক ঋণ শোধনের অক্ষমতাসূচক দরখাস্তের প্রতিপোষণ হইতে পারিত ও নির্ণয় করণ সময়ে সেই ঋণ কি ঋণ সকল দেনা রহিল এমত স্থলে ঋণ শোধনের ক্ষমতা সূচক ঐ পূর্ব্বকৃত কার্য্যসহিত এই অক্ষমতার সম্বন্ধ থাকিবে ইতি।

13. Where a debtor is adjudicated an insolvent, no creditor to whom the insolvent is indebted in respect of any debt provable in the insolvency shall have any remedy against the property or person of the insolvent in respect of such debt except in manner directed by the Act.

Creditors bound by insolvency proceedings.

১৩ ধারা। ঋণী ঋণ শোধ করিবার অক্ষম নির্ণীত হইলে সেই অক্ষমতাঘটিত ব্যাপারে যে ঋণ প্রামাণ্য হয় তৎসম্পর্কে ঋণী যে উত্তমর্ণের টাকা ধারেন তিনি কেবল এই আইনের আজ্ঞাক্রমে প্রতিকার পাইতে পারিবেন তদ্ভিন্ন সেই ঋণির কি তদীয় সম্পত্তির উপর কোন প্রতিকার পাইতে পারিবেন না।

ঋণ শোধনের অক্ষমতা সম্পর্কে যে কার্য্যানুষ্ঠান হয় তাহাতে উত্তমর্ণদের আবদ্ধ থাকার কথা।

This section shall not affect the power of any creditor holding a security upon the property of the insolvent to realize or otherwise deal with such security in the same manner as he would have been entitled to realize or deal with the same if this section had not been passed.

কোন উত্তমর্ণের নিকট ঋণ শোধকরিবার অক্ষম ব্যক্তির সম্পত্তি বন্ধক থাকিলে, এই ধারা প্রণীত না হইলে তিনি যদ্রূপে টাকা আদায় করিতে পারিতেন কিম্বা তাহা লইয়া অন্য যদ্রূপ কার্য্য করিতে পারিতেন, তদ্রূপে তাহা আদায় করিতে পারিবেন ও সেই বন্ধক সহিত তদ্রূপ কার্য্য করিতে পারিবেন। এই ধারাক্রমে তাঁহার সেই ক্ষমতার ব্যতিক্রম হইবে না ইতি।

14. The Court may, at any time after the presentation of an insolvency petition against the debtor, restrain further proceedings in any suit, execution, or other legal process against him in respect of any debt provable in insolvency, or it may allow such proceedings, whether in progress at the commencement of the insolvency or commenced during its continuance, to proceed upon such terms as the Court thinks just.

Power of Court, after presentation of petition, to restrain suits &c., and appoint receiver.

The Court may also, at any time after the presentation of such petition, appoint a receiver or manager of the property or business of the debtor against whom the petition is presented, or of any part thereof, and may direct immediate possession to be taken of such property or business, or any part thereof.

Appointment of Trustee.

15. When an order has been made adjudging a debtor insolvent, herein referred to as an order of adjudication, the property of the insolvent shall become divisible amongst his creditors in proportion to the debt proved by them in the insolvency; and for the purpose of effecting such division the Court shall, as soon as may be, summon a general meeting of his creditors, and the creditors assembled at such meeting shall and may do as follows:

Meeting of creditors for appointment of persons to administer insolvent's property.

(1.) They shall, by resolution, appoint some fit person, whether a creditor or not, to fill the office of trustee of the property of the insolvent, at such remuneration (if any) as they may from time to time determine, or they may resolve to leave his appointment to the committee of inspection hereinafter mentioned:

(2.) They shall, when they appoint a trustee, by resolution, declare what security is to be given, and to whom, by the person so appointed, before he enters on the office of trustee:

(3.) They shall, by resolution, appoint some other fit persons, not exceeding five in number, and being creditors qualified to

হয় তদ্ভিন্ন মোকদ্দমাদ্বারা প্রাপ্য দ্রব্য এই প্রকরণের অর্থমতে মাল ও দ্রব্য জ্ঞান হইবে না ইতি।

দরখা[স্ত] গেলে পর ... করিবার নি[মিত্তে] গ্রাহককে নিযু[ক্ত করিতে] আদালতের ক্ষমতা।

পূর্ব্বোক্তমতে আদালতকর্ত্তৃক আহূত উত্তমর্ণদের যে সাধারণ সভা এই আইনে উত্তমর্ণদের প্রথম সভা বলিয়া উ[ক্ত হইয়াছে,]

ব্যাঙ্ক্রাপ্ট কি ডিক্রী জারী ... পরওয়ানা হইবার নি[মিত্তে] প্রথম সভা-

ঋণ শোধনের অক্ষমতাই সভায় যত ব্যক্তির বিদ্যমানে যদি ঐ মোকদ্দমা ঘটিত না হয় এবং কার্য্য স্থগিত করিয়া কিম্বা তৎকার্য্য চলন কালে এবং সভার কার্য্যের নিয়ম হয় এমন স্থলে আদালত যে নির্ণীয় অন্য সকল বিষয়ে সেই নিয়মানুসারে ঐ কার্য্য প্রচলিত নির্দ্দিষ্ট বিধানবশে মতি দিতে পারিবেন।

আরো ঐ দরখাস্ত উপস্থিত করা [গেলে পর যে] ঋণির নামে উপস্থিত করা যায় আদালত [তাহার পর যে কোন সময়ে] সেই ঋণির সম্পত্তির কি তাহার কোন [সম্পত্তির] ... গ্রাহক কি ব্যবসায়ের কি তদংশের অধ্যক্ষ নিযুক্ত করিতে পারিবেন, ও অগৌণে সেই সম্পত্তি কি ব্যবসায় কি তদংশ গ্রহণ করিবার আজ্ঞা দিতে পারিবেন ইতি।

ট্রষ্টীর নিযুক্ত হইবার কথা।

১৫ ধারা। ঋণীকে ঋণ শোধ করিবার অক্ষম বলিয়া নির্ণয় করিবার যে আজ্ঞা এই আইনে নির্ণয় সূচক আজ্ঞা নামে উল্লিখিত হইয়াছে, সেই আজ্ঞা করা গেলে, ঋণ শোধনের অক্ষমতা ঘটিত ব্যাপারে যে উত্তমর্ণের যত টাকা পাওনা প্রমাণ করা গেল, তদনুসারে তাঁহাদের মধ্যে ঐ ঋণির সম্পত্তি বিভাজ্য। ঐ সম্পত্তি বিভাগ করিবার নিমিত্তে আদালত সাধ্যমতে ত্বরায় উত্তমর্ণদের সাধারণ সভা করিবেন ও সেই সভায় অধিষ্ঠিত উত্তমর্ণেরা নিম্নলিখিত কার্য্য করিবেন ও করিতে পারিবেন।

ঋণ শোধ করিবার অক্ষম ব্যক্তির সম্পত্তি নিরূপণাধিকারিদিগকে নিযুক্ত করিবার নিমিত্ত উত্তমর্ণদের অধিবেশনের কথা।

(১) তাঁহারা নির্দ্ধারণ করিয়া এক জন উত্তমর্ণকে কিম্বা উপযুক্ত অন্য ব্যক্তিকে অক্ষম ঋণির সম্পত্তির ট্রষ্টী পদে (অর্থাৎ ন্যাসধারী-স্বরূপ) নিযুক্ত করিবেন। ও তাঁহার পারিশ্রমিক দিতে হইলে তাহাও সময়ে২ নিরূপণ করিবেন। অথবা তত্ত্বাবধায়ক যে কমিটী পশ্চাৎ উল্লিখিত হইল ঐ ট্রষ্টীকে নিযুক্ত করণের কার্য্য তৎপ্রতি অর্পণ করিবেন।

(২) ট্রষ্টীকে নিযুক্ত করিলে, তিনি সেই কর্ম্মে প্রবর্ত্ত হইবার পূর্ব্বে কাহাকে কি প্রতিভূ দিবেন তাঁহারা ইহাও নির্দ্ধারণক্রমে নির্দ্দেশ করিবেন।

(৩) ঐ ট্রষ্টী অক্ষম ঋণির সম্পত্তিসংক্রান্ত কার্য্য যেরূপে নিরূপণ করেন ইহার তত্ত্বাবধারণ করিবার নিমিত্তে তাঁহারা পাঁচ জনের অনধিক

vote at such first meeting of creditors as is in this Act mentioned, or authorized in the prescribed form by creditors so qualified to vote, to form a committee of inspection for the purpose of superintending the administration by the trustee of the insolvent's property :

উপযুক্ত অন্য ব্যক্তিদিগকে তত্ত্বাবধারক কমিটীস্বরূপ নিযুক্ত করিবেন। এই আইনে উত্তমর্ণদের যে প্রথম সভার উল্লেখ হইয়াছে সেই সভায় যে উত্তমর্ণেরা মত জ্ঞাপন করিবার যোগ্য ঐ পাঁচ জন তাঁহারদের মধ্যহইতে মনোনীত হইবেন, কিম্বা মত জ্ঞাপন করিবার যোগ্য তদ্রূপ উত্তমর্ণদেরদ্বারা নির্দ্দিষ্টমতে ক্ষমতাপ্রাপ্ত লোক হইবেন।

(4.) They may, by resolution, give directions as to the manner in which the property is to be administered by the trustee, and it shall be the duty of the trustee to conform to such directions, unless the Court for some just cause otherwise orders.

(৪) ঐ ট্রষ্টী যে প্রকারে ঐ সম্পত্তিসংক্রান্ত কার্য্য নিরূপণ করিবেন তাঁহারা নির্দ্ধারণক্রমে এতদ্বিষয়ের বিধি করিবেন এবং আদালত কোন ন্যায্য কারণে প্রকারান্তরের আজ্ঞা না করিলে, ঐ ট্রষ্টীর সেই বিধিমতে কার্য্য করা কর্ত্তব্য ইতি।

Descriptions of insolvent's property divisible amongst creditors.

16. The property of the insolvent divisible amongst his creditors, and in this Act referred to as the property of the insolvent, shall not comprise the following particulars :

উত্তমর্ণদের মধ্যে অক্ষম ঋণির যে সম্পত্তি বিভাজ্য তাহার বর্ণনার কথা।

১৬ ধারা। উত্তমর্ণদের মধ্যে অক্ষম ঋণির বিভাজ্য যে সম্পত্তি এই আইনে অক্ষম ঋণির সম্পত্তি বলিয়া উল্লিখিত হইয়াছে তন্মধ্যে এইং বিষয় ধর্ত্তব্য নয়।

(1.) Property held by the insolvent on trust for any other person :

(১) অন্য ব্যক্তির নিমিত্ত ন্যস্ত যে সম্পত্তি অক্ষম ঋণির নিকট থাকে তাহা।

(2.) The tools (if any) of his trade, and the necessary wearing apparel and bedding of himself, his wife and children, to a value, inclusive of tools and apparel and bedding, not exceeding two hundred rupees in the whole :

(২) তাঁহার ব্যবসায়ের যন্ত্রপ্রভৃতি থাকিলে সর্ব্বশুদ্ধ দুই শত টাকার অনধিক মূল্যপর্য্যন্ত তাঁহার সেই যন্ত্রাদি এবং স্ত্রীর ও সন্তানগণের ও নিজের পরিবার আবশ্যক বস্ত্র ও শয্যা।

But it shall comprise the following particulars :—

কিন্তু এইং সম্পত্তি ধরা যাইবে।

(3.) All such property as may belong to, or be vested in, the insolvent at the commencement of the insolvency, or may be acquired by, or devolve on, him during its continuance :

(৩) ঋণ শোধনের অক্ষমতার প্রারম্ভে ঋণির যে সকল সম্পত্তি ছিল কিম্বা তাহার প্রতি যাহা বর্ত্তিয়াছিল, কিম্বা ঋণশোধনের ক্ষমতা থাকন কালে তিনি যে সম্পত্তিপ্রাপ্ত হন কিম্বা তাঁহার প্রতি যে সম্পত্তি বর্ত্তে তাহা।

(4.) The capacity to exercise and to take proceedings for exercising all such powers in or over or in respect of property as might have been exercised by the insolvent for his own benefit at the commencement of his insolvency or during its continuance :

(৪) ঋণ শোধনের অক্ষমতার প্রারম্ভে কি থাকনকালে কোন সম্পত্তিতে কি তদুপরে কি তৎসম্পর্কে যে সকল ক্ষমতামতে কার্য্য করিতে পারিতেন তাঁহার সেই ক্ষমতামতে কার্য্য করিবার ও সেই ক্ষমতামতে কার্য্য করণার্থে কার্য্যানুষ্ঠান করিবার শক্তি।

(5.) All goods and chattels being, at the commencement of the insolvency, in the possession, order, or disposition of the insolvent, by the consent and permission of the true owner, of which goods and chattels the insolvent is reputed owner, or of which he has taken upon himself the sale or disposition as owner : provided that things in

(৫) ঋণশোধনের অক্ষমতার প্রারম্ভে যে সকল মাল ও দ্রব্য প্রকৃত স্বামির অনুমতি ও সম্মতিক্রমে ঋণির অধিকারে কি আজ্ঞাধীনে কি হস্তান্তরকরণাধিকারে থাকে, ও ঋণী যে মালেরও দ্রব্যের কথিত স্বামী হন কিম্বা স্বামিস্বরূপ যে দ্রব্যের বিক্রয় কি হস্তান্তর করণের ভার গ্রহণ করিয়াছেন তাহা। কিন্তু বাণিজ্য কি ব্যবসায়ক্রমে তাহার যে টাকা পাওনা

action, other than debts due to him in the course of his trade or business, shall not be deemed goods and chattels within the meaning of this clause.

17. The general meeting of creditors to be summoned as aforesaid by the Court, and in this Act referred to as the first meeting of creditors, shall be held in the prescribed manner and subject to the prescribed regulations as to the quorum, adjournment of meeting, and all other matters relating to the conduct of the meeting or the proceedings thereat :

Regulations as to first meeting of creditors.

Provided that,—

1. The meeting shall be presided over by the registrar, or, in the event of his being unable to attend through illness or any unavoidable cause, by such chairman as the meeting may elect :

2. No person shall be entitled to vote as a creditor unless at or previously to the meeting he has in the prescribed manner proved a debt provable under the insolvency to be due to him .

3. No creditor shall vote at the said meeting in respect of any unliquidated or contingent debt, or any debt the value of which is not ascertained :

4. A secured creditor shall, for the purpose of voting, be deemed to be a creditor only in respect of the balance (if any) due to him after deducting the value of his security ; and the amount of such balance shall, until the security be realized, be determined in the prescribed manner. He may, however, at or previously to the meeting of creditors, give up the security to the trustee, and thereupon he shall rank as a creditor in respect of the whole sum due to him :

5. A "secured creditor" shall in this Act mean any creditor holding any mortgage, charge, or lien on the insolvent's estate, or any part thereof, as security for a debt due to him.

6. Votes may be given either personally or by proxy :

হয় তদ্ভিন্ন মোকদ্দমাদ্বারা প্রাপ্য দ্রব্য এই প্রকরণের অর্থমতে মাল ও দ্রব্য জ্ঞান হইবে না ইতি।

১৭ ধারা। পূর্ব্বোক্তমতে আদালতকর্ত্তৃক আহূত উত্তমর্ণদের যে সাধারণ সভা এই আইনে উত্তমর্ণদের প্রথম সভা বলিয়া উল্লিখিত হইয়াছে, সেই সভায় যত ব্যক্তির বিদ্যমানে কার্য্য চলিবে এই বিষয়ে এবং কার্য্য স্থগিত করিয়া দিনান্তর নিরূপণ বিষয়ে, এবং সভার কার্য্যের নিয়ম ও তদ্যাত কার্য্যানুষ্ঠানসম্পর্কীয় অন্য সকল বিষয়ে সেই সভা নির্দ্দিষ্ট প্রকারে ও নির্দ্দিষ্ট বিধানবশে অধিষ্ঠিত হইবে।

উত্তমর্ণদের প্রথম সভা-বিষয়ক বিধান।

কিন্তু।

১। রেজিষ্ট্রার সাহেব ঐ সভার সভাপতি হইবেন। তিনি পীড়াপ্রযুক্ত কি অনিবার্য্য অন্য কারণে উপস্থিত হইতে না পারিলে সভা যাঁহাকে মনোনীত করেন তিনি সভাপতি হইবেন।

২। ঋণশোধনাক্ষমতাঘটিত ব্যাপারের বিচার কালে যে ঋণ নির্দ্দিষ্টমতে প্রামাণ্য হয় কোন ব্যক্তি সভার কালে কি তৎপূর্ব্বে আপনার প্রাপ্য এমত ঋণের প্রমাণ না করিলে, তিনি উত্তমর্ণস্বরূপে মত জ্ঞাপন করিতে পারিবেন না।

৩। কোন উত্তমর্ণ অদত্ত টাকার কি সম্ভাবিত ঋণের কিম্বা যে ঋণের মূল্য নিশ্চিত নয় তদুপলক্ষে উক্ত সভায় মত জ্ঞাপন করিতে পারিবেন না।

৪। উত্তমর্ণ বন্ধক দ্রব্য প্রাপ্ত হইলে, সেই দ্রব্যের মূল্য বাদ দিয়া তাহার অবশিষ্ট পাওনা থাকিলে, তিনি মত জ্ঞাপন করণোপলক্ষে কেবল সেই অবশিষ্টাংশ সম্পর্কে উত্তমর্ণ জ্ঞান হইবেন। এবং বন্ধকের সংশ্রিত টাকা যত কাল আদায় না হয় তত কাল ঐ অবশিষ্টাংশ নির্দ্দিষ্টমতে নিরূপিত হইবে। কিন্তু তিনি উত্তমর্ণদের সেই সভায় কি তৎপূর্ব্বে ট্রষ্টীরপ্রতি ঐ বন্ধক দ্রব্য সমর্পণকরিতে পারিবেন তাহা করিলে তাঁহার প্রাপ্য সমুদয় টাকা সম্পর্কে তিনি উত্তমর্ণদের মধ্যে গণ্য হইবেন।

৫। এই আইনে উত্তমর্ণ আপনার প্রাপ্য ঋণের বন্ধকস্বরূপে ঋণির সম্পত্তি কি তাহার কোন অংশ বন্ধক পাইলে কি তাহার উপর তাঁহার কোন দাবী কি সোপাধিক অধিকার থাকিলে "বন্ধক প্রাপ্ত উত্তমর্ণ" শব্দে তাহাকে বুঝাইবে।

৬। কোন ব্যক্তি স্বয়ং কি অন্যের দ্বারা মত জ্ঞাপন করিতে পারিবেন।

শের
কার্য্য

7. An ordinary resolution shall be decided by a majority in value of the creditors present personally or by proxy at the meeting and voting on such resolution :

৭। সামান্য নির্দ্ধারণ করিতে হইলে, যে উত্তমর্ণেরা উপস্থিত থাকেন তাঁহারদের প্রাপ্য টাকার মূল্যানুসারে অধিকাংশ ব্যক্তি স্বয়ং কি অন্যের দ্বারা মত জ্ঞাপন করিয়া ঐ নির্দ্ধারণ করিবেন।

8. A special resolution shall be decided by a majority in number, and three-fourths in value, of the creditors present personally or by proxy at the meeting and voting on such resolution.

৮। বিশেষ নির্দ্ধারণ করিতে হইলে, যে উত্তমর্ণেরা উপস্থিত থাকেন তাঁহারদের সংখ্যাক্রমে অধিকাংশ ব্যক্তি ও প্রাপ্য টাকার মূল্যানুসারে চারি অংশের তিন অংশ ব্যক্তি স্বয়ং কি অন্যের দ্বারা মত জ্ঞাপন করিয়া ঐ নির্দ্ধারণ করিবেন ইতি।

Devolution of property on trustee.

18. Until a trustee is appointed the registrar shall be the trustee for the purposes of this Act, and immediately upon the order of adjudication being made the property of the insolvent shall vest in the registrar. On the appointment of a trustee the property shall forthwith pass to and vest in the trustee appointed.

ট্রষ্টীর প্রতি সম্পত্তিবর্ত্তিবার কথা।

১৮ ধারা। ট্রষ্টী যত কাল নিযুক্ত না হন, তত কাল এই আইনের কার্য্যোপলক্ষে রেজিষ্ট্রার ট্রষ্টী হইবেন, এবং নির্ণয়সূচক আজ্ঞা হইবামাত্র অক্ষম ঋণির সম্পত্তি রেজিষ্ট্রারের প্রতি বর্ত্তিবে। ট্রষ্টী নিযুক্ত হইলে ঐ সম্পত্তি তৎক্ষণাৎ তাঁহার হস্তে অর্পিত হইবে ও তাঁহার প্রতি বর্ত্তিবে।

The expression "trustee," when used in this Act, shall include the person for the time being filling the office of trustee, whether he be the registrar or not; but when the registrar holds the office of trustee he shall, unless the Court otherwise orders, in the administration of the property of the insolvent, apply to the Court for directions as to the mode of administering such property, and shall not take possession thereof unless directed by the Court.

এই আইনে "ট্রষ্টী" শব্দ ব্যবহার হইলে, যিনি যৎকালে ট্রষ্টীর পদধারী হন রেজিষ্ট্রার কি অন্য ব্যক্তি হইলেও তিনি সেই শব্দে গণ্য। কিন্তু যদি রেজিষ্ট্রার ট্রষ্টীর পদ ধারণ করেন, তবে আদালত প্রকারান্তর আজ্ঞা না করিলে, তিনি অক্ষম ঋণির সম্পত্তির কার্য্য নিরূপণার্থে ঐ সম্পত্তির কার্য্য নিরূপণের নিয়ম বিষয়ে আদালতের আদেশ প্রার্থনা করিবেন। এবং আদালতের আদেশ না পাইলে সম্পত্তি অধিকার করিবেন না ইতি।

Evidence of appointment of trustee.

19. The appointment of a trustee shall be reported to the Court, and the Court upon being satisfied that the requisite security has been entered into by him, shall give a certificate declaring him to be trustee of the insolvency named in the certificate: such certificate shall be conclusive evidence of the appointment of the trustee, and such appointment shall date from the date of the certificate.

ট্রষ্টীর নিযুক্ত হওয়ার প্রমাণের কথা।

১৯ ধারা। ট্রষ্টীকে নিযুক্ত করা গেলে সেই কথা আদালতে রিপোর্ট করিতে হইবে। এবং সেই ব্যক্তি প্রয়োজনমত প্রতিভূপত্র করিয়া দিয়াছেন, আদালত ইহা হৃদ্বোধমতে জ্ঞাত হইলে তাঁহাকে সর্টিফিকট দিবেন অর্থাৎ তাঁহাকে ঐ সর্টিফিকট লিখিত ঋণশোধনাক্ষমতাঘটিতকার্য্য সম্পর্কীয় ট্রষ্টী নির্দ্দেশসূচক সর্টিফিকট দিবেন। ঐ সর্টিফিকট ঐ ট্রষ্টীর নিযুক্ত হওয়ার সিদ্ধান্ত প্রমাণ হইবে, এবং সর্টিফিকটের তারিখ ঐ নিয়োগের তারিখ হইবে।

When the registrar holds the office of trustee, or when the trustee is changed, a like certificate of the Court may be made declaring the person therein named to be trustee, and such certificate shall be conclusive evidence of the person therein named being trustee.

রেজিষ্ট্রার ট্রষ্টীর পদধারী হইলে, কিম্বা ট্রষ্টীর পরিবর্ত্তন হইলে, আদালতের সেই প্রকারের সর্টিফিকট করা যাইতে পারিবে, তদ্দ্বারা তল্লিখিত ব্যক্তিকে ট্রষ্টী বলিয়া নির্দ্দেশ করা যাইবে। ও তল্লিখিত ব্যক্তি যে ট্রষ্টী আছেন, ঐ সর্টিফিকট ইহার সিদ্ধান্ত প্রমাণ হইবে ইতি।

Administration of property.

সম্পত্তি নিরূপণাধিকারিত্বের কথা।

Conduct of insolvent.

20. The insolvent shall, to the utmost of his power, aid in the realization of his property, and the distribution of the proceeds amongst his creditors.

ঋণির কর্ত্তব্য কার্য্যের কথা।

২০ ধারা। অক্ষম ঋণী সাধ্যমতে আপনার সম্পত্তি আদায় করণ কার্য্যে ও উত্তমর্ণদের মধ্যে তদুৎপন্ন টাকা বন্টন কার্য্যে সাহায্য করিবেন।

He shall produce a statement of his affairs to the first meeting of creditors, and shall be publicly examined thereon on a day to be named by the Court, and subject to such adjourned public examination as the Court may direct.

উত্তমর্ণদের প্রথম অধিবেশন কার্য্যের কথা। সমস্ত বিষয় ব্যাপারের বর্ণনাপত্র উপস্থিত করিবেন এবং আদালতের নিরূপিত দিনে তদ্বিষয়ে তাঁহার প্রকাশ পরীক্ষা হইবে, এবং আদালত সেই দিন ঐ কার্য্য স্থগিত রাখিয়া দিনান্তর নিরূপণ করিলে সেই দিনেও তাঁহার প্রকাশ পরীক্ষা হইবে।

He shall give such inventory of his property, such list of his creditors and debtors, and of the debts due to and from them respectively, submit to such examination in respect of his property or his creditors, attend such meetings of his creditors, wait at such times on the trustee, execute such powers of attorney, conveyances, deeds and instruments, and generally do all such acts and things in relation to his property and the distribution of the proceeds amongst his creditors, as may be reasonably required by the trustee, or may be prescribed by rules of Court, or be directed by the Court by any special order or orders made in reference to any particular insolvency, or made on the occasion of any special application by the trustee or any creditor.

ট্রষ্টী যদ্রূপমতে যদ্রূপ আজ্ঞা করেন কিম্বা আদালতের নিয়মমতে যদ্রূপে নির্দ্দিষ্ট হয়, কিম্বা আদালত কোন বিশেষ ব্যক্তির ঋণ শোধনের অক্ষমতা উপলক্ষে কিম্বা ট্রষ্টীর কি কোন উত্তমর্ণের কোন বিশেষ প্রার্থনাক্রমে বিশেষ যদ্রূপ আজ্ঞা করেন অক্ষম ঋণী তদনুসারে আপনার সম্পত্তির নির্ঘণ্টপত্র ও উত্তমর্ণদের ও অধমর্ণদের নির্ঘণ্টপত্র ও তাঁহারদের যত টাকা দেনা কি পাওনা হয় তাহার নির্ঘণ্টপত্র দিবেন, এবং সম্পত্তির কি উত্তমর্ণদের বিষয়ে যে প্রশ্ন করা যায় তাহার উত্তর দিবেন, ও উত্তমর্ণদের অধিবেশন কালে উপস্থিত হইবেন, ও ট্রষ্টীর নিরূপিত সময়ে তাঁহার কাছে যাইবেন, ও মোক্তারনামা ও হস্তান্তরকরণপত্র ও দলীল ও নিদর্শনপত্র করিবেন, ও তাঁহার সম্পত্তি সম্পর্কীয় ও উত্তমর্ণদের মধ্যে তদুৎপন্ন টাকা বন্টন সম্পর্কীয় সমস্ত কার্য্য ও বিষয় করিবেন।

If the insolvent wilfully fail to perform the duties imposed on him by this section, or if he fail to deliver up possession to the trustee of any part of his property, which is divisible amongst his creditors under this Act, and which may for the time being be in the possession or under the control of such insolvent, he shall, in addition to any other punishment to which he may be subject, be deemed guilty of an offence under the Indian Penal Code, section one hundred and eighty-seven, and may be punished accordingly.

অক্ষম ঋণির এই ধারামত কর্ত্তব্য যে কার্য্য তৎপ্রতি অর্পিত হয়, তিনি ইচ্ছাপূর্ব্বক তাহা করিতে ত্রুটি করিলে কিম্বা তাহার যে সম্পত্তি এই আইনমতে উত্তমর্ণদের মধ্যে বিভাজ্য হয় কিন্তু তৎকালে তাহারই অধিকারে কি তত্ত্বাধীনে থাকে সেই সম্পত্তির কোন অংশ যদি ট্রষ্টীর হাতে সমর্পণ করিয়া না দেন তবে, তৎপ্রযুক্ত তাঁহার অন্য যে দণ্ড হইতে পারে তাহার তিনি ভারতবর্ষীয় দণ্ড বিধির আইনের ১৮৭ ধারার নির্দ্দিষ্ট অপরাধের অপরাধী জ্ঞান হইবেন ও তদনুসারে তাঁহার দণ্ড হইতে পারিবে ইতি।

21. The trustee shall, in the administration of the property of the insolvent and in the distribution thereof amongst his creditors, have regard to any directions that may be given by resolution of the creditors at any general meeting, or by the committee of inspection; and any directions so given by the creditors at any general meeting shall be deemed to override any directions given by the committee of inspection.

Conduct of trustee, and appeal to Court against trustee.

২১ ধারা। সাধারণ সভাধিবিষ্ট উত্তমর্ণেরা কিম্বা তত্ত্বাবধায়ক কমিটী নির্দ্ধারণ করিয়া অক্ষম ঋণির সম্পত্তি নিরূপণ বিষয়ে ও উত্তমর্ণদের মধ্যে তাহার বন্টন বিষয়ে যে আদেশ করিয়া থাকেন, ট্রষ্টী সেই আদেশ লক্ষ করিয়া কার্য্য করিবেন। তত্ত্বাবধায়ক কমিটী যে আদেশ করেন তদপেক্ষা সাধারণ সভাগত উত্তমর্ণদের আদেশ গুরুতর জ্ঞান হইবে।

ট্রষ্টীর কর্ত্তব্য কর্ম্মের ও তাঁহার বিপক্ষে আদালতে আপীল হইবার কথা।

The trustee shall call a meeting of the committee of inspection once at least every three months, when they shall audit his accounts, and determine whether any or what dividend is to be paid; he may also call special meetings of the said committee as he thinks necessary.

ট্রষ্টী তিন মাসের মধ্যে ন্যূনকল্পে একবার তত্ত্বাবধায়ক কমিটীর সভা করিবেন, তৎকালে তাঁহারা তাঁহার হিসাব আডিট করিয়া ডিবিডেণ্ড দিতে হইবে কি না ও কত করিয়া দিতে হইবে ইহা নির্ণয় করিবেন। আরো তিনি প্রয়োজনমতে উক্ত কমিটীর বিশেষ অধিবেশনের আদেশ করিতে পারিবেন।

Subject to the provisions of this Act, and to such directions as aforesaid, the trustee shall exer-

এই আইনের বিধান এবং পূর্ব্বোক্ত আদেশের বশতায় ট্রষ্টী আপনার বিবেচনামতে সম্পত্তির কার্য্য

cise his own discretion in the management of the estate, and its distribution amongst the creditors.

ধ্যক্ষতা করিবেন ও উত্তমর্ণদের মধ্যে সম্পত্তি বণ্টন করিবেন।

The trustee may from time to time summon general meetings of the creditors for the purpose of ascertaining their wishes; he may also apply to the Court, in manner prescribed, for directions in relation to any particular matter arising under the insolvency.

ট্রুষ্টী উত্তমর্ণদের অভিমত জানিবার নিমিত্তে সময়ে২ সাধারণ অধিবেশনের আদেশ করিবেন। এবং সেই ঋণশোধনাক্ষমতাঘটিত ব্যাপারে কোন বিশেষ বিষয় উত্থিত হইলে, তিনি নির্দ্দিষ্ট প্রকারে আদালতে সেই বিষয়ের আদেশ প্রার্থনা করিতে পারিবেন।

The insolvent, or any creditor, debtor, or other person aggrieved by any act of the trustee, may apply to the Court, and the Court may confirm, reverse, or modify the act complained of, and make such order in the premises as it thinks just.

ট্রুষ্টীর কোন কার্য্যদ্বারা অক্ষম ঋণী কিম্বা কোন উত্তমর্ণ কি অধমর্ণ কি অন্য ব্যক্তি ক্ষুব্ধ হইলে, আদালতে প্রার্থনা করিতে পারিবেন। তাহা করিলে আদালত ঐ অভিযোগের কার্য্য দৃঢ় করিতে কিম্বা অসিদ্ধ কি মতান্তর করিতে এবং বিচারঘটিত প্রথম স্থলে যে আজ্ঞা ন্যায্য বোধ করেন করিতে পারিবেন।

The Court may from time to time, during the continuance of an insolvency, summon general meetings of the creditors for the purpose of ascertaining their wishes, and may, if the Court thinks fit, direct the registrar to preside at such meetings.

ঋণশোধনাক্ষমতাঘটিত কার্য্য প্রচলনকালে আদালত সময়ে২ উত্তমর্ণদের অভিমত জানিবার নিমিত্তে তাঁহারদের সাধারণ অধিবেশনের আদেশ করিতে পারিবেন এবং বিহিত বোধকরিলে সেই অধিবেশনে রেজিষ্ট্রারকে সভাপতি হইবার আদেশ করিতে পারিবেন।

The trustee shall, in relation to and for the purpose of acquiring or retaining possession of the property of the insolvent, be in the same position in all respects as if he were a receiver of such property appointed by the Court under the Code of Civil Procedure, and the Court may, on his application, enforce such acquisition or retention of property accordingly.

অক্ষম ঋণির সম্পত্তি প্রাপ্ত হইবার ও রাখিবার সম্পর্কে ও তদর্থে ট্রুষ্টী সর্ব্বতোভাবে আদালতকর্তৃক দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনমতে নিযুক্ত সম্পত্তিগ্রাহকের অবস্থাপন্ন হইবেন। এবং তাঁহার প্রার্থনা হইলে আদালত তদনুসারে বলপূর্ব্বক ঐ সম্পত্তি তাঁহার হাতে দেওয়াইবেন ও তাঁহার অধিকারে রাখিবেন ইতি।

22. The provisions of this Act with respect to the first general meeting of creditors shall apply to any subsequent general meeting of creditors in an insolvency, with this exception,

Regulations as to general meetings of creditors subsequent to first meeting.

২২ ধারা। এই আইনে উত্তমর্ণদের সাধারণ সভার প্রথম অধিবেশনের যে২ বিধান হইয়াছে, সেই২ বিধান ঐ ঋণশোধনাক্ষমতাঘটিত ব্যাপারে উত্তমর্ণদের তৎপশ্চাৎ কোন সাধারণ অধিবেশনের প্রতি বর্ত্তিবে। কেবল বর্জ্জিত স্থল এই২

উত্তমর্ণসভার প্রথম অধিবেশনের পর সাধারণের অধিবেশনের বিধি।

that subsequent meetings of creditors may be summoned by the trustee, or by a member of the committee of inspection,

তৎপশ্চাৎ উত্তমর্ণদের সভার অধিবেশন ট্রুষ্টীর কিম্বা তত্ত্বাবধায়ক কমিটীর অন্যতর ব্যক্তির আদেশমতে হইতে পারিবে।

and that such meetings may, unless otherwise directed by the Court in the case of meetings summoned by the Court, be presided over by any person chosen by the creditors assembled at such meeting,

এবং আদালতের আদেশমতে সভার অধিবেশন হইলে আদালত প্রকারান্তরের আজ্ঞা না করিলে, উক্ত সভার ঐ সভাগত উত্তমর্ণদের মনোনীত কোন ব্যক্তি সভাপতি হইবেন।

and that any creditor whose debt has been proved, or the value of whose debt has been ascertained at or subsequently to such first meeting, shall be allowed to be present and to vote thereat.

এবং সেই সভার প্রথম অধিবেশন কালে কি তৎপরে যে কোন উত্তমর্ণের টাকা প্রাপ্য হওয়ার প্রমাণ হইয়াছে কিম্বা যাঁহার প্রাপ্যের মূল্য নিশ্চিত হইয়াছে তিনিও সেই অধিবেশনকালে উপস্থিত হইয়া মত জ্ঞাপন করিতে অনুমতি পাইবেন ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭১। ২৪ জানুআরি।]

Dealings with Insolvent's Property.

23. Where any portion of the property of the insolvent consists of stock, shares in ships, shares, or any other property transferable in the books of any company, office, or person, the right to transfer such property shall be absolutely vested in the trustee to the same extent as the insolvent might have exercised the same if he had not become insolvent.

Possession of property by trustee.

Where any portion of the property of the insolvent consists of things in action, any suit or other proceeding for the recovery of such things instituted by the trustee shall be instituted in his official name, as in this Act provided; and such things shall, for the purpose of such suit or other proceeding, be deemed to be assignable in law, and to have been duly assigned to the trustee in his official capacity.

The trustee shall, as soon as may be, take possession of the deeds, books, and documents of the insolvent, and all other property capable of manual delivery. The trustee shall keep, in such manner as rules of Court direct, proper books, in which he shall from time to time make or cause to be made entries or minutes of proceedings at meetings, and of such other matters as rules of Court direct, and any creditor of the insolvent may, subject to the control of the Court, personally or by his agent inspect such books.

24. When any property of the insolvent acquired by the trustee under this Act consists of land of any tenure burdened with onerous covenants, of unmarketable shares in companies, of unprofitable contracts, or of any other property that is unsaleable or not readily saleable, by reason of its binding the possessor thereof to the performance of any onerous act, or to the payment of any sum of money, the trustee, notwithstanding he has endeavoured to sell, or has taken possession of such property or exercised any act of ownership in relation thereto, may, by writing under his hand, disclaim such property.

Disclaimer as to onerous property.

Upon the execution of such disclaimer the property disclaimed shall,

Effect of disclaimer.

if the same is a contract, be deemed to be determined from the date of the order of adjudication,

and if the same is a lease, be deemed to have been surrendered on the same date,

অক্ষম ঋণির সম্পত্তি লইয়া ইতিকর্ত্তব্যতার কথা।

২৩ ধারা। অক্ষম ঋণির সম্পত্তির একাংশ যদি ষ্টাক কিম্বা জাহাজে অংশ কি শ্যার কিম্বা কোন কোম্পানির কি কার্য্যালয়ের কি ব্যক্তির খাতাবহীতে হস্তান্তর সাধ্য অন্য সম্পত্তি লইয়া হয়, তবে ঋণী অক্ষম না হইলে স্বয়ং সেই সম্পত্তি হস্তান্তর করিবার ক্ষমতামতে কার্য্য করিতে তাঁহার যতদূর স্বত্ব থাকিত ঐ ট্রষ্টীর প্রতি সেই সম্পত্তি হস্তান্তর করিবার স্বত্ব নিরপেক্ষরূপে তত দূর বর্ত্তিবে।

সম্পত্তি ট্রষ্টীর অধিকারে থাকনের কথা।

অক্ষম ঋণির সম্পত্তির কোন অংশ যদি মোকদ্দমার দ্বারা প্রাপ্য বিষয় হয়, তবে সেই দ্রব্য পাইবার নিমিত্তে ট্রষ্টীর দ্বারা যে কোন মোকদ্দমা উপস্থিত করা যায় কি অন্য যে কার্য্যানুষ্ঠান হয়, তাহা এই আইনের বিধানমতে ঐ ট্রষ্টীর পদসংক্রান্ত নামোল্লেখে উপস্থিত করা যাইবে, এবং সেই মোকদ্দমার কি আনুষ্ঠানিক অন্য কার্য্যের উপলক্ষে সেই সকল বিষয় ঐ ট্রষ্টীর পদসংক্রান্ত ক্ষমতার উদ্দেশে তাঁহার প্রতি আইনমতে অর্পণীয় ও নিয়মমতে অর্পিত হইল জ্ঞান হইবে।

ট্রষ্টী সাধ্যমতে ত্বরা। অক্ষম ঋণির সকল দলীল ও খাতাবহী ও নিদর্শনপত্র এবং অন্য যে সকল দ্রব্য তাঁহার হাতে দেওয়া যাইতে পারে তাহা লইবেন। ট্রষ্টী আদালতের বিধিক্রমে যেমত আদেশ পান সেই মতে উপযুক্ত বহী রাখিয়া সভার অধিবেশন কালে যে কার্য্যের অনুষ্ঠান হয় তাহার বিবরণ কি মর্ম্ম এবং আদালত অন্য যের কথা লিখিতে আজ্ঞা করেন, তাহা সময়ের ঐ বহীতে লিখিবেন কি লেখাইবেন। এবং আদালতের কর্ত্তৃত্বাধীনে অক্ষম ঋণির কোন উত্তমর্ণ স্বয়ং কিম্বা আপন কর্ম্মকারকের দ্বারা ঐ বহী দৃষ্টি করিবেন ইতি।

২৪ ধারা। এই আইনমতে ট্রষ্টী অক্ষম ঋণির যে সম্পত্তি প্রাপ্ত হন তন্মধ্যে যদি গুরুতর দায়যুক্ত নিয়মে ভারগ্রস্ত কোন ভূমির অধিকার কিম্বা কোম্পানির অবিক্রেয় শ্যার কিম্বা অলাভজনক চুক্তি থাকে, কিম্বা অধিকারী কোন গুরুতর দায়যুক্ত কর্ম্ম করিতে কিম্বা কোন টাকা দিতে আবদ্ধ হওয়াপ্রযুক্ত অন্য যে সম্পত্তি বিক্রেয় নয় কি অনায়াসে বিক্রেয় নয় যদি এমত সম্পত্তি থাকে, তবে ট্রষ্টী সেই সম্পত্তি বিক্রয় করিবার উদ্যোগ করিলেও কিম্বা সেই সম্পত্তি অধিকার করিলেও কিম্বা তদ্ঘটিত স্বামিত্বের কোন কার্য্য করিলেও আপনার স্বাক্ষরিত লিপিদ্বারা ঐ সম্পত্তি অগ্রাহ্য করিতে পারিবেন।

গুরুতর দায়যুক্ত সম্পত্তি অগ্রাহ্য করিবার কথা।

তদ্রূপ অগ্রাহ্য করণপত্র লিখিয়া দেওয়া গেলে, ঐ অগ্রাহ্য সম্পত্তি,

অগ্রাহ্য করিবার ফলের কথা।

যদি চুক্তি লইয়া হয়, তবে নির্ণয়সূচক আজ্ঞার তারিখঅবধি সেই চুক্তি রহিত হইল জ্ঞান হইবে।

যদি পাট্টা লইয়া হয়, তবে সেই তারিখে তাহা ত্যাগ হইল জ্ঞান হইবে।

cise his own discretion in th... a any company, be estate, and its distributior ... that date,

The trustee ma... species of property, it shall general meeting ...on entitled on the determination of ascertainin... r interest of the insolvent, but if the Court ... be no person in existence so entitled, relatior ... no case shall any estate or interest therein inso... n in the insolvent.

Any person interested in any disclaimed property may apply to the Court, and the Court may, upon such application, order possession of the disclaimed property to be delivered up to him, or make such other order as to the possession thereof as may be just.

Any person injured by the operation of this section shall be deemed a creditor of the insolvent to the extent of such injury, and may accordingly prove the same as a debt under the insolvency.

Limitation of time for disclaimer.

25. Any person interested in such property as is mentioned in the first clause of section twenty-four may give notice in writing to the trustee to decide whether he will disclaim it or not. If the trustee fails, within twenty-eight days after the receipt of such application or such further time as may be allowed by the Court, he shall not be entitled to disclaim any such property.

Power of trustee to deal with property.

26. Subject to the provisions of this Act, the trustee shall have power to do the following things:

(1.) To receive and decide upon proof of debts in the prescribed manner, and for such purpose to administer oaths:

(2.) To carry on the business of the insolvent so far as may be necessary for the beneficial winding up of the same:

(3.) To bring or defend any suit, or other legal proceeding relating to the property of the insolvent:

(4.) To deal with any property to which the insolvent is beneficially entitled as tenant in tail in the same manner as the insolvent might have dealt with the same:

যদি কোম্পানির শ্যার লইয়া হয়, তবে সেই তারিখ অবধি ভ্রষ্ট হইল জ্ঞান হইবে।

যদি অন্য প্রকারের সম্পত্তি হয়, তবে অক্ষম ঋণির স্বামিত্বের কি সম্পর্কের পর্য্যবসান হইলে যে ব্যক্তির স্বত্বের উদ্ভব হয় তাঁহারই প্রতি বর্ত্তিবে। এমত কোন ব্যক্তির অবর্ত্তমানে সেই সম্পত্তিতে যে স্বামিত্ব কি সম্পর্ক থাকে তাহা কোনক্রমে অক্ষম ঋণির প্রতি বর্ত্তিবে না।

অগ্রাহ্য কোন সম্পত্তিতে অন্য যে ব্যক্তির সম্পর্ক থাকে তিনি আদালতে প্রার্থনা করিতে পারিবেন। আদালত সেই প্রার্থনা পাইলে তাঁহার প্রতি ঐ অগ্রাহ্য সম্পত্তির অধিকার প্রদান হইবার আজ্ঞা করিবেন কিম্বা ঐ সম্পত্তির অধিকার বিষয়ে ন্যায্যানুগত অন্য আজ্ঞা করিতে পারিবেন।

এই ধারার কার্য্যক্রমে কোন ব্যক্তির হানি হইলে, তাঁহার যত দূর হানি হইল, তিনি তত দূর অক্ষম ঋণির উত্তমর্ণ জ্ঞান হইবেন, তদনুসারে ঋণশোধাক্ষমতা ঘটিত ব্যাপারের ঋণের ন্যায় সেই ঋণের প্রমাণ করিতে পারিবেন ইতি।

অগ্রাহ্য করণের সময়ের কথা।

২৫ ধারা। ২৪ ধারার প্রথম প্রকরণে যে সম্পত্তির উল্লেখ হইয়াছে তাহাতে কোন ব্যক্তির সম্পর্ক থাকিলে, ট্রষ্টী তাহা অগ্রাহ্য করিবেন কি না ঐ সম্পর্কযুক্ত ব্যক্তি তাঁহাকে ইহা নিশ্চিতমতে জানাইবার নোটিস লিখিয়া দিতে পারিবেন। ট্রষ্টী সেই প্রার্থনা পাইলে পর আটাইশ দিনের মধ্যে কিম্বা আদালত অধিক সময়ের অনুমতি দিলে সেই সময়ের মধ্যে ঐ কথা জানাইতে ত্রুটি করিলে, তাঁহার সেই সম্পত্তি অগ্রাহ্য করিবার ক্ষমতা থাকিবে না ইতি।

সম্পত্তি লইয়া ট্রষ্টীর যাহা করিবার ক্ষমতা থাকে তাহার কথা।

২৬ ধারা। ট্রষ্টী এই আইনের বিধানবশে নিম্নলিখিত ক্রিয়া করিতে পারিবেন।

(১) নির্দ্দিষ্টমতে ঋণের প্রমাণ লইয়া তাহা নির্ণয় করিতে পারিবেন, ও তদর্থে শপথ করাইতে পারিবেন।

(২) অক্ষম ঋণির ব্যবসায় লভ্যজনকরূপে বন্ধ করিবার নিমিত্তে যত দূর আবশ্যক হয় তত দূর তাঁহার ব্যবসায় চালাইতে পারিবেন।

(৩) অক্ষম ঋণির সম্পত্তিসম্পর্কীয় কোন মোকদ্দমা কিম্বা আইনঘটিত অন্য কার্য্য উপস্থিত করিতে কিম্বা সেই মোকদ্দমাপ্রভৃতির উত্তর দিতে পারিবেন।

(৪) উত্তরকালে অক্ষম ঋণির কোন সম্পত্তি পাইবার লভ্যজনক স্বত্ব থাকিলে, তিনিই তাহা লইয়া যদ্রূপ কর্ম্ম করিতে পারিতেন ট্রষ্টীও তাহা লইয়া তদ্রূপ করিতে পারিবেন।

(5.) To exercise any powers the capacity to exercise which is vested in him under this Act, and to execute all powers-of attorney, deeds, and other instruments expedient or necessary for the purpose of carrying into effect the provisions of this Act:

(৫) এই আইনদ্বারা তাঁহার প্রতি যে সকল ক্ষমতা মতে কার্য্য করিবার শক্তি বর্ত্তে সেইং ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন, এবং এই আইনের বিধান সফল করণাভিপ্রায়ে যেঁং মোক্তারনামা ও দলীল ও অন্য নিদর্শনপত্র করা বিহিত কি আবশ্যক হয় তাহা করিতে পারিবেন।

(6.) To sell all the property of the insolvent (including the goodwill of the business, if any, and the book-debts due or growing due to the insolvent) by public auction or private contract, with power, if he thinks fit, to transfer the whole thereof to any person or company, or to sell the same in parcels:

(৬) অক্ষম ঋণির সমস্ত সম্পত্তি নীলামদ্বারা কি চুক্তিদ্বারা বিক্রয় করিতে পারিবেন। (তাঁহার ব্যবসায় থাকিলে ঐ ব্যবসায় সহকারে ক্রেতাবিক্রেতাদের অনুগ্রহ কারা এবং খাতালিখিত পাওনা টাকা কিম্বা যে টাকা ক্রমশঃ অক্ষম ঋণির পাওনা হইয়া উঠিতেছে তাহাও ঐ সম্পত্তির মধ্যে গণ্য) এবং বিহিত বোধ করিলে ঐ সমুদয় সম্পত্তি কোন ব্যক্তির কি কোম্পানির প্রতি হস্তান্তর করিয়া দিতে পারিবেন কিম্বা ভাগং করিয়া তাহা বিক্রয় করিতে পারিবেন।

(7.) To give for any monies received by him, receipts which shall effectually discharge the persons paying such monies from all responsibility in respect of the application thereof:

(৭) টাকা পাইলে তাহার রসীদ দিতে পারিবেন। পরে ঐ টাকার যেরূপ ব্যবহার হইবে ঐ রসীদদ্বারা ঐ টাকাদাতা সেই বিষয়ের সকল দায়হইতে সম্পূর্ণরূপে মুক্ত থাকিবেন।

(8.) To prove, rank, claim, and draw a dividend in the matter of the insolvency of any debtor of the insolvent.

(৮) অক্ষম ঋণির নিকট ঋণী কোন ব্যক্তি ঋণশোধ করিতে অক্ষম হইলে সেই বিষয়ে ডিবিডেণ্ডের প্রমাণ করিতে ও তাহা শ্রেণীবদ্ধ করিতে ও তাহার উপর দাওয়া করিতে ও তাহা লইতে পারিবেন ইতি।

Power to allow insolvent to manage property.

27. The trustee may appoint the insolvent himself to superintend the management of the property or of any part thereof, or to carry on the insolvent's trade (if any) for the benefit of the creditors, and in any other respect to aid in administering the property in such manner and on such terms as the creditors direct.

অক্ষমঋণিকে আপনার সম্পত্তির কার্য্যাধ্যক্ষতা করিবার অনুমতি দেওনের ক্ষমতার কথা।

২৭ ধারা। ট্রষ্টী অক্ষম ঋণিকে আপনার সম্পত্তির কি তাহার কোন অংশের কার্য্যাধ্যক্ষতা করিবার কিম্বা তাঁহার ব্যবসায় থাকিলে উত্তমর্ণদের লভ্যার্থে ঐ ব্যবসায় চালাইবার এবং উত্তমর্ণেরা যেরূপে ও যে নিয়মের আদেশ করেন সেই রূপে ও সেই নিয়মমতে সম্পত্তির অধ্যক্ষতা কার্য্যে অন্যরূপ সাহায্য করিবার নিমিত্তে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

Power of trustee to compromise, &c.

28. The trustee may, with the sanction of the commitee of inspection, do all or any of the following things:

রফানামাপ্রভৃতি করিতে ট্রষ্টীর ক্ষমতার কথা।

২৮ ধারা। ট্রষ্টী তত্ত্বাবধায়ক কমিটীর অনুমতিমতে নিম্নলিখিত কোন কি সকল কার্য্য করিতে পারিবেন।

(1) mortgage or pledge any part of the property of the insolvent for the purpose of raising money for the payment of his debts:

(১) অক্ষম ঋণির ঋণশোধ করিবার টাকা তুলিবার নিমিত্তে তাহার সম্পত্তির কোন অংশ বন্ধক কি বোধ দিতে পারিবেন।

(2) refer any dispute to arbitration, compromise all debts, claims, and liabilities, whether present or future, certain or contingent, liquidated or unliquidated, subsisting or supposed to subsist,

(২) কোন বিবাদ সালিসীতে অর্পণ করিতে পারিবেন। এবং অক্ষম ঋণির নিকট কোন ব্যক্তি ঋণী হইলে কিম্বা কোন ব্যক্তির দায় বর্ত্তিলে, উভয়ের সম্মতিতে যত টাকা যেং সময়ে পাইবার নিরূপ করা যায় সাধারণমতে সেইং

between the insolvent and any debtor or person who may have incurred any liability to the insolvent, upon the receipt of such sums, payable at such times, and generally upon such terms as may be agreed upon:

নিয়মানুসারে বর্ত্তমান কি ভাবি ও নিশ্চিত কি সম্ভাবিত, ও দত্ত কি অদত্ত টাকার ও যথার্থ কি অনুমিত সকল ঋণের ও দাওয়ার ও দায়ের রফা করিতে পারিবেন।

(3) make such compromise or other arrangement as may be thought expedient with creditors, or persons claiming to be creditors in respect of any debts provable under the insolvency:

(৩) ঋণশোধনাক্ষমতাঘটিত ঐ ব্যাপারে যে ঋণ প্রামাণ্য হয় তদুপলক্ষে যাঁহারা উত্তমর্ণ আছেন কি উত্তমর্ণ বলিয়া দাওয়া রাখেন তাঁহারদের সঙ্গে যে রফা কি অন্য নিয়ম বিহিত বোধ হয় করিতে পারিবেন।

(4) make such compromise or other arrangement as may be thought expedient with respect to any claim arising out of or incidental to the property of the insolvent, made or capable of being made on the trustee by any person or by the trustee on any person:

(৪) কোন ব্যক্তি ট্রষ্টীর উপর কিম্বা ট্রষ্টী অন্য ব্যক্তির উপর অক্ষম ঋণির সম্পত্তিহইতে উদিত কিম্বা ঐ সম্পত্তিসংক্রান্ত যে দাওয়া করেন কি করিতে পারেন তদ্বিষয়ে যে রফা কি অন্য নিয়ম বিহিত বোধ হয় করিতে পারিবেন।

(5) divide in its existing form amongst the creditors, according to its estimated value, any property which, from its peculiar nature or other special circumstances, cannot advantageously be realized by sale.

(৫) কোন সম্পত্তির গুণ বিবেচনায় কিম্বা বিশেষ অন্য কারণে তাহা বিক্রয় করিলেও কোন লাভ হয় না, এমত সম্পত্তি যে অবস্থায় আছে তদনুসারে তাহার মূল্য ধরিয়া উত্তমর্ণদের মধ্যে ভাগ করিয়া দিতে পারিবেন।

The sanction given for the purposes of this section may be a general permission to do all or any of the above mentioned things, or a permission to do all or any of them in any specified case or cases.

এই ধারার কার্য্যপক্ষে যে অনুমতি দেওয়া যাইবে তাহা উক্ত সকল কি অন্যতর কার্য্য করিবার সাধারণ অনুমতি, কিম্বা বিশেষ কোন স্থলে কি কোন২ স্থলে উক্ত সকল কি অন্যতর কার্য্য করিবার অনুমতি হইতে পারিবে ইতি।

Power of trustee to accept composition or general scheme of arrangement

29. The trustee may, with the sanction of a special resolution of the creditors assembled at any meeting of which notice has been given specifying the object of such meeting, accept any composition offered by the insolvent, or assent to any general scheme of settlment of the affairs of the insolvent upon such terms as may be thought expedient, and with or without a condition that the order of adjudication is to be annulled, subject nevertheless to the approval of the Court, to be testified by the judge of the Court signing the instrument containing the terms of such composition or scheme, or embodying such terms in an order of the Court.

রফানামা কি নিয়ম করিবার সাধারণ প্রস্তাবপত্র ট্রষ্টীর গ্রাহ্য করিবার ক্ষমতার কথা।

২৯ ধারা। কোন সময়ে উত্তমর্ণদের অধিবিষ্ট হইবার অভিপ্রায় নির্দ্দেশ করণসূচক জ্ঞাপনপত্র দেওয়া গেলে পর উত্তমর্ণেরা অধিবিষ্ট হইয়া বিশেষ নির্দ্ধারণক্রমে ট্রষ্টীকে অনুমতি দিলে, অক্ষম ঋণী নির্ণয়সূচক আজ্ঞা অন্যথা হইবার নিয়ম সহিত কি তদ্ভিন্ন যে রফা করিবার প্রস্তাব করেন ট্রষ্টী তাহা গ্রাহ্য করিতে পারিবেন, কিম্বা যে নিয়ম বিহিত বোধ হয় এমত নিয়মে অক্ষম ঋণির বিষয়ব্যাপারের বন্দোবস্ত করিবার কোন সাধারণ প্রস্তাবে সম্মত হইতে পারিবেন। তাহা হইলেও আদালতের অনুমোদন করা প্রয়োজন, আদালত সেই রফানামার কি প্রস্তাবের নিয়মসূচক নিদর্শনপত্রে কিম্বা সেই নিয়মসম্বলিত স্বীয় আজ্ঞাপত্রে স্বাক্ষর করিয়া সেই অনুমোদনের প্রমাণ করিবেন।

Where the annulment of the order of adjudication is made a condition of any composition with the insolvent or of any general scheme for the liquidation of his affairs, the Court, if it approves of such composition or general scheme, shall annul the adjudication on an application made by or on

অক্ষম ঋণির সহিত কোন রফানামার, কিম্বা তাহার বিষয়ব্যাপার নিষ্পত্তি করিবার কোন সাধারণ প্রস্তাবপত্রের নিয়মের মধ্যে যদি নির্ণয়সূচক আজ্ঞার অন্যথা হওয়ার অন্যতর নিয়ম থাকে, তবে আদালত সেই রফানামা কি সাধারণ প্রস্তাবপত্র অনুমোদন করিলে, উক্ত বিষয়ে স্বার্থযুক্ত কোন ব্যক্তির কি তৎপক্ষীয়

behalf of any person interested, and the adjudication shall be annulled from and after the date of the order annulling the same.

The provisions of any composition or general scheme made in pursuance of this Act may be enforced by the Court on a motion made in a summary manner by any person interested, and any disobedience of the order of the Court made on such motion shall be deemed an offence under the Indian Penal Code, section 187. The approval of the Court shall be conclusive as to the validity of any such composition or scheme, and it shall be binding on all the creditors so far as relates to any debts due to them and provable under the insolvency.

Trustee may be paid for services.

30. A trustee may contract to be paid a certain sum by way of percentage or otherwise as a remuneration for his services as trustee, including (where the trustee is an attorney or vakíl) all professional services, and any such contract shall, notwithstanding any law to the contrary, be lawful.

No trustee shall, without the consent of the committee of inspection, employ an attorney, vakíl or other agent.

Trustees to pay monies into Bank.

31. The trustee shall, from all sums from time to time received by him under this Act, deduct three per centum, and pay such precentage into the General or District Treasury to the credit of the Government of India, and shall pay the residue into such Bank as the majority of the creditors in number and value at any general meeting appoint, and failing such appointment into the General or District Treasury. If the trustee at any time keep in his hands any such sum exceeding five hundred rupees for more than ten days he shall be subject to the following liabilities; that is to say,

(1.) He shall pay interest at the rate of twenty per centum per annum on the excess of such sum above five hundred rupees as he may retain in his hands:

(2.) Unless he can prove to the satisfaction of the Court that his reason for retaining the money was sufficient, he shall, on the application of any creditor, be dismissed from his office by the Court, and shall have no claim for remuneration, and be liable to any expenses to which the creditors may be put by or in consequence of his dismissal.

অন্য ব্যক্তির প্রার্থনামতে ঐ নির্ণয়সূচক আজ্ঞা অন্যথা করিবেন। এবং অন্যথা করণের তারিখঅবধি সেই নির্ণয় অন্যথা করা যাইবে।

এই আইন অনুসারে যে রফানামা কি সাধারণ প্রস্তাবপত্র করা যায়, স্বার্থযুক্ত কোন ব্যক্তি সংক্ষিপ্ত মতে প্রার্থনা করিলে আদালত সেই রফানামার কি প্রস্তাবপত্রের বিধান প্রবল করিতে পারিবেন। ও সেই প্রার্থনামতে আদালতের যে আজ্ঞা হয়, তাহার অমাননা ভারতবর্ষীয় দণ্ড বিধির আইনের ১৮৭ ধারার উল্লিখিত অপরাধ জ্ঞান হইবে। তদ্রূপ রফানামার কি প্রস্তাবপত্রের সিদ্ধতাবিষয়ে আদালতের অনুমোদন সিদ্ধান্ত হইবে। এবং ঐ ঋণশোধন,অক্ষমতাঘটিত ব্যাপারে উত্তমর্ণদের যে ঋণ প্রাপ্য ও যে ঋণ প্রামাণ্য হয় সকল উত্তমর্ণ সেই অনুমোদনদ্বারা তৎসম্পর্কে আবদ্ধ থাকিবেন ইতি।

ট্রষ্টীর পারিশ্রমিক পাইতে পারিবার কথা।

৩০ ধারা। ট্রষ্টী আপনার সেই পদসম্পর্কীয় পারিশ্রমিক বলিয়া শত করা এত টাকা অথবা অন্য প্রকারে বেতন পাইবার চুক্তি করিতে পারিবেন। তিনি আটর্ণি কি উকীল হইলে আপনার সেই পদসম্পর্কীয় কার্য্যের পারিশ্রমিক ঐ বেতনের মধ্যে ধরিবেন। কোন বিপরীত ব্যবস্থা সত্ত্বেও ঐ চুক্তি ন্যায়সিদ্ধ হইবে।

তত্ত্বাবধারক কমিটির অনুমতিভিন্ন ট্রষ্টী কোন আটর্নিকে কি উকীলকে কি অন্য মোক্তারকে নিযুক্ত করিবেন না ইতি।

ট্রষ্টীর টাকা ব্যাঙ্কে দিবার কথা।

৩১ ধারা। ট্রষ্টী এই আইনমতে সময়ে২ যত টাকা পান, তাহাহইতে তিনি শতকরা তিন টাকা কাটিয়া লইয়া জেনরল ট্রেজুরীতে কিম্বা জিলার খাজানাখানায় ভারতবর্ষের গবর্ণমেণ্টের নামে জমা করিবেন। উত্তমর্ণদের অধিকাংশ ব্যক্তি সাধারণের কোন অধিবেশনকালে যে ব্যাঙ্ক নিরূপণ করেন তিনি অবশিষ্ট টাকা সেই ব্যাঙ্কে দিবেন। তাঁহারা কোন ব্যাঙ্ক নিরূপণ না করিলে জেনরল ট্রেজরীতে কিম্বা জিলার খাজানাখানায় সেই টাকা দিবেন। ট্রষ্টী কোন সময়ে দশ দিনের অধিককাল আপন হাতে পাঁচ শত টাকার অধিক রাখিলে, তাঁহার নিম্নলিখিত দায় ঘটিতে পারিবে। অর্থাৎ

(১) পাঁচ শত টাকার অধিক যত টাকা আপন হাতে রাখেন তাহার উপর বার্ষিক শতকরা ২০৲ টাকার হিসাবে তাঁহার সুদ দিতে হইবে।

(২) সেই টাকা আপন হাতে রাখিবার উপযুক্ত কারণ আছে আদালতের সন্তোষমতে ইহার প্রমাণ করিতে না পারিলে, কোন উত্তমর্ণের প্রার্থনামতে তিনি আদালতের আজ্ঞাক্রমে সেই পদচ্যুত হইবেন, ও তাঁহার পারিশ্রমিক পাইবার কোন দাওয়া থাকিবে না ও তাঁহার পদচ্যুত হওনদ্বারা কি তদ্ধেতুক উত্তমর্ণদের কোন খরচ হইলে তিনি তাহার দায়ী হইবেন।

Any trustee failing to deduct and pay the said percentage as prescribed by this section shall be liable to fine of double the amount which should have been so deducted and paid.

এই ধারামতে শতকরা যত টাকা কাটিয়া লইয়া জমা করিবার আজ্ঞা হইল, ট্রুষ্টী তাহা না করিলে তাঁহার যত টাকা কাটিয়া জমা দেওয়া কর্ত্তব্য তিনি তাহার দ্বিগুণ অর্থদণ্ডের দায়ী হইবেন।

All monies received by Government under this section shall be applied to defray the salaries of the Comptrollers in insolvency, their clerks and servants, and the other expenses of working this Act.

এই ধারামতে গবর্ণমেন্ট যে টাকা পান ঋণশোধনাক্ষমতা ঘটিত কার্য্যের তত্ত্বাবধারকদের ও তাঁহাদের কেরাণীদের ও চাকরদের বেতন এবং এই আইনঘটিত কার্য্যের খরচ সেই টাকাহইতে দেওয়া যাইবে ইতি।

Payment of Debts and Distribution of Assets.

ঋণশোধ ও সম্পত্তি বন্টন করিবার বিধি।

Description of debts provable in insolvency.

32. Demands in the nature of unliquidated damages arising otherwise than by reason of a contract or promise shall not be provable in insolvency, and no person having notice of any act of insolvency available for adjudication against the insolvent shall prove for any debt or liability contracted by the insolvent subsequently to the date of his so having notice.

ঋণশোধনের অক্ষমতাবস্থায় যে ঋণ প্রামাণ্য হয় তাহার কথা।

৩২ ধারা। চুক্তি কি প্রতিজ্ঞাদ্বারা যে হানি হয় তদ্ভিন্ন টাকা পূর্ব্বে না দিয়া হানির উল্লেখ হইয়া যে দাওয়া হয় ঋণশোধনাক্ষমতাঘটিত কার্য্যে তাহার প্রমাণ করা যাইতে পারিবে না। এবং ঋণশোধনের অক্ষমতাসূচক যে ক্রিয়াদ্বারা ঋণী অক্ষম বলিয়া নির্ণয় হইতে পারে কোন ব্যক্তি ইহার নোটিশ পাইবার তারিখের পর ঋণী যে ঋণ গ্রহণ করেন কিম্বা যে দায় বর্ত্তান সেই ব্যক্তি তাহার পরিশোধ পাইবার জন্যে তাহার প্রমাণ করিতে পারিবেন না।

Save as aforesaid, all debts and liabilities, present or future, certain or contingent, to which the insolvent is subject at the date of the order of adjudication, or to which he may become subject during the continuance of the insolvency by reason of any obligation incurred previously to the date of the order of adjudication, shall be deemed to be debts provable in insovency, and may be proved in the prescribed manner before the trustee in the insolvency.

উক্ত স্থলভিন্ন নির্ণয়সূচক আজ্ঞার তারিখে অক্ষম ঋণির বর্ত্তমান কি ভবিষ্যৎ ও নিশ্চিত কি সম্ভাবিত যে সকল ঋণ ও দায় থাকে কিম্বা নির্ণয়সূচক আজ্ঞার তারিখের পূর্ব্বকালীয় কোন নির্বন্ধহেতুক সেই অক্ষম ঐ ঋণির ঋণশোধনাক্ষমতাবস্থার বিদ্যমানে যে ঋণ কি দায় বর্ত্তে, তাহা ঐ ঋণশোধনাক্ষমতাঘটিত কার্য্যে প্রমাণের যোগ্য ঋণ জ্ঞান হইবে, এবং সেই ঋণশোধনাক্ষমতাঘটিত ব্যাপারে যিনি ট্রুষ্টী হন তাঁহার সম্মুখে ঐ ঋণের নির্দ্দিষ্ট মতে প্রমাণ হইতে পারিবে।

An estimate shall be made according to the rules of the Court for the time being in force, so far as the same may be applicable, and, where they are not applicable, at the discretion of the trustee, of the value of any debt or liability provable as aforesaid, which by reason of its being subject to any contingency or contingencies, or for any other reason, does not bear a certain value.

পূর্ব্বোক্তমতে যে ঋণের কি দায়ের প্রমাণ হইতে পারে, কোন এক কি অনেক সম্ভাবিত ঘটনাধীনপ্রযুক্ত কি অন্য কারণে তাহার মূল্য নির্দ্ধারিত না থাকিলে, আদালতের যে বিধি তৎকালে প্রবল থাকে তাহা বর্ত্তাইতে পারিলে সেই বিধিমতে, ও বর্ত্তাইতে না পারিলে ট্রুষ্টীর বিবেচনামতে ঐ ঋণের কি দায়ের মূল্য নিরূপণ করা যাইবে।

Any person aggrieved by any estimate made by the trustee as aforesaid may appeal to the Court, and the Court may, if it think the value of the debt or liability incapable of being fairly estimated, make an order to that effect; and upon such order being made such debt or liability shall, for the purposes of this Act, be deemed to be a debt not provable in insolvency.

ট্রুষ্টী পূর্ব্বোক্তমতে যে মূল্য নিরূপণ করেন কোন ব্যক্তি তাহাতে ক্ষুব্ধ হইলে আদালতে আপীল করিতে পারিবেন, এবং সেই ঋণের কি দায়ের ন্যায়ানুযায়িক মূল্য নিরূপণ করা যাইতে পারে না, আদালত এমত অনুভব করিলে সেই মর্ম্মের আজ্ঞা করিবেন। তদ্রূপ আজ্ঞা করা গেলে এই আইনের কার্য্যপক্ষে ঐ ঋণ কি দায় ঋণশোধনাক্ষমতাঘটিত ব্যাপারে অপ্রামাণ্য ঋণ জ্ঞান হইবে।

But if the Court think that the value of the debt or liability is capable of being fairly estimated, it may direct such value to be assessed before

কিন্তু সেই ঋণের কি দায়ের ন্যায়ানুযায়িক মূল্য নিরূপণ হইতে পারে আদালত এমত অনুভব করিলে আদালতের সম্মুখে অর্থাৎ নিজ সেই আদালতের

the Court, or either before the Court itself or some other competent Court, and may give all necessary directions for such purpose, and the amount of such value when assessed shall be provable as a debt under the insolvency.

"Liability" shall for the purposes of this Act include any compensation for work or labour done, any obligation or possibility of an obligation to pay money or money's worth on the breach of any express or implied covenant, contract, agreement, or undertaking, whether such breach does or does not occur, or is or is not likely to occur or capable of occurring before the close of the insolvency;

and generally it shall include any express or implied engagement, agreement, or undertaking, to pay, or capable of resulting in the payment of money or money's worth, whether such payment be, as respects amount fixed or unliquidated; as respects time, present or future, or certain or dependent on any one contingency or on two or more contingencies; as to mode of valuation, capable of being ascertained by fixed rules, or assessable only as matter of opinion.

33. The debts hereinafter mentioned shall be paid in priority to all other debts.

Preferential debts.

Between themselves, such debts shall rank equally and shall be paid in full, unless the property of the insolvent is insufficient to meet them, in which case they shall abate in equal proportions between themselves; that is to say,

(1.) All local rates due from him at the date of the order of adjudication, and having become due and payable within twelve months next before such time; all assessed taxes, land-tax, and income-tax assessed on him up to the first day of April next before the date of the order of adjudication, and not exceeding in the whole one year's assessment;

(2.) All wages or salary of any clerk or servant in the employment of the insolvent at the date of the order of adjudication, not exceeding four months' wages or salary, and not exceeding five hundred rupees; all wages of any labourer or workman in the employment of the insolvent at the date of the order of adjudication, and not exceeding two months' wages.

[*Government Gazette, 24th January* 1871.]

কিম্বা উপযুক্ত ক্ষমতাপন্ন অন্য আদালতের সম্মুখে ঐ মূল্য নির্দ্ধার্য্য হইবার আজ্ঞা দিবেন। ও তদর্থে আবশ্যক সকল আদেশ দিবেন, এবং যত টাকা মূল্য নির্দ্ধার্য্য হয় ঋণশোধনাক্ষমতাঘটিত ব্যাপারে তত টাকা ঋণস্বরূপ ঐ মূল্যের প্রমাণ করা যাইতে পারে।

এই আইনের কার্য্যপক্ষে "দায়" শব্দে ইহা বুঝাইবে, কৃত কোন কর্ম্মের কি খাটনির মূল্য কি মজুরী। স্পষ্ট কি অনুভাবিত কোন নিয়ম কি চুক্তি কি সম্বিদ কি প্রতিজ্ঞা ভঙ্গ হইলে টাকা কি টাকার মূল্য দিবার নির্ব্বন্ধ কি নিবন্ধনের সম্ভাবনা। এমন স্থলে সেই ঋণশোধনাক্ষমতাঘটিত কার্য্য সমাপ্ত হইবার পূর্ব্বে ঐ নিয়মাদি ভঙ্গ হইলে কি না হইলেও, কিম্বা তাহার ভঙ্গ হওয়ার সম্ভাবনা থাকিলে কি না থাকিলেও এবং ভঙ্গ হওয়া সাধ্য হইলে কি না হইলেও সেই নিবন্ধন বুঝাইবে।

সাধারণে নির্দ্ধারিত কিম্বা অদত্ত টাকা কি টাকার মূল্য দিবার যে প্রতিজ্ঞা কি নিয়ম কি সম্মতি প্রকাশ হয় কিম্বা যে নিয়মাদির ফলে টাকা দেওয়া যাইতে পারে তাহা স্পষ্ট কি অনুভাবিত হউক, এবং সময় পক্ষে তাহা বর্ত্তমান কি ভবিষ্যৎ হউক, এবং নির্দ্ধারিত কিম্বা সম্ভাবিত কোন এক ঘটনার কিম্বা দুই কি তদধিক ঘটনার সাপেক্ষ হউক, এবং মূল্য নিরূপণ পক্ষে তাহা অবধারিত বিধিমতে নিশ্চিত করা যাইতে পারিলে, অথবা কেবল অনুমানানুসারে নির্দ্ধারিত হইতে পারিলে, দায় শব্দে তাহাও গণ্য ইতি।

৩৩ ধারা। নিম্নলিখিত প্রকারের ঋণ অন্য সকল ঋণের অগ্রে শোধ করা যাইবে।

অগ্রশোধনীয় ঋণের কথা।

সেই সকল ঋণ পরস্পর সমান জ্ঞান হইবে ও তাহার সম্পূর্ণ শোধ হইবে। কিন্তু অক্ষম ঋণির সম্পত্তির অকুলানপ্রযুক্ত সম্পূর্ণ শোধ হইতে না পারিলে পরস্পর সমানাংশে ক্ষতি স্বীকার করিতে হইবে। বিশেষতঃ

(১) নির্ণয়সূচক আজ্ঞা হইবার তারিখে স্থানীয় যে সকল টাকুস অক্ষম ঋণির নিকট পাওনা আছে ও তৎপূর্ব্ব দ্বাদশ মাসের মধ্যে দেনা ছিল। নির্ণয়সূচক আজ্ঞা হইবার তারিখের পূর্ব্ব আপ্রিল মাসের প্রথম দিন পর্য্যন্ত অবধারিত যে সকল টাকুস ও ভূমির টাকুস ও ঐ ঋণির উপর নির্দ্ধারিত ইনকম টাকুস। কিন্তু সর্ব্বশুদ্ধ এক বৎসরের নির্দ্ধারিত টাকুসের অনধিক।

(২) নির্ণয়সূচক আজ্ঞা হইবার তারিখে অক্ষম ঋণির কোন কেরাণীর কি চাকরের চারি মাসের অনধিক ও পাঁচ শত টাকার অনধিক বেতন কি মাহিয়ানা। অক্ষম ঋণির নিকট কর্ম্মকারি কোন মজুরের কি কর্ম্মকারকের দুই মাসের বেতনের অনধিক মজুরী কি বেতন।

Save as aforesaid, all debts provable under the insolvency shall be paid *pari passu*.

উক্ত স্থল ভিন্ন ঋণশোধনাক্ষমতাবস্থায় যে সকল ঋণের প্রমাণ হইতে পারে তাহা সমান ভাবে শোধনীয় ইতি।

34. Where at the time of the presentation of the petition for adjudication any person is apprenticed or is an articled clerk to the insolvent, the order of adjudication shall, if either the insolvent or apprentice or clerk give notice in writing to the trustee to that effect, be a complete discharge of the indenture of apprenticeship or articles of agreement;

Preferential claim in case of apprenticeship.

৩৪ ধারা। নির্ণয়সূচক আজ্ঞা হইবার দরখাস্ত উপস্থিত করণ সময়ে, যদি কোন ব্যক্তি অক্ষম ঋণির নিকট আপ্রেন্টিস কিম্বা নিয়মবদ্ধ ক্লার্ক হন, তবে ঐ অক্ষম ঋণী কি আপ্রেন্টিস কি ক্লার্ক ট্রষ্টিকে সেই মর্ম্মের নোটিস লিখিয়া দিলে, উক্ত নির্ণয়সূচক আজ্ঞাই আপ্রেন্টিসের নিবন্ধপত্রহইতে কিম্বা ক্লার্কের নিয়মপত্রহইতে সম্পূর্ণ মুক্তিপত্র হইবে।

আপ্রেন্টিসের স্থলে অগ্রগণ্যতার দাওয়ার কথা।

and if any money has been paid by or on behalf of such apprentice or clerk to the insolvent as fee, the trustee may, on the application of the apprentice or clerk, or of some person on his behalf, pay such sum as such trustee, subject to an appeal to the Court, thinks reasonable, out of the insolvent's property to or for the use of the apprentice or clerk, regard being had to the amount paid by him or on his behalf, and to the time during which he served which the insolvent under the indenture or articles before the commencement of the insolvency, and to the other circumstances of the case.

এবং যদি সেই আপ্রেন্টিসের কি ক্লার্কের দ্বারা কি তৎপক্ষে অক্ষম ঋণীকে ফীস্বরূপ টাকা দেওয়া গিয়া থাকে, তবে আপ্রেন্টিসের কি ক্লার্কের কিম্বা তৎপক্ষীয় কোন ব্যক্তির প্রার্থনা হইলে, তাঁহার দ্বারা কি তৎপক্ষে যত টাকা দেওয়া গেল এবং ঋণ শোধনাক্ষমতাবস্থার আরম্ভ হওয়ার পূর্ব্বে তিনি ঐ নিবন্ধপত্র কি নিয়মপত্রমতে অক্ষম ঋণির নিকট যত কাল কর্ম্ম করিয়াছেন ট্রষ্টী তাহা এবং ব্যাপারের অন্যান্য ভাবগতিক বিবেচনা করিয়া অক্ষম ঋণির সম্পত্তিহইতে যত টাকা বিহিত বোধ করেন স্বীয় ট্রষ্টীপদের ক্ষমতানুসারে ঐ আপ্রেন্টিসকে কি ক্লার্ককে কিম্বা তাঁহার ব্যবহারার্থে তত টাকা দিবেন। কিন্তু এই বিষয়ে আদালতে আপীল হইতে পারিবে।

Where it appears expedient to a trustee he may, on the application of any apprentice or articled clerk to the insolvent, or any person acting on behalf of such apprentice or articled clerk, instead of acting under the preceding provisions of this section, transfer the indenture of apprenticeship or articles of agreement to some other person.

ট্রষ্টী বিহিত বোধ করিলে এই ধারার পূর্ব্বোক্ত বিধানমতে কর্ম্ম না করিয়া অক্ষম ঋণির নিকট কোন আপ্রেন্টিসের কি নিয়মবদ্ধ ক্লার্কের প্রার্থনামতে কিম্বা ঐ আপ্রেন্টিসের কি নিয়মবদ্ধ ক্লার্কের সপক্ষ কোন ব্যক্তির প্রার্থনামতে অন্য কোন ব্যক্তির প্রতি ঐ আপ্রেন্টিসের নিবন্ধপত্র কিম্বা নিয়মপত্র হস্তান্তর করিতে পারিবেন ইতি।

35. The landlord or other person to whom any rent is due from the insolvent may at any time, either before or after the commencement of the insolvency, distrain upon the goods or effects of the insolvent for the rent due to him from the insolvent,

Power for landlord to distrain for rent.

৩৫ ধারা। অক্ষম ঋণির নিকটে ভূস্বামির কি অন্য ব্যক্তির খাজানা কি ভাড়া পাওনা থাকিলে, তিনি ঋণ শোধনাক্ষমতাবস্থার আরম্ভ হওয়ার পূর্ব্বে কি পরে অক্ষম ঋণির নিকট আপনার পাওনা সেই খাজানার নিমিত্ত তাহার মাল কি দ্রব্য ক্রোক করিয়া টাকা আদায় করিতে পারিবেন,

খাজানার কি ভাড়ার নিমিত্তে ভূস্বামির ক্রোক করিবার ক্ষমতার কথা।

or if such distress for rent be levied after the commencement of the insolvency, it shall be available only for one year's rent accrued due prior to the date of the order of adjudication, but the landlord or other person to whom the rent may be due from the insolvent may prove under the insolvency for the overplus due for which the distress may not have been available.

যদি ঋণ শোধনাক্ষমতাবস্থার আরম্ভ হইবার পর খাজানার নিমিত্ত উক্ত ক্রোক করা গিয়া থাকে, তবে নির্ণয়সূচক আজ্ঞা হইবার তারিখের পূর্ব্বে কেবল এক বৎসরের যে খাজানার দাওয়া থাকে তন্নিমিত্তে সেই ক্রোক সিদ্ধ হইবে, কিন্তু তদধিক যত টাকার নিমিত্ত সেই ক্রোক করা যাইতে না পারে, অক্ষম ঋণির স্থানে যে ভূস্বামির কি অন্য ব্যক্তির ঐ খাজানা পাওনা থাকে তিনি ঋণ শোধনাক্ষমতাঘটিত ব্যাপারে সেই অধিক টাকার প্রমাণ করিতে পারিবেন ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭১। ২৪ জানুআরি।]

36. When any rent or other payment falls due at stated periods, and the order of adjudication is made at any time other than one of such periods, the person entitled to such rent or payment may prove for a proportionate part thereof up to the day of the adjudication as if such rent or payment grew due from day to day.

Proof in case of rent and periodical payment.

৩৬ ধারা। খাজানা কিম্বা অন্য টাকা নিরূপিত সময়ে দেনা হইলে, এবং নির্ণয়সূচক আজ্ঞা উক্ত কোন সময়ভিন্ন সময়ান্তরে করা গেলে, যে ব্যক্তির সেই খাজানা কি টাকা পাইবার অধিকার থাকে, তিনি নির্ণয়-সূচক আজ্ঞার তারিখ পর্য্যন্ত সেই খাজানা কি টাকা যেন দিনং দেনা হওয়া চলিতেছে এমন ভাবে ঐ টাকার হারানুযায়ি অংশের প্রমাণ করিতে পারিবেন ইতি।

খাজানার কিম্বা নিরূপিত সময়ে দাতব্য টাকার প্রমাণের কথা।

37. Interest on any debt provable in insolvency may be allowed by the trustee under the same circumstances in which interest would have been allowable if a suit had been brought for such debt.

Interest on debts.

৩৭ ধারা। ঋণের উপর মোকদ্দমা উপস্থিত করা গেলে যে গতিকে তাহার উপর সুদের অনুমতি হইতে পারে ঋণশোধনাক্ষমতা ঘটিত ব্যাপারে যে ঋণের প্রমাণ করা যাইতে পারে ট্রষ্টী সেই গতিকে সেই ঋণের উপরও সুদের অনুমতি দিতে পারিবেন ইতি।

ঋণের উপর সুদের কথা।

38. If any insolvent is at the date of the order of adjudication liable in respect of distinct contracts as member of two or more distinct firms, or as a sole contractor, and also as member of a firm, the circumstance that such firms are in whole or in part composed of the same individuals, or that the sole contractor is also one of the joint contractors, shall not prevent proof in respect of such contracts, against the properties respectively liable upon such contracts.

Proof in respect of distinct contract.

৩৮ ধারা। ঋণশোধ করিবার অক্ষম কোন ব্যক্তি নির্ণয়সূচক আজ্ঞা হইবার তারিখে দুই কি তদধিক কুঠির অন্তর্গত ব্যক্তিস্বরূপ কিম্বা একলা চুক্তিকারক অথচ কুঠির অন্তর্গত ব্যক্তিস্বরূপ ভিন্নং চুক্তির সম্পর্কে দায়ী হইলে, সেই চুক্তিক্রমে যেং সম্পত্তির উপর দায় বর্ত্তে উক্ত কুঠির অন্তর্গত ব্যক্তিরা সকলে কিম্বা তাঁহাদের কএক জন অন্য কুঠির অন্তর্গত ব্যক্তি আছেন, কিম্বা যিনি একলা চুক্তিকারক তিনি সাধারণ চুক্তিকারকগণের মধ্যে এক জন, ইহা বলিয়া সেই সম্পত্তির বিপক্ষে ঐ চুক্তির প্রমাণ হইবার বাধা হইবে না ইতি।

ভিন্নং চুক্তিবিষয়ক প্রমাণের কথা।

39. The trustee, with the consent of the creditors, testified by a resolution passed in general meeting, may from time to time, during the continuance of the insolvency, make such allowance as may be approved by the creditors to the insolvent out of his property for the support of the insolvent and his family, or in consideration of his services if he is engaged in winding up his estate.

Allowance to insolvent for maintenance or service.

৩৯ ধারা। উত্তমর্ণেরা সাধারণের অধিবেশন কালে নির্দ্ধারণ করিয়া সম্মতি প্রকাশপূর্ব্বক ঋণশোধ করিবার অক্ষম ব্যক্তির ও তদীয় পরিবারের ভরণপোষণের নিমিত্তে কিম্বা তিনি আপনার বিষয়ব্যাপার বন্ধকরণ-কার্য্য করিলে তাঁহার পরিশ্রমের নিমিত্তে যত টাকা নিরূপণ করেন, ট্রষ্টী ঐ ঋণির সম্পত্তিহইতে তাঁহাকে তত টাকা দিতে পারিবেন ইতি।

অক্ষম ঋণিকে ভরণপোষণ কিম্বা কর্ম্মের বেতনস্বরূপ টাকা দিবার কথা।

40. Where there have been mutual credits, mutual debts, or other mutual dealings between the insolvent and any other person proving or claiming to prove a debt under his insolvency, an account shall be taken of what is due from the one party to the other in respect of such mutual dealings, and the sum due from the one party shall be set-off against any sum due from the other party, and the balance of such account, and no more, shall be claimed or paid on either side respectively.

Set-off.

৪০ ধারা। ঋণশোধ করিবার অক্ষমতাঘটিত কার্য্যে যে ব্যক্তি ঋণের প্রমাণ করেন, কি প্রমাণ করিবার স্বত্ব ব্যক্ত করেন, তাঁহার সঙ্গে যদি ঐ অক্ষম ঋণির পরস্পর ঋণ গ্রহণ কি পরস্পর ঋণদান কি পরস্পর অন্য ব্যাপার চলন হইয়া থাকে তবে সেই পরস্পর ব্যাপারসম্পর্কে যাঁহার যত দেনা ও যত পাওনা হয় ইহার হিসাব লওয়া যাইবে, এবং এক ব্যক্তির পাওনা অন্যের পাওনাহইতে বাদ দেওয়া যাইবে, অবশিষ্ট যত থাকে একতর ব্যক্তি কেবল তত দাওয়া করিতে কিম্বা পাইতে পারিবেন।

বিপরীত দাওয়ার কথা।

But a person shall not be entitled under this section to claim the benefit of any set-off against the property of an insolvent in any case where he had at the time of giving credit to the insolvent

কিন্তু অক্ষম ঋণি ঋণশোধ করিবার অক্ষমতাসূচক কার্য্য করিয়াছেন ও তদর্থে নির্ণয়সূচক আজ্ঞা হইতে পারে, কোন ব্যক্তি এই মর্ম্মের কথা জ্ঞাত হইলে পর যদি ঐ অক্ষম ঋণিকে ঋণ দেন তাহা হইলে, তিনি এই

notice of an act of insolvency committed by such insolvent and available against him for adjudication.

ধারামতে ঋণশোধ করিবার অক্ষম ঐ ব্যক্তির সম্পত্তি-হইতে বাদ দেওনরূপ লভ্যের দাওয়া করিতে পারিবেন না ইতি।

41. A creditor holding a specific security on the property of the insolvent, or on any part thereof, may, on giving up his security, prove for his whole debt.

Provision as to secured creditor.

He shall also be entitled to a dividend in respect of the balance due to him after realizing or giving credit for the value of his security, in manner and at the time prescribed.

A creditor holding such security as aforesaid and not complying with the foregoing conditions shall be excluded from all share in any dividend.

৪১ ধারা। ঋণশোধ করিবার অক্ষম ব্যক্তির সম্পত্তি কিম্বা তাহার কোন অংশ উত্তমর্ণের নিকট বিশেষ বন্ধকস্বরূপ থাকলে, তিনি সেই বন্ধক দ্রব্য ত্যাগ করিয়া আপনি সম্পূর্ণ ঋণের প্রমাণ করিতে পারিবেন।

বন্ধকপ্রাপ্ত উত্তমর্ণবিষয়ক বিধান।

এবং ঐ বন্ধকের মূল্য আদায় করিলে কি জমা দিলে পর তাঁহার বাকী যত পাওনা থাকে তৎসম্পর্কে তিনি নির্দ্দিষ্ট সময়ে ও প্রকারে ডিবিডেণ্ড পাইতে পারিবেন।

উত্তমর্ণ পূর্ব্বোক্ত প্রকারের বন্ধক দ্রব্য পাইয়া উক্ত নিয়মানুযায়ি কার্য্য না করিলে, কোন ডিবিডেণ্ডের কোন অংশ পাইতে পারিবেন না ইতি।

Dividends.

ডিবিডেণ্ডের বিধি।

42. The trustee shall, from time to time, when the committee of inspection determines, declare a dividend amongst the creditors who have proved to his satisfaction debts provable in insolvency, and shall distribute the same accordingly.

Distribution of dividends.

In the event of his not declaring a dividend for the space of six months, he shall summon a meeting of the creditors, and explain to them his reasons for not declaring the same.

৪২ ধারা। ঋণশোধ করিবার অক্ষমতাসূচক কার্য্যে যেং ঋণ প্রামাণ্য হয় উত্তমর্ণেরা ট্রষ্টীর হৃদ্বোধজনকমতে সেই ঋণের প্রমাণ করিলে তত্ত্বাবধায়ক কমিটীর নিরূপণানুসারে ট্রষ্টী সময়েং সেই উত্তমর্ণদের মধ্যে বন্টন করিবার ডিবিডেণ্ড নির্দ্দিষ্ট করিবেন ও তদনুসারে সেই টাকা বাঁটিয়া দিবেন।

ডিবিডেণ্ড বাঁটিয়া দিবার কথা।

তিনি ছয় মাসপর্য্যন্ত ডিবিডেণ্ড নির্দ্দিষ্ট না করিলে উত্তমর্ণদিগকে অধিবেশনে আহ্বান করিয়া তাঁহাদিগকে তাহা নির্দ্দিষ্ট না করিবার কারণ বুঝাইয়া দিবেন ইতি।

43. In the calculation and distribution of a dividend it shall be obligatory on the trustee to make provision for debts provable in insolvency appearing from the insolvent's statements, or otherwise, to be due to persons resident in places so distant from the place where the trustee is acting that in the ordinary course of communication they have not had sufficient time to tender their proofs, or to establish them if disputed, and also for debts provable in insolvency, the subject of claims not yet determined.

Provision for creditors residing at a distance, &c.

৪৩ ধারা। ট্রষ্টী যে স্থানে ট্রষ্টীর কর্ম্ম করেন কোনং উত্তমর্ণ তথাহইতে অতিদূর স্থান বাসীপ্রযুক্ত সাধারণমতে গমনাগমনের নিয়মানুসারে তাঁহারদের প্রাপ্য টাকার প্রমাণ করিবার, কিম্বা আপত্তি করা গেলে সেই প্রমাণ সাব্যস্ত করিবার উপযুক্ত অবকাশ নাই অথচ ঋণশোধ করিবার অক্ষম ব্যক্তির বর্ণনাপত্রদ্বারা কিম্বা অন্য প্রকারে তাঁহারদের টাকা পাওনা আছে বোধ হয় এমতস্থলে ট্রষ্টী যে সময়ে ডিবিডেণ্ডের হিসাব করেন ও বাঁটিয়া দেন সেই সময়ে ঐ ঋণশোধনের অক্ষমতাঘটিত ব্যাপারে তাঁহারদের যে প্রাপ্যের প্রামাণ্য হয় এবং তৎকালপর্য্যন্ত যে দাওয়া নিশ্চিত হয় নাই তৎসংক্রান্ত যে ঋণ ঋণশোধনের অক্ষমতাঘটিত ব্যাপারে প্রামাণ্য হয় সেই ঋণেরও বিধান করা তাঁহার অবশ্য কর্ত্তব্য ইতি।

দূরস্থানবাসি ও অন্য উত্তমর্ণদের সপক্ষ বিধান।

44. Any creditor who has not proved his debt before the declaration of any dividend or dividends shall be entitled to be paid out of any monies for the time being in the hand of the trustee any dividend or dividends he may have failed to receive before such monies are made applicable to the payment of any future dividend or dividends;

Right of creditor who has not proved debt before declaration of a dividend.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭১। ২৪ জানুআরি।]

৪৪ ধারা। এক কি অধিক ডিবিডেণ্ড নির্দ্দিষ্ট হইবার পূর্ব্বে কোন উত্তমর্ণ আপন প্রাপ্য ঋণের প্রমাণ না করিলে, তৎকালে ট্রষ্টীর হাতে যে টাকা থাকে তাহা ভাবি কোন এক কি অধিক ডিবিডেণ্ড দেওনার্থে নিরূপণ হইবার অগ্রে তিনি সেই টাকাহইতে আপনার অপ্রাপ্ত এক কি অধিক ডিবিডেণ্ড পাইতে পারিবেন।

ডিবিডেণ্ড নির্দ্দেশ করিবার পূর্ব্বে উত্তমর্ণ প্রাপ্য ঋণের প্রমাণ না করিলে তাঁহার অধিকারের কথা।

but he shall not be entitled to disturb the distribution of any dividend declared before his debt was proved by reason that he has not participated therein.

কিন্তু তাঁহার ঐ ঋণব্যতীত ঋণশোধনে অক্ষতা-ডিবিডেণ্ড নির্দ্দিষ্ট হওন্য অন্য সকল ঋণহইতে মুক্তি নাই ইহা বলিয়া সেই বি
ভিক্রম করিতে পারিবেন না।

45. When the trustee has converted into money all the property of the insolvent, or so much thereof as can, in the joint opinion of himself and of the committee of inspection, be realized without needlessly protracting the insolvency, he shall declare a final dividend, and give notice of the time at which it will be distributed.

Final dividend.

মবর্ষের শ্রীযুত স্টেট সে-
৪৫ ধারা। ট্রষ্টী অক্ষম ঋণির ?, টাকা।
করিয়া আত্মস্বনিষয়ক অ-
ক্ষের এবং তত্ত্বাবধায়িক
মিটীর বিবেচনামতে ঋণশোধনের অক্ষমতকবের কিম্বা ব্যাপার অনাবশ্যকমতে দীর্ঘকাল প্রচলিত না সেই অক্ষম ঋণির যত সম্পাত্তি সংগ্রহ করা যাইতে পারে তিনি তাহা বিক্রয় করিয়া শেষ ডিবিডেণ্ড নির্দ্দেশ করিয়া কোন্ সময়ে বন্টন করিবেন ইহার সম্বাদ দিবেন ইতি।

শেষ ডিবিডেণ্ডের কথা।

46. The insolvent shall be entitled to any surplus remaining after payment of his creditors, and of the costs, charges, and expenses of the insolvency.

Insolvent entitled to surplus.

৪৬ ধারা। উত্তমর্ণদের ঋণশোধ করা গেলে এবং ঋণশোধ করিবার অক্ষমতা-ঘটিত খরচ খরচা দেওয়া গেলে পর উদ্বর্ত্ত থাকিলে, ঋণী তাহ পাইতে পারিবেন ইতি।

উদ্বর্ত্ত টাকা ঋণির পাইতে পারিবার কথা।

47. No suit for a dividend shall lie against the trustee. But if the trustee refuses to pay any dividend the Court may, if it thinks fit, order the trustee to pay the same, and also to pay out of his own interest thereon for the time that it is withheld, and the costs of the application.

No suit for dividend.

৪৭ ধারা। ডিবিডেণ্ড পাইবার নিমিত্তে ট্রষ্টীর নামে মোকদ্দমা হইতে পারিবে না। কিন্তু ট্রষ্টী কোন ডিবিডেণ্ড দিতে অস্বীকার করিলে, আদালত উপযুক্ত জ্ঞান করিলে তাঁহাকে ডিবিডেণ্ড দিতে এবং যত কাল তাহা না দিয়া রাখিলেন তত কালের নিমিত্তে তাহার উপর নিজহইতে সুদ দিতে এবং দরখাস্তের খরচ দিতে আজ্ঞা করিবেন ইতি।

ডিবিডেণ্ডের নিমিত্তে মোকদ্দমা না করিবার কথা।

PART II.

Termination of Insolvency.

দ্বিতীয় অধ্যায়।

ঋণশোধনের অক্ষমতা ঘটিত ব্যাপারের সমাপ্তিবিষয়ক বিধি।

48. When the whole property of the insolvent has been realized for the benefit of his creditors, or so much thereof as can, in the joint opinion of the trustee and committee of inspection, be realized without needlessly protracting the insolvency,

Close of insolvency.

৪৮ ধারা। অক্ষম ঋণির সমস্ত সম্পাত্তি অথবা ট্রষ্টী ও তত্ত্বাবধায়ক কমিটী এই উভয়ের বিবেচনায় ঋণশোধনের অক্ষমতা ঘটিত ব্যাপার অনাবশ্যকমতে দীর্ঘকাল প্রচলিত না রাখিয়া তাঁহার সম্পত্তির যে অংশ আদায় হইতে পারে সেই অংশ উত্তমর্ণদের লভ্যার্থে আদায় করা গেলে,

ঋণশোধ করিবার অক্ষমতাঘটিত ব্যাপার বন্ধ করিবার কথা।

or when a composition or arrangement has been completed,

অথবা রফানামা কিম্বা বন্দোবস্ত করা গেলে,

the trustee shall make a report accordingly to the Court, and the Court, if satisfied that the whole of the property of the insolvent has been realized for the benefit of his creditors, or so much thereof as can be realized without needlessly protracting the insolvency, or that a composition or arrangement has been completed, shall make an order that the insolvency has closed, and the insolvency shall be deemed to have closed at and after the date of such order.

ট্রষ্টী আদালতে তদনুযায়ি রিপোর্ট করিবেন। এবং অক্ষম ঋণির সমস্ত সম্পত্তি অথবা ঋণশোধনের অক্ষমতাঘটিত ব্যাপার অনাবশ্যকমতে দীর্ঘকাল প্রচলিত না রাখিয়া তাহার যে অংশ আদায় করা যাইতে পারে তাহা আদায় হইয়াছে কিম্বা রফানামা কি বন্দোবস্ত করা গিয়াছে, আদালত ইহা হৃদ্বোধমতে জ্ঞাত হইলে ঋণশোধনের অক্ষমতাঘটিত ব্যাপার বন্ধ হইয়াছে এই আজ্ঞা করিবেন। এবং ঋণশোধনের অক্ষমতা ঘটিত ব্যাপার সেই আজ্ঞার তারিখে ও তদবধি বন্ধ হইল জ্ঞান হইবে।

[*Government Gazette, 24th January* 1871.]

A copy of the order closing the insolvency may be published in the local official Gazette, and the production of a copy of such Gazette containing a copy of the order shall be conclusive evidence of the order having been made and of the date and contents thereof.

Discharge of Insolvent.

Order of discharge.

49. When an insolvency is closed, or at any time during its continuance, with the assent of the creditors testified by a special resolution, the insolvent may apply to the Court for an order of discharge.

Such discharge shall not be granted unless it is proved to the Court that one of the following conditions has been fulfilled, that is to say,

either that a dividend of not be less than eight annas in the rupee has been paid out of his property, or might have been paid except through the negligence or fraud of the trustee,

or that a special resolution of the insolvent's creditors has been passed to the effect that his insolvency or the failure to pay eight annas in the rupee, has in their opinion, arisen from circumstances for which the insolvent cannot justly be held responsible, and that they desire that an order of discharge should be granted to him.

Power to suspend order of discharge.

The Court may suspend for such time as it deems to be just, or withhold altogether, the order of discharge in the circumstances following; namely,

if it appears to the Court on the representation of the creditors made by special resolution, of the truth of which representation the Court is satisfied, or by other sufficient evidence, that the insolvent has made default in giving up to his creditors the property which he is required by this Act to give up;

or that a prosecution has been commenced against him in pursuance of the provisions for the time being in force relating to the punishment of fraudulent debtors, in respect of any offence alleged to have been committed by him against such provisions.

Effect of order of discharge.

50. An order of discharge shal not release the insolvent from any debt or liability incurred by means of any fraud or breach of trust, nor from any debt or liability whereof he has obtained forbearance by any fraud.

ঋণশোধনের অক্ষমতা ঘটিত ব্যাপার বন্ধ হওনসূচক আজ্ঞার প্রতিলিপি স্থানিকদেশের রাজকীয় গেজেটে প্রকাশ করা যাইতে পারিবে। এবং ঐ আজ্ঞা যে গেজেটে প্রকাশ করা গেল সেই গেজেটের একখান দেখাইলে তাহা সেই আজ্ঞা হওয়ার এবং সেই আজ্ঞার তারিখের ও তাহার মর্ম্মের সিদ্ধান্ত প্রমাণ হইবে ইতি।

ঋণশোধ করিবার অক্ষম ব্যক্তির মুক্তির বিধি।

মুক্ত হইবার আজ্ঞার কথা।

৪৯ ধারা। ঋণশোধনের অক্ষমতা ঘটিত ব্যাপার বন্ধ করা গেলে কিম্বা তাহার চলন সময়েও উত্তমর্ণদের বিশেষ নির্দ্ধারণক্রমে প্রমাণীকৃত সম্মত হইলে, ঋণী আদালতের নিকট মুক্ত হইবার প্রার্থনা করিতে পারিবেন।

নিম্নলিখিত অন্যতর নিয়মমতে কার্য্য হইয়াছে আদালতের নিকট ইহার প্রমাণ না হইলে তাহাকে মুক্ত করা যাইবে না, বিশেষতঃ

তাঁহার সম্পত্তিহইতে টাকাপ্রতি ।০ আট আনার অন্যূন ডিবিডেণ্ড দেওয়া গিয়াছে কিম্বা ট্রষ্টীর অমনোযোগ কি প্রতারণা না হইলে দেওয়া যাইতে পারিত।

অথবা, অক্ষমঋণী ন্যায্যমতে যে ব্যাপারের দায়ী হইতে পারে না উত্তমর্ণদের বিবেচনায় এমত কোন ব্যাপারহেতুক সেই ব্যক্তি ঋণশোধ করিবার অক্ষম হইয়াছে ও টাকাপ্রতি আট আনা দেওয়া যাইতে পারে না ঋণির উত্তমর্ণেরা এই মর্ম্মের বিশেষ নির্দ্ধারণ করিয়া তাঁহার মুক্ত হইবার অনুমতি দেওয়া যায় এই প্রার্থনা করিলেন।

মুক্ত হইবার আজ্ঞা স্থগিত রাখিবার ক্ষমতার কথা।

নিম্নলিখিত গতিকে আদালত মুক্ত হইবার ঐ আজ্ঞা যত কাল ন্যায্য জ্ঞান করেন স্থগিত রাখিতে পারিবেন, অথবা তাহা একেবারে নিবৃত্ত করিতে পারিবেন, বিশেষতঃ

উত্তমর্ণদের প্রতি এই আইনমতে ঋণশোধ করিবার অক্ষম ব্যক্তির যে সম্পত্তি সমর্পণ করিবার আজ্ঞা হইল তাহা সমর্পণ করেন নাই উত্তমর্ণদের বিশেষ নির্দ্ধারণক্রমে প্রকাশিত বাক্যদ্বারা আদালতের এমত বোধ হইল এবং আদালত সেই কথা হৃদ্বোধমতে সত্য জানিয়াছেন, অথবা তাহার উপযুক্ত অন্য প্রমাণ পাইলেন

অথবা প্রতারক ঋণিদের দণ্ড বিধায়ক যে বিধান তৎকালে প্রচলিত থাকে, ঋণী সেই বিধানের বিপরীত করিয়াছেন ইত্যুক্তিক্রমে সেই বিধানানুসারে তাহার নামে অভিযোগের আরম্ভ হইয়াছে ইতি।

মুক্ত হইবার আজ্ঞার ফলের কথা।

৫০ ধারা। প্রতারণা কি বিশ্বাসঘাতকতা দ্বারা ঋণির কোন ঋণ কি দায় ঘটিলে কিম্বা যে ঋণ কি দায় সম্পর্কে প্রতারণা দ্বারা তাঁহার পক্ষে সহিষ্ণুতা প্রকাশ হইল, মুক্ত হইবার আজ্ঞাদ্বারা ঋণী সেই ঋণ কি দায় হইতে মুক্তি পাইবেন না।

But it shall release the insolvent from all other debts proveable under the insolvency, with the exception of—

(1) debts due to the Secretary of State for India in Council:

(2) debts with which the insolvent stands charged at the suit of the said Secretary of State in Council or of any person for any offence against an Act relating to any branch of the public revenue, or at the suit of the sheriff or other public officer on a bail-bond entered into for the appearance of any person prosecuted for any such offence:

And he shall not be discharged from such excepted debts unless a Secretary to the Government of India certify in writing the consent of the Governor General of in India in Council to the insolvent's being discharged therefrom.

An order of discharge shall be sufficient evidence of the insolvency, and of the validity of the proceedings thereon; and in any proceedings instituted against an insolvent who has obtained an order of discharge in respect of any debt from which he is released by such order, the insolvent may state that the cause of action occurred before his discharge, and may give this Act and the special matter in evidence.

Exception of joint debtors.

51. The order of discharge shall not release any person who, at the date of the order of adjudication, was a partner with the insolvent, or was jointly bound or had made any joint contract with him.

Release of Trustee.

Release of trustee.

52. When the insolvency is closed the trustee shall call a meeting of the creditors to consider an application to be made to the Court for his release.

At the meeting the trustee shall lay before the assembled creditors an account showing the manner in which the insolvency has been conducted, with a list of the unclaimed dividends, if any, and of the property, if any, outstanding, and shall inform the meeting that he proposes to apply to the Court for a release.

কিন্তু নিম্নলিখিত ঋণব্যতীত ঋণশোধনে অক্ষমতা-ঘটিত ব্যাপারের প্রামাণ্য অন্য সকল ঋণহইতে মুক্তি পাইতে পারিবেন।

(১) মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের প্রাপ্য টাকা।

(২) রাজকীয় কোন প্রকারের রাজস্ববিষয়ক আইন লঙ্ঘন করণাপরাধে মন্ত্রিসভাধিষ্ঠিত উক্ত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের কিম্বা কোন ব্যক্তির আবেদনমতে, অথবা সেই অপরাধ হেতুক অন্য ব্যক্তির নামে অভিযোগ হওয়াতে ঋণী দর্শনপ্রতিভূ হইলে সেই প্রতিভূপত্রের নির্দ্দিষ্ট টাকা পাইবার নিমিত্তে শরিফ সাহেবের কিম্বা রাজকীয় অন্য কার্য্যকারকের আবেদনমতে ঋণির নিকট প্রাপ্য বলিয়া যে ঋণের দাওয়া হয় সেই ঋণ।

এবং ভারতবর্ষের গবর্ণমেন্টের অন্যতর সেক্রেটারী সাহেব ঋণির সেই ঋণহইতে মুক্তি পাইবার বিষয়ে লিখিয়া সংশিতমতে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সম্মতি না জানাইলে ঐ অক্ষম ঋণী সেই বর্জ্জিত ঋণহইতে মুক্ত হইবেন না।

মুক্ত হইবার আজ্ঞা ঐ ঋণশোধ করিবার অক্ষমতার এবং তৎসম্পর্কীয় আনুষ্ঠানিক কার্য্যের সিদ্ধতার যথেষ্ট প্রমাণ হইবে ঋণির মুক্ত হইবার আজ্ঞা হইলে পর তিনি সেই আজ্ঞাদ্বারা যে ঋণ সম্পর্কে মুক্তি পাইয়াছেন, সেই ঋণপ্রযুক্ত তাঁহার নামে কোন কার্য্যের অনুষ্ঠান হইলে তাঁহার মুক্ত হইবার পূর্ব্বে সেই নালিশের কারণ হইয়াছিল ঋণী ইহা কহিয়া প্রমাণস্বরূপে এই আইন এবং সেই বিশেষ বিষয় উল্লেখ করিতে পারিবেন ইতি।

সাধারণ ঋণিদের বর্জ্জিত হইবার কথা।

৫১ ধারা। নির্ণয়সূচক আজ্ঞা হইবার তারিখে যে ব্যক্তি ঋণির সহিত অংশী ছিলেন, কিম্বা তাঁহার সংযোগে আবদ্ধ ছিলেন কিম্বা তাঁহার সঙ্গে কোন সাধারণ চুক্তি করিলেন, মুক্তি হইবার ঐ আজ্ঞাক্রমে তিনি মুক্ত হইবেন না ইতি।

ট্রষ্টীর মুক্তির বিধি।

ট্রষ্টীর মুক্ত হওয়ার কথা।

৫২ ধারা। ঋণ শোধনের অক্ষমতাঘটিত ব্যাপার বন্দ হইলে, ট্রষ্টী সেই পদের ভারহইতে আদালতের নিকট মুক্ত হইবার প্রার্থনাপত্র বিবেচনা করিবার নিমিত্তে উত্তমর্ণদিগকে অধিবেশনে আহ্বান করিবেন।

ঋণ শোধনের অক্ষমতাঘটিত কার্য্য যে প্রকারে সম্পাদন করা গিয়াছে, ট্রষ্টী তাহার বর্ণনাপত্র ও কোন ডিবিডেণ্ডের উপর দাওয়া না করা গেলে সেই ডিবিডেণ্ডের নির্ঘণ্টপত্র, ও সম্পত্তির কোন অংশ তৎকালপর্য্যন্ত আদায় না হইলে সেই সম্পত্তির নির্ঘণ্টপত্র সমাগত উত্তমর্ণদের গোচরে অর্পণ করিয়া আদালতের নিকট মুক্ত হইবার প্রার্থনা করিতে মনস্থ করিয়াছেন সভায় এই কথা জানাইবেন।

The creditors assembled at the meetnig may express their opinion as to the conduct of the trustee, and they, or any of them, may appear before the Court and oppose the release of the trustee.

The Court, after hearing what, if anything, can be urged against the release of the trustee, shall grant or withhold the release accordingly, and if it withhold the release, shall make such order as it thinks just, charging the trustee with the consequences of any act or default he may have done or made contrary to his duty, and shall suspend his release until such charging order has been complied with, and the Court thinks just to grant the release of the trustee.

Duty of trustee as to unclaimed dividends and outstanding property.

53. Unclaimed dividends, and any other monies arising from the property of the insolvent, remaining under the control of the trustee at the close of the insolvency of any insolvent, or accruing thereafter, shall be accounted and paid over to such account as may be directed by the rules of Court to be made with the sanction of the Governor General in Council; and any parties entitled thereto may claim the same in manner directed by such rules.

The trustee shall also deliver a list of any outstanding property of the insolvent to the prescribed persons, and the same shall, when practicable, be got in and applied for the benefit of the creditors in manner prescribed.

Effect of release of trustee.

54. The order of the Court releasing the trustee of an insolvency shall discharge him from all liability in respect of any act done or default made by him in the administration of the affairs of the insolvent, or otherwise in relation to his conduct as trustee of such insolvent.

Such order may be revoked by the Court on proof that it was obtained by fraud.

Status of undischarged Insolvent.

Status of undischarged insolvent.

55. Where a person who has been made insolvent has not obtained his discharge, then, from and after the close of his insolvency, the following consequences shall ensue :—

(1.) No portion of a debt provable under the insolvency shall be enforced against the

উক্ত অধিবেশনে সমাগত উত্তমর্ণেরা ট্রষ্টীর আচার বিষয়ে আপনারদের অভিমত ব্যক্ত করিতে পারিবেন এবং তাঁহারা কিম্বা তাঁহারদের অন্যতর ব্যক্তি আদালতে উপস্থিত হইয়া ট্রষ্টীর মুক্ত হওয়ার প্রতিবাদ করিতে পারিবেন।

ট্রষ্টীর মুক্ত হওয়ার প্রতিবাদ হইলে আদালত তাহা শ্রবণ করিয়া তদনুসারে মুক্ত হওয়ার অনুমতি দিবেন কিম্বা নিষেধ করিবেন। যদি নিষেধ করেন, তবে ট্রষ্টী যে ক্রিয়া করিলেন কিম্বা কর্ত্তব্য কর্ম্মের বিপরীত যে ত্রুটি করিলেন, আদালত তাহার ফল সম্পর্কীয় ভারার্পণ করত যে আজ্ঞা ন্যায্য জ্ঞান করেন করিবেন ও ভারার্পণসূচক সেই আজ্ঞামতে যত কাল কর্ম্ম না করা যায় ও আদালত ট্রষ্টীর মুক্ত হওয়ার অনুমতি দেওয়া যত কাল ন্যায্য জ্ঞান না করেন তত কাল তাঁহার মুক্ত হওয়া স্থগিত রাখিবেন ইতি।

যে ডিবিডেণ্ড পাইবার প্রার্থনা না হয় ও যে সম্পত্তি আদায় না হয় তদ্বিষয়ে ট্রষ্টীর ইতিকর্ত্তব্যতার কথা।

৫৩ ধারা। কোন ঋণির ঋণশোধনের অক্ষমতাঘটিত ব্যাপার বন্দ করণ কালে দাওয়া না হওয়া যে ডিবিডেণ্ড কিম্বা সম্পত্তিহইতে উৎপন্ন অন্য যে টাকা ট্রষ্টীর হাতে থাকে কিম্বা পশ্চাৎ প্রাপ্ত হওয়া যায় আদালত মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সম্মতিক্রমে যে বিধি করেন সেই বিধির নির্দ্দিষ্টমতে ঐ টাকা খাতায় জমা করা যাইবে, ও যাঁহার প্রতি সমর্পণ করিবার আজ্ঞা হয় তাঁহাকে দেওয়া যাইবে, ও যে ব্যক্তির সেই টাকা পাইবার অধিকার থাকে তিনি ঐ বিধির নির্দ্দিষ্টমতে তাহার উপর দাওয়া করিতে পারিবেন।

অক্ষম ঋণির যে সম্পত্তি আদায় হয় নাই ট্রষ্টী নির্দ্দিষ্ট ব্যক্তিদিগকে সেই সম্পত্তির নির্ঘন্টপত্র দিবেন, ও সেই সম্পত্তি যে সময়ে সংগ্রহ করা যাইতে পারে সংগৃহীত হইয়া নির্দ্দিষ্ট প্রকারে উত্তমর্ণদের লভ্যার্থে প্রযোগ কর যাইবে ইতি।

ট্রষ্টীর মুক্ত হওয়ার ফলের কথা।

৫৪ ধারা। ঋণ শোধনের অক্ষমতাঘটিত ব্যাপারের ট্রষ্টীকে আদালতের মুক্তকরণসূচক যে আজ্ঞা হয়, অক্ষম ঋণির কার্য্য নিরূপণাধিকারিত্ব সম্পর্কে তিনি যে ক্রিয়া করিলেন কি তাঁহার যে ত্রুটি হইল সেই আজ্ঞাদ্বারা তিনি তৎসম্পর্কীয় এবং ঐ ঋণির ট্রষ্টীস্বরূপ তাহার আচরণ সম্পর্কীয় অন্য সকল দায়হইতে মুক্ত হইবেন।

উক্ত আজ্ঞা প্রতারণাদ্বারা পাওয়া গিয়াছে এমত প্রমাণ হইলে আদালত সেই আজ্ঞা অসিদ্ধ করিতে পারিবেন ইতি।

অক্ষম ঋণী মুক্ত না হইলে তাঁহার অবস্থার কথা।

অক্ষমঋণী মুক্ত না হইলে তাঁহার অবস্থার কথা।

৫৫ ধারা। যে ব্যক্তিকে ঋণ শোধ করিবার অক্ষম বলিয়া নির্ণয় করা গেল তিনি মুক্তি প্রাপ্ত না হইলে, তাঁহার ঋণ শোধ করিবার অক্ষমতাঘটিত কার্য্যের সমাপ্ত হওন অবধি এইং ফল বর্ত্তিবে।

(১) ঋণ শোধনের অক্ষমতা ব্যাপারে ঋণের যে অংশ প্রামাণ্য হয়, ঐ ব্যাপারের বন্দ হওয়ার সময়াবধি

property of the person so made insolvent until the expiration of three years from the close of the insolvency; and during that time, if he pay to his creditors such additional sum as will, with the dividend paid out of his property during the insolvency, make up eight annas in the rupee, he shall be entitled to an order of discharge in the same manner as if a dividend of eight annas in the rupee had originally been paid out of his property:

(2.) At the expiration of a period of three years from the close of the insolvency, if the debtor made insolvent has not obtained an order of discharge, any balance remaining unpaid in respect of any debt proved in such insolvency (but without interest in the meantime,) shall be deemed to be a subsisting debt in the nature of a judgment debt, and, subject to the rights of any persons who have become creditors of the debtor since the close of his insolvency, may be enforced against any property of the debtor, with the sanction of the Court which adjudicated such debtor an insolvent, or of the Court having jurisdiction in insolvency in the place where the property is situated, but to the extent only, and at the time and in manner, directed by such Court, and after giving such notice and doing such acts as may be prescribed in that behalf.

তিন বৎসর অতীত না হইলে সেই ঋণির সম্পত্তির উপর ঐ ঋণের টাকা আদায় হইতে পারিবে না। সেই সময়ের মধ্যে যদি তিনি উত্তমর্ণদিগকে কিছু টাকা দেন, এবং ঋণ শোধনের অক্ষমতাঘটিত ব্যাপার চলন কালে তাঁহার সম্পত্তিহইতে যে ডিবিডেণ্ড দেওয়া যায় তাহার সঙ্গে উক্ত টাকা ধরিলে যদি টাকা প্রতি আট আনা দেওয়া হয়, তবে তাহার মুক্তির আজ্ঞা পাইবার অধিকার থাকিবে, অর্থাৎ প্রথমে সম্পত্তিহইতে টাকা প্রতি আট আনা দেওয়া গেলে যেমন মুক্ত হইতে পারিতেন তেমনি মুক্ত হইবেন।

(২) যে ঋণিকে ঋণ শোধ করিবার অক্ষম নির্ণয় কর গেল, ঋণ শোধনের অক্ষমতাঘটিত ব্যাপার বন্দ হইবার পর তিন বৎসর অতীত হইলেও যদি তিনি মুক্ত হইবার আজ্ঞা প্রাপ্ত না হন, তবে উক্ত ঋণশোধনের অক্ষমতাঘটিত ব্যাপারে যে ঋণের প্রমাণ করা যায়, তাহার অদত্ত বাকী অংশ ডিক্রীমত দেনার ন্যায় ঋণ জ্ঞান হইবে, কিন্তু তৎকালে তাহার উপর সুদ চলিবে না। এবং ঋণশোধনের অক্ষমতাঘটিত ব্যাপার বন্দ হইলে পর অন্য যে ব্যক্তিরা ঐ ঋণির উত্তমর্ণ হন তাহারদের স্বত্ব মানিয়া, যে আদালত ঋণিকে অক্ষম নির্ণয় করিলেন, কিম্বা তদীয় সম্পত্তি যে স্থানে আছে সেই স্থানে যে আদালতের বিচারাধিপত্য থাকে, তাঁহার অনুমতিক্রমে ঋণির সম্পত্তিহইতে ঐ পাওনা আদায় হইতে পারিবে। কিন্তু ঐ আদালত যত দূর ও যে সময়ে ও যে প্রকারে ঐ ঋণ আদায় হইবার আজ্ঞা করেন তত দূর ও সেই সময়ে ও স্থানে, ও তৎপক্ষে যে নোটিস দিবার ও যে২ ক্রিয়া করিবার নির্দ্দেশ হইয়াছে সেই নোটিস দিবার ও সেই ক্রিয়া করিবার পর ঐ টাকা আদায় হইতে পারিবে ইতি।

Audit.

56. The trustee, having had his quarterly statement of accounts audited by the committee of inspection, shall, within the prescribed time, forward the certified statement in the prescribed form to an officer to be called the comptroller in insolvency, and if he fail to do so he shall be deemed guilty of an offence under the Indian Penal Code, section 176, and be punishable accordingly.

Appointment of comptroller.

There shall be three such comptrollers, whose titles and jurisdiction shall be as follows:—

(1) the Comptroller in Insolvency of Bengal, whose jurisdiction shall extend to the territories for the time being respectively under the governments of the Lieutenant Governors of Bengal, the North-Western Provinces, and the administrations of the Chief Commissioners of Oudh, the Central Provinces and British Burma:

আডিট হইবার বিধি।

৫৬ ধারা। ট্রষ্টী তত্ত্বাবধায়ক কমিটীরদ্বারা আপন হিসাবের ত্রৈমাসিক বর্ণনাপত্র আডিট করাইলে পর নির্দ্দিষ্ট সময়ের মধ্যে ঋণশোধনের অক্ষমতাঘটিত ব্যাপারে কনট্রোলর অর্থাৎ কর্ত্তৃত্বকারি নামে খ্যাত কার্য্যকারকের নিকট ঐ সংশিত বর্ণনাপত্র নির্দ্দিষ্ট পাঠে পাঠাইবেন। না পাঠাইলে তিনি ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১৭৬ ধারামত অপরাধের অপরাধী জ্ঞান হইবেন ও তাঁহার তদনুসারে দণ্ড হইতে পারিবে।

কর্ত্তৃত্বকারিকে নিযুক্ত করিবার কথা।

তদ্রূপ তিন জন কনট্রোলর হইবেন। তাঁহারদের এই২ নাম ও আধিপত্যস্থান থাকিবে।

(১) বঙ্গদেশের ঋণ শোধনের অক্ষমতাঘটিত ব্যাপারের কম্‌ট্রোলর। যৎকালে যে২ দেশ বঙ্গদেশের ও উত্তর পশ্চিম দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের এবং অযোধ্যার ও মধ্যপ্রদেশের ও ব্রিটনীয় বর্ম্মাদেশের প্রধান কমিশ্যনর সাহেবদের শাসনাধীন থাকে সেই২ দেশে তাঁহার আধিপত্য থাকিবে।

[*Government Gazette, 24th January* 1871.]

(2) the Comptroller in Insolvency of Madras, whose jurisdiction shall extend to the territories for the time being under the government of the Governor of Fort St. George in Council, to Coorg and (so far as regards British subjects) to Mysore and

(২) মান্দ্রাজের ঋণশোধনের অক্ষমতাঘটিত ব্যাপারে কনট্রোলর। যৎকালে যে দেশ মন্ত্রিসভাধিষ্ঠিত ফোর্ট সেণ্ট জর্জের গবর্ণর সাহেবের শাসনাধীন থাকে সেই দেশে ও কুর্গদেশে ও ব্রিটনীয় প্রজাদের পক্ষে মহীশূর দেশে তাঁহার আধিপত্য থাকিবে।

(3) the Comptroller in Insolvency of Bombay, whose jurisdiction shall extend to the territories for the time being under the government of the Governor of Bombay in Council, and also (so far as regards British subjects) to the Hyderabad Assigned Districts.

(৩) বোম্বাইয়ের ঋণ শোধনের অক্ষমতাঘটিত ব্যাপারের কনট্রোলর। যৎকালে যে দেশ মন্ত্রিসভাধিষ্ঠিত বোম্বাইয়ের শ্রীযুত গবর্ণর সাহেবের শাসনাধীন থাকে সেই দেশে এবং ব্রিটনীয় প্রজাদের পক্ষে হয়দরাবাদের অন্তর্গত সমর্পিত প্রদেশে তাঁহার আধিপত্য বর্ত্তিবে।

The first Comptrollers in Insolvency under this Act shall be respectively the present Official Assignees of the Courts for the relief of insolvent debtors holden under the said statute of the eleventh and twelfth of Victoria, chapter twenty-one, in Calcutta, Madras and Bombay.

মহারাণী বিকটোরিয়ার ১১ ও ১২ বৎসরের ২১ অধ্যায়ের উক্ত আইনক্রমে কলিকাতায় ও মান্দ্রাজে ও বোম্বাইয়ে ঋণশোধ করিবার অক্ষম ব্যক্তিদের উপকারার্থে যেং আদালতের অধিবেশন হয়, যে ব্যক্তিরা এইক্ষণে সেইং আদালতের রাজকীয় আসৈনী আছেন তাঁহারাই এই আইনমতে ঋণ শোধনের অক্ষমতাঘটিত ব্যাপারের প্রথম কনট্রোলর হইবেন।

The subsequent comptrollers shall be appointed, and the first and any subsequent comptrollers may be removed, in the case of the Comptroller in insolvency of Bengal, by the Governor General in Council, and in the cases of the other Comptrollers in Insolvency, by the Local Government, and shall be paid such salary as the Governor General of India in Council may direct.

পশ্চাৎ যাঁহারা কনট্রোলরের পদে নিযুক্ত হইবেন এবং সেই প্রথম ও তৎপশ্চাৎ কোন কনট্রোলরকে অবসর করিতে হইলে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব, বঙ্গদেশের ঋণশোধনের অক্ষমতাঘটিত ব্যাপারের কনট্রোলরকে, স্থানীয় গবর্ণমেণ্ট অন্য স্থানের ঋণশোধনের অক্ষমতাঘটিত ব্যাপারের কনট্রোলরকে নিযুক্ত অথবা অবসর করিবেন। ও মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব তাঁহারদের যত বেতন নির্দ্দিষ্ট করেন তাঁহারা তত পাইবেন।

Each comptroller shall be provided with such office, and with such clerks and servants as may be directed by the Local Government with the approval of the Governor General in Council.

স্থানীয় গবর্ণমেণ্ট মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমোদনক্রমে ঐং কনট্রোলরের যদ্রূপ কার্য্যালয় ও যত জন কেরাণী ও চাকর নিরূপণ করেন তাঁহারদের তদ্রূপ কার্য্যালয় ও সেইং কেরাণী ও চাকর থাকিবে।

The clerks and servants in the office of the comptroller shall be appointed and dismissible by each comptroller, and there shall be allowed and paid to him such sum as the Governor General in Council may from time to time direct for the expenses of his office, and of such clerks and other persons as may be deemed necessary by the Governor General in Council.

প্রত্যেক জন কনট্রোলর আপন কার্য্যালয়ের কেরাণীদিগকে ও চাকরদিগকে নিযুক্ত করিবেন ও অবসর করিতে পারিবেন। এবং তাঁহার কার্য্যালয়ের খরচ ও মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব তাঁহার যত জন কেরাণীর ও চাকরের আবশ্যক জ্ঞান করেন তাহারদের বেতনাদি বলিয়া মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়েং যত টাকা নির্দ্দিষ্ট করেন তত টাকা নিরূপণ হইয়া তাঁহাকে দেওয়া যাইবে ইতি।

57. Every trustee of an insolvent shall, from time to time, as may be prescribed, and not less than once in every year during the insolvency, transmit to the comptroller within whose jurisdiction he is a statement showing the proceedings in such insolvency up to the date of the statement containing the prescribed particulars, and made out in the prescribed form;

Return of accounts to comptroller.

৫৭ ধারা। অক্ষম ঋণির প্রত্যেক ট্রষ্টী ঋণশোধনের অক্ষমতাঘটিত ব্যাপারে যেং কার্য্যের অনুষ্ঠান করেন যেং সময় নির্দ্দিষ্ট হয় সেইং সময়ে কিন্তু বৎসরে ন্যূনকল্পে একবার তিনি যে কনট্রোলরের আধিপত্যে থাকেন, তাঁহার নিকট ঐ কার্য্যের বর্ণনাপত্র পাঠাইবেন। তাহা নির্দ্দিষ্ট পাঠে লিখিত হইয়া তন্মধ্যে বর্ণনাপত্রের তারিখপর্য্যন্ত নির্দ্দিষ্ট বিবরণ লেখা যাইবে।

কনট্রোলরের নিকট হিসাব পাঠাইবার কথা।

and any trustee failing to transmit accounts in compliance with this section shall be deemed guilty of an offence under the Indian Penal Code, section 176, and be punishable accordingly.

কোন ট্রষ্টী এই ধারানুযায়ি বিবরণ পাঠাইতে ত্রুটি করিলে ভারতবর্ষীয় দণ্ড বিধির আইনের ১৭৬ ধারা-মতে অপরাধী জ্ঞান হইবেন ও তাঁহার তদনুসারে দণ্ড হইতে পারিবে ইতি।

58. The comptroller shall examine the statements transmitted to him and shall call the trustee to account for any misfeasance, neglect, or omission which may appear on such statements, and may require the trustee to make good any loss the estate of the insolvent may have sustained by such misfeasance, neglect, or omission.

Duty of comptroller.

৫৮ ধারা। কনট্রোলরের নিকট যেং বর্ণনাপত্র পাঠান যায় তিনি তাহা নিরীক্ষণ করিবেন। ও সেই বর্ণনাপত্র দৃষ্টে কোন ত্রুটি কি শৈথিল্য কি দোষ দেখিতে পাইলে ট্রষ্টীকে তাহার হেতু জানাইতে আজ্ঞা করিবেন ও তাঁহার সেই ত্রুটি কি শৈথিল্য কি দোষদ্বারা ঋণশোধ করিবার অক্ষম ব্যক্তির সম্পদের কোন হানি হইলে ঐ ট্রষ্টীকে সেই হানিপূরণ করিতে আজ্ঞা দিবেন।

কনট্রোলরের কর্ত্তব্য কর্ম্মের কথা।

If the trustee fail to comply with such requisition of the comptroller, the comptroller may report the same to the Court; and the Court, after hearing the explanation, if any, of the trustee, shall make such order in the premises as it thinks just.

ট্রষ্টী কনট্রোলরের সেই আজ্ঞামতে কর্ম্ম না করিলে কনট্রোলর সেই কথা আদালতে রিপোর্ট করিবেন। ট্রষ্টী কোন হেতু জানাইলে আদালত তাহার সেই হেতুবাদ শ্রবণ করিয়া সেই বিষয়ের যে আজ্ঞা ন্যায্য জ্ঞান করেন করিবেন ইতি।

59. The comptroller may at any time require any trustee to answer any inquiry made by him in relation to any insolvency in which such trustee is engaged, and may, if he think fit, apply to the Court to examine on oath such trustee or any other person concerning such insolvency;

Powers of comptroller.

৫৯ ধারা। ঋণশোধনের অক্ষমতাঘটিত কোন ব্যাপারে যে ট্রষ্টীর সম্পর্ক থাকে কনট্রোলর তাঁহাকে কোন সময়ে সেই ব্যাপার বিষয়ে আপনার কোন প্রশ্নের উত্তর দিতে আজ্ঞা করিতে পারিবেন। ও বিহিত বোধ করিলে আদালতে সেই ঋণশোধনের অক্ষমতাঘটিত ব্যাপার বিষয়ে ঐ ট্রষ্টীর কিম্বা অন্য ব্যক্তির শপথ পূর্ব্বক পরীক্ষা লইবার প্রার্থনা করিতে পারিবেন।

কনট্রোলরের ক্ষমতার কথা।

he may also direct a local investigation to be made of the books and vouchers of the trustees.

আরো তিনি ট্রষ্টীর বহীর ও বৌচরের স্বস্থানে অনুসন্ধান লইবার আদেশ করিতে পারিবেন ইতি।

PART III.

CONSTITUTION AND POWERS OF COURT.

Description of Court.

তৃতীয় অধ্যায়।

আদালতের সংস্থিতির ও ক্ষমতার কথা।

আদালতের বর্ণনা।

60. From and after the commencement of this Act the following provisions shall take effect with respect to the Courts having jurisdiction in insolvency and their officers; that is to say,

Court to consist of High Court and District Courts.

If the person sought to be adjudged an insolvent reside or carry on business within the local limits of the ordinary original civil jurisdiction of the High Court of Judicature at Fort William, Madras or Bombay, or within the limits of the towns of Allahabad or Lahore, than "the Court" shall mean, for the purposes of this Act, the High Court or the Chief Court of the Punjab, as the case may be, and is hereinafter referred to as the Chief Insolvency Court:

৬০ ধারা। ঋণশোধনের অক্ষমতাঘটিত ব্যাপারে যেং আদালতের আধিপত্য থাকে, এই আইন প্রচলিত হইবার সময়াবধি সেইং আদালতের ও তদগত কর্ম্মকারকদের বিষয়ে নিম্নলিখিত বিধান প্রচলিত হইবে, বিশেষতঃ

হাই কোর্ট ও জিলার আদালত লইয়া উক্ত কোর্ট হইবার কথা।

যে ব্যক্তিকে ঋণশোধ করিবার অক্ষম বলিয়া নির্ণীত হইবার প্রার্থনা হয়, তিনি কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাই রাজধানীর হাই কোর্টের প্রথমোপস্থিত দেওয়ানী মোকদ্দমার সাধারণ বিচারাধিপত্যের স্থানসীমার মধ্যে কিম্বা আলাহাবাদ কি লাহোর নগরের সীমার মধ্যে বাস কিম্বা ব্যবসায় করিলে, এই আইনের কার্য্যপক্ষে "আদালত" শব্দে বিষয়বিশেষে হাই কোর্ট কিম্বা পঞ্জাবের প্রধান আদালত বুঝাইবে। এই আইনে তাহা ঋণশোধনের অক্ষমতাঘটিত ব্যাপারের প্রধান আদালত বলিয়া উল্লিখিত হইল।

If the person sought to be adjudgad an insolvent do not reside or carry on business within such limits, then "the Court" shall, subject to the provisions hereinafter contained for removing the proceedings, mean the Court of the District Judge within whose jurisdiction such erso n resides or carries on business, and is hereinafter referred to as the Local Insolvency Court.

যে ব্যক্তিকে ঋণশোধক রিবার অক্ষম বলিয়া নির্ণয় করিবার প্রার্থনা হয়, তিনি উক্ত সীমার মধ্যে বাস কিম্বা ব্যবসায় না করিলে, আনুষ্ঠানিক কার্য্য স্থানান্তর করিবার যে বিধান নিম্নভাগে করা যাইতেছে সেই বিধানবশে সেই ব্যক্তি যে জিলার জজ সাহেবের বিচারাধিপত্যের মধ্যে বাস কি ব্যবসায় করেন "আদালত" শব্দে সেই জিলার জজ সাহেবের আদালত বুঝাইবে। তাহা পশ্চাদ্ভাগে ঋণশোধ করিবার অক্ষমতাঘটিত ব্যাপারের স্থানীয় আদালত নামে খ্যাত হইল।

In the former part of this section "District Judge" means, in the Regulation Provinces, a Judge of a principal Civil Court of original jurisdiction.

এই ধারার পূর্ব্বভাগে "জিলার জজ সাহেব" এইশব্দে আইনের অধীন প্রদেশে প্রথমোপস্থিত মোকদ্দমার বিচারাধিপত্য প্রাপ্ত প্রধান দেওয়ানী আদালতের জজ সাহেবকে বুঝাইবে।

in the Non-Regulation Provinces, other than British Burma and Sindh, a Commissioner of Division,

ব্রিটনীয় বর্ম্মা ও সিন্ধু দেশভিন্ন আইনবহির্ভূত প্রদেশে খণ্ডের কমিশ্যনর সাহেবকে বুঝাইবে।

in Pegu, the Recorder at Rangoon,

পেগূ দেশে রাঙ্গুনের রিকার্ডর সাহেবকে বুঝাইবে।

in Arakan, the Recorder at Rangoon, until a Recorder's Court is established at Akyab, and thenceforward the Recorder at Akyab,

আরাকান দেশে যত কাল আক্যাবে রিকার্ডরের আদালত সংস্থাপিত না হয় ততকাল রাঙ্গুনের রিকার্ডরকে বুঝাইবে পরে আক্যাবের রিকার্ডরকে বুঝাইবে।

in the Tenasserim Provinces, the Recorder at Maulmain, and

থনাসরিম প্রদেশে মৌলমেনের রিকার্ডরকে বুঝাইবে। ও

in Sindh, the Judicial Commissioner in that Province.

সিন্ধু দেশে ঐ প্রদেশের জুডিশ্যল কমিশ্যনরকে বুঝাইবে।

Every Chief Insolvency Court shall be holden once a month at least throughout the year by any one Judge of the said High Courts and Chief Court respectively.

পূর্ব্বোক্ত হাই কোর্টের ও উক্ত প্রধান আদালতের অন্যতর জজ সাহেব বৎসরের মধ্যে মাসে ন্যূনকল্পে একবার ঋণশোধনের অক্ষমতাঘটিত ব্যাপারের প্রধান আদালতে অধিবিষ্ট হইবেন ইতি।

Appointment of registrars and other officers.

61. Subject to the provisions in this Act with respect to the officers of the existing Courts for the Relief of Insolvent Debtors at Calcutta, Madras, and Bombay, the registrars, clerks, and other subordinate officers of the Chief Insolvency Courts shall be appointed by the Chief Justice or Senior Judge for the time being, and may be removed by him and others appointed in their stead if he is of opinion that they are negligent, unskilful, or untrustworthy in the performance of their duties, or ought, in his opinion, to be removed for any other just cause.

রেজিষ্ট্রারদের ও অন্য কর্ম্মকারকদের নিয়োগের কথা।

৬১ ধারা। কলিকাতায় ও মান্দ্রাজে ও বোম্বাইয়ে অক্ষম ঋণিদের উপকারার্থ যে২ আদালত এখন আছেএই আইনেতে তত্রত্য কর্ম্মকারকদের যে২ বিধান আছে সেই বিধানবশে, যিনি যে সময়ে চীফ জষ্টিস কি পদজ্যেষ্ঠ জজ হন তিনিই ঋণশোধনের অক্ষমতাঘটিত ব্যাপারের প্রধান আদালতের রেজিষ্ট্রারদিগকে ও কেরাণীদিগকে ও অধীন অন্য কর্ম্মকারকদিগকে নিযুক্ত করিবেন এবং তাহারা তাঁহার বিবেচনায় আপন২ কর্ম্ম সম্পাদনে শিথিল কি অপটু কি বিশ্বাসের অযোগ্য হইলে, কিম্বা তাঁহার বিবেচনামতে তাহারদিগকে ন্যায্য অন্য কারণে অবসর করা উচিত হইলে, তিনি তাহারদিগকে অবসর করিয়া তাহারদের স্থানে অন্য ব্যক্তিদিগকে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

Salaries of officers.

62. Subject as aforesaid, there shall be paid to the registrars, clerks, and other subordinate officers such salaries as the Local Government with the sanction of the Governor General of India in Council may determine.

কর্ম্মকারকদের বেতনের কথা।

৬২ ধারা। পূর্ব্বোক্ত বিধানবশে স্থানীয় গবর্ণমেন্ট মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের সম্মতিক্রমে ঐ রেজিষ্ট্রারদের ও কেরাণিদের ও অধীন অন্য কর্ম্মকারকদের যে বেতন নিরূপণ করেন তাঁহারা তাহাই পাইবেন ইতি।

Duties of subordinate officers of Court.

63. Subject as aforesaid, the registrars, clerks, and other subordinate officers of the Chief Insolvency Court shall perform such **duties as may from time to time be assigned to them by the Chief Justice.**

আদালতের অধীন কর্ম্মকারকদের কর্ত্তব্য কর্ম্মের কথা।

৬৩ ধারা। পূর্ব্বোক্ত বিধানবশে, চীফ জষ্টিস সাহেব সময়ে২ ঋণশোধনের অক্ষমতাঘটিত ব্যাপারের প্রধান আদালতের রেজিষ্ট্রারদের ও কেরাণিদের ও অধীন অন্য কর্ম্মকারকদের যেং কর্ম্ম নিরূপণ করেন তাঁহারা সেইং কর্ম্ম করিবেন ইতি।

Jurisdiction of Chief Insolvency Court Judges.

64. Every Judge holding a Chief Insolvency Court shall have all the powers, jurisdiction, and privileges possessed by any Judge of a High Court, and the orders of such Judge shall be of the same force as if they were decrees of such High Court.

ঋণশোধনের অক্ষমতাঘটিত ব্যাপারের প্রধান আদালতের জজ সাহেবদের বিচারাধিপত্যের কথা।

৬৪ ধারা। যে জজ সাহেব ঋণশোধনের অক্ষমতাঘটিত ব্যাপারের প্রধান আদালতে উপবিষ্ট হন তিনি হাই কোর্টের জজ সাহেবের সকল শক্তি ও বিচারাধিপত্য ও বিশেষ ক্ষমতাবিশিষ্ট হইবেন ও ঐ জজ সাহেবের আজ্ঞা উক্ত হাই কোর্টের ডিক্রীর তুল্য বলবৎ হইবে ইতি।

Jurisdiction of District Court Judges.

65. Every Judge of a Local Court of Insolvency shall, for the purposes of this Act, in addition to his ordinary powers as a District Court Judge, have all the powers and jurisdiction of a Judge of a High Court, and the orders of such judge may be enforced accordingly in manner prescribed.

জিলার আদালতের জজ সাহেবদের বিচারাধিপত্যের কথা।

৬৫ ধারা। ঋণশোধনের অক্ষমতাঘটিত ব্যাপারের স্থানীয় আদালতের প্রত্যেক জন জজ সাহেব জিলার আদালতের জজস্বরূপ যেং ক্ষমতাবিশিষ্ট হন, তদ্ভিন্ন তিনি এই আইনের কার্য্যপক্ষে হাই কোর্টের জজ সাহেবের সকল ক্ষমতা ও বিচারাধিপত্যবিশিষ্ট হইবেন, তদনুসারেও সেই জজ সাহেবের আজ্ঞা নির্দ্দিষ্ট প্রকারে প্রবল করা যাইতে পারিবে ইতি।

Powers of Court to delegate authority to registrar.

66. Every Judge of a Chief and of a Local Court of insolvency may, subject and in accordance with the rules of Court for the time being in force, delegate to the registrar or to any other officer of his Court such of the powers vested in him by this Act as it may be expedient for the Judge to delegate to him.

রেজিষ্ট্রারের প্রতি ক্ষমতার্পণ করিতে আদালতের শক্তির কথা।

৬৬ ধারা। ঋণশোধনের অক্ষমতাঘটিত ব্যাপারের প্রধান ও স্থানীয় আদালতের প্রত্যেক জন জজ সাহেব এই আইনক্রমে যেং ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন তন্মধ্যে আপন আদালতের রেজিষ্ট্রারকে কিম্বা অন্য কর্ম্মকারককে জজ সাহেবের যেং ক্ষমতার্পণ করা বিহিত হইতে পারে আদালতের যে বিধি যে সময়ে বলবৎ থাকে তিনি সেই বিধির বশে ও তদনুসারে তাঁহারদের প্রতি সেইং ক্ষমতা অর্পণ করিতে পারিবেন ইতি।

Scale of fees.

67. The Chief Justice or (in the case of the Chief Court of the Punjab) the Senior Judge, shall, with the sanction of the Governor General of India in Council, from time to time prescribe a scale of fees to be charged for any business done by any Court or officer thereof under this Act; and the Governor General in Council shall direct whether the same shall be imposed by stamps or otherwise and by whom and in what manner the same shall be collected, accounted for, and appropriated, and whether any and what remuneration shall be allowed to any person performing any duties under this Act.

[*Government Gazette, 24th January* 1871.]

রসুমের হারের কথা।

৬৭ ধারা। এই আইনমতে কোন আদালত কি কার্য্যকারককর্ত্তৃক যে কর্ম্ম করা যায় তন্নিমিত্তে কি হারে রসুম লইতে হইবে, চীফ জষ্টিস (অথবা পঞ্জাবের প্রধান আদালতে পদজ্যেষ্ঠ জজ সাহেব) মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতিক্রমে তাহা সিদ্ধান্ত করিবেন। এবং সেই রসুম ইষ্টাম্প দ্বারা কি অন্য প্রকারে দিতে হইবে ও কে কি প্রকারে তাহা আদায় করিবেন ও তাহার হিসাব দিবেন ও তাহা প্রয়োগ করিবেন, এবং কোন ব্যক্তি এই আইনঅনুযায়ি কর্ম্ম করিলে পারিশ্রমিক পাইবেন কি না ও কত পাইবেন, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব এই সকল কথা নিরূপণ করিবেন ইতি।

68. No registrar of officer of any Court having jurisdiction in insolvency shall, during his continuance in Office, either directly or indirectly, by himself or partner, act as an attorney or vakil in any proceeding in any insolvency in any Court of which he is registrar or officer, or in any appeal from such Court, or in any prosecution of an insolvent by order of such Court, under pain of dismissal by the Judge; and such dismissal shall be in writing, stating the reasons for the same; and a copy thereof shall be sent so the Chief Justice, who, if he see fit, may reinstate such registrar or officer.

Registrars and Officers in insolvency not to act as attorneys or vakils in Courts in which they hold office.

৬৮ ধারা। ঋণশোধনের অক্ষমতাঘটিত ব্যাপারে যে আদালতের বিচারাধিপত্য থাকে সেই আদালতের কোন রেজিষ্ট্রার কি কর্ম্মকারক যত কাল সেই পদে থাকেন, তত কাল যে আদালতের রেজিষ্ট্রার কি কর্ম্মকারক হন সেই আদালতে ঋণশোধনের অক্ষমতাঘটিত ব্যাপারের কোন আনুষ্ঠানিক কার্য্যে কিম্বা ঐ আদালতের আজ্ঞার উপর আপীলী মোকদ্দমায় কিম্বা ঐ আদালতের আজ্ঞাক্রমে ঋণির কোন অভিযোগ কার্য্যে, আপনি কি অংশিদ্বারা স্পষ্টরূপে কি চক্রান্তে মোক্তার কি উকীলস্বরূপ কর্ম্ম করিবেন না। করিলে জজ সাহেবকর্ত্তৃক অবসৃত হইবেন। তাঁহাকে লিখনক্রমে অবসর করা যাইবে ও সেই লিপিতে অবসর করিবার কারণ লেখা থাকিবে। তাহার প্রতিলিপি চীফ জষ্টিস সাহেবের নিকট পাঠান যাইবে। তিনি বিহিত বোধ করিলে সেই রেজিষ্ট্রারকে কি কর্ম্মকারককে পুনশ্চ পদস্থ করিতে পারিবেন ইতি।

ঋণশোধনের অক্ষমতাঘটিত ব্যাপারের রেজিষ্ট্রারেরা ও কর্ম্মকারকেরা যে আদালতে ঐ কর্ম্ম করেন সেই আদালতে তাঁহাদের মোক্তারী কি ওকালতী না করিবার কথা।

69. Every advocate, attorney, and vakil of a High Court shall be, and may practise as such, in any Court of Insolvency, and if any person not being such advocate, attorney, or vakil practises in the Court of Insolvency as advocate, attorney, or vakil, he shall be deemed guilty of a contempt of the Court.

Advocates &c., of High Court may practise in Insolvency Court.

৬৯ ধারা। হাই কোর্টের প্রত্যেক জন আডবোকেট ও মোক্তার ও উকীল অক্ষম ঋণির আদালতে আপন পদসংক্রান্ত কার্য্য করিবেন ও করিতে পারিবেন। কোন ব্যক্তি তদ্রূপ আডবোকেট কি মোক্তার কি উকীল না হইয়া অক্ষম ঋণির আদালতে আডবোকেটের কর্ম্ম কি মোক্তারী কি ওকালতী করিলে তিনি আদালতের অবজ্ঞা করণাপরাধী জ্ঞান হইবেন ইতি।

অক্ষম ঋণির আদালতে হাই কোর্টের আডবোকেট প্রভৃতির কার্য্য করিবার ক্ষমতার কথা।

70. Every Court having jurisdiction in insolvency under this Act may review, rescind, or vary any order made by it in pursuance of this Act.

Appeal from Courts.

৭০ ধারা। এই আইনমতে ঋণশোধনের অক্ষমতাঘটিত ব্যাপারে যে আদালতের বিচারাধিপত্য থাকে সেই আদালত এই আইনঅনুযায়ি স্বীয় আজ্ঞার পুনর্ব্বিচার করিতে ও তাহা রহিত কি অন্যথা করিতে পারিবেন।

আদালতের আজ্ঞার উপর আপীলের কথা।

Any person aggrieved by any order of a Local Insolvency Court in respect of a matter of fact or of law made in pursuance of this Act, may appeal to the Chief Insolvency Court, and it shall be lawful for such Court to alter, reverse, or confirm such order as it thinks just.

অক্ষম ঋণির স্থানীয় আদালত এই আইনঅনুসারে কর্ম্মকরত বৃত্তান্ত কি আইনঘটিত কোন বিষয়ে যে আজ্ঞা করেন তাহাতে কোন ব্যক্তি ক্ষুব্ধ হইলে অক্ষম ঋণির প্রধান আদালতে আপীল করিতে পারিবেন। করিলে সেই আদালত ন্যায্য বিবেচনামতে ঐ আজ্ঞা পরিবর্ত্তন কি অসিদ্ধ করিতে কিম্বা স্থিরতর করিতে পারিবেন।

All orders made by the Chief Insolvency Court in respect of matters brought before it on appeal shall be final, unless such Court gives leave to appeal to the Judicial Committee of the Privy Council.

অক্ষম ঋণির প্রধান আদালতে আপীলক্রমে যে বিষয় উপস্থিত করা যায় সেই বিষয়ে সেই আদালতের সমস্ত আজ্ঞা চূড়ান্ত হইবে, কিন্তু ঐ আদালত প্রিবিকৌন্সেলের বিচারসংক্রান্ত কমিটীর নিকট আপীল করিবার অনুমতি দিলে দিতে পারিবেন।

For the purpose of this section 'Chief Insolvency Court' shall, in British Burma, mean the Chief Insolvency Court held at Fort William,

এই আইনের কার্য্যপক্ষে ব্রিটনীয় বর্ম্মা দেশে অক্ষম ঋণির প্রধান আদালত শব্দে ফোর্ট উলিয়ম রাজধানীর অক্ষম ঋণির প্রধান আদালত বুঝাইবে।

and in any other Non-Regulation province (except the Punjab) the Chief Insolvency Court

পঞ্জাবভিন্ন আইনবহির্ভূত অন্য প্রদেশে অক্ষম ঋণী যৎকালে প্রথমোপস্থিত ফৌজদারী মোকদ্দমার বি-

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭১। ২৪ জানুআরি।]

held where the High Court is established to whose original criminal jurisdiction the insolvent is for the time being subject, or would be subject if he were an European British subject of Her Majesty.

চারাধিপত্যবিশিষ্ট যে হাই কোর্টের অধীন হন, কিম্বা শ্রীমতী মহারাণীর ইউরোপীয় ব্রিটনীয় প্রজা হইলে যে হাই কোর্টের অধীন হইতেন, সেই হাই কোর্ট যে স্থানে স্থাপিত হয় তথাকার অক্ষম ঋণির প্রধান আদালত বুঝাইবে ইতি।

General power of Insolvency Court.

71. Subject to the provisions of this Act, every Court having jurisdiction in insolvency under this Act shall have full power to decide all questions of priorities, and all other questions whatsoever, whether of law or fact, arising in any case of insolvency coming within the cognizance of such Court, or which the Court may deem it expedient or necessary to decide for the purpose of doing complete justice or making a complete distribution of property in any such case;

অক্ষম ঋণির আদালতের সাধারণ ক্ষমতার কথা।

৭১ ধারা। এই আইনমতে ঋণশোধনের অক্ষমতাঘটিত ব্যাপারে যেং আদালতের বিচারাধিপত্য থাকে সেইং আদালতের বিচারাধীন উক্ত প্রকারের কোন মোকদ্দমার অগ্রগণ্যতা বিষয়ক এবং আইন কি বৃত্তান্তঘটিত অন্য যে বিবাদ উপস্থিত হয় কিম্বা তদ্রূপ কোন মোকদ্দমায় উক্ত আদালত সম্পূর্ণরূপে ন্যায় বিচার করিবার কিম্বা শুদ্ধরূপে সম্পত্তি বণ্টন করিবার নিমিত্তে যে বিবাদ নিষ্পত্তি করা বিহিত কি আবশ্যক বোধ করেন এই আইনের বিধানমতে ঐং আদালত সেই সকল বিবাদের নিষ্পত্তি করিতে সম্পূর্ণ সক্ষম হইবেন।

and no such Court as aforesaid shall be subject to be restrained in the execution of its powers under this Act by the order of any other Court, nor shall any appeal lie from its decisions, except in manner directed by this Act.

এবং পূর্ব্বোক্ত আদালত এই আইনক্রমে স্বীয় ক্ষমতামতে কার্য্য সম্পাদন করিলে অন্য কোন আদালতের আজ্ঞাদ্বারা নিস্তব্ধ হইতে পারিবে না ও তাঁহার নিষ্পত্তির উপর এই আইনমতে আপীল করিবার যে বিধি আছে তদ্ভিন্ন আপীল হইতে পারিবে না ইতি।

Orders and Warrants of Courts.

আদালতের আজ্ঞার ও পরওয়ানার বিধি।

Enforcement of warrant and orders of Courts.

72. Any order made by a Court having jurisdiction in insolvency in any part of British India under this Act, shall be enforced in any other part of British India in the Courts having jurisdiction in insolvency in such parts, in the same manner in all respects as if such order had been made by the Courts which are hereby required to enforce the same.

আদালতের পরওয়ানা ও আজ্ঞা প্রবল করিবার কথা।

৭২ ধারা। ব্রিটনীয় ভারতবর্ষের কোন অংশে ঋণশোধনের অক্ষমতাঘটিত ব্যাপারে যে আদালতের বিচারাধিপত্য থাকে সেই আদালতের কোন আজ্ঞা ব্রিটনীয় ভারতবর্ষের অন্য কোন অংশে ঋণশোধনের অক্ষমতাঘটিত ব্যাপারের বিচারাধিপত্য বিশিষ্ট অন্য আদালতে প্রবল করা যাইবে অর্থাৎ যে আদালতের প্রতি সেই আজ্ঞা প্রবল করিবার আদেশ হয় সেই আজ্ঞা সর্ব্বতোভাবে সেই আদালতের নিজ আজ্ঞা হওয়ার ন্যায় প্রবল করা যাইবে ইতি।

Insolvency Courts to be auxiliary to each other.

73. The Chief Insolvency Court and the Local Insolvency Courts, and the officers of such Courts respectively, shall severally act in aid of and be auxiliary to each other in all matters of insolvency, and an order of the Court seeking aid, together with a request to another of the said Courts, shall be deemed sufficient to enable the latter Court to exercise, in regard to the matters directed by such order, the like jurisdiction which the Court which made the request, as well as the Court to which the request is made, could exercise in regard to similar matters within their respective jurisdictions.

অক্ষম ঋণির আদালতের পরস্পর সহায় হইবার কথা।

৭৩ ধারা। অক্ষম ঋণির প্রধান আদালত ও স্থানীয় সকল আদালত ও সেইং আদালতের কর্ম্মকারকেরা, ঋণশোধনের অক্ষমতাঘটিত সমস্ত ব্যাপারে পরস্পরের সাহায্য করিয়া সহায় হইবেন। এবং উক্ত অন্যতর আদালতের নামে আবেদনপত্র সহিত সহায়তাকাঙ্ক্ষি কোন আদালতের আজ্ঞাপত্র প্রেরণ হইলে, সেই আজ্ঞার নির্দ্দিষ্ট বিষয়ে যে আদালত আদেশ করিলেন ও যে আদালতের নিকট আবেদন করা যায় ঐ উভয় আদালত আপনং বিচারাধিপত্য স্থানের মধ্যে যেং ক্ষমতানুসারে কার্য্য করিতে পারেন শেষোক্ত আদালতের সেই সকল ক্ষমতানুসারে কার্য্য করণার্থে সেই আজ্ঞাপত্রই যথেষ্ট হইবে।

74. Any Court having jurisdiction in insolvency in any part of British India under this Act may, if it thinks fit, order that a person named in the order being in any other part of British India shall be examined there.

Examination of persons out of jurisdiction.

75. Any warrant of a Court having jurisdiction in insolvency in any part of British India under this Act may be enforced in any other part of British India, in the same manner in which a warrant issued under the Code of Criminal Procedure may be executed; and any search-warrant issued by a Court having jurisdiction in insolvency under this Act for the discovery of any property of an insolvent may be executed in manner prescribed, or in the same manner and subject to the same privileges in and subject to which a search-warrant for property supposed to be stolen may be executed according to law.

Warrants of Insolvency Courts.

76. Where any Court having jurisdiction in insolvency under this Act commits any person to prison, the commitment may be to such convenient prison as the Court thinks expedient, and if the gaoler of any prison refuses to receive any prisoner so committed he shall be liable for every such refusal to a penalty not exceeding one thousand rupees.

Commitment to prison.

General Rules.

77. The Chief Justice or (in the case of the Chief Court of the Panjab) the Senior Judge may from time to time make, and may from time to time revoke and alter, general rules, in this Act described as rules of Court, for the effectual execution of this Act and of the objects thereof, and the regulation of the practice and procedure of insolvency petitions and the proceedings thereon.

General rules to be made by Chief Justice or Senior Judge.

Any general rules made as aforesaid may prescribe regulations as to the following matters:—

the service of insolvency petitions, including provisions for substituted service;

৭৪ ধারা। ব্রিটনীয় ভারতবর্ষের কোন অংশে এই আইনমতে ঋণশোধনের অক্ষমতাঘটিত ব্যাপারে যে আদালতের বিচারাধিপত্য থাকে সে আদালত উচিত বোধ করিলে, আজ্ঞাপত্র লিখিয়া ঐ পত্রোল্লিখিত ব্রিটনীয় ভারতবর্ষের অন্য কোন অংশগত ব্যক্তির পরীক্ষা তথায় গ্রহণ করিবার আজ্ঞা দিতে পারিবেন ইতি।

বিচারাধিপত্য স্থানের বহির্ভূত ব্যক্তিদের পরীক্ষা গ্রহণের কথা।

৭৫ ধারা। ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনমতে পরওয়ানা যে প্রকারে জারী করা যাইতে পারে, ব্রিটনীয় ভারতবর্ষের কোন অংশে ঋণশোধনের অক্ষমতাঘটিত ব্যাপারে বিচারাধিপত্য বিশিষ্ট আদালত এই আইনমতে যে পরওয়ানা দেন তাহাও সেই প্রকারে ব্রিটনীয় ভারতবর্ষের অন্য কোন অংশে প্রবল করা যাইতে পারিবে। ঋণশোধনের অক্ষমতাঘটিত ব্যাপারে বিচারাধিপত্য বিশিষ্ট কোন আদালত এই আইনমতে ঋণির কোন সম্পত্তির সন্ধান লইবার জন্যে যে তালাশী পরওয়ানা দেন তাহা নির্দ্দিষ্টমতে জারী করা যাইতে পারিবে, অথবা চোরা দ্রব্য বলিয়া কোন দ্রব্যের সন্ধান পাইবার তালাশী পরওয়ানা আইনক্রমে যে প্রকারে ও যে বিশেষ বিধানমতে জারী করা যায় সেই প্রকারে জারী করা যাইতে পারিবে ইতি।

অক্ষম ঋণির আদালতের পরওয়ানার কথা।

৭৬ ধারা। ঋণশোধ করিবার অক্ষমতাঘটিত ব্যাপারে বিচারাধিপত্যবিশিষ্ট কোন আদালত এই আইনমতে কোন ব্যক্তিকে কারাগারে প্রেরণ করিলে, যে কারাগার বিহিত জ্ঞান করেন সেই কারাগারে পাঠাইবেন। কোন কারারক্ষক তদ্রূপ প্রেরিত কোন ব্যক্তিকে গ্রাহ্য করিতে অস্বীকার করিলে, যতবার অস্বীকার করেন ততবার তাঁহার এক সহস্র টাকাপর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ইতি।

কারাবদ্ধ করিবার কথা।

সাধারণ বিধি।

৭৭ ধারা। এই আইনের কার্য্য ও উদ্দেশ্য সফলরূপে সম্পাদন করিবার জন্যে এবং ঋণশোধ করিবার অক্ষমতাঘটিত দরখাস্ত ও তৎসংক্রান্ত কার্য্যের ব্যবহারের ও পদ্ধতির বিধান করিবার জন্যে চীফ জষ্টিস সাহেব অথবা (পঞ্জাবের প্রধান আদালতে) পদজ্যেষ্ঠ জজ সাহেব সময়েং সাধারণ বিধি করিতে পারিবেন, ও সময়েং তাহা রহিত ও পরিবর্ত্তন করিতে পারিবেন। এই আইনে সেই বিধি আদালতের বিধি বলিয়া ব্যক্ত হইয়াছে।

চীফ জষ্টিস কিম্বা পদজ্যেষ্ঠ জজ সাহেবের যে সাধারণ বিধি করিতে হইবে তাহার কথা।

পূর্ব্বোক্ত প্রকারে প্রণীত কোন সাধারণ বিধিতে নিম্নলিখিত বিষয়ের বিধান নির্দ্দিষ্ট হইবে।

ঋণশোধ করিবার অক্ষমতাঘটিত দরখাস্ত জারী করিবার বিধি। প্রকৃত ব্যক্তিকে দিতে না পারিলে যে কর্ম্ম করিলে তাহাকে দেওনের তুল্য হয় ইহার মধ্যে তাহার বিধিও ধরিতে হইবে।

the valuing of any debts provable in an insolvency;

the valuation of securities held by creditors;

the giving or withholding interest or discount on or in respect of debts or dividends;

the funds out of which costs are to be paid, the order of payment, and the amount and taxation thereof;

and as to any other matter or thing, whether similar or not to those above enumerated, in respect to which it may be expedient to make rules for carrying into effect the objects of this Act.

All rules so made shall be deemed to be within the powers conferred by this Act, and shall be of the same force as if they were enacted in the body of this Act.

All rules made in pursuance of this section shall be laid before the Governor General in Council within three weeks after they are made, and all rules so made shall be judicially noticed.

Until rules have been made in pursuance of this Act, and so far as such rules do not extend, the principles, practice, and rules on which Courts having jurisdiction in insolvency have heretofore acted in dealing with insolvency proceedings shall be observed by any Court having jurisdiction in insolvency cases under this Act.

PART IV.

Supplemental Provisions.

As to Proceedings.

Supplemental regulations as to proceedings in insolvency.

78. The following regulations shall be made with respect to proceedings in insolvency; namely,

(1.) Every insolvency petition shall be accompanied by an affidavit of the petitioner in the prescribed form, verifying the statements contained in such petition:

(2.) Where two or more insolvency petitions are presented against the same debtor or against debtors being members of the same partnership, the Court may consolidate the proceedings, or any of them, upon such terms as the Court thinks fit:

ঋণশোধ করিবার অক্ষমতাঘটিত ব্যাপারে যে ঋণের প্রমাণ করা যাইতে পারে তাহার মূল্য নিরূপণ করিবার বিধি।

উত্তমর্ণদের নিকট যে বন্ধক দ্রব্য থাকে তাহার মূল্য নিরূপণ করিবার বিধি।

ঋণের কি ডিবিডেণ্ডের উপর কি তৎসম্পর্কে সুদ কি ডিসকৌন্ট দিবার ও না দিবার বিধি।

যে তহবীলহইতে খরচা দিতে হইবে ও দিবার যে অনুক্রম ও তাহার যত মূল্য ও যত টাকুস লাগিবে ইহার বিধি।

এবং পূর্ব্বোক্ত কি অন্য প্রকারের যে২ বিষয়ে এই আইনের উদ্দেশ্য সফল করিবার বিধি করা বিহিত হয় তাহার বিধি করিবেন।

তদ্রূপ যত বিধি করা যায়, তাহা এই আইনের দত্ত ক্ষমতার অন্তর্গত জ্ঞান হইবে এবং এই আইনের মূল পাঠে প্রণীত হওয়ার তুল্য বলবৎ হইবে।

এই ধারামতে যে সকল বিধি করা যায় তাহা প্রণয়ন হইবার পর তিন সপ্তাহের মধ্যে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্নর জেনরল সাহেবের সম্মুখে অর্পণ করা যাইবে। ও তদ্রূপে প্রণীত সকল বিধি আদালতে গ্রাহ্য হইবে।

এই আইনঅনুযায়ি বিধি যত কাল না করা যায় তত কাল, করা গেলে বা যে স্থলে না বর্ত্তে সেই স্থলে, অক্ষম ঋণির ব্যাপারে বিচারাধিপত্যবিশিষ্ট আদালত ঋণশোধ করিবার অক্ষমতাঘটিত ব্যাপার লইয়া কার্য্যকরণ সময়ে যে মূল নিয়ম ও যে রীতি ও বিধিমতে কর্ম্ম করিয়া আসিতেছেন, ঋণশোধ করিবার অক্ষমতাঘটিত ব্যাপারে এই আইনমতে বিচারাধিপত্যবিশিষ্ট আদালত সেই নিয়ম ও রীতি ও বিধি মানিয়া কর্ম্ম করিবেন ইতি।

চতুর্থ অধ্যায়।

পরিশিষ্ট বিধান।

আনুষ্ঠানিক কার্য্য বিষয়ে।

ঋণশোধ করিবার অক্ষমতাঘটিতব্যাপারে আনুষ্ঠানিক কার্য্যের পরিশিষ্ট বিধি।

৭৮ ধারা। ঋণশোধ করিবার অক্ষমতাঘটিত ব্যাপারে যে কার্য্যের অনুষ্ঠান হয় তদ্বিষয়ের এই২ বিধান করিতে হইবে।

(১) ঋণশোধ করিবার অক্ষমতাঘটিত প্রত্যেক দরখাস্তের সঙ্গে দরখাস্তকারির আফিডেবিট অর্থাৎ ঐ দরখাস্তের কথা সত্যাকরণসূচক কথা নির্দ্দিষ্ট পাঠে লিখিয়া দিতে হইবে।

(২) ঋণশোধ করিবার অক্ষমতাঘটিত ব্যাপারের দুই কি তদধিক দরখাস্ত একি ঋণির নামে কিম্বা একি অংশিত্ব কার্য্যের অন্তর্গত অনেক ঋণির নামে দেওয়া গেলে, আদালত যে নিয়ম বিহিত বোধ করেন, তদনুসারে সেই দরখাস্তের আনুষ্ঠানিক কার্য্য কিম্বা তন্মধ্যে কোন২ কার্য্য একত্রিত করিতে পারিবেন।

(3) Where proceedings against the debtor are instituted in more Courts than one, the Chief Insolvency Court may, on the application of any creditor, direct the transfer of such proceedings to such Court or to any Local Insolvency Court.

(৩) একের অধিক আদালতে ঋণির নামে কার্য্যানুষ্ঠান হইলে অক্ষম ঋণির প্রধান আদালত কোন উত্তমর্ণের প্রার্থনামতে সেই আদালতে কিম্বা স্থানীয় অন্য ঋণির আদালতে ঐ আনুষ্ঠানিক ক্রিয়া অর্পণ করিবার আদেশ করিতে পারিবেন।

(4) Where the petitioner does not proceed with due diligence on his petition, the Court may substitute as petitioner any other creditor to whom the debtor may be indebted in the amount required by this Act in the case of a petitioning creditor.

(৪) দরখাস্তকারী সমোচিত যত্নপূর্ব্বক আপন দরখাস্তের কার্য্যানুষ্ঠান না করিলে এই আইনমতে যত টাকা প্রাপ্য হইলে উত্তমর্ণ দরখাস্ত দিতে পারেন আদালত তত টাকা প্রাপণীয় ঐ ঋণির অন্য উত্তমর্ণকে দরখাস্তকারী করিতে পারিবেন।

(5) Where the creditors resolve by a special resolution that it will be more convenient that the proceedings in any Local Insolvency Court should be transferred to the Chief Insolvency Court or to some other local Court, or where the judge of a local Court certifies that in his opinion the insolvency would be more advantageously conducted in the Chief Insolvency Court or in some other local Court, and the creditors do not by resolution object to the transfer, the petition shall be transferred to and all subsequent proceedings thereon had in the Chief Insolvency Court or such other local Court.

(৫) অক্ষম ঋণির স্থানীয় আদালতে যেই কার্য্যের অনুষ্ঠান হয় তাহা অক্ষম ঋণির প্রধান আদালতে কিম্বা স্থানীয় অন্য আদালতে সমর্পণ করিলে সুবিধা হয় উত্তমর্ণেরা বিশেষ সিদ্ধান্তক্রমে ইহা স্থির করিলে, অথবা ঋণশোধ করিবার অক্ষমতাঘটিত ব্যাপার ঋণির প্রধান আদালতে কি স্থানীয় অন্য আদালতে আরো সফলরূপে প্রচলন হইতে পারে স্থানীয় কোন আদালতের জজ সংশিতরূপে আপনার এই মত লিখিয়া দিলে, এবং উত্তমর্ণেরা সিদ্ধান্তক্রমে সেই হস্তান্তর করণ বিষয়ে আপত্তি না করিলে, ঐ দরখাস্ত স্থানান্তর করা যাইবে এবং পশ্চাৎ সমস্ত কার্য্য অক্ষম ঋণির প্রধান আদালতে কিম্বা স্থানীয় ঐ অন্য আদালতে প্রচলন হইবে।

(6) Subject to the provisions of this Act, every Court having original jurisdiction in insolvency shall be deemed to be the same Court, and to have jurisdiction throughout British India, and cases may be transferred from one Court to another in such manner as may be prescribed.

(৬) ঋণশোধনের অক্ষমতাঘটিত ব্যাপারে প্রথম স্থলের বিচারাধিপত্যবিশিষ্ট প্রত্যেক আদালত এই আইনের বিধানবশে একি আদালতস্বরূপ জ্ঞান হইবে এবং ব্রিটনীয় ভারতবর্ষের সমস্ত স্থানে তাহার বিচারাধিপত্য হইবে এবং যদ্রূপে নির্দ্দিষ্ট হয় মোকদ্দমা তদ্রূপ এক আদালত হইতে অন্য আদালতের হস্তগত করা যাইতে পারে।

(7) A corporation may prove a debt, vote, and otherwise act in insolvency, by an agent duly authorized under the seal of the corporation.

(৭) সমাবায়িত সমাজ ঐ সমাজের মোহরক্রমে উপযুক্ত ক্ষমতাপন্ন কোন কর্ম্মকারকদ্বারা ঋণশোধনের অক্ষমতাঘটিত ব্যাপারে ঋণের প্রমাণ করিতে ও মত জ্ঞাপন করিতে ও অন্যং কার্য্য করিতে পারিবেন।

(8) A creditor may, in the prescribed manner, by instrument in writing, appoint a person to represent him in all matters relating to any debtor or his affairs in which a creditor is concerned in pursuance of this Act, and such representative shall thereupon, for the purposes of this Act, stand in the same position as the creditor who appointed him.

(৮) এই আইনমতে যে ঋণির কিম্বা তাঁহার যে ব্যাপারের সহিত উত্তমর্ণের সম্পর্ক থাকে উত্তমর্ণ সেই ব্যাপারের সমস্ত বিষয়ে নির্দ্দিষ্ট প্রকারের লিপি দ্বারা কোন ব্যক্তিকে আপনার স্থলাভিষিক্তস্বরূপ নিরূপণ করিতে পারিবেন। তাহা হইলে সেই স্থলাভিষিক্ত ব্যক্তি এই আইনের সমস্ত কার্য্যপক্ষে নিয়োগকর্ত্তা উত্তমর্ণের তুল্য স্থলবর্ত্তি হইবেন।

(9.) When a debtor who has been adjudicted an insolvent dies, the Court may order that the proceedings in the matter be continued as if he were alive:

(10.) The Court may, at any time, on proof to its satisfaction that proceedings in insolvency ought to be stayed, by reason that negotiations are pending for the liquidation of the affairs of the insolvent by arrangement, or for the acceptance of a composition by the creditors in pursuance of the provisions hereinafter contained, or on proof to its satisfaction of any other sufficient reason for staying the same, make an order staying the same, either altogether or for a limited time, on such terms and subject to the such conditions as the Court thinks just.

(৯) ঋণী অক্ষম বলিয়া নির্ণীত হইয়া মরিলেও তাঁহার জীবিত থাকার ন্যায় কার্য্য চলে আদালত এমত আজ্ঞা করিতে পারিবেন।

(১০) কোন নিয়ম-করণ দ্বারা অক্ষম ঋণির ব্যাপার নিষ্পত্তি করিবার, কিম্বা নিম্নলিখিত বিধানমতে উত্তমর্ণদের রফা করিয়া ঋণ লইবার কার্য্যানুষ্ঠান হইতেছে এইপ্রযুক্ত, ঋণশোধনের অক্ষমতাঘটিত ব্যাপারের কার্য্যানুষ্ঠান স্থগিত করা উচিত, কোন সময়ে আদালতের সন্তোষমতে ইহার প্রমাণ হইলে, কিম্বা আদালতের সন্তোষমতে ঐ কার্য্য স্থগিত করিবার অন্য কোন উপযুক্ত হেতু প্রমাণ হইলে, আদালত যে বিধি ও যে নিয়ম ন্যায্য জ্ঞান করেন সেই বিধিমতে ও সেই নিয়মবশে সম্পূর্ণরূপে কিম্বা নির্দ্ধারিত সময় পর্য্যন্ত সেই কার্য্য স্থগিত হইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

79. Whenever any adjudication in insolvency is annulled, all sales and dispositions of property and payments duly made, and all acts theretofore done, by the trustee or any person acting under his authority, or by the Court, shall be valid; but the property of the debtor who was adjudged an insolvent shall in such case vest in such person as the Court may appoint, or, in default of any such appointment, revert to the insolvent for all his estate or interest therein, upon such terms and subject to such conditions, if any, as the Court declares by order.

Consequences of annulling of adjudication.

৭৯ ধারা। ঋণশোধনের অক্ষম নির্ণয়করণসূচক আজ্ঞা রহিত করা গেলে, ট্রষ্টী কিম্বা তাঁহার অনুমতিক্রমে কর্ম্মকারি কোন ব্যক্তি কিম্বা আদালত তৎপূর্ব্বে যে সম্পত্তি বিক্রয় ও হস্তান্তর করিয়া থাকিবেন ও উচিতমতে যে টাকা দিয়া থাকিবেন ও অন্য যে কার্য্য করিয়াছেন তাহা সিদ্ধ হইবে। কিন্তু যে ঋণিকে অক্ষম বলিয়া নির্ণয় করা যায়, আদালত অনুজ্ঞাক্রমে যে বিধি ও যে নিয়ম নির্দ্দেশ করেন তদনুসারে সেই ঋণির সম্পত্তি আদালতের নিযুক্ত কোন ব্যক্তির প্রতি বর্ত্তিবে, কিম্বা তদ্রূপ ব্যক্তি নিযুক্ত না হইলে, সেই সম্পত্তি অক্ষম ঋণির সমস্ত সম্পদ ও স্বার্থস্বরূপ তাঁহার প্রতি অর্পিত হইবে।

নির্ণয়সূচক আজ্ঞা ব্যর্থ করণের ফলের কথা।

A copy of the order of the Court annulling the adjudication of a debtor as an insolvent shall be forthwith published in the local official Gazette and advertised locally in the prescribed manner, and the production of a copy of the Gazette containing such order shall be conclusive evidence of the fact of the adjudication having been annulled, and of the terms of the order annulling the same.

আদালত ঋণিকে অক্ষম বলিয়া যে নির্ণয়সূচক আজ্ঞা করেন, তদন্যথার আজ্ঞা হইলে সেই আজ্ঞা তৎক্ষণাৎ স্থানবিশেষের রাজকীয় গেজেটে প্রকাশ করা যাইবে এবং তদ্বিষয়ক জ্ঞাপনপত্র নির্দ্দিষ্ট প্রকারে সস্থানে প্রকাশ করা যাইবে। এবং সেই আজ্ঞা যে গেজেটে প্রকাশ করা গেল তাহার এক খানা দেখাইলে ঐ নির্ণয় সূচক আজ্ঞার অন্যথা হওয়ার এবং অন্যথা সূচক আজ্ঞার নিয়মের সিদ্ধান্ত প্রমাণ হইবে ইতি।

80. No proceeding in insolvency shall be invalidated by any formal defect or by any irregularity, unless the Court before which an objection is made to such proceeding is of opinion that substantial injustice has been caused by such defect or irregularity, and that such injustice cannot be remedied by any order of such Court.

Formal defects not to invalidate proceedings

৮০ ধারা। ঋণশোধনের অক্ষমতাঘটিত কোন ব্যাপারে রীতি বিষয়ের কোন বৈষম্য কিম্বা নিয়মের ব্যতিক্রম হইলেও যে আদালতের সম্মুখে ঐ আনুষ্ঠানিক কার্য্যবিষয়ের আপত্তি করা যায় ঐ বৈষম্য, কিম্বা ঐ নিয়মের ব্যতিক্রমদ্বারা গুরুতর অন্যায় হইয়াছে এবং ঐ আদালতের কোন আজ্ঞাক্রমে ঐ অন্যায়ের প্রতিকার হইতে পারে না, আদালতের এমত জ্ঞান না হইলে উক্ত আনুষ্ঠানিক কার্য্য অসিদ্ধ হইবে না ইতি।

রীতির বৈষম্য হেতুক আনুষ্ঠানিক কার্য্য অসিদ্ধ না হইবার কথা।

As to Trustees and Committee of Inspection.

81. The following regulations shall be made with respect to the trustee and committee of inspection:

Regulations as to trustees, &c.

ট্রষ্টীদের ও তত্ত্বাবধায়ক কমিটীর বিধি।

৮১ ধারা। ট্রষ্টীর ও তত্ত্বাবধায়ক কমিটীর বিষয়ে নিম্নলিখিত বিধি করিতে হইবে।

ট্রষ্টিপ্রভৃতির বিধান।

110. Every deed, conveyance, assignment or other assurance relating solely to immoveable property, or to any mortgage, charge, or other incumbrance on, or any state, right, or interest in any moveable or immoveable, property which is part of the estate of any insolvent, and which after the execution of such deed, conveyance, assignment or other assurance, is or remains the estate of the insolvent or of the trustee under the insolvency, and every power-of-attorney, proxy-paper, order, certificate, affidavit, bond or other instrument or writing relating solely to the property of any insolvent or to any proceeding under any insolvency, shall be exempt from stamp-duty (except in respect of fees under this Act.)

Exemption of deeds, &c., from stamp-duty.

111. Where by this Act any limited time from or after any date or event is appointed or allowed for the doing of any act or the taking of any proceeding, then, in the computation of such limited time, the same shall be taken as exclusive of the day of such date or of the happening of such event, and as commencing at the beginning of the next following day; and the act or proceeding shall be done or taken at latest on the last day of such limited time according to such computation, unless such last day is a Sunday, Christmas Day, Good Friday, or a day on which, in pursuance of a notification by the Chief Justice under this Act, the Court does not sit, in which case any act or proceeding shall be considered as done or taken in due time if it is done or taken on the next day afterwards, not being one of the days in this section specified.

Computation of time.

Where by this Act any act or proceeding is directed to be done or taken on a certain day, then if that day happens to be one of the days in this section specified, such act or proceeding shall be considered as done or taken in due time if it is done or taken on the next day afterwards, not being one of the days in this section specified.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭১। ২৪ জানুআরি।]

১০৯ ধারা। ঋণশোধ করিবার অক্ষম ব্যক্তি যদি কোন চুক্তিসম্পর্কে অন্য এক কি অধিক ব্যক্তির সঙ্গে চুক্তিকারক হন, তবে ঐ চুক্তিসম্পর্কে ঐ অক্ষম ঋণির নাম সংযোগ না করিয়া উক্ত অন্য ব্যক্তির কি ব্যক্তিদের নামে মোকদ্দমা উপস্থিত করা যাইতে পারিবে কিম্বা ঐ অন্য ব্যক্তি কি ব্যক্তিরা মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন ইতি।

সাধারণ চুক্তির পক্ষে অন্য বিধির কথা।

১১০ ধারা। ঋণশোধ করিবার অক্ষম ব্যক্তির কেবল স্থাবর সম্পত্তিবিষয়ক কিম্বা তাঁহার সম্পদগত কোন স্থাবর কি অস্থাবর সম্পত্তির উপর কোন বন্ধক কি দাবী কি দায় কি ঐ সম্পত্তিতে কোন স্বামিত্ব কি অধিকার কি সম্পর্কবিষয়ক যে দলীল কি হস্তান্তর করণপত্র কি অর্পণপত্র কি অন্য নিদর্শনপত্র সম্পাদন হইবার পরও ঐ সম্পত্তি ঐ অক্ষম ঋণির সম্পত্তি থাকে কিম্বা ঋণশোধনের অক্ষমতাঘটিত ব্যাপারমতে ট্রস্টীর প্রতি অর্শে, সেই দলীল কি হস্তান্তর করণপত্রের কি অর্পণপত্রের কি অন্য নিদর্শনপত্রের, এবং ঋণশোধ করিবার অক্ষম কোন ব্যক্তির কেবল সম্পত্তিবিষয়ক কিম্বা ঋণশোধনের অক্ষমতাঘটিত কোন আনুষ্ঠানিক কার্য্যবিষয়ক প্রত্যেক মোক্তারনামার ও অন্যের দ্বারা মত জানাইবার অনুমতি পত্রের ও অনুজ্ঞাপত্রের ও সর্টিফিকটের ও আফিডেবিটের ও খতের ও অন্য নিদর্শনপত্রের ও লিপির উপর এই আইনমত রসুমভিন্ন ইষ্টাম্পের মাসুল লাগিবে না ইতি।

দলীলপ্রভৃতির ইষ্টাম্প না লাগিবার কথা।

১১১ ধারা। এই আইনমতে যদি কোন তারিখ-অবধি কি তৎপরে কিম্বা কোন ঘটনা হওনাবধি কি তৎপরে কোন কার্য্য করিবার কি কার্য্যের অনুষ্ঠান করিবার নিরূপিত সময়ের নিয়ম কি অনুমোদন হইয়া থাকে, তবে সেই নিরূপিত সময়ের হিসাব করণকালে ঐ তারিখ কিম্বা ঘটনার দিন ধরিতে হইবে না, তৎপর দিনের সকালাবধি ঐ মিয়াদের আরম্ভ ধরিতে হইবে। সেই হিসাবমতে ঐ মিয়াদের যে শেষ দিন হয় অন্ততঃ সেই দিনে ঐ কার্য্য করিতে কিম্বা ঐ কার্য্যের অনুষ্ঠান করিতে হইবে। কিন্তু ঐ শেষ দিন রবিবার কি কৃসমাসডে কি গুডফ্রাইডে হইলে, কিম্বা এই আইনমতে চীফ জষ্টিস সাহেবের জ্ঞাপনপত্রানুসারে আদালতের যে দিনে অধিবেশন না হয় এমত দিন হইলে, সেই দিনভিন্ন তৎপশ্চাৎ দিনে সেই কার্য্য করা গেলে কি সেই কার্য্যের অনুষ্ঠান হইলে তাহা যথা সময়ে করা গিয়াছে কি তদনুষ্ঠান হইয়াছে জ্ঞান হইবে।

সময়নিরূপণের কথা।

এই আইনমতে নিরূপিত দিনে কোন কার্য্য করিতে কিম্বা কার্য্যের অনুষ্ঠান করিতে হইলে যদি সেই দিন এই ধারায় নির্দ্দিষ্ট অন্যতর দিন হয় তবে এই ধারায় নির্দ্দিষ্ট দিনভিন্ন তাহার পশ্চাৎ দিনে করা গেলে উপযুক্ত সময়ে ঐ কার্য্য করা গেল ও তদনুষ্ঠান হইল জ্ঞান হইবে ইতি।

112. The registrars and other officers of the Courts acting in insolvency shall make to the Local Government such returns of the business of their respective Courts and offices, at such times and in such manner and form as may be prescribed by the rules of Court, and from such returns such officer as the Local Government shall from time to time appoint shall, in manner prescribed by the rules of Court, frame books (which shall be, under the regulations of the rules of Court, open for public information and searches), and also a general annual report to the Government of India, judicial and financial, respecting all matters within this Act.

Returns by insolvency officer.

113. Where any dividends remain unclaimed for five years, then and in every such case the same shall be deemed vested in the Secretary of State for India in Council, and shall be disposed of as the Governor General of India in Council directs.

Forfeiture of dividends after five years, non-claim.

114. Where an insolvent is a trustee within the Indian Trustee Act, 1866, section thirty-five of that Act shall have effect so as to authorize the Court to appoint a new trustee in substitution for the insolvent (whether voluntarily resigning or not), if it appears to the Court expedient to do so, and all provisions of that Act, and of any other Act relative thereto, shall have effect accordingly.

Removal of insolvent from trusteeship.

PART V.

Liquidation by Arrangement.

Regulations.

115. The following regulations are prescribed with respect to the liquidation by arrangement of the affairs of the debtor:

Regulations as to liquidation by arrangement.

(1.) A debtor unable to pay his debts may summon a general meeting of his creditors, and such meeting may, by a special resolution as defined by this Act, declare that the affairs of the debtor are to be liquidated by arrangement and not in insolvency, and may at that or some subsequent meeting, held at an interval of not more than a week, appoint a trustee, with or without a committee of inspection.

[*Government Gazette, 24th January* 1871.]

১১২ ধারা। রেজিষ্ট্রারেরা এবং ঋণশোধনের অক্ষমতা ঘটিত ব্যাপারে আদালতের অন্য যে কার্য্যকারকেরা কর্ম্ম করেন, তাঁহারা আদালতের বিধির নির্দ্দিষ্ট সময়ে ও নিয়মে ও পাঠে আপন২ আদালতের ও কার্য্যালয়ের কৃত কর্ম্মের রিটর্ণ দিবেন, এবং স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ অন্য যে কর্ম্মকারককে নিযুক্ত করেন তিনি আদালতের বিধির নির্দ্দিষ্টমতে বহী প্রস্তুত করিয়া রাখিবেন, এবং বৎসর২ এই আইনের অন্তর্গত সমস্ত বিষয়ের আদালত ও হিসাব সম্পর্কীয় সাধারণ রিপোর্ট ভারতবর্ষের গবর্ণমেণ্টে দিবেন। উক্ত যে বহী করিবেন তাহাতে সাধারণের সন্ধান লইবার ও অন্বেষণ করিবার নিমিত্তে তাহা আদালতের বিধির উল্লিখিত বিধানমতে খোলা থাকিবে ইতি।

ঋণশোধ করিবার অক্ষমতা কার্য্য ঘটিত কর্ম্মকারকদের রিটর্ণের কথা।

১১৩ ধারা। যদি কোন ডিবিডেণ্ড পাঁচ বৎসর দাওয়া না হইয়া থাকে তবে তদ্রূপ প্রত্যেক স্থলে সেই ডিবিডেণ্ডের টাকা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের প্রতি অর্পিত জ্ঞান হইবে, ও মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যদ্রূপ আজ্ঞা করেন ঐ টাকা লইয়া তদ্রূপ কার্য্য হইবে ইতি।

পাঁচ বৎসর দাওয়া না হইলে ডিবিডেণ্ড রাজস্বত হইবার কথা।

১১৪ ধারা। ঋণশোধ করিবার অক্ষম ব্যক্তি যদি ভারতবর্ষীয় ট্রষ্টী বিষয়ক ১৮৬৬ সালের আইনমত ট্রষ্টী হন, তবে সেই অক্ষম ঋণী আপনি ঐ পদ ত্যাগ করিলে কি না করিলেও আদালত বিহিত বোধ করিলে ঐ আইনের ৩৫ ধারার বলে ঐ অক্ষম ঋণির স্থলে নূতন ট্রষ্টীকে নিযুক্ত করিতে পারিবেন এবং ঐ আইনের ও তদ্বিষয় সম্পর্কীয় অন্য কোন আইনের বিধান তদনুসারে সফল হইবে ইতি।

ঋণশোধনাক্ষম ব্যক্তিকে ট্রষ্টীর পদহইতে অবসর করিবার কথা।

পঞ্চম অধ্যায়।

বন্দোবস্তদ্বারা ঋণশোধনের বিধি।

বিধানের কথা।

১১৫ ধারা। ঋণির বিষয়ব্যাপার লইয়া বন্দোবস্ত করণদ্বারা ঋণশোধ করিবার নিম্নলিখিত বিধান করা গেল।

বন্দোবস্তদ্বারা ঋণশোধনের বিধানের কথা।

(১) ঋণী ঋণশোধ করিতে না পারিলে সকল উত্তমর্ণকে সভায় আহ্বান করিতে পারিবেন। তাহা হইলে ঐ সভাস্থ ব্যক্তিরা এই আইনের নির্দ্দেশমত বিশেষ নির্দ্ধারণ করিয়া ঐ ঋণির বিষয় বন্দোবস্ত ক্রমে মিটাইয়া দেওয়া যাইবে ঋণশোধনের অক্ষমতাঘটিত ব্যাপারদ্বারা নয়, ইহা নির্দ্দেশ করিতে পারিবেন। এবং তাঁহারা সেই অধিবেশনকালে অথবা সপ্তাহের অনধিক কালান্তর অধিবেশন করিয়া ট্রষ্টীকে নিযুক্ত করিতে পারিবেন এবং তাঁহার সহিত স্বেচ্ছামতে তত্ত্বাবধারক কমিটীকে নিযুক্ত করিতে পারিবেন কিম্বা নাও করিবেন।

(2.) All the provisions of this Act relating to a first meeting of creditors, and to subsequent meetings of creditors in the case of an insolvency, including the description of creditors entitled to vote at such meetings, and the debts in respect of which they are entitled to vote, shall apply respectively to the first meeting of creditors, and to subsequent meetings of creditors, for the purposes of this section, subject to the following modifications:—

(২) ঋণশোধনের অক্ষমতা ঘটিত ব্যাপারে উত্তমর্ণদের প্রথম অধিবেশন ও তৎপশ্চাৎ অন্যান্য অধিবেশন বিষয়ে ও সেই অধিবেশনকালে যে প্রকারের উত্তমর্ণেরা মত জ্ঞাপন করিতে পারিবেন ও যেং ঋণসম্পর্কে তাঁহারদের মত জ্ঞাপন করিবার অধিকার থাকে এইং বিষয়ে এই আইনের যেং বিধান আছে তাহা এই ধারার কার্য্যপক্ষে উত্তমর্ণদের প্রথম অধিবেশনের ও তৎপশ্চাৎ অন্যং অধিবেশনের প্রতি বর্ত্তিবে। কিন্তু মতান্তরিত এইং বিধি মান্য।

(a.) Every such meeting shall be presided over by such chairman as the meeting may elect; and

(ক) সভাস্থ ব্যক্তিরা যাঁহাকে সভাপতি পদে মনোনীত করেন তিনি সভাপতি হইবেন।

(b.) No creditor shall be entitled to vote until he has proved by oath a debt provable in insolvency to be due to him, and the amount of such debt, with any prescribed particulars; and any person wilfully making a false oath in relation of such debt shall be deemed guilty of the offence of giving false evidence in a judicial proceeding:

(খ) ঋণশোধনের অক্ষমতা ঘটিত ব্যাপারে যে ঋণ প্রামাণ্য হয়, কোন উত্তমর্ণ শপথক্রমে আপনার প্রাপ্য সেই প্রকারের ঋণের প্রমাণ না করিলে ও যত টাকা পাওনা হয় তাহার ও নির্দ্দিষ্ট অন্যং বর্ণনার প্রমাণ না করিলে তিনি মত জ্ঞাপন করিতে সক্ষম হইবেন না। কোন ব্যক্তি তদ্রূপ ঋণ বিষয়ে ইচ্ছাপূর্ব্বক মিথ্যা শপথ করিলে তিনি আদালতের আনুষ্ঠানিক কার্য্যে মিথ্যা প্রমাণ দেওনাপরাধের অপরাধী জ্ঞান হইবেন।

(3.) The debtor, unless prevented by sickness or other cause satisfactory to such meeting, shall be present at the meeting at which the special resolution is passed, and shall answer any inquiries made of him, and he, or, if he is so prevented from being at such meeting, some one on his behalf, shall produce to the meeting a statement showing the whole of his assets and debts, and the names and addresses of the creditors to whom his debts are due:

(৩) সভার যে অধিবেশনকালে উক্ত বিশেষ নির্দ্ধারণ করা যায়, ঋণী পীড়াপ্রযুক্ত কিম্বা সভাস্থ ব্যক্তিদের সন্তোষজনক অন্য কারণে অপারক না হইলে সেই অধিবেশনকালে উপস্থিত হইয়া তাঁহার নিকট যে কথা জিজ্ঞাসা করা যায় তাহার উত্তর দিবেন। এবং তাঁহার যত ধন ও সম্পত্তি আছে ও তাঁহার যত টাকা ঋণ ও যে উত্তমর্ণদের ঐ টাকা ধারেন তাঁহারদের নাম ও নিবাসাদির বর্ণনাপত্র তিনি কিম্বা উক্ত কারণে আসিতে অপারক হইলে তাঁহার পক্ষীয় কোন ব্যক্তি ঐ সভায় দেখাইবেন।

(4.) The special resolution, together with the statement of the assets and debts of the debtor, and the name of the trustee appointed, and of the members, if any, of the committee of inspection, shall be presented to the registrar, and it shall be his duty to inquire whether such resolution has been passed in manner directed by this section; but if satisfied that it was so passed, and that a trustee has been appointed with or without a committee of inspection, he shall forthwith register the resolution and the statement of the assets and debts of the debtor, and such resolution and statement shall be open for inspection on the prescribed conditions, and the liquida-

(৪) ঐ বিশেষ নির্দ্ধারণ এবং ঋণির ধনের ও সম্পত্তির ও ঋণের বর্ণনাপত্র ও যাহাকে ট্রষ্টী পদে নিযুক্ত করা গেল তাঁহার নাম ও তত্ত্বাবধায়ক কমিটী নিযুক্ত হইলে তদন্তর্গত ব্যক্তিদের নাম রেজিষ্ট্রারকে দেওয়া যাইবে এবং উক্ত নির্দ্ধারণ এই ধারার আদেশমতে করা গেল কি না ইহার তত্ত্ব লওয়া ঐ রেজিষ্ট্রারের কর্ত্তব্য হইবে। তাহা তদ্রূপে করা গেল এবং তত্ত্বাবধায়ক কমিটীর সহিত কি ভিন্ন এক জন ট্রষ্টীকে নিযুক্ত করা গিয়াছে ইহা সন্তোষমতে জানিলে তিনি তৎক্ষণাৎ ঐ নির্দ্ধারণ এবং ঋণির ধন ও সম্পত্তির ও ঋণের বর্ণনাপত্র রেজিষ্টর করিবেন। ও নির্দ্দিষ্ট নিয়মমতে সেই নির্দ্ধারণ ও বর্ণনাপত্র দেখিবার অনুমতি হইবে। এবং ট্রষ্টীর নিযুক্ত হইবার

tion by arrangement shall be deemed to have commenced as from the date of the appointment of the trustee:

দিনাবধি বন্দোবস্তক্রমে ঋণশোধনের প্রারম্ভ হইয়াছে জ্ঞান হইবে।

(5) All such property of the debtor as would, if he were made insolvent, be divisible amongst his creditors shall, from and after the date of the appointment of a trustee, vest in such trustee under a liquidation by arrangement, and be divisible amongst the creditors, and all such settlements, conveyances, transfers, charges, payments, obligations, and proceedings as would be void against the trustee in the case of an insolvency shall be void against the trustee in the case of liquidation by arrangement.

(৫) ঋণী ঋণশোধ করিবার অক্ষম নির্ণয় হইলে উত্তমর্ণদের মধ্যে তাহার যে সম্পত্তি বিভাজ্য হয়, ট্রষ্টী নিযুক্ত হইবার তারিখ অবধি ঐ ঋণির তদ্রূপ সকল সম্পত্তি বন্দোবস্তক্রমে শোধনীয় ঋণের কার্য্যপক্ষ উক্ত ট্রষ্টীর প্রতি অর্শিবে। ও তাহা উত্তমর্ণদের মধ্যে বিভাজ্য হইবে। এবং ঋণশোধনের অক্ষমতাঘটিত ব্যাপারে যে সকল ধনবিক্রয়পত্র ও হস্তান্তরকরণপত্র ও অর্পণপত্র ও দানী ও দত্ত টাকা ও নিবন্ধন ও আনুষ্ঠানিক ক্রিয়া ট্রষ্টীর প্রতিপক্ষে ব্যর্থ হইত তাহা বন্দোবস্তক্রমে শোধনীয় ঋণের কার্য্যেও ট্রষ্টীর প্রতিপক্ষে ব্যর্থ হইবে।

(6.) The certificate of the registrar in respect of the appointment of any trustee in the case of a liquidation by arrangement shall be of the same effect as a certificate of the Court to the like effect in the case of an insolvency:

৬। বন্দোবস্তক্রমে শোধনীয় ঋণের কার্য্যে কোন ট্রষ্টী নিযুক্ত হওনবিষয়ে রেজিষ্ট্রার যে সর্টিফিকেট দেন তাহা ঋণশোধনের অক্ষমতাঘটিত ব্যাপারে আদালতের সেই মর্ম্মের সর্টিফিকেটের ন্যায় ফলবৎ হইবে।

(7.) The trustee under a liquidation shall have the same powers, and perform the same duties, as a trustee under an insolvency, and the property of the debtor shall be distributed in the same manner as in an insolvency;

৭। ঋণশোধনের অক্ষমতাঘটিত ব্যাপারের ট্রষ্টীর ন্যায় বন্দোবস্তক্রমে শোধনীয় ঋণের কার্য্যে ট্রষ্টীর ক্ষমতা থাকিবে ও তাঁহার সেই কর্ম্ম কর্ত্তব্য হইবে। এবং ঋণির সম্পত্তি ঋণশোধনের অক্ষমতাঘটিত ব্যাপারে যেরূপ বণ্টন করা যায় সেইরূপে বণ্টন করা যাইবে।

and with the modification hereinafter mentioned, all the provisions of this Act shall, so far as the same are of applicable, apply to the case of a liquidation by arrangement in the same manner as if the word "insolvent" included a debtor whose affairs are under liquidation, and the word "insolvency" included liquidation by arrangemet;

এবং এই আইনের সমস্ত বিধানে "অক্ষম ঋণী" শব্দের মধ্যে যে ঋণির ঋণ বন্দোবস্তক্রমে শোধ করা যায়, তিনিও গণ্য হইবেন, এবং "ঋণশোধনের অক্ষমতাঘটিত ব্যাপার" এই শব্দে বন্দোবস্তক্রমে ঋণশোধনের কার্য্য গ্রহণ হইলে এ বিধান বন্দোবস্তক্রমে ঋণশোধনকার্য্যের প্রতি যদ্রূপে খাটিতে নিম্নলিখিত পরিবর্ত্তন মানিয়া যত দূর খাটিতে পারে তত দূর খাটিবে।

and in construing such provisions, the appointment of a trustee under a liquidation shall, according to circumstances, be deemed to be equivalent to and a substitute for the presentation of a petition in insolvency, or the service of such petition or an order of adjudication in insolvency:

এবং ঐ বিধানের অর্থ করণে, বন্দোবস্তক্রমে ঋণশোধনের ব্যাপারমতে ট্রষ্টীকে নিযুক্ত করা গতিক বিবেচনায় ঋণশোধনের অক্ষমতা ঘটিত ব্যাপারে দরখাস্ত উপস্থিত করণের কিম্বা ঐ দরখাস্ত পাঠার্পণ করণের কিম্বা ঋণশোধ করিবার অক্ষমতার নির্ণয়সূচক আজ্ঞার তুল্য ও তৎপরিবর্ত্তে জ্ঞান হইবে।

(8.) The creditors at their first or any general meeting may prescribe the Bank into which the trustee is to pay any monies received by him, and the sum which he may retain in his hands:

৮। ট্রষ্টী যে টাকা প্রাপ্ত হন তাহা কোন্ ব্যাঙ্কে গচ্ছিত করিবেন ও স্বহস্তে কত টাকা রাখিবেন, উত্তমর্ণেরা আপনাদের প্রথম কিম্বা সাধারণের কোন অধিবেশনকালে ইহা নির্ণয় করিবেন।

the provisions of this Act with respect to the close of the insolvency, discharge of an insolvent, to the release of the trustee, and to the audit of accounts by the comptroller, shall not apply in the case of a debtor whose affairs are under liquidation by arrangement.

৯। বন্দোবস্তক্রমে যে ঋণির ঋণশোধ করিবার ব্যাপার চলে তাঁহার প্রতি ঋণশোধনের অক্ষমতা ঘটিত ব্যাপার বন্দ করণ ও অক্ষম ঋণিকে মুক্ত করণ ও ট্রষ্টিকে মুক্ত করণ ও কম্‌ট্রোলর দ্বারা হিসাব আডিট করণ বিষয়ক এই আইনের বিধান খাটিবে না।

But the close of the liquidation may be fixed, and the discharge of the debtor and the release of the trustee may be granted, by a special resolution of the creditors in general meeting, and the accounts may be audited in pursuance of such resolution, at such time and in such manner and upon such terms and conditions as the creditors think fit:.

কিন্তু উত্তমর্ণেরা সাধারণের অধিবেশনকালে বিশেষ নির্দ্ধারণ করিয়া বন্দোবস্তক্রমে ঋণশোধনের কার্য্য বন্দ করণের ও ঋণির মুক্ত করণের ও ট্রষ্টীকে মুক্ত করণের অনুমতি দিতে পারিবেন, এবং উত্তমর্ণেরা যে সময় ও যে নিয়ম ও বিধি বিহিত বোধ করেন, উক্ত নির্দ্ধারণানুসারে সেই সময়ে সেই প্রকারে ও সেই নিয়ম ও বিধিমতে হিসাব আডিট করা যাইবে।

(10.) The trustee shall report to the registrar the discharge of the debtor, and a certificate of such discharge given by the registrar shall have the same effect as an order of discharge given to an insolvent under this Act :

১০। ট্রষ্টী রেজিষ্ট্রারকে ঋণির মুক্ত হওয়ার কথা জানাইবেন। ও রেজিষ্ট্রারকর্ত্তৃক সেই ঋণির মুক্ত হওয়ার যে সর্টিফিকট দেওয়া যায়, তাহা এই আইনক্রমে অক্ষম ঋণির মুক্ত হওয়ার আজ্ঞাপত্রের তুল্য ফলবৎ হইবে।

(11.) Rules of Court may be made in relation to proceedings on the occasion of liquidation by arrangement in the same manner and to the same extent and of the same authority as in respect of proceedings in insolvency :

১১। ঋণশোধনের অক্ষমতা ঘটিত ব্যাপার সম্বন্ধীয় আনুষ্ঠানিক কার্য্য বিষয়ে আদালতের বিধি যে প্রকারে ও যত দূর করা যাইতে পারে ও সেই বিধির যত বল থাকে, বন্দোবস্তক্রমে ঋণশোধনের ব্যাপার সম্বন্ধীয় অনুষ্ঠানিক কার্য্য বিষয়েও আদালতের বিধি সেই প্রকারে ও তত দূর করা যাইতে পারিবে ও তাহার তত্তুল্য বল হইবে।

(12.) If it appear to the Court on satisfactory evidence that the liquidation by arrangement cannot, in consequence of legal difficulties, or of there being no trustee for the time being, or for any sufficient cause, proceed without injustice or undue delay to the creditors or to the debtor, the Court may adjudge the debtor an insolvent, and proceedings may be had accordingly :

১২। আইনসংক্রান্ত কোন বাধাহেতুক কিম্বা তাৎকালিক কোন ট্রষ্টী না থাকা প্রযুক্ত কিম্বা অন্য বিহিত কারণে উত্তমর্ণদের কি ঋণির পক্ষে অন্যায় কার্য্যভিন্ন কিম্বা অনুচিত বিলম্ব না হইয়া বন্দোবস্তক্রমে ঋণশোধনের কার্য্যানুষ্ঠান হইতে পারে না, আদালত সন্তোষজনক প্রমাণে এমত বোধ করিলে সেই ঋণিকে ঋণশোধ করিবার অক্ষম বলিয়া নির্ণয় করিতে পারিবেন ও তদনুসারে কার্য্যানুষ্ঠান হইবে।

(13.) Where no committee of inspection is appointed, the trustee may act as on his own discretion in cases where he would otherwise have been bound to refer to such committee :

১৩। যদি তত্ত্বাবধারক কমিটী নিযুক্ত না হন, তবে ট্রষ্টী যেং স্থলে ঐ কমিটীর মতগ্রহণ করিতে আবদ্ধ হইতেন সেইং স্থলে ট্রষ্টী স্বীয় বিবেচনামতে কার্য্য করিতে পারিবেন।

(14.) In calculating a majority on a special resolution for the purposes of this section, creditors whose debts amount to sums not exceeding one hundred rupees shall be reckoned in the majority in value, but not in the majority in number.

১৪। এই ধারার কার্য্যোপলক্ষে অধিকাংশ ব্যক্তি বিশেষ নির্দ্ধারণের সপক্ষ আছেন কি না, ইহার নিরূপণ করণ কালে, যে উত্তমর্ণদের প্রাপ্য একশত টাকার অধিক না হয়, তাঁহারা সংখ্যাক্রমে অধিকাংশের মধ্যে গণ্য হইবেন না ঋণের মূল্যক্রমে অধিকাংশের মধ্যে গণ্য হইবেন ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭১। ২৪ জানুআরি।]

PART VI.

Composition with Creditors.

Regulations.

Regulations as to composition by creditors.

116. The creditors of a debtor unable to pay his debts may, without any proceedings in insolvency, by an extraordinary resolution, resolve that a composition shall be accepted in satisfaction of the debts due to them from the debtor.

Extraordinary resolution defined.

117. An extraordinary resolution of creditor shall be a resolution which has been passed by a majority in number and three-fourths in value of the creditors of the debtor, assembled at a general meeting to be held in the manner prescribed, of which notice has been given in the prescribed manner, and has been confirmed by a majority in number and value of the creditors assembled at a subsequent general meeting, of which notice has been given in the prescribed manner, and held at an interval of not less than seven days nor more than fourteen days from the date of the meeting at which such resolution was first passed.

Majority how calculated.

118. In calculating a majority for the purposes of a composition under this Part, creditors whose debts amount to sums not exceeding one hundred rupees shall be reckoned in the majority in value, but not in the majority in number, and the value of the debts of secured creditors shall, as nearly as circumstances admit, be estimated in the same way, and the same description of creditors shall be entitled to vote at such general meetings as in insolvency.

Debtor to be present.

119. The debtor, unless prevented by sickness or other cause satisfactory to such meetings, shall be present at both the meetings at which the extraordinary resolution is passed, and shall answer any inquiries made of him, and he, or, if he is so prevented from being at such meetings, some one on his behalf, shall produce to the meetings a statement showing the whole of his assets and debts, and the names and addresses of the creditors to whom such debts respectively are due.

Extraordinary resolution to be registered.

120. The extraordinary resolution, together with the statement of the debtor as to his assets and debts, shall be presented to the registrar, and it shall be his duty to inquire whether such resolution has been passed in man-

ষষ্ঠ অধ্যায়।

উত্তমর্ণদের সঙ্গে রফানামা।

বিধান।

উত্তমর্ণদের দ্বারা রফা হইবার বিধান।

১১৬ ধারা। ঋণী ঋণশোধ করিবার কার্য্যাক্ষম হইলে উত্তমর্ণেরা যত দূর করা যাই সাধারণাতীত নির্দ্ধারণক্রমে রফানামা গ্রাহ্য হইলে ঋণের অক্ষমতাঘটিত, ঐ রফানাম র্যের অনুষ্ঠায় আদালতের ঋণের স্থানে আপনারদের পাওনার পরিত্ত পারিবে ও নামা গ্রাহ্য করিব বলিয়া সাধারণাতীত নির্দ্ধারণ করিতে পারিবেন ইতি।

সাধারণাতীত নির্দ্ধারণ শব্দের অর্থের কথা।

১১৭ ধারা। ঋণির উত্তমর্ণদের অধিবেশনের নোটিস নির্দ্দিষ্টমতে দেওয়া গেলে পর ঐ উত্তমর্ণেরা সংখ্যা যে অধিকাংশ ও পাওনার মূল্যানুসারে চারি অংশের তিন অংশ ব্যক্তি নির্দ্দিষ্ট প্রকারে সাধারণের সভায় অধিষ্ঠিত হইয়া যে নির্দ্ধারণ করেন, ও তৎপরে নির্দ্দিষ্ট প্রকারে সাধারণের অধিবেশনের নোটিস দেওয়া গেলে প্রথম যে অধিবেশনের তারিখে ঐ নির্দ্ধারণ করা যায় সেই তারিখঅবধি সাত দিনের অন্যূন ও চতুর্দ্দশ দিনের অনধিক কোন দিনান্তরে অধিবেশন হইয়া উত্তমর্ণদের সংখ্যা ও পাওনার মূল্যানুসারে অধিকাংশ ব্যক্তি সেই সাধারণের অধিবেশনকালে উপবিষ্ট হইয়া সেই নির্দ্ধারণ দৃঢ় করিলে তাহা উত্তমর্ণদের সাধারণাতীত নির্দ্ধারণ হইবে ইতি।

অধিকাংশ নিরূপণের কথা।

১১৮ ধারা। এই অধ্যায়মতে রফানামার নিমিত্ত অধিকাংশ নিরূপণ করণের বিধি এই। যে উত্তমর্ণদের পাওনা এক শত টাকার অধিক না হয় তাঁহারদের সংখ্যানুসারে অধিকাংশ গণ্য হইবে না তাঁহারদের পাওনার মূল্যানুসারে অধিকাংশ গণ্য হইবে এবং বন্ধকপ্রাপ্ত উত্তমর্ণদের পাওনার মূল্যও গতিক বিবেচনায় সেই প্রকারে নিরূপণ হইবে। এবং ঋণশোধনের অক্ষমতাঘটিত ব্যাপারে যে উত্তমর্ণদের মত জ্ঞাপন করিবার অধিকার থাকে সাধারণের উক্ত সভায় ঐ উত্তমর্ণদের তদ্রূপ অধিকার থাকিবে ইতি।

ঋণির উপস্থিত হইবার কথা।

১১৯ ধারা। সভার যে দুই অধিবেশন কালে সাধারণাতীত ঐ নির্দ্ধারণ করা যায়, ঋণী পীড়ার প্রযুক্ত কিম্বা সভাস্থ ব্যক্তিদের হৃষ্টোষজনক অন্য কারণে অপারক না হইলে সেই দুই অধিবেশন কালে উপস্থিত হইবেন। ও তাঁহাকে যে কথা জিজ্ঞাসা হয় তাহার উত্তর দিবেন ও তাঁহার যত ধন ও সম্পত্তি আছে ও তাঁহার যত টাকা ঋণ হইয়াছে ও যে উত্তমর্ণদের নিকট ঋণী আছেন তিনি তাঁহারদের নাম ও বাসস্থানাদির বর্ণনাপত্র ঐ সভার অধিবেশনে দেখাইবেন কিম্বা তিনি উক্ত প্রকারে উপস্থিত হইতে না পারিলে, তাঁহার সপক্ষ কোন ব্যক্তি তাহা দেখাইবেন ইতি।

সাধারণাতীত নির্দ্ধারণ রেজিষ্টরী করিবার কথা।

১২০ ধারা। সাধারণাতীত ঐ নির্দ্ধারণ এবং ঋণির ধন ও সম্পত্তির ও ঋণের বর্ণনাপত্র রেজিষ্টারের নিকট উপস্থিত করা যাইবে। এবং সেই নির্দ্ধারণ এই অধ্যায়ের আদেশমতে করা গিয়াছে কি না ইহার অনুসন্ধান লওয়া তাঁহার কর্ত্তব্য।

directed by this section, and if satisfied that it has been so passed he shall forthwith register the resolution and statement of assets and debts; but until such registration has taken place such resolution shall be of no validity; and any creditor of the debtor may inspect such statement at prescribed times, and on payment of such fee, if any, as may be prescribed.

Alteration of composition

121. The creditors may, by an extraordinary resolution, add to or vary the provisions of any composition previously accepted by them, without prejudice to any persons taking interests under such provisions who do not assent to such addition or variation, and any such extraordinary resolution shall be presented to the registrar in the same manner and with the same consequences as the extraordinary resolution by which the composition was accepted in the first instance.

Composition to be binding

122. The provisions of a composition accepted by an extraordinary resolution in pursuance of this section shall be binding on all the creditors whose names and addresses, and the amount of the debts due to whom, are shown in the statement of the debtor, produced to the meetings at which the resolution has passed, but shall not affect or prejudice the rights of any other creditors.

Provision as to debts on bills or notes

123. Where a debt arises on a bill of exchange, hundi or promissory note, if the debtor is ignorant of the holder of any such bill of exchange, hundi or promissory note, he shall be required to state the amount of such bill, hundi or note, the date on which it falls due, the name of the acceptor or person to whom it is payable, and any other particulars within his knowledge respecting the same, and the insertion of such particulars shall be deemed a sufficient description of the creditor of the debtor in respect of such debt, and any mistake made inadvertently by a debtor in the statement of his debts may be corrected after the prescribed notice has been given, with the consent of a general meeting of his creditors.

Enforcement of composition

124. The provisions of any composition made in pursuance of this section may be enforced by the Court on a motion made in a summary manner by any person interested, and any disobedience of the order of the Court made on such motion shall be deemed to be an offence under the Indian Penal Code, section 187.

ও সেই প্রকারে করা গিয়াছে ইহা জ্ঞানোদয়মতে জানিলে, তিনি সেই নির্দ্ধারণ ও ধন ও সম্পত্তির ও ঋণের সেই বর্ণনাপত্র রেজিষ্টরী করিবেন। কিন্তু যত কাল তদ্রূপ রেজিষ্টরী না করা যায় তত কাল ঐ নির্দ্ধারণ সিদ্ধ হইবে না। ঐ বর্ণনাপত্র দৃষ্টি করিবার জন্যে কোন ফী নির্দ্ধারিত হইলে ঋণির কোন উত্তমর্ণ নির্দ্দিষ্ট সেই ফী দিয়া নির্দ্ধারিত কোন সময়ে ঐ বর্ণনাপত্র দৃষ্টি করিতে পারিবেন ইতি।

রফানামা পরিবর্ত্তন করিবার কথা।

১২১ ধারা। উত্তমর্ণেরা রফানামার কোন নিয়ম গ্রাহ্য করিলে পর সাধারণাতীত নির্দ্ধারণ করিয়া নূতন কএক নিয়ম সংযোগ করিতে কিম্বা পূর্ব্বোক্ত নিয়ম পরিবর্ত্তন করিতে পারিবেন। এবং অন্য যে ব্যক্তিরা সেই নূতন কি পরিবর্ত্তিত নিয়মে সম্মত না হন, তাঁহাদের সেই নিয়মমতে স্বার্থ গ্রহণের কোন ব্যাঘাত হইবে না। সাধারণাতীত যে নির্দ্ধারণক্রমে রফানামা প্রথমে গ্রাহ্য হইল তাহা যে প্রকারে রেজিষ্ট্রারকে দেওয়া যায় ও তাহার যেই ফল হয়, এই ধারামত সাধারণাতীত নির্দ্ধারণও সেই প্রকারে রেজিষ্ট্রারকে দিতে হইবে ও তাহার সেই ফল হইবে ইতি।

রফানামা বলবৎ হইবার কথা।

১২২ ধারা। এই অধ্যায়ানুযায়ি সাধারণাতীত যে নির্দ্ধারণক্রমে রফানামা গ্রাহ্য হয়, সেই নির্দ্ধারণ সভার যে অধিবেশন কালে করা যায় সেই অধিবেশনে ঋণির যেং উত্তমর্ণের নামের ও ঠিকানার ও যাহার যত টাকা পাওনার বর্ণনাপত্র উপস্থিত করা যায়, সেই সকল উত্তমর্ণ ঐ রফানামার নিয়মে আবদ্ধ হইবেন কিন্তু তাহাতে অন্য কোন উত্তমর্ণের অধিকারের ব্যাঘাত কি হানি হইবে না ইতি।

হুণ্ডী কি খতের উপর যে ঋণ হয় তাহার বিধান।

১২৩ ধারা। যদি বিল অফ একুসচেঞ্জ কিম্বা হুণ্ডী কি ঋণগ্রহণপত্রের উপর কোন ঋণ হয়, এবং সেই বিল অফ একুসচেঞ্জ কি হুণ্ডী কি ঋণগ্রহণপত্র কোন্ ব্যক্তির হাতে আছে ঋণি যদি ইহা না জানেন, তবে ঐ বিল কি হুণ্ডী কি পত্র কত টাকার ও তাহা কোন্ দিনে দেনা হয় এই কথা ও যে ব্যক্তি তাহা স্বীকার করিয়াছেন কিম্বা টাকা যাহাকে দেনা হয় তাহার নাম ও অন্য যে বৃত্তান্ত জ্ঞাত থাকেন তাঁহার প্রতি তাহা জানাইতে আদেশ হইবে। ও সেই বৃত্তান্তের লিখন ঐ ঋণ সম্পর্কে ঋণির উত্তমর্ণের যথেষ্ট বর্ণনা জ্ঞান হইবে। ঋণী আপন ঋণের বর্ণনাপত্রে যদি অনবধানতাক্রমে কোন ভুল করিয়া থাকেন তবে নির্দ্দিষ্টমতে নোটিস দিলে পর উত্তমর্ণদের সাধারণ সভার সম্মতিক্রমে তাহা সংশোধন করা যাইতে পারিবে ইতি।

রফানামা প্রবল করণের কথা।

১২৪ ধারা। এই অধ্যায়মতে যে রফানামা করা যায় তৎসম্পর্কীয় কোন ব্যক্তি সংক্ষেপমতে প্রার্থনা করি- [illegible] আদালতকর্তৃক [illegible] প্রার্থনামতে আদালতের [illegible] লঙ্ঘন ভারতবর্ষীয় [illegible] অপরাধ [illegible]

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭১। ২৫ জানুআরি।]

125. Rules of Court may be made in relation to proceedings on the occasion of the acceptance of a composition by an extraordinary resolution of creditors in the same manner and to the same extent and of the same authority as in respect of proceedings in insolvency:

Rules as to accepting composition.

১২৫ ধারা। উত্তমর্ণদের সাধারণাতীত নির্দ্ধারণক্রমে রফানামা গ্রাহ্য হইলে ঋণশোধনের অক্ষমতাঘটিত ব্যাপারের কার্য্যানুষ্ঠানে আদালতের বিধি যে প্রকারে ও যত দূর করা যাইতে পারে ও তাহার যদ্রূপ বল থাকে, ঐ রফানামা গ্রাহ্য করণকালে কার্য্যানুষ্ঠান বিষয়ে আদালতের বিধি সেই প্রকারে তত দূর করা যাইতে পারিবে ও তাহার তত্তুল্য বল থাকিবে ইতি।

রফানামা গ্রাহ্য করণবিষয়ক বিধি।

126. If it appear to the Court on satisfactory evidence that a composition under this section cannot, in consequence of legal difficulties, or for any sufficient cause, proceed without injustice or undue delay to the creditors or to the debtor, the Court may adjudge the debtor an insolvent, and proceedings may be had accordingly.

Stoppage of composition.

১২৬ ধারা। আইনসম্পর্কীয় কোন বাধাহেতুক কিম্বা অন্য উপযুক্ত কারণে উত্তমর্ণদের কি ঋণির পক্ষে অন্যায় না হইয়া কিম্বা অনুচিত বিলম্ব না হইয়া এই অধ্যায়মত রফানামার কার্য্যানুষ্ঠান হইতে পারে না, আদালতের নিকট সন্তোষজনক প্রমাণক্রমে ইহা প্রকাশ হইলে আদালত ঐ ঋণিকে ঋণশোধ করিবার অক্ষম বলিয়া নির্ণয় করিতে পারিবেন ও তদনুযায়ি কার্য্যানুষ্ঠান হইবে ইতি।

রফানামা স্থগিত করিবার কথা।

127. The registration by the registrar of a special resolution of the creditors on the occasion of a liquidation by arrangement under Part five of this Act, or of an extraordinary resolution of the creditors on the occasion of a composition under the sixth Part of this Act, shall, in the absence of fraud, be conclusive evidence that such resolutions respectively were duly passed and all the requisitions of this Act in respect of such resolutions complied with.

Registration of resolutions of creditors conclusive in certain cases.

১২৭ ধারা। প্রতারণা ব্যতীত স্থলে এই আইনের পঞ্চম অধ্যায়মতে বন্দোবস্তক্রমে ঋণ শোধনের কার্য্য হইলে রেজিষ্ট্রার কর্ত্তৃক বিশেষ নির্দ্ধারণের রেজিষ্টরী করণ কিম্বা এই আইনের ষষ্ঠ অধ্যায়মতে রফানামা করা গেলে রেজিষ্ট্রার কর্ত্তৃক সাধারণাতীত নির্দ্ধারণের রেজিষ্টরী করণ, নিয়মমতে ঐ২ নির্দ্ধারণ প্রণীত হওয়ার এবং ঐ২ নির্দ্ধারণ বিষয়ে এই আইনের সকল বিধানমতে কার্য্য নিষ্পন্ন হওয়ার সিদ্ধান্ত প্রমাণ হইবে ইতি

স্থলবিশেষে উত্তমর্ণদের নির্দ্ধারণের রেজিষ্টরী করণ সিদ্ধান্ত হইবার কথা।

STATEMENT OF OBJECTS AND REASONS.

The primary objects of this Bill is to establish, throughout British India, a law under which the property of an insolvent may be cheaply and speedily divided amongst his creditors, and the Bill provides that such division shall be conducted by the creditors themselves, either under the immediate supervision of the Court, or by a process called "liquidation by arrangement." The Bill also defines and amends the law relating to compositions with creditors.

An Insolvent law, the 11th & 12th Vic., cap. 21, exists in the three Presidency towns, but the Judges who have had most experience in working it consider it defective in many respects. In the Mofussil, the 270th and 271st sections of the Code of Civil Procedure act as a sort of substitute for a law of bankruptcy. They provide simply that, if property is attached and sold in execution of a decree, the surplus, if any, shall be divided rateably amongst any other persons who, prior to the order [illegible] have taken out execu-

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

ঋণশোধ করিবার অক্ষম ব্যক্তির ধন ও সম্পত্তি সুলভমতে ও ত্বরায় উত্তমর্ণদের মধ্যে বণ্টন করা যায় ব্রিটনীয় ভারতবর্ষের সমুদয় দেশে এমত ব্যবস্থা স্থাপন করা এই পাণ্ডুলিপির মুখ্য উদ্দেশ্য। এবং এই পাণ্ডুলিপিতে সেই বণ্টনকার্য্য নিজ আদালতের তত্ত্বাধীনে কিম্বা বন্দোবস্তক্রমে ঋণশোধনের কার্য্য নামে খ্যাত কার্য্যক্রমে উত্তমর্ণদেরই দ্বারা করিবার বিধান হইয়াছে। আরো উত্তমর্ণদের সহিত রফানামা বিষয়ক ব্যবস্থা এই পাণ্ডুলিপিতে নির্ণীত ও সংশোধিত হইয়াছে।

তিন রাজধানীতে অক্ষম ঋণিদের বিষয়ে বিক্টোরিয়ার ১১ ও ১২ বৎসরের ২১ অধ্যায় লিখিত এক আইন আছে। কিন্তু সেই আইনের বিধানমতে কার্য্য করত যে জজ সাহেবদের অধিক অনুশীলন হইয়াছে তাঁহারা অনেকাংশে তাহার অভাব আছে জ্ঞান করেন। মফঃসল দেশে অক্ষম ঋণিবিষয়ক আইনের পরিবর্ত্তে দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ২৭০ ও ২৭১ ধারামতে এক প্রকারে কার্য্য চলে। কিন্তু ডিক্রী জারীক্রমে সম্পত্তি ক্রোক করিয়া বিক্রয় করা গেলে পর অন্য যে ব্যক্তিরা ঐ টাকা বণ্টনের পূর্ব্বে প্রতিবাদির নামে ডিক্রী জারীর আজ্ঞা পাইয়া ও সেই ডিক্রীমত

crees against the defendant and not obtaining satisfaction.

কার্য্য সাধন করেন নাই উদ্বর্ত্ত টাকা অংশাংশমতে তাঁহারদের মধ্যে বন্টন করা যাইবে উক্ত বিধির এই মাত্র বিধান।

These provisions have, in practice been found to act in a very crude and imperfect manner. They are obviously very incomplete. They provide no machinery for the collection of the insolvent's assets. They contain no security against fraud. They hold out a premium to a competition between creditors for the first decree, which in practice is most injurious to their common interests. The first creditor who gets a decree and takes out execution is entitled to be paid in full, while the rest come in *pari passu* and divide what is left. The result is (as Mr. Broughton remarks) that there is an injurious contest for the first decree against a trader supposed to be in difficulties; that his property is attached and sold on the spot, always at a considerable loss; that perishable goods are hurried away to improper receptacles and are often greatly damaged, and that the judgment debtor is tempted to resort to fraud in order to avoid the consequences of his position. Thus an insolvent defendant often selects which of his creditors shall be paid in full, or which shall be paid at all; and in many cases (says Mr. Justice Markby, 3 Ben. Law Rep. A. C. J. 403) the first in the list of attaching creditors is really only a nominal creditor acting on behalf of the defendant.

কার্য্যপক্ষে উক্ত বিধানের অপক্ক ও অশুদ্ধ ফল দৃষ্ট হইয়াছে। তাহা স্পষ্টই অপূর্ণ। অক্ষম ঋণির ধন ও সম্পত্তি আদায় করিবার কোন বিধান নাই। প্রতারণাকার্য্যের কোন দৃঢ় প্রতিবন্ধক নাই। যে উত্তমর্ণেরা প্রথম ডিক্রী পাইতে পারেন তাঁহারদের প্রতিযোগিতার পুরস্কার হয় ও কার্য্যপক্ষে তাহা ঐ উত্তমর্ণদের সাধারণ স্বার্থের বিঘ্নজনক। যে উত্তমর্ণ প্রথমে ডিক্রী পাইয়া ডিক্রী জারীর আজ্ঞা লন, তাঁহার সম্পূর্ণ পাওনা পাইবার অধিকার আছে, অন্য সকল উত্তমর্ণ সমানভাবে উদ্বর্ত্ত টাকা ভাগ করিয়া লন। ও ব্রোটন সাহেবের উক্তিমতে ঐ কার্য্যের ফল এই, যে ব্যবসায়ির ক্লেশ ঘটিয়াছে তাঁহার বিপক্ষে প্রথম ডিক্রী কে পাইবে এই বিষয় লইয়া উত্তমর্ণদের পরস্পর ক্ষতিজনক টানাটানি হয়, ঐ ব্যবসায়ির সম্পত্তি ক্রোক হইয়া তৎস্থানেই সর্ব্বদা অতি ন্যূনমূল্যে বিক্রয় করা যায়, আশুনাশ্য যে দ্রব্য থাকে তাহা তাড়াতাড়ী করিয়া অনুপযুক্ত আধারে ফেলা যায় তাহারও অনেক নষ্ট হয়, এবং সেই দুরবস্থা এড়াইবার জন্যে ডিক্রীমত খাতকের প্রতারণা করিবার অত্যন্ত লালসা জন্মে। অর্থাৎ উত্তমর্ণদের মধ্যে কাহার সম্পূর্ণ পাওনা দেওয়া যাইবে কাহারবা কিছুই দেওয়া যাইবে না ঋণশোধ করিবার অক্ষম ব্যক্তি আপনি ইহা পূর্ব্ব নির্ণয় করেন। জষ্টিস মার্কবি সাহেব যেমন কহিয়াছেন তেমনি ক্রোককরণিয়া উত্তমর্ণদের নির্ঘন্টপত্রে যাহার নাম প্রথম লেখা থাকে তিনি নামমাত্র উত্তমর্ণ বস্তুতঃ ঋণির সপক্ষ কর্ম্মকারী।

The present Bill is taken from the Bankruptcy Act of 1869 (32 & 33 Vic., cap. 71). Its leading feature is that the insolvent obtains his discharge on the surrender of his property, if his assets are sufficient to pay eight annas in the rupee, or if his creditors wish him to be discharged. If the assets do not reach this amount, and if the difference is not paid in three years, the amount unpaid becomes a judgment debt against the insolvent, which may be enforced with the leave of the Court.

বিক্টোরিয়ার ৩২ ও ৩৩ বৎসরের আইনের ৭১ অধ্যায় অর্থাৎ দেউলিয়াবিষয়ক আইনহইতে, এই পাণ্ডুলিপি গৃহীত হইয়াছে। ইহার অবয়বের মুখ্য অঙ্গ এই। ঋণী স্বীয় সম্পত্তি সমর্পণ করিলে যদি উত্তমর্ণেরা টাকাপ্রতি আটআনা পান কিম্বা উত্তমর্ণেরা তাঁহার মুক্ত হওনা ইচ্ছা করেন, তবে তাঁহাকে মুক্ত করা যাইবে। তাঁহার সম্পত্তিহইতে ঋণ ততদূর শোধ হইতে না পারিলে ও অবশিষ্ট টাকা তিন বৎসরের মধ্যে না দেওয়া গেলে ঐ অদত্ত টাকা ঋণির নামে ডিক্রীমত ঋণ বলিয়া আদালতের অনুমতিমতে প্রবল করা যাইতে পারিবে।

Several modifications have been introduced in order to adapt the English measure to India. Of these, the most important are the following: The Bill makes no distinction between traders and non-traders: the 'Chief Insolvency Court' is defined so as to include the four High Courts and the Chief Court of the Punjab; the Local Insolvency Courts will be, in the Regulation Provinces, the District Courts; in the Non-Regulation Provinces, other than British Burmah and Sindh, the Commissioners of Divisions; in Burmah the

ভারতবর্ষে বর্ত্তাইবার নিমিত্তে ইঙ্গলণ্ডীয় আইন অনেকাংশে মতান্তর করা প্রয়োজন হইয়াছে। মতান্তরিত অংশের মধ্যে এই২ কথা প্রধান। এই পাণ্ডুলিপিতে ব্যবসায়ি ও অব্যবসায়িদের বিশেষ মানা যায় নাই। "ঋণশোধনের অক্ষমতা সংক্রান্ত আদালত" এই কথার নির্ণীত অর্থক্রমে চারিটি হাই কোর্ট ও পঞ্জাবের প্রধান আদালত তন্মধ্যে গণ্য। আইনের অধীন প্রদেশে ঋণশোধনের অক্ষমতাসংক্রান্ত স্থানীয় আদালতের মধ্যে সকল জিলার আদালত গণ্য। ব্রিটনীয় বর্ম্মা দেশ ও সিন্ধু দেশভিন্ন আইনের বহিভূত প্রদেশে উক্ত আদালতের মধ্যে দেশখণ্ডের কমিশ্যনরেরা

Recorders; in Sindh the Judicial Commissioner. All order made by the Chief Insolvency Court in respect of matters brought before it on appeal will be final, unless such Court gives leave to appeal to the Judicial Committee of the Privy Council.

SIMLA, 27th Sept. 1870.

J. F. STEPHEN.

WHITLEY STOKES,
Secy. to the Govt. of India, Legislative Dept.

গণ্য। বর্ম্মা দেশে রিকাডরেরা, ও সিন্ধু দেশে জুডিশাল কমিশ্যনর সাহেব গণ্য। কোন কথা ঋণশোধনের অক্ষমতা সংক্রান্ত প্রধান আদালতে আপীলক্রমে উপস্থিত করা গেলে যদি সেই আদালত প্রিবি কৌন্সেলের জুডিশ্যল কমিটীতে আপীল করিবার অনুমতি না দেন, তবে সেই আপীলমতে যে আজ্ঞা করেন তাহা চূড়ান্ত হইবে।

জে এফ ষ্টিফন।

সিমলা,
১৮৭০ সাল ২৭ সেপ্টেম্বর।

উইটলি ষ্টোকস
ব্যবস্থাপন কর্ম্মবিভাগে ভারতবর্ষের
গবর্ণমেণ্টের সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

Circular Orders by the High Court of Judicature at Fort William in Bengal.

(CIVIL AND CRIMINAL SIDES.)

No. 1.

To all Civil and Sessions Judges and Magistrates of Districts,—(dated Calcutta, the 4th January 1871.)

THE Government of India having decided* that the charge for transmitting judicial records through the post, from one Court to another, shall be as heretofore borne by the State, and the new Post Office Rules† requiring pre-payment of banghy postage whenever that mode of transmission is adopted, the Court directs that all Civil and Sessions Judges and District Magistrates will put themselves in communication with the Accountant General of Bengal, with a view to provision being made for the funds necessary to meet the requirements of the rules above mentioned.

* Government Order, Financial Department, No. 3118 dated 21st November 1870.

† *Vide* page 498, *Calcutta Gazette* of 16th March 1870.

By order of the High Court,
(Sd.) F. B. PEACOCK,
Registrar.

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের সরক্যুলর অডর।

দেওয়ানী ও ফৌজদারী পক্ষ।

১ নম্বর।

সকল সিবিল ও সেশন জজ সাহেব ও জিলার মাজিষ্ট্রেট সাহেব সমীপেষু।

কলিকাতা, ১৮৭১ সাল ৪ জানুআরি।

আদালতসংক্রান্ত কাগজপত্র এক আদালত হইতে অন্য আদালতে ডাকযোগে পাঠাইবার যে খরচ হয় তাহা যেমন রাজকোষহইতে দেওয়া গিয়া থাকে তেমনি দেওয়া যাইবে ভারতবর্ষের গবর্ণমেণ্টের *. এই নিষ্পত্তি হইয়াছে। এবং বাঙ্গি ডাকদ্বারা পাঠান গেলে তাহার পয়সা অগ্রিম দিতে হইবে, ডাকঘরের নূতন বিধিমতে † এই নিয়ম হইয়াছে। অতএব উক্ত দুই বিধিমত কার্য্যের যে টাকা আবশ্যক তাহার কোন বিধান হইবার নিমিত্তে সিবিল ও সেশন জজ সাহেবেরা ও জিলার মাজিষ্ট্রেট সাহেবেরা বঙ্গদেশের আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের সঙ্গে লিখনপঠন করেন হাই কোর্টের এই আদেশ।

* ফিনানশ্যল ডিপার্টমেণ্টে গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ২১ নবেম্বরের ৩১১৮ নং আজ্ঞা।

† ১৮৭০ সালের ১৬ মার্চের কলিকাতা গেজেটের ৪৯৮ পৃষ্ঠা দেখ।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
এফ বি পীকক,
রেজিষ্ট্রার।

THE 17TH JANUARY 1871.

Present:

THE HON'BLE J. P. NORMAN,
Officiating Chief Justice.
THE HON'BLE G. LOCH,
THE HON'BLE H. V. BAYLEY,
THE HON'BLE LOUIS S. JACKSON,
THE HON'BLE E. JACKSON,
Judges.

IT is hereby notified that in the examination for Senior Pleaderships to be held in Assam in

১৮৭১ সাল ১৭ জানুআরি।

উপস্থিত।

একটিং চিফ জষ্টিস মান্যবর শ্রীযুত জে, পি নর্ম্মাণ সাহেব।
মান্যবর শ্রীযুত জি লক সাহেব।
মান্যবর শ্রীযুত এচ, বি, বেলি সাহেব।
মান্যবর শ্রীযুত লুইস, এস, জাকসন সাহেব।
মান্যবর শ্রীযুত ই জাকসন সাহেব।
বিচারপতিগণ।

হাই কোর্টের প্রণীত ১৮৬৬ সালের মে মাসের ২ তারিখের বিধির ৯ ধারার ১ ও ২ প্রকরণে উকীলদের

2, the qualifications mentioned in Clauses 1 and 3, Rule 9 of the High Court's Rules of 2nd May 1866, for the qualification, admission, and enrolment of Pleaders, will not be required in the case of natives of that Province. Any such person, however, passing the examination without those qualifications will be restricted in his practice to the Courts of that Province alone.

By order of the High Court,

F. B. PEACOCK,
Registrar.

Orders by the Lieutenant-Governor of Bengal.

REVENUE AND GENERAL DEPARTMENTS.

No. 73R.

APPOINTMENTS.

The 10th January 1871.—Mr. David Miller Barbour to officiate temporarily as Joint-Magistrate and Deputy Collector of Patna.

Mr. John George Charles to officiate temporarily as Joint-Magistrate and Deputy Collector of Shahabad.

The 11th January 1871.—Mr. William Heysham, Deputy Magistrate and Deputy Collector, 24-Pergunnahs, is vested with the powers of a Collector under Act VII. (B.C.) of 1868.

The 13th January 1871.—Mr. Albert B. Miller to officiate as Professor of Indian Law and Jurisprudence in the Presidency College, during the absence from Calcutta of Mr. Thomas Dunbar Ingram, or until further orders.

The 16th January 1871.—Baboo Bhoobuneshur Dutt to be an Assessor, under Act XVI. of 1870, in the District of Gya, *vice* Mahomed Ibrahim, and to exercise the powers of a Collector for the purposes of that Act.

Moulvie Dillawar Hossein Ahmed, B.A., Deputy Magistrate and Deputy Collector of Aurungabad, Gya, is vested with the powers of a Collector, under Section 3, Act X. of 1870, for the acquisition of land required by the Irrigation Department.

The following gentlemen to be Members of the Local Committee of Public Instruction at Noakhally, *viz.*:—

Mr. W. Davey.

Baboo Ramlall Roy.

The following gentlemen to be Marriage Registrars in Calcutta, under the British Statute 14 and 15 Vic., cap. 40, and the Indian Act V. of 1852:—

The Revd. J. Richards.

" " James Ross.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭১। ২৪ জানুআরি।]

গুণাদির ও গ্রাহ্য হইবার ও নাম লেখাইবার যে কথা প্রকাশ হইয়াছে ১৮৭২ সালে আসামে প্রথম শ্রেণীর ওকালতীর পরীক্ষাতে তদ্দেশবাসি লোকদের তাহা প্রয়োজন হইবে না। কিন্তু তদ্দেশীয় যে ব্যক্তি উক্ত গুণাদিভিন্ন পরীক্ষোত্তীর্ণ হইতে পারেন তিনি কেবল ঐ দেশের আদালতে কার্য্য করিতে পারিবেন এতদ্দ্বারা ইহা প্রকাশ করা গেল।

হাই কোর্টের আজ্ঞাক্রমে।

এফ বি পীকক।
রেজিষ্ট্রার।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্ট।

৭৩ R. নম্বর।

নিয়োগ।

১৮৭১ সাল ১০ জানুআরি।—শ্রীযুত ডেবিড মিলর বাবর সাহেব কিয়ৎকালের নিমিত্তে পাটনার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত জান জর্জ চার্লস সাহেব কিয়ৎকালের নিমিত্তে শাহাবাদের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটরের কর্ম্ম করিবেন।

১৮৭১ সাল ১১ জানুআরি।—২৪ পরগনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটর শ্রীযুত উলিয়ম হেশাম সাহেব ১৮৬৮ সালের বঙ্গীয় ৭ আইনমতে কালেকুটরের ক্ষমতা পাইয়াছেন।

১৮৭১ সাল ১৩ জানুআরি।—শ্রীযুত তামস ডনবার ইনগ্রাম সাহেবের কলিকাতায় অনুপস্থানকালে কিম্বা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত শ্রীযুত আলবর্ট বি, মিলর সাহেব প্রেসিডেন্সী কালেজে ভারতবর্ষীয় আইনের ও ব্যবস্থা বিদ্যার অধ্যাপকের কর্ম্ম করিবেন।

১৮৭১ সাল ১৬ জানুআরি।—শ্রীযুত মহম্মদ ইব্রাহিমের পরিবর্ত্তে শ্রীযুত বাবু ভুবনেশ্বর দত্ত গয়া জিলাতে ১৮৭০ সালের ১৬ আইনমতে আসেসর হইবেন এবং উক্ত আইনের অভিপ্রায় সফল করণার্থে কালেকুটরের ক্ষমতামতে কর্ম্ম করিবেন।

গয়ার অন্তর্গত আরঙ্গাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটর শ্রীযুত মৌলবী দেলাওয়ার হুসেন আহম্মদ বি, এ, জলসেচন কর্ম্মবিভাগের প্রয়োজনীয় ভূমি গ্রহণার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৩ ধারামতে কালেকুটরের ক্ষমতা পাইয়াছেন।

নিম্নলিখিত মহাশয়েরা নওয়াখালীর সাধারণের শিক্ষাসংক্রান্ত কমিটীর মেম্বর হইবেন।

শ্রীযুত ডবলিউ ডেবি সাহেব।

" বাবু রামলাল রায়।

নিম্নলিখিত মহাশয়েরা শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ১৪ ও ১৫ বৎসরের ব্রিটনীয় ব্যবস্থার ৪০ অধ্যায় এবং ১৮৫২ সালের ভারতবর্ষীয় ৫ আইনমতে কলিকাতায় বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

পাদরী শ্রীযুত জে রিচার্ডস সাহেব।

" " জেমস রস্ সাহেব।

Mr. Patrick Henry Scanlan, Honorary Magistrate in Gowalparah, is vested with the powers of a Subordinate Magistrate of the First Class.

The following Assistant Commissioners of the Second Grade are appointed to officiate in the First Grade :—

Mr. Archibald Colin Campbell.
,, Patrick Thomas Carnegy.
Lieutenant Malcolm Ogilvie Boyd.
,, Colin Herbert Garbett.

Mr. John Fynes Clinton to officiate as Sub-Deputy Opium Agent of Saharunpore, during the absence, on leave, of Mr. Charles Edward Mendham, or until further orders. The appointment will have effect from the 12th ultimo.

LEAVE OF ABSENCE.

The 10th January 1871.—Mr. Edwin Samuel Moseley, Officiating Joint-Magistrate and Deputy Collector of Backergunge, is allowed subsidiary leave for a period not exceeding thirty days, from the 15th proximo, preparatory to proceeding to Europe on furlough.

Mr. George Edward Porter, Officiating Joint-Magistrate and Deputy Collector of Rungpore, is allowed subsidiary leave for a period not exceeding thirty days, from the 7th April next, preparatory to proceeding to Europe on furlough.

Mr. Henry James Newbery, Assistant Magistrate of Sherghotty, is allowed subsidiary leave for a period not exceeding thirty days, from any date within the first week of March next, on which he may avail himself of it, preparatory to proceeding to Europe on furlough.

Mr. Thomas Norman, Officiating Joint-Magistrate and Deputy Collector of Midnapore, is allowed subsidiary leave for a period not exceeding thirty days, from the 2nd March next, preparatory to proceeding to Europe on furlough.

Mr. Edward Henry Whinfield, Officiating Magistrate and Collector of Noakhally, is allowed subsidiary leave for a period not exceeding thirty days, from the date on which he may be relieved, preparatory to proceeding to Europe on furlough.

Mr. Charles Arthur Kelly, Officiating Magistrate and Collector of Fureedpore, is allowed subsidiary leave for a period not exceeding thirty days, from the date on which he may be relieved, preparatory to proceeding to Europe on furlough from Bombay.

The 13th January 1871.—Mr. John Foster Stevens, Officiating Joint-Magistrate and Deputy Collector of Gya, for twenty days, from the 1st proximo, to enable him to appear before the Standing Medical Committee at the Presidency.

গোয়ালপাড়ার অনরারি মাজিষ্ট্রেট শ্রীযুত পাট্রিক হেনরি স্কানলান্ সাহেব অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

দ্বিতীয় শ্রেণীর নিম্নলিখিত আসিষ্টান্ট কমিশ্যনরেরা প্রথম শ্রেণীমতে কর্ম্ম করিতে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত আর্চিবল্ড কলিন্ কাম্বেল সাহেব।
,, পাট্রিক তামস কার্নেগি সাহেব।
লেপ্টেনেণ্ট শ্রীযুত মালকম অগল্বি বয়ড্ সাহেব।
,, ,, কলিন হর্ব্বর্ট গার্ব্বেট সাহেব।

শ্রীযুত চার্লস এডওয়ার্ড মেণ্ডাম সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত শ্রীযুত জান ফাইন্স ক্লিন্টন সাহেব শাহরণপুরের আফানের সব-ডেপুটী এজেন্টের কর্ম্ম করিবেন। উক্ত নিয়োগ গত মাসের ১২ তারিখঅবধি প্রবল হইবে।

ছুটী।

১৮৭১ সাল ১০ জানুআরি।—বাকরগঞ্জের একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এডউইন্ সামুএল মোসলী সাহেব নিয়মিত ছুটী লইয়া ইউরোপে গমনার্থ প্রস্তুত হইবার জন্যে আগামি মাসের ১৫ তারিখঅবধি ত্রিশ দিনের অনধিক উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

রঙ্গপুরের একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জর্জ এডওয়ার্ড পর্টর সাহেব নিয়মিত ছুটী লইয়া ইউরোপে গমনার্থ প্রস্তুত হইবার জন্যে আগামি আপ্রিল মাসের ৭ তারিখঅবধি ত্রিশ দিনের অনধিক কাল উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

শেরঘাটীর আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট শ্রীযুত হেনরি জেমস নিউবেরি সাহেব নিয়মিত ছুটী লইয়া ইউরোপে গমনার্থ প্রস্তুত হইবার নিমিত্তে আগামি মার্চ মাসের প্রথম সপ্তাহের যে তারিখঅবধি ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি ত্রিশ দিনের অনধিক কাল উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

মেদিনীপুরের একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত তামস নর্ম্মান সাহেব নিয়মিত ছুটী লইয়া ইউরোপে গমনার্থ প্রস্তুত হইবার জন্যে আগামি মার্চ মাসের ২ তারিখঅবধি ত্রিশ দিনের অনধিক উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

নওয়াখালীর একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এডওয়াড হেনরি উইনফিলড সাহেব নিয়মিত ছুটী লইয়া ইউরোপে গমনার্থ প্রস্তুত হইবার জন্যে যে তারিখে অন্যের প্রতি কার্য্যের ভারার্পণ করেন সেই তারিখঅবধি ত্রিশ দিনের অনধিক উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

ফরীদপুরের একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত চার্লস আর্থর কেলি সাহেব নিয়মিত ছুটী লইয়া বোম্বাই হইতে ইউরোপে গমনার্থ প্রস্তুত হইবার জন্যে যে তারিখে অন্যের প্রতি কার্য্যের ভারার্পণ করেন সেই তারিখঅবধি ত্রিশ দিনের অনধিক উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

১৮৭১ সাল ১৩ জানুআরি।—গয়ার একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জান ফস্টর ষ্টিবন্স সাহেব রাজধানীস্থ স্থায়ি চিকিৎসক সভায় উপস্থিতহইতে পারিবার নিমিত্তে আগামি মাসের ১ তারিখঅবধি বিশ দিন ছুটী পাইয়াছেন।

The 17th January 1871.—Mr. William Erskine Ward, M.A., Officiating Magistrate and Deputy Collector of Howrah, is allowed subsidiary leave for a period not exceeding thirty days, from the 7th proximo, or any subsequent date on which he may be relieved, preparatory to proceeding to Europe on furlough.

Mr. Francis William Badcock, Assistant Magistrate and Collector, Burdwan, for one month, from the 22nd instant, under Section XVIII. of the Covenanted Service Absentee Rules.

Baboo Jogessur Mookerjee, M.A. and B.L., Deputy Magistrate and Deputy Collector, recently transferred from Tumlook to Bancoorah, for one month, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules.

(চ) সেই টাকা লইয়া যাহা করা গেল।

The owner or his agent shall give a receipt for the cattle delivered to him and for the balance of the purchase-money (if any) paid to him according to such account.

Receipt.

সেই ফর্দ্দমতে স্বামিকে যত পশু দেওয়া যায়, ও নীলামের উদ্বর্ত্ত টাকা দেওয়া গেলে যত টাকা দেওয়া যায় স্বামী কিম্বা তাহার কর্ম্মকারক তাহার রসীদ দিবেন ইতি।

রসীদের কথা।

17. The officer by whom the sale was made shall send to the Magistrate of the District the fines so deducted.

Disposal of fines, expenses and surplus proceeds of sale.

১৭ ধারা। যে কর্ম্মকারক নীলাম করিল সে অর্থদণ্ডের যত টাকা উক্ত প্রকারে কাটিয়া লয়, তাহা জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকট পাঠাইবে।

নীলামের উৎপন্ন টাকা ও অর্থদণ্ডের ও খরচের টাকা লইয়া যাহা করিতে হইবে তাহার কথা।

The charges for feeding and watering deducted under section sixteen shall be paid over to the pound-keeper, who shall also retain and appropriate all sums received by him on account of such charges under section thirteen.

১৬ ধারামতে খাওয়াদির ও জলের যে খরচ কাটিয়া লওয়া গেল তাহা খোঁয়াড়রক্ষককে দেওয়া যাইবে। ও ১৩ ধারামতে ঐ প্রকার খরচের নিমিত্তে সে যত টাকা পায় তাহাও লইয়া নিজে রাখিবে।

The surplus unclaimed proceeds of the sale of cattle shall be sent to the Magistrate of the District, who shall hold them in deposit for three months, and, if no claim thereto be preferred and established within that period, shall, at its expiry, dispose of them as hereinafter provided.

পশুর নীলাম হইয়া খরচ বাদে যে উদ্বর্ত্ত টাকার দাওয়া না হয় তাহা জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকট পাঠাইতে হইবে। তিনি তাহা তিন মাস আমানৎ রাখিবেন। তন্মধ্যে কোন ব্যক্তি সেই টাকা না চাহিলে ও আপনার দাওয়া সপ্রমাণ না করিলে তিনি ঐ তিন মাসের পর ঐ টাকা লইয়া পশ্চাৎ লিখিত বিধানমতে কার্য্য করিবেন ইতি।

Application of fines and unclaimed proceeds of sales.

18. Out of the sums received on account of fines and the unclaimed proceeds of the sale of cattle, shall be paid—

অর্থদণ্ডের টাকা ও নিলামের উৎপন্ন যে টাকার দাওয়া না হয় তাহা লইয়া যাহা করিতে হইবে তাহার কথা।

১৮ ধারা। অর্থদণ্ডের টাকা লইয়া এবং গোমেষাদি নীলাম হইয়া উৎপন্ন টাকার দাওয়া না হইলে সেই টাকা লইয়া,

(*a*) the salaries allowed to pound-keepers under the orders of the Local Government;

(*b*) the expenses incurred for the construction and maintenance of pounds, or for any other purpose connected with the execution of this Act;

and the surplus (if any) shall be applied, under orders of the Local Government, to the construction and repair of roads and bridges and to other purposes of public utility.

(ক) স্থানীয় গবর্নমেন্টের আজ্ঞামতে খোঁয়াড় রক্ষকের বেতন,

(খ) খোঁয়াড় প্রস্তুত করিবার ও রাখিবার খরচ এবং এই আইনমত কার্য্যঘটিত অন্য কোন কর্ম্মের খরচ দেওয়া যাইবে।

উদ্বর্ত্ত যাহা থাকে তাহা স্থানীয় গবর্নমেন্টের আজ্ঞামতে রাস্তা, পুল প্রভৃতি গাঁথিবার ও মেরামৎ করিবার ও সাধারণের উপকারার্থ অন্যং কার্য্যে প্রয়োগ হইবে ইতি।

Officers and pound-keepers not to purchase cattle at sales under Act.

19. No officer of police, or other officer or pound-keeper appointed under the provisions herein contained shall, directly or indirectly, purchase any cattle at a sale under this Act.

এই আইনমত নীলাম হইলে কার্য্যকারকদের ও খোঁয়াড়রক্ষকদের ক্রয় না করিবার কথা।

১৯ ধারা। এই আইনমত নীলাম হইলে পোলীসের কোন আমলা কিম্বা অন্য কর্ম্মকারক কিম্বা এই আইনের বিধানমতে নিযুক্ত খোঁয়াড়রক্ষক স্পষ্টরূপে কি চক্রান্তে কোন পশু ক্রয় করিবে না।

Pound-keepers when not to release impounded cattle.

No pound-keeper shall release or deliver any impounded cattle otherwise than in accordance with the former part of this chapter, unless such release or delivery is ordered by a Magistrate or Civil Court.

যে স্থলে খোঁয়াড়রক্ষক খোঁয়াড়ে বদ্ধ পশুকে ছাড়িয়া দিবে না তাহার কথা।

খোঁয়াড়রক্ষক এই অধ্যায়ের পূর্ব্বোক্ত ধারামতে খোঁয়াড়ে বদ্ধ পশুকে ছাড়িয়া দিতে কি স্বামিকে ফিরিয়া দিতে পারিবে অন্যথা নয়। কিন্তু মাজিষ্ট্রেট সাহেব কিম্বা দেওয়ানী আদালত আজ্ঞা করিলে তাহা ছাড়িয়া দিবে কি ফিরিয়া দিবে ইতি।

Chapter V.—*Complaints of illegal Seizures.*

পঞ্চম অধ্যায়। বেআইনীমতে ধরিবার নালিশের বিধি।

Power to make complaints.

20. Any person whose cattle have been seized and detained under this Act may, at any time within ten days from the date of the seizure, make a complaint to the Magistrate of the District, or any Magistrate authorized to receive and try charges without reference by the Magistrate of the District.

নালিশ করিবার ক্ষমতার কথা।

২০ ধারা। কোন ব্যক্তির গোমেষাদি এই আইনমতে ধৃত হইয়া আটক করিয়া রাখা গেলে, সেই ব্যক্তি ঐ গোমেষাদি ধৃত হইবার তারিখ অবধি দশ দিনের মধ্য কোন সময়ে জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকট, কিম্বা সেই সাহেব হইতে মোকদ্দমা অর্পিত না হইয়া যে মাজিষ্ট্রেটের মোকদ্দমা গ্রাহ্য ও বিচার করিবার ক্ষমতা থাকে তাঁহার নিকট নালিশ করিতে পারিবে ইতি।

21. The complaint shall be made by the complainant in person, or by an agent personally acquainted with the circumstances. It may be either in writing or verbal. If it be verbal, the substance of it shall be taken down in writing by the Magistrate.

Procedure on complaint.

If the Magistrate, on examining the complainant or his agent, sees reason to believe the complaint to be well founded, he shall summon the person complained against, and make an enquiry into the case.

22. If the seizure be adjudged illegal, the Magistrate shall award to the complainant, for the loss caused by the seizure and detention, reasonable compensation, not exceeding one hundred rupees, to be paid by the person who made the seizure, together with all fines paid and expenses incurred by the complainant in procuring the release of the cattle;

Compensation for illegal seizure.

and if the cattle have not been released, the Magistrate shall, besides awarding such compensation, order their release and direct that the fines and expenses leviable under this Act shall be paid by the person who made the seizure.

Release of cattle.

23. The compensation, fines and expenses mentioned in section twenty-two may be recovered as if they were fines imposed by the Magistrate.

Recovery of compensation.

CHAPTER VI.—*Penalties.*

24. Whoever forcibly opposes the seizure of cattle liable to be seized under this Act,

Penalty for forcibly opposing the seizure of cattle or rescuing the same.

and whoever rescues the same after seizure, either from a pound, or from any person taking or about to take them to a pound, such person being near at hand and acting under the powers conferred by this Act,

shall, on conviction before a Magistrate, be punished with imprisonment for a period not exceeding six months, or with fine not exceeding five hundred rupees, or with both.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭১। ৩১ জানুয়ারি।]

২১ ধারা। বাদী আপনি নালিশ করিবে কিম্বা তাহার যে কর্ম্মকারক নিজে সমস্ত বৃত্তান্ত জানে তাহারদ্বারা সেই নালিশ করা হইতে পারিবে। নালিশের আরজী না লিখিয়া অমনি মুখে করা যাইতে পারে, তাহা হইলে মাজিষ্ট্রেট সাহেব তাহার মর্ম্ম লিখিয়া লইবেন, কিম্বা ঐ নালিশ লিখিয়া দেওয়া যাইতে পারিবে।

নালিশ হইলে ইতিকর্তব্যতার কথা।

মাজিষ্ট্রেট সাহেব বাদিকে কি তাহার কর্ম্মকারককে জিজ্ঞাসা করিয়া সেই নালিশ সমূলক জানিবার কারণ দেখিলে, যে ব্যক্তির নামে নালিশ হইল তাহাকে ডাকাইয়া সেই বিষয়ের অনুসন্ধান লইবেন ইতি।

২২ ধারা। সেই গোমেষাদি ধরা বেআইনী কার্য্য এমত বিচার হইলে ঐ গোমেষাদি ধৃত হইয়া আটক রাখাতে বাদির যে ক্ষতি হইল মাজিষ্ট্রেট সাহেব যুক্তিমতে সেই ক্ষতিপূরণার্থে বাদির এক শত টাকার অনধিক পাইবার আজ্ঞা করিবেন। যে ব্যক্তি ঐ গোমেষাদি ধরিয়া আনে তাঁহারই সেই টাকা দিতে হইবে, তদ্ভিন্ন ঐ গোমেষাদিকে ছাড়াইবার জন্যে বাদির যত অর্থদণ্ড দিতে হইল ও যত খরচ হয় তাহাও তাহার দিতে হইবে।

বেআইনীমতে ধৃত হইলে ক্ষতিপূরণের কথা।

গোমেষাদি পূর্ব্বে ছাড়াইয়া না দেওয়া গেলে, মাজিষ্ট্রেট সাহেব ক্ষতিপূরণার্থ ঐ টাকা দিবার আজ্ঞাভিন্ন ঐ গোমেষাদি ছাড়াইয়া দিবার আজ্ঞা করিয়া, এই আইনমতে যে অর্থদণ্ড ও আহারাদির খরচ আদায় হইতে পারে, যে ব্যক্তি ধরিয়া আনিল তাহারই সেই অর্থদণ্ড ও খরচ দিবার আজ্ঞা করিবেন ইতি।

গোমেষাদিকে ছাড়িয়া দিবার কথা।

২৩ ধারা। ২২ ধারামতে যে ক্ষতিপূরণের ও অর্থদণ্ডের ও খরচের আজ্ঞা হয় তাহা মাজিষ্ট্রেট সাহেবের অবধারিত অর্থদণ্ডের ন্যায় আদায় হইতে পারিবে ইতি।

হানিপূরণের টাকা আদায় করিবার কথা।

ষষ্ঠ অধ্যায়।—দণ্ডের বিধি।

২৪ ধারা। এই আইনমতে যে গোমেষাদি ধরিয়া লওয়া যাইতে পারে, কোন ব্যক্তি বলপূর্ব্বক তাহা ধরিবার বাধা দিলে,

বলপূর্ব্বক গোমেষাদি ধরিবার বাধা করিলে কি কাড়িয়া লইলে তাহার দণ্ডের কথা।

কিম্বা তাহা ধরা গেলে পর তাহা খোঁয়াড়হইতে ছাড়াইয়া লইলে, কিম্বা যে ব্যক্তি গোমেষাদিকে খোঁয়াড়ে লইয়া যাইতেছে কি লইয়া যাইতে উদ্যত আছে সে নিকট থাকিয়া এই আইনের দত্ত ক্ষমতামতে কার্য্য করিতেছে এমন সময়ে কোন ব্যক্তি তাহার স্থানে তাহা ছাড়াইয়া লইলে,

মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে এই কথার প্রমাণ হইলে তাহার ছয় মাসপর্য্যন্ত কারাদণ্ড কিম্বা পাঁচ শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড কিম্বা ঐ দুই দণ্ড হইতে পারিবে ইতি।

Recovery of penalty for mischief committed by causing cattle to trespass.

25. Any fine imposed for the offence of mischief by causing cattle to trespass on any land may be recovered by sale of all or any of the cattle by which the trespass was committed, whether they were seized in the act of trespassing or not, and whether they are the property of the person convicted of the offence, or were only in his charge when the trespass was committed.

গোমেষাদিকে পরের ভূমিতে তাড়াইয়া দেওয়াতে যে হানি হয় তাহার দণ্ড আদায়ের কথা।

২৫ ধারা। কোন ব্যক্তি অপর ব্যক্তির ভূমিতে গোমেষাদিকে প্রবেশ করাইয়া হানি করিলে, সেই গোমেষাদি পরের ভূমিতে প্রবেশকরণ সময়েই কি তাহার পরে ধরা গেলেও, ও যে ব্যক্তির সেই হানি করণাপরাধ সপ্রমাণ হয় ঐ গোমেষাদি তাঁহারই হইলে কিম্বা পরের ভূমিতে প্রবেশকরণ সময়ে কেবল তাহার জিম্মায় থাকিলে যে গোমেষাদি পরের ভূমিতে প্রবেশ করিল সেই সকল কিম্বা তন্মধ্যে কোন২ পশু বিক্রয় হইয়া ঐ অপরাধের অর্থদণ্ড আদায় হইতে পারিবে ইতি।

Penalty for damage caused to land or crops or public roads by pigs.

26. Any owner or keeper of pigs, who, through neglect or otherwise, damages or causes or permits to be damaged any land, or any crop or produce of land, or any public road, by allowing such pigs to trespass thereon, shall, on conviction before a Magistrate, be punished with fine not exceeding ten rupees.

শূকরদ্বারা ভূমির কি ফসলের কি রাজপথের হানি হইলে দণ্ডের কথা।

২৬ ধারা। শূকরের স্বামী কি রক্ষক শৈথিল্যক্রমে কি প্রকারান্তরে শূকরদিগকে পরের ভূমিতে কি রাজপথে যাইতে দিয়া সেই ভূমির কিম্বা ভূমির উৎপন্ন কোন ফসলের কি চারাপ্রভৃতির কিম্বা রাজপথের হানি করিলে কি করাইলে কি করিতে দিলে, মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে প্রমাণ হইলে তাহার দশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইবে ইতি।

Penalty on pound-keeper failing to perform duties.

27. Any pound-keeper releasing or purchasing or delivering cattle contrary to the provisions of section nineteen, or omitting to provide any impounded cattle with sufficient food and water, or failing to perform any of the other duties imposed upon him by this Act, shall, over and above any other penalty to which he may be liable, be punished, on conviction before a Magistrate, with fine not exceeding fifty rupees.

Such fines may be recovered by deductions from the pound-keeper's salary.

খোঁয়াড়রক্ষক কর্ত্তব্য কর্ম্ম না করিলে তাহার দণ্ডের কথা।

২৭ ধারা। কোন খোঁয়াড়রক্ষক ১৯ ধারার বিধানের বিরুদ্ধে গোমেষাদিকে ছাড়িয়া দিলে কি ক্রয় করিলে কি ফিরিয়া দিলে, কিম্বা খোঁয়াড়ে বদ্ধ গোমেষাদিকে উপযুক্ত পরিমাণমতে আহার ও জল না দিলে, কিম্বা এই আইন দ্বারা তাহার প্রতি অন্য যে২ কর্ম্ম অর্পিত হয় তাহা না করিলে, তন্নিমিত্তে তাহার আর যে দণ্ড হইতে পারে তদ্ভিন্ন মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তাহার উক্ত কোন অপরাধের প্রমাণ হইলে তাহার ৫০৲ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইবে।

ঐ অর্থদণ্ড খোঁয়াড়রক্ষকের বেতনহইতে কাটিয়া লওয়া যাইতে পারিবে ইতি।

Application of fines recovered under section 25, 26 or 27.

28. All fines recovered under section twenty-five, section twenty-six or section twenty-seven may be appropriated in whole or in part as compensation for loss or damage proved to the satisfaction of the convicting Magistrate.

২৫, ২৬ ও ২৭ ধারামত অর্থদণ্ডের টাকা লইয়া যাহা করিতে হইবে তাহার কথা।

২৮ ধারা। মাজিষ্ট্রেট সাহেবের হৃদবোধমতে যত হানির প্রমাণ হয়, ২৫, ২৬ ও ২৭ ধারামতে অর্থদণ্ডের যে টাকা আদায় হয় তাহার সমুদয় কি তাহার কোন অংশ ঐ হানি পূরণার্থে দেওয়া যাইতে পারিবে ইতি।

CHAPTER VII.—*Suits for Compensation.*

সপ্তম অধ্যায়।—হানি পূরণার্থে মোকদ্দমার বিধি।

Saving of right to sue for compensation.

29. Nothing herein contained prohibits any person whose crops or other produce of land have been damaged by trespass of cattle, from suing for compensation in any competent Court.

কোন ব্যক্তির হানি পূরণের মোকদ্দমা করিবার অধিকারের কথা।

২৯ ধারা। গোমেষাদির প্রবেশ করণদ্বারা যে ব্যক্তির ভূমির উৎপন্ন ফসল কি চারাপ্রভৃতির হানি হয়, সে উপযুক্ত ক্ষমতাপন্ন আদালতে ঐ হানি পূরণ পাইবার মোকদ্দমা করিতে পারিবে। এই আইনের কোন কথাদ্বারা ইহার বাধা নাই ইতি।

[*Government Gazette, 31st January* 1871.]

30. Any compensation paid to such person under this Act by order of the convicting Magistrate, shall be set-off and deducted from any sum claimed by or awarded to him as compensation in such suit.

Set-off.

SCHEDULE.

(See section 2.)

Number and year.	Title of Act.
III of 1857 ...	An Act relating to trespasses by cattle.
V of 1860 ...	An Act to amend Act III of 1857 (relating to trespasses by cattle).
XXII of 1861 ...	An Act to amend Act III of 1857 (relating to trespasses by cattle).

WHITLEY STOKES,
Secy. to the Govt. of India.

৩০ ধারা। অপরাধ নির্ণায়ক মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞামতে ঐ ব্যক্তিকে এই আইনক্রমে হানিপূরণের টাকা দেওয়া গেলে পূর্ব্বোক্ত মোকদ্দমায় সে হানিপূরণ-স্বরূপ যত টাকা দাওয়া করে কিম্বা তাহার যত টাকা পাইবার আজ্ঞা হয়, মাজিষ্ট্রেট সাহেবের দত্ত ঐ টাকা তাহার মধ্যে ধরিয়া বাদ দিতে হইবে ইতি।

প্রতিকূল দাওয়ার কথা।

তফসীল।

(২ ধারা দেখ।)

নম্বর ও সাল	নাম
১৮৫৭ সা. ৩ আ.	ক্ষেত্রাদিতে গোমেষাদির প্রবেশকরণ বিষয়ক আইন
১৮৬০ সা ৫ আ.	১৮৫৭ সালের ৩ আইন (অর্থাৎ ক্ষেত্রা-দিতে গোমেষাদির প্রবেশকরণবিষয়ক আইন) সংশোধন করিবার আইন
১৮৬১ সা. ২২ আ.	১৮৫৭ সালের ৩ আইন (অর্থাৎ ক্ষেত্রাদি-তে গোমেষাদির প্রবেশকরণবিষয়ক আইন) সংশোধন করিবার আইন

উইটলি ষ্টোক্স,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

The following Act of the Governor General of India in Council received the assent of His Excellency the Governor General on the 20th January 1871, and is hereby promulgated for general information:—

ACT No. III OF 1871.

THE INDIAN PAPER CURRENCY ACT, 1871.

CONTENTS.

SECTION. *III.—Supply and Issue of Currency Notes.*

9. Head Commissioner to provide and distribute currency notes.
   Notes where payable.
10. Signatures to notes.
11. Issue of notes for silver.
   Proviso.
12. Issue of notes for gold.
13. Expense of melting and assaying bullion received for notes.
   Loss of weight.
14. Certificates for bullion.
   Contents of certificate.
15. Notes where legal tender.

IV.—Reserve.

16. Bullion received for notes to be kept as a reserve.
   Except amount fixed as minimum limit of circulation.
17. Investment of such amount.
   Appropriation of coin, bullion and securities.
   Sale or exchange of bullion and foreign coin.
18. Trustees of securities purchased under Act.
19. Power to sell such securities.
   Power to replace them.
20. Interest on such securities to be entered in a separate account.
   "Profits of Notes Circulation."
   Annual account.

V.—Private Bills payable to Bearer on Demand.

21. Prohibition of issue of private bills or notes payable to bearer on demand.
   Exception in favour of cheques.
22. Penalty for issuing such bills or notes.
   Prosecutions.
   Recovery of fines.

VI.—Miscellaneous.

23. Monthly abstracts of accounts.
24. Description of notes in indictments.
25. Supplementary powers of the Government of India.

ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় এই আইন শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ১৮৭১ সালের জানুআরি মাসের ২০ তারিখে অনুমোদন করিলে, তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

১৮৭১ সালের ৩ আইন।

ভারতবর্ষীয় নোট চলনবিষয়ক ১৮৭১ সালের আইন।

মর্ম্মের নির্ঘণ্টপত্র।

হেতুবাদ।

প্রথম অধ্যায়।—পরিভাষা।

ধারা।

১। সংক্ষেপ নামের কথা।
   যে২ স্থানে ব্যাপ্ত হইবে তাহার কথা।
   যে অবধি চলিবে তাহার কথা।
২। যে২ আইন রহিত হইল তাহার কথা।

দ্বিতীয় অধ্যায়।—প্রচলনের কর্ম্মবিভাগের বিধি।

৩। প্রচলনের কর্ম্মবিভাগের কর্ত্তব্য কার্য্যের কথা।
৪। প্রধান কমিশ্যনরের কথা।
   বোম্বাইয়ের ও মান্দ্রাজের কমিশ্যনরদের কথা।
৫। নোট চলনের চক্র নিরূপণ করিবার ক্ষমতার কথা।
৬। ডেপুটী কমিশ্যনরদের কথা।
৭। কমিশ্যনরেরা ও ডেপুটী কমিশ্যনরেরা যাঁহারদের অধীন থাকিবেন তাঁহারদের কথা।
৮। কর্ম্মকারকদের নিযুক্ত ও অল্পকাল কি চিরকাল অবসর করিবার কথা।

AN ACT TO CONSOLIDATE AND AMEND THE LAW RELATING TO THE GOVERNMENT PAPER CURRENCY.

গবর্ণমেন্টের নোট চলনবিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করণার্থ আইন।

Preamble. WHEREAS it is expedient to consolidate and amend the law relating to the Government Paper Currency; It is hereby enacted as follows :—

হেতুবাদ। গবর্ণমেন্টের নোট চলনবিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করা বিহিত এই হেতুক নিম্নলিখিত বিধান করা গেল।

I.—Preliminary.

প্রথম অধ্যায়।—পরিভাষা।

Short title. 1. This Act may be called "The Indian Paper Currency Act, 1871":

১ ধারা। সংক্ষেপ নামের কথা। এই আইন "ভারতবর্ষীয় নোট চলন বিষয়ক ১৮৭১ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে।

Local extent. It extends to the whole of British India;

যেং স্থানে ব্যাপ্ত হইবে তাহার কথা। এই আইন ব্রিটনীয় ভারতবর্ষের সমস্ত দেশে প্রচলিত হইবে।

Commencement. And it shall come into force on the passing thereof.

যে অবধি চলিবে তাহার কথা। ও বিধিবদ্ধ হইবার সময়াবধি প্রবল হইবে ইতি।

Acts repealed. 2. The Acts mentioned in the schedule hereto annexed are repealed.

যেং আইন রহিত হইল তাহার কথা। ২ ধারা। এই আইনের তফসীলে যে সকল আইনের উল্লেখ হইয়াছে তাহা রহিত করা গেল।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭১। ৩১ জানুআরি।]

All appointments made, rules prescribed, circles of issue established, notifications published, and notes issued under any such Act shall be deemed to be respectively made, prescribed, established, published and issued under this Act.

II.—The Department of Issue.

Functions of Department of Issue.

3. There shall continue to be a Department of the public service, to be called the Department of Issue, whose function shall be the issue of promissory notes of the Government of India payable to bearer on demand, for such sums, not being less than five rupees, as the Governor General in Council from time to time directs.

Head Commissioner.

Commissioners at Madras and Bombay.

4. At the head of such Department shall be an officer called the Head Commissioner of the Department of Issue, and two other officers, called, respectively, the Commissioner of the Department of Issue at Madras and the Commissioner of the Department of Issue at Bombay.

Power to establish Circles of Issue.

5. The Governor General in Council may from time to time, by order published in the *Gazette of India*,

establish Districts, to be called Circles of Issue, three of which circles shall include the Towns of Calcutta, Madras and Bombay, respectively,

appoint in each circle some one town to be the place of issue of notes, as hereinafter provided,

establish in such town an Office or Offices of Issue, and

declare that, for the purposes of this Act, any such town (other than Calcutta, Madras or Bombay) shall be deemed to be situate within such Presidency as is specified in the order.

Deputy Commissioners.

6. For each Circle of Issue other than those which include the Towns of Calcutta, Madras and Bombay, there shall be an officer called the Deputy Commissioner of Issue.

Subordination of Commissioners and Deputy Commissioners.

7. For the purposes of this Act, the Commissioners at Madras and Bombay shall be subordinate to the Head Commissioner:

উক্ত কোন আইনমতে যে নিয়োগ করা যায় ও যে বিধি নির্দ্দিষ্ট হয়, ও নোট চলিবার যেং চক্র নিরূপণ হয় ও যেং জ্ঞাপনপত্র প্রকাশ করা যায় ও যেং নোট প্রচলিত করা যায়, তৎসমুদয় এই আইনমতে করা গেল ও নির্দ্দিষ্ট ও নিরূপিত ও প্রকাশিত ও প্রচলিত হইল জ্ঞান হইবে ইতি

দ্বিতীয় অধ্যায়।—প্রচলনের কর্ম্মবিভাগের বিধি।

প্রচলনের কর্ম্মবিভাগের কর্ত্তব্য কার্য্যের কথা।

৩ ধারা। নোট প্রচলনের কর্ম্মবিভাগ নামে রাজকীয় কর্ম্মবিভাগ থাকিবে। তাহার কর্ম্ম এই। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়েং পাঁচ টাকার অন্যূন যত টাকার কাগজ করিবার আজ্ঞা করেন কোন ব্যক্তি তাহা উপস্থিত করিলে তাঁহাকে ঐ টাকা দেওয়া যাইবে, ঐ কর্ম্মবিভাগ ভারতবর্ষের গবর্ণমেণ্টের এই মর্ম্মের ঋণপত্র প্রচলিত করিবেন ইতি।

প্রধান কমিশ্যনরের কথা।

৪ ধারা। নোট প্রচলনের কর্ম্মবিভাগের প্রধান কমিশ্যনর নামে এক জন কর্ম্মকারক ঐ কর্ম্মবিভাগের প্রধান পদে থাকিবেন।

বোম্বাইয়ের ও মান্দ্রাজের কমিশ্যনরদের কথা।

এবং মান্দ্রাজে নোট প্রচলনের কর্ম্মবিভাগের কমিশ্যনর ও বোম্বাইয়ে নোট প্রচলনের কর্ম্মবিভাগের কমিশ্যনর নামে অন্য দুই জন কর্ম্মকারক থাকিবেন ইতি।

নোট চলনের চক্র নিরূপণ করিবার ক্ষমতার কথা।

৫ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়েং ইণ্ডিয়া গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশ করিয়া

নোট প্রচলনের দেশচক্র নামে প্রদেশ নিরূপণ করিবেন। কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই নগর লইয়া এই প্রকার তিনটি চক্র হইবে।

প্রত্যেক চক্রে নিম্নলিখিত বিধানানুসারে নোট প্রচলন করিবার স্থান বলিয়া একং নগর নিরূপণ করিবেন।

ও সেইং নগরে নোট প্রচলন করিবার এক কি অধিক কার্য্যালয় নিরূপণ করিবেন।

এবং ঐ অনুজ্ঞাপত্রে যে দেশ নির্দ্দিষ্ট থাকে, এই আইনের কার্য্যোপলক্ষে কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই নগরভিন্ন উক্ত কোন নগর সেই দেশের অন্তর্গত জ্ঞান হইবে এমত নির্দ্দেশ করিবেন ইতি।

ডেপুটী কমিশ্যনরদের কথা।

৬ ধারা। নোট প্রচলনের যে চক্রের মধ্যে কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই নগর থাকে তদ্ভিন্ন প্রত্যেক চক্রে নোট প্রচলন করিবার ডেপুটী কমিশ্যনর নামে একং জন কর্ম্মকারক নিযুক্ত হইবেন ইতি।

কমিশ্যনরেরা ও ডেপুটী কমিশ্যনরেরা যাঁহারদের অধীন থাকিবেন তাঁহাদের কথা।

৭ ধারা। এই আইনের কার্য্যোপলক্ষে মান্দ্রাজের ও বোম্বাইয়ের কমিশ্যনরেরা প্রধান কমিশ্যনর সাহেবের অধীন হইবেন।

the Deputy Commissioners in the Presidency of Fort William in Bengal shall be subordinate to the Head Commissioner; and

the Deputy Commissioners in the Presidencies of Fort St. George and Bombay shall be subordinate to the Commissioners of Madras and Bombay, respectively.

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন দেশের ডেপুটী কমিশ্যনরেরা প্রধান কমিশ্যনরের অধীন হইবেন। ও

ফোর্ট সেন্ট জর্জ রাজধানীর অধীন দেশের ডেপুটী কমিশ্যনরেরা মান্দ্রাজের কমিশ্যনরের ও বোম্বাই রাজধানীর অধীন দেশের ডেপুটী কমিশ্যনরেরা বোম্বাইয়ের কমিশ্যনরের অধীন হইবেন ইতি।

Appointment, suspension, and removal of officers.

8. All officers under this Act shall be appointed, and may be suspended or removed, by the Governor General in Council.

কর্ম্মকারকদের নিযুক্ত ও অল্পকাল কি চিরকাল অবসর করিবার কথা।

৮ ধারা। এই আইনমত সকল কার্য্যকারক মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্নর জেনরল সাহেবেরদ্বারা নিযুক্ত হইবেন ও তাঁহার দ্বারা কর্ম্মহইতে স্থগিত কি অবসৃত হইতে পারিবেন ইতি।

III.—Supply and Issue of Currency Notes.

তৃতীয় অধ্যায়।—নোট যুটাইবার ও প্রচলিত করিবার বিধি।

Head Commissioner to provide and distribute Currency notes.

9. The Head Commissioner of Issue shall provide promissory notes of the Government of India payable to bearer on demand, of the denominations prescribed under this Act, and shall supply the Commissioners at Madras and Bombay, and the several Deputy Commissioners with such notes as they require for the purposes of this Act.

প্রধান কমিশ্যনরের নোট যুটাইবার ও বণ্টন করিবার কথা।

৯ ধারা। এই আইনমতে যত টাকার নোট করা যায় কোন ব্যক্তি তাহা উপস্থিত করিলেই তাহাকে তত টাকা দেওয়া যাইবে ভারতবর্ষের গবর্ণমেন্টের এই মর্ম্মের ঋণপত্র বলিয়া সেই নোট প্রচলন করিবার প্রধান কমিশ্যনর তাহা প্রস্তুত করাইয়া এই আইনের কার্য্যোপলক্ষে মান্দ্রাজের ও বোম্বাইয়ের কমিশ্যনরদের এবং নানা স্থানের ডেপুটী কমিশ্যনরদের যত খানির প্রয়োজন থাকে তাঁহারদিগকে তত খানি যুটাইয়া দিবেন।

Notes where payable.

All such notes shall bear upon them the name of the town from which they are severally issu d, and shall be payable only—

at the Office or Offices of Issue of such town and

at the Presidency town of the Presidency within which such town is situate.

নোটের টাকা যেং স্থানে পাওয়া যাইবে তাহার কথা।

যে নোট যে নগরহইতে বাহির হয় তাহার নাম সেই নোটে লেখা থাকিবে ও ঐ নোটের টাকা

ঐ নগরের নোট প্রচলনের এক কি অধিক কার্য্যালয়ে পাওয়া যাইবে,

ও সেই নগর যে দেশের অন্তঃপাতি থাকে সেই দেশের রাজধানীতে পাওয়া যাইবে। অন্য স্থানে নয় ইতি।

Signatures to notes.

10. The name of the Head Commissioner, of either of the Commissioners, of a Deputy Commissioner, or of some other person authorized by the said Head Commissioner, or by either of the said Commissioners, to sign notes issued under this Act, shall be subscribed to every such note, and may be impressed thereon by machinery.

Names so impressed shall be taken to be valid signatures.

নোটে যাঁহার স্বাক্ষর থাকিবে তাঁহার কথা।

১০ ধারা। এই আইনমতে যে সকল নোট প্রচলন করা যায় তাহার প্রত্যেক নোটে প্রধান কমিশ্যনরের নাম কিম্বা অন্যতর কমিশ্যনরের কি ডেপুটী কমিশ্যনরের নাম, কিম্বা উক্ত প্রধান কমিশ্যনর কি উক্ত অন্যতর কমিশ্যনর অন্য যে ব্যক্তিকে স্বাক্ষর করিবার অনুমতি দেন তাঁহার নাম লেখা থাকিবে ও কলদ্বারা তাহাতে ছাপান যাইতে পারিবে।

তদ্রূপে নাম ছাপা হইলে তাহা সর্ব্বতোভাবে সিদ্ধ স্বাক্ষর বলিয়া জ্ঞান হইবে ইতি।

Issue of notes for silver.

11. The Head Commissioner, the Commissioners, and the Deputy Commissioners shall, in their respective Circles of Issue, on the demand of any person, issue from the Office or Offices of Issue established in their respective Circles, promissory notes of the Government of

রূপা লইয়া নোট দিবার কথা।

১১ ধারা। প্রধান কমিশ্যনর ও কমিশ্যনরগণ ও ডেপুটী কমিশ্যনরগণ নোট প্রচলনার্থ আপনং চক্রের মধ্যে কোন ব্যক্তির প্রার্থনামতে নিম্নলিখিত নিয়মানুসারে আপনং চক্রে স্থাপিত নোট প্রচলনের এক কি অধিক কার্য্যালয়হইতে ভারতবর্ষের গবর্ণমেন্টের ঋণগ্রহণপত্র অর্থাৎ নোট

India payable to bearer on demand, of the denominations prescribed under this Act, on the terms following:—

(*a*) in exchange for the amount thereof in current silver coin of the Government of India; or,

(*b*) in exchange for the amount thereof in silver bullion or foreign silver coin at the rate of nine hundred and seventy-nine rupees per one hundred and eighty thousand grains of silver fit for coinage and of the standard fineness prescribed by the Indian Coinage Act, 1870:

Proviso.

Provided that in all places where there is no Mint of the Government of India, any such Head Commissioner, Commissioner, or Deputy Commissioner may refuse to issue notes in exchange for silver bullion or foreign coin under this section.

Issue of notes for gold.

12. The Governor General in Council may from time to time, by order published in the *Gazette of India*, direct that notes to an extent to be specified in the order, not exceeding one-fourth of the total amount of issues represented by coin and bullion as herein provided, shall be issued at such Offices of Issue as are named in the order, in exchange for gold coin of full weight of the Government of India or for foreign gold coin or gold bullion, at the rates and according to the rules and conditions fixed by such order.

Expense of melting and assaying bullion received for notes.

13. The Head Commissioner, Commissioners, and Deputy Commissioners may require any bullion or foreign coin received under section eleven or section twelve to be melted and assayed.

Loss of weight.

Any loss of weight caused by such melting or assay shall be borne by the person tendering the bullion or coin.

Certificates for bullion.

14. Every person so tendering bullion or foreign coin and depositing it in any Office of Issue shall, after the expiration of the time necessary for melting and assaying the same, be entitled to receive therefor a certificate signed by the person authorized to issue the notes aforesaid.

Contents of certificate.

Such certificate shall—

(*a*) acknowledge the receipt of such bullion or foreign coin,

দিবেন। সেই নোটে যত টাকা নির্দ্দিষ্ট থাকে ঐ নোট বাহক চাহিলেই তাহাকে তত টাকা দেওয়া যাইবে, ঐ নোটে এই প্রতিজ্ঞা লেখা থাকিবে।

(ক) ভারতবর্ষের গবর্ণমেন্টের প্রচলিত রৌপ্য মুদ্রা লইয়া তত টাকার নোট দিবেন।

(খ) ভারতবর্ষীয় মুদ্রাবিষয়ক ১৮৭০ সালের আইনের নির্দ্দিষ্ট যে প্রকারের রূপাতে মুদ্রা করা যায় ও কষ্টিমতে বিশুদ্ধ সেই রূপা কিম্বা ভিন্ন দেশের রৌপ্য মুদ্রা ১৮০ হাজার রতি প্রতি ৯৭৯৲ টাকার হিসাবে লইয়া নোট দিবেন ইতি।

উপবিধি।

কিন্তু যেং স্থানে ভারতবর্ষের গবর্ণমেন্টের টাকশাল না থাকে সেইং স্থানে উক্ত প্রধান কমিশ্যনর ও কমিশ্যনর কিম্বা ডেপুটী কমিশ্যনর এই ধারামতে রূপা কি ভিন্নদেশীয় মুদ্রা লইয়া নোট দিতে অস্বীকার করিতে পারিবেন ইতি।

সোণা লইয়া নোট দিবার কথা।

১২ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়েং ইণ্ডিয়া গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশ করিয়া এই আজ্ঞা করিতে পারিবেন যে, নোট প্রচলনের যেং কার্য্যালয় সেই অনুজ্ঞাপত্রে নির্দ্দিষ্ট থাকে তন্মধ্যে ঐ অনুজ্ঞাপত্রে যেং মূল্য ও যেং বিধি ও নিয়ম নির্দ্ধার্য্য হয় সেইং মূল্যের হিসাবে ও সেই বিধি ও নিয়মানুসারে ভারতবর্ষীয় গবর্ণমেন্টের পূরা ওজনের সোণার মুদ্রা কি ভিন্ন দেশীয় সোণার মুদ্রা কিম্বা সোণা গৃহীত হইয়া তৎপরিবর্ত্তে যত টাকার নোট ঐ অনুজ্ঞাপত্রে নির্দ্দিষ্ট হয় তত টাকার নোট দেওয়া যাইবে। এই আইনের বিধানমতে মুদ্রার ও সোণার কি রূপার মূল্যানুরূপ সর্ব্বসুদ্ধ যত নোট প্রচলিত হয় তাহার চতুর্থাংশের অধিক দেওয়া যাইবে না ইতি।

নোটের নিমিত্ত যে রূপা কি সোণা লওয়া যায় তাহা গলাইবার ও পরখাই করিবার খরচের কথা।

১৩ ধারা। ১১ কি ১২ ধারামতে যে সোণা কি রূপা কি ভিন্নদেশীয় মুদ্রা লওয়া যায় প্রধান কমিশ্যনর ও কমিশ্যনরগণ ও ডেপুটী কমিশ্যনরগণ তাহা গলাইবার ও পরখাই করিবার আজ্ঞা দিতে পারিবেন।

ওজনের কমতির কথা।

গলাইতে কি পরখাই করিতে ওজনের যে কমতী হয়, যে ব্যক্তি ঐ সোণা কি রূপা কি মুদ্রা দেন তাঁহার সেই কমতীর ক্ষতি স্বীকার করিতে হইবে ইতি।

সোণার ও রূপার নিমিত্ত সর্টিফিকটের কথা।

১৪ ধারা। যে ব্যক্তি উক্ত প্রকারে সোণা কি রূপা কি ভিন্নদেশীয় মুদ্রা আনিয়া নোট প্রচলনের কোন কার্য্যালয়ে দেন, গলাইবার ও পরখাই করিবার উপযুক্ত সময় গত হইলে পর, তিনি তন্নিমিত্ত সর্টিফিকট পাইতে পারিবেন। যে ব্যক্তি ঐ নোট প্রচলন করিবার ক্ষমতা প্রাপ্ত হন তিনি ঐ সর্টিফিকটে স্বাক্ষর করিবেন।

সর্টিফিকটের মর্ম্মের কথা।

ঐ সর্টিফিকটে।—

(ক) ঐ সোণা কি রূপা কি ভিন্ন দেশীয় মুদ্রা প্রাপ্ত হওয়ার কথা,

(*b*) state the amount of notes issued under this Act, or of such notes and cash, to which the holder is entitled in exchange for such bullion or coin,

(*c*) state the interval on the expiration of which, if the certificate be presented to such office, the holder shall be entitled to receive such amount.

Notes where legal tender.

15. Within any of the said Circles of Issue a note issued under this Act from any Office of Issue in such Circle, shall be a legal tender to the amount expressed in such note, in payment or on account of—

any revenue or other claim to the amount of five rupees and upwards due to the Government of India,

any sum of five rupees and upwards due by the Government of India, or by any body corporate or person in British India:

Provided that no such note shall be deemed to be a legal tender by the Government of India at any Office of Issue.

IV.—Reserve.

Bullion received for notes to be kept as a reserve.

16. The whole amount of the coin and bullion received under this Act for notes shall be retained and secured as a reserve to pay such notes, with the exception of such an amount, not exceeding sixty millions of rupees, as the Governor General in Council, with the consent of the Secretary of State for India, from time to time fixes.

Except amount fixed as minimum limit of circulation.

Investment of such amount.

17. The amount so fixed shall be published in the *Gazette of India,* and the whole or such part thereof as the Governor General in Council from time to time fixes shall be invested in securities of the Government of India: the said coin, bullion and securities shall be appropriated and set apart to provide for the satisfaction and discharge of the said notes; and the said notes shall be deemed to have been issued on the security of such coin, bullion and securities, as well as on the general credit of the Government:

Appropriation of coin, bullion, and securities.

(খ) ঐ সোণার কি রূপার কি মুদ্রার পরিবর্ত্তে ঐ সর্টিফিকট প্রাপ্ত ব্যক্তি এই আইনমত কত টাকার নোট কিম্বা কত টাকার ঐ নোট ও কত টাকা নগদ পাইবেন এই কথা,

(গ) ও কত কাল গত হইলে পর ঐ সর্টিফিকট প্রাপ্ত ব্যক্তি ঐ কার্য্যালয়ে সর্টিফিকট আনিলে ঐ নোটপ্রভৃতি পাইতে পারেন এই কথা লেখা যাইবে ইতি।

নোট যেং স্থলে আইনমত মুদ্রা স্বরূপ চলিতে পারে তাহার কথা।

১৫ ধারা। নোট প্রচলনের উক্ত যে চক্রের কার্য্যালয়হইতে এই আইনমত নোট প্রচলিত হয় সেই চক্রের মধ্যে ঐ নোটের নির্দ্দিষ্ট টাকার পরিবর্ত্তে ঐ নোট আইনমত প্রচলিত টাকা স্বরূপ,

ভারতবর্ষের গবর্ণমেণ্টের পাওনা পাঁচ টাকার ও তাহার ঊর্দ্ধ সংখ্যার কোন রাজস্বের কি অন্য দাওয়ার নিমিত্ত,

ও ভারতবর্ষের গবর্ণমেণ্টের কিম্বা ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন সমাবায়িত সমাজের কিম্বা কোন ব্যক্তির দেনা পাঁচ টাকার কি তাহার ঊর্দ্ধ সংখ্যার টাকার নিমিত্ত লওয়া যাইতে পারিবে।

কিন্তু নোট প্রচলনের কোন কার্য্যালয়ে তদ্রূপ নোট ভারতবর্ষের গবর্ণমেণ্টের আইনমতে দত্ত টাকা জ্ঞান হইবে না ইতি।

চতুর্থ অধ্যায়।—সঞ্চিত টাকার বিধি।

নোটের পরিবর্ত্তে যে সোণা কি রূপা পাওয়া যায় তাহা সঞ্চয় করিয়া রাখিবার কথা।

১৬ ধারা। এই আইনঅনুসারে নোটের পরিবর্ত্তে যত মুদ্রা ও যত সোণা ও রূপা পাওয়া যায়, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়েং ভারতবর্ষের পক্ষ শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের অনুমতিক্রমে ৬,০০,০০,০০০ টাকার অনূন্য যত টাকা নিরূপণ করেন তদ্ভিন্ন উক্ত সকল টাকা ঐ নোটের পরিশোধার্থে সঞ্চিত করিয়া রাখা যাইবে ইতি।

কিন্তু প্রচলিত নোটের অতি ন্যূন যে সীমা নির্দ্ধারিত হয় তাহা বর্জিত হওয়ার কথা।

ঐ টাকা লইয়া যাহা করা যাইবে তাহার কথা।

১৭ ধারা। উক্ত প্রকারে কত টাকা নিরূপিত হইবে তাহা ইণ্ডিয়া গেজেটে প্রকাশ করা যাইবে। সেই সমস্ত টাকা কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়েং তাহার যে অংশ নিরূপণ করেন তাহা লইয়া ভারতবর্ষের গবর্ণমেণ্টের সিক্যুরিটী ক্রয় করা যাইবে। উক্ত মুদ্রা ও সোণা ও রূপা ও সিক্যুরিটী ঐ সকল নোটের টাকার পরিশোধ করিবার নিমিত্তে প্রয়োগ করা যাইবে ও স্বতন্ত্র রাখা যাইবে। এবং উক্ত সকল নোট সেই মুদ্রা ও সোণা রূপা ও সিক্যুরিটীর প্রাতিভাব্যে ও গবর্ণমেণ্টের সাধারণ বিশ্বস্ততার উপর নির্ভর করিয়া প্রচলিত হইতেছে জ্ঞান হইবে।

মুদ্রা ও সোণা ও রূপা ও সিক্যুরিটী যে কর্ম্মে প্রয়োগ করা যাইবে তাহার কথ

Sale or exchange of bullion and foreign coin.

Provided that any silver bullion or foreign coin received under this Act may be sold or exchanged for silver coin, of the Government of India, and that any gold coin or bullion received under this Act may be sold or exchanged for silver coin or bullion to be so appropriated and set apart instead of the gold coin or bullion.

সোণা ও রূপা ও ভিন্ন-দেশীয় মুদ্রা বিক্রয় করিবার ও বিনিময়ে দিবার কথা।

পরন্তু এই আইনমতে যে রূপা কি ভিন্ন দেশীয় মুদ্রা পাওয়া যায় তাহা ভারতবর্ষের গবর্ণমেন্টের রৌপ্য মুদ্রা লইয়া বিক্রয় হইতে পারিবে কি তাহার বিনিময়ে লওয়া যাইতে পারিবে। এবং এই আইনমতে যে সোণা কি সোণার মুদ্রা পাওয়া যায় তাহা রূপার মুদ্রা কি রূপা লইয়া বিক্রয় হইতে পারিবে ও তাহার বিনিময়ে লওয়া যাইতে পারিবে ও তাহা সেই সোণার মুদ্রার কি সোণার পরিবর্ত্তে প্রয়োগ করা যাইবে ও স্বতন্ত্র রাখা যাইবে।

For the purposes of this section, silver bullion and coin shall be rated at ninety-eight rupees per eighteen thousand grains of standard fineness, and gold bullion and coin at the rates fixed by the Governor General in Council under section twelve.

এই ধারার কার্য্যের উপলক্ষে কষ্টিমতে শুদ্ধ ১৮০০০ রত্তির রূপা ও রূপার মুদ্রার ৯৮৲ টাকা মূল্য ধরা যাইবে। এবং মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ১২ ধারামতে যে মূল্য নিরূপণ করেন সোণার ও সোণার মুদ্রার সেই মূল্য নিরূপণ হইবে ইতি।

Trustees of securities purchased under Act.

18. The Government securities so purchased shall be held by the Head Commissioner and the Master of the Mint at Calcutta in trust for the Secretary of State for India in Council.

এই আইনমতে যে সিক্যুরিটী ক্রয় করা যায় তাহার ট্রষ্টীদের কথা।

১৮ ধারা। যে গবর্ণমেন্ট সিক্যুরিটী উক্ত প্রকারে ক্রয় করা যায়, তাহা ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের নিমিত্ত প্রধান কমিশ্যনর সাহেবের এবং কলিকাতার টাকশালের অধ্যক্ষ সাহেবের নিকট ন্যাসস্বরূপ থাকিবে ইতি।

Power to sell such securities.

19. The Head Commissioner may, at any time when ordered so to do by the Governor General in Council, sell and dispose of any portion of the above-mentioned limited amount of Government securities.

তদ্রূপ সিক্যুরিটী বিক্রয় করিবার ক্ষমতার কথা।

১৯ ধারা। পূর্ব্বোক্ত সীমানুসারে যত টাকার গবর্ণমেন্ট সিক্যুরিটী থাকে প্রধান কমিশ্যনর সাহেব মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আজ্ঞা পাইলে, কোন সময়ে তাহার কোন অংশ বিক্রয় করিয়া হস্তান্তর করিতে পারিবেন।

Power to replace them.

For the purpose of effecting such sales, the Master of the Mint at Calcutta shall, on a request in writing from the Head Commissioner, at all times sign and endorse such Government securities, and the said Head Commissioner, if so directed by the Governor General of India in Council, may purchase Government Securities to replace such sales.

তৎপরিবর্ত্তে গবর্ণমেন্টের সিক্যুরিটী ক্রয় করিবার কথা।

ঐ সিক্যুরিটী বিক্রয় করিবার নিমিত্তে, কলিকাতার টাকশালের অধ্যক্ষ সাহেব প্রধান কমিশ্যনর সাহেবের লিখিত আদেশপত্র পাইয়া কোন সময়ে ঐ গবর্ণমেন্ট সিক্যুরিটীতে স্বাক্ষর করিয়া তাহার পৃষ্ঠলিপি করিতে পারিবেন। এবং উক্ত প্রধান কমিশ্যনর সাহেব মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আজ্ঞা প্রাপ্ত হইলে, ঐ বিক্রীত সিক্যুরিটীর পরিবর্ত্তে গবর্ণমেন্টের অন্য সিক্যুরিটী ক্রয় করিয়া রাখিতে পারিবেন ইতি।

Interest on such securities to be entered in a separate account.

20. The interest accruing due on the securities purchased and held under this Act shall be entered in a separate account, to be annually rendered by the Head Commissioner to the Governor General in Council.

ঐ সিক্যুরিটীর উপর সুদের স্বতন্ত্র হিসাব রাখিবার কথা।

২০ ধারা। এই আইনমতে যে সিক্যুরিটী ক্রয় করিয়া রাখা যায় তাহার উপর যত টাকা সুদ হয় তাহা স্বতন্ত্র হিসাব খাতায় লেখা যাইবে। প্রধান কমিশ্যনর সাহেব মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবকে বৎসর২ সেই হিসাব দিবেন।

"Profits of Notes Circulation."

The amount of such interest shall from time to time, as it becomes due, be paid to the credit of the Government of India, under the head of "Profits of Notes Circulation."

প্রচলিত নোটের লভ্যের কথা।

ঐ সুদ সময়ে২ পাওনা হইলে "প্রচলিত নোটের লভ্যের" খাতায় ভারতবর্ষের গবর্ণমেন্টের নামে জমা হইবে।

[*Government Gazette*, 31*st January* 1871.]

and an account showing the amount of such profits and of the charges and expenses incidental thereto shall be made up and published annually in the *Gazette of India.*

Annual account

উক্ত প্রকারে যত টাকা লাভ হয় ও তদ্ঘটিত যত টাকা খরচ হয় ইহারও হিসাব করিয়া বৎসরং ইণ্ডিয়া গেজেটে প্রকাশ করা যাইবে ইতি।

বার্ষিক হিসাবের কথা।

V.—Private Bills payable to Bearer on Demand.

পঞ্চম অধ্যায়।—কোন বিলের টাকা চাহিলেই দেওয়া যাইবে সাধারণ লোকেরা এই মর্ম্মের যে হুণ্ডী দেন তাহার বিধি।

21. No body corporate or person in British India shall draw, accept, make or issue any bill of exchange, hundi, promissory note or engagement for the payment of money payable to bearer on demand, or borrow, owe, or take up any sum or sums of money on the bills, hundis or notes payable to bearer on demand, of any such body corporate or of any such person.

Prohibition of issue of private bills or notes payable to bearer on demand

২১ ধারা। "এই পত্র উপস্থিত করিবামাত্র তাহার টাকা দেওয়া যাইবে" ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন সমাবায়িত সমাজ কি কোন ব্যক্তি এই মর্ম্মের কোন বিল অফ একুসচেঞ্জ কি হুণ্ডী কি ঋণপত্র কি অঙ্গীকারপত্র লিখিবেন না ও স্বীকার করিবেন না ও করিবেন না ও প্রচলিত করিবেন না এবং "উপস্থিত করিবামাত্র ইহার টাকা দেওয়া যাইবে" কোন ব্যক্তি কোন সমাবায়িত সমাজের কি অন্য ব্যক্তির এই মর্ম্মের বিলের কি হুণ্ডীর কি নোটের উপর কোন টাকা কর্জ্জ কি ধার বলিয়া লইবেন না ও গ্রহণ করিবেন না।

যে হুণ্ডী কি ঋণপত্র উপস্থিত করিবামাত্র ইহার টাকা দেওয়া যাইবে এমত হুণ্ডী প্রভৃতি দিবার নিষেধ।

Provided that cheques or drafts payable to bearer on demand or otherwise, may be drawn on bankers, shroffs, or agents, by their customers or constituents, in respect of deposits of money in the hands of such bankers, shroffs, or agents, and held by them at the credit and disposal of the persons drawing such cheques or drafts.

Exception in favour of cheques

কিন্তু কোন বণিকের কি মহাজনের কি গোমাশ্তার হাতে কোন ব্যক্তির টাকা থাকিলে ও ঐ ব্যক্তির চ্যাক কি বরাৎ উপস্থিত করিবা-"মাত্র সেই টাকা দেওয়া যাইবে এই নিয়ম থাকিলে, এই পত্র উপস্থিত করা গেলেই কি কএক দিন পিছে ইহার টাকা দিতে হইবে" ঐ বণিকের কি মহাজনের কি গোমাশ্তার সঙ্গে লিপ্ত বন্ধুবাদি কোন ব্যক্তি এই মর্ম্মের চ্যাক কি বরাৎ দিতে পারিবেন ইতি।

চ্যাকের বিষয়ে বর্জ্জিত কথা।

22. Any body corporate or person committing any offence under section twenty-one shall, on conviction before a Magistrate of Police or a person exercising the full powers of a Magistrate, be punished with a fine equal to the amount of the bill, hundi, note or engagement in respect whereof the offence is committed.

Penalty for issuing such bills or notes

২২ ধারা। কোন সমাবায়িত সমাজ কি কোন ব্যক্তি ২১ ধারার উল্লিখিত অপরাধ করিলে যে বিলঅফ একুসচেঞ্জের কিম্বা হুণ্ডীর কি ঋণপত্রের কি অঙ্গীকারপত্রের বিষয়ে সেই অপরাধ করেন পোলীসের মাজিষ্ট্রেটের কিম্বা মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতা প্রাপ্ত কোন ব্যক্তির সম্মুখে প্রমাণ হইলে ঐ পত্রের লিখিত টাকার মূল্য তাহার অর্থদণ্ড হইতে পারিবে।

ঐরূপ প্রকারের হুণ্ডী কি নোট দিবার দণ্ডের কথা।

Every prosecution under this section shall be instituted by the Head Commissioner, Commissioner, or Deputy Commissioner, as the case may be, of the Circle of Issue in which such bill, hundi, note or engagement is drawn, accepted, made or issued.

Prosecutions

নোট প্রচলনের যে চক্রের মধ্যে ঐ বিল কি হুণ্ডী কি ঋণপত্র কি অঙ্গীকারপত্র লেখা হয় কি স্বীকার করা যায় কি করা যায় কি দেওয়া যায় সেই চক্রের প্রধান কমিশ্যনর কিম্বা বিষয়বিশেষে কমিশ্যনর কি ডেপুটী কমিশ্যনর এই ধারামত অভিযোগ উপস্থিত করিবেন।

অভিযোগের কথা।

All fines imposed under this section may be recovered, if for offences committed outside the local limits of the Presidency towns, in the manner prescribed by the Code of Criminal Procedure, and, if for offences committed within those limits, in the manner prescribed by any Act regulating the Police of those towns in force for the time being.

Recovery of fines

এই ধারামতে যে অর্থদণ্ডের আজ্ঞা হয়, অপরাধ রাজধানীর সীমার বহির্ভূত স্থানে করা গেলে সেই অর্থদণ্ড ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের নির্দ্দিষ্টমতে আদায় করা যাইবে। ঐ সীমার অন্তর্গত স্থানে ঐ অপরাধ করা গেলে ঐ নগরের পোলীসের কর্ম্মবিধায়ক যে আইন যে সময়ে প্রবল থাকে অর্থদণ্ড সেই আইনের নির্দ্দিষ্টমতে আদায় হইবে ইতি।

অর্থদণ্ড আদায়ের কথা।

[গবর্নমেন্ট গেজেট। ১৮৭১। ৩১ জানুআরি।]

VI.—Miscellaneous.

23. An abstract of the accounts of the Department of Issue showing—

Monthly abstracts of accounts.

(*a*) the whole amount of notes in circulation,

(*b*) the amount of coin and bullion reserved, distinguishing gold from silver, and

(*c*) the amount of the Government Securities held by the said Department,

shall be made up monthly in Calcutta, and published as soon as may be in the *Gazette of India.*

24. All notes issued under this Act shall be deemed to be promissory notes of the Government of India, and may be described as promissory notes of the Government of India in all indictments, and in criminal and civil proceedings.

Description of notes in indictments.

25. The Governor General in Council may from time to time, by notification in the *Gazette of India*—

Supplementary powers of the Government of India.

(1) fix the amounts (not being less than five rupees) for which notes shall be issued under this Act,

(2) alter the limits of any of the said Circles of Issue,

(3) declare the places at which notes shall be issued under this Act,

(4) fix the rates, rules and conditions at and according to which gold may be taken in exchange for Government promissory notes issued under this Act,

(5) fix the charge for melting and assaying bullion and foreign coin received for such notes,

(6) fix the interval on the expiration of which holders of certificates under section fourteen shall be entitled to receive such notes,

(7) regulate any matters relative to Paper Currency which are not provided for by this Act,

(8) revoke or alter any notification previously made under this Act.

Every such notification shall come into force on the day therein in that behalf mentioned, and shall have effect as if it were enacted in this Act:

Provided that no notification under clause (4) of this section shall have effect until six months have elapsed from the date of its appearance in the *Gazette of India.*

[*Government Gazette*, 31*st January* 1871.]

ষষ্ঠ অধ্যায়।—বিবিধ বিধি।

২৩ ধারা। নোট প্রচলনের কর্ম্মবিভাগের হিসাবের সারলিপি কলিকাতায় মাসে২ প্রস্তুত হইয়া সাধ্যমতে ত্বরায় ইণ্ডিয়া গেজেটে প্রকাশ করা যাইবে।

হিসাবের মাসিক চুম্বক।

(ক) যত খানি নোট প্রচলন আছে,

(খ) সোণার ও রূপার যত মুদ্রা ও যত সোণা ও যত রূপা সঞ্চিত আছে,

(গ) উক্ত কর্ম্মবিভাগের হাতে গবর্ণমেণ্টের যত সিকুরিটী আছে, ঐ হিসাবে এই২ কথা লেখা যাইবে ইতি।

২৪ ধারা। এই আইনমতে যত নোট প্রচলিত হয় তাহা ভারতবর্ষের গবর্ণমেণ্টের ঋণগ্রহণপত্র জ্ঞান হইবে এবং অভিযোগপত্রে ও ফৌজদারী ও দেওয়ানী আদালতের আনুষ্ঠানিক সকল কার্য্যে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ঋণপত্র বলিয়া বর্ণীত হইতে পারিবে ইতি।

অভিযোগপত্রে নোটের বর্ণনা।

২৫ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে সময়ে২ জ্ঞাপনপত্র প্রকাশ করণপূর্ব্বক,

ভারতবর্ষের গবর্ণমেণ্টের পরিশিষ্ট ক্ষমতার কথা।

(১) এই আইনমতে ৫৲ টাকার অন্যূন যত২ টাকার নোট প্রচলন করা যাইবে তাহা নিরূপণ করিবেন।

(২) নোট প্রচলনের উক্ত কোন চক্রের সীমার পরিবর্ত্তন করিতে পারিবেন।

(৩) এই আইনমত নোট যে২ স্থানে প্রচলিত হইবে তাহা নির্দ্দেশ করিতে পারিবেন।

(৪) গবর্ণমেণ্টের এই আইনমতে প্রচারিত ঋণপত্রের বিনিময়ে যে২ নিয়ম ও যে বিধিমতে সোণা গ্রহণ হইতে পারিবে তাহা নিরূপণ করিতে পারিবেন।

(৫) ঐ নোটের বিনিময়ে সোণা কি রূপা কিম্বা ভিন্নদেশীয় মুদ্রা গলাইবার ও পরখাই করিবার যত খরচ ধরিতে হইবে তাহা নিরূপণ করিতে পারিবেন।

(৬) যাঁহারা ১৪ ধারামতে সর্টিফিকট পান তাঁহারা কত দিন গত হইলে ঐ নোট পাইতে পারিবেন তাহা নিরূপণ করিতে পারিবেন।

(৭) এই আইনে প্রচলিত নোটসম্পর্কীয় যে২ বিষয়ের বিধান করা যায় নাই তাহা করিতে পারিবেন।

(৮) এই আইনমত যে জ্ঞাপনপত্র প্রকাশ করা যায় তাহা পশ্চাৎ অন্যথা কি পরিবর্ত্তন করিতে পারিবেন।

তদ্রূপ প্রত্যেক জ্ঞাপনপত্র প্রচলিত হইবার যে দিন ঐ পত্রে নির্দ্দিষ্ট হয় তাহা সেই দিন অবধি প্রবল হইয়া এই আইনে বিধিবদ্ধ হওয়ার ন্যায় বলবৎ হইবে।

কিন্তু এই ধারার ৪ প্রকরণমতে যে জ্ঞাপনপত্র প্রকাশ করা যায় তাহা ইণ্ডিয়া গেজেটে প্রকাশ হইবার পর ছয় মাস গত না হইলে বলবৎ হইবে না ইতি।

SCHEDULE.

Number and year of Act	Title.
XIX of 1861	An Act to provide for a Government Paper Currency.
XXIV of 1861	An Act to enable the Banks of Bengal, Madras and Bombay to enter into arrangements with the Government for managing the issue, payment and exchange of Government Currency Notes and certain business hitherto transacted by the Government Treasuries
I of 1866	An Act to amend Act XIX of 1861 (*to provide for a Government Paper Currency*)
XXX of 1867	An Act to amend Act XIX of 1861 (*to provide for a Government Paper Currency*)
XV of 1870	An Act for the further amendment of Act No XIX of 1861

WHITLEY STOKES,
Secy. to the Govt. of India.

তফসীল।

আইনের সাল ও নম্বর।	আখ্যা।
১৮৬১ সা. ১৯ আ.	গবর্ণমেণ্টের নোট চালাইবার বিধান করিবার আইন।
১৮৬১ সা. ২৪ আ.	গবর্ণমেণ্টের নোট চালাইবার ও দিবার ও ভাঙ্গাইবার কার্য্য ও অন্য যেং কার্য্য পূর্ব্বাবধি গবর্ণমেণ্টের ট্রেজরী-তে করা যাইত তাহা চালাইবার বি-ষয়ে গবর্ণমেণ্টের সঙ্গে বন্দোবস্ত করি-তে বাঙ্গাল ও মান্দ্রাজ ও বোম্বাই ব্যাঙ্কে ক্ষমতা দিবার আইন।
১৮৬৬ সা. ১ আ.	গবর্ণমেণ্টের নোট চালাইবার বিধান করণার্থ ১৮৬১ সালের ১৯ আইন সং-শোধন করিবার আইন।
১৮৬৭ সা ৩০ আ	গবর্ণমেণ্টের নোট চালাইবার বিধান করণার্থ ১৮৬১ সালের ১৯ আইন সং-শোধন করিবার আইন।
১৮৭০ সা. ১৫ আ	১৮৬১ সালের ১৯ আইন আরো সংশো-ধন করিবার আইন।

উইৎলি ষ্টোক্স
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

Government of Bengal.

LEGISLATIVE DEPARTMENT.

THE following Act of the Lieutenant-Governor of Bengal in Council received the assent of His Honor on the 7th January 1871, and having been assented to by His Excellency the Governor General on the 16th idem, is hereby promulgated for general information:—

ACT No. I OF 1871.

An Act to amend the Village Chowkeedaree Act, 1870.

Preamble.

WHEREAS it is expedient to amend the provisions of the Village Chowkeedaree Act, 1870; It is enacted as follows:—

Act not to apply till chowkeedar appointed.

I. Nothing in the said Act shall be held to repeal the provisions of section XXI, Regulation XX of 1817, in any village or union until a chowkeedar shall have been appointed therein under the provisions of the said Act.

Punchayet in certain cases to make assessment within one month.

II. Whenever a punchayet shall have been appointed in any village the Magistrate may direct that such punchayet shall, within one month after their ap-

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

বঙ্গদেশের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত লেফ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৭১ সালের জানুআরি মাসের ৭ তারিখে উক্ত মান্যবরের এই আইন অনুমোদন করিলেন এবং মহিমবর শ্রীযুত গবর্ণর জেনেরল সাহেব ঐ মাসের ১৬ তারিখে তাহা অনুমোদন করাতে সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

১৮৭১ সালের ১ আইন।

১৮৭০ সালের গ্রাম্য চৌকীদারী আইন সংশোধনার্থ আইন।

হেতুবাদ।

১৮৭০ সালের গ্রাম্য চৌকীদারী আইনের বিধান সংশোধন করা বিহিত, এই হেতুক নিম্নলিখিত বিধান করা গেল।

চৌকীদার নিযুক্ত না হইলে আইনের বিধান না বর্ত্তিবার কথা।

১ ধারা। উক্ত আইনের বিধানমতে কোন গ্রামে কি গ্রামসমাহারে যতকাল চৌকীদারকে নিযুক্ত না করা যায়, ততকাল এই আইনের কোন কথাক্রমে ১৮১৭ সালের ২০ আইনের ২১ ধারার বিধান রহিত হইল এমত জ্ঞান করিতে হইবে না ইতি।

স্থলবিশেষে এক মাসের মধ্যে পঞ্চায়তের কর ধার্য্য করিবার কথা।

২ ধারা। কোন গ্রামে পঞ্চায়ৎ নিযুক্ত হইলে, মাজিষ্ট্রেট সাহেব ঐ পঞ্চা-য়ৎকে এই আদেশ করিতে পারিবেন যে, ঐ গ্রামে যে ব্যক্তিরা চৌকীদারী কর

pointment, make an assessment for the residue of the year according to the year current in the village upon the persons liable to the payment of the chowkeedaree rate in such village, and shall enter the same in a list containing the particulars required to be set forth in the list mentioned in section XVI of the said Act. Such list shall, on its completion, be forthwith published in some conspicuous part of the said village.

Assessment to take effect within fifteen days.

III. Every assessment so made shall commence and take effect upon the expiration of fifteen days from the publication of such list.

Effect of assessment.

IV. Every such assessment shall be deemed to be an assessment made in pursuance of the provisions of the said Act, and the amounts thereby assessed may be collected and enforced accordingly.

Rate payable quarterly instead of monthly.

V. In section XXI of the said Act VI of 1870, the word "quarterly" shall be substituted for the word "monthly," and in sections XXI and XXVI the word "quarter" shall be substituted for the word "month," wherever such word occurs in the said sections; and the said sections shall be read and construed as if the words hereby directed to be substituted had been originally inserted in place of the words for which they are hereby respectively directed to be substituted.

New clause substituted for clause 6 of section XXXIX of Act VI of 1870.

VI. In section XXXIX of the said Act the following clause shall be substituted for clause six thereof: "He shall supply any local information which the Magistrate or any Officer of Police or any other Officer thereunto authorized by an order in writing of the Lieutenant-Governor may require;" and the said section shall be read and construed as if the said clause had been originally inserted therein in place of the clause for which it is hereby directed to be substituted.

Construction of Act.

VII. This Act shall be read with and as part of the said Act VI of 1870.

J. PITT KENNEDY,

Asst. Secy. to the Govt. of Bengal,
Legislative Department.

[*Government Gazette, 31st January* 1871.]

দিবার যোগ্য লোক হয়, পঞ্চায়ৎ নিযুক্ত হইবার পর এক মাসের মধ্যে তাঁহারদের ঐ গ্রামের চলিত সন অনুসারে বৎসরের অবশিষ্ট কএক দিনের ঐ কর ধার্য্য করিয়া নির্ঘণ্টপত্রে লেখেন। ঐ আইনের ১৬ ধারার নির্ঘণ্টপত্রে যেং বৃত্তান্ত লিখিবার আদেশ আছে তাহা সেই নির্ঘণ্টপত্রে লিখিতে হইবে। ঐ নির্ঘণ্টপত্র প্রস্তুত হইলে অগোণে ঐ গ্রামের কোন প্রকাশস্থানে প্রচার করিতে হইবে ইতি।

ঐ নির্ঘণ্টপত্রের কার্য্য ১৫ দিনের মধ্যে সফল হইবার কথা।

৩ ধারা। উক্ত প্রকারে যে কর ধার্য্য হয় তাহা ঐ নির্ঘণ্টপত্র প্রকাশ হইবার সময়াবধি পঞ্চদশ দিনের পরেই প্রচলিত হইয়া প্রবল হইবে ইতি।

কর ধার্য্য করিবার ফলের কথা।

৪ ধারা। উক্ত প্রকারে যে কর ধার্য্য হয় তাহা উক্ত আইনের বিধান অনুসারে নির্দ্ধারিত কর জ্ঞান হইবে ও তন্মধ্যে যত টাকা ধার্য্য হয় তাহা তদনুক্রমে আদায় ও বলক্রমে গ্রহণ করা যাইতে পারিবে ইতি।

মাসেং কর না দিয়া তিনং মাসে দিবার কথা।

৫ ধারা। ১৮৭০ সালের উক্ত ৬ আইনের ২১ ধারার এবং ২৬ ধারার "মাসের" ও "মাসেং" এইং শব্দ যেং স্থানে থাকে সেইং স্থানে সেই শব্দের পরিবর্ত্তে "তিনং মাসের" ও "তিনং মাসে" এই কথা পাঠ করিতে হইবে। এবং এই ধারাক্রমে যেং কথা ত্যাগ করিয়া যে কথা প্রয়োগ করিবার আদেশ হইল, প্রথমেই উক্ত দুই ধারায় সেইং শব্দ প্রয়োগ থাকার ন্যায় সেই দুই ধারা পাঠ করিতে ও তাহার অর্থ করিতে হইবে ইতি।

১৮৭০ সালের ৬ আইনের ৩৯ ধারার ৬ প্রকরণের স্থলে নূতন প্রকরণের কথা।

৬ ধারা। উক্ত আইনের ৩৯ ধারার ৬ প্রকরণের স্থলে এই প্রকরণ পাঠ করিতে হইবে, "মাজিষ্ট্রেট সাহেব কিম্বা পোলীসের কোন কর্ম্মকারক কিম্বা তৎপক্ষে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের লিখিত আজ্ঞাক্রমে অন্য যে কার্য্যকারক ক্ষমতাপন্ন হন তিনি গ্রামের যে সন্ধান জানাইবার আদেশ করেন তাহা জানাইবেন।" এবং এই ধারাক্রমে উক্ত প্রকরণ ত্যাগ করিয়া যে প্রকরণ দিবার আদেশ হইল প্রথমেই সেই প্রকরণ থাকার ন্যায় উক্ত ধারা পাঠ করিতে ও তাহার অর্থ করিতে হইবে ইতি।

এই আইনের অর্থের কথা।

৭ ধারা। এই আইন ১৮৭০ সালের উক্ত ৬ আইনের সহিত তাহার অংশ বলিয়া পাঠ করিতে হইবে ইতি।

জে পিট কেনেডি,

ব্যবস্থাপন কর্ম্মবিভাগে বঙ্গদেশের গবর্ণমেণ্টের
আসিষ্টাণ্ট সেক্রেটারী।

THE following Act of the Lieutenant-Governor of Bengal in Council received the assent of His Honor on the 7th January 1871, and having been assented to by His Excellency the Governor General on the 16th idem, is hereby promulgated for general information:—

ACT No. II OF 1871.

An Act to amend the procedure for the recovery of arrears of Land Revenue in respect of tenures not being estates.

Preamble.

WHEREAS it is expedient to amend the procedure for the recovery of arrears of land revenue in respect of tenures not being estates; It is enacted as follows:—

Construction of Act.

Act VII of 1868 passed by the Lieutenant-Governor of Bengal in Council shall be read and construed as if in place of section XI thereof the following section was inserted and substituted:—

Power to sell tenures.

"XI. Whenever any revenue payable to Government in respect of any tenure not being an estate shall be in arrear after the latest day of payment fixed in the manner prescribed in section III of Act XI of 1859, the Collector to whom such revenue is payable may cause the tenure to be sold in the manner and subject to the provisions in and by the said Act XI of 1859 provided for the sale of estates for the recovery of arrears of revenue, and the Collector shall apply the purchase money arising from such sale according to the provisions of section XXXI of the said Act XI of 1859, except that the residue, if any, shall be held in deposit on account of the holder of the tenure and not on account of the proprietor of the estate; and every such Collector shall, upon every such sale of any tenure being final and conclusive, give to the purchaser thereof such certificate of title thereof as is provided in section XXVIII of the said Act XI of 1859 with respect to estates. Provided that no tenure shall be sold for the recovery of arrears of revenue other than those of the current year or of the year immediately preceding, nor for the recovery of arrears of revenue due by tenures under attachment by order of any judicial authority, unless and until after a notification in the language of the district, specifying the nature and amount of the arrear and the latest date on which payment thereof shall be received, shall have been fixed for a period of not less than fifteen clear days preceding the date fixed for payment according to sec-

বঙ্গদেশের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ১৮৭১ সালের জানুআরি মাসের ৭ তারিখে উক্ত মান্যবরের এই আইন অনুমোদন করিলেন এবং মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ঐ মাসের ১৬ তারিখে তাহা অনুমোদন করাতে সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

১৮৭১ সালের ২ আইন।

মহালভিন্ন ভূসম্পর্কের বাকী রাজস্ব আদায় করণের কার্য্যপ্রণালী সংশোধনার্থ আইন।

হেতুবাদ।

মহালভিন্ন ভূসম্পর্কের বাকী রাজস্ব আদায় করণের কার্য্যপ্রণালী সংশোধন করা বিহিত, এই হেতুক নিম্নলিখিত বিধান করা গেল।

আইনের অর্থ করণের কথা।

বঙ্গদেশের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রণীত ১৮৬৮ সালের ৭ আইনের ১১ ধারার স্থানে ও তৎপরিবর্ত্তে নিম্নলিখিত ধারা দিয়া উক্ত আইন পাঠ করিতে ও তাহার অর্থ করিতে হইবে।

ভূসম্পর্ক বিক্রয় করিবার ক্ষমতার কথা।

"১১ ধারা। রাজস্ব দিবার যে শেষ দিন ১৮৫৯ সালের ১১ আইনের ৩ ধারার নির্দ্দিষ্টমতে নিরূপণ করা যায়, সেই দিনের পর মহালভিন্ন কোন ভূসম্পর্কের নিমিত্ত গবর্ণমেন্টের রাজস্ব বাকী থাকিলে ঐ রাজস্ব যে কালেক্টর সাহেবকে দেওয়া গিয়া থাকে, মহালের বাকী রাজস্ব আদায়ের জন্যে ১৮৫৯ সালের উক্ত ১১ আইনেতে ও তৎক্রমে সেই মহাল বিক্রয় করিবার যে নিয়ম ও বিধান হইয়াছে তিনি তদনুসারে ঐ ভূসম্পর্কও বিক্রয় করাইতে পারিবেন। এবং কালেক্টর সাহেব ঐ বিক্রয়োৎপন্ন টাকা লইয়া ১৮৫৯ সালের উক্ত ১১ আইনের ৩১ ধারার বিধানানুসারে কার্য্য করিবেন। বিশেষ এই, কিছু টাকা উদ্বর্ত্ত থাকিলে তাহা ভূম্যধিকারির নিমিত্তে আমানৎ না রাখিয়া ঐ ভূসম্পর্কের ভাগি ব্যক্তির নিমিত্তে আমানৎ রাখা যাইবে। এবং সেই ভূসম্পর্কের বিক্রয় চূড়ান্ত ও সিদ্ধান্ত হইলে ১৮৫৯ সালের উক্ত ১১ আইনের ২৮ ধারাতে মহাল সংক্রান্ত যে বিধান আছে উক্ত কালেক্টর সাহেব সেই বিধানানুসারে ঐ ভূমির ক্রেতাকে অধিকারের সর্টিফিকট দিবেন। কিন্তু ১৮৫৯ সালের উক্ত ১১ আইনের ৩ ধারামতে বাকী রাজস্ব দিবার যে তারিখ নির্দ্দিষ্ট হইল তৎপূর্ব্ব অন্যূন পঞ্চদশ দিন থাকিতে, কি প্রকারের ও কত টাকা বাকী আছে ও তাহা শেষ যে তারিখে গ্রাহ্য হইতে পারিবে, এই মর্ম্মের জ্ঞাপনপত্র জিলার চলিত ভাষায় কালেক্টর সাহেবের কাছারীতে কিম্বা অন্য যে কার্য্যকারক এই আইনের বিধানমতে নীলাম করিতে ক্ষমতাপন্ন হন তাঁহার কাছারীতে এবং যে ভূমির ইশ্‌তিহার হইল তাহা যে জজ সাহেবের বিচারাধীন স্থানে থাকে তাঁহার আদালতে, ও উক্ত জ্ঞাপনপত্র যে ভূমি সম্বন্ধীয় হয় তাহা যে মহকুমায় থাকে সেই মহকুমার মুনসেফী আদালতে ও পোলীস থানায়, কিম্বা ঐ ভূমি দুই কি তদধিক মুনসেফের আদালতের কি পোলীস থানার অধীন স্থানের মধ্যে থাকিলে, উক্ত এক

tion III of Act XI of 1859, in the office of the Collector or other Officer duly authorized to hold sales under this Act, in the court of the Judge within whose jurisdiction the land advertised lies, and in the Moonsiff's court and police thannah of the division in which the tenure to which the notification relates, is situated, or if the tenure be situated within the jurisdiction of more than one Moonsiff's court or police thannah, in some one or more of such courts or thannahs, and also at the cutcherry of the malgoozar or owner of the tenure, or at some conspicuous place upon the tenure, the same to be certified by the peon or other person employed for the purpose."

J. Pitt Kennedy,
Asst. Secy. to the Govt. of Bengal,
Legislative Department.

কিম্বা অধিক আদালতে কি থানায়, এবং ঐ ভূমির মাল গুজারের কি স্বামির কাছারীতে কিম্বা ঐ ভূমির কোন প্রকাশ স্থানে লটকান না গেলে চলিত সনের কিম্বা তাহার অব্যবহিত পূর্ব্ব সনের বাকীভিন্ন অন্য বাকী রাজস্বের নিমিত্তে, অথবা কোন আদালতের আজ্ঞা-ক্রমে ক্রোক অবস্থায় থাকিলে তাহার বাকী রাজস্বের নিমিত্তে কোন ভূসম্পার্ক বিক্রয় হইতে পারিবে না। যে পেয়াদা কিম্বা অন্য যে ব্যক্তি ঐ জ্ঞাপনি প্রকাশ করিতে নিযুক্ত হন তিনি ঐ জ্ঞাপনপত্র প্রকাশ হইবার সর্টিফিকট দিবেন ইতি।

জে পিট কেনেডি,
ব্যবস্থাপন কর্ম্মবিভাগে বঙ্গদেশের গবর্ণমেণ্টের
আসিষ্টান্ট সেক্রেটারী।

The following Bill was read in the Council of the Lieutenant-Governor of Bengal for the purpose of making Laws and Regulations on the 7th January 1871, and was referred to a Select Committee with instructions to report thereon after the 11th February 1871 :—

A Bill better to provide for Embankments and Drainage.

Whereas it is expedient that provision should be made for the better supervision and protection of embankments and drainage in the territories subject to the Lieutenant-Governor of Bengal; It is enacted as follows :—

Repeal of Act.

I. The Regulations and Acts and portions of Regulations and Acts in the Schedule hereto are repealed.

Interpretation.

II. The following words shall, for the purposes of this Act, have the meanings hereby declared, save where from the context a contrary intention appears :—

"Embankment."

The word "Embankment" includes every bank, dam, wall, and dyke made or used for excluding water from, or for retaining water upon any land, and every sluice, spur, groyne, training wall, or other work annexed to or portion of any such embankment, and every bank, dam, dyke, wall, groyne, or spur made or erected for the protection of any such embankment or of any land from erosion or overflow by or of rivers, tides, waves, or waters.

আইনের এই পাণ্ডুলিপি ১৮৭১ সালের জানুআরি মাসের ৭ তারিখে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ মন্ত্রিসভায় পঠিত হইয়া মনোনীত কমিটির প্রতি অর্পিত হইল। ও তা-হারদের প্রতি ১৮৭১ সালের ফেব্রুআরি মাসের ১১ তারিখের পর তদ্বিষয়ে রিপোর্ট করিবার আদেশ হই য়াছে।

বাঁধের ও পয়নালার সুবিধান করণার্থ আইনের পাণ্ডুলিপি।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসিত দেশের অন্তর্গত বাঁধের ও পয়নালার আরো উত্তমরূপে তত্ত্বাবধারণ ও সুরক্ষা করিবার বিধান করা বিহিত, এইহেতুক নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

যেং আইন রহিত হইল তাহার কথা।

১ ধারা। এই আইনের তপসীলে যেং আইনের এবং আইনের যেং অংশের উল্লেখ হইয়াছে তাহা রহিত করা গেল ইতি।

অর্থকরণের ধারা।

২ ধারা। এই আইনের কার্য্যপক্ষে মূল পাঠের পূর্ব্বাপর কথাদ্বারা বিপরীত ভাব প্রকাশ না হইলে এই ধারার যে কথার যে অর্থ নির্দ্দেশ হইয়াছে সেই কথার সেই অর্থ ধরিতে হইবে।

"বাঁধ।"

কোন ভূমিতে জল না আইসে অথবা বাহির না হয় এই কারণে যে বাঁধ ও জাঙ্গাল ও পোস্তা ও পুলবন্দি করা যায় কি ব্যবহৃত হয়, এবং তদ্রূপ কোন বাঁধে যে জলদ্বার কি ভিত্তি কি কাষ্ঠময় বেড়া কি প্রাকার কি অন্য বিষয় সংযুক্ত কিম্বা সেই বাঁধের একাংশস্বরূপ হয়, এবং নদীর কি স্রোতের কি ঢেউর কি জলের দ্বারা তদ্রূপ কোন বাঁধের ক্ষয় না হয় কি ঐ নদ্যাদি ছাপিয়া না যায় এই নিমিত্তে ঐ বাঁধের কি ভূমির রক্ষার জন্যে যে বাঁধ ও জাঙ্গাল ও পুলবন্দি ও পোস্তা ও কাষ্ঠময় বেড়া ও ভিত্তি করা যায় কি গাঁথা যায়, "বাঁধ" শব্দের মধ্যে তাহাও গণ্য।

The words "Public Embankment" mean an embankment maintained or to be maintained by the Officers of Government whether at the public expense or at the expense of private persons.

"Public Embankment."

রাজকীয় খরচে কিম্বা সাধারণ ব্যক্তিদের খরচে গবর্ণমেণ্টের কার্য্যকারকদের দ্বারা যে বাঁধের রক্ষা হয় কি রক্ষা করা যাইবে "রাজকীয় বাঁধ" শব্দে সেই বাঁধ বুঝাইবে।

রাজকীয় বাঁধ।

The words "The Engineer" mean the Superintending Engineer of the Circle in which any embankment is situate.

"The Engineer."

দেশের যে চক্রমধ্যে বাঁধ থাকে সেই চক্রে যিনি সুপারিণ্টেণ্ডিং ইঞ্জিনিয়র হন "ইঞ্জিনিয়র" শব্দে তাঁহাকে বুঝাইবে।

ইঞ্জিনিয়র।

The word "Collector" shall mean any Collector, Deputy Collector, or other Revenue Officer in independent charge of any district or portion of a district, or specially appointed by the Lieutenant-Governor of Bengal to perform the functions of a Collector under this Act.

"Collector."

"কালেক্টর" শব্দে কোন কালেক্টর সাহেবকে ও ডেপুটী কালেক্টরকে ও রাজস্বের যে কার্য্যকারক কোন জিলায় কি জিলার কোন অংশে স্বাধীন ক্ষমতাপন্ন হন তাঁহাকে ও এই আইনমতে যিনি বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবকর্ত্তৃক কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করণার্থে বিশেষমতে নিযুক্ত হন তাঁহাকে বুঝাইবে।

কালেক্টর।

The word "Land" includes benefits to arise out of land and things attached to the earth or permanently fastened to anything attached to the earth.

"Land."

ভূমিহইতে যে উপকার উৎপন্ন হয় ও মৃত্তিকায় যেং বিষয় সংলগ্ন থাকে ও মৃত্তিকাতে সংলগ্ন বিষয়ে যেং দ্রব্য দৃঢ়মতে বদ্ধ থাকে "ভূমি" শব্দের মধ্যে তাহাও গণ্য।

ভূমি।

The word "Judge" shall mean the Judicial Officer having original Civil Jurisdiction in the place where the acts giving a claim for compensation shall have occurred, in respect of the amount claimed.

"Judge."

যে ক্রিয়ার উপলক্ষে হানি পূরণ পাইবার দাওয়া উপস্থিত হয় সেই ক্রিয়া যৎস্থানে করা যায়, তৎস্থানে দাবির মূল্য বিবেচনায় যে বিচারপতির প্রথমস্থলীয় দেওয়ানী বিচারাধিপত্য থাকে "জজ" শব্দে তাঁহাকে বুঝাইবে ইতি।

জজ।

III. The Engineer may cause any embankment which connects public embankments, or forms by junction with them part of a line of embankments, or is necessary for the protection or drainage of the neighbouring country, to be taken charge of and kept up by the Officers of Government.

Power to take charge of embankments.

৩ ধারা। কোন বাঁধদ্বারা রাজকীয় বাঁধের সংযোগ হইলে, কিম্বা সংযুক্ত হওন দ্বারা কোন বাঁধ রাজকীয় বাঁধের সংঙ্গে একটানা হইলে, কিম্বা পার্শ্ববর্ত্তিদেশের রক্ষার কি জলনির্গমনের নিমিত্তে আবশ্যক হইলে, ইঞ্জিনিয়র সাহেব সেই বাঁধের অধ্যক্ষতা ও রক্ষা করণের ভার গবর্ণমেণ্টের কার্য্যকারকদের দ্বারা গ্রহণ করাইতে পারিবেন ইতি।

বাঁধের অধ্যক্ষতা কার্য্য গ্রহণের ক্ষমতার কথা।

IV. The Engineer may cause to be removed any permanent or temporary embankment which endangers the stability of a public embankment or any obstruction of any kind which interferes with the general drainage of any tract of land.

Power to remove embankments and obstructions.

৪ ধারা। চিরকাল কিম্বা কিয়ৎকাল স্থায়ি কোন বাঁধদ্বারা রাজকীয় কোন বাঁধের স্থায়িত্বের হানি হইতে পারিলে কিম্বা কোন দ্রব্যদ্বারা ভূমিহইতে সাধারণ জল নির্গমনের বাধা হইলে ইঞ্জিনিয়র তাহা উঠাইয়া দিতে পারিবেন ইতি।

বাঁধ ও বাধকদ্রব্য স্থানান্তর করিবার ক্ষমতার কথা।

V. The Engineer may when necessary change the line of any public embankment, or make a new embankment.

Power to change line of embankment.

৫ ধারা। ইঞ্জিনিয়র আবশ্যকমতে কোন বাঁধ অন্যমুখ করিতে কিম্বা নূতন বাঁধ করিতে পারিবেন ইতি।

বাঁধ অন্য মুখ করিবার কথা।

VI. The Engineer may enlarge any public embankment, and do all acts necessary and proper for the maintenance thereof.

Power to enlarge and maintain embankment.

৬ ধারা। ইঞ্জিনিয়র কোন রাজকীয় বাঁধ বৃদ্ধি করিতে পারিবেন এবং তাহার রক্ষার জন্যে যেং কার্য্য আবশ্যক ও উচিত হয় তাহা করিতে পারিবেন ইতি।

বাঁধ বৃদ্ধি করিয়া রক্ষা করিবার কথা।

VII. He may also construct any new embankments or dig any new channel or improve any existing water-course which may be required for the protection or drainage of any land.

Power to make new embankments and drains.

VIII. Save as hereinafter is provided, the Engineer, before causing any of the works mentioned in Sections III, IV, V, VI and VII, or any of them to be executed, shall give notice in writing to the Collector of the district of his intention so to do. Upon the receipt of such notice the Collector shall cause a proclamation to be issued, incorporating the substance of the notice and calling upon all persons interested, who may be desirous of showing cause against the execution of such works, to appear before him on a certain day to be named therein.

Before commencing any work, notice to be given and proclamation issued.

The proclamation shall be published by affixing the same in the Cutcherry of the Collector, the Mal Cutcherry (if any) of the estate on which the works are intended to be executed, and on some conspicuous spot in the neighbourhood thereof. The proclamation shall be published not less than fifteen days before the day appointed for hearing the parties interested.

Publication of proclamation.

IX. The Collector shall hear the objections of any parties who may appear, and after recording any evidence which they may adduce, shall communicate the objections that may be made, together with his opinion thereon, to the Engineer. If the Engineer agree in opinion with the Collector, he shall pass an order accordingly. If he differ from the Collector the case shall be referred to the Commissioner of Revenue, who shall pass such orders thereon as he may deem fit.

Hearing of objections to work.

X. Every such order passed by the Engineer shall be appealable to the Commissioner of Revenue, and every order of the Commissioner shall be appealable to the Board of Revenue, but no appeal shall lie against any order passed under this Section unless the same be presented within one month from the date of the order.

Appeal from orders made on objection.

XI. Subject to the right of appeal above mentioned, and to the orders and control of Government, every order passed under this section shall be final and shall not be open to revision by any Civil Court,

Orders to be final.

[*Government Gazette*, 31*st January* 1871.]

৭ ধারা। কোন ভূমির রক্ষার কিম্বা জলনির্গমনের নিমিত্তে আবশ্যক হইলে তিনি নূতন বাঁধ করিতে ও নূতন নালা কাটিতে ও বর্তমান পয়নালা উৎকৃষ্ট করিতে পারিবেন ইতি।

নূতন বাঁধ ও পয়নালা করিবার কথা।

৮ ধারা। নিম্নলিখিত বর্জ্জিত স্থলভিন্ন অন্য স্থলে ইঞ্জিনিয়র ৩, ৪, ৫, ৬, ও ৭ ধারার কিম্বা উক্ত অন্যতর ধারার উল্লিখিত কোন কার্য্য করিতে প্রবর্ত্ত হইবার পূর্ব্বে জিলার কালেক্টর সাহেবকে আপনার সেই কার্য্য করিবার কল্পনার নোটিস লিখিয়া জানাইবেন। কালেক্টর সাহেব ঐ নোটিস পাইলে ঐ নোটিসের মর্ম্মঘটিত ঘোষণাপত্র প্রচার করাইয়া, সেই বিষয়ের স্বার্থযুক্ত কোন ব্যক্তি ঐ কার্য্য করিবার আপত্তি দর্শাইতে চাহিলে তাঁহাকে ঐ ঘোষণাপত্রের নির্দ্দিষ্ট দিনে আপনার সম্মুখে উপস্থিত হইবার আদেশ করিবেন ইতি।

কোন কার্য্যে প্রবর্ত্ত হইবার পূর্ব্বে নোটিস দিবার ও ঘোষণা করিবার কথা।

কালেক্টর সাহেবের কাছারীতে, এবং যে মহালে সেই কার্য্য করিবার কল্পনা থাকে সেই মহালের মাল কাছারী থাকিলে ঐ কাছারীতে, ও তাহার নিকটবর্ত্তি কোন প্রকাশ স্থানে ঐ ঘোষণাপত্র লটকাইয়া প্রচার করা যাইবে। স্বার্থযুক্ত ব্যক্তিদের আপত্তি শুনিবার যে দিন নিরূপণ হয় তাহার পূর্ব্ব অন্যূন পঞ্চদশ দিন থাকিতে ঐ ঘোষণাপত্র প্রচার করা যাইবে ইতি।

ঘোষণাপত্র প্রচার করিবার কথা।

৯ ধারা। কোন ব্যক্তিরা উপস্থিত হইলে কালেক্টর সাহেব তাঁহারদের আপত্তি শুনিয়া ও তাঁহারা কোন প্রমাণ উপস্থিত করিলে সেই প্রমাণ লিপিবদ্ধ করিয়া ঐ আপত্তি ও তদ্বিষয়ে আপনার যে মত থাকে তাহা ইঞ্জিনিয়রকে জানাইবেন। ইঞ্জিনিয়র কালেক্টর সাহেবের মতে সম্মত হইলে তদনুযায়ি আজ্ঞা করিবেন। সম্মত না হইলে সেই বিষয় রাজস্বের কমিশ্যনর সাহেবের প্রতি অর্পিত হইবে। তিনি তদ্বিষয়ের যে আজ্ঞা বিহিত বোধ করেন করিবেন ইতি।

উক্ত কার্য্যের আপত্তি শুনিবার কথা।

১০ ধারা। ইঞ্জিনিয়র তদ্রূপ যে আজ্ঞা করেন তাহার উপর রাজস্বের কমিশ্যনর সাহেবের নিকট আপীল হইতে পারিবে। কমিশ্যনর সাহেবের প্রত্যেক আজ্ঞার উপর রেবিনিউ বোর্ডে আপীল হইতে পারিবে। কিন্তু ঐ আজ্ঞা হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে আপীল করা না গেলে এই ধারামতে কোন আজ্ঞার উপর আপীল হইতে পারিবে না ইতি।

আপত্তির উপর যে আজ্ঞা হয় তাহার উপর আপীল হইবার কথা।

১১ ধারা। পূর্ব্বোক্ত আপীল করিবার অধিকারবশে ও গবর্ণমেণ্টের আজ্ঞার ও কর্ত্তৃত্বের অধীনে, উক্ত ধারামতে যে আজ্ঞা হয় তাহা চূড়ান্ত হইবে, কোন দেওয়ানী আদালতে তাহার

আজ্ঞা চূড়ান্ত হইবার কথা।

and shall be conclusive as to the necessity of any works ordered to be executed.

Proceedings to be taken for acquisition of lands.

XII. In case for the purposes of any of such works it may be necessary to take any lands the property of any person, proceedings under the provisions of Act X. of 1870, passed by the Governor General of India in Council, or any other law for the time being governing the acquisition of lands for public purposes, shall, save in the cases mentioned in Section XIII, be taken for the acquisition of such lands.

Power to take proceedings in emergent cases without previous notice.

XIII. Whenever the Engineer may be of opinion that the proceedings commenced by notice under Section VIII or XVIII of this Act would cause delay, in the exercise of the powers by Sections III, IV, V, VI, VII, and XIX or by any of them conferred on him, likely to be attended with grave and imminent danger to life or property, it shall be lawful for him to proceed to exercise such powers without giving any such notice as in Section VIII is mentioned, or in case such notice shall have been given, without waiting until the time appointed by any proclamation under the said Section for hearing the parties interested. Provided however that he shall forthwith give to the Collector notice of his intention to act under this Section, and that such proceedings and enquiries shall be thereupon had as in and by Sections VIII, IX, X, XI, and XII are directed to be had upon any notice given in pursuance of the said Section VIII.

Power to re-construct embankments.

XIV. Whenever, upon an enquiry had under the provisions, of the Section next preceding, it shall appear to the Commissioner that anything done by the Engineer was unnecessary, the embankments or drainage shall, so far as any alteration thereof shall appear to be unnecessary, be at the expense of the Government restored to the state in which they were when the Engineer shall have commenced to exercise the powers conferred on him by Section XIII, and any person who shall have sustained loss, damage, or injury by the execution of such works shall receive compensation, to be assessed and imposed according to the provisions contained in Part II of this Act.

Expense of embankments how to be levied.

XV. Whenever the Engineer shall hereafter cause an embankment which any person is bound to keep up, to be taken charge of by

পুনর্বিচারিত হইতে পারিবে না। এবং যে কর্ম্ম সাধন করিবার আজ্ঞা করা যায় সেই কর্ম্মের আবশ্যকতা বিষয়ে ঐ আজ্ঞা সিদ্ধান্ত প্রমাণ হইবে ইতি।

ভূমি গ্রহণের কার্য্যানুষ্ঠানের কথা।

১২ ধারা। পূর্ব্বোক্ত কোন কার্য্য করিবার নিমিত্তে কোন ব্যক্তির অধিকারগত ভূমি লওয়ার আবশ্যক হইলে, ১৩ ধারার লিখিত স্থলভিন্ন মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনেরল সাহেবের প্রণীত ১৮৭০ সালের ১০ আইনের কিম্বা রাজকীয় কার্য্যের নিমিত্তে ভূমি গ্রহণ বিষয়ক অন্য যে আইন যৎকালে প্রবল থাকে সেই আইনের বিধানানুসারে ঐ ভূমি গ্রহণ করা যাইবে ইতি।

অত্যাবশ্যক স্থলে নোটিস না দিয়া কার্য্যানুষ্ঠানের কথা।

১৩ ধারা। এই আইনের ৩, ৪, ৫, ৬, ৭ ও ১৯ ধারা কিম্বা তন্মধ্য কোন ধারাক্রমে ইঞ্জিনিয়রের প্রতি যে ক্ষমতা প্রদান করা গিয়াছে ৮ কি ১৮ ধারামত নোটিস দেওনপূর্ব্বক কার্য্যানুষ্ঠান করিতে হইলে তাঁহার সেই ক্ষমতামতে কার্য্য করিবার বিলম্ব প্রযুক্ত প্রাণের ও সম্পত্তির গুরুতর ও আসন্ন সঙ্কট সম্ভাবনা তাঁহার এমত বিবেচনা হইলে, তিনি ৮ ধারার উল্লিখিত নোটিস না দিয়া, কিম্বা ঐ নোটিস পূর্ব্বে দেওয়া গিয়া থাকিলে ঐ ধারামত ঘোষণাপত্র দ্বারা স্বার্থযুক্ত ব্যক্তিদের আপত্তি শুনিবার নিরূপিত সময়ের অপেক্ষা না করিয়া, সেই ক্ষমতামতে কার্য্য করিতে প্রবর্ত্ত হইবার সক্ষম হইবেন। পরন্তু কালেক্টর সাহেবকে এই ধারামতে তাঁহার কার্য্য করিবার কল্পনার নোটিস দিবেন। এবং উক্ত ৮ ধারামতে নোটিস দেওয়া গেলে পর ঐ ৮, ৯, ১০, ১১ ও ১২ ধারামতে যে কার্য্যানুষ্ঠান করিতে ও যে অনুসন্ধান লইতে হইবে ঐ নোটিস দেওয়া গেলে সেই কার্য্যানুষ্ঠান হইবে ও সেই অনুসন্ধান করা যাইবে ইতি।

বাঁধ পুনশ্চ করিবার ক্ষমতার কথা।

১৪ ধারা। ইহার পূর্ব্ব ধারার বিধানমতে অনুসন্ধান লওয়া গেলে যদি কমিশ্যনর সাহেব ইঞ্জিনিয়রের কৃত কোন কর্ম্ম অনাবশ্যক জ্ঞান করেন, তবে বাঁধ কি পয়নালার পরিবর্ত্তন করা যত দূর অনাবশ্যক বোধ হইল, তত দূর তাহার পুনশ্চ পূর্ব্বাবস্থা করা যাইবে, অর্থাৎ ১৩ ধারামতে ইঞ্জিনিয়রের প্রতি যে ক্ষমতা প্রদান করা গেল তাঁহার সেই ক্ষমতামতে কার্য্য করিতে প্রবর্ত্ত হইবার প্রাক্‌কালে ঐ বাঁধের কি পয়নালার যে অবস্থা ছিল গবর্ণমেণ্টের খরচে তাহার পুনর্ব্বার সেই অবস্থা করা যাইবে। ও সেই কার্য্যের দ্বারা কোন ব্যক্তির হানি কি ক্ষতি কি অপকার হইলে তিনি সেই হানিপূরণ পাইবেন। এই আইনের দ্বিতীয় অধ্যায়ের বিধানমতে তাহার হানিপূরণের টাকা নিরূপিত ও নির্দ্ধারিত হইবে ইতি।

বাঁধের খরচ যে প্রকারে দেওয়া যাইবে তাহার কথা।

১৫ ধারা। কোন বিশেষ ব্যক্তির যে বাঁধ রক্ষা করা কর্ত্তব্য ইঞ্জিনিয়র এতৎপরে সেই বাঁধ গবর্ণমেণ্টের কর্ম্মকারকদের অধ্যক্ষতায়

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭১। ৩১ জানুআরি।]

the Officers of Government, the expense of keeping up such embankment shall be charged to such person.

Compensation for injury from removal of obstruction.

XVI. Wherever the removal of any obstruction may cause injury or loss to any person being the owner of the property upon which such obstruction may exist, or possessing by prescriptive grant or otherwise a right to cause the erection or maintenance of such obstruction, compensation for such removal, to be ascertained under the provisions of Part II of this Act, shall be paid to the person suffering such injury or loss.

Occupiers of lands to keep drainage channels clean.

XVII. Every occupier of any land through which a channel, serving the purpose of carrying off the drainage from the interior of any tract and having an outlet, may pass, or upon which any such channel not being more than   feet wide may abut, shall keep such channel, so far as it passes through or abuts upon such land, or cause the same to be kept, clear to the level of the floor of such outlet.

Proclamation to clear channels to be issued.

XVIII. If any person bound to keep clear any channel or repair any embankment shall not cause such channel to be kept clear or such embankment to be repaired, the Engineer shall give notice in writing to the Collector of the District of the necessity of clearing such channel or repairing such embankment, and the Collector shall on receipt of such notice cause a proclamation to be issued incorporating the substance of such notice and requiring the persons bound to clear such channel or repair such embankment forthwith to cause such channel to be cleared or such embankment to be repaired, and every such proclamation shall be published in the manner in Section VIII provided for the proclamation in such Section mentioned.

In default of occupiers Engineers may clear drainage channels.

XIX. If any person liable to clear such channel or to repair such embankment shall neglect or refuse to clear the same, the Engineer shall, after the expiration of the time mentioned in such proclamation, proceed with all convenient speed to have the necessary clearances or reparations made at the expense of the persons under the provisions of this Act bound to clear such channel or repair such embankment.

Costs of clearing channels to be levied from persons bound to clear them.

XX. The Engineer shall forward a memorandum of the cost of such clearances or reparations to the Collector, and the amount in such memoran

অর্পণ করাইলে, সেই বাঁধ রক্ষা করিবার খরচ সেই ব্যক্তির স্থানে লওয়া যাইবে ইতি।

বাধক দ্রব্য উঠাইয়া দেওনের দ্বারা হানি হইলে তৎপূরণের কথা।

১৬ ধারা। কোন ব্যক্তির সম্পত্তির মধ্যে বাধাজনক দ্রব্য থাকিলে কিম্বা বহুকালীন দানক্রমে কি প্রকারান্তরে তাঁহার ঐ বাধাজনক দ্রব্য করিবার কি রাখিবার অধিকার থাকিলে যদি সেই দ্রব্য উঠাইয়া দেওয়াতে তাঁহার কোন ক্ষতি কি অপকার হইয়া থাকে, তবে এই আইনের দ্বিতীয় অধ্যায়ের বিধানমতে ঐ হানি কি ক্ষতিগ্রস্ত ব্যক্তির হানি নিরূপণ হইয়া তাঁহার হানিপূরণ করা যাইবে ইতি।

জলনির্গমনের নালা ভূমিভোগিদের পরিষ্কার রাখিতে হইবার কথা।

১৭ ধারা। মধ্যাদি হইতে দূরস্থিত ভূমির জল যে নালাদ্বারা নির্গত হইয়া থাকে জল বাহির হইবার মুখবিশিষ্ট এমত নালা অন্য যে ভূমির মধ্য দিয়া যায় কিম্বা এত ফুটের অনধিক প্রশস্ত ঐ পয়নালা যে ভূমির ধারে২ যায়, ঐ নালার যে অংশ ঐ ভূমির মধ্য দিয়া কি ধারে২ যায় সেই ভূমিভোগি ব্যক্তি ঐ জল নির্গমনের মুখের মাটি ধরিয়া পয়নালার সেই অংশ পরিষ্কার রাখিবেন কি রাখাইবেন ইতি।

নালা পরিষ্কার রাখিবার ঘোষণাপত্র প্রচার করিবার কথা।

১৮ ধারা। কোন ব্যক্তি কোন নালা পরিষ্কারভাবে রাখিতে কিম্বা কোন বাঁধের জীর্ণসংস্কার করিতে আবদ্ধ হইয়া যদি সেই নালা পরিষ্কার ভাবে না রাখান কিম্বা সেই বাঁধের মেরামত না করান তবে ইঞ্জিনিয়র জিলার কালেক্টর সাহেবের নিকট লিখিয়া সেই নালা পরিষ্কার করিবার ও সেই বাঁধ মেরামৎ করিবার আবশ্যকত বিষয়ে নোটিস দিবেন। কালেক্টর সাহেব তাহা পাইলে ঐ নোটিসের মর্ম্মঘটিত ঘোষণাপত্র প্রচার করাইয়, যাঁহারা সেই নালা পরিষ্কার রাখিতে ও সেই বাঁধের জীর্ণসংস্কার করিতে আবদ্ধ হন তাঁহারদিগকে অবিলম্বে ঐ নালা পরিষ্কার করিতে ও বাঁধ মেরামৎ করিতে আজ্ঞা দিবেন। ৮ ধারার লিখিত ঘোষণাপত্র প্রচার করিবার যে বিধান আছে এই ঘোষণাপত্র সেই ধারার লিখিত বিধানমতে প্রচার করা যাইবে ইতি।

দখিলকারেরা না করিলে ইঞ্জিনিয়রের সেই নালা পরিষ্কার করিতে হইবার কথা।

১৯ ধারা। তদ্রূপ নালা পরিষ্কার করা কি বাঁধ মেরামৎ করা যে ব্যক্তির কর্ত্তব্য তিনি তাহা পরিষ্কার করিতে শৈথিল্য কি অস্বীকার করিলে, উক্ত ঘোষণাপত্রের উল্লিখিত সময় গত হইলে পর ইঞ্জিনিয়র সুবিধামতে ত্বরায় ঐ নালার অবশ্যকমতে পরিষ্কার ও বাঁধের জীর্ণসংস্কার কার্য্যে প্রবর্ত্ত হইবেন। যে ব্যক্তিরা এই আইনের বিধানমতে ঐ নালা পরিষ্কার করিতে ও ঐ বাঁধের জীর্ণসংস্কার করিতে আবদ্ধ তাঁহারা ঐ কর্ম্মের খরচ দিবেন ইতি।

যাঁহারা নালা পরিষ্কার করিতে আবদ্ধ তাঁহারদের স্থানে ঐ কার্য্যের খরচ আদায় করিবার কথা।

২০ ধারা। উক্ত পরিষ্কার করণ কিম্বা জীর্ণসংস্কার করণ কার্য্যে যত টাকা খরচ লাগে ইঞ্জিনিয়র তাঁহার এক স্মারকপত্র কালেক্টর সাহেবের নিকটে পাঠাইবেন। ও ঐ স্মারকপত্রের

sum certified to be due shall be taken to be a demand recoverable as arrears of Government revenue from the persons at whose expense such clearance or reparation shall be made by any process for the time being in force for the recovery of demands recoverable as arrears of Government revenue.

XXI. Any person aggrieved by any such memorandum may, within one month after notice thereof shall have been given to him, appeal to the Commissioner of the division, and subject to such right of appeal and to the orders and control of Government, every order passed under the preceding Sections shall be final, and shall not be open to revision by any Civil Court, and shall be conclusive as to the necessity of any works ordered to be executed.

Power to appeal against memorandum charging any person

XXII. If any land-holder, farmer, or cultivator be desirous of having a sluice made in any public embankment for the purpose of drainage or irrigation, he shall make an application in writing to the Collector of the district in which such embankment is situate, and shall deposit a fee of twenty-five Rupees as earnest money that his application has been made in good faith. The application shall contain such particulars of the land to be drained or irrigated as may enable the Engineer to judge of the advantage which may be derived from the work, and shall declare, as regards an embankment maintained at the expense of the State, whether the applicant is willing to bear such part, not exceeding half, of the cost thereof as may be determined by Government, and as regards any other public embankment whether the applicant is willing to defray the whole or such part of the cost incident to and attendant on the proposed work as may be determined as aforesaid.

Applications for sluices to be made to Collector

XXIII. The Collector shall transmit such application to the Engineer, who shall pass such order thereon as he shall think fit, which order shall be final.

and transmitted to Engineer

XXIV. If the construction of the proposed sluice receive the approval of the Engineer, the Collector shall require the applicant to enter into a written agreement to defray the whole or half of the expense, or such portion thereof as may be determined under the provisions of

Applicant to agree to defray cost.

লিখিত টাকা পাওনা বলিয়া সংশিতরূপে লিখিত হইলে, যাঁহারদের খরচে ঐ নালা পরিষ্কার ও জীর্ণসংস্কার করা গেল তাঁহারদের স্থানে ঐ টাকা গবর্ণমেণ্টের বাকী রাজস্বের ন্যায় আদায় জ্ঞান হইবে। ও গবর্ণমেণ্টের বাকী রাজস্বের ন্যায় যে দাবীর টাকা যৎকালে যে কার্য্যক্রমে আদায় হইয়া থাকে, ঐ টাকা ঐ ব্যক্তিদের স্থানে সেই কার্য্যপ্রণালীতে আদায় হইতে পারিবে ইতি।

২১ ধারা। সেই স্মারকপত্রদ্বারা কোন ব্যক্তি ক্ষুব্ধ হইলে তিনি ঐ পত্রের নোটিস পাইবার পর এক মাসের মধ্যে প্রদেশের কমিশনর সাহেবের নিকট আপীল করিতে পারিবেন। সেই আপীল করিবার অধিকারবশে ও গবর্ণমেণ্টের আজ্ঞার ও কর্তৃত্বের অধীনে, এই ধারামতে যে আজ্ঞা করা যায় তাহা চূড়ান্ত হইবে। কোন দেওয়ানী আদালতে তাহার পুনর্দৃষ্টি হইতে পারিবে না। ও যে কর্ম্ম সম্পাদন করিবার আজ্ঞা হয় তাহার আবশ্যকতা বিষয়ে সেই আজ্ঞাই সিদ্ধান্ত প্রমাণ হইবে ইতি।

যে স্মারকপত্রদ্বারা কোন ব্যক্তির টাকা দিবার দায় হয় তাহার উপর আপীল হইবার কথা।

২২ ধারা। কোন ভূম্যধিকারী কি ইজারদার কি কৃষাণ জল নির্গত হইবার কিম্বা ভূমিতে জল সেঁচিবার নিমিত্ত রাজকীয় কোন বাঁধে জলদ্বার করিবার ইচ্ছুক হইলে, ঐ বাঁধ যে জিলায় আছে তিনি সেই জিলার কালেক্টর সাহেবের নিকট লিখিয়া দরখাস্ত করিবেন। এবং তাঁহার সেই দরখাস্ত সরল ভাবে করা গিয়াছে ইহার বায়না স্বরূপ ২৫ টাকা গচ্ছিত করিবেন। উক্ত যে ভূমির জলনির্গমনের কিম্বা জল সেঁচিবার উপায় করিবার দরখাস্ত হয় ঐ কর্ম্ম করা গেলে কি পর্য্যন্ত লাভ হইতে পারে ইঞ্জিনিয়র যে বৃত্তান্ত দ্বারা ইহা নিরূপণ করিতে পারেন ঐ দরখাস্তে সেই ভূমির এমত বিশেষ বর্ণনা করিতে হইবে। এবং যে বাঁধ সম্পর্কে ঐ কর্ম্ম করিবার দরখাস্ত হয় যদি সেই বাঁধ রক্ষা করিবার খরচ রাজস্বহইতে দেওয়া গিয়া থাকে, তবে গবর্ণমেণ্ট ঐ কার্য্যের যত খরচ নিরূপণ করেন প্রার্থক তাহার অর্দ্ধেক পর্য্যন্ত দিতে সম্মত আছেন কি না, এবং রাজকীয় অন্য বাঁধ হইলে, দরখাস্তকারি ঐ প্রস্তাবিত কর্ম্ম সম্পর্কীয় ও তদ্ঘটিত সমুদয় খরচ কিম্বা পূর্ব্বোক্ত মতে নিরূপিত খরচের একাংশ দিতে সম্মত আছেন কি না ঐ দরখাস্তে ইহাও লিখিতে হইবে ইতি।

জলদ্বারের নিমিত্ত কালেক্টর সাহেবের নিকট দরখাস্ত করিবার কথা।

২৩ ধারা। কালেক্টর সাহেব ইঞ্জিনিয়রের নিকট ঐ দরখাস্ত পাঠাইবেন। তিনি যে আজ্ঞা বিহিত বোধ করেন করিবেন ও তাঁহার আজ্ঞা চূড়ান্ত হইবে ইতি।

ও ইঞ্জিনিয়রের নিকট পাঠাইবার কথা।

২৪ ধারা। ইঞ্জিনিয়র প্রস্তাবিত জলদ্বার প্রস্তুত করণে সম্মত হইলে, দরখাস্তকারী সেই কার্য্যের সমুদয় কি অর্দ্ধেক খরচ কিম্বা বিষয়বিশেষে ২২ ধারার বিধানমতে খরচের যে অংশ নিরূপণ হয় সেই অংশ দিবেন, কালেক্টর সাহেব তাঁহাকে এই মর্ম্মের

দরখাস্তকারির খরচ দিবার সম্মতির কথা।

Section XXII as the case may be, and upon such agreement being executed, shall issue a certificate to the officer in charge of the public embankments of the district to construct the sluice.

Deposit to be forfeited if agreement not executed.

XXV. If, after the construction of the proposed sluice has received the approval of the Engineer, the applicant shall on any grounds refuse to sign the written agreement mentioned in the previous clause, the fee of twenty-five Rupees prescribed in Section XXII shall become the absolute property of the Government; but in case he shall sign such agreement, such fee of twenty-five Rupees shall be taken in part payment of any sum which may become payable by him under such agreement.

Sluices to be opened under authority of the Engineer.

XXVI. Sluices constructed in any public embankment shall be opened only by or with the permission of the officer in the immediate charge of the embankment, under such orders, either general or special, as he may receive from the Engineer.

Costs of works to be levied from owners of lands benefited.

XXVII. The costs of the construction, maintenance, and repairs of all works executed under the powers and provisions of this Act or any of them shall be borne by the owners of the lands benefited thereby, and shall be recovered from them as if the same were arrears of Government revenue.

Cost of land acquired for embankment where lands of different owners benefited.

XXVIII. Where lands the property of different owners, or in which different persons are interested, will in the opinion of the Collector derive benefit from the construction, alteration, or extension of any public embankment or drainage, or of any sluice in any public embankment, or from any other works executed under the provisions of this Act, it shall be lawful for such Collector to charge the cost of such construction, alteration, or extension, including the cost of any land required for the purpose thereof and the expense attending its acquisition, upon the persons so deriving such benefit rateably in the proportion of the benefit derived by such lands respectively and of their respective interests in the benefit so to be derived. Before assessing such contribution, the Collector shall cause a notice to be served on each of such persons, in which it shall be stated what land is being taken, and the purpose for which it is required, and that the lands of such person will derive benefit from the execution of the works, and giving him notice

[*Government Gazette*, 31*st January* 1871.]

অঙ্গীকারপত্র লিখিয়া দিতে আজ্ঞা করিবেন। সেই অঙ্গীকারপত্রে স্বাক্ষর করা গেলে পর তিনি জিলার রাজকীয় বাঁধের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কার্য্যকারককে ঐ জলদ্বার প্রস্তুত করিবার সর্টিফিকেট দিবেন ইতি।

অঙ্গীকারপত্র লিখিয়া না দেওয়া গেলে গচ্ছিত টাকা বাজেয়াপ্ত হইবার কথা।

২৫ ধারা। ইঞ্জিনিয়র প্রস্তাবিত জলদ্বার প্রস্তুত করিতে সম্মত হইলে পর যদি দরখাস্তকারী কোন কারণে ইহার পূর্ব্ব ধারার লিখিত অঙ্গীকারপত্রে স্বাক্ষর করিতে অস্বীকার করেন, তবে ২২ ধারায় যে পঁচিশ টাকা ফী নির্দ্দিষ্ট হইল তাহা নিরপেক্ষরূপে গবর্ণমেণ্টের হইবে। যদি ঐ অঙ্গীকারপত্রে স্বাক্ষর করেন তবে ঐ পত্রক্রমে তাঁহার যত টাকা দিতে হইবে উক্ত পঁচিশ টাকা তাহার মধ্যে ধরা যাইবে ইতি।

ইঞ্জিনিয়রের অনুমতি হইলে জলদ্বার খুলিবার কথা।

২৬ ধারা। কোন রাজকীয় বাঁধে যে জলদ্বার করা যায় ঐ বাঁধ অব্যবহিতরূপে যে কার্য্যকারকের অধীনে থাকে তিনি ইঞ্জিনিয়র সাহেবের সাধারণ কিম্বা বিশেষ যে আজ্ঞা পান ঐ জলদ্বার সেই আজ্ঞামতে কেবল তাঁহারই দ্বারা কিম্বা তাঁহার অনুমতিক্রমে খোলা যাইতে পারিবে ইতি।

যে ভূমির লভ্য হয় ঐ কার্য্যের খরচ সেই ভূস্বামিরদের স্থানে লইবার কথা।

২৭ ধারা। এই আইনের বল ও বিধানক্রমে যে সকল কার্য্য সম্পাদন হয় তদ্দ্বারা যে২ ভূমির লাভ হইল সেই২ ভূমির স্বামিরা সেই সমুদয় কিম্বা তন্মধ্যে কোন কার্য্য প্রস্তুত ও রক্ষা করিবার ও জীর্ণ সংস্কার করিবার খরচ দিবেন ও সেই খরচ গবর্ণমেণ্টের বাকী রাজস্বের ন্যায় তাঁহাদের স্থানে আদায় হইতে পারিবে ইতি।

ভিন্ন২ স্বামির ভূমির লাভ হইলে বাঁধের নিমিত্ত গৃহীত ভূমির খরচের কথা।

২৮ ধারা। রাজকীয় কোন বাঁধ কিম্বা জলনির্গমনের মার্গ কিম্বা রাজকীয় বাঁধে কোন জলদ্বার করণ কি পরিবর্ত্তন কি বৃদ্ধি করণদ্বারা কিম্বা এই আইনের বিধানমতে অন্য যে কার্য্য করা যায় তদ্দ্বারা ভিন্ন২ স্বামির ভূমির কিম্বা যে ভূমিতে ভিন্ন২ স্বামির স্বার্থ থাকে সেই ভূমির লাভ হইবে, কালেক্টর সাহেব এমত বোধ করিলে, যে ভূমির যত লাভ হয় এবং সেই লাভে যে ব্যক্তিদের যে স্বার্থ থাকে তিনি তাহার হারাহারিক্রমে তাঁহাদের স্থানে ঐ কার্য্য করিবার কিম্বা পরিবর্ত্তন কি বৃদ্ধি করিবার খরচ ও তদর্থে যে ভূমির প্রয়োজন তাহার খরচ ও সেই ভূমি গ্রহণের খরচ লইবেন। ঐ খরচের যে অংশ যাঁহার দিতে হইবে ইহা নির্দ্ধার্য্য করিবার পূর্ব্বে যে ভূমি লওয়া যাইবে, ও যে কার্য্যের নিমিত্তে তাহা লওয়া প্রয়োজন, ও সেই কার্য্য করা গেলে সেই২ ব্যক্তির ভূমির লাভ হইবে এবং ঐ প্রস্তাবিত কার্য্যদ্বারা যে২ ব্যক্তির ভূমির লাভ হইবে তাহাদের মধ্যে যিনি ঐ কার্য্যের ও তন্নিমিত্ত প্রয়োজনীয় ভূমির ও ঐ ভূমি গ্রহণের যত খরচ দিবেন ইহা নিরূপণ করিবার নিমিত্তে নির্দ্দিষ্ট সময়ে ও স্থানে অনুসন্ধান লওয়া যাইবে কালেক্টর সাহেব উক্ত প্রত্যেক ব্যক্তিকে,

that an inquiry will be held, at a day and place to be named, for the purpose of apportioning amongst the persons whose lands will be benefited by the intended works the cost thereof including the cost of any land required therefor and the expense of acquiring it. In case such person does not reside within the district in which his lands are situate, the notice may be served upon his Agent, or if he has no Agent therein, it will be sufficient to affix the notice upon some conspicuous part of his estate.

Mode of enquiry as to the proportion chargeable to each estate.

XXIX. On the day fixed in the notice, which shall not be less than one month later than the date of service of such notice, the Collector shall proceed to make the necessary enquiry for the determination of the proportion in which the estates affected by the construction, extension, or alteration of the embankment will be benefited thereby. In making this enquiry he shall receive such evidence as may be tendered by or on behalf of the owners of estates which may appear likely to be benefited by the construction, extension, or alteration of the embankment as aforesaid, and by or on behalf of any other persons who may claim to be interested in the said enquiry, and he may make or cause to be made such local investigation, and call for such documents and examine such witnesses as he may think necessary; and all the provisions of the law for the time being in force in regard to the examination of witnesses and production of documents in judicial proceedings, shall be applicable to enquiries conducted by the Collector under this Act.

No appeal from Collector's award: but one owner may recover from another who has not been assessed, or who has been under-assessed.

XXX. The Collector shall and may, after such enquiry, make an award in which he shall find and state the names of the persons whose lands will be or are benefited by the construction, alteration, or extension of such embankment and the proportion of the cost thereof, and including the cost of any land required therefor, the expense of its acquisition, and the cost of the said enquiry, which they ought respectively to bear. No appeal shall lie from the award of the Collector. But it shall be competent to the owner of any land assessed to a larger amount than his fair proportion, to recover such excess in the Civil Court from the owner of any land or estate benefited thereby, upon whom no assessment has been made or a smaller amount has been assessed than ought to have been awarded against him. Provided that in such suit no more shall be recovered from any person than the amount to which he ought to have been assessed

এই মর্ম্মের নোটিস দিবেন। উক্ত ব্যক্তির ভূমি যে জিলায় আছে তিনি তথায় বাস না করিলে তাঁহার গোমাশতাকে ঐ নোটিস দেওয়া যাইবে। তথায় গোমাশতা না থাকিলে তাহার ভূমির কোন প্রকাশ স্থানে নোটিস লাগাইয়া দিলেই হইতে পারে ইতি।

যে মহালের যত খরচ নির্দ্দেশ করিতে হইবে ইহার অনুসন্ধান লইবার নিয়মের কথা।

২৯ ধারা। বাঁধ করণ কিম্বা বৃদ্ধি কি পরিবর্ত্তনকরণ দ্বারা যে মহালের যত দূর লাভ হইবার সম্ভাবনা, কালেক্টর সাহেব নোটিসে নিরূপিত দিনে ইহার নির্ণয় করণার্থে প্রয়োজনমত অনুসন্ধান লইবেন। সেই দিন ঐ নোটিস দিবার তারিখঅবধি এক মাসের মধ্যে না হয়। ঐ বাঁধ করণ কিম্বা বৃদ্ধি কি পরিবর্ত্তন করণদ্বারা যেং মহালের লাভ হইবার সম্ভাবনা দৃষ্ট হয় সেইং মহালের স্বামিরা কিম্বা তাঁহাদের সপক্ষ অন্য লোকেরা, এবং উক্ত অনুসন্ধান কার্য্যে আমারদের স্বার্থ আছে বলিয়া অন্য ব্যক্তিরা কি তাঁহাদের সপক্ষ কোন ব্যক্তি যে প্রমাণ দেন, কালেক্টর সাহেব ঐ অনুসন্ধান লওন সময়ে সেইং প্রমাণ গ্রাহ্য করিবেন। আরো তিনি আবশ্যক জ্ঞান করিলে আপনি কি অন্যদ্বারা স্থান বিশেষে অনুসন্ধান লইতে পারিবেন ও দলীল তলবাইতে ও সাক্ষিদের পরীক্ষা লইতে পারিবেন। এবং আদালতের আনুষ্ঠানিক কার্য্যে সাক্ষিদের পরীক্ষা লওনের ও দলীল উপস্থিত করণের আইনের যেং বিধান যৎকালে প্রবল থাকে, কালেক্টর সাহেবের এই আইনমত প্রচলিত অনুসন্ধানের প্রতিও সেইং বিধান বর্ত্তিবে ইতি।

কালেক্টর সাহেবের মীমাংসার উপর আপীল না হইবার কথা, কিন্তু যে স্বামির পক্ষে খরচের কোন অংশ নিরূপণ হয় নাই কি ন্যূনাংশ নিরূপণ হয় তাহার স্থানে অন্য স্বামির আদায় করিবার কথা।

৩০ ধারা। কালেক্টর সাহেব উক্ত অনুসন্ধান করিলে পর মীমাংসাপত্র লিখিবেন। উক্ত বাঁধ করণ কিম্বা পরিবর্ত্তন কি বৃদ্ধি করণদ্বারা যে ব্যক্তিদের ভূমির লাভ হইবে কি হইয়া থাকে, ও ঐ কর্ম্মের খরচের ও তদর্থে প্রয়োজনীয় ভূমির ও ঐ ভূমি গ্রহণের ও অনুসন্ধান লওনের খরচের মধ্যে যাঁহার যত টাকা দেওয়া উচিত তিনি ঐ মীমাংসাপত্রে সেই ব্যক্তিদের ও খরচের সেই অংশ নির্ণয় করিয়া লিখিবেন কালেক্টর সাহেবের ঐ মীমাংসার উপর আপীল নাই। কিন্তু কোন ভূমির উপর ন্যায়াপেক্ষা অধিকাংশ ধরা গেলে ঐ কার্য্যদ্বারা সেই ভূমির স্বামী, অন্য ভূমির কি মহালের লাভ হইলেও তৎপক্ষে খরচের কোন অংশ নিরূপণ হয় নাই কিম্বা যত নিরূপণ হওয়া উচিত তাহার কম নিরূপণ হইয়াছে বলিয়া, দেওয়ানী আদালতে ঐ ভূস্বামির স্থানে আপনার দত্ত অতিরিক্ত টাকা ফিরিয়া পাইতে পারিবেন। কিন্তু শেষোক্ত ব্যক্তির কোন অংশ নিরূপণ না হইলে তাহার যত অংশ নিরূপণ হওয়া উচিত, কিম্

where he has not been required to contribute, or the amount by which the sum he was required to pay was less than his fair proportion where he has been required to contribute.

Expenses of acquiring land what included in.

XXXI. There shall be included in the expense of acquiring the land so to be distributed amongst the persons benefited, not only the compensation awarded to the owner of the land taken, including interest at the rate of six per centum per annum from the time when the land was taken, but also the cost of surveys and plans, of notices of the said inquiry and award, and all other costs, charges and expenses incident to obtaining possession of such land. The amount so awarded shall and may be recovered from the person so required to pay the same, in the same way and by the same means as arrears of Government revenue.

Disposal of lands no longer required for embankments.

XXXII. Whenever, in consequence of the construction or alteration of any public embankment, the maintenance of any other public embankment or the retention of any land appropriated to the purposes thereof, may no longer be required, and the permanent relinquishment of the same may be deemed expedient by the Engineer, it shall be lawful for the Collector to dispose of the site of the embankment or of the land so abandoned, by public sale, and all the provisions of the law for the time being in force in regard to sales of land in default of payment of the Government revenue, shall be applicable, so far as the same may be reasonably applied, to sales under the provisions of this Section. The proceeds of such sales shall, after the payment of all expenses incurred on account of the same, be applied to the payment of the cost of any new embankment or drainage works affecting the said lands, and in such case the residue only of the cost of such new works shall be charged upon the owners of lands benefited as hereinbefore provided. Provided that it shall not be competent to the Collector to sell, in the manner aforesaid, any land which shall not have been taken up for embankment purposes under the provisoins of this Act.

Collector may delegate any of his powers to a Deputy Collector.

XXXIII. A Collector may delegate any of his powers under this Act to a Deputy Collector, but from any order passed by a Deputy Collector to whom powers have been so delegated, an appeal shall lie to the Collector, if presented within fifteen days of the date of the order.

তাঁহার একাংশ নিরূপণ হইলে সেই অংশ ন্যায্যাপেক্ষা যত ন্যূন হইল প্রথমোক্ত ব্যক্তি উক্ত প্রকারের মোকদ্দমা করিয়া তাহার অধিক আদায় করিতে পারিবেন না ইতি।

ভূমিগ্রহণের খরচের মধ্যে যাহা ধর্ত্তব্য তাহার কথা।

৩১ ধারা। লভ্যপ্রাপ্ত ব্যক্তিদের মধ্যে ভূমি গ্রহণের যে খরচ উক্ত প্রকারে বিভাজ্য হয়, তন্মধ্যে ঐ ভূমি গ্রহণের সময়াবধি বৎসর শতকরা ৬৲ টাকার হারে সুদ শুদ্ধ ঐ গৃহীত ভূমির যত মূল্য ভূস্বামিকে দেওয়া যাইবে তাহা যেমন ধরিতে হইবে, তেমনি মাপ করিবার ও নকশা লিখিবার ও ঐ অনুসন্ধানকার্য্যের নোটিসের ও মীমাংসাপত্রের খরচ এবং ঐ ভূমির অধিকার প্রাপণ সম্পর্কীয় অন্য সকল খরচ খরচা ধরিতে হইবে। গবর্ণমেণ্টের বাকী রাজস্ব যদ্রূপে ও যে উপায়দ্বারা আদায় হইয়া থাকে উক্ত প্রকারে যত টাকা যাঁহার দিবার আজ্ঞা হয় তাহাও তদ্রূপে ও সেই উপায়দ্বারা তাঁহার স্থানে আদায় হইতে পারিবে ইতি।

বাঁধের নিমিত্ত ভূমির আর প্রয়োজন না হইলে তাহা বিক্রয় করিবার কথা।

৩২ ধারা। রাজকীয় কোন বাঁধ করণ কি পরিবর্ত্তন করণ প্রযুক্ত রাজকীয় অন্য বাঁধের রক্ষা করণের কিম্বা তদর্থে যে ভূমি প্রযোগ হয় তাহা রাখিবার আর প্রয়োজন না থাকিলে ও ইঞ্জিনিয়র তাহা একেবারে ত্যাগ করা বিহিত বোধ করিলে, কালেক্টর সাহেব সেই বাঁধের স্থান কি তদ্রূপ ত্যক্ত ভূমি নিলামে বিক্রয় করিতে সক্ষম হইবেন। এবং গবর্ণমেণ্টের বাকী রাজস্ব আদায় করিবার জন্যে ভূমি নীলাম করিবার আইনের যে বিধান যৎকালে প্রবল থাকে তাহা সংগতরূপে এই ধারার বিধানমত নিলামের প্রতি যে পর্য্যন্ত খাটিতে পারে সেই পর্য্যন্ত খাটিবে। ঐ নিলাম করণদ্বারা যত টাকা খরচ হয় নিলামের উৎপন্ন টাকা হইতে প্রথমে তাহা শোধ হইবে, পরে নূতন যে বাঁধ কিম্বা জল নির্গমনের নালা প্রভৃতি কার্য্য দ্বারা উক্ত ভূমির লাভাদি হয় অবশিষ্ট টাকা তাহা প্রস্তুত করিবার কার্য্যের খরচ শোধ করিতে প্রয়োগ হইবে। এমন স্থলে ঐ নূতন কার্য্যের অবশিষ্ট যে খরচ থাকে পূর্ব্ব বিধানমতে যে ভূমির লাভ হইল সেই ভূমির স্বামিদের পক্ষে কেবল সেই অবশিষ্ট খরচ লাগিবে। কিন্তু এই আইনের বিধানমতে বাঁধের কার্য্যের নিমিত্তে যে ভূমি গৃহীত না হয় কালেক্টর সাহেব এমত ভূমি সেই প্রকারে বিক্রয় করিতে ক্ষমতাপন্ন হইবেন না ইতি।

কালেক্টর সাহেবের কোন ক্ষমতা ডেপুটী কালেক্টরের প্রতি অর্পণ করিবার কথা।

৩৩ ধারা। কালেক্টর সাহেব আপনার এই আইনমত কোন ক্ষমতা ডেপুটী কালেক্টরের প্রতি অর্পণ করিতে পারিবেন। কিন্তু যে ডেপুটী কালেক্টরের প্রতি তদ্রূপ ক্ষমতা অর্পিত হয় তাঁহার কোন আজ্ঞার উপর কালেক্টর সাহেবের নিকটে আপীল হইতে পারিবে। আজ্ঞার তারিখঅবধি পঞ্চদশ দিনের মধ্যে আপীল উপস্থিত করিতে হইবে ইতি।

Act does not to apply where obligation to provide land exists.

XXXIV. Nothing in this Act shall be held to exempt any person from the obligation of giving land gratuitously, or of paying for land taken up for the purpose of public embankments, where such obligation exists by any law or custom.

Power to make temporary embankments and dams.

XXXV. Whenever any person is desirous that a temporary water-course should be made through, or that a temporary road way should be made over, any public embankment, or that a temporary dam should be constructed in any embanked river, he shall apply to the nearest officer of the Embankment Department, who shall communicate the application to the Engineer, and the Engineer shall pass such orders thereon as he shall think fit. If the proposed work is to be executed by an officer of Government, the applicant, before the commencement of the work, shall enter into a written agreement to defray the expenses of, and incident to, making such road-way, or of making and closing or removing such water-course or dam. In any case of emergency the officer in immediate charge of an embankment, subject to such general instructions as he may receive from the officer in charge of the embankments of the District, or rom the Engineer, may cause a temporary water-course to be made through such embankment.

Penalty on unauthorized interference with embankments or drainage.

XXXVI. Every person who, without the previous permission of the Collector obtained as hereinafter set forth, shall erect, or cause or wilfully permit to be erected, any new embankment, or shall obstruct or divert, or cause or wilfully permit to be obstructed or diverted, any drainage channel, shall be liable on conviction to a fine not exceeding five hundred Rupees, or in default of payment to imprisonment for six months.

Proceedings to obtain new embankment or drainage.

XXXVII. Whenever any landholder, farmer, or cultivator is desirous of erecting any new embankment, or of obstructing or diverting any drainage channel, he shall apply to the Collector, and at the time of making such application shall deposit with him a statement of the proprosed works, and the Collector shall thereupon cause a notice of the same to be affixed in some conspicuous part of the neighbourhood where such work is proposed, to enable all who may be interested therein to offer any objection they may have to prefer. After the expiration of one month after

ভূমি দিতে আবদ্ধ হইলে এই আইন না খাটিবার কথা।

Provided that the costs, if any, payable to the Collector by the person interested shall be deducted from such amount and percentage.

Time of payment in appealable cases.

Provided that in cases where the decision of the Court under this Part is liable to appeal, the Collector shall not pay the amount of compensation or the percentage or any part thereof until the time for appealing against such decision has expired, and no appeal shall have been presented against such decision or until any such appeal have been disposed of.

PART III.—*Miscellaneous.*

Penalty for obstructing persons in exercise of powers of Act.

LXXXI. Whoever wilfully obstructs any person duly authorized under this Act in removing or levelling any embankment, house, hut, or other building, or in the lawful exercise of any of the powers in this Act conferred, shall be liable to be imprisoned for any time not exceeding six months, with or without labor, at the discretion of the Magistrate, or to fine not exceeding two hundred Rupees, commutable, if not paid, to a period of imprisonment not exceeding six months, or to both.

Penalties for injuring works under Act.

LXXXII. No person shall, without due authority cut through or attempt to cut through any embankment, whether public or private, or destroy or attempt to destroy any such embankment, or open any sluice or water-course in any such embankment; and every person who shall commit any breach of the provisions of this section shall, in case the act shall not amount to mischief within the meaning of the Indian Penal Code, be liable to imprisonment for a term not exceeding one month with or without hard labour, or to a fine not exceeding two hundred Rupees.

Penalties for diverting rivers or permitting cattle to graze on embankments.

LXXXIII. Whoever damages any public embankment by making any dam or other obstruction for the purpose of diverting or opposing the current of an embanked river, without the permission of the officer in immediate charge of the embankments, or by refusing or neglecting to remove any such dam or obstruction at the proper season, or by cutting or otherwise altering the banks of any embanked river, or by removing the earth from such embankment, or by driving stakes into it, or by any other wilful act destroys or diminishes the efficiency of such embankment; and every person who shall cause or knowingly and wilfully permit

কিন্তু যদি কালেক্টর সাহেবের নিকট ঐ স্বার্থযুক্ত ব্যক্তির খরচার কোন টাকা দেনা থাকে, তবে তিনি উক্ত টাকাহইতে ও শতকরা ঐ টাকাহইতে তাহা কাটিয়া লইবেন।

আপীল হইতে পারিলে টাকা দিবার সময়ের কথা।

পরন্তু আদালতের এই অধ্যায়মত নিষ্পত্তির উপর আপীল হইতে পারিলে, ঐ নিষ্পত্তির উপর আপীল না হইয়া আপীল করিবার সময় গত না হইলে, কিম্বা ঐ আপীল নিষ্পত্তি না হইলে কালেক্টর সাহেব ক্ষতিপূরণের ঐ টাকা ও শতকরা উক্ত টাকা কিম্বা তাহার কোন অংশ দিবেন না ইতি।

তৃতীয় অধ্যায়।—বিবিধ বিধি।

এই আইনমত কর্ম্মকারি ব্যক্তির প্রতিবন্ধক হইবার দণ্ডের কথা।

৮১ ধারা। কোন ব্যক্তি এই আইনমতে উপযুক্ত ক্ষমতাপন্ন হইয়া কোন বাঁধ কি ঘর কি খড়ুয়া ঘর কি গাঁথনি উঠাইয়া দিতেছেন কি সমভূমি করিতেছেন, কিম্বা এই আইনমতে দত্ত অন্যতর ক্ষমতাক্রমে বৈধরূপে কর্ম্ম করিতেছেন এমন সময়ে কেহ ইচ্ছাপূর্ব্বক তাঁহাকে বাধা দিলে মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনামতে তাহার পরিশ্রম সহিত কি তদ্ভিন্ন ছয় মাসের অনধিক কোন কাল পর্য্যন্ত কারাদণ্ড কিম্বা দুই শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। অর্থদণ্ড না দেওয়া গেলে তৎপরিবর্ত্তে তাঁহার ছয় মাসের অনধিক কারাদণ্ড হইতে পারিবে, কিম্বা ঐ দুই দণ্ড হইতে পারিবে ইতি।

আইনমত কার্য্যের হানি করিবার দণ্ডের কথা।

৮২ ধারা। কোন ব্যক্তি উপযুক্ত ক্ষমতা না পাইয়া রাজকীয় কিম্বা সাধারণ ব্যক্তির কোন বাঁধ কাটিবে না ও কাটিবার উদ্যোগ করিবে না। ও তদ্রূপ কোন বাঁধ নষ্ট করিবে না ও নষ্ট করিবার উদ্যোগ করিবে না, ও তদ্রূপ কোন বাঁধে জলদ্বার কি জলপ্রণালী খুলিবে না। কোন ব্যক্তি এই ধারার বিধান লঙ্ঘনসূচক কোন কার্য্য করিলে ও সেই কার্য্য ভারতবর্ষীয় দণ্ড বিধির আইনের অর্থমতে অপকার করণের তুল্য না হইলে, তাহার কঠিন পরিশ্রমসহিত কি তদ্ভিন্ন এক মাসের অনধিক কারাদণ্ড কিম্বা দুই শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

নদী অন্যমুখ করিবার কিম্বা বাঁধের উপর গোমেষাদি চরিতে দিবার দণ্ডের কথা।

৮৩ ধারা। বাঁধ অব্যবহিতরূপে যে কর্ম্মকারকের অধীন থাকে কোন ব্যক্তি তাঁহার অনুমতি না পাইয়া প্রাকারযুক্ত নদীর স্রোত অন্যমুখ করিবার কিম্বা তাহার বাধা করিবার নিমিত্তে কোন জাঙ্গাল কিম্বা অন্য প্রকারে অবরোধ করিয়া কোন রাজকীয় বাঁধের হানি করিলে কিম্বা উপযুক্ত সময়ে সেই জাঙ্গাল কি অবরোধক দ্রব্য উঠাইয়া দিতে অস্বীকার কি শৈথিল্য করিয়া কিম্বা প্রাকারযুক্ত কোন নদীর তীর কাটিয়া কি প্রকারান্তরে পরিবর্ত্তন করিয়া কিম্বা ঐ বাঁধহইতে মাটি তুলিয়া ফেলিয়া কিম্বা তাহাতে খোঁটা মারিয়া কিম্বা ইচ্ছাপূর্ব্বক অন্য ক্রিয়া করিয়া ঐ বাঁধের কার্য্যোপযোগিতা নষ্ট কি হ্রাস করিলে, এবং কোন ব্যক্তি জ্ঞাতসারে ও ইচ্ছাপূর্ব্বক উক্ত প্রকা-

any cattle to graze upon any such embankment, or shall tether or cause or wilfully permit any cattle to be tethered upon any such embankment, or who shall root up any grass growing on any such embankment; shall be liable to simple imprisonment for a term not exceeding six months, or to a fine not exceeding two hundred Rupees, or to both.

Power to levy fines from villages where offenders not discovered.

LXXXIV. If any offence against the provisions of Sections LXXXII and LXXXIII shall be committed, and the offender shall not be discovered and made amenable within one month after the commission of the offence, a fine not exceeding two hundred Rupees shall, whether the offence do or do not amount to mischief, be leviable from the inhabitants of the village in which such offence shall have been committed, by distress and sale of any of the cattle of any such inhabitants.

Police Officers to enquire into offences against this Act.

LXXXV. The provisions of Section XIII, Regulation XX of 1817 shall extend to any charge or information of the offences specified in Sections LXXXI, LXXXII, and LXXXIII of this Act, and Darogahs and other Police Officers shall enquire into such offences in the mode and subject to the provisions therein prescribed.

Power to delegate the authorities of the Engineer.

LXXXVI. All the powers and authorities vested in the Engineer by any of the sections of the Act, may be exercised by any Officer of the Department of Public Works subordinate to him, not being of a grade lower than an Executive Engineer, in cases referred to him by the Engineer: Provided always that it shall be lawful for the Engineer to recall any case so referred and to proceed thereon, either adopting or not adopting any of the proceedings theretofore had thereon, as to him shall seem fit. Provided further that all reports by such delegated Officer shall be submitted to the Engineer before they shall be forwarded to the Collector or any other authority, and that no such report shall become binding or conclusive for one month after it shall have been so submitted.

Statement of Objects and Reasons.

The attention of Government was drawn in 1868 to the injuries which had been sustained in the district of the 24-Pergunnahs from inundation, owing to certain obstructions which had been erected in a drainage channel, and the removal of which the magistrate stated could not be effected until the requisite legal formalities had

রের কোন বাঁধে কোন গোমেষাদি চরাইলে কি চরিতে দিলে কিম্বা তদ্রূপ কোন বাঁধে গোমেষাদি বাঁধিলে কি বাঁধাইলে কি ইচ্ছাপূর্ব্বক অন্যকে বাঁধিতে দিলে, কিম্বা সেই বাঁধে যে ঘাস হইতেছে তাহা উপড়াইলে, তাহার ছয় মাসের অনধিক সামান্য কারাদণ্ড কিম্বা দুই শত টাকার অনধিক অর্থদণ্ড কিম্বা ঐ দুই দণ্ড হইতে পারিবে ইতি।

অপরাধিদের সন্ধান না পাওয়া গেলে গ্রামহইতে অর্থদণ্ড আদায় করিবার কথা।

৮৪ ধারা। ৮২ ও ৮৩ ধারার বিধানের উল্লিখিত কোন অপরাধ করা গেলেও যদি অপরাধির সন্ধান পাওয়া না যায় ও সেই অপরাধ করণের পর এক মাসের মধ্যে তাঁহাকে উপস্থিত করা না যায় তবে সেই অপরাধ অপকার করণের তুল্য হইলে কি না হইলেও, যে গ্রামের মধ্যে করা গেল সেই গ্রামবাসিদের স্থানে দুই শত টাকার অনধিক অর্থদণ্ড আদায় হইতে পারিবে। ঐ দণ্ড ঐ গ্রামবাসিদের কোন গোমেষাদি ক্রোক ও নীলাম করিয়া আদায় হইবে ইতি।

এই আইন লঙ্ঘনপূর্ব্বক অপরাধ হইলে পোলীসের কর্ম্মকারকদের সন্ধান লইবার কথা।

৮৫ ধারা। এই আইনের ৮১, ও ৮২ ও ৮৩ ধারার নির্দ্দিষ্ট অপরাধের কোন অভিযোগ করা গেলে কি সম্বাদ দেওয়া গেলে তৎপ্রতি ১৮১৭ সালের ২০ আইনের ১৩ ধারার বিধান বর্ত্তিবে। দারোগারা ও পোলীসের অন্য কর্ম্মকারকেরা ঐ আইনের নির্দ্দিষ্ট বিধানের নিয়মমতে ও সেই বিধান মানিয়া ঐ অপরাধের অনুসন্ধান লইবেন ইতি।

ইঞ্জিনিয়রের ক্ষমতা অন্যের প্রতি অর্পণ করিবার কথা।

৮৬ ধারা। এই আইনের কোন ধারাক্রমে ইঞ্জিনিয়রের প্রতি যে সকল শক্তি ও ক্ষমতা বর্ত্তে, তিনি একসেকিউটিব ইঞ্জিনিয়র অপেক্ষা নিম্ন শ্রেণীর কার্য্যকারক ব্যতীত আপনার অধীন পবলিক ওর্কস কর্ম্ম বিভাগের কোন কার্য্যকারকের প্রতি মোকদ্দমা অর্পণ করিলে, ঐ কার্য্যকারক ইঞ্জিনিয়রের সেই সকল শক্তি ও ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন, কিন্তু ইঞ্জিনিয়র উক্ত প্রকারে কোন মোকদ্দমা অর্পণ করিলেও তাহা আপনার সম্মুখে পুনশ্চ আনাইয়া তৎসম্পর্কীয় কার্য্যানুষ্ঠান করিতে পারিবেন। ও তৎপূর্ব্বে যেং কার্য্যানুষ্ঠান হইয়াছে তাহা স্বীয় বিবেচনামতে গ্রাহ্য করিতে কিম্বা নাও করিতে পারিবেন। আরো উক্ত প্রকারের ক্ষমতাপ্রাপ্ত কার্য্যকারকের সকল রিপোর্ট কালেক্টর সাহেবের কিম্বা অন্য কর্ত্তৃপক্ষের নিকট প্রেরিত হইবার পূর্ব্বে ইঞ্জিনিয়রের সম্মুখে অর্পিত হইবে ও তদ্রূপে অর্পিত হইবার পর এক মাস পর্য্যন্ত তাহা দৃঢ় কি সিদ্ধান্ত হইবে না ইতি।

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

১৮৬৮ সালে জিলা চব্বিশপরগনার অন্তর্গত জলনির্গমনের কোন নালায় অবরোধক কোন বিষয় দেওয়াতে বন্যা হইয়া অধিক ক্ষতি হইয়াছিল, এবং মাজিষ্ট্রেট সাহেব কহিলেন, যে সর্ব্বসাধারণের উপকারের জন্যে ঐ অবরোধক বিষয় উঠাইয়া দেওয়া অত্যাবশ্যক হইলেও আইনের নির্দ্ধারিত বিশেষ প্রণালীমতে কার্য্য না করা গেলে তাহা উঠাইয়া দেওয়া

been complied with; admitting at the same time that the removal of the obstructions was necessary for the public good, and it was considered that the existing law was not sufficiently stringent to meet such cases.

The opinion of qualified local officers was called for as to the points on which the present Embankment Act requires amendment, and in giving effect to those amendments it is deemed expedient to consolidate the existing laws for the acquisition of land, for the construction of embankments, and for their maintenance.

The objects sought to be attained by the modifications proposed in the existing laws are to extend the provisions of the Act so as to include within their operation the drainage of tracts of country which may be intimately connected with embankments; to include under the definition of "embankments" works which, though not embankments, are strictly accessories to embankments and without which it is impossible to secure the stability of the latter; to provide for the removal of impediments to drainage, and for the construction of works necessary to the drainage as well as to the protection from inundation of any land; to give greater facilities of action in cases when delay may be attended with grave and imminent danger to life and property; to provide compensation for injury or loss to individuals caused by such action; to secure the more effective maintenance of private embankments, and to determine more equitably the mode in which the cost therefor incurred should be recoverable from the parties liable to pay the same, or from those benefited by such works; and lastly, to secure by more stringent penalties, embankments, and drainage works from wilful injury.

To render the Act more complete, the provisions of the existing laws for the acquisition of land required for works of the description specified in the Act have been incorporated therewith.

V. H. SCHALCH.

The 17th December 1870.

J. PITT KENNEDY,

Asst. Secy. to the Govt. of Bengal,
Legislative Department.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭১। ৩১ জানুআরি।]

যাইতে পারে না। ফলতঃ তদ্রূপ স্থলের নিমিত্ত যে আইন আছে তাহা সমুচিত দৃঢ় নয় এই বিষয়ে গবর্ণমেণ্টের মনোযোগ করিবার প্রার্থনা হইয়াছিল।

পরে বাঁধ বিষয়ক প্রচলিত আইন যেং অংশে সংশোধন করা উচিত স্থানবিশেষের উপযুক্ত কার্য্যকারকদিগকে এই বিষয়ে আপনারদের মত জ্ঞাপন করিবার আদেশ হইয়াছিল। তদনুসারে সংশোধন করণার্থ ভূমি গ্রহণ ও বাঁধ প্রস্তুত ও রক্ষা করণবিষয়ক প্রচলিত আইন সংগ্রহ করা বিহিত বোধ হইল।

প্রচলিত আইন মতান্তর করিয়া যেং অভিপ্রায় সফল করিবার প্রস্তাব হইতেছে তাহা এইং। আইনের বিধান বিস্তারিত করিয়া দেশের নানা অংশের যে জল প্রণালীর সঙ্গে বাঁধের সংযোগ থাকে তাহাও এই আইনের বিধানের মধ্যে ধরা যাইবে। যে বিষয় বাঁধ না হইয়াও নিশ্চিতরূপে বাঁধের সহযোগী ও যদ্ভিন্ন বাঁধের স্থিরতা রক্ষা করা অসাধ্য হইবে বাঁধ শব্দের মধ্যে সেইং বিষয়ও গণ্য হইবে। জলনির্গমনের বাধাজনক বিষয়ের অন্তর করিবার এবং কোন ভূমিতে বন্যা না হইবার ও জল নির্গমন হইবার প্রয়োজনীয় কার্য্য নির্ম্মাণের বিধান করা যাইবে। বিলম্ব হইলে লোকদের প্রাণ ও সম্পত্তির গুরুতর সঙ্কট সম্ভাবনা স্থলে ত্বরায় কার্য্য করিবার সুবিধা করা যাইবে। সেই কার্য্যদ্বারা লোকদের ক্ষতি কি অপকার হইলে তাহারদের হানিপূরণের বিধান করা যাইবে। সাধারণ লোকদের বাঁধ আরো সফলরূপে রক্ষা করিবার ও তদ্ধেতুক যে খরচ যে ব্যক্তিদের দেওয়া কর্ত্তব্য, কিম্বা ঐ কার্য্যদ্বারা যে ব্যক্তিদের লভ্য হয় তাঁহারদের স্থানে ন্যায়মতে সেই খরচ আদায় করিবার বিধান করা যাইবে। উপসংহার কালে বাঁধের ও জলনির্গমনের কার্য্যের ইচ্ছাপূর্ব্বক অপকার করা গেলে তাহার পূর্ব্বাপেক্ষা কঠিন দণ্ড নিরূপণ করিয়া ঐ বাঁধ প্রভৃতির রক্ষার সুবিধান করা যাইবে।

এই আইন শুদ্ধ করণাভিপ্রায়ে, ইহার নির্দ্দিষ্ট কার্য্যের নিমিত্তে ভূমি গ্রহণ করা প্রয়োজনহেতুক ভূমি গ্রহণের প্রচলিত বিধি এই পাণ্ডুলিপির মধ্যে সন্নিবেশ করা গেল।

বি এচ শাক।

১৭ ডিসেম্বর।

জে পিট কেনেডি,

ব্যবস্থাপক কর্ম্মবিভাগে বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী।

THE following Bill was read in the Council of the Lieutenant-Governor of Bengal for the purpose of making Laws and Regulations on the 14th January 1871, and was referred to a Select Committee with instructions to report thereon within three weeks.

A Bill for the better regulation of Lodging-houses at Pooree.

Preamble.

WHEREAS it is expedient to make provision for the licensing and regulation of pilgrims' lodging-houses at Pooree, and in the main lines of road leading to Pooree, and for the appointment of a Health Officer to control the sanitation and conservancy thereof: It is enacted as follows:—

Interpretation.

I. The words and expressions following shall, in this Act, have and bear the meanings and construction hereby assigned to them, unless there be something in the subject or context repugnant to such meaning or construction; that is to say:—

"Inmate."

The word "Inmate" shall mean a person passing the night in any house.

"Lodger."

The word "Lodger" shall mean an inmate liable to pay hire for accommodation in any house.

"Owner."

The word "Owner" shall mean the person entitled to the immediate possession of any house.

"Lodging-house."

The expression "Lodging-house" shall mean a house licensed under this Act for the reception of lodgers.

"Keeper of a lodging-house."

The expression "Keeper of a lodging-house" shall mean the person to whom a license for the reception of lodgers in any house under this Act shall be granted.

"The Magistrate."

The expression "The Magistrate" shall mean the Magistrate for the district of Pooree, or of any other district or part of a district to which this Act may be extended, or other officer in charge of the office of such Magistrate, or specially invested with power under this Act.

"The Health Officer."

The expression "The Health Officer" shall mean the person whom the Lieutenant-Governor of Bengal shall appoint under this Act.

আইনের এই পাণ্ডুলিপি ১৮৭১ সালের জানুআরি মাসের ১৪ তারিখে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আইন ও ব্যবস্থা করণার্থ মন্ত্রিসভায় পাঠ করা গেল এবং মনোনীত কমিটীর প্রতি অর্পিত হইয়া তিন সপ্তাহের মধ্যে তদ্বিষয়ের রিপোর্ট করিবার আদেশ হইল।

পুরীতে বাসাঘরের সুবিধান করিবার আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

পুরীর মধ্যে এবং পুরীতে যাইবার প্রধান২ পথে যাত্রিদের বাসাঘরের অনুমতিপত্র দেওনের ও তাহার বিধান করিবার এবং পুরির স্বাস্থ্য রক্ষা ও পারিপাট্য কার্য্যের তত্ত্বাবধারণ করিবার জন্যে স্বাস্থ্যরক্ষক নামে এক জন কার্য্যকারককে নিযুক্ত করিবার বিধান করা বিহিত। এই হেতুক নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

অর্থের কথা।

১ ধারা। এই ধারাতে নিম্নলিখিত কথার ও শব্দের যেং অর্থ করা গিয়াছে, ভাব বিবেচনায় ও পূর্ব্বাপর কথা বুঝিয়া সেই অর্থ অসঙ্গত না হইলে এই আইনে সেই কথার ও শব্দের সেই অর্থ ধরিতে হইবে, যথা,—

প্রবাসী।

যে ব্যক্তি কোন ঘরে রাত্রিযাপন করে "প্রবাসী" শব্দে তাহাকে বুঝাইবে।

বাসাড়িয়া।

কোন ঘরে থাকিবার ভাড়া দিয়া যে ব্যক্তি বাস করে "বাসাড়িয়া" শব্দে তাহাকে বুঝাইবে।

স্বামী।

কোন ঘরের অধিকার করিতে যে ব্যক্তির অব্যবহিতরূপে স্বত্ব থাকে "স্বামী" শব্দে তাহাকে বুঝাইবে।

বাসাঘর।

এই আইনমতে বাসাড়িয়াদের থাকিবার যে ঘরের অনুমতিপত্র দেওয়া যায় "বাসাঘর" শব্দে সেই ঘর বুঝাইবে।

বাসা ঘরের কর্ত্তা।

এই আইনমতে যে ব্যক্তিকে কোন ঘরে বাসাড়িয়াদিগকে লইবার অনুমতিপত্র দেওয়া যায় "বাসাঘরের কর্ত্তা" শব্দে সেই ব্যক্তিকে বুঝাইবে।

মাজিষ্ট্রেট।

"মাজিষ্ট্রেট" শব্দে পুরী জিলার মাজিষ্ট্রেট সাহেবকে কিম্বা এই আইন যে জিলায় কি জিলার যে অংশে প্রচলিত করা যায় তথাকার মাজিষ্ট্রেট সাহেবকে কিম্বা অন্য যে কার্য্যকারক মাজিষ্ট্রেটী কাছারীর কর্ম্মের ভার পান কিম্বা এই আইনমতে বিশেষ ক্ষমতা পান তাঁহাকে বুঝাইবে।

স্বাস্থ্যরক্ষক।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব এই আইনমতে যে কার্য্যকারককে নিযুক্ত করেন "স্বাস্থ্যরক্ষক" শব্দে সেই কর্ম্মকারককে বুঝাইবে ইতি।

II. The Lieutenant-Governor of Bengal is hereby empowered to appoint a Health Officer to control and direct the sanitation and conservancy of the town of Pooree, and of the main lines of road leading thereto.

Appointment of Health Officer. Definition of his duties.

III. From and after the passing of this Act, it shall be lawful for the Magistrate, upon the application of the owner of any house in the town of Pooree, to grant to such applicant a license for the reception of lodgers in his said house, if the Magistrate be satisfied that such house is fit to be used as a lodging-house.

Power to Magistrate to grant license.

IV. The application for such license as in the preceding section is mentioned, shall be in writing, and shall be in the form set forth in schedule A of this Act, and shall be subscribed and verified by the applicant at the foot or end thereof in the manner provided by law for the verification of plaints. The license for the reception of lodgers to be granted by the Magistrate under this Act shall be in the form set forth in schedule B of this Act.

Application for license to be in the form of the schedule A.
The license to be in the form of the schedule B.

V. The Health Officer shall, when required by the Magistrate or the owner of any house, certify to the Magistrate the sanitary state and condition of such house, and the nature and extent of the accommodation which such house is capable of affording to lodgers.

The Health Officer shall, when required by the Magistrate, report upon any lodging-house.

VI. No license for the reception of lodgers shall be granted under this Act by the Magistrate, unless the Health Officer shall certify in writing under his hand to the Magistrate that in his judgment the house, for the licensing of which for the reception of lodgers application shall have been made as aforesaid, is sufficiently ventilated, and has, within a reasonable distance from such house, a sufficient supply of water fit for human consumption, and also sufficient privy accommodation, and is otherwise fit for the reception of lodgers. The said Health Officer shall also certify to the Magistrate the largest number of lodgers which such house can, having regard to the number of inmates residing therein, accommodate with safety to the health of such lodgers, and no license under this Act shall be granted by the Magistrate for the reception in

Restrictions on the power of granting a license.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭১। ৩১ জানুআরি।]

২ ধারা। পুরী নগরের এবং সেই নগরে যাইবার প্রধান২ পথের স্বাস্থ্যরক্ষার ও পারিপাট্যের কার্য্যের তত্ত্বাবধারণ ও নিরূপণ করণার্থে, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি এতৎক্রমে স্বাস্থ্যরক্ষকে নিযুক্ত করিবার ক্ষমতা দেওয়া গেল ইতি।

স্বাস্থ্যরক্ষকের নিযুক্ত হইবার ও তাহার কর্ত্তব্য কর্ম্ম নির্ণয়ের কথা।

৩ ধারা। এই আইন প্রচলিত হইবার সময়াবধি পুরী নগরের কোন ঘরের স্বামী আপনার উক্ত ঘরে বাসাড়িয়াদিগকে গ্রহণ করিবার অনুমতিপত্র প্রার্থনা করিলে মাজিষ্ট্রেট সাহেব সেই ঘর বাসাঘরস্বরূপ ব্যবহার হইবার উপযুক্ত ইহা হৃদ্বোধমতে জানিলে, সেই প্রার্থককে অনুমতিপত্র দিতে পারিবেন ইতি।

মাজিষ্ট্রেট সাহেবের অনুমতিপত্র দেওনের ক্ষমতার কথা।

৪ ধারা। ইহার পূর্ব্ব ধারার উল্লিখিত অনুমতিপত্র পাইবার দরখাস্ত এই আইনের A তফসীলের পাঠে লিখিয়া দিতে হইবে। দরখাস্তকারী তাহার নিম্নভাগে স্বাক্ষর করিবেন এবং আইনে আবেদনপত্রের সত্যাকরণের কথা লিখিবার যে বিধান আছে সেই বিধানমতে সত্যাকরণের কথা লিখিবেন। মাজিষ্ট্রেট সাহেব এই আইনমতে বাসাড়িয়াদিগকে গ্রহণ করিবার যে অনুমতিপত্র দিবেন তাহা এই আইনের B তফসীলের পাঠে লেখা যাইবে ইতি।

অনুমতিপত্র পাইবার প্রার্থনা A তফসীলের পাঠে লিখিবার কথা।
অনুমতিপত্র B তফসীলের পাঠে লিখিবার কথা।

৫ ধারা। মাজিষ্ট্রেট সাহেব কিম্বা কোন ঘরের স্বামী আদেশ করিলে, স্বাস্থ্যরক্ষক মাজিষ্ট্রেট সাহেবের নিকট স্বাস্থ্যপক্ষে ঐ ঘরের অবস্থার ও দশার ও সেই ঘরে বাসাড়িয়াদের থাকিবার যে প্রকারের যত স্থান আছে তাহার সর্টিফিকট লিখিয়া দিবেন ইতি।

মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞা পাইলে বাসাঘরের বিষয়ে স্বাস্থ্যরক্ষকের রিপোর্টের কথা।

৬ ধারা। বাসাড়িয়াদের থাকিবার জন্যে কোন ঘরের নিমিত্ত উক্ত প্রকারে অনুমতিপত্রের প্রার্থনা হইলে, স্বাস্থ্যরক্ষকের বিবেচনামতে সেই ঘরে বায়ু চলনের সদুপায় আছে, ও ঐ ঘরহইতে যুক্তিমত দূরে লোকদের পান করিবার উপযুক্ত যথেষ্ট জল ও মলমূত্র ত্যাগ করিবার উপযুক্ত স্থান আছে ও প্রকারান্তরে ঐ ঘর বাসাড়িয়াদের থাকিবার উপযুক্ত, তিনি মাজিষ্ট্রেট সাহেবকে আপনার স্বাক্ষরিত এই মর্ম্মের সর্টিফিকট না দিলে, মাজিষ্ট্রেট সাহেব এই আইনমতে বাসাড়িয়াদিগকে গ্রহণ করিবার অনুমতিপত্র দিবেন না। আরো তৎকালে উক্ত গৃহবাসিদের সংখ্যা বিবেচনায়, ঐ ঘরে বাসাড়িয়াদের স্বাস্থ্যের বিঘ্ন না হইয়া অত্যধিক কত জন বাসাড়িয়া অক্লেশে থাকিতে পারে উক্ত স্বাস্থ্যরক্ষক এই কথার সর্টিফিকটও মাজিষ্ট্রেট সাহেবকে লিখিয়া দিবেন। এবং স্বাস্থ্যরক্ষকের উক্ত সর্টিফিকটমতে বাসাড়িয়াদের স্বাস্থ্যের বিঘ্ন না হইয়া অত্যধিক যত জন অক্লেশে কোন ঘরে

অনুমতিপত্র দেওনের ক্ষমতার সীমার কথা।

any house of any number of lodgers in excess of the number of lodgers which the Health Officer shall have so certified as aforesaid to be the largest number which such house could accommodate with safety to the health of such lodgers.

A fine to be imposed on any lodging-house keeper not taking out a license.

VII. After the passing of this Act, every owner of any house in the town of Pooree not licensed as a lodging-house under this Act, who shall suffer or permit any lodger to be an inmate of such house, shall be punished by a fine not exceeding two Rupees for every lodger for each night during any part of which such lodger shall be an inmate of such house.

Fee payable on issue of certificate on health officer, and on grant of license.

VIII. There shall be charged upon every certificate of the Health Officer, issued upon the application therefor by the owner of any house, a fee of one rupee; and upon every license, a fee calculated upon the entire number of lodgers, for the reception of whom such license shall be granted, at the rate of 8 annas for each such lodger.

License to continue for a year.

IX. Every license under this Act shall, unless revoked or suspended, continue and be in force until the end of the current English year in which it shall have been granted.

The Magistrate may suspend a license in case of communicable disease being certified to by the Health Officer.

X. If the Health Officer shall certify in writing under his hand that any lodging-house is, by reason of the occurrence therein or in the immediate neighbourhood thereof, of cholera, small-pox, or any infectious or contagious disease unsafe for occupation as a lodging-house, or if the Magistrate after due enquiry, shall consider that for any other reason any lodging-house has become unfit for occupation as a lodging-house, it shall be lawful for the Magistrate either wholly to revoke, or for a time to suspend, the license held by the keeper of such lodging-house.

Power to inspect lodging-houses.

XI. It shall be lawful, without the consent of the occupier or owner thereof, for the Magistrate or the Health Officer, or for any person of suitable caste whom the Magistrate shall by any writing thereunto authorize, at any reasonable time to enter into any lodging-house, and to inspect and examine the same and every part thereof, not being in the exclusive use and occupation of women, who, according to the custom and manners of the country, ought not to be compelled to appear in public: provided

[*Government Gazette*, 31*st January* 1871.]

থাকিতে পারে সেই ঘরে তদধিক জন বাসাড়িয়াকে গ্রহণ করিবার নিমিত্ত মাজিষ্ট্রেট সাহেব এই আইনমতে অনুমতিপত্র দিবেন না ইতি।

বাসাঘরের কর্ত্তা অনুমতিপত্র না লইলে তাঁহার দণ্ড হইবার কথা।

৭ ধারা। এই আইন প্রচলিত হইবার পর পুরী নগরের কোন ঘরের স্বামী এই আইনমতে বাসাঘরের অনুমতিপত্র না লইয়া সেই ঘরে কোন প্রবাসিকে থাকিতে দিলে কি থাকিবার অনুমতি দিলে যে রাত্রির কোন অংশ যত জন প্রবাসী ঐ ঘরে থাকে তাঁহারদের প্রত্যেক জনের নিমিত্তে তাঁহার সেই রাত্রির দুই টাকার অনধিক অর্থদণ্ড হইবে ইতি।

স্বাস্থ্যরক্ষকের সর্টিফিকটের ও অনুমতিপত্রের নিমিত্তে ফীর কথা।

৮ ধারা। কোন ঘরের স্বামির দরখাস্তমতে স্বাস্থ্যরক্ষক যে সর্টিফিকট দেন তন্নিমিত্তে তাঁহাকে ঐ স্বামির ১৲ টাকা ফী দিতে হইবে। ও বাসাড়িয়াদের থাকিবার অনুমতিপত্র দেওয়া গেলে যত জন বাসাড়িয়াকে গ্রহণ করিবার অনুমতি হয়, তাহারদের প্রত্যেক জনের নিমিত্ত ।৷০ আনা হিসাবে ঐ অনুমতি পত্রের ফী দিতে হইবে।

অনুমতিপত্র এক বৎসর প্রবল থাকিবার কথা।

৯ ধারা। এই আইনমত প্রত্যেক অনুমতি পত্র ইংরেজী সনের যে বৎসরে দেওয়া যায়, তন্মধ্যে অন্যথা কি স্থগিত না হইলে সেই বৎসরের শেষপর্য্যন্ত প্রবল হইবে ইতি।

স্বাস্থ্যরক্ষক সঞ্চারক রোগ হওয়ার সর্টিফিকট দিলে ঐ অনুমতিপত্র মাজিষ্ট্রেট সাহেবের স্থগিত রাখিবার ক্ষমতার কথা।

১০ ধারা। কোন বাসাঘরের মধ্যে কিম্বা তাহার সন্নিকট স্থানে ওলাউঠা কি বসন্ত রোগ কিম্বা স্পর্শাক্রামক কি সঞ্চারক অন্য রোগ হওয়াতে ঐ ঘর বাসাঘরস্বরূপ রাখিলে বিঘ্ন হইতে পারে, স্বাস্থ্যরক্ষক আপনার স্বাক্ষরিত এমত সর্টিফিকট লিখিয়া দিলে, কিম্বা কোন বাসাঘর কোন কারণে বাসাঘরস্বরূপ ব্যবহার হইবার অনুপযুক্ত হইয়াছে, মাজিষ্ট্রেট সাহেব উপযুক্ত অনুসন্ধানক্রমে এমত বোধ করিলে, তিনি ঐ বাসাঘরের কর্ত্তার অনুমতিপত্র একেবারে রহিত করিতে কিম্বা কিয়ৎকালের নিমিত্ত স্থগিত করিতে পারিবেন ইতি।

বাসাঘর দেখিবার ক্ষমতার কথা।

১১ ধারা। মাজিষ্ট্রেট সাহেব কিম্বা স্বাস্থ্যরক্ষক, কিম্বা মাজিষ্ট্রেট উপযুক্ত জাতির যে কোন ব্যক্তিকে লিখিয়া অনুমতি দেন তিনি উপযুক্ত কোন সময়ে বাসাঘরের দখিলকারের কি স্বামির অনুমতি বিনা, সেই ঘরে প্রবেশ করিয়া, ঐ বাসাঘর ও তাহার প্রত্যেক স্থান দেখিতে ও পরিদর্শন করিতে পারিবেন। কিন্তু দেশাচারমতে যে স্ত্রীলোকদিগকে বলপূর্ব্বক প্রকাশ স্থানে বাহির করা অনুচিত সেই স্ত্রীলোকদের ব্যবহারের ও থাকিবার ঘরে প্রবেশ করিবেন না। পরন্তু কোন কারণে কেবল পূর্ব্বোক্ত স্ত্রীলোকদের ব্যবহারের ও থাকিবার উক্ত

always that if, in the judgment of the Magistrate such reason shall exist as to necessitate an entry into and inspection and examination of such apartments so exclusively used and occupied by such women as aforesaid, it shall be lawful for the Magistrate, upon reasonable notice of such his intention being affixed to the house in which such women are residing, to enter into and inspect and examine, or to authorize under his hand any other person to enter into and inspect and examine, such apartments of such women as aforesaid.

ঘরে প্রবেশ করা ও তাহার দৃষ্টি ও পরিদর্শন করা আবশ্যক মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনায় এমত কারণ থাকিলে, ঐ স্ত্রীলোকেরা যে ঘরে থাকে তিনি সেই ঘরে প্রবেশ করিবার কল্পনার যুক্তিমত নোটিস লাগাইয়া ঐ স্ত্রীলোকদের সেই ঘরে প্রবেশ করিয়া তাহা দৃষ্টি ও পরিদর্শন করিতে পারিবেন কিম্বা অন্য কোন ব্যক্তিকে আপনার স্বাক্ষরিত লিপি দিয়া প্রবেশ করিতে ও দৃষ্টি ও পরিদর্শন করিতে অনুমতি দিতে পারিবেন ইতি।

Power to exempt lodging-house from inspection.

XII. It shall be lawful for the Magistrate to exempt from inspection the house or portion of a house occupied by any lodger, so long as they shall be occupied by such lodger, or until further order by the Magistrate.

দৃষ্টিকরণ হইতে কোন বাসাঘর মুক্ত করিবার ক্ষমতার কথা।

১২ ধারা। কোন ঘরে কিম্বা ঘরের কোন অংশে বাসাড়িয়া থাকিলে যত দিন তিনি সেই ঘরে থাকেন মাজিষ্ট্রেট সাহেব তত দিন কিম্বা প্রকারান্তরের আজ্ঞা না দেওনপর্য্যন্ত সেই ঘর দৃষ্টি করণ হইতে মুক্ত রাখিতে পারিবেন ইতি।

Keeper of lodging-house to produce his license.

XIII. Every keeper of a lodging-house shall produce to the Magistrate the license of such house, whenever he shall be thereunto required by the Magistrate.

বাসাঘরের কর্ত্তার অনুমতিপত্র দেখাইবার কথা।

১৩ ধারা। মাজিষ্ট্রেট সাহেব কোন বাসাঘরের কর্ত্তাকে সেই বাসাঘরের অনুমতিপত্র দেখাইতে আজ্ঞা করিলে তাঁহার সেই পত্র দেখাইতে হইবে ইতি।

Keeper of lodging-houses to report accidents, deaths, and sickness, and the names of persons in their lodging-houses.

XIV. Every keeper of a lodging-house shall make a report to the person in charge of the nearest police station, of each birth, death, or grave accident, or sudden and serious sickness which may occur in the lodging-house of which he is keeper, as soon as conveniently may be after such birth, death, or accident or sickness shall have occurred; and shall also, every day during such periods of the year as the Magistrate shall from time to time appoint, before noon, make a report in writing to the person in charge of such station, stating the names of all persons who shall have been inmates of such lodging-house during the preceding night, and shall also make a like report to the Health Officer of any diminution or cessation of the water-supply or privy accommodation of any lodging-house of which he is a keeper, within twenty-four hours after such diminution or cessation shall have occurred.

বাসাঘরের কর্ত্তাদের ঘরে অকস্মাৎ কোন ঘটনা কি মৃত্যু কি রোগ হইলে সেই কথার ও লোকদের নামের রিপোর্ট করিবার কথা।

১৪ ধারা। কোন বাসাঘরে সন্তানের জন্ম হইলে কিম্বা কোন ব্যক্তির মৃত্যু কি ভারি দুর্ঘটনা কিম্বা হঠাৎ ও ভারি পীড়া হইলে সেই জন্ম কি মৃত্যু কি দুর্ঘটনা কি পীড়া হইবার পর ঐ ঘরের কর্ত্তা সাধ্যমতে ত্বরায় অতি নিকট পোলীস থানার অধ্যক্ষের নিকটে সেই ব্যাপারের রিপোর্ট করিবেন। এবং মাজিষ্ট্রেট সাহেব সময়ে২ বৎসরের যে বিশেষ কাল নিরূপণ করেন সেই কালের প্রতিদিন, তৎপূর্ব্ব রাত্রি যাহারা ঐ বাসাঘরে প্রবাসী ছিল বাসাঘরের কর্ত্তা তাহাদের সকল ব্যক্তির নাম পূর্ব্বাহ্নে ঐ থানার অধ্যক্ষের নিকট লিখিয়া রিপোর্ট করিবেন। এবং তিনি যে বাসাঘরের কর্ত্তা হন সেই ঘরের জল কিম্বা মলমূত্র ত্যাগ করিবার উপযুক্ত স্থান কম পড়িলে কি না থাকিলে, সেই কম পড়িবার কি না থাকিবার সময়াবধি চব্বিশ ঘণ্টার মধ্যে স্বাস্থ্য রক্ষকের নিকট লিখিয়া সেই কথার রিপোর্ট করিবেন ইতি।

Lodging-house keepers to exhibit number of house.

XV. Every keeper of a lodging-house shall exhibit, and keep exhibited on a conspicuous portion of the front of such house, the number of the license of such house, and the number of lodgers which such person is licensed to accommodate, plainly and legibly set forth in English, Bengalee, Hindee, and Ooriah characters.

বাসাঘরের নম্বর কর্ত্তার প্রকাশ করিবার কথা।

১৫ ধারা। বাসাঘরের প্রত্যেক কর্ত্তা ঐ ঘরের সম্মুখভাগের কোন প্রকাশ স্থানে ঐ ঘরের অনুমতিপত্রের নম্বর ও অনুমতিপত্রমতে সেই ঘরে যত জন বাসাড়িয়া সুবিধামতে থাকিতে পারে সেই সংখ্যা ইংরেজী ও বাঙ্গলা ও হিন্দি ও উড়িয়া অক্ষরে স্পষ্ট ও সুপাঠ্যরূপে লেখাইয়া প্রকাশ করিবেন ও প্রকাশভাবে রাখিবেন ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭১। ৩১ জানুআরি।]

XVI. Upon the inspection and examination of any lodging-house, the Magistrate or Health Officer, or other person authorized as aforesaid to make such inspection and examination, shall record in a Register Book to be kept for that purpose, a succinct report of the result of such inspection and examination.

A short report to be kept of the inspection and examination of any lodging-house.

১৬ ধারা। কোন বাসাঘর দেখিয়া পরিদর্শন করা গেলে মাজিষ্ট্রেট সাহেব কিম্বা স্বাস্থ্যরক্ষক কিম্বা অন্য যে ব্যক্তি পূর্ব্বোক্তমতে দৃষ্টি ও পরিদর্শন করিতে অনুমতি পাইলেন তিনি সেই দৃষ্টির ও পরিদর্শনের ফলের সংক্ষেপ বিবরণ লিখিবার রেজিষ্টরী বহীতে তাহা লিখিয়া রাখিবেন ইতি।

বাসাঘর দৃষ্টি হইয়া পরিদর্শন হইলে তাহার সংক্ষেপ রিপোর্ট রাখিবার কথা।

XVII. Every person who shall make any application, statement, or report, in pursuance of the provisions of this Act, shall be deemed to have been bound by express provision of law to state the truth therein.

Statement under this Act to be true.

১৭ ধারা। যে কোন ব্যক্তি এই আইনের বিধানানুসারে কোন দরখাস্ত কি বর্ণনা কি রিপোর্ট করেন তিনি তন্মধ্যে আইনের স্পষ্ট বিধানমতে সত্য কথা লিখিতে আবদ্ধ আছেন এমত জ্ঞান হইবে ইতি।

এই আইনমত বর্ণনা সত্য হওয়ার কথা।

XVIII. Every keeper of a lodging-house in which there shall be, at any time, a number of inmates in excess of the aggregate number of inmates resident in such house at the date of the application for the license thereof and of the number of lodgers mentioned in such license, or a number of lodgers in excess of the number of lodgers mentioned in such license, or who shall suffer or permit any person, other than a member of his family or a servant in his actual employ, to be an inmate of his house after the revocation or during the suspension of his license, or who shall omit to give notice in writing to the Health Officer of any diminution or cessation of the water-supply or privy accommodation of his house within twenty-four hours after such diminution or cessation shall have occurred, or who shall refuse or neglect without reasonable cause, within one hour after demand, to produce to the Magistrate the license for his said lodging-house when he shall be thereunto required, or who shall omit, without like reasonable cause, to make such report as by section XIV. of this Act he is required to make, or to expose or keep exposed the number of his license, and of the number of lodgers he is licensed to accommodate as hereinbefore is required, shall be liable to be punished by a fine not exceeding one hundred rupees for every such offence.

Penalties.

১৮ ধারা। কোন বাসাঘরের অনুমতিপত্র পাইবার দরখাস্তের তারিখে সেই ঘরে সর্ব্বসুদ্ধ যত জন প্রবাসী ছিল, ও সেই অনুমতি পত্রে প্রবাসিদের যে সংখ্যা নিরূপণ হইয়াছে, কোন সময়ে সেই বাসাঘরে তদধিক জন থাকিলে কিম্বা ঐ অনুমতিপত্রে যত জন প্রবাসী নির্দ্দিষ্ট হইল তদধিক জন থাকিলে, কিম্বা অনুমতিপত্র রহিত করা গেলে পর কিম্বা স্থগিত থাকনকালে কোন বাসাঘরের কর্ত্তা নিজ পরিবারের লোক ও চাকরভিন্ন কোন ব্যক্তিকে আপনার ঘরের প্রবাসী হইতে দিলে কি হইবার অনুমতি দিলে কিম্বা জলের কি মলমূত্র ত্যাগ করিবার স্থানের অকুলান হইলে কি তাহা না থাকিলে চব্বিশ ঘণ্টার মধ্যে স্বাস্থ্যরক্ষককে সেই কথা লিখিয়া না জানাইলে, কিম্বা মাজিষ্ট্রেট সাহেবকে উক্ত বাসা ঘরের অনুমতিপত্র দেখাইবার আদেশ হইলে উপযুক্ত কারণ না থাকিতেও এক ঘণ্টার মধ্যে না দেখাইলে কিম্বা দেখাইতে অস্বীকার করিলে, কিম্বা এই আইনের ১৪ ধারামতে যে রিপোর্ট করিবার আদেশ হইয়াছে যুক্তিমত কারণ না থাকিতেও সেই রিপোর্ট না দিলে, কিম্বা পূর্ব্বোক্ত বিধানমতে আপন অনুমতিপত্রের নম্বর ও যত জন বাসাড়িয়াকে ঘরে রাখিবার অনুমতি পান তাহারদের সংখ্যা প্রকাশ না করিলে কিম্বা প্রকাশ করিয়া না রাখিলে, উক্ত প্রত্যেক অপরাধের জন্যে তাহার এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

দণ্ডের কথা।

XIX. Whenever the keeper of any lodging-house shall not be actually in charge thereof, then the person who shall be actually in charge thereof shall, as well as the keeper thereof, be liable to the penalties hereby provided for any infraction of the provisions of this Act.

Persons in charge of lodging-houses to be responsible.

১৯ ধারা। যদি বাসাঘরের কর্ত্তা আপনি সেই ঘরের কর্ম্মের অধ্যক্ষতা না করেন তবে এই আইনের কোন বিধান লঙ্ঘন হইলে যে দণ্ডের বিধান হইয়াছে, বাসাঘরের কর্ত্তা এবং তিনি যাহাকে সেই ঘরের অধ্যক্ষতা কার্য্যে রাখেন এই দুই জন সেই দণ্ডের যোগ্য হইবে ইতি।

বাসাঘরের কর্ত্তাদের দায়ী হইবার কথা।

XX. All offences against this Act shall be heard and determined according to the provisions of the Code of Criminal Procedure.

Offences to be determined according to Code of Criminal Procedure.

XXI. It shall be lawful for the Magistrate to revoke or suspend any license granted under this Act to the keeper of any lodging-house who, after the grant of such license, shall have been convicted of any offence against the provisions of this Act.

Power to revoke or suspend licenses on proof of conviction.

XXII. It shall be lawful for the Magistrate upon proof that the water-supply or privy accommodation of a lodging-house has been diminished after the grant of the license of such house, to reduce the number of lodgers mentioned in the license thereof to such number as may be able to obtain suitable water-supply and privy accommodation within a reasonable distance thereof, and to enter in the license of such house such diminished number.

Power to reduce number of lodgers for which license is granted.

XXIII. All fines, and fees, paid or levied under this Act, shall be applied for and towards the sanitary improvement of the town of Pooree, or of the pilgrim halting places on the main roads to Pooree, in such manner as the Lieutenant-Governor of Bengal may from time to time, by notification in the *Calcutta Gazette*, direct.

All fees and fines, recoverable under this Act to go towards the sanitary improvement of Pooree.

XXIV. All applications to the Magistrate or Health Officer under this Act shall be made in writing.

Applications to be in writing.

XXV. Whoever deposits, or permits his servants to deposit, any dust, dirt, dung, ashes, garden, kitchen, or stable refuse, or filth of any kind, or any animal matter, or any broken glass or earthen-ware, or other rubbish, in any public highway, except in such spots, and in such manner, and at such hours, as shall be fixed by the Magistrate with the assent of the Health Officer, or throws, or puts, or permits his servants to throw or put any such substance into any public sewer, or drain, or into any drain com-

Necessaries in highways and sewers.

২০ ধারা। এই আইনে যেং অপরাধ নির্দ্দিষ্ট হইল ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের বিধানমতে তাহা শুনিয়া নির্ণয় করা যাইবে ইতি।

ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনমতে অপরাধ নির্ণয় হইবার কথা।

২১ ধারা। কোন বাসাঘরের কর্ত্তাকে এই আইনমতে অনুমতিপত্র দেওয়া গেলে পর তাহার এই আইনের বিধানের নির্দ্দিষ্ট কোন অপরাধ সপ্রমাণ হইলে মাজিষ্ট্রেট সাহেব সেই অনুমতিপত্র রহিত কি স্থগিত করিতে পারিবেন ইতি।

অপরাধের প্রমাণ হইলে অনুমতিপত্র রহিত কিম্বা স্থগিত করিবার ক্ষমতার কথা।

২২ ধারা। কোন বাসাঘরের অনুমতিপত্র দেওয়া গেলে পর সেই ঘরে আবশ্যকমত জল পাইবার কিম্বা মলমূত্র ত্যাগ করিবার স্থানের কম হইয়াছে প্রমাণ হইলে, ঐ ঘরের অনুমতিপত্রে যত জন বাসাড়িয়া লেখা ছিল মাজিষ্ট্রেট সাহেব তাহা ন্যূন করিয়া ঐ ঘরের যুক্তিমত অন্তর স্থানহইতে যত জনের উপযুক্ত জল পাইবার ও মলমূত্র ত্যাগ করিবার সুবিধা থাকে তত জন নিরূপণ করিয়া ঐ বাসাঘরের অনুমতিপত্রে সেই ন্যূন সংখ্যা লিখিতে পারিবেন ইতি।

যত জন বাসাড়িয়া রাখিবার অনুমতিপত্র দেওয়া গেল তাহারদের সংখ্যা ন্যূন করিবার ক্ষমতার কথা।

২৩ ধারা। এই আইনমতে অর্থদণ্ড ও ফী বলিয়া যত টাকা দেওয়া যায় ও আদায় করা যায়, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে সময়েং জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া সেই টাকা ব্যয় করিবার যে বিধান করেন তদনুসারে তাহা পুরীনগরের, ও সেই নগরে যাইবার প্রধানং পথে যাত্রিদের থাকিবার যেং স্থান থাকে সেইং স্থানের স্বাস্থ্য বৃদ্ধির কার্য্যে প্রয়োগ হইবে ইতি।

এই আইনমতে ফী ও অর্থদণ্ডের যে টাকা আদায় হয় তাহা পুরীর স্বাস্থ্যরক্ষার কার্য্যে প্রয়োগ করিবার কথা।

২৪ ধারা। এই আইনমতে মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা স্বাস্থ্যরক্ষকের নিকট যে সকল দরখাস্ত করা যায় তাহা লিখিয়া করিতে হইবে ইতি।

দরখাস্ত লিখিয়া দিবার কথা।

২৫ ধারা। মাজিষ্ট্রেট সাহেব স্বাস্থ্য রক্ষকের অনুমতি লইয়া যে বিধানমতে যে সময়ে জঞ্জাল প্রভৃতি ফেলিবার যে স্থান নিরূপণ করেন, তদ্ভিন্ন কোন ব্যক্তি কোন রাজপথে ধুলি, মল, গোবর, ছাই কিম্বা বাগানের কি রাঁধা ঘরের কি আস্তাবলের ওঁচলা কিম্বা কোন প্রকারের জঞ্জাল কিম্বা জীবজন্তুর উচ্ছিষ্ট কি ভাঙ্গা গেলাস কি মাটির পাত্র কিম্বা অন্য প্রকারের রাবিশ রাখিলে কিম্বা আপন চাকরদিগকে রাখিতে দিলে, কিম্বা রাজকীয় বড় নর্দ্দমায় কি জলের নর্দ্দমায় কিম্বা তৎসঙ্গে যে নর্দ্দমার যোগ থাকে তন্মধ্যে উক্ত প্রকারের কোন দ্রব্য ফেলিলে কি

রাজপথে ও বড় নর্দ্দমায় পাইখানার কথা।

municating therewith, shall be liable to a fine not exceeding ten rupees.

XXVI. Whoever causes or allows the water of any sink or sewer, or any other offensive liquid matter belonging to him or being on his land, to run, drain, or be thrown or put upon any public highway, or causes or allows any offensive matter from any sewer or privy to run, drain, or be thrown into a surface drain in any such highway, shall be liable to a fine not exceeding ten rupees.

Permitting offensive matter to run into drains or upon highways.

XXVII. The Magistrate may give notice to the owner or to the occupier of any land to cut and trim any hedges or trees which overhang any public highway so as to obstruct the passage, or to interfere with the free circulation of air.

Notice to cut trees.

XXVIII. Whoever being the occupier of a house in or near any public highway, keeps or allows to be kept for more than twenty-four hours, otherwise than in some proper receptacle, any dirt, dung, bones, ashes, night-soil or filth, or any noxious or offensive matter, in or upon such house, or in any out-house, yard, or ground attached to and occupied with such house, or suffers such receptacle to be in a filthy or noxious state, or neglects to employ proper means to cleanse the same, shall be liable to a fine not exceeding fifty rupees.

Necessaries near highways.

XXIX. Whoever being the owner or keeper of any cattle, sheep, or pigs, suffers the stall, pen, or place in which they are kept, in or near any public highway, to be in a filthy or noxious state, or neglects to employ proper means to remove the filth therefrom, shall be liable to a fine not exceeding twenty rupees, and to a fine not exceeding three rupees for every day after conviction for such offence during which the offence is continued.

Keeping cattle near highways.

XXX. The Magistrate may license such necessaries for public accommodation as he from time to time may think proper; and whoever shall keep any public necessary without such license, or having a license for a public necessary, shall suffer the same to be in a filthy or noxious state, or shall neglect to employ

Power to license public necessaries.

[*Government Gazette*, 31*st January* 1871.]

দিলে কিম্বা আপন চাকরদিগকে ফেলিতে কি দিতে অনুমতি দিলে, তাহার দশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

নর্দমায় কি রাজপথে দুর্গন্ধ দ্রব্য পড়িতে দিবার কথা।

২৬ ধারা। কোন ব্যক্তির ভূমিতে কিম্বা তাহার অধিকারে ময়লা জলের গর্ত্ত কি নর্দমা থাকিলে সে ঐ গর্ত্তের কি নর্দ্দমার জল কিম্বা দুর্গন্ধ অন্য তরল দ্রব্য কোন রাজ পথে গড়িয়া যাইতে কি পড়িতে দিলে কিম্বা অন্যকে ফেলিতে কি রাখিতে দিলে, কিম্বা ময়লা জলের নর্দ্দমা কি পাইখানা হইতে উক্ত কোন রাজপথের খোলা নর্দ্দমায় আপনি কিম্বা অন্যের দ্বারা কোন দুর্গন্ধ দ্রব্য যাইতে কি পড়িতে কিম্বা ফেলিতে দিলে তাহার দশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

বৃক্ষাদি কাটিয়া ফেলিবার দণ্ডের কথা।

২৭ ধারা। কোন ভূমির বেড়া কি গাছের ডাল কোন রাজপথে ঝুলিয়া পথের অবরোধ কিম্বা অনায়াসে বায়ু সঞ্চালনের বাধা করিলে, মাজিষ্ট্রেট সাহেব সেই ভূমির স্বামিকে কি দখলকারকে তাহা কাটিবার ও ছাঁটিয়া দিবার নোটিস দিতে পারিবেন ইতি।

রাজপথের ধারে পাইখানার কথা।

২৮ ধারা। কোন রাজপথের ধারে কি নিকট কোন ঘরের দখলকার উপযুক্ত কোন আধারভিন্ন ঐ ঘরে কি তাহার উপর কিম্বা কোন বাহির ঘরে বা বাগানে কিম্বা ঐ ঘর সংযুক্ত যে ভূমিতে ঐ ঘর থাকে সেই ভূমিতে চব্বিশ ঘণ্টার অধিক কাল মল কি গোবর কি হাড় কি ছাই কি বিষ্ঠা কি গলিজদ্রব্য কিম্বা পীড়াজনক কি দুর্গন্ধ দ্রব্য রাখিলে কি রাখিতে দিলে কিম্বা ঐ আধার গলিজ কি পীড়া জনক অবস্থায় থাকিতে দিলে ও তাহা পরিষ্কার করিবার সদুপায় করিতে শৈথিল্য করিলে তাহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

রাজপথের নিকট গোমেষাদি রাখিবার কথা।

২৯ ধারা। কোন রাজপথের নিকট কি তাহার ধারে গো ছাগল মেষ শুকরাদি রাখিবার কুঁড়া কি খোঁয়াড় কি স্থান থাকিলে ঐ গোমেষাদির স্বামী কি রক্ষক ঐ স্থান গলিজ কি পীড়াজনক অবস্থায় থাকিতে দিলে, কিম্বা তাহাহইতে গলিজ দ্রব্য বাহির করিবার সদুপায় করিতে শৈথিল্য করিলে তাহার বিশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে, ও সেই অপরাধের প্রমাণ হইলে পর যত দিন সেই অপরাধ করিতে থাকে তাহার দিন প্রতি সেই ব্যক্তির তিন টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

সাধারণের পাইখানার অনুমতিপত্র দিবার কথা।

৩০ ধারা। মাজিষ্ট্রেট সাহেব সময়ে২ সাধারণের ব্যবহারের জন্য যে পাইখানা উচিত বোধ করেন তাহার অনুমতিপত্র দিতে পারিবেন। কোন ব্যক্তি সেইরূপ অনুমতিপত্র না পাইয়া সাধারণের ব্যবহারের কোন পাইখানা রাখিলে কিম্বা পাইখানা রাখিবার অনুমতিপত্র পাইয়া তাহা গলিজ কি পীড়াজনক অবস্থায় থাকিতে দিলে কিম্বা

proper means for cleansing the same, shall be liable to a fine not exceeding fifty rupees, and such license may be withdrawn.

তাহা পরিষ্কার করিবার সদুপায় করিতে শৈথিল্য করিলে, তাহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ও তাহার স্থানহইতে অনুমতিপত্র কাড়িয়া লওয়া যাইতে পারিবে ইতি।

Clearing drains and cesspools

XXXI. Whoever being the owner or occupier of any private drain, privy, or cesspool, shall neglect or refuse, after warning from the Health Officer, to keep the same in a proper state, shall be liable to a fine not exceeding fifty rupees.

নর্দমা ও ময়লার গর্ত্ত পরিষ্কার করিবার কথা।

৩১ ধারা। কোন ব্যক্তির নিজের নর্দমা কি পাইখানা কি ময়লার গর্ত্ত থাকিলে কিম্বা কোন ব্যক্তি তাহার দখিলকার হইলে স্বাস্থ্যরক্ষকের স্থানে আদেশ পাইলে পর তাহা সদবস্থায় রাখিতে শৈথিল্য কি অস্বীকার করিলে তাহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

Power to set apart tanks for domestic use

XXXII. It shall be lawful for the Magistrate, with the assent of the Health Officer, to appropriate to the domestic use of the inhabitants of Pooree, or of any other towns to which this Act may be extended, any tank not being a private tank, and whoever shall bathe in any tank so appropriated to the domestic use of the inhabitants of the place, or shall wash or cause to be washed therein any animal, or any wool, cloth, or wearing apparel, or any utensils for cooking or other purposes, or leather, or the skin of any animal, or any foul or offensive thing, or shall put or cause to enter therein any animal, or any gravel, stone, dirt, or rubbish, or any dirt, filth, or other noxious thing, or shall cause or suffer to run, drain, or be brought thereunto the water of any sink, sewer, drain, or any other unwholesome or offensive liquid, or shall do anything whatsoever whereby the water in any such tank shall be in any degree fouled or corrupted, shall be liable to a fine not exceeding fifty rupees.

ঘরের ব্যবহারের নিমিত্ত পুকুর স্বতন্ত্র রাখিবার ক্ষমতার কথা।

৩২ ধারা। মাজিষ্ট্রেট সাহেব স্বাস্থ্যরক্ষকের সম্মতিতে পুরীনিবাসি লোকদের এবং এই আইন অন্য যেং নগরে বর্ত্তান যায় সেইং নগর নিবাসিদের পানাদির নিমিত্তে ব্যক্তিবিশেষের পুষ্করিণীভিন্ন কোন পুষ্করিণী নিরূপণ করিতে পারিবেন। যে পুষ্করিণী তদ্রূপে ঐ স্থানবাসিদের পানাদির নিমিত্তে নিরূপিত হয়, কোন ব্যক্তি সেই পুষ্করিণীতে স্নান করিলে, কিম্বা কোন পশুর গা ধুইলে কি ধোয়াইলে, কিম্বা লোম কি কাপড় কি বস্ত্র কাচিলে, কিম্বা রন্ধন কি কার্য্যের কোন পাত্র, কি চর্ম্ম কিম্বা কোন জন্তুর চামড়া কিম্বা কোন ময়লা কি দুর্গন্ধ দ্রব্য ধুইলে কিম্বা সেই পুষ্করিণীর জলে কোন জীব জন্তুকে কিম্বা কাঁকর, পাথর, ময়লা দ্রব্য কি জঞ্জাল কিম্বা কোন মল কি গলিজ দ্রব্য কি পীড়াজনক অন্য দ্রব্য ফেলিলে কি যাইতে দিলে, কিম্বা ময়লার গর্ত্তের কি ময়লার জলের নর্দ্দমার কি অন্য নর্দমার জল, কিম্বা পীড়াজনক কি দুর্গন্ধ তরল দ্রব্য ঐ পুষ্করিণীতে যাইতে কি পড়িতে কি আসিতে দিলে কিম্বা অন্য কাহার দ্বারা তাহা করাইলে কি করিতে দিলে, কিম্বা জল যাহাতে কোন অংশে ময়লা কি নষ্ট হয় এমত কোন ক্রিয়া করিলে তাহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

Notice to fill up or cleanse foul tanks

XXXIII. Whenever any tank drain, or other excavation containing waste or stagnant water, the same being within any private enclosure, appears to the Health Officer to be injurious to health, or to be offensive to the neighbourhood, it shall be lawful for the Magistrate to require, by notice in writing, the owner or occupier of the premises to cleanse or fill up such tank or excavation

ময়লা জলের পুষ্করিণী ভরাট করিয়া দিবার কি পরিষ্কার করিবার নোটিসের কথা।

৩৩ ধারা। কোন ব্যক্তির আবৃত ভূমির মধ্যে অকর্ম্মণ্য কি মরা জলের পুকুর কি নর্দমা কি অন্য ডোবাতে পীড়া জন্মিতে পারে কিম্বা প্রতিবাসিদের ক্লেশকর আছে, স্বাস্থ্যরক্ষকের এমত বোধ হইলে মাজিষ্ট্রেট সাহেব ঐ বাটীর স্বামিকে কি দখিলকারকে ঐ পুকুর কি ডোবা পরিষ্কার করিবার কি বুজাইয়া ফেলিবার নোটিস লিখিয়া দিতে পারিবেন ইতি।

Notice to drain and clear vegetation.

XXXIV. Whenever any lands or premises being private property, or within any private enclosure appear to the Health Officer to be by reason of thick or noxious vegetation or want of drainage in a state injurious to health or offensive to the neighbourhood, it shall be lawful for the Magistrate to require, by notice in writing, the owner or occupier of the premises

জলনির্গমনের পথ করিবার ও জঙ্গল পরিষ্কার করিবার নোটিসের কথা।

৩৪ ধারা। কোন ব্যক্তির ভূমি কি বাটী কিম্বা তাহার আবৃত স্থানের মধ্যে ঘন কি পীড়াজনক জঙ্গল থাকাতে কিম্বা জল বাহির হইবার পথ না থাকাতে সেই ভূমিতে স্বাস্থ্যের বিঘ্ন ও প্রতিবাসিদের ক্লেশ হয়, স্বাস্থ্যরক্ষকের এমত বোধ হইলে, মাজিষ্ট্রেট সাহেব ঐ বাটীর স্বামিকে কিম্বা দখিলকারকে সেই জঙ্গল পরিষ্কার করিয়া ফেলিবার কিম্বা সেই বাটীর জল বাহির

to clear and remove such vegetation, or drain such premises.

Power to drain tanks, &c.

XXXV. The Magistrate may from time to time, as they see fit, drain off into any sewers, and cleanse and fill up or otherwise abate any stagnant pool, ditch, tank, pond, or other receptacle of water (the same not being within any private enclosure) which shall appear to the Health Officer to be useless or unnecessary, or likely to prove injurious to the health of the inhabitants, whether the same be the private property of any person or not.

Power to perform works of which notice is given.

XXXVI. In case any person to whom any notice, warning or order under the provisions of sections XXVII, XXXI, XXXIII, or XXXIV shall be given shall, for eight clear days after service upon him of such notice or order, neglect or refuse to comply therewith, or shall not proceed with due diligence in the completion of the works thereby required, it shall be lawful for the Magistrate to cause to be performed the works in or by such notice required to be performed and for that purpose to enter into or upon, and to cause workmen and servants to enter into and upon lands belonging to, or in the occupation of, such person, and to do all things needful or useful to the performance of such works, and the Magistrate shall make an order under his hand certifying the expense incurred in or about the performance of such works and ordering the payment of such amount by the owner or by the occupier of the lands on which such works may have been performed, and such amount may be recovered from the person named therein as if it had been a fine for an offence against any of the provisions of this Act.

Service of notices.

পরন্তু যে ব্যক্তি পূর্ব্বোক্ত সকল কি কোন কর্ম্ম আরম্ভ করেন ও চালান, নিয়োজক ব্যক্তির স্থানে তদভিপ্রায়ে তাঁহার আম অথবা খাস মোক্তারনামা প্রাপ্ত হওয়া আবশ্যক।

অনুমতির প্রয়োজনের কথা।

আরো শেষোক্ত ব্যক্তি রাজস্বের প্রধান কর্ত্তৃপক্ষের স্থানে, কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট অন্য যে কার্য্যকারককে অনুমতি দিবার ক্ষমতা দেন তাঁহার স্থানে, উক্ত কর্ম্ম করণার্থে সাধারণ কিম্বা বিষয়বিশেষে বিশেষ অনুমতি না পাইলে ঐ কর্ম্ম করিতে পারিবেন না ইতি।

সেই অনুমতি রহিত কি স্থগিত করিবার কথা।

২৫ ধারা। উক্ত সাধারণ অনুমতি অথবা বিশেষ অনুমতি রাজস্বের প্রধান যে কর্ত্তৃপক্ষ দ্বারা কি পূর্ব্বোক্ত প্রকারের অন্য যে কার্য্যকারকদ্বারা দত্ত হইয়াছে. তিনি যে কোন সময়ে হউক তাহা রহিত করিতে কি স্থগিত রাখিতে পারিবেন ইতি।

চতুর্থ অধ্যায়।—সর্টিফিকটের বিধি।

উকীল ও মোক্তারদের সর্টিফিকটের কথা।

২৬ ধারা। এই আইনের বিধানানুসারে যে ব্যক্তিরা উকীল কি মোক্তারস্বরূপে গ্রাহ্য হইয়া ফর্দ্দে উল্লিখিত হওয়াতে কর্ম্ম করিতে স্বত্ববান হন, হাই কোর্ট তাঁহারদিগকে সর্টিফিকট দিবেন ও ঐ সর্টিফিকটে স্বাক্ষর করণার্থে হাই কোর্ট যে কার্য্যকারককে নিযুক্ত করেন ঐ সর্টিফিকটে তাঁহার স্বাক্ষর থাকিবে।

উক্ত কোন সর্টিফিকট ৯ ধারার বিধানমতে নূতনীকৃত হইলে তদ্রূপ নিযুক্ত কার্য্যকারকের দ্বারা কিম্বা সর্টিফি-

Officer so appointed or by the Judge of the District Court within the limits of whose jurisdiction the holder of the certificate shall then ordinarily practise.

Every Judge so renewing a certificate shall notify such renewal to the High Court.

Permission to practise in Mofussil Small Cause Courts.

27. Whenever the High Court causes a certificate, whether original or renewed, authorizing the holder to practise as a pleader in any of the following Courts (that is to say) the Courts of Sadr Amíns, Munsifs, Assistant Commissioners, Extra Assistant Commissioners and Tahsíldárs, to be issued to a person referred to in the proviso in section five, the Court may, by such certificate, authorize the holder to practise as a pleader in Courts of Small Causes in addition to the Courts above mentioned, but subject to the conditions herein contained as to the duration of and stamp on a certificate authorizing the holder to practise as a pleader in the same Courts.

Certificates to Revenue Agents.

28. The Chief Revenue Authority shall cause certificates signed by such Officer as the Chief Revenue Authority appoints in this behalf to be issued to persons admitted and enrolled under the provisions of this Act as Revenue Agents and entitled to practise as such.

Any such certificate, when renewed as provided in section twenty-nine, may be issued and signed by the Secretary of the Chief Revenue Authority or by any other Officer authorized by such Authority in that behalf, or by the Collector of the District within the limits of whose jurisdiction the holder of the certificate practises at the time of renewal.

Every Collector so renewing a certificate shall notify the renewal to the Chief Revenue Authority.

Form and duration of certificates.

29. Every certificate, whether original or renewed, granted under this Act, shall be engrossed upon stamped paper to be supplied by the person entitled to the certificate, and shall be in the form prescribed therefor by the second schedule hereto annexed, and shall authorize the holder to practise for the period of one year from the date of the certificate.

At the expiration of such time, the holder of the certificate, if desirous to continue to practise

কট প্রাপ্ত ব্যক্তি সেই সময়ে যে জিলার আদালতের বিচারাধিপত্যের সীমার মধ্যে সামান্যতঃ কর্ম্ম করিয়া থাকেন, সেই জিলার জজ সাহেব দ্বারা উক্ত সর্টিফিকট দেওয়া ও স্বাক্ষর করা যাইতে পারিবে।

জজ সাহেব তদ্রূপে কোন সর্টিফিকট নূতন করিয়া দিলে হাই কোর্টে সেই নূতনীকরণের কথা জ্ঞাত করিবেন ইতি।

মফঃসলের ক্ষুদ্র মোকদ্দমার আদালতে কার্য্য করিবার ক্ষমতার কথা।

২৭ ধারা। ৫ ধারার উপবিধিতে যে ব্যক্তির উল্লেখ হইয়াছে, হাই কোর্ট তাঁহাকে নিম্নলিখিত কোন আদালতে অর্থাৎ সদর আমীনদের, ও মুনসেফদের ও আসিস্টান্ট কমিশ্যনরদের ও অতিরিক্ত আসিস্টান্ট কমিশ্যনরদের ও তহসীলদারদের আদালতে একালতী করিবার অনুমতি দিয়া প্রথম কিম্বা নূতনীকৃত সর্টিফিকট দেওয়াইলে, ঐ কোর্ট সেই সর্টিফিকট দ্বারা ঐ সর্টিফিকট প্রাপ্ত ব্যক্তিকে উক্ত সকল আদালতভিন্ন ক্ষুদ্র মোকদ্দমার আদালতেও একালতী করিবার অনুমতি দিতে পারিবেন। কিন্তু সেই২ আদালতে ঐ সর্টিফিকট প্রাপ্ত ব্যক্তির একালতী করিবার অনুমতিসূচক সর্টিফিকট যত কাল প্রবল থাকিবে ও তাহাতে যে ইষ্টাম্প লাগিবে এই আইনে এই বিষয়ে যে২ নিয়ম থাকে তাহা প্রবল মানিতে হইবে ইতি।

রেবিনিউ এজেণ্টদের সর্টিফিকটের কথা।

২৮ ধারা। এই আইনের বিধানমতে যে ব্যক্তিরা রেবিনিউ এজেণ্টস্বরূপ গ্রাহ্য হন ও যাঁহারদের নাম লিপিবদ্ধ হইয়াছে, ও যাঁহারা রেবিনিউ এজেণ্টস্বরূপ কার্য্য করিবার অধিকার প্রাপ্ত হন, রাজস্বের প্রধান কর্তৃপক্ষ তাঁহারদিগকে সর্টিফিফিকট দেওয়াইবেন। তিনি এই কার্য্যপক্ষে যে কর্ম্মকারককে নিযুক্ত করেন ঐ সর্টিফিকটে তাঁহার স্বাক্ষর থাকিবে।

তদ্রূপ সর্টিফিকট ২৯ ধারামতে নূতন করিয়া দেওয়া গেলে, রাজস্বের প্রধান কর্তৃপক্ষের সেক্রেটারী সাহেব কিম্বা সেই কর্ম্মের নিমিত্তে ঐ কর্তৃপক্ষহইতে ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারক, কিম্বা ঐ সর্টিফিকট নূতনীকৃত করণকালে ঐ সর্টিফিকট প্রাপ্ত ব্যক্তি জিলার যে কালেক্টর সাহেবের বিচারাধীন স্থানের সীমার মধ্যে কর্ম্ম করেন সেই জিলার কালেকটর সাহেব ঐ সর্টিফিকট দিতে ও তাহাতে স্বাক্ষর করিতে পারিবেন।

কালেকটর সাহেব সর্টিফিকট নূতন করিয়া দিলে রাজস্বের প্রধান কর্তৃপক্ষকে সেই কথা জ্ঞাত করিবেন ইতি।

সর্টিফিকটের পাঠ ও প্রবল থাকিবার কালের কথা।

২৯ ধারা। আদ্য কি নূতনীকৃত যে প্রত্যেক সর্টিফিকট এই আইনমতে দেওয়া যায় তাহা ইষ্টাম্প কাগজে স্পষ্টাক্ষরে লিখিতে হইবে। যে ব্যক্তি সর্টিফিকট পাইতে স্বত্ববান তিনি ঐ কাগজ দিবেন। সর্টিফিকটের পাঠ এই আইনের দ্বিতীয় তফসীলে নির্দ্দিষ্ট হইল। যে ব্যক্তি তাহা পান তিনি তাহার বলে সর্টিফিকটের তারিখঅবধি এক বৎসর পর্য্যন্ত কর্ম্ম করিতে পারিবেন।

সেই কালের অবসান হইলেও যদি সর্টিফিকটের অধিকারী কর্ম্ম করিতে ইচ্ছা করেন, তবে তিনি ঐ সর্টি-

shall be entitled to have his certificate renewed, and on every such renewal the certificate then in his possession shall be cancelled and retained by the Officer, Judge or Collector signing the renewed certificate.

Stamps on certificates.

30. The stamp on the certificate, whether original or renewed, shall be of the value prescribed therefor by the third schedule hereto annexed.

Dismissed practitioners to surrender certificates.

31. When any Pleader or Mukhtár or Revenue Agent is suspended or dismissed under this Act, he shall forthwith deliver up his certificate to the Court, Board or Officer at the head of the Office in which he was practising at the time he was so suspended or dismissed, or to any Court or Officer to which the High Court or Chief Revenue Authority (as the case may be) orders him to deliver the same.

V.—Of the Remuneration of Pleaders, Mukhtárs, and Revenue Agents.

High Court and Chief Revenue Authority to fix fees on civil and revenue proceedings.

32. The High Court shall from time to time fix and regulate the fees payable upon all proceedings on the appellate side of such Court and in the subordinate Courts by any party in respect of the fees of his adversary's Pleader.

The Chief Revenue Authority shall from time to time fix and regulate the fees payable upon all proceedings in the Revenue Courts and Offices by any party in respect of the fees of his adversary's Pleader or Revenue Agent.

Tables of the fees so fixed shall be published in the Official Gazette.

Exception as to agents appointed under section twenty-four.

Nothing in this section applies to Agents appointed under section twenty-four.

Power to make agreements with clients.

33. An Attorney-at-law, Pleader, Mukhtár or Revenue Agent may make an agreement in writing with any person retaining or employing him respecting the amount and manner of payment for the whole or any part of any past or future services, fees, charges or disbursements in respect of business done or to be done by such Attorney, Pleader, Mukhtár or Agent, either by a gross sum, or by commission or percentage, or by salary or otherwise, and either at the same or at a

ফিকট নূতন করাইয়া লইতে পারিবেন। সর্টিফিকট নূতন করিয়া দেওয়া গেলে যে কার্য্যকারক কি জজ কি কালেক্টর সাহেব তাহাতে স্বাক্ষর করেন তিনি অধিকারির হস্তগত সর্টিফিকট অকর্ম্মণ্য করিয়া আপনার নিকটে রাখিবেন ইতি।

সর্টিফিকটে যে ইষ্টাম্প লাগে তাহার কথা।

৩০ ধারা। এই আইনের তৃতীয় তফসীলে সর্টিফিকটের ইষ্টাম্পের যে মূল্য নির্দ্দিষ্ট হইয়াছে, আসল কিম্বা নূতনীকৃত সর্টিফিকটে সেই ইষ্টাম্প লাগিবে ইতি।

পদচ্যুত উকীলপ্রভৃতির সর্টিফিকট ফিরিয়া দিবার কথা।

৩১ ধারা। এই আইনের বলে কোন উকীলকে কি মোক্তারকে কিম্বা রেবিনিউ এজেন্টকে স্থগিত রাখা কি পদচ্যুত করা গেলে তিনি আদালতের কিম্বা বোর্ডের প্রতি, কিম্বা স্থগিত কি পদচ্যুত হইবার সময়ে যে কার্য্যালয়ে কর্ম্ম করিতেন তাহার প্রধান কার্য্যকারকের প্রতি, কিম্বা হাই কোর্ট অথবা বিষয়বিশেষে রাজস্বের প্রধান কার্য্যকারক তাহাকে অন্য যে আদালতের কিম্বা প্রধান কার্য্যকারকের প্রতি ঐ সর্টিফিকট সমর্পণ করিতে আজ্ঞা দেন তাঁহাকে অবিলম্বে প্রত্যর্পণ করিবেন ইতি।

পঞ্চম অধ্যায়।—উকীল ও মোক্তার ও রেবিনিউ এজেন্টের পারিতোষিকের কথা।

দেওয়ানী ও রাজস্ব বিচারকার্য্য সম্পর্কীয় রসুম হাই কোর্ট ও রাজস্বের প্রধান কার্য্যকারক দ্বারা নির্দ্ধারিত হইবার কথা।

৩২ ধারা। হাই কোর্টের আপীলী মোকদ্দমা শুনিবার ক্ষমতাপক্ষে ঐ কোর্টে এবং অধীন আদালতে যে২ কার্য্যের অনুষ্ঠান হয় তজ্জন্যে বিপক্ষ ব্যক্তির উকীলের রসুম বলিয়া যে পক্ষের যত টাকা দিতে হইবে হাই কোর্ট সময়ে২ ইহা নির্দ্ধারণ করিয়া তাহার বিধান করিবেন।

রাজস্ব সম্পর্কীয় আদালতের ও কার্য্যালয়ের সকল বিচারকার্য্যক্রমে বিপক্ষের উকীলের কি রেবিনিউ এজেন্টের রসুম বলিয়া যত টাকা দিতে হয় তাহা রাজস্বের প্রধান কর্ত্তৃপক্ষ সময়ে২ নির্দ্ধারণ করিয়া তাহার বিধান করিবেন।

তদ্রূপ নির্দ্ধারিত রসুমের তালিকা রাজকীয় গেজেটে প্রকাশ করা যাইবে।

যে এজেন্টেরা ২৪ ধারামতে নিযুক্ত হন তাঁহাদের প্রতি এই ধারা না বর্ত্তিবার কথা।

এই ধারার কোন কথা ২৪ ধারামতে নিযুক্ত এজেন্টের প্রতি বর্ত্তিবে না ইতি।

মওক্কেলদের সঙ্গে নিয়ম করিবার ক্ষমতার কথা।

৩৩ ধারা। কোন ব্যক্তি টর্নিকে কি উকীলকে কি মোখতারকে কিম্বা রেবিনিউ এজেন্টকে নিযুক্ত করিলে কিম্বা কর্ম্ম দিলে, তাঁহার ভূতপূর্ব্ব কিম্বা ভবিষ্যৎ সমস্ত কার্য্যের কিম্বা তাহার কোন অংশের নিমিত্তে ঐ টর্নি কি উকীল কি মোখতার কি এজেন্ট কত টাকা পাইবেন ও তিনি যে কর্ম্ম করিয়াছেন কিম্বা তাঁহার যাহা করিতে হইবে তন্নিমিত্ত তিনি রসুম কি দাবী কিম্বা খরচ বলিয়া কত টাকা পাইবেন ও তাহা কিরূপে পাইবেন অর্থাৎ মোটে কিম্বা কমিশ্যনস্বরূপ কিম্বা শতকরা হিসাবে কিম্বা

greater or at a less rate as or than the rate at which he would otherwise be entitled to be remunerated, subject to the provisions and conditions in this part of this Act contained:

Provided that when any such agreement is made in respect of business done or to be done in any suit, the amount payable under the agreement shall not be received by the Attorney, Pleader, Mukhtár or Agent until the agreement has been examined and allowed by an Officer of the High Court or District Court. If it appear to such Officer that the agreement is not fair and reasonable, he shall refer it to the Court for opinion, and the Court shall have power either to reduce the amount payable under the agreement or to order the agreement to be cancelled, and the costs, fees, charges, and disbursements in respect of the business done to be ascertained in the same manner as if no such agreement had been made.

Agreements to exclude further claims.

34. Such an agreement shall exclude any further claim of the Attorney, Pleader, Mukhtár or Agent beyond the terms of the agreement in respect of any services, fees, charges, or disbursements in relation to the conduct and completion of the business in reference to which the agreement is made, except such services, fees, charges or disbursements, if any, as are expressly excepted by the agreement.

Reservation of responsibility for negligence.

35. A provision in any such agreement that the Attorney, Pleader, Mukhtár or Agent shall not be liable for negligence, or that he shall be relieved from any responsibility to which he would otherwise be subject as such Attorney, Pleader, Mukhtár or Agent, shall be wholly void.

Examination and enforcement of agreements.

36. No suit shall be brought upon any such agreement.

But the High Court or District Court may examine and determine every question respecting the validity or effect of any such agreement,

And on petition of any person, or the representative of any person, a party to such agreement, or alleged to be liable to pay, or claiming to be entitled to be paid, the costs, fees, charges or disbursements in respect of which the agreement is made,

if the agreement appear to such Court to be in all respects fair and reasonable,

the Court may, by order, enforce it in such manner and subject to such conditions, if any,

বেতনস্বরূপ কিম্বা অন্য প্রকারে, ও এই আইনের এই অধ্যায়ের বিধানের ও নিয়মের অধীনে তাঁহার যদ্রূপে পারিশ্রমিক পাইবার অধিকার থাকিত তত্তুল্য কিম্বা তদধিক কিম্বা ন্যূন হিসাবে পাইবেন, তিনি মওক্কেলের সঙ্গে লিখনক্রমে এই২ বিষয়ের নিয়ম করিতে পারিবেন।

পরন্তু কোন মোকদ্দমায় যে কার্য্য করা গিয়াছে কিম্বা করিতে হইবে, যদি তৎসম্পর্কীয় নিয়মপত্র হইয়া থাকে, তবে হাই কোর্টের কিম্বা জিলা আদালতের কোন কার্য্যকারক সেই নিয়মপত্র নিরীক্ষণ করিয়া অনুমোদন না করিলে, টর্নি কি উকীল কি মোক্তার কি এজেন্ট ঐ নিয়মপত্রানুযায়ি টাকা পাইবেন না। ঐ কার্য্যকারক সেই নিয়মপত্র অন্যায় ও অযুক্ত জ্ঞান করিলে আদালতের অভিমত জানিবার নিমিত্ত তাহা অর্পণ করিবেন। তাহা হইলে ঐ নিয়মপত্রমতে যত টাকা দেনা হয় আদালত তাহা ন্যূন করিতে পারিবেন, অথবা সেই নিয়মপত্র রহিত করিয়া, নিয়মপত্র না হইলে কৃত কর্ম্মের নিমিত্তে দেন টাকা ও রসুম ও দাবী ও খরচ যদ্রূপে নিরূপণ করা যাইত তাহা তদ্রূপে নিরূপণ করিতে পারিবেন ইতি।

অন্য দাওয়া অগ্রাহ্য হইবার কথা।

৩৪ ধারা। সেই প্রকারের নিয়মপত্র করা গেলে যদি বিশেষ কার্য্য কিম্বা রসুম কি দাবী কি খরচ ঐ নিয়মের মধ্যে ধরিতে হইবে না বলিয়া স্পষ্ট বিধান না থাকে, তবে যে কার্য্য লক্ষ করিয়া ঐ নিয়ম করা যায়, ঐ কার্য্য চালাওন ও সমাপ্ত করণসম্পর্কে টর্নি কিম্বা উকীল কি মোক্তার কি এজেন্ট ঐ নিয়মপত্রের নিয়মের অধিক রসুম কি দাবী কি খরচা দাওয়া করিতে পারিবেন না ইতি।

অনবধানতা হেতুক দায় বর্তিবার কথা।

৩৫ ধারা। অনবধানতাহেতুক টর্নি কি উকীল কি মোক্তার কি এজেন্ট দায়ী হইবেন না, কিম্বা নিয়মপত্র না হইলে ঐ টর্নি কি উকীল কি মোক্তার কি এজেন্টের উক্ত যে ঝুঁকী থাকিত তাহা-হইতে তিনি মুক্ত হইবেন, ঐ নিয়মপত্রে এমত বিধান থাকিলে সেই বিধান সম্পূর্ণরূপে ব্যর্থ হইবে ইতি।

নিয়মপত্র নিরীক্ষণ ও প্রবল করিবার কথা।

৩৬ ধারা। তদ্রূপ কোন নিয়মপত্র লইয়া মোকদ্দমা উপস্থিত করা যাইতে পারিবে না।

কিন্তু উক্ত কোন নিয়মপত্রের সিদ্ধতার কি ফলের বিষয়ে বিবাদ হইলে হাই কোর্ট কিম্বা জিলার আদালত তাহা বিচার করিয়া নির্ণয় করিবেন।

এবং যে ব্যক্তি ঐ নিয়মপত্রের এক পক্ষ হন, কিম্বা নিয়মপত্র যে টাকার কি রসুমের কি দাবীর কি খরচ-খরচার বিষয়ে করা যায় সেই টাকা দিবার দায়ী বলিয়া কিম্বা সেই টাকা পাইবার অধিকারী বলিয়া যে ব্যক্তির নাম উল্লেখ হয় তিনি কিম্বা তাঁহার প্রতিনিধি দরখাস্ত করিলে,

ও আদালত সেই নিয়মপত্র সর্ব্বাংশে ন্যায় ও সঙ্গত জ্ঞান করিলে,

দরখাস্তের খরচা বিষয়ে কোন নিয়ম করা বিহিত বোধ করিলে; ঐ আদালত অনুজ্ঞাপত্র করিয়া সেই

as to the costs of the petition as the Court thinks fit:

But if the agreement does not appear to the Court to be fair and reasonable, the Court may declare it to be void, and shall thereupon have power—

Improper agreements may be set aside.

(*a*) to order the agreement to be given up to be cancelled,

(*b*) to direct the costs, fees, charges and disbursements incurred or chargeable in respect of the matters included therein to be ascertained in the same manner as if such agreement had not been made, and

(*c*) to make such order as to the costs of and relating to such petition, and the proceedings thereon, as the Court thinks fit.

Every petition under this section shall be chargeable under the Court Fees Act, 1870, as if it were a plaint.

Every order under this section may be enforced as if it were a decree.

37. No purchase by an Attorney, Pleader, Mukhtár or Agent of the interest, or any part of the interest, of his client in any suit or other contentious proceeding to be brought or maintained, or in any unsatisfied decree or order,

Prohibition of certain stipulations.

and no agreement by which an Attorney Pleader, Mukhtár or Agent retained or employed to prosecute any suit, stipulates for payment only in the event of success in such suit or proceeding,

shall be enforced by any Court or Revenue Authority.

38. Where an Attorney, Pleader, Mukhtár or Agent has made an agreement with his client in pursuance of the provisions of this Act and anything has been done by such Attorney, Pleader, Mukhtár or Agent under the agreement, and before the agreement has been completely performed by him, such Attorney, Pleader, Mukhtár or Agent dies or becomes incapable to act, an application may be made to the High Court or District Court by any party to the agreement, or by the representatives of any such party, and such Court shall thereupon have the same power to enforce or set aside such agreement, so far as the same may have been acted upon, as if such death or incapacity had not happened.

Provision in case of death or incapacity.

নিয়মানুসারে ও যদ্রূপ উচিত বোধ করেন তদ্রূপে ঐ নিয়মপত্র প্রবল করিবেন।

কিন্তু ঐ নিয়মপত্র ন্যায় ও সঙ্গত নহে আদালত এমত বোধ করিলে, তাহা বার্থ প্রকাশ করিতে পারিবেন। তাহা করিলে আদালতের এইং ক্ষমতা থাকিবে।

অনুচিত নিয়মপত্র ত্যাগ করিবার কথা।

(ক) সেই নিয়মপত্র রহিত করিবার নিমিত্ত তাহা ফিরিয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন।

(খ) ঐ নিয়মপত্রের উল্লিখিত নানা বিষয়ের যত টাকা ও যত রসুম ও দাবী ও খরচখরচা লাগে কি দাওয়া হইতে পারে নিয়মপত্র না থাকার ন্যায় তাহা নির্ণয় করিবার আজ্ঞা করিতে পারিবেন।

(গ) উক্ত দরখাস্তের ও তৎসম্পর্কীয় আনুষ্ঠানিক কার্য্যের খরচার যে আজ্ঞা বিহিত বোধ করেন তাহা করিতে পারিবেন।

এই ধারামতে যে দরখাস্ত করা যায়, আদালতের রসুমবিষয়ক ১৮৭০ সালের আইনমতে আবেদনপত্রের ন্যায় তাহার খরচ লাগিবে।

এই ধারামতে যে আজ্ঞা করা যায় তাহা ডিক্রীর ন্যায় প্রবল করা যাইতে পারিবে ইতি।

৩৭ ধারা। কোন মোকদ্দমা কিম্বা বিবাদঘটিত অন্য যে বিষয় উপস্থিত করিতে কি চালাইতে হইবে সেই মোকদ্দমায় কি কার্য্যে কিম্বা যে ডিক্রী কি আজ্ঞা সাধন হয় নাই সেই ডিক্রীতে কি আজ্ঞায় মওক্কেলের যে স্বার্থ থাকে কোন টর্নি কি উকীল কি মোক্তার কি এজেন্ট সেই স্বার্থ কিম্বা তাহার কোন অংশ ক্রয় করিলে,

কোনং নিয়ম নিষিদ্ধ হওয়ার কথা।

এবং টর্নি কি উকীল কি মোক্তার কি এজেন্ট কোন মোকদ্দমা চালাইবার কার্য্যে নিযুক্ত হইয়া কিম্বা সেই কার্য্য পাইয়া ঐ মোকদ্দমায় কিম্বা আনুষ্ঠানিক কার্য্যে কৃতকার্য্য না হইলে কিছু টাকা লইবেন না এই মর্ম্মের নিয়ম করিলে,

কোন আদালত কিম্বা রাজস্বসংক্রান্ত কোন কর্ত্তৃপক্ষ তাহা প্রবল করিবেন না ইতি।

৩৮ ধারা। কোন টর্নি কি উকীল কি মোক্তার কিম্বা এজেন্ট এই আইনের বিধানানুসারে মওক্কেলের সঙ্গে নিয়মপত্র করিলে পর এবং ঐ টর্নি কি উকীল কি মোক্তার কি এজেন্ট ঐ নিয়মানুসারে কোন কার্য্য করিলে পর ও সেই নিয়মানুযায়ি ক্রিয়া সম্পূর্ণরূপে সাধন না হইলেও যদি সেই টর্নি কিম্বা উকীল বা মোক্তার বা এজেন্ট মরেন কিম্বা কার্য্য করিতে অক্ষম হন, তবে সেই নিয়মপত্রের কোন পক্ষ কিম্বা তাঁহার স্থলাভিষিক্ত ব্যক্তি হাই কোর্টে কিম্বা জিলা আদালতে দরখাস্ত করিতে পারিবেন। তাহা হইলে সেই মৃত্যু কিম্বা কর্ম্ম করিবার অক্ষমতা না ঘটিলে, আদালত যদ্রূপ করিতে পারিতেন তদ্রূপে ঐ নিয়মপত্রানুসারে যত দূর কার্য্য হইয়াছে তত দূর তাহা প্রবল কিম্বা অসিদ্ধ করিতে সক্ষম হইবেন।

মৃত্যু কিম্বা অক্ষম হওন স্থলের বিধান।

The Court, if it deem the agreement to be in all respects fair and reasonable, may order the amount due in respect of the past performance of the agreement to be ascertained by an officer of the Court, and such officer in ascertaining such amount shall have regard, so far as may be, to the terms of the agreement, and payment of the amount found to be due may be enforced in the same manner as if the agreement had been completely performed by the Attorney, Pleader, Mukhtár or Agent.

39. After any such agreement has been made, and before the conclusion of the business to which it relates, the client may, notwithstanding such agreement, change his Attorney, Pleader, Mukhtár or Agent.

As to change of Pleader after agreement.

In case of such change the Attorney, Pleader, Mukhtár or Agent, party to such agreement, shall be deemed to have become incapable to act under the same within the meaning of section thirty-nine;

and upon any order being made for ascertaining the amount due to him in respect of the past performance of such agreement, the High Court or District Court shall direct the said officer to have regard to the circumstance under which such change has taken place;

and the Attorney, Pleader, Mukhtár or Agent shall not be deemed entitled to the full amount of the remuneration agreed to be paid to him, unless it appear that there has been no default, negligence, improper delay, or other conduct on his part affording reasonable ground to the client for the change.

VI.—Penalties.

40. Except as herein provided, any person who practises as a Pleader or Mukhtár in any Civil or Criminal Court or Revenue Office, without holding a properly stamped certificate authorizing him so to practise, and then in force, shall be liable, by order of such Court or the Officer at the head of such Office, to a fine not exceeding ten times the amount of the stamp required by this Act to be impressed on the sertificate which he should then have held, and, in default of payment, to imprisonment in the Civil jail for a term not exceeding six months.

On uncertificated persons practising as Pleaders or Mukhtárs.

আদালত যদি সেই নিয়মপত্র সর্ব্বাংশে ন্যায় ও সঙ্গত জ্ঞান করেন, তবে তদনুযায়ি যে কার্য্য করা গিয়াছে তন্নিমিত্তে কত টাকা দেওয়া উচিত আদালতের কার্য্যকারকদ্বারা ইহা নির্ণয় করিবার আজ্ঞা দিবেন। ঐ কার্য্যকারক সাধ্যমতে ঐ নিয়মপত্রের নিয়মের প্রতি লক্ষ করিয়া ঐ টাকা নিরূপণ করিবেন। এবং টর্ণি কি উকীল কি মোক্তার কি এজেণ্ট ঐ নিয়মপত্রানুসারে সম্পূর্ণরূপে কার্য্যসাধন করিলে তাহা যে প্রকারে প্রবল করা যাইত, উক্তমতে পাওনা বলিয়া যত টাকা নির্ণয় হয় তাহাও সেই প্রকারে আদায় করা যাইতে পারিবে ইতি।

৩৯ ধারা। উক্ত প্রকারের নিয়মপত্র করা গেলে পর ও যে কার্য্যসম্পর্কে করা গেল সেই কার্য্য সমাপ্ত হইবার পূর্ব্বে ঐ নিয়মপত্র থাকিলেও মওক্কেল আপনার টর্ণি কি উকীল কি মোক্তার কি এজেণ্ট পরিবর্ত্তন করিতে পারিবেন।

নিয়মপত্র করিলে পর উকীল পরিবর্ত্তনের কথা।

তদ্রূপ পরিবর্ত্তন করা গেলে যে টর্ণি কি উকীল কি মোক্তার কি এজেণ্ট ঐ নিয়মপত্রের এক পক্ষ হন তিনি ৩৯ ধারার অর্থানুসারে সেই নিয়মপত্রমতে কর্ম্ম করিতে অক্ষম জ্ঞান হইবেন।

ও সেই নিয়মপত্রানুসারে যে কার্য্য করিয়াছেন তজ্জন্যে তাঁহার কত টাকা পাওনা হয় ইহা নিরূপণ করিবার আজ্ঞা করা গেলে, যে ভাবগতিক হেতুক ঐ পরিবর্ত্তন করা যায় হাই কোর্ট কিম্বা জিলা আদালত উক্ত কার্য্যকারককে সেই ভাবগতিকের প্রতি দৃষ্টি রাখিতে আজ্ঞা দিবেন।

এবং তাঁহার কোন ত্রুটি কি শৈথিল্য কিম্বা অনুচিত গতিক্রিয়া কিম্বা অন্য যে আচরণ ধরিয়া তাঁহার পরিবর্ত্তন বিষয়ে মওক্কেলের সঙ্গত কারণ থাকিতে পারে তাঁহার এমত কোন আচরণ হয় নাই ইহা দৃষ্টি না হইলে, ঐ টর্ণিকে কি উকীলকে কি মোক্তারকে কি এজেণ্টকে যত টাকা পারিতোষিক দিবার নিয়ম হইয়াছে তিনি সেই সমস্ত টাকা পাইবার যোগ্য জ্ঞান হইবেন না ইতি।

ষষ্ঠ অধ্যায়। দণ্ডের কথা।

৪০ ধারা। এই অধ্যায়ের নির্দ্দিষ্ট স্থলভিন্ন যে কোন ব্যক্তি উপযুক্ত মূল্যের ইষ্টাম্প বিশিষ্ট সর্টিফিকট লইয়া কর্ম্ম করিবার ক্ষমতা পান নাই, কিম্বা যাঁহার সর্টিফিকট আর প্রবল নয়, তিনি যদি এই আইনের অধীন কোন দেওয়ানী কি ফৌজদারী আদালতে কি রাজস্ব সম্পর্কীয় কার্য্যালয়ে উকীল কি মোক্তারস্বরূপে কর্ম্ম করেন, তবে সেই আদালতের কিম্বা তাহার প্রধান কার্য্যকারকের আজ্ঞাক্রমে তাঁহার অর্থদণ্ড হইতে পারিবে, অর্থাৎ তখন যে সর্টিফিকট প্রাপ্ত থাকা তাঁহার উচিত ছিল সেই সর্টিফিকটে এই আইনের আদেশমতে যে মূল্যের ইষ্টাম্প লাগিত তাহার দশ গুণ টাকার অনধিক অর্থদণ্ড হইবে, ও সেই টাকা না দিলে ছয় মাসের অনধিক কাল পর্য্যন্ত দেওয়ানী জেলে তাঁহার কারাদণ্ড হইবে।

সর্টিফিকট না লইয়া উকীলের কি মোক্তারের কর্ম্ম করিলে তাহার কথা।

He shall also be incapable of maintaining any suit for any fee or reward for or in respect of anything done or any disbursement made by him as such Pleader or Mukhtár whilst he has been without such certificate.

41. Every person practising as a Revenue Agent in any Revenue Office without holding a certificate then in force and without being duly qualified to practise as herein provided,

On unqualified persons practising as Revenue Agents.

and any person who having received the sanction mentioned in section twenty-four practises under section fifteen while such sanction continues revoked or suspended,

shall be liable, by order of the Chief Revenue Authority or Officer in whose office he so practises, to a fine not exceeding two hundred rupees, and, in default of payment, to imprisonment in the Civil jail for a term not exceeding three months.

Every person so fined shall be incapable of maintaining any suit for any fee or reward for or in respect of anything done or any disbursement made by him in the course of such practising.

42. Any Pleader or Mukhtár or Revenue Agent failing to make such delivery as is required by section thirty-one shall be liable, by order of the Court, Chief Revenue Authority or Officer to a fine not exceeding two hundred rupees, and, in default of payment, to imprisonment in the Civil jail for a term not exceeding three months.

On suspended or dismissed pleader, &c., failing to deliver certificate.

Any Pleader, Mukhtár or Revenue Agent who, under the provisions of this Act has been suspended or dismissed, and who, during such suspension or after such dismissal, practises as a Pleader or Mukhtár or Revenue Agent in any Court or Office, shall be liable, by order of such Court or Office to a fine not exceeding five hundred rupees, and, in default of payment, to imprisonment in the Civil jail for a term not exceeding six months.

43. Every order under section forty, forty-one or forty-two shall be subject to revision, by the High Court, if the order has been passed by a Court subordinate to the High Court, and by the Chief Re-

Revision of fines.

আর তিনি যাবৎ সর্টিফিকট বিহীন ছিলেন, তাবৎ তদ্রূপ উকীল কি মোক্তারস্বরূপে অর্থব্যয় প্রভৃতি যে কর্ম্ম করিয়াছিলেন তজ্জন্য কোন রসুম কি পারিতোষিক পাইবার নিমিত্তে কোন অভিযোগ প্রতিপন্ন করিতে পারিবেন না ইতি।

৪১ ধারা। কোন ব্যক্তির যে সর্টিফিকট যৎকালে প্রবল থাকে তাঁহার নিকট তৎকালে এমন সর্টিফিকট না থাকিলেও এবং এই আইনের বিধানমতে উচিত যোগ্যতা প্রাপ্ত না হইয়াও সেই ব্যক্তি রাজস্বসম্পর্কীয় কোন কার্য্যালয়ে রেবিনিউ এজেণ্টস্বরূপে কর্ম্ম করিলে,

অযোগ্য ব্যক্তি এজেণ্টস্বরূপে কর্ম্ম করিলে তাঁহার কথা।

এবং কোন ব্যক্তি ২৪ ধারার উল্লিখিত অনুমতি পাইয়া সেই অনুমতি অন্যথা কি স্থগিত হওনকালে ১৫ ধারামতে কর্ম্ম করিলে,

তিনি রাজস্বের প্রধান কর্ত্তৃপক্ষের আজ্ঞাক্রমে কিম্বা যাঁহার কার্য্যালয়ে তদ্রূপ কর্ম্ম করেন, সেই কার্য্যকারকের আজ্ঞাক্রমে দুই শত টাকার অনধিক অর্থদণ্ডের যোগ্য হইবেন, ও সেই টাকা না দিলে তিন মাসের অনধিক কালপর্য্যন্ত দেওয়ানী জেলে তাঁহার কারাদণ্ড হইতে পারিবে।

যে ব্যক্তির উক্ত অর্থদণ্ড হয় তাঁহার উক্ত কর্ম্ম করণকালে যে কার্য্য করা গিয়াছে কিম্বা যে খরচ হইয়াছে তজ্জন্যে তিনি রসুম কি পারিতোষিক পাইবার নিমিত্তে কোন অভিযোগ প্রতিপন্ন করিতে পারিবেন না ইতি।

৪২ ধারা। কোন উকীল কি মোক্তার কি রেবিনিউ এজেণ্ট ৩১ ধারার আজ্ঞামতে সর্টিফিকট ফিরিয়া না দিলে, আদালতের কিম্বা রাজস্বের প্রধান কর্ত্তৃপক্ষের কিম্বা কার্য্যকারকের আজ্ঞাক্রমে তাঁহার দুই শত টাকার অনধিক অর্থ দণ্ড হইতে পারিবে, ও সেই দণ্ডের টাকা না দিলে দেওয়ানী জেলে তাঁহার তিন মাসের অনধিক কাল কারাদণ্ড হইতে পারিবে।

উকীল প্রভৃতি কর্ম্ম হইতে স্থগিত কি অবসৃত হইয়া সর্টিফিকট ফিরিয়া না দিলে তাঁহার কথা।

কোন উকীল কি মোক্তার কি রেবিনিউ এজেণ্টকে এই আইনের বিধানমতে কর্ম্মহইতে স্থগিত কি অবসর করা গেলে, যদি স্থগিত থাকনকালে কিম্বা অবসর হইবার পর কোন আদালতে কি কাছারীতে উকীল কি মোক্তার বা রেবিনিউ এজেণ্টস্বরূপ কর্ম্ম করেন, তবে সেই আদালতের কিম্বা কাছারীর আজ্ঞাক্রমে তাঁহার পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে, দণ্ডের টাকা না দিলে দেওয়ানী জেলে তাঁহার ছয় মাসের অনধিক কারাদণ্ড হইতে পারিবে ইতি।

৪৩ ধারা। ৪০, ৪১, ৪২ ধারামতে অর্থদণ্ড করণার্থে যে কোন আজ্ঞা করা যায় তাহা হাই কোর্টের অধীন কোন আদালতের আজ্ঞা হইলে সেই হাই কোর্টের পুনরালোচনার অধীন হইবে, রাজস্বের প্রধান কর্ত্তৃপক্ষের অধীন কোন কার্য্যকারকের

অর্থদণ্ড পুনরালোচনার অধীন হইবার কথা।

venue Authority, if the order has been passed by an Officer subordinate to such Authority.

আজ্ঞা হইলে তাহা ঐ কর্ত্তৃপক্ষের পুনরালোচনার অধীন হইবে ইতি।

On suspended or removed High Court Practitioner practising.

44. Any Advocate, Attorney-at-law, Vakíl, or Mukhtár who has been removed or suspended from practice by a High Court and who practises as an Advocate, Attorney, Vakíl, Mukhtár or Revenue Agent after such removal or during such suspension shall, for every such offence, be liable, by order of such Court, to a fine not exceeding, in the case of an Advocate, Attorney or Vakíl, one thousand rupees, and in the case of a Mukhtár, five hundred rupees.

হাই কোর্টের ব্যবহারাজীব কর্ম্ম হইতে স্থগিত কি অবসৃত হইয়াও ব্যবহার সেবন করিলে তাঁহার কথা।

৪৪ ধারা। কোন আডবোকেট কি টর্নি বা উকীল বা মোক্তার হাই কোর্টদ্বারা ওকালতী প্রভৃতি কর্ম্ম হইতে স্থগিত কিম্বা অবসৃত হইয়াও অবসৃত হইবার পর কিম্বা স্থগিত থাকনকালে আডবোকেট কি টর্নি কিম্বা উকীল বা মোক্তার বা রেবিনিউ এজেন্টস্বরূপ কর্ম্ম করিলে, আডবোকেট কি টর্নি বা উকীল হইলে ঐ কোর্টের আজ্ঞাক্রমে তাঁহার উক্ত প্রত্যেক অপরাধের নিমিত্তে এক সহস্র টাকার অনধিক, ও মোক্তার হইলে পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

VII.—Miscellaneous.

সপ্তম অধ্যায়।—বিবিধ বিধি।

Local Government to appoint Examiners.

45. To facilitate the ascertainment of the qualifications mentioned in section four and section fourteen, the Local Government shall from time to time appoint persons to be Examiners for the purposes aforesaid, and make regulations for conducting such examinations.

স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক পরীক্ষকদের নিযুক্ত হইবার কথা।

৪৫ ধারা। ৪ ও ১৪ ধারামতে উল্লিখিত কর্ম্মযোগ্যতা নিশ্চয় করিবার সুবিধার্থে স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং বিশেষং ব্যক্তিদিগকে পূর্ব্বোক্ত অভিপ্রায়ে পরীক্ষক হইবার নিমিত্তে নিযুক্ত করিবেন ও তদ্রূপ পরীক্ষাকার্য্য নির্ব্বাহ করিবার বিধি করিবেন ইতি।

Pleaders in subordinate Courts may apply to District Judge for enrolment.

46. Any person who, when this Act comes into force in any part of British India other than the territories respectively subject to the Lieutenant-Governors of Bengal and the North-Western Provinces is practising as a Pleader in any Court in such part, and who wishes to be enrolled as a Pleader under this Act, may apply to be so enrolled to the Court in which he is practising.

নিম্নতর শ্রেণীর আদালতের উকীলদের ফর্দ্দে উল্লিখিত হইবার নিমিত্তে জিলার জজ সাহেবের নিকটে প্রার্থনা করিবার কথা।

৪৬ ধারা। এই আইন বঙ্গদেশের ও উত্তর পশ্চিম দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবদের শাসিত দেশভিন্ন ব্রিটনীয় ভারতবর্ষের কোন অংশে প্রবল হইবার সময়ে ঐ অংশের অন্তর্গত কোন আদালতে উকীলের কর্ম্মে নিযুক্ত কোন ব্যক্তি যদি এই আইনমতে উকীলস্বরূপে ফর্দ্দে উল্লিখিত হইতে বাঞ্ছা করেন, তবে তিনি যে আদালতে কর্ম্ম করেন তাঁহার নিকটে তদ্রূপে ফর্দ্দে উল্লিখিত হইবার প্রার্থনা করিতে পারিবেন।

Such Court, if subordinate to the High Court, shall forward the application to the High Court.

সেই আদালত যদি হাই কোর্টের অধীন হন, তবে হাই কোর্টের নিকটে সেই প্রার্থনা প্রেরণ করিবেন।

The High Court shall cause the applicant to be enrolled under the provisions of this Act, and, if he be practising in a subordinate Court, shall authorise the District Judge to grant a certificate to the applicant as provided in sections twenty-six, twenty-nine and thirty.

হাই কোর্ট এই আইনের বিধানমতে সেই প্রার্থনাকারি ব্যক্তির নাম ফর্দ্দে লেখাইবেন, ও তিনি নিম্নতর শ্রেণীর কোন আদালতে কর্ম্ম করিলে ২৬ ও ২৯ ও ৩০ ধারার বিধানমতে জিলার জজ সাহেবকে সেই প্রার্থনাকারি ব্যক্তির সর্টিফিকট দিবার অনুমতি দিবেন।

Applications for enrolment under this section when made by any Pleader practising in a Court subordinate to the District Court, shall be forwarded to the High Court through the District Judge.

কোন উকীল এই ধারামতে ফর্দ্দে উল্লিখিত হইবার জন্যে প্রার্থনা করিলে যদি জিলার আদালতের অধীন কোন আদালতে কর্ম্ম করেন, তবে তাঁহার প্রার্থনা জিলার জজ সাহেবের দ্বারা হাই কোর্টের নিকটে পাঠাইতে হইবে ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭১। ১৪ ফেব্রুআরি।]

47. **Notwithstanding anything hereinbefore contained, any person who at the time when this Act comes into force is duly qualified to practise as a Pleader or Mukhtár in any Court,**

Power for certain persons to practise for six months as if this Act had not passed.

or practises as an Agent in any proceeding before the Chief Revenue Authority, or in any office subordinate to such Authority,

in any part of British India other than the territories respectively subject to the Lieutenant Governors of Bengal and the North-Western-Provinces, may continue to practise as Pleader or Mukhtár (as the case may be) in such Court for the period of six months from such time without being admitted or enrolled, or having duly obtained a stamped certificate in pursuance hereof in the same manner as if this Act had not been passed.

৪৭ ধারা। এই আইনে ভাবান্তরের কথা থাকিলেও যে ব্যক্তি এই আইন প্রচলিত হওনসময়ে বঙ্গদেশের ও উত্তর পশ্চিম দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবদের শাসিত দেশভিন্ন ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন দেশের কোন আদালতে ওকালতী কি মোক্তারী করিতে উপযুক্ত ক্ষমতাপন্ন হন,

এই আইন প্রচলিত না হওয়ার ন্যায় কোনং ব্যক্তির প্রতি ছয় মাস পর্য্যন্ত কর্ম্ম করিবার ক্ষমতার কথা।

কিম্বা রাজস্বের প্রধান কর্ত্তৃপক্ষের সম্মুখে আনুষ্ঠানিক কোন কার্য্যে কিম্বা ঐ কর্ত্তৃপক্ষের অধীন কোন কার্য্যালয়ে মোক্তারস্বরূপ কর্ম্ম করেন,

তিনি এই আইন প্রচলিত না হওয়ার ন্যায়, এই আইনমতে গ্রাহ্য না হইয়া কিম্বা তাঁহার নাম লিপিবদ্ধ না হইয়া ও ইষ্টাম্পযুক্ত সর্টিফিকট রীতিমতে না পাইয়া এই আইন প্রচলিত হইবার সময়াবধি ছয় মাসপর্য্যন্ত সেই আদালতে ওকালতী কিম্বা বিষয়বিশেষে মোক্তারী কর্ম্ম চালাইতে পারিবেন ইতি।

48. All fees now by law payable on proceedings in any Court by any party in respect of the fees of his adversary's Pleader shall continue to be payable and may be allowed during the said period of six months as if this Act had not been passed.

Provision as to certain fees.

৪৮ ধারা। এইক্ষণে কোন আদালতে প্রচলিত কোন কার্য্যহেতুক আইনমতে বিপক্ষের উকীলের রসুম বলিয়া কোন পক্ষের যে রসুম দিতে হইবে, তাহা এই আইন প্রচলিত না হওয়ার ন্যায় সেই ছয় মাসপর্য্যন্ত দেওয়া যাইতে ও অনুমোদন হইতে পারিবে ইতি।

কোনং রসুমবিষয়ক বিধান।

49. Every person now or hereafter enrolled as an Advocate or Vakíl on the roll of any High Court under the Letters Patent constituting such Court shall, notwithstanding anything contained in section five or section fifteen, be entitled as such to practise in any Court in British India other than a High Court on whose roll he is not enrolled, or in any such Court with the permission of the Court, and in any Revenue Office, subject nevertheless to the rules in force relating to the language in which the Court or Office is to be addressed by Pleaders or Revenue Agents :

Courts in which High Court Advocates and Vakils may practise.

৪৯ ধারা। কোন হাই কোর্ট যে প্রকাশ্য পেটেন্টপত্রদ্বারা স্থাপিত হইয়াছেন, তাহার বলে আডবোকেট কি উকীল বলিয়া যে কোন ব্যক্তির নাম ঐ হাই কোর্টের ফর্দ্দে লিখিত হইয়াছে কি হইবে, তাঁহার নাম যে আদালতের ফর্দ্দে লিখিত হয় নাই, হাই কোর্টভিন্ন ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত এমত অন্য সকল আদালতে, কিম্বা উক্ত কোর্টের সম্মতি লইয়া উক্ত কোন কোর্টে, এবং রাজস্বসম্পর্কীয় সকল কার্য্যালয়ে তিনি কর্ম্ম করিতে স্বত্ববান হইবেন, ইহাতে এই আইনের ৫ কি ১৫ ধারার কোন কথাতে বাধা করিবে না। তথাপি উক্ত আদালতে কি কার্য্যকারকের সম্মুখে উকীলের কি রেবিনিউ এজেন্টের ব্যবহার্য্য ভাষা বিষয়ক বিধি তাহার মানিতে হইবে।

হাই কোর্টের আডবোকেট ও উকীল যেং আদালতে কর্ম্ম করিতে পারিবেন ইহার কথা।

Provided that no such Vakíl shall be entitled to practise under this section before a Judge of

পরন্তু উক্ত প্রকারের কোন উকীল মোকদ্দমা আদেশুনিবার ক্ষমতাক্রমে কার্য্যকারি হাই কোর্টের জজ সা-

the High Court, Division Court or High Court exercising original jurisdiction.

হেবের কিম্বা ডিবিজন কোর্টের কি হাই কোর্টের সম্মুখে এই ধারার বলে ওকালতী করিতে পারিবেন না ইতি।

50. No Advocate of a High Court shall be required to file or present a wakálatnáma or any other document empowering him to act.

Advocates exempt from filing wakálatnámas.

৫০ ধারা। হাই কোর্টের কোন অ ডবোকেটের প্রতি ওকালৎনামা কিম্বা তাঁহাকে কার্য্য করিবার ক্ষমতা প্রদানার্থ কোন দলীল অর্পণ কি উপস্থিত করিবার আজ্ঞা হইবে না ইতি।

আডবোকেটদের ওকালৎনামা দাখিল না করিবার কথা।

51. Every person now or hereafter enrolled as an Attorney on the roll of any High Court shall, notwithstanding anything contained in section five or section fifteen, be entitled as such to practise in any Court of British India other than a High Court established by Royal Charter and in any Revenue Office.

Attorney of a High Court may plead in any Court not a High Court.

৫১ ধারা। ৫ কিম্বা ১৫ ধারায় ভাবান্তরের কথা থাকিলেও যে ব্যক্তির নাম কোন হাই কোর্টের ফর্দ্দে টর্ণী বলিয়া এখন লিখিত আছে কি ইহার পরে লিখিত হয় তিনি তদ্রূপে লিখিত হওয়াপ্রযুক্ত রাজকীয় চার্টরদ্বারা স্থাপিত হাই কোর্টভিন্ন ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত অন্য সকল আদালতে ও রাজস্ব সম্পর্কীয় সকল কার্য্যালয়ে কর্ম্ম করিতে স্বত্ববান হইবেন ইতি।

হাই কোর্টের টর্ণী হাই কোর্টভিন্ন অন্য আদালতে বাদপ্রতিবাদ করিতে পারিবেন ইহার কথা।

52. Except as provided by sections thirteen, thirty-two to thirty-nine (both inclusive), forty-four, forty-nine, fifty, and fifty-one, nothing in this Act applies—

Exemption of High Court practitioners from certain parts of Act.

৫২ ধারা। ১৩ ধারা এবং ৩২ অবধি ৩৯ পর্য্যন্ত সমস্ত ধারা ও ৪৪ ও ৪৯ ও ৫০ ও ৫১ ধারার নির্দ্দিষ্ট স্থলভিন্ন,

আইনের কোন২ অংশ হইতে হাই কোর্টের ব্যবহারাজীবদিগের মুক্ত হওয়ার কথা।

(*a*) to Advocates, Vakíls and Attorneys at Law admitted and enrolled by any High Court under the Letters Patent by which such Court is constituted, nor to Mukhtárs practising in such Court.

(ক) কোন হাই কোর্ট যে পেটেন্টপত্রদ্বারা স্থাপিত হইয়াছে, তাহার বলে যে সকল আডবোকেট ও উকীল ও আদালত সম্পর্কীয় টর্ণী হাই কোর্টের দ্বারা গ্রাহ্য হইয়া ফর্দ্দে উল্লিখিত হইয়াছেন, ও উক্ত হাই কোর্টে যে সকল মোক্তারেরা কর্ম্ম করেন তাঁহাদের প্রতি,

(*b*) to Pleaders licensed by the Chief Court of the Panjáb, or

(খ) ও যে উকীলেরা পঞ্জাবের প্রধান আদালত হইতে অনুমতিপত্র পাইয়াছেন তাঁহাদের প্রতি,

(*c*) to Advocates licensed by the Recorder of any Court in British Burma.

(গ) ও যে আডবোকেটেরা ব্রিটনীয় বর্ম্মা দেশের অন্তর্গত কোন আদালতের রিকার্ডর হইতে অনুমতিপত্র পাইয়াছেন তাহারদের প্রতি, এই আইনের কোন অংশ বর্ত্তিবে না ইতি।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭১। ১৪ ফেব্রুআরি।]

FIRST SCHEDULE.

(*See Section* 2.)

Number and date of enactments.	Title.	Extent of Repeal.
Madras Regulation XIV of 1816.	A Regulation for amending and modifying the Rules which have been passed regarding the Office of Vakeel or Native Pleader in the Courts of Civil Judicature.	The whole.
Bombay Regulation II of 1827.	A Regulation for defining the constitution of Courts of Civil Justice, and the powers and duties of the Judges and Officers thereof.	Chapter VI.
Act I of 1846 ...	For amending the law regarding the appointment and remuneration of Pleaders in the Courts of the East India Company.	The whole.
Act XX of 1853 ...	To amend the law relating to Pleaders in the Courts of the East India Company.	The whole.
Act XX of 1865	To amend the law relating to Pleaders and Mukhtárs.	The whole.
Act XXIX of 1865	To amend the Pleaders, Mukhtárs and Revenue Agents' Act, 1865.	The whole.
Act IV of 1866 ...	To amend the constitution of the Chief Court of Judicature in the Panjáb and its Dependencies.	Section fifty-one.
Act IX of 1866 ...	To extend to the Sudder Court of the North-Western Provinces certain provisions of "the Pleaders, Mukhtárs and Revenue Agents' Act, 1865" and of Act No. XXIX of 1865.	Thewh
Act XXVI of 1867	An Act to amend the law relating to Stamp duties.	So much as has not been repealed.

প্রথম তফসীল।

(২ ধারা দেখ।)

যে সালের যে নম্বরের আইন	নাম	যত দূর রহিত হইল.
মান্দ্রাজীয় ১৮১৬ সা. ১৪ আ.	দেওয়ানী মোকদ্দমার বিচারার্থ আদালতের উকীলদের পদ বিষয়ে যে২ আইন প্রচলিত হইয়াছে তাহা সংশোধন ও পরিবর্ত্তন করণার্থ আইন।	সম্পূর্ণ।
বোম্বাইয়ের ১৮২৭ সা. ২ আ.	দেওয়ানী আদালতের সংস্থিতি এবং তত্রত্য বিচারকর্ত্তাদের ও আমলাগণের ক্ষমতা ও কর্ত্তব্য কর্ম্ম নিরূপণ করণার্থ আইন।	৬ অধ্যায়।
১৮৪৬ সা. ১ আ.	কোম্পানি বাহাদুরের আদালতে উকীলদিগকে নিযুক্ত করণ ও মেহনতানা দেওনের বিষয়ি আইন শুধরিবার আইন।	সম্পূর্ণ।
১৮৫৩ সা. ২০ আ.	কোম্পানি বাহাদুরের আদালতের মধ্যে উকীলদের বিষয়ি আইন সংশোধনের আইন।	সম্পূর্ণ।
১৮৬৫ সা. ২০ আ.	প্লীডর ও মোখ্তারবিষয়ক ব্যবস্থা সংশোধনার্থ আইন।	সম্পূর্ণ।
১৮৬৫ সা. ২৯ আ.	প্লীডর ও মোখ্তার ও রেবিনিউ এজেন্ট বিষয়ক আইন সংশোধনার্থ আইন।	সম্পূর্ণ।
১৮৬৬ সা. ৪ আ....	পঞ্জাব দেশ ও তদধীন স্থানে বিচারাধিপত্য বিশিষ্ট প্রধান আদালতের সংস্থিতি সংশোধন করণার্থ আইন।	৫১ ধারা।
১৮৬৬ সা. ৯ আ....	প্লীডর ও মোখ্তার ও রেবিনিউ এজেন্ট বিষয়ক ১৮৬৫ সালের আইন নামে খ্যাত আইনের ও ১৮৬৫ সালের ২৯ আইনের কোন২ বিধান উত্তর পশ্চিম দেশের সদর আদালতে প্রচলিত করিবার আইন।	সম্পূর্ণ।
১৮৬৭ সা. ২৬ আ.	ইষ্টাম্পের মাসুল বিষয়ক আইন সংশোধন করিবার আইন।	যে অংশ পূর্ব্বে রহিত হয় নাই।

SECOND SCHEDULE.

(*See Section* 29.)

Form of Pleader or Mukhtár's Certificate.

Pursuant to The Pleaders' Act, 1871, I hereby certify that A. B.
Pleader [*or* Mukhtár] whose place [*or* places] of business is [*or* are] at
hath this day delivered and left with me a declaration in writing signed by him, and containing his

[*Government Gazette*, 14*th February* 1871.]

দ্বিতীয় তফসীল।

(২৯ ধারা দেখ)

উকীলের কি মোখ্তারের সর্টিফিকটের পাঠ।

১৮৭১ সালের উকীল বিষয়ক আইনের [illegible] আমি ইহাতে প্রমাণ দিতেছি যে অমুক (এক কি অধিক) স্থানে যাঁহার কার্য্যালয় আছে সেই উকীল (অথবা মোখ্তার) শ্রীঅমুক অদ্য আপনার স্বাক্ষরীকৃত এক প্রতিজ্ঞাপত্র আমার হস্তে সমর্পণ করিয়া রাখিয়াছেন, তন্মধ্যে তাঁহার নাম ও (এক কি অধিক)

name and place [*or* places] of business and the Court [*or* Courts] of which he is admitted a Pleader [*or* Mukhtár], together with the year in which he was so admitted; and I hereby further certify that he is duly enrolled in the High Court of Judicature at [*or as the case may be*], and that he is entitled to practise as a Pleader [*or* Mukhtár] in the District Courts, Subordinate Courts, and Small Cause Courts [*or* the Sadr Amíns' Courts, *or* the Munsifs' Courts, *as the case may be*], and to practise as a Revenue Agent before the Board of Revenue of [*or as the case may be*] for the period of one year from the date hereof. Given under my hand this day of 187 .

C. D.

Registrar [*or as the case may be*] of the High Court of Judicature at [*or as the case may be.*]

Form of Revenue Agent's Certificate.

Stamp

Pursuant to The Pleaders' Act, 1871, I hereby certify that A. B. of is entitled to practise as a Revenue Agent before the Board of Revenue of [*or as the case may be*], and in any Office subordinate thereto, for the period of one year from the date thereof. Given under my hand this day of 187 .

C. D.

Secretary to the Board of Revenue of [*or as the case may be.*]

THIRD SCHEDULE.

(*See Section* 30.)

Stamps on Certificates.

1.—On a certificate authorizing the holder to practise as a Pleader :—

(*a.*)	In the High Court and any subordinate Court.	Fifty rupees.
(*b.*)	In the District Courts, Courts subordinate thereto and Small Cause Courts ...	Twenty-five rupees.
(*c.*)	In the Sadr Amíns' and Munsifs' Courts and in the Courts of Assistant Commissioners, Extra Assistant Commissioners and Tahsíldárs ...	Fifteen rupees.

কার্য্যালয়ের স্থান ও (এক কি অধিক) যে আদালতে তিনি উকীল (অথবা মোক্তার) স্বরূপে গ্রাহ্য হইয়াছেন সেই আদালতের নাম, ও তদ্রূপ গ্রাহ্য হইবার সাল লিখিত আছে। এবং আমি ইহাতে আরো প্রমাণ দিতেছি যে অমুক নগরের (অথবা বিষয় বিশেষে অন্য স্থানের) বিচারাধিপত্য বিশিষ্ট হাই কোর্টে তাঁহার নাম উচিতমতে কর্দ্দে লিখিত হইয়াছে, ও তিনি ইহার তারিখ অবধি এক বৎসর পর্য্যন্ত জিলার আদালতে ও অধীন আদালতে ও ক্ষুদ্র মোকদ্দমার আদালতে (অথবা সদর আমীনের আদালতে কি মুনসেফের আদালতে ওকালতী (কিম্বা মোক্তারী) করিতে ও অমুক দেশের রেবিনিউ বোর্ডের সম্মুখে রেবিনিউ এজেণ্টের কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন আছেন। ইহার প্রমাণার্থে আমি অমুক সালের অমুক মাসের এই অমুক তারিখে ইহাতে স্বাক্ষর করিলাম।

অমুক,

অমুক নগরের বিচারাধিপত্য বিশিষ্ট হাই কোর্টের রেজিষ্ট্রার (কি অন্য কার্য্যকারক)।

রেবিনিউ এজেণ্টের সর্টিফিকটের পাঠ।

১৮৭১ সালের উকীল বিষয়ক আইনের বিধানক্রমে আমি ইহাতে প্রমাণ দিতেছি যে অমুক স্থানের শ্রী অমুক ইহার তারিখ অবধি এক বৎসর পর্য্যন্ত অমুক প্রদেশের রেবিনিউ বোর্ডের সম্মুখে ও উক্ত প্রদেশের অন্তর্গত তদধীন কোন কার্য্যালয়ে রেবিনিউ এজেণ্ট-স্বরূপে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন আছেন। ইহার প্রমাণার্থে অমুক সালের অমুক মাসের এই অমুক তারিখে ইহাতে স্বাক্ষর করিলাম।

——————অমুক,

রেবিনিউ বোর্ডের সেক্রেটারী প্রভৃতি।

তৃতীয় তফসীল।

(৩০ ধারা দেখ।)

সর্টিফিকটের ইষ্টাম্পের বিধি।

১।—যে সর্টিফিকট প্রাপ্ত হইলে কোন ব্যক্তি ওকালতী করিতে পারিবেন।

(ক)	হাই কোর্টে ও তদধীন কোন আদালতে ...	৫০৲ টাকা
(খ)	জিলা আদালতে ও তদধীন আদালতে ও ক্ষুদ্র মোকদ্দমার আদালতে ...	২৫৲
(গ)	সদর আমীনদের ও মুনসেফদের ও আসিষ্টাণ্ট কমিশ্যনরদের ও অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিশ্যনরদের ও তহসীলদারদের আদালতে...	১৫৲

(*d.*) In the Munsifs' Courts or any Court of first instance not hereinbefore mentioned ...	Five rupees.

II.—On a certificate authorizing the holder to practise as a Mukhtár :—

(*a.*) In the High Court and any subordinate Court.	Twenty-five rupees.
(*b.*) In the District Courts, Courts subordinate thereto and Small Cause Courts ...	Sixteen rupees.
(*c.*) In the Courts of the Commissioners of Circuit, Magistrates and Subordinate Magistrates: in Sadr Amíns' and Munsifs' Courts and in the Courts of Assistant Commissioners, Extra Assistant Commissioners, and Tahsíldárs ...	Eight rupees.
(*d.*) In the Munsifs' Courts or any Court of first instance not hereinbefore mentioned ...	Four rupees.

III.—On a certificate authorizing the holder to practise as a Revenue Agent :—

(*a.*) In the Board of Revenue or in any Office subordinate thereto ...	Fifteen rupees.
(*b.*) In the Office of a Commissioner or in any Office subordinate to a Commissioner. ...	Ten rupees.
(*c.*) In the Office of a Collector or in any Office subordinate to a Collector.	Five rupees.

STATEMENT OF OBJECTS AND REASONS.

This Bill has two primary objects, one, to consolidate the law relating to Pleaders, Mukhtárs and Revenue Agents, the other, to amend that law so far as it relates to agreements between certain legal practitioners and their clients.

In Bengal, the North-Western Provinces, the Panjáb and Oudh, the law on the subject is contained in three Acts (XX of 1865, XXIX of 1865, and IX of 1866) : in the Presidencies of Madras and Bombay it is contained in Acts I of 1864, XX of 1853, Madras Regulation XIV of 1816, and Bombay Regulation II of 1827, chapter VI; in the Panjáb, Act IV of 1866 (sections ten, eleven,

(ঘ) মুনসেফদের আদালতে কিম্বা মোকদ্দমা আদৌ উপস্থিত করিবার যে আদালতের নাম উল্লেখ হয় নাই তাহাতে ...	৫৲

২।—যে সর্টিফিকটপ্রাপ্ত হইলে কোন ব্যক্তি মোক্তারী করিতে পারিবেন।

(ক) হাই কোর্টে ও তদধীন কোন আদালতে ...	২৫৲
(খ) জিলা আদালতে ও তদধীন আদালতে ও ক্ষুদ্র মোকদ্দমার আদালতে ...	১৬৲
(গ) দায়রের সায়েরী কমিশ্যনরদের ও মাজিষ্ট্রেটদের ও সবর্ডিনেট মাজিষ্ট্রেটদের ও সদর আমীনদের ও মুনসেফদের ও আসিষ্টান্ট কমিশ্যনরদের ও অতিরিক্ত আসিষ্টান্ট কমিশ্যনরদের ও তহসিলদারদের আদালতে	৮৲
(ঘ) মুনসেফদের আদালতে কিম্বা মোকদ্দমা আদৌ উপস্থিত করিবার যে আদালতের নাম উল্লেখ হয় নাই তাহাতে ..	৪৲

৩।—যে সর্টিফিকট প্রাপ্ত হইলে কোন ব্যক্তি রেবিনিউ এজেন্টস্বরূপ কর্ম্ম করিতে পারিবেন।

(ক) রেবিনিউ বোর্ডে কিম্বা তদধীন কোন কাছারীতে ..	১৫৲
(খ) কমিশ্যনরের কাছারীতে কিম্বা কমিশ্যনরের অধীন কোন কাছারীতে ...	১০৲
(গ) কালেক্টরী কাছারীতে কিম্বা কালেক্টরের অধীন কোন কাছারীতে ..	৫৲

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

এই পাণ্ডুলিপির মুখ্য দুই উদ্দেশ্য। প্রথম, উকীলদের ও মোক্তারদের ও রেবিনিউ এজেন্টদের বিষয়ক আইন সংগ্রহ করা। দ্বিতীয় কোন২ ব্যবহারাজীবদের ও তাঁহারদের মওক্কেলদের মধ্যে যে নিয়মপত্র করা গিয়া থাকে তদ্বিষয়ে ঐ আইনের কথা সংশোধন করা।

বঙ্গদেশে ও উত্তর পশ্চিমদেশে ও পঞ্জাবে ও অযোধ্যায় উক্ত বিষয়ের তিন আইন আছে (১৮৬৫ সালের ২০, ১৮৬৫ সালের ২৯, ও ১৮৬৬ সালের ৯ আইন)। মান্দ্রাজ ও বোম্বাই দেশে উক্ত বিষয়ের ১৮৬৪ সালের ১ আইন, ১৮৫৩ সালের ২০ আইন, মান্দ্রাজীয় ১৮১৬ সালের ১৪ আইন ও বোম্বাইয়ের ১৮২৭ সালের ২ আইনের ৬ অধ্যায় আছে। পঞ্জাবের ১৮৬৬ সালের ৪ আইনের ১০, ১১, ১২, ৪৪, ৫১

twelve, forty-four and fifty one) contains some special provisions as to Pleaders in the Chief Court and their fees; and in British Burma the Recorders' Courts Act XXI of 1863 (sections sixteen, seventeen and eighteen) contains similar provisions. The Central Provinces and all British Burma outside the local limits of the Records' jurisdiction appear to be devoid of any law on the subject.

The present Bill consolidate and extends to the whole of British India such of the provisions of Acts XX of 1865 and XXIX of 1865 as appear to be generally applicable to the country.

With regard to agreements for remuneration between clients and their legal advisors, Act XX of 1865, section thirty-nine, permits such agreements to be made, and declares that they shall not be enforced otherwise than by regular suit. This provision, which has been held to place such agreements on the same footing as an ordinary contract between private persons, has, for obvious reasons, not worked satisfactorily. A flagrant instance of the evil of the present law is furnished by the recent case of *Nathoo Loll* v. *Budree Pershad*, 1 Allahabad Reports 1; and though the High Court there held that it was not the duty of the lower Courts to decree (as they had done), on mere proof of the contract, the enforcement of an extortionate bargain between a pleader and his client, the legislature should not leave so important a rule to depend on the decision of a single High Court. The Bill repeals the section in question, and replaces it by a set of provisions modelled on the recent English Statute 33 & 34 Vic., Cap. 28 (*to amend the law relating to the remuneration of Attorneys and Solicitors*), sections four, six, seven, eight, nine, eleven, thirteen and fourteen.

Section thirty-three of the Bill declares that pleaders, &c., may make agreements as to their remuneration, but that the amount agreed on shall not be paid until the agreement has been examined and allowed by an officer of the High Court or of the District Court. The Court is empowered either to reduce the amount or to order the agreement to be cancelled. The agreement (section thirty-four) will exclude further claims in respect of the business therein referred to. Provisions relieving the pleader, &c., from liability for negligence will be void (section thirty-five). No suits are to be brought on such agreements, but on petition of either party the Court may enforce or set it aside (section thirty-six). The Bill then declares void (*a*) purchases by a

ধারার প্রধান আদালতের উকীল ও তাঁহারদের রসুম-বিষয়ক বিশেষ বিধান আছে। ব্রিটনীয় বর্ম্মাদেশের রিকার্ডরদের আদালত বিষয়ক ১৮৬৩ সালের ২১ আইনের ১৬, ১৭, ১৮ ধারায় সেই প্রকারের বিধান আছে। মধ্যপ্রদেশে এবং ব্রিটনীয় বর্ম্মাদেশের যে সকল স্থান রিকার্ডরদের বিচারাধিপত্যের বহির্ভূত আছে তন্মধ্যে তদ্বিষয়ের আইন দৃষ্ট হয় না।

১৮৬৫ সালের ২০ আইনের ও ১৮৬৫ সালের ২৯ আইনের যেং বিধান দেশের সর্ব্বত্র প্রবর্ত্তান উপযুক্ত বোধ হয়, এই পাণ্ডুলিপিতে সেই সকল বিধান সংগৃহীত হইয়া ব্রিটনীয় ভারতবর্ষের সমস্ত দেশব্যাপ্ত করা গেল।

১৮৬৫ সালের ২০ আইনের ৩৯ ধারায় মওক্কেলদের ও আইন ঘটিত বিষয়ে তাঁহারদের পরামর্শদায়কদের মধ্যে পারিশ্রমিকের নিয়মপত্র করিবার অনুমতি হইয়াছে, এবং নিয়মিত মোকদ্দমা না করিয়া সেই নিয়মপত্র প্রবল করা যাইতে না পারিবার বিধান হইয়াছে। এতৎপ্রকারে সেই নিয়মপত্র সাধারণ ব্যক্তিদের মধ্য সামান্য চুক্তির তুল্য বলিয়া নির্দ্ধারিত হইয়াছে। পরন্তু স্পষ্ট হেতুবশতঃ ঐ বিধানের কার্য্য তৃপ্তিকর নয়। আলাহাবাদের রিপোর্টে নথুলাল বনাম ভদ্রই প্রসাদের যে মোকদ্দমা প্রকাশ করা যায় তাহাতে ঐ বিধানের কুফল দৃষ্ট হইয়াছে। উকীল মওক্কেলের স্থানে অপেক্ষাকৃত অতিরিক্ত পারিশ্রমিক পাইবার নিয়ম করাতে অধঃস্থ আদালত চুক্তিমাত্রের প্রমাণ পাইয়া সেই নিয়ম প্রবল করিবার ডিক্রী করিলেন। হাই কোর্ট উক্ত আদালতের সেই কর্ম্ম অকর্ত্তব্য প্রকাশ করিলেন বটে তথাচ কেবল একমাত্র হাই কোর্টের নিষ্পত্তির প্রতি এমত গুরুতর বিধির নির্ভর হইতে দেওয়া ব্যবস্থাপকগণের কর্ত্তব্য নয়। এই পাণ্ডুলিপিতে সেই ধারা রহিত করা গেল ও এটর্ণিদের ও সলিসিটরদের পারিশ্রমিক বিষয়ক আইন সংশোধন করণার্থ বিকটরিয়ার ৩৩ ও ৩৪ বৎসরের ইঙ্গলণ্ডীয় ব্যবস্থার ২৮ অধ্যায়ে যে আইন হইয়াছে তাহার ৪, ৬, ৭, ৮, ৯, ১১, ১৩, ১৪ ধারাহইতে নূতন কএক বিধান সংগ্রহ করা গেল।

এই পাণ্ডুলিপির ৩৩ ধারার বিধি এই। উকীলপ্রভৃতি আপনারদের পারিশ্রমিকের নিয়মপত্র করিতে পারিবেন, কিন্তু হাই কোর্টের কিম্বা জিলা আদালতের কোন কার্য্যকারক সেই নিয়মপত্র নিরীক্ষণ করিয়া তাহার অনুমোদন না করিলে সেই পত্রের নির্দ্দিষ্ট টাকা দেওয়া যাইবে না। আদালত সেই টাকা ন্যূন করিতে পারিবেন, তাহা রহিতও হইবার আজ্ঞা করিতে পারিবেন। ৩৪ ধারার বিধান এই, নিয়মপত্র করা গেলে যে কার্য্যসম্পর্কে করা যায় তন্নিমিত্তে ঐ পত্রের নির্দ্দিষ্ট টাকা ভিন্ন কিছুই দাওয়া হইতে পারিবে না। ৩৫ ধারামতে শৈথিল্যাদিহেতুক উকীলদের দায় নিবৃত্ত হওয়ার নিয়ম ব্যর্থ হইবে। ৩৬ ধারাক্রমে সেই নিয়মপত্র লইয়া মোকদ্দমা উপস্থিত করা যাইতে পারিবে না। কিন্তু অন্যতর পক্ষের প্রার্থনামতে আদালত সেই নিয়মপত্র প্রবল অথবা অন্যথা করিতে পারিবেন। অতঃপরে (ক) ভাবি মোকদ্দমায় কিম্বা যে ডিক্রী সম্পাদন না

pleader of his client's interest in future suits or in unsatisfied decrees, and (*b*) agreements by which the pleader stipulates for payment only in the event of success. Provision is made (section thirty-eight) for the case of the pleader's death or incapacity, and the client is empowered (section thirty-nine) to change his pleader notwithstanding such agreement.

The other novel provisions of the Bill are only two.

At the recommendation of the Government of Bengal, all Mukhtárs are restored to the privilege of appearing, pleading and acting in Criminal Courts, which they formerly enjoyed under Act XX of 1865, and Mukhtárs heretofore admitted and enrolled in Lower Bengal as Revenue Agents are empowered (section seven) to appear and act in suits in Munsifs' Courts under Bengal Act VIII of 1869 (*to amend the procedure in suits between landlord and tenant.*)

Penalties are provided (section forty-five) for Advocates, Pleaders and Mukhtárs removed or suspended by a High Court who practise after such removal or during such suspension.

J. F. STEPHEN,

The 2nd January 1871.

WHITLEY STOKES,
Secy. to the Govt. of India.

হইয়া থাকে তাহাতে মওক্কেলের যে স্বার্থ থাকে উকীল তাহা ক্রয় করিলে, ও (খ) কৃতকার্য্য না হইলে টাকা লইব না বলিয়া উকীল যে নিয়ম করেন তাহা এই পাণ্ডুলিপিতে ব্যর্থ প্রকাশ হইল। উকীল মরিলে কিম্বা অক্ষম হইলে ৩৮ ধারায় সেই স্থলের বিধান করা গেল ও নিয়মপত্র থাকিলেও ৩৯ ধারামতে মওক্কেল উকীল পরিবর্ত্তন করিতে পারিবেন।

উক্ত বিধানভিন্ন কেবল দুই নূতন বিধি হইয়াছে।

মোক্তারেরা ১৮৬৫ সালের ২০ আইনানুসারে ফৌজদারী আদালতে উপস্থিত হইয়া বাদপ্রতিবাদ ও মোক্তারী করিবার যে অনুমতি প্রাপ্ত ছিলেন বঙ্গদেশের গবর্ণমেণ্টের পরামর্শমতে তাহা পুনশ্চ তাঁহারদিগকে দেওয়া গিয়াছে। এবং যে মোক্তারেরা ইতিপূর্ব্বে বঙ্গদেশে রেবিনিউ এজেণ্টস্বরূপ গ্রাহ্য হইয়া ফর্দ্দে লিখিত হইয়াছেন ৭ ধারাক্রমে তাঁহারা বঙ্গদেশীয় ১৮৬৯ সালের ৮ আইন (অর্থাৎ ভূম্যধিকারিদের ও প্রজাদের মধ্যে মোকদ্দমার কার্য্যপ্রণালী সংশোধন করিবার আইন) মতে মুনসেফদের আদালতে উপস্থিত হইয়া মোক্তারী করিবার অনুমতি পাইয়াছেন।

কোন আডবোকেট কি উকীল কি মোক্তার হাই কোর্টদ্বারা অবস্ত হইলে কিম্বা কর্ম্মে স্থগিত হওনকালে ওকালতী কি মোক্তারী করিলে ৪৫ ধারায় তাঁহারদের দণ্ডের বিধি হইয়াছে।

জে এফ ষ্টিফন।

১৮৭১ সাল ২ জানুআরি।

উইটলি ষ্টোক্স
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

Government of Bengal.

LEGISLATIVE DEPARTMENT.

THE following Bill was read in the Council of the Lieutenant-Governor of Bengal for the purpose of making Laws and Regulations on the 4th February 1871, and was referred to a Select Committee with instructions to report within one month:—

A Bill to make better provision for the recovery of certain fines.

Preamble.

WHEREAS difficulty has been experienced in the recovery of fines imposed under the authority of certain Acts heretofore passed; It is enacted as follows:—

Recovery of fines imposed under certain Acts.

The provisions of sections LXIII, LXIV, LXV, LXVI, LXVII, LXVIII, LXIX, and LXX of the Indian Penal Code, and of section LXI of the Code of Criminal Procedure, shall apply to all fines to be hereafter imposed under the authority of any

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

আইনের এই পাণ্ডুলিপি ১৮৭১ সালের ফেব্রুআরি মাসের ৪ তারিখে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ মন্ত্রিসভায় পঠিত হইল এবং মনোনীত কমিটীর প্রতি অর্পিত হইয়া এক মাসের মধ্যে তদ্বিষয়ের রিপোর্ট করিবার আজ্ঞা হইল।

কোন২ অর্থদণ্ড আদায় করিবার সুবিধান করণার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

প্রচলিত কোন২ আইনের ক্ষমতামতে যে অর্থদণ্ড ধার্য্য হইল তাহা আদায় করিতে কষ্ট হইয়াছে, এই হেতুক নিম্নলিখিত বিধান করা গেল।

কোন২ আইনমত অবধারিত অর্থদণ্ড আদায় করিবার কথা।

ভারতবর্ষীয় মন্ত্রিসভাবিষয়ক আইন প্রচলিত হইবার পূর্ব্বে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত কোন আইনের বলে, এবং ১৮৬৭ সালের জুন মাসের ১ তারিখের পূর্ব্বে মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহে-

Act passed by the Governor General of India in Council before the passing of the Indian Councils' Act, or under the authority of any Act passed by the Lieutenant-Governor of Bengal in Council before the 1st day of June 1867.

STATEMENT OF OBJECTS AND REASONS.

BY section 4 of Act V. of 1867 (B.C.) provision is made for the recovery of fines imposed under the authority of any Act passed by the Lieutenant-Governor of Bengal in Council after the passing of that Act. But no provision exists for the recovery of fines imposed under the authority of any Act passed by the same authority previously to the passing of Act V. of 1867.

As there are amongst the Acts passed by the Governor General of India in Council before the passing of the Indian Councils' Act, and by the Lieutenant-Governor of Bengal in Council prior to the passing of Act V. of 1867, several enactments which do not sufficiently provide for the recovery of fines imposed under their authority, the object of this Bill is to supply that defect.

ABDOOL LUTEEF.

The 28th January 1871.

J. PITT KENNEDY,

Asst. Secy. to the Govt. of Bengal, Legislative Department.

বের প্রণীত কোন আইনের বশে এতৎপরে যে সকল অর্থদণ্ডের আজ্ঞা হয় তাহার প্রতি ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৬৩, ৬৪, ৬৫, ৬৬, ৬৭, ৬৮, ৬৯ ও ৭০ ধারার এবং ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৬১ ধারার বিধান বর্ত্তিবে ইতি।

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

১৮৬৭ সালের বঙ্গীয় ৫ আইন প্রচলিত হইবার পর বঙ্গদেশের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রণীত কোন আইনের বলে যে অর্থদণ্ডের আজ্ঞা হয় উক্ত আইনের ৪ ধারায় সেই অর্থদণ্ড আদায় করিবার বিধান হইয়াছে। কিন্তু ১৮৬৭ সালের ৫ আইন প্রচলিত হইবার পূর্ব্বে সেই কর্ত্তৃপক্ষের প্রণীত আইনের বলে যে অর্থদণ্ডের আজ্ঞা হয় তাহা আদায় করিবার বিধান নাই।

ভারতবর্ষীয় মন্ত্রিসভাবিষয়ক আইন প্রচলিত হইহইবার পূর্ব্বে ভারতবর্ষের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত এবং ১৮৬৭ সালের ৫ আইন প্রচলিত হইবার পূর্ব্বে বঙ্গদেশের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রণীত অনেক আইনমতে যে অর্থদণ্ডের আজ্ঞা হয় সেই আইনে সেই অর্থদণ্ড আদায় করিবার যথোচিত বিধান হয় নাই ঐ অভাব দূরীকরণ এই পাণ্ডুলিপির উদ্দেশ্য।

আবদুল লতীফ।

১৮৭১ সাল ২৮ জানুআরি।

জে পিট কেনেডি,

ব্যবস্থাপন কর্ম্মবিভাগে বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

Circular Orders by the High Court of Judicature at Fort William in Bengal.

(CIVIL SIDE.)

No. 1.

Calcutta, the 17th January 1871.

WITH reference to Court's letter No. 3816, dated 17th December 1870, to the Superintendent of Stationery, copy of which was forwarded by their Circular Memorandum No. 7 to all Zillah Judges and District Magistrates, the following corrigendum is circulated for information and guidance of those officers:—

Page 2, line 3, *for* "twelve copies" *read* "*twenty* copies."

By order of the High Court,

F. B. PEACOCK,

Registrar.

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানার হাইকোর্টের সরকুলর অর্ডর।

দেওয়ানী পক্ষ।

১ নম্বর।

কলিকাতা ১৮৭১ সাল ১৭ জানুআরি

ষ্টেশনরির সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নামে হাইকোর্টের ১৮৭০ সালের ১৭ ডিসেম্বরের ৩৮১৬ নম্বরের যে পত্রের প্রতিলিপি স্মরণার্থ ৭ নং সরকুলরের সহিত সকল জিলার জজ ও মাজিষ্ট্রেট সাহেবের নিকট পাঠান গিয়াছিল, উক্ত কর্ম্মকারকদের জ্ঞান ও উপদেশার্থে ঐ পত্র নিম্নলিখিত প্রকারে সংশোধন করিবার আদেশ হইতেছে।

এই বৎসরের গেজেটের ৮২ পৃষ্ঠার ২০ পংক্তিতে "১২ খানি" এই কথার পরিবর্ত্তে "২০ খানি" পাঠ করিতে হইবে।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

এফ বি পীকক,

রেজিষ্ট্রার।

No. 2.

To all Zillah Judges and Judicial Commissioners,—(dated Calcutta, the 10th January 1871.)

The Court directs that all orders by all Civil Courts for the attachment of estates and shares of estates for the recovery of arrears or demands of the descriptions mentioned under Section 5, Act XI. of 1859, shall be immediately notified to the Collector of the District within which such estates or shares of estates are situated.

By order of the High Court,
(Sd.) F. B. Peacock,
Registrar.

No. 3.

To all Civil Authorities in the Lower Provinces.—(dated Calcutta, the 17th January 1871.)

The attention of all Civil Courts subordinate to the High Court is drawn to the provisions of section 30 of the Court Fees' Act (VII.) of 1870, prohibiting the use, in any proceeding, of any document requiring a stamp under that Act until such stamp has been cancelled, and prescribing the mode in which cancellation is to be effected.

2. The Civil Courts subordinate to the High Court are at the same time directed, at the suggestion of the Government of India, to cause the labels affixed to documents *issued* by them and liable to a fee under the Act to be cancelled *at the time that they are affixed*, such a course being calculated to protect the revenue and prevent all evasions of the law.

By order, of the High Court,
(Sd.) F. B. Peacock.
Registrar.

(Criminal Side.)

No. 1.

To all Criminal Authorities, (dated Calcutta, the 11th January 1871.)

The Court directs the discontinuance, in the Office of the Magistrate of the District, of the general register of warrants prescribed by the late Sudder Court's Circular of the 15th May 1835, No. 167, and the High Court's Circular, dated 1st October 1866, No. 11.

2. Each Criminal Court is enjoined to keep up its own register and see that its own warrants are duly returned. The form in which the register shall be maintained is that laid down in Circular Order No. 167, dated 15th May 1835, omitting column 6 as required by Circular Order No. 11, dated 1st October 1866, and the manner

২ নম্বর।

সকল জিলার জজ ও জুডিশ্যাল কমিশ্যনর সাহেব সমীপেষু।

কলিকাতা ১৮৭১ সাল ১০ জানুআরি।

হাই কোর্ট এই আজ্ঞা করিয়াছেন। ১৮৫৯ সালের ১১ আইনের ৫ ধারায় যে বাকীর কি দাওয়ার বর্ণনা হইয়াছে, কোন দেওয়ানী আদালত তদ্রূপ বাকীর ও দাওয়ার আদায় করিবার নিমিত্ত মহাল কিম্বা মহালের অংশ ক্রোক করিবার আজ্ঞা দিলে, ঐ মহাল বা মহালের অংশ যে জিলার অন্তর্গত থাকে সেই জিলার কালেক্টর সাহেবকে অগৌণে ঐ আজ্ঞার নোটিস দিতে হইবে।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
এফ বি পীকক,
রেজিষ্ট্রার।

---

৩ নম্বর।

বঙ্গপ্রভৃতিদেশের দেওয়ানী সমস্ত কর্তৃপক্ষ সমীপেষু।

কলিকাতা ১৮৭১ সাল ১৭ জানুআরি।

হাই কোর্টের অধীন সকল দেওয়ানী আদালতের প্রতি আদালতের রসুম বিষয়ক ১৮৭০ সালের ৭ আইনের ৩০ ধারার বিধানে মনোযোগ করিবার আদেশ হইতেছে। ঐ বিধান এই। উক্ত আইনমতে কোন দলীলে ইষ্টাম্পের প্রয়োজন হইলে, সেই ইষ্টাম্প অকর্ম্মণ্য না করা গেলে আদালতের কোন কারবারীতে ঐ দলীলের ব্যবহার করিতে হইবে না। ও তাহা যে প্রকারে অকর্ম্মণ্য করিতে হইবে তাহারও বিধি হইয়াছে।

২। ভারতবর্ষের গবর্ণমেণ্টের পরামর্শমতে হাই কোর্টের অধীন সকল দেওয়ানী আদালতের প্রতি এই আদেশও করা যাইতেছে, ঐ আইনমতে যেং দলীলে ইষ্টাম্প লাগে, উক্ত কোন আদালতহইতে সেই দলীল বাহির হইলে তাহাতে ইষ্টাম্প বসাইবার সময়েই তাঁহারা ঐ ইষ্টাম্প অকর্ম্মণ্য করিবেন। রাজস্ব রক্ষা এবং আইনহইতে নিষ্কৃতি পাইবার উদ্যোগ নিবারণ করিবার জন্যে উক্ত প্রকারের কার্য্য বিধেয়।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
এফ বি পীকক।
রেজিষ্ট্রার

ফৌজদারী পক্ষ।

১ নম্বর।

ফৌজদারী সকল কর্তৃপক্ষ সমীপেষু।

কলিকাতা ১৮৭১ সাল ১১ জানুআরি।

ভূতপূর্ব্ব সদর আদালতের ১৮৩৫ সালের ১৫ মের ১৬৭ নম্বরের এবং হাই কোর্টের ১৮৬৬ সালের ১ অক্টোবরের ১১ নম্বরের সরকুলর অর্ডরে পরওয়ানার যে সাধারণ রেজিষ্টর নির্দ্দিষ্ট হইয়াছিল, হাই কোর্ট জিলার মাজিষ্টরী কাছারীতে তাহা রহিত হইবার আজ্ঞা দিয়াছেন।

২। ফৌজদারী প্রত্যেক আদালতের প্রতি এই আদেশ করা যাইতেছে যে তাঁহারা আপনং রেজিষ্টর রাখেন ও নিজ পরওয়ানা নিয়মিতরূপে ফিরিয়া আইসে এই বিষয়ে মনোযোগ করেন। ১৮৩৫ সালের ১৫ মের ১৬৭ নম্বরের সরকুলর অর্ডরে রেজিষ্টর লিখিবার যে পাঠ নির্দ্দিষ্ট হইয়াছে ঐ রেজিষ্টর সেই পাঠে লিখিতে হইবে কিন্তু ১৮৬৬ সালের ১ অক্টোবরের ১১ নং

in which entries are to be made will be found described in the Rules appended to that form.

By order f the High Court,
(Sd.) F. B. PEACOCK,
Registrar.

No. 2.

To all Sessions Judges, Lower and Extra Regulation Provinces,—(dated Calcutta, the 18th January 1871.)

IT having been brought to the notice of the High Court that warrants for the realization of fines imposed by Courts of Session are sometimes issued from the Magistrate's Office, the attention of all Sessions Judges is called to Section 61 of the Code of Criminal Procedure (Act VIII. of 1869), which provides for such warrants being issued by the Sessions Judge alone,—Section 384 of the Code of Criminal Procedure having been modified.

2. As, however, the present system of issuing one warrant for the carrying into effect a two-fold sentence,* one portion of which has to be given effect to by one officer and the other portion by another, has been found to be inconvenient and to lead to difficulties, Sessions Judges are directed in future, in all such cases, to cause to be issued a warrant in duplicate fully filled up, one copy being forwarded to each of the two officers, *viz.*, the Magistrate and the Officer in charge of the Jail, whose duty it is to see the warrant carried into effect. That portion, however, of the sentence with which the officer to whom the particular copy is addressed has no concern, will first be written in and then scored through with red ink, as an intimation to him that no action on his part is necessary in regard to such portion. If at any time before the expiration of the alternative sentence the whole fine shall be levied, the Magistrate shall report the fact to the officer in charge of the Jail, and direct the discharge of the prisoner; or, if a portion of the fine shall be levied within such time as aforesaid, the Magistrate shall forthwith report the fact for the orders of the Sessions Judge.

* *Vide* Forms 6, 7 and 8, also 10 and 11, appended to Circular Order No. 6, dated 23rd February 1870.

By order of the High Court,
(Sd.) F. B. PEACOCK,
Registrar.

সরকুলর অর্ডরমতে তাহার ৬ ঘর ত্যাগ করিতে হইবে। ঐ রেজিষ্টরের উপযুক্ত কথা যে রূপে লিখিতে হইবে তাহা ঐ পাঠ সংযুক্ত বিধিতে নির্দ্দিষ্ট হইয়াছে।

হাই কোর্টের আজ্ঞাক্রমে।
এফ বি পীকক।
রেজিষ্ট্রার।

---

২ নম্বর।

বঙ্গপ্রভৃতি দেশের ও আইন বহির্ভূত প্রদেশের সকল সেশন জজ সাহেব সমীপেষু।

কলিকাতা ১৮৭১ সাল ১৮ জানুআরি।

সেশন আদালত যে অর্থদণ্ডের আজ্ঞা করেন সময়ে২ মাজিষ্ট্রেট সাহেবের কাছারীহইতে তাহা আদায় করিবার পরওয়ানা বাহির হইয়া থাকে। এই কথা হাই কোর্টের নিকট জ্ঞাত হওয়াতে সকল সেশন জজ সাহেবের প্রতি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৬৯ সালের ৮ আইনের ৬১ ধারার প্রতি মনোযোগ করিবার আদেশ হইতেছে। ঐ ধারার বিধানমতে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮৪ ধারা মতান্তর হওয়াতে উক্ত পরওয়ানা কেবল সেশন জজ সাহেবদ্বারা দেওয়া যাইতে পারে।

২। কিন্তু বর্ত্তমান নিয়মমতে দ্বিবিধ দণ্ড * সফল করিবার একি পরওয়ানা বাহির হইয়া থাকে, ঐ পরওয়ানার একাংশ এক জন কার্য্যকারকের অন্য অংশ অন্য কার্য্যকারকের সফল করিতে হয়। ইহাতে অধিক ক্লেশ ও কষ্ট হইয়া থাকে। এই হেতুক সেশন জজ সাহেবদের প্রতি এই আদেশ হইল, এই অবধি তাঁহারা উক্ত স্থলে ঐ পরওয়ানার দুই কেতা করিয়া ঐ পরওয়ানামতে কার্য্য হওন বিষয়ে যাঁহারদের কর্ত্তব্য সেই দুই কার্য্যকারকের অর্থাৎ মাজিষ্ট্রেট সাহেবের ও জেলের অধ্যক্ষের নিকট এক২ কেতা পাঠাইবেন। ঐ পরওয়ানার কেবল এক২ অংশের সঙ্গে ঐ কার্য্যকারকদের এক২ জনের সম্পর্ক আছে, অতএব যে অংশে যাঁহার সম্পর্ক নাই সেই অংশের কথা লেখা গেলে পর লাল সেহাই দিয়া তাহার উপর কশা টানিয়া সেই কার্য্যকারকের নিকট পাঠান যাইবে। তিনি দেখিলেই জানিতে পারিবেন যে কশী টানা ঐ অংশে আমার সম্পর্ক নাই। অর্থদণ্ড না দেওয়াতে যে কারাদণ্ডের আজ্ঞা হয় সেই কারাদণ্ডের মিয়াদ গত না হইয়া যদি অর্থদণ্ডের সমুদয় টাকা আদায় হইয়া থাকে, তবে মাজিষ্ট্রেট সাহেব জেলের অধ্যক্ষকে সেই কথা জানাইয়া বন্দিকে মুক্ত করিবার আজ্ঞা দিবেন। উক্ত সময়ের মধ্যে যদি অর্থদণ্ডের কেবল একাংশ আদায় হইয়া থাকে তবে মাজিষ্ট্রেট সাহেব অগৌণে সেশন জজ সাহেবের আজ্ঞা জানিবার জন্যে সেই কথার রিপোর্ট করিবেন।

* ১৮৭০ সালের ২৩ ফেব্রুআরির ৬ নং সরকুলরের সংযুক্ত ৬, ৭, ৮, ও ১০, ১১ পাঠ দেখ।

হাই কোর্টের আজ্ঞাক্রমে।
এফ বি পীকক।
রেজিষ্ট্রার।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭১। ১৪ ফেব্রুআরি।]

***Rules passed by the High Court for the prompt trial of undefended and other suits for arrears of rent in the Civil Courts under Act VIII. of* 1869.**

1. Every summons in any suit for arrears of rent not being a suit in which enhancement is sought, brought under the provisions of Act VIII. of 1869, B.C., shall command the defendant to appear at the expiration of fourteen clear days after the service thereof.

2. Every such suit entered in the Register, as directed by section 42, shall be marked thus—"Rent Suit," "Baki Kházánár Mokuddama," "Baki Malguzari."

3. Immediately on the return of the summons in any such "Rent Suit," the suit shall be entered in a list of causes in form annexed, to be stuck up in the Court House, specifying the day for hearing, which shall be on the day fixed for the appearance of the defendant, or on the earliest day on which the Court shall sit after such day.

4. Each such suit shall be called on in its turn at the sitting of the Court and before suits of any other description upon the day for the hearing thereof; and in every case in which it shall be shown that the defendant has been duly served with the summons in proper time to enable him to appear and defend the suit, but the defendant does not, either in person or by any authorized agent or pleader, appear or make answer to the suit, the case shall be forthwith taken up and heard *ex parte*, unless in any particular case the Court, for special reasons to be recorded in the proceedings, shall think fit to order otherwise.

5. Provided, nevertheless, that no suit for arrears of rent shall be called on and tried *ex parte* when the summons shall not have been served at least fourteen clear days before the day of hearing.

6. When it shall appear that the summons has not been duly served, or that fourteen clear days have not elapsed from the date of the due service of the summons, the case shall stand over until a day to be fixed immediately after the expiration of fourteen clear days from the date of the due service of the summons.

7. In cases where the defendant appears and makes answer or desires to contest the claim, the case may either be taken up and tried at once, if it appear to be likely to be a short one, or may be placed in the ordinary list of defended causes, and come on in its turn, if such latter course appear to

[*Government Gazette, 14th February* 1871.]

দেওয়ানী আদালতে ১৮৬৯ সালের ৮ আইনমত বাকী খাজানার যে মোকদ্দমার উত্তরবাদী নাই তাহার ও অন্যান্য মোকদ্দমার ত্বরায় বিচার হইবার নিমিত্ত হাই কোর্টের প্রণীত বিধি।

১। যে মোকদ্দমায় খাজানা বৃদ্ধি হইবার প্রার্থনা হয়, তদ্ভিন্ন বঙ্গীয় ১৮৬৯ সালের ৮ আইনের বিধানমতে বাকী খাজানার নিমিত্ত যে মোকদ্দমা উপস্থিত করা গিয়াথাকে সেই মোকদ্দমার যে সমন দেওয়া যায় তাহাতে প্রতিবাদির প্রতি এই আজ্ঞা হইবে যে ঐ সমন পাইবার পর সম্পূর্ণ চৌদ্দ দিন অবসান হইলে তিনি উপস্থিত হন।

২। ৪২ ধারামতে যে রেজিষ্টর রাখিবার আজ্ঞা হইল উক্ত প্রত্যেক মোকদ্দমা সেই রেজিষ্টরীতে লেখা গেলে তাহার পার্শ্বে এই২ কথা লিখিতে হইবে, Rent Suit। বাকী খাজানার মোকদ্দমা। বাকী মালগুজারী।

৩। তদ্রূপ খাজানার মোকদ্দমার সমন ফিরিয়া আনা গেলেই মোকদ্দমার নিম্নলিখিত পাঠের নির্ঘণ্টপত্রে মোকদ্দমা লিখিত হইয়া আদালত ঘরে লটকাইয়া দেওয়া যাইবে। তন্মধ্যে শুনিবার দিন নিরূপণ থাকিবে। প্রতিবাদির উপস্থিত হইবার যে দিন নিরূপণ হইল সেই দিনে কিম্বা তৎপরে আদালতের প্রথম যে দিনে অধিবেশন হয় মোকদ্দমা শুনিবার সেই দিন নিরূপণ করা উচিত।

৪। আদালত বসিলে সেই মোকদ্দমা শুনিবার দিনে অন্য সকল প্রকারের মোকদ্দমার অগ্রে সেই৷ সকল মোকদ্দমা ক্রমশঃ উপস্থিতকরিবার আজ্ঞা হইবে। আর প্রতিবাদির উপস্থিত হইয়া মোকদ্দমার উত্তর দিবার উপযুক্ত সময় থাকিতে তাহাকে সমন দেওয়া গেলেও তিন আপনি কিম্বা ক্ষমতাপ্রাপ্ত কোন মোক্তারের কি উকীলের দ্বারা উপস্থিত হইয় মোকদ্দমার উত্তর না দিলে, ঐ মোকদ্দমা অগৌণে উপস্থিত করা যাইবে ও এক পক্ষের অনুপস্থানে শুনা যাইবে। কিন্তু স্থলবিশেষে আদালত কোন বিশেষ কারণে প্রকারান্তরের আজ্ঞা করা বিহিত বোধ করিলে অন্যরূপ আজ্ঞা করিতে পারিবেন। সেই বিশেষ কারণ রূবকারীতে লিখিতে হইবে।

৫। শুনিবার দিনের পূর্ব্বে ন্যূনকল্পে সম্পূর্ণ চৌদ্দ দিন থাকিতে সমন না দেওয়া গেলে প্রতিবাদির অনুপস্থানে বাকী খাজানার নিমিত্ত কোন মোকদ্দমা তলব হইয়া বিচার হইবে না।

৬। সমন নিয়মিত মতে দেওয়া যায় নাই কিম্বা নিয়মিতরূপে দিবার তারিখঅবধি সম্পূর্ণ চৌদ্দ দিন গত হয় নাই ইহা দৃষ্ট হইলে, ঐ সমন নিয়মিতরূপে দিবার তারিখঅবধি সম্পূর্ণ চৌদ্দ দিনের অব্যবহিত পশ্চাৎ দিন নিরূপিত হইয়া সেই দিনে মোকদ্দমা শুনা যাইবে।

৭। প্রতিবাদী উপস্থিত হইয়া উত্তর দিলে কিম্বা দাওয়ার প্রতিবাদ করিতে ইচ্ছা করিলে যদি মোকদ্দমা সংক্ষেপ হইবার মত দেখায়, তবে একেবারে তলব হইয়া বিচার হইতে পারিবে। অথবা যে মোকদ্দমার উত্তরবাদী উপস্থিত হয় আদালতের মধ্যে ও উভয় পক্ষের সুবিধা বিবেচনায় এমত মোকদ্দামা

the Judge to be expedient with reference to the state of his file or the convenience of the parties.

F. B. PEACOCK,
Registrar.

HIGH COURT, FORT WILLIAM,
The 4th February 1871.

List of Rent Suits in the Court of the of

Number of case on the register.	Names of parties.	Claim.	Date fixed for trial.

Orders by the Lieutenant-Governor of Bengal.

REVENUE AND GENERAL DEPARTMENTS

No. 202R.

APPOINTMENTS.

The 31st January 1871.—Lieutenant William Alexander Lawrence to officiate as an Assistant Commissioner in Assam, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class.

The 1st February 1871.—Mr. A. Jerdon to be temporarily Special Sub-Registrar of Assurances of Moteehari.

Syed Mahomed Ali Khan to officiate as Special Sub-Registrar of Assurances of Chuprah, during the absence, on deputation, of Mr. H. O. King, or until further orders.

The 2nd February 1871.—Mr. James Crawfurd, Assistant Magistrate and Deputy Collector, to have charge of the Sub-division of Sherghotty, in Gya.

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৭১ । ১৪ ফেব্রুআরি ।]

সামান্য নির্ঘণ্টপত্রে দেওয়া বিহিত বোধ হইলে তাহা সেই নির্ঘণ্টে লিখিত হইয়া ক্রমানুসারে বিচার হইতে পারিবে ।

এফ, বি, পীকক্ ।
রেজিস্ট্রার ।

হাই কোর্ট ফোর্ট উইলিয়ম ।
১৮৭১ সাল ৪ ফেব্রুআরি ।

অমুক জিলার অমুকের আদালতে খাজানার মোকদ্দমার নির্ঘণ্টপত্র ।

রেজিষ্টরে মোকদ্দমার নম্বর	উভয় পক্ষের নাম	দাওয়া	বিচারার্থ নিরূপিত দিন ।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা ।

রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্ট ।

২০২ R. নম্বর ।

নিয়োগ ।

১৮৭১ সাল ৩১ জানুআরি ।—লেপ্টেনেণ্ট শ্রীযুত উলিয়ম আলেকজাণ্ডর লরেন্স সাহেব আসামে আসিষ্টাণ্ট কমিশ্যনরের কর্ম্ম ও অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন ।

১৮৭১ সাল ১ ফেব্রুআরি ।—শ্রীযুত এ জের্ডন সাহেব কিয়ৎকালের নিমিত্তে মতিহারির নিদর্শনপত্রাদির বিশেষ সব-রেজিষ্ট্রার হইবেন ।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত এচ ও কিং সাহেবের অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত সৈয়দ মহম্মদ আলী খাঁ ছাপরার নিদর্শনপত্রাদির বিশেষ সব-রেজিষ্ট্রারের কর্ম্ম করিবেন ।

১৮৭১ সাল ২ ফেব্রুআরি ।—আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জেমস ক্রাফর্ড সাহেব গয়ার অন্তর্গত শেরঘাটী শাখাখণ্ডের অধ্যক্ষতা ভার পাইবেন ।

Mr. Francis Johnston Graham Campbell to officiate as a Joint-Magistrate and Deputy Collector of the Second Grade.

Mr. Henry Blaquire Talbot is promoted to the First Grade of Assistant Superintendents of Revenue Survey, with effect from the 12th September 1870.

The 3rd February 1871.—Mr. William McKinley Clay, B.A., to officiate as Joint-Magistrate and Deputy Collector of Rungpore, during the absence, on deputation, of Mr. Nathaniel Stuart Alexander, or until further orders.

Mr. Henry Luttman-Johnson to officiate temporarily as Joint-Magistrate and Deputy Collector of the 24-Pergunnahs.

The 4th February 1871.—Mr. John Edward Beevor Jeffery, Assistant Magistrate of Arrareah, in Purneah, is vested with the powers of a Magistrate.

The 6th February 1871.—Baboo Jadub Chunder Gossami, B.A., Deputy Magistrate and Deputy Collector, Mymensing, is transferred to Sylhet, and vested with the powers of a Collector under Regulations VII. of 1822 and IX. of 1825.

The following Officers are vested with the powers of a Collector under Act XVI. of 1870 in the District of Purneah:—

Mr. George Goodair Dey.

Moulvie Warris Ali.

Baboo Hurri Chaitannya Ghose, M.A., to be Secretary to the Local Committee of Public Instruction at Chittagong.

Captain Linley Blathwayt, Assistant Commissioner of Golaghat, to be an Assistant Commissioner of the Second Grade, with effect from the 1st instant.

Baboo Poornanund Surmah Burroah to be Secretary to the Local Committee of Public Instruction at Gowalparah.

Mr. Daniel James McNeile to officiate, until further orders, as Secretary to the Board of Revenue, Lower Provinces.

Mr. Frederick Barnes Peacock to officiate, until further orders, as Junior Secretary to the Board of Revenue, Lower Provinces.

The 7th February 1871.—Mr. C. F. Manson, Deputy Magistrate and Deputy Collector, Chittagong, is transferred to Cuttack.

Leave of Absence.

The 30th January 1871.—Baboo Shiva Persad Sandyal, Deputy Magistrate and Deputy Collector of Satkhirah, for three months, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules. The Sub-divisional Officer of Buseerhaut

শ্রীযুত ফ্রান্সিস জনষ্টন গ্রেহাম কাম্বেল সাহেব দ্বিতীয় শ্রেণীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত হেনরি ব্লাকিয়র টাল্বট সাহেব ১৮৭০ সালের সেপ্টেম্বর মাসের ১২ তারিখ অবধি রাজস্বের জরীপী কার্য্যের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্টদের প্রথম শ্রেণী ভুক্ত হইয়াছেন।

১৮৭১ সাল ৩ ফেব্রুআরি।—রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত নাথানিয়ল ষ্টুয়ার্ট আলেকজাণ্ডর সাহেবের অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত শ্রীযুত উলিয়ম মাকিন্‌লি ক্লে সাহেব, বি, এ, রঙ্গপুরের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত হেনরি লটমান জন্সন সাহেব কিয়ৎকালের নিমিত্তে ২৪ পরগনার জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

১৮৭১ সাল ৪ ফেব্রুআরি।—পূরণিয়ার অন্তর্গত অররিয়ার আসিষ্টান্ট মাজিষ্ট্রেট শ্রীযুত জান এডওয়ার্ড বিবর জেফ্রি সাহেব মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

১৮৭১ সাল ৬ ফেব্রুআরি।—ময়মুনসিংহের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু যাদবচন্দ্র গোস্বামী, বি, এ, শ্রীহট্টে প্রেরিত হইয়াছেন এবং ১৮২২ সালের ৭ আইন ও ১৮২৫ সালের ৯ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

নিম্নলিখিত কার্য্যকারকেরা পূরণিয়া জিলাতে ১৮৭০ সালের ১৬ আইনমতে কালেকটরের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত জর্জ গুডের ডে সাহেব।

শ্রীযুত মৌলবী ওয়ারিস আলী।

শ্রীযুত বাবু হরিচৈতন্য ঘোষ, এম, এ, চট্টগ্রামের সাধারণের শিক্ষাসংক্রান্ত কমিটীর সেক্রেটারী হইবেন।

গোলাঘাটের আসিষ্টান্ট কমিশ্যনর কাপ্তান শ্রীযুত লিন্‌লি ব্লাথওয়েট সাহেব এই মাসের ১ তারিখঅবধি দ্বিতীয় শ্রেণীর আসিষ্টান্ট কমিশ্যনর হইবেন।

শ্রীযুত বাবু পূর্ণানন্দ শর্ম্মা বড়ুয়া গোয়ালপাড়ার সাধারণের শিক্ষাসংক্রান্ত কমিটীর সেক্রেটার হইবেন।

শ্রীযুত ডানিয়েল জেমস মাকনীল সাহেব অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত বঙ্গপ্রভৃতিদেশের রেবিনিউ বোর্ডের সেক্রেটারীর কর্ম্ম করিবেন।

শ্রীযুত ফ্রেড্রিক বার্ণস পীকক্ সাহেব অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত বঙ্গপ্রভৃতিদেশের রেবিনিউ বোর্ডের দ্বিতীয় সেক্রেটারীর কর্ম্ম করিবেন।

১৮৭১ সাল ৭ ফেব্রুআরি।—চট্টগ্রামের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি এফ মান্সন সাহেব কটকে প্রেরিত হইয়াছেন।

ছুটী।

১৮৭১ সাল ৩০ জানুআরি।—সাতক্ষীরার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু শিবপ্রসাদ সান্ন্যাল অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে তিন মাস ছুটী পাইয়াছেন। শ্রীযুত বাবু কালীনাথ বসুর না পঁহুছন কিম্বা অন্য আজ্ঞা না হওন

will be in charge of Satkhirah in addition to his own duties, until the arrival of Baboo Kalinath Bose, or until further orders.

The 31st January 1871.—Mr. Ross Lowis Mangles, Officiating Secretary to the Board of Revenue, Lower Provinces, for two weeks, under Section XVIII. of the Covenanted Service Absentee Rules.

The 2nd February 1871.—Mr. Frederick William Voysey Peterson, Officiating Joint-Magistrate and Deputy Collector of Sylhet, for three months, under Section XIX. of the Covenanted Service Absentee Rules, from any date in March next on which he may be relieved.

The 7th February 1871.—Mr. John Dalrymple Maclean, Deputy Collector of Customs, Calcutta, is allowed subsidiary leave for a period not exceeding thirty days, from any date after the 18th instant, on which he may avail himself of it.

The subsidiary leave granted to Mr. John Foster Stevens, C.S., under orders of the 13th ultimo, is extended to thirty days.

NOTIFICATION.

The 1st February 1871.—It is hereby notified that Mr. J. G. Farquharson, Officiating Assistant Superintendent of Police, Kamroop, passed in Law by the Lower Standard of qualification at the examination held in November 1870.

The 2nd February 1871.—The services of Mr. William Mearns Souttar, M.A., of the Civil Service, are placed at the disposal of the Hon'ble the Chief Justice.

The 3rd February 1871.—Mr. George Edward Porter, Officiating Joint-Magistrate and Deputy Collector of Rungpore, is permitted to avail himself of the subsidiary leave granted to him under orders of the 10th ultimo, from the 2nd of March, instead of from the 7th of April next, as notified in the *Calcutta Gazette* of the 18th ultimo.

The services of Mr. William Henry Verner, Officiating Joint-Magistrate and Deputy Collector of the 24-Pergunnahs, are placed temporarily at the disposal of the Government of India in the Home Department.

The leave granted to Mr. A. H. Warde-Jones, Special Sub-Registrar of Assurances, Tirhoot, under the orders of the 30th December last, is cancelled at his own request.

The 7th February 1871.—Her Majesty's Secretary of State has granted an extension of leave on Medical Certificate for six months to Mr. Thomas Jones, Assistant Secretary to the Government of Bengal.

The services of Mr. William Wilson Hunter, B.A. and L.L.D., are placed temporarily at the

পর্য্যন্ত বশীরহাট শাখাখণ্ডের কার্য্যকারক আপন কর্ম্মাতিরিক্ত সাতক্ষীরার অধ্যক্ষতা ভার পাইবেন।

১৮৭১ সাল ৩১ জানুআরি।—বঙ্গপ্রভৃতিদেশের রেবিনিউ বোর্ডের একটিং সেক্রেটারী শ্রীযুত রস লোইস মাঙ্গেলস সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ ধারামতে দুই সপ্তাহ ছুটী পাইয়াছেন।

১৮৭১ সাল ২ ফেব্রুআরি।—শ্রীহট্টের একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটর শ্রীযুত ফ্রেড্রিক উলিয়ম বয়সী পিটরসন সাহেব আগামি মার্চ মাসের যে তারিখে অন্যের প্রতি কার্য্যভারার্পণ করেন সেই তারিখ অবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৯ ধারামতে তিন মাস ছুটী পাইয়াছেন।

১৮৭১ সাল ৭ ফেব্রুআরি।—কলিকাতার কষ্টমের ডেপুটী কালেকুটর শ্রীযুত জান ডালরিম্পল মাকলীন সাহেব এই মাসের ১৮ তারিখের পর যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি ত্রিশ দিনের অনধিক উপকরণার্থে ছুটী পাইয়াছেন।

সিবিল কার্য্যসম্পর্কীয় শ্রীযুত জান ফষ্টর ষ্টীবন্স সাহেব গত মাসের ১৩ তারিখের আজ্ঞামতে উপকরণার্থে যে ছুটী পান তাহা ত্রিশদিন পর্য্যন্ত বৃদ্ধি করা গেল।

বিজ্ঞাপন।

১৮৭১ সাল ১ ফেব্রুআরি।—১৮৭০ সালের নবেম্বর মাসে যে পরীক্ষা হয় তাহাতে কামরূপের পোলীসের একটিং আসিষ্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত জে জি ফারকর্সন সাহেব দ্বিতীয় কষ্টিমতে ব্যবস্থা বিষয়ে উত্তীর্ণ হইয়াছেন এতদ্দ্বারা ইহা প্রকাশ করা গেল।

১৮৭১ সাল ২ ফেব্রুআরি।—সিবিল কার্য্যসম্পর্কীয় শ্রীযুত উলিয়ম মিয়র্নস সূটর সাহেব, এম, এ, মান্যবর শ্রীযুত চীফ জষ্টিস সাহেবের অধীনে নিযুক্ত হইয়াছেন।

১৮৭১ সাল ৩ ফেব্রুআরি।—রঙ্গপুরের একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটর শ্রীযুত জর্জ্জ এডওয়ার্ড পোর্টর সাহেব গত মাসের ২৪ তারিখের বাঙ্গলা গেজেটের প্রকাশিতমতে ১০ তারিখের আজ্ঞামতে উপকরণার্থ যে ছুটী পান তাহা আগামি আপ্রিল মাসের ৭ তারিখঅবধি না লইয়া মার্চ মাসের ২ তারিখ অবধি লইবার অনুমতি পাইয়াছেন।

২৪ পরগনার একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটর শ্রীযুত উলিয়ম হেনরি বর্নর সাহেব কিয়ৎকালের নিমিত্তে হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

ত্রিহুতের নিদর্শনপত্রাদির বিশেষ সব-রেজিষ্ট্রার শ্রীযুত এ, এচ, ওয়ার্ডজোন্স সাহেব গত ডিসেম্বর মাসের ৩০ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহা তাঁহার প্রার্থনাক্রমে রহিত করা গেল।

১৮৭১ সাল ৭ ফেব্রুআরি।—শ্রীশ্রীমতী মহারাণীর ষ্টেট সেক্রেটারী সাহেব বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী শ্রীযুত তামস জোন্স সাহেবকে চিকিৎসকের সর্টিফিকটক্রমে আর ছয় মাস ছুটী দিয়াছেন।

শ্রীযুত উলিয়ম উইলসন হন্টর সাহেব বি, এ, ও এল, এল, ডি, কিয়ৎকালের নিমিত্তে হোম ডিপার্টমেণ্টে

disposal of the Government of India in the Home Department.

The appointment of Captain Thomas Herbert Lewin to officiate as Deputy Commissioner of the Garo Hills, notified in the *Calcutta Gazette* of the 25th ultimo, is cancelled. Captain Lewin will return to his substantive appointment as Deputy Commissioner of the Chittagong Hill Tracts.

RIVERS THOMPSON,
Offg. Secy. to the Govt. of Bengal.

JUDICIAL AND POLITICAL DEPARTMENTS

No. 134J.

APPOINTMENTS.

The 2nd February 1871.—Dr. J. G. Garrow Grant to officiate as Protector of Emigrants and Superintendent of Labor Transport in Calcutta, during the absence, on leave, of Captain C. Burbank, or until further orders.

Native Doctor (now First Class Hospital Assistant) Ghunsam Sing was in medical charge of the Civil Station of Chyebassa, in addition to his own duties in the Jail Hospital at that Station, from the 6th August to the 5th November 1870, during the absence, on leave, of Mr. S. J. Manook, Civil Medical Officer of Singbhoom.

The 3rd February 1871.—Baboo Anund Chunder Mullick, Additional Moonsiff in Dacca, to officiate as Moonsiff of Bhangah in that district, during the absence, on leave, of Baboo Juggut Chunder Roy, or until further orders.

Baboo Brojendra Coomar Seal, B.L., Officiating Moonsiff of Berhampore, to be Moonsiff of Berhampore, *vice* Baboo Shamdhone Mookerjee, deceased.

Baboo Karuna Das Bose, B.L., Officiating Moonsiff of Jungypore, in Moorshedabad, to be Moonsiff of Jungypore.

Baboo Anunda Coomar Surbadhikari to be a Moonsiff of the Third Grade, and to be Moonsiff of Golaghat, in Assam.

Mr. James Hammersley Johnston, Assistant Superintendent of Police, Sarun, is transferred to Tirhoot.

Baboo Jogendra Narain Roy Chowdry to be a Member of the Committee for the management of the Charitable Dispensary at Kandi.

Baboo Poorno Chunder Shome, Moonsiff of Buseerhaut, in the 24-Pergunnahs, to be Moonsiff of Rampore Haut, in Beerbhoom, *vice* Mr. John Baptist, deceased.

Baboo Joygopal Sinha, B.L., to be a Moonsiff of the Third Grade, and to be Moonsiff of Buseerhaut, in the 24-Pergunnahs.

[*Government Gazette*, 14*th February* 1871.]

ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

কাপ্তান শ্রীযুত তামস হর্ব্বর্ট লিউইন সাহেব গারো পর্ব্বতের ডেপুটী কমিশ্যনরের কর্ম্ম করিবেন এই যে কথা গত মাসের ৩১ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তাহা রহিত করা গেল। তিনি চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশের স্বীয় ডেপুটী কমিশ্যনরের স্থায়ি পদে প্রত্যাগমন করিবেন।

রিবর্স তামসন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

জুডিশ্যল ও পলিটিকাল ডিপার্টমেণ্ট।

১৩৪J. নম্বর।

নিয়োগ।

১৮৭১ সাল ২ ফেব্রুআরি।—কাপ্তান শ্রীযুত সি, বরবাঙ্ক সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত ডাক্তর শ্রীযুত জে, জি গারো গ্রাণ্ট সাহেব কলিকাতায় মজুররক্ষকের ও মজুর প্রেরণের সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

সিংহভূমের সিবিল চিকিৎসক শ্রীযুত এস, জে, মানুক সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে (এইক্ষণে প্রথম শ্রেণী হাস্পাতাল আসিস্টাণ্ট) দেশীয় ডাক্তর শ্রীযুত ঘনশ্যাম সিংহ চৈবাসার সিবিল মোকামের জেল হাস্পাতালের আপন কর্ম্মাতিরিক্ত ১৮৭০ সালের আগস্ট মাসের ৬ অবধি নবেম্বর মাসের ৫ তারিখপর্য্যন্ত ঐ মোকামের চিকিৎসা কার্য্যের অধ্যক্ষতা ভার প্রাপ্ত ছিলেন।

১৮৭১ সাল ৩ ফেব্রুআরি।—শ্রীযুত বাবু জগচ্চন্দ্র রায়ের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত ঢাকার আডিশ্যনল মুনসেফ শ্রীযুত বাবু আনন্দচন্দ্র মল্লিক ঐ জিলার অন্তর্গত ভাঙ্গার মুনসেফের কর্ম্ম করিবেন।

বাবু শ্যামধন মুখোপাধ্যায়ের মৃত্যু হওয়াতে তৎপরিবর্ত্তে বহরমপুরের একটিং মুনসেফ শ্রীযুত বাবু ব্রজেন্দ্রকুমার শীল, বি, এল. বহরমপুরের মুনসেফ হইবেন।

মুরশিদাবাদের অন্তর্গত জঙ্গীপুরের একটিং মুনসেফ শ্রীযুত বাবু করুণাময়দাস বসু, বি, এল, জঙ্গীপুরের মুনসেফ হইবেন।

শ্রীযুত বাবু আনন্দকুমার সর্ব্বাধিকারি তৃতীয় শ্রেণীর মুনসেফ হইয়া আসামের অন্তর্গত গোলাঘাটের মুনসেফ হইবেন।

সারণের পোলীসের আসিস্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত জেমস হামর্সলী জনস্টন সাহেব ত্রিহুতে প্রেরিত হইয়াছেন।

শ্রীযুত বাবু যোগেন্দ্রনারায়ণ রায় চৌধুরী কান্দির দাতব্য ঔষধালয়ের কার্য্যসম্পাদনার্থ কমিটীর মেম্বর হইবেন।

জান বাপটিস্টের মৃত্যু হওয়াতে তৎপরিবর্ত্তে ২৪ পরগনার অন্তর্গত বশীরহাটের মুনসেফ শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র সোম বীরভূমের অন্তর্গত রামপুরহাটের মুনসেফ হইবেন।

শ্রীযুত বাবু জয়গোপাল সিংহ বি, এল, তৃতীয় শ্রেণীর মুনসেফ হইয়া ২৪ পরগনার অন্তর্গত বশীরহাটের মুনসেফ হইবেন।

Sub-Assistant Surgeon Monohur Mookerjee to have medical charge of the Sub-division of Rajmehal and the Charitable Dispensary at that Station.

Sub-Assistant Surgeon Baney Madhub Bose to have charge of the Charitable Dispensary at Chuprah.

The 4th February 1871.—Mr. George Augustus Pepper to be Additional Judge of Jessore and Backergunge.

The 7th February 1871.—Dr. J. Meredith to officiate as Civil Medical Officer of Mozufferpore during the absence, on leave, of Surgeon Edward John Gayer, or until further orders.

Mr. Henry Cockburn Richardson to officiate as Civil and Sessions Judge of Jessore, during the absence, on leave, of Mr. Henry Baring Lawford, or until further orders.

LEAVE OF ABSENCE.

The 7th February 1871.—Dr. Edward John Gayer, Civil Surgeon of Tirhoot, is allowed subsidiary leave for a period not exceeding thirty days, preparatory to proceeding to Europe on furlough.

Mr. Henry Baring Lawford, Judge of Jessore, is allowed subsidiary leave for a period not exceeding thirty days, from the 20th instant, preparatory to proceeding to Europe on furlough.

Major William Turton Fagan, District Superintendent of Police, Rajshahye, is allowed subsidiary leave for a period not exceeding thirty days, from the 15th instant, preparatory to proceeding to Europe on furlough.

NOTIFICATIONS.

The 1st February 1871.—Mr. William Wilson, Civil Medical Officer of Maunbhoom, having returned to duty on the 8th ultimo, the unexpired portion of the leave which was granted to him under the orders of the 6th idem, and of which he availed himself on the 24th December last, is cancelled.

Mr. Robert William King, of the Police, reported his departure from India on board the Steam-ship *Arcturus* on the 22nd ultimo.

The 7th February 1871.—Her Majesty's Secretary of State for India has granted extensions of leave on Medical Certificate to the following Officers of the Police, for the periods mentioned against their names, *viz.*:—

Mr. Francis Thomas Platts, for three months.

Mr. Alfred Erskine Chapman Bolst, for six months.

A. EDEN,
Secy. to the Govt. of Bengal.

সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত মনোহর মুখোপাধ্যায় রাজমহল শাখাখণ্ডের চিকিৎসা কার্য্যের ও ঐ মোকামের দাতব্য ঔষধালয়ের অধ্যক্ষতা ভার পাইবেন।

সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বেণীমাধব বসু ছাপরার দাতব্য ঔষধালয়ের অধ্যক্ষতা ভার পাইবেন।

১৮৭১ সাল ৪ ফেব্রুআরি।—শ্রীযুত জর্জ্জ আগষ্টস পেপর সাহেব যশোহরের ও বাকরগঞ্জের আডিশানল জজ হইবেন।

১৮৭১ সাল ৭ ফেব্রুআরি।—সর্জ্জন শ্রীযুত এডওয়ার্ড জান গেয়র সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ডাক্তর শ্রীযুত জে মেরিডিথ সাহেব মজফরপুরের সিবিল চিকিৎসকের কর্ম্ম করিবেন।

শ্রীযুত হেনরি ব্যারিং লাফর্ড সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত হেনরি কোবর্ণ রিচার্ডসন সাহেব যশোহরের সিবিল ও সেশন জজের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৭১ সাল ৭ ফেব্রুআরি।—ত্রিহুতের সিবিল চিকিৎসক ডাক্তর শ্রীযুত এডওয়ার্ড জান গেয়র সাহেব নিয়মিত ছুটী লইয়া ইউরোপে গমনার্থ প্রস্তুত হইবার জন্যে ত্রিশ দিনের অনধিক উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

যশোহরের জজ শ্রীযুত হেনরি ব্যারিং লাফর্ড সাহেব নিয়মিত ছুটী লইয়া ইউরোপে গমনার্থ প্রস্তুত হইবার জন্যে এই মাসের ২০ তারিখ অবধি ত্রিশ দিনের অনধিক উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

রাজশাহীর পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট মেজর শ্রীযুত উলিয়ম টর্টন ফেগান সাহেব নিয়মিত ছুটী লইয়া ইউরোপে গমনার্থ প্রস্তুত হইবার জন্যে এই মাসের ১৫ তারিখ অবধি ত্রিশ দিনের অনধিক উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৭১ সাল ১ ফেব্রুআরি।—মানভূমের সিবিল চিকিৎসক শ্রীযুত উলিয়ম উইলসন সাহেব গত মাসের ৮ তারিখে আপন কর্ম্মে প্রত্যাগমন করাতে গত মাসের ৬ তারিখের আজ্ঞামত যে ছুটী গত ডিসেম্বর মাসের ২৪ তারিখে গ্রহণ করেন তাহার অবশিষ্টাংশ রহিত করা গেল।

পোলীসের শ্রীযুত রবর্ট উলিয়ম কিং সাহেব গত মাসের ২২ তারিখে আর্কটরস নামক ষ্টীমরে ভারতবর্ষহইতে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন।

১৮৭১ সাল ৭ ফেব্রুআরি।—ভারতবর্ষের পক্ষ শ্রীশ্রীমতী মহারাণীর ষ্টেট সেক্রেটারী সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে নিম্নলিখিত পোলীসের কার্য্যকারকদিগকে তাঁহারদের নামের পার্শ্বলিখিত অতিরিক্ত ছুটী দিয়াছেন।

শ্রীযুত ফ্রান্সিস তামস প্লাটস সাহেব তিন মাস।

শ্রীযুত আলফ্রেড এরস্কিন্ চাপমান বোলষ্ট সাহেব ছয় মাস।

এ ইডন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭১। ১৪ ফেব্রুআরি।]

NOTIFICATION.

The 30*th January* 1871.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up at the public expense, for a public purpose, *viz.*, for the extension of the premises occupied by the Toobkibograh Police Station in the District of Tipperah, Village Nursingpore, Pergunnah Nursingpore, it is hereby declared that, for the above purpose, two strips of land, consisting of 1 kanee 2 gundahs and 2 cowri, more or less, and butted and bounded as follows, are required :—

1*st Strip.*—On North and East by roads; on the South by a tank and station compound; and on the West by the station compound and Hurreedhun's house.

2*nd Strip.*—On the North by the station compound; on the East by a tank; South by a drain; and on the West by a garden of Gopeenath Potdar.

This Declaration is made, under the provisions of Section 6, Act X. of 1870, to all whom it may concern.

A. EDEN,
Secy. to the Govt. of Benga.

বিজ্ঞাপন।

১৮৭১ সাল ৩০ জানুআরি।—বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ ত্রিপুরা জিলার অন্তর্গত নরসিংহপুর পরগনার নরসিংহপুর গ্রামে তুবকীবোগরার পোলীসথানানাটী বৃদ্ধি করণার্থে রাজকীয় অর্থব্যয়ে ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ন্যূনাধিক ১ কানি ২ গণ্ডা ।। কড়া পরিমিত দুই খণ্ড ভূমির প্রয়োজন। তাহার চিহ্ন ও সীমা এই২,—

প্রথম খণ্ড।—উত্তর ও পূর্ব্ব সীমা পথ, দক্ষিণ সীমা পুষ্করিণী ও থানার ভূমি, পশ্চিম সীমা থানার ভূমি ও হরিধনের বাটী।

দ্বিতীয় খণ্ড।—উত্তর সীমা থানার ভূমি, পূর্ব্ব সীমা পুষ্করিণী, দক্ষিণ সীমা নর্দ্দমা, পশ্চিম সীমা গোপীনাথ পোদ্দারের বাগান।

উক্ত ভূমিতে যাঁহারদের সম্পর্ক আছে তাঁহারদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

এ ইডন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

NOTIFICATION.

The 2*nd February* 1871.—The Lieutenant-Governor is pleased to extend the operation of Section 34, Act V. of 1861, (an Act for the regulation of the Police) to the Station of Daltongunge, the head-quarters of the Palamow Subdivision in the Lohardugga District.

A. EDEN,
Secy. to the Govt. of Bengal.

বিজ্ঞাপন।

১৮৭১ সাল ২ ফেব্রুআরি।—শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব লোহারডগা জিলার অন্তর্গত পালামৌ শাখাখণ্ডের দালতনগঞ্জ মোকামে ১৮৬১ সালের ৫ আইনের (অর্থাৎ পোলীসে বিধানকরণার্থ আইনের) ৩৪ ধারা প্রচলিত করিলেন।

এ ইডন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

Public Works Department, Bengal.

IRRIGATION.

No. 34.

The 7*th February* 1871.

It is hereby notified under Section 4, Act X. of 1870, that it appears to His Honor the Lieutenant-Governor of Bengal that a strip of land 200 feet wide, more or less, along the right bank of the Mohanuddy river from 300 to 600 feet distant from it, and also a number of other strips each 70 feet wide, more or less, are likely to be needed for a public purpose, *viz.*, for the construction of a main canal and its distributaries between Jeypore and Paradeep Creek in extension of the Taldunda Canal in Pergunnahs Jhankar, Barpala, Anabartak, Teerao, and Killah Kujang, in the District of Cuttack.

পবলিক ওর্কস ডিপার্টমেন্ট।

জলসেচন সম্পর্কীয়।

৩৪ নম্বর।

১৮৭০ সাল ৭ ফেব্রুআরি।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ কটক জিলার অন্তর্গত ঝানকর, বারপাল, আনাবর্ত্তক, তীরাও ও কিল্লা কুজাঙ্গ পরগনার জয়পুর ও পারাদীপ খালের মধ্যগত তালদণ্ডা খাল বিস্তীর্ণ করিয়া এক প্রধান খাল ও তাহার শাখাখাল প্রস্তুত করণার্থে মহানদী নদীর দক্ষিণ তটের ধারে২ ঐ তটহইতে ৩০০ অবধি ৬০০ ফুট পর্য্যন্ত দূরে ন্যূনাধিক ২০০ ফুট করিয়া প্রস্থ এক খণ্ড ভূমি এবং ৭০ ফুট করিয়া প্রস্থ অন্য কএক খণ্ড ভূমির প্রয়োজন সম্ভাবনা, ১৮৭০ সালের ১০ আইনের ৪ ধারামতে এই সংবাদ প্রকাশ করা গেল।

No 35.

It is hereby notified under Section 4, Act X. of 1870, that it appears to His Honor the Lieutenant-Governor of Bengal that a strip of land 200 feet wide, more or less, along the left bank of the Olunka river as far as Machgong, and thence along the left bank of the Daib river as far as Muggra Creek at from 300 to 600 feet from the river bank, and also a number of other strips each 70 feet wide, more or less, are likely to be needed for a public purpose, *viz.*, for the construction of a main canal and its distributaries between Singharpore, Machgong, and the mouth of the Muggra Nulla in Pergunnahs Hurrihurpore, Gundito, Katai-kurnea, Benahar, and Killah Hurishpore, and Pergunnah Bardeala, in the District of Cuttack.

J. F. STODDARD, *Lieut.-Colonel, M. S. C.,*
Asst. Secy. to the Govt. of Bengal,
P. W. D., Irrigation Branch.

৩৫ নম্বর।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে, রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ কটক জিলার অন্তর্গত হরিহরপুর, গণদৈত্য কাটাই কর্ণ্যা বেনাহার ও কিল্লা হরিশপুর এবং বারদিয়ালা পরগনার সিংহহারপুর ও মাচগায়ের মধ্যগত মগ্রানালার মহনায় এক প্রধান খাল ও তাহার শাখাখাল প্রস্তুত করণার্থে মাছগাঁ পর্য্যন্ত ওলঙ্কা নদীর বামতটের সঙ্গেং ন্যূনাধিক ২০০ ফুট প্রস্থ এক খণ্ড ভূমি, তথাহইতে মগ্রাখালপর্য্যন্ত দৈব নদীর বামতটের সঙ্গেং নদীর ধারহইতে ৩০০ অবধি ৬০০ ফুট পর্য্যন্ত প্রস্থ ভূমি, এবং ৭০ ফুট করিয়া প্রস্থ অন্য কএক খণ্ড ভূমির প্রয়োজন সম্ভাবনা, ১৮৭০ সালের ১০ আইনের ৪ ধারামতে এই সম্বাদ প্রকাশ করা গেল।

জে এফ ষ্টডার্ড, লেপ্টেনেন্ট কর্ণেল, এম, এস, সি,
পবলিক ওর্কসডিপার্টমেন্টে জল সেচিবার
শাখাখণ্ডে বঙ্গদেশের গবর্ণমেন্টের আসিষ্টান্ট
সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENT. — গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENT. — ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা ত্রিপুরা।

এস্তাহারনামা কাছারি কালেক্টরি জিলা ত্রিপুরা এই যে,

১৮৫৯ ইং ১১ আইনের ৬ দফামতে এতদ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জিলা ত্রিপুরার এই মহাল বাকি জমার নিমিত্তে ১৮৭১ ইং ১ মার্চ মোং সন ১২৭৭ বাং ১৮ ফাল্গুণ রোজ বুধবার এজিলার কালেক্টরি কাছারিতে বিনা আপত্ত্যে বিক্রয় হইবেক ইতি সন ১৮৭১ ইং ১২ জানুআরি মোং সন ১২৭৭ বাং ৬ মাঘ।

তফসীল মহাল।

এস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

নম্বর রেজিষ্টরি	নাম মহাল	নাম মালিক	সদর জমা	বাকী ০
১৭১১	পরগনে গুণানন্দী তালুক শ্রীবৎস্য দাস।	দিননাথ বসু রামকুমার বসু	১২৩২৷৶৭	৪৬০৷৵৯

R. D. HIME,
Offg. Collector.

ত্রিপুরা কালেক্টরী আফিস,
১৮৭১ সাল ২৩ জানুআরি।

(F)

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭১। ১৪ ফেব্রুআরি।]

INSOLVENT COURT.

যোত্রহীনের আদালত।

COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of THOMAS FRASER CAMPBELL, an Insolvent.

Notice is hereby given that Saturday, the 4th day of March next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a Dividend, and that an account in detail of the Receipts and Disbursements of the Assignee from the 8th day of April 1868 until the 31st day of January last, has been filed, and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent, will be heard, notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

A. B. MILLER,
Official Assignee.

OFFICIAL ASSIGNEE'S OFFICE;
Calcutta, 10th February 1871.

The like Notice in the matter of THOMAS MAUGHAN LAWSON, an Insolvent (LAWSON and CO.), wherein the account of the Assignee is filed from 18th March 1870 to 31st January last. (83—1)

কলিকাতা যোত্রহীন ঋণিদের উপকারার্থ আদালত।

যোত্রহীন তামস ফ্রেসর কাম্বেল সাহেবের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে ঐ বিষয়ের পুনশ্চ শুনানির জন্যে আগামি মার্চ মাসের ৪ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে এবং ১৮৬৮ সালের আপ্রিল মাসের ৮ তারিখ অবধি জানুআরি মাসের ৩১ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমাখরচের হিসাব অর্পণ করা গিয়াছে, প্রধান ক্লার্ক সাহেবের কার্য্যালয়ে দেখা যাইতে পারে। যে মহাজন কিম্বা এবিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনের ইস্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন, তিনি শুনানির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের কার্য্যালয়ে সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবে।

এ. বি. মিলর,
সরকারী আসৈনি।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা,
কলিকাতা ১৮৭০ সাল ২৫ নবেম্বর।

যোত্রহীন তামস মগন লাসন সাহেবের বিষয়ে (লাসন কোং) তদ্রূপ সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয়ে আসৈনি সাহেবের ১৮৭০ সালের মার্চ মাসের ১৮ তারিখ অবধি গত জানুআরি মাসের ৩১ তারিখপর্য্যন্ত হিসাব অর্পণ করা গিয়াছে।'

[*Government Gazette,* 14*th Febaruary* 1871.]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এডউইন মরিস্ লুইস সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

১ নং।

গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র।

উত্তর ভারতবর্ষের কোনং জিলায় ১৮৭১ সালের জানুআরি মাসের ২৮ তারিখপর্য্যন্ত এক সপ্তাহের দ্রব্যাদির নিরিখ।

মঙ্গলবার ১৮৭১ সাল ১৪ ফেব্রুআরি।

১৮৭১ সালের জানুআরি মাসের ২৮ তারিখে ও তৎপূর্ব্ব সপ্তাহে এবং ১৮৭০ সালের
তাহার

জিলার নম্বর।	জিলা।	গবর্ণমেন্টের ৮০ তোলার সেরের								
		গোম।			যব।			চাউল।		
		১৮৭১ সালের ২৮ জানুআরি পর্য্যন্ত এই সপ্তাহ।	১৮৭১ সালের জানুআরি মাসের ২১ তারিখপর্য্যন্ত সপ্তাহ।	১৮৭০ সালের এই সপ্তাহ।	১৮৭১ সালের ২৮ জানুআরি পর্য্যন্ত এই সপ্তাহ।	১৮৭১ সালের জানুআরি মাসের ২১ তারিখপর্য্যন্ত সপ্তাহ।	১৮৭০ সালের এই সপ্তাহ।	১৮৭১ সালের ২৮ জানুআরি পর্য্যন্ত এই সপ্তাহ।	১৮৭১ সালের জানুআরি মাসের ২১ তারিখপর্য্যন্ত সপ্তাহ।	১৮৭০ সালের এই সপ্তাহ।
	পঞ্জাব।	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের
১	রোটক	৮৷৷	৷৯	৴৭	৷৷৬	৷৷৫	৷২	৴৬	৴৬	৴৬
২	লাহোর	৷৯৷৷৶	৷৷০	৷০৷	৷৷৬	৷৷৫৵	৷৪৷৷	৴৯	৴৯	৴৬
৩	জলন্ধর	৷৷১৷৷	৷৷২	৴৯	৷৷৭	৷৷৭	৷৩	৴৮	৴৮	৴৮
৪	লুধিয়ানা	৷৷০৷৷	৷৷১	৴৮৷	৸৩	৸৩	৷২	৴৮	৴৭	৴৬৸
৫	হুসিয়ারপুর	৷৷৩	৷৷৩	৷০	৸৪	৸২	৷২	৷০	৷০	৴৭
৬	সিরসা	৷৭	৷৬	৴৬৸	৷৷৫	৷৷৫	৷২	...	...	...
৭	হিসার	৷৫	৷৫	৷২	৷৷৮	৷৷৮	৷৫	...	...	...
৮	দিল্লী	৷৷০৶	৷৷০৸১০	৴৯৷৷৶	৸১	৸১	৷৬	৴৮	৴৮	৴৫
৯	অম্বালা	৷৷০৸	৷৷০৸	৴৯	৸০	৸০	৷২৷৷	...	...	...
১০	ফিরোজপুর	৷৷০	৷৯৷৷	৴৮৷৷	৷৷৬	৷৷৬	৷০৸	৴৮	৴৮	৴৫
† পূর্ব্ব সপ্তাহের এইং ঘরের অঙ্ক এই কার্য্যালয়হইতে অশুদ্ধরূপে দেওয়াতে এইং ঘরের অঙ্ক দ্বারা তাহা সংশোধন

গবর্ণমেণ্টের ৮০ তোলার সেরের

জিলার নম্বর।	জিলা।	গোম। ১৮৬১ সালের ১১ ফেব্রুয়ারি পর্য্যন্ত এই সপ্তাহ।	গোম। ১৮৬১ সালের ফেব্রুয়ারি মাসের ৪ তারিখ পর্য্যন্ত সপ্তাহ।	গোম। ১৮৬০ সালের ঐ সপ্তাহ।	যব। ১৮৬১ সালের ১১ ফেব্রুয়ারি পর্য্যন্ত এই সপ্তাহ।	যব। ১৮৬১ সালের ফেব্রুয়ারি মাসের ৪ তারিখ পর্য্যন্ত সপ্তাহ।	যব। ১৮৬০ সালের ঐ সপ্তাহ।	চাউল। ১৮৬১ সালের ১১ ফেব্রুয়ারি পর্য্যন্ত এই সপ্তাহ।	চাউল। ১৮৬১ সালের ফেব্রুয়ারি মাসের ৪ তারিখ পর্য্যন্ত সপ্তাহ।	চাউল। ১৮৬০ সালের ঐ সপ্তাহ।
		সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের
৫৪	ফিরি	॥৬৸/	॥৬৸/	১০৸৶	৸৬।/	৸৬॥৶	১১।৶	/৭	/৭।/	/৬।
৫৫	লক্ষণৌ	॥১৸	॥১৸	১০।/৫	॥৮।/৫	॥৮৶১০	১৬॥	।২	।২	/৮
৫৬	বারবাঁকি	॥২॥	॥২॥	/৯৸	৸০	॥৭	১৩	/৮	/৮	/৬
৫৭	বারেচ	॥৬	॥৬	১১॥	১/০	১/৫	১৬	।৮	।৮	।২
৫৮	রায়বেরেলি	॥০	।৮৸	১০॥৶	॥২॥	† ॥৪	১২	।৪	।৫	১১
৫৯	সীতাপুর	॥৫।	॥৪৸৶	১০॥৶	৸৩॥৶	৸০	১৪	১৪।	১৩	/৮৸/
৬০	গন্ধা	॥১৸	॥৭।	১১৸/	।৮॥	॥৮॥	১৪॥	/৮॥	/৮॥	/৮॥
৬১	উম্নাউ	॥২	॥১।	১০।	॥৬	॥৫॥	১৭॥	...	...	...
৬২	ভরদই	॥৭	॥৭	১০॥	৸৯	৸৬॥	...	/৫।	/৫।	/৫
	বঙ্গদেশ।									
৬৩	সারণ	॥২	॥১	১০॥	৸৫	৸৫	১৬	।৮	।৮	।২
৬৪	পাটনা	॥১	॥৪	১৬৸	৸৪	৸৫	৸৪	...	...	...
৬৫	বক্সার	১৯	।৯	১১॥	॥৬	॥৬	১৬	...	...	...
৬৬	চাম্পারণ	॥৫	॥৪	॥৬	৸২	৸২	৸৬	১৬	১৭	॥৪
৬৭	ত্রিহুত	॥২৲১০	॥২	।॥০	৸৫	৸৫	৸৫	॥০	॥০	॥০
৬৮	ভাগলপুর	॥৯	॥৭৸	১০/	৸০।/	৸১॥/	।৫৶	॥৫।	॥৫।	।৮৸৶
৬৯	সাহাবাদ*	..	...	..	...	...	...	...	..	...
৭০	মুঙ্গের	॥৬	॥৬	১০	৸০	॥৯	১৪	...	...	...
৭১	বর্দ্ধমান	॥৩॥	।৯।	।৫	...	...	...	...	...	...
৭২	হুগলী	।৯	॥০	/৮॥	...	...	...	।৫	১৪	।৫
৭৩	পাবনা	॥০	।৮৸	১০	...	...	...	॥৪	॥৪	।৮৸
৭৪	বীরভূম	১৬	।৬	/৯	...	...	...	॥৫॥	॥৫॥	।৯॥
৭৫	মুরশিদাবাদ ...	॥৩৲১০	॥৩	১৩	১/০	১/৫	১৪	॥৩	॥৩	।৮
৭৬	সওয়াদুমকা	১৪	।৬	১০	...	...	...	৸০	৸০	॥৬
৭৭	বগুড়া	।৫	।৫	১১	...	...	...	॥০	॥০	১৭
৭৮	শাসিরাম	॥০	॥০	।৩	॥৪	॥৩॥	॥৪	।২	।২	/৯

* পাওয়া যায় নাই।

† পূর্ব্ব সপ্তাহের এইং ঘরের অঙ্ক এই কার্য্যালয়হইতে অশুদ্ধরূপে দেওয়াতে এইং ঘরের অঙ্ক দ্বারা তাহা সংশোধন

হিসাবে (টাকায় যত পাওয়া যায়।)

বাজরা।			জোয়ার।			সাধারণ চাউল।			ছোলা।			
১৮৭১ সালের ১১ ফেব্রুয়ারি পর্য্যন্ত এই সপ্তাহ।	১৮৭১ সালের ফেব্রুয়ারি মাসের ৪ তারিখপর্য্যন্ত গত সপ্তাহ।	১৮৭০ সালের এই সপ্তাহ।	১৮৭১ সালের ১১ ফেব্রুয়ারি পর্য্যন্ত এই সপ্তাহ।	১৮৭১ সালের ফেব্রুয়ারি মাসের ৪ তারিখপর্য্যন্ত গত সপ্তাহ।	১৮৭০ সালের এই সপ্তাহ।	১৮৭১ সালের ১১ ফেব্রুয়ারি পর্য্যন্ত এই সপ্তাহ।	১৮৭১ সালের ফেব্রুয়ারি মাসের ৪ তারিখপর্য্যন্ত গত সপ্তাহ।	১৮৭০ সালের এই সপ্তাহ।	১৮৭১ সালের ১১ ফেব্রুয়ারি পর্য্যন্ত এই সপ্তাহ।	১৮৭১ সালের ফেব্রুয়ারি মাসের ৪ তারিখপর্য্যন্ত গত সপ্তাহ।	১৮৭০ সালের এই সপ্তাহ।	জিলার নম্বর।
সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	
৸১৷৴	৸৫৷৴	॥১॥৵	৸৩	৸৩	॥৩৷৴	॥১	॥১৷৴	৷২	॥২॥	॥৩	৷০॥৴	৫৪
॥৫৷	॥৫৷৴৫	৷৮॥৵১০	॥৫॥	॥৫৸৴৫	৷৮৵১০	১৭৸৴৫	১৭॥৵১০	১৩	১৭৷	৷৮	১০৵১০	৫৫
॥৬	॥৬	১৪	॥৮	॥৮	॥১	॥০	॥০	৷২	৷৮	৷৮	৴৯	৫৬
...	...	..	॥৯	৸০	॥৭	॥০	৷০	১৪	৷২	॥২	৷২	৫৭
॥০	॥০	॥০	॥২৷	॥৩৷	॥১৷	৷৮	১৭	১৪	১৪	১৬	৷২৵	৫৮
॥৯॥৵	॥৭	৷১৵	॥৮	॥৭	॥২॥৵	৷০॥	॥০	৷২॥৵	॥১৵	১৭॥	৷১	৫৯
॥০	॥০	৷৬৷	৸০	৸০	॥৯॥	॥২৷	॥৩	৷৩॥	॥৩॥	৷৩॥	৷০॥	৬০
॥৪	॥৪	॥১	...		...	১৭	১৭	১৪	৷৯	৷৯	৷২॥	৬১
৸৩৸	৸২॥	৷৯	৸৫	৸৩॥	৷৯	১৬	১৬	১৫৷	॥০॥	॥৪	৷০	৬২
...	..	...	॥৬	॥৯	৸০	৷২	॥২	॥০	৷২	৷২	৷০	৬৩
...	...	.	৸১	৸১	৸১॥	॥৪	॥৫	॥৩৸৵	৷১	৷১	৷২॥৵	৬৪
॥২	৷৩	॥৪	॥৩	॥৪	॥৬	৷৯॥	৷৯॥	৷৯॥	৷৯	৷৯	১৫৷	৬৫
..	..	..	॥৪	॥৪	১৴০	॥৬	৷৪	৷৫	৷৭	॥৯	৸১	৬৬
...	...	...	...	...	...	৷৪	৷৩	৷৪	৷৫	॥৫	৸০	৬৭
...	..	...	৸৭৸৵	৸৭৸৵	৸৪৴	৸০৷৴	৸১॥৴	॥৫৷	॥২৸	৷২৸	৷০৴	৬৮
...	..	...	...	..	...	...	...	...	...	...	...	৬৯
...	...	...	৸১	৸০	৸৩	॥৭	৷৬	॥২	॥০	॥৫	৷২	৭০
...	...	..	...	...	...	॥৬	৷৬৷	॥১॥	৷॥০	৷৯	৷৯	৭১
...	...	...	...	..	...	৷৯	৷৯	৷৯	৷৬	৷৫	৷০	৭২
...	..	...	...	..	..	॥৬৷	॥৬৷	॥২॥	৷৩	৷৩	৷০	৭৩
...	...	...	...	...	...	৸১	৸০	॥২॥	৷৬॥	৷৬॥	৴৯	৭৪
৸৫	৸৫	৷৯	...	...	...	॥১	॥৬	॥০৴১০	॥২	৷২॥	৷২৷	৭৫
১॥৬	১॥৬	৸০	১॥৬	১॥৬	৸২	৸২	৸২	৷৮	১৪	১৪	৷০	৭৬
...	...	...	...	...	...	৸৪	৸৪	৸০	৷২	৷২	৷৩	৭৭
..	...	...	...	...	...	৷৯॥	॥০॥	৷৮	৷৫॥	৷৫	॥৩	৭৮

করা গেল।

জিলার নম্বর।	জিলা।	গবর্ণমেণ্টের ৮০ তোলার সেরের								
		গোম।			যব।			চাউল।		
		১৮৭১ সালের ১১ ফেব্রুআরি পর্য্যন্ত এই সপ্তাহ।	১৮৭১ সালের ফেব্রুআরি মাসের ৪ তারিখ পর্য্যন্ত গত সপ্তাহ।	১৮৭০ সালের এই সপ্তাহ।	১৮৭১ সালের ১১ ফেব্রুআরি পর্য্যন্ত এই সপ্তাহ।	১৮৭১ সালের ফেব্রুআরি মাসের ৪ তারিখ পর্য্যন্ত গত সপ্তাহ।	১৮৭০ সালের এই সপ্তাহ।	১৮৭১ সালের ১১ ফেব্রুআরি পর্য্যন্ত এই সপ্তাহ।	১৮৭১ সালের ফেব্রুআরি মাসের ৪ তারিখ পর্য্যন্ত গত সপ্তাহ।	১৮৭০ সালের এই সপ্তাহ।
		সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের
৭৯	রংপুর	।৮	।৮	।১৸৶	...	...	...	৸	৸	।৮
৮০	দিনাজপুর	।৭৸	।৭৸	।১।	।৪॥	।৪॥	।১।	...	...	...
৮১	রাজশাহী	॥২॥	॥২॥	৶৯	...	...	...	।৬৸৶	।৬৸৶	।২৸
৮২	মালদহ	॥৫	॥৫	।৫	৸৫	৸৫	৸২	॥৯	॥৯	॥০
৮৩	রাজমহাল	৸২	॥২	।৩	৸৭॥	৸৭॥	।৯	...	...	...
৮৪	গয়া	॥৩৶	॥৩।৶	৶৯	॥৫৶	৸৪॥৶	।৬	...	...	...
৮৫	পুরনিয়া	।৮	॥০	।২॥	॥৫	॥৫	৸০	...	...	...
৮৬	গদা	।৬	।৬	।১॥	...	...	...	...	...	...
৮৭	দেবগড়	॥০	...	...	...	...	...	॥৮	...	...
	মধ্য প্রদেশ।									
৮৮	হোসঙ্গাবাদ	।৩৸	।৩॥	।৬৸৶	৶৮	৶৮	৶৮	৶৮	৶৮	৶৭
৮৯	নরসিংহপুর	।৭	।৭	।৪	৶৬	৶৬	...	।১	।১	।০
৯০	ভুমো	।৭॥	।৭॥	।২॥	...	।১	...	...	...	...
৯১	সাগর	।৯	।৯	।৫	।৭	।৭	।৫॥	...	...	...
৯২	জব্বলপুর	।৮	।৮	।৪।	।৩	।৩	৶৭	।৪	।৪	।১

মন্তব্য।—কথমহ এই বিরিখের কর্দ্দ অতি বিলম্বে প্রাপ্ত হওয়াতে তাহার কার্য্য দর্শে যা এই হেড্‌কজিলার কর্তৃপক্ষদের প্রতি চালান করিতে হচেই হয়।

মন্তব্য।

১৮৭১ সালের জানুআরি মাসের ২১ তারিখ পর্য্যন্ত যে সপ্তাহ শেষ হয় সেই সপ্তাহের বাজার দরে।

			সের	
মোরাদাবাদ	... ১৮৭১ সালের ২১ জানুআরি পর্য্যন্ত গত সপ্তাহে	"ছোলা"	॥২॥	লেখা উচিত।
চাম্পারণ	... ১৮৭১ সালের ২১ জানুআরি পর্য্যন্ত গত সপ্তাহে	"গোম"	।৪	ঐ
ঐ	... ১৮৭১ সালের ২১ জানুআরি পর্য্যন্ত গত সপ্তাহে	"যব"	৸২	ঐ
ঐ	ঐ ঐ	"চাউল"	।৭	ঐ
ঐ	ঐ ঐ	"জোয়ার"	॥৪	ঐ
ঐ	ঐ ঐ	"সামান্য চাউল"	॥২	ঐ
ঐ	ঐ ঐ	"ছোলা"	॥৯	ঐ

১৮৭১ সালের জানুআরি মাসের ২৮ তারিখপর্য্যন্ত যে সপ্তাহ শেষ হয় সেই সপ্তাহের বাজার দরে।

গয়া	... ১৮৭১ সালের ২৮ জানুআরি পর্য্যন্ত গত সপ্তাহে	"গোম"	॥৩৶	ঐ

হিসাবে (টাকায় যত পাওয়া যায়)

বাজরা।			জোয়ার।			মাঝামাঝি চাউল।			ছোলা।			
১৮৭১ সালের ১১ ফেব্রুআরি পর্য্যন্ত এই সপ্তাহ।	১৮৭১ সালের ফেব্রুআরি মাসের ৪ তারিখ পর্য্যন্ত গত সপ্তাহ।	১৮৭০ সালের এই সপ্তাহ।	১৮৭১ সালের ১১ ফেব্রুআরি পর্য্যন্ত এই সপ্তাহ।	১৮৭১ সালের ফেব্রুআরি মাসের ৪ তারিখ পর্য্যন্ত গত সপ্তাহ।	১৮৭০ সালের এই সপ্তাহ।	১৮৭১ সালের ১১ ফেব্রুআরি পর্য্যন্ত এই সপ্তাহ।	১৮৭১ সালের ফেব্রুআরি মাসের ৪ তারিখ পর্য্যন্ত গত সপ্তাহ।	১৮৭০ সালের এই সপ্তাহ।	১৮৭১ সালের ১১ ফেব্রুআরি পর্য্যন্ত এই সপ্তাহ।	১৮৭১ সালের ফেব্রুআরি মাসের ৪ তারিখ পর্য্যন্ত গত সপ্তাহ।	১৮৭০ সালের এই সপ্তাহ।	জিলার নম্বর।
সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	
...	...	...	...	...	...	৸১৸	৷৮৶	৪৪৲	/৯	/৯	/৬৶	৭৯
...	...	...	...	...	...	৸৬	৸৬	৷৮	৷৫	৷৫	/৯৷৶	৮০
...	...	...	...	...	...	৷৫৸৶১৫	৷৭৶	৷১৷/	১৩/৷	৷২	১০	৮১
...	...	...	...	...	...	৸০	৸০	৷৷১	১৭	১৭	৷৬	৮২
৸২	৸২	৷৩	১/০	১/০	৸৫	৸০	৷৬	৷৷৫	৷৬	৷৬	৷১	৮৩
...	...	...	৸২৷৶	৸১৷	৷৫	৷৩৷/	৷৩৷	৷৷১	১৭৸	১০৸৶	/৯	৮৪
...	...	...	৸৫	৸৫	৷৭	৸০	৸০	৷৷৪	৷৪	৷৪	৷৩	৮৫
...	...	...	১৷০	১৷০	৸৫	৸৫	১/০	৷৷৬	৷৷০	৷৬	৷৪	৮৬
...	...	...	...	...	...	৸২	...	...	৷৷০	...	...	৮৭
৷৮	৷৬	৷৷০	৷৷৪	৷৷২	৷৷৮	১০	১০	/৯	৷৫৷	৷৫৷	১১৪	৮৮
৷০	৷৷০	৷৮	৷৷১	৷২	৷৷১	১৪	১৪	৷১	১৭	১৭	১৪	৮৯
...	...	৷৬	৷৷৭	৷৷৭	৷৬	১৭	১৭	৷১	৷৷০	১০৷৷	১৪	৯০
...	...	...	৸৫	৸৫	৷৷১	১৪	১৪	/৮৸	৷০	৷০	১৫/	৯১
৷৷০	৷০	১৭৷৷	৷৮	৷৷৭	৷৷১	১৬	১৬	৷২	৷৮	১৭	১৫	৯২

আদেশ হইতেছে যে, তাঁহারদের রিটর্ণ যেন আলাহাবাদে সোমবারের প্রাতঃকালে নিশ্চয় পঁহুছিতে পারে এমন সময় বুঝিয়া

১৮৭১ সালের জানুআরি মাসের ২১ তারিখপর্য্যন্ত যে সপ্তাহ শেষ হয় সেই সপ্তাহের বাজার দরে।

সের।

কর্ণাল ... ১৮৭১ সালের ২১ জানুআরি পর্য্যন্ত গত সপ্তাহে "যব" ... ৸৫ সেখা চাউল।

১৮৭১ সালের জানুআরি মাসের ২৮ তারিখপর্য্যন্ত যে সপ্তাহ শেষ হয় সেই সপ্তাহের বাজার দরে।

কর্ণাল ... ১৮৭১ সালের ২৮ জানুআরিপর্য্যন্ত গত সপ্তাহে "জোয়ার" ... ৸৫ ঐ

সীতাপুর ... ১৮৭১ সালের ২৮ জানুআরিপর্য্যন্ত গত সপ্তাহে "গোম" ... ৷৷৪৸ ঐ

এ কলবিন,

উত্তর পশ্চিমদেশের রেবিনিউ বোর্ডের সেক্রেটারী।

বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে শ্রীযুত এডউইন মরিস লুইস সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

২ নং।

গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র।

TUESDAY, FEBRUARY 28, 1871.

মঙ্গলবার ১৮৭১ সাল ২৮ ফেব্রুআরি।

বিজ্ঞাপন।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্নলিখিত বিক্রয়ের বিজ্ঞাপনে যে সকল মহালের উল্লেখ হইল সে সকল মহালে গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তাহা নিম্নলিখিত নিয়মের অধীন হইয়া বিক্রয় হইবে।

বিক্রয়ের নিয়ম।

১।—প্রত্যেক মহাল পার্শ্বের লিখিত নির্দ্দিষ্ট সদর জমার অধীন হইয়া যে ব্যক্তি নীলামে প্রথম ডাকের উপর সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকিবে তাহাকে দেওয়া যাইবে।

২।—বর্ত্তমান পাট্টা এবং বন্দোবস্তের কার্য্য কি প্রবল আইনহইতে উৎপন্ন স্বত্ব সকল বিক্রয়ের পরে বহাল থাকিবে। রাজস্বের কার্য্যকারকদিগের কৃত জমাবন্দীতে যেং খোদকস্তা রাইয়ত স্বাক্ষর করিয়াছে ক্রেতারা তাহারদিগের স্বত্ব মানিতে বাধ্য হইবে।

৩।—একশত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

৪।—একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে বিক্রয়ের দিবস এক দিন বলিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ন কালে, কিম্বা সেই দিবস বন্ধের দিন হইলে তৎপরে প্রথম যে দিন কাছারী খোলা যায় সেই দিনের মধ্যাহ্ন কালে, যদি অবশিষ্ট টাকা দাখিল না হয়, তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে, ও প্রথম স্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণপূর্ব্বক ঐ ত্রুটিকারি ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবে।

৫।—মহালের উপর যে সামান্য সদর জমা ধার্য্য হইয়াছে ক্রেতারা তদতিরিক্ত রাস্তা প্রস্তুত ও গমনাগমনের সুবিধার নিমিত্ত করও দিতে বাধিত হইবেন। তাঁহারা যে তারিখঅবধি ক্রীত মহাল দখল করেন সেই তারিখঅবধি সদর জমার উপর শতকরা এক টাকার হিসাবে ঐ কর ধার্য্য হইবে। ঐ কর বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারিবে।

রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে,
ডি জে মাকনিল,
একটিং ছোট সেক্রেটারী।

নীলামের ইশ্‌তিহার।

জিলা শ্রীহট্ট।

এস্তেহারনামা কাছারী কালেকটরী।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীহট্ট জেলার মধ্যবর্ত্তি পশ্চাৎ লিখিত মাহালাতের গবর্ণমেন্টের মালিকি স্বত্ব ইংরেজী ১৮৭১ সালের আপ্রিল মাসের ১৫ তারিখ মোতাবেক সন ১২৭৮ বাঙ্গলার বৈশাখ মাসের ৩ তারিখ শনিবার জেলা শ্রীহট্টের কালেকটরি কাছারিতে বিক্রয় হইবেক।

এই২ মহাল যে ব্যক্তিরা ক্রয় করেন তাঁহারা ক্রোড়পত্রের শিরোভাগে লিখিত নিয়মের ১।২।৩ দফা ব্যতীত অপর দফাহায়ের অধীনে থাকিবেন।

লৌঁজেঞ্চের নম্বর।	জেলার বহীতে নম্বর।	মাহাল ও পরগনার নাম।	সুমারিক মত ক্ষেত্র পরিমাণ।	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
				মাল্গুজারী রাজস্ব।	রাস্তার টাকস।	মোট।		
		মাহাল খাস। পং চাকা দক্ষিণ।	এঃ রুঃ পঃ					
৭৮২	২৫৮৭	নং ৩ নৃপরাম কর ...	০।০।২২	০	০	০	১৸৪	
		মহাল ঐ। পরগনে বেমুড়া।						
৭৮৪	৫৩৮২	নং গোলাবরাম দেব, ও ভোলানাথ দেব, ও রামমোহন দেব, ও রামপ্রসাদ দেব ও দুর্গাচরণ দেব ও চান্দরাম দেব ও জগমোহন দেব।	০।২।৫	০	০	০	৮৸৶৪	

রুবকারী ২০ জানুআরি ১৮৭১ ইংরেজি মোতাবিক সন ১২৭৭ বাং মাহে ৮ মাঘ।

(F)

F. W. V. Peterson,
Dy. Collr. in Charge.

জিলা ত্রিপুরা।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জিলে ত্রিপুরা এই যে,

ইস্তাহারার সংবাদ দেওয়া যাইতেছে যে অত্র জিলার মধ্যবর্ত্তি নিম্নের ইষ্টেটমেণ্টের লিখিত খাস মহালের গবর্ণমেণ্টের মালিকি স্বত্ব ইংরেজি ১৮৭১ সনের ২৮ ফেব্রুআরি মোতাবেক সন ১২৭৭ সনের ১৭ ফালগুণ রোজ মঙ্গলবার অত্র জিলার কালেক্টরী কাছারিতে বিক্রয় হইবেক।

২। এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করেন তাঁহারা এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটর সাহেবের সাক্ষরিত বিক্রয়ের নিলামের অধীন থাকিবেন।

৩। সরকার জমিদারস্বরূপ গ্রামের চৌকীদারের যে খরচ এপর্য্যন্ত দিয়াছেন তাহা ভবিষ্যতে ইহার লিখিত মহালের সদর জমার অতিরিক্ত খরিদারান আদায় করিবেক ইতি সন ১৮৭০ ইং তারিখ ৩ ডিসেম্বর।

রাজকীয় মহালের কৈফিয়তের নম্বর	জিলার বহীর নম্বর	মহাল ও পরগণার নাম	ন্যূনাধিক মত একর পরিমাণ	সদর জমা			নীলামের প্রথম ডাক	মন্তব্য কথা।
				ধার্য্য করা রাজস্ব	রাস্তার টাক্স	মোট		
১৮১৬ ৫৯ইং	৪৩২	পরগণে দক্ষিণ সাহাপুর ধষা গোদা চর ১৯৭ নং ১৮১৯ সালের ২ কানুনের ডিক্রী	১০।০।১৮	২০৲	৶০	২০৶০	৪০৲	

(Sd.) R. F. Rampini,
Deputy Collector.

(F)

জিলা মালদহ।

কাছারী কালেকুটরী জিলা মালদহ।

এতদ্দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে মালদহের জেলার অন্তর্গত নিম্নলিখিত খাস মহালের গবর্ণমেণ্টের মালিকী স্বত্ব ১৮৭১ সালের ২৮ ফেব্রুআরি মোতাবেক সন ১২৭৭ সালের ১৭ ফালগুণ রোজ মঙ্গলবার এই জেলার কালেকুটরির কাছারিতে দিবা দুই প্রহরের সময়ে নীলাম হইবে।

এই মহাল যে ব্যক্তি ক্রয় করিবেন তিনি এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডে সেক্রেটরী সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীন থাকিবেন ইতি সন ১৮৭১ ইংরেজী ৪ জানুআরি মোতাবেক ১২৭৭ সন তাং ২১ পৌষ।

লা ইন্দর নম্বর।	রাজকীয় মহালের নম্বর।	জিলার তৌজির নম্বর।	পরগনা ও মহালের নাম	জমির ন্যূনাধিক পরিমাণ।	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	কৈফিয়ৎ।
					অবধারিত রাজস্ব।	রোডসেস।	মোট।		
১ নং	১১ নং	১০৭নং	পরগনে গঙ্গাপথ এসলামপুর জলকর গঙ্গাপথ উত্তরাংশ ইস্তক পৌতি মাগাএর রাজমহালে যাওয়ার সড়কের উত্তর গবর্ণমেণ্টের যে স্বত্ব আছ।	জলকর	৩৮৭০৲	৩৮॥০	৩৯০৮৸০	৫০০০৲	নীলাম খরিদদার ১৮৭০ সালের ১ আশ্বিনে জলকর ও তাহার মবকটা ১ জুম দখল পাইবেক ইতি।

(F)

N. S. Alexander,
Offg. Collector.

জিলা ঢাকা।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা ঢাকা।

ইহাদ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে ঢাকা জিলার মধ্যবর্ত্তি পশ্চাৎ লিখিত মহালাতের গবর্ণমেণ্টের মালিকি স্বত্ব ১৮৭১ সালের ১৫ মার্চ মোঃ১২৭৭ সালের ২ চৈত্র জেলা ঢাকার কালেক্টরি কাছারিতে নিলাম হইবেক এই নিলাম যে ব্যক্তিরা ক্রয় করেন তাহারা ক্রোড়পত্রের শিরোভাগের লিখিত নিয়মের অধীনে থাকিবেন ইতি সন ১৮৭০ ইং তারিখ ২৮ ডিসেম্বর মোঃ ১২৭৭ বাং ১৪ পৌষ।

ইষ্টেটমেণ্টের নম্বর	জেলার তৌজির নম্বর	পরগণা ও মহালের নাম	জমির পরিমাণ আন্দাজিক	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
				ধার্য্য হওয়া সদর জমা	রোডসেস	মোট।		
			এ, রু, পো,					
১২৫	৮৫২৭	তপে বলরামপুর তাং কুলমণ্ড দাস	৩।১।১০	২৲	/০	২/০	৫৲	এই নীলাম ১৮৭১ সনের ১ আপ্রিল অবধি আমলে আসিবেক।
৯৬৫	৭৮৯০	জাগির বেলদার মুং উমাকান্ত বাঁড়ুয্যা	১।৩।৩৭	৩৲	/০	৩/০	৬৲	তথা
১৫৯৭	৯৬৩৩	পং রাজনগর কাওলা পিতাম্বর সেন মৈন্যে জোং বোরকাটী জিং রাবিলোচন মুখটি	১২।১।২৬	২৫৲	।০	২৫।০	৫০৲	তথা
১৬০৯	৯৬৯১	পং গুনানন্দী তালুক বাঁসিরাম সম্মার সিকস্তি পয়স্তিচর	৭১৩।৩।৩৬	১৩৫৲	১।৶০	১৩৬।৶	২৭০৲	তথা

D. R. LYALL,

Offg. Collector.

(F)

জিলা ময়মনসিংহ।

ইস্তাহার নামা কাছারি কালেক্টরি জিলা ময়মনসিংহ।

ইহারদ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে অত্র জিলার মধ্যবর্ত্তি নিম্নলিখিত খাসমহালতের গবর্ণমেণ্টের মালিকি স্বত্ব ইংরেজী ১৮৭১ সালের ২২ মার্চ মোতাবেক ১২৭৭ সনের ৯ চৈত্র বুধবার অত্র জিলার কালেক্টরি কাছারিতে বিক্রয় হইবেক।

এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করিবেন তাঁহারা ক্রোড়পত্রের শিরোভাগের লিখিত নিয়মের অধীন থাকিবেন ইতি সন ১৮৭১ সাল। ২৭ জানুআরি।

ষ্টেটমেণ্টের নম্বর।	তৌজির নম্বর।	নাম মহাল ও পরগণা।	একর হিসাবে ভুমির আন্দাজিক পরিমাণ।	ধার্য্য হওয়া রাজস্ব।	রোড শেস।	মোট।	নীলামের প্রথম ডাক।	কৈফীয়ত।
১২১	৬৬০	তালুক মহাদেব সেন পরগণে বড় বাজু।	৩	৩৲	/০	৩/	৬৲	সন ১২৭৬ সালের ৩০ চৈত্র মিয়াদ গত হইয়াছে।
১২২	৭২১	তালুক রাম রাম সেন পরগণে তথা।	২	২৲	/০	২/	৪৲	
১২৭	৪৩৬	তালুক রাম কেশব রাম প্রসাদ পং তথা।	১০	১১৲	৶০	১১৶	২২৲	

R. H. PAWSEY,

Offg. Collector.

(F)

বাকরগঞ্জ।

ইশ্‌তাহারনামা কাছারি কালেক্‌টারি জেলা বাকরগঞ্জ।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে বাকরগঞ্জ জেলার মধ্যবর্ত্তী পশ্চাৎ লিখিত মহাল গবর্ণমেন্টের মালিকি স্বত্ব ইংরেজি সন ১৮৭১ সালে মার্চ মাহা ২৭ তারিখে মোতাবেক ১২৭৭ সালের চৈত্র মাহার ১৪ তারিখে রোজ সোমবার জেলা বাকরগঞ্জের কালেক্‌টরি কাছারিতে বিক্রীয় হইবেক ইতি। ১৮৭১ সাল ২১ জানুআরি।

এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করেন তাহারা ক্রোড়পত্রের শিরোভাগে লিখিত নিয়মের অধীন থাকিবেন ইতি।

রাজস্বের মহালের টৌজির নম্বর	তৌজির রুবির নম্বর	মহলের ও পরগণার নাম	পরিমাণ সুমারিক মত একর	সদর জমা		মোট	নীলামের প্রথম ডাক	কৈফিয়ৎ।
			এঃ রুঃ পোঃ	সদর জমা	রাস্তার ট্যাক্স			
১৭৯ ৩৯৮	৪৬৮৮ ১৪০৬ ৫৬	জফিরা চর জাফাপুর ... পরগণে বুজুর্গ ওমেদপুরের অন্তঃপাতি কিসমত মালপাশা	৩৯৯৪ ০ ০	৪৯৫০	৫০	৫০০০	৯৯০০	সন ১৮৭৮ সালের প্রথম বৈশাখ হইতে খরিদদারের স্বত্ব হইবেক।
		কুসঙ্গল সদর হাবলা মন্দরাম দাস ...	২ ০ ০	...	...	...	১০৲	সন ১২৭৮ সালের বৈশাখ মাহাহইতে খরিদারের সত্ত হইবেক ও সর্ব্ব উচ্চ ডাকে নিকরে নীলাম হইবেক।
৪১৩	১৪০৬ ১১৪	পরগণে ঐ কিসমত কুসঙ্গল দেবিপ্রসাদ সেন ...	১৫ ০ ০	২	৬	২৬	...	সন ১২৭৮ সালের বৈশাখ মাহাহইতে খরিদারের স্বত্ব হইবেক ও সর্ব্বউচ্চ ডাকনীয়ার নিকট বিক্রয় হইবেক।
৫০২	১৪০৬ ৩৬	পরগণে ঐ শোষাখালির মমক তালুক ...	১২ ০ ০	৮	⁄৬	৮ ৬	...	ঐ ঐ

H. BEVERIDGE,
Offg. Collector.

(F)

জিলা মালদহ।

কাছারি কালেক্‌টরি জিলা মালদহ।

এতদ্দারা সংবাদ দেওয়া যাইতেছে যে মালদহের জিলার অন্তর্গত নিম্নলিখিত খাস মহাল গবর্ণমেন্টের মালিকী স্বত্ব ১৮৭১ সালের ২৫ মার্চ মোতাবক ১২ চৈত্র রোজ শনিবার এহ জিলার কালেক্‌টরি কাছারিতে দিবা দুই প্রহরের সময় নীলাম হইবে।

এই মহাল যে ব্যক্তি ক্রয় করিবেন তিনি এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটরি সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীন থাকিবেন ইতি সন ১৮৭১ ইং তারিখ ৫ ফেব্রুআরি মোতাবেক সন ১২৭৭ সাল তারিখ ২৫ মাঘ।

রাজস্বীয় মহালের টৌজির (কিস্তের) নম্বর।	জিলার টৌজীর নম্বর।	মহালের এবং পরগনার নাম।	ভূমির সুমারিক পরিমাণ মত একর।	সদর জমা			নীলামের প্রথম ডাকের মূল্য	বক্তব্য।
				সদর জমা	রাস্তা চাঁদা	সর্ব্ব সুদ্ধ		
			এঃ রুঃ পোঃ					
৫২ নং	৫৪১ নং	দিয়াড়া বমাউবোনা কাকড়ি বাধা পঃ কাকজোল ..	৭৭১৫।০।১৮	৩৬৬৭৲	৩৭৲	৩৭০৪৲	৭৩১৪৲	খরিদার ১৮৭১ সালের ১ আপ্রিলহইতে দখল পাইবেক ইতি।
৫৩ নং	৫৪২ নং	দিয়াড়া ডিহি কামলদ্দিনপুর পরগনে কাকজোল ...	৫৩০।১।১	২৮২৲	৩৲	২৮৫	৫৬৪।	ঐ
৫৪ নং	৫৪৩ নং	বিরোধি ভূমি ১০০০ হাজার বিঘা মোতালকে দিয়াড় ঝাউবোনা কাকড়ি বাধা ও জয়রামপুর পরগনে কাকজোল	৩৪৩।১।১২	৮১৲	১৲	৮২৲	১৬২৲	ঐ

N. S. ALEXANDER,
Offg. Collector.

(F)

জিলা ভাগলপুর।

ইস্তাহারনামা কচারি কালেক্টরি জিলা ভাগলপুর।

ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে অত্র জিলার মধ্যবর্ত্তী নিম্নলিখিত খাস মহালাতের গবর্ণমেণ্টের মালিকী স্বত্ব ইঙ্গরেজী ১৮৭১ সালের ২২ মার্চ মোতাবেক সন ১২৭৭ সালের ৯ চৈত্র বুধবার অত্র জিলার কালেক্টরি কাছারিতে বিক্রয় হইবেক।

এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করিবেন তিনি এই ক্রোড়পত্রের শিরোভাগে রিবিনিউ বোর্ডের সেক্রেটারী সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীন থাকিবেন ইতি।

ইস্তাহারের নম্বর।	তৌজি নম্বর।	নাম মহাল ও পরগনা।	রকবের জমির পরিমাণ।	খাজানা জমা।	রোড সেস।	মোট।	নীলামের ডাক।	কৈফিয়ৎ।
			একঃরুঃপোঃ					
৪	২৭৭৯	ভটৌনি গাজি কেত্তাআনা কশিরাবাদ পরগনে কাহলগাঁ	৮৩।০ ০	২৮৲	।/০	২৮।/০	৫৬৲	
৬৫	৮৮	উধুয়ানালার ভূমি মৌজা নিমগাছি	৬২৫ ০ ০	২৮৮৲	৩৲	২৯১৲	৫৭২৲	
৭০	৪১২৬	তৌফির জাগির নাম সিং সুবেদার থানা সাহিবাবাদ পরগনে ভাগলপুর	৩৫ ০ ০	৩৪৲	।৵০	৩৪৵০	৬৮৲	
২১	২৭৬৪	জাগির সালম সিং উজিরে ছোটি সিং প্রগরুরও থানা ভাগলপুর	২৬ ০।০	১৫৫৲	১॥/০	১৫৬॥/০	৩১০৲	
১২	৩৬৭	ঐ লুকা বিজোরি পরগনে ঐ	২৫১।০ ০	১৩৫৲	১।৵০	১৩৬৵০	২৭০৲	
২৫	২৮৩৯	জাগির কোর্পুর খাঁ হাবিলদার থানা আকাহা পরগনে ঐ	১৫।০।০	৪৲	/০	৪/০	৮৲	
১৯৮	২৮৪১	জাগির রুস্তম সিং সেপাহি থানা আকাহা পরগনে ঐ	১২।০।০	১৪৲	৵০	১৪৵০	২৮৲	
১৯৯	২৮৪২	জাগির জেদাগেন উল্লা সুবেদার থানা আকাহা পরগনে ঐ	৬৩।০ ০	৫৯৲	॥/০	৫৯॥/০	১১৮৲	
২০০	২৮৪৩	জাগির মোমসাদাম হাবিলদার থানা আকাহা পরগনে ঐ	১৮।০।০	২১৲	৶০	২১৶০	৪২৲	
২০১	২৮৪৪	জাগির মহম্মদ তেওরি হাবিলদার থানা আকাহা পরগনে ঐ	১৮।০।০	১০৲	৵০	১০৵০	২০৲	
২০২	২৮৪৫	জাগির মহম্মদ রফি হাবিলদার থানা ঐ পরগনে ঐ	১৭।০।০	১০৲	৵০	১০৵০	২০৲	
৬০	২৮৫১	জেমাদার লাইন ও পানিবাড়ি থানা বিজোরি পরগনে ঐ	১১।০।০	১৪৲	।০	১৪।০	২৮৲	
৬১	২৮৫৭	আমানত ভূমি থানা ঐ পরগনে ঐ	২৯।০।০	১৫৲	।০	১৫।০	৩০৲	
১৯২	২৬২৬	লাওয়ারিস ভূমি জাগির মহম্মদ হোসেন ও লসকর থানা কামপুর পরগনে কাহলগাঁ	২৬ ০ ০	৪৯৲	॥০	৪৯॥০	৯৮৲	
৫৫	২৩৬৩	ঐ ভূমি মহম্মদ সফি লসকর থানা উধুয়া নালা পরগনে কাকজোল	৪।০।০	৫৲	/০	৫/০	১০৲	
৫৬	১৪৭	ঐ ঐ ঐ	৮ ০ ০	১২৲	৵০	১২৵০	২৪৲	
৫৭	১৭৯৬	জাগির হনিফ জমাদার থানা কাহলগাঁ	৭ ০।০	২২৲	।০	২২।০	৪৪৲	
৫৮	৪০৩২	ঐ ঐ ঐ	২২।০।০	৭২৲	৸০	৭২৸০	১৪৪৲	
৬১	১২৯	ভূমি যাহা মধুবেয়ার দখলে আছে থানা উধুয়ানালা পরগনে কাকজোল	১৭ ০।০	২২৲	০	২২।০	৪৪৲	

J. W. DALRYMPLE,
Commissioner.

(F)

বাঙ্গাল সেক্রেটারিয়েট যন্ত্রালয়ে শ্রীযুত এডউইন মাইস লুইস সাহেবকর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY MARCH 7. 1871.

মঙ্গলবার ১৮৭১ সাল ৭ মার্চ।

Government of Bengal.

LEGISLATIVE DEPARTMENT.

The following Bill was read in the Council of the Lieutenant-Governor of Bengal, for the purpose of making Laws and Regulations on the 18th February 1871 and was referred to a Select Committee with instructions to report within six weeks:—

A Bill for the construction of a Bridge across the river Hooghly between Howrah and Calcutta.

Preamble.

WHEREAS it is expedient that a bridge should be constructed across the river Hooghly between Howrah and Calcutta; It is enacted as follows:—

Interpretation.

I. The following words and expressions shall have the meanings hereby assigned to them, unless where a contrary intention shall appear from the context:—

"Commissioners."

The word "Commissioners" shall mean the Howrah Bridge Commissioners for whose incorporation power is hereinafter given.

"Magistrate."

"Magistrate" includes a Justice of the Peace for Calcutta and any person exercising all or any of the powers of a Magistrate.

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

আইনের এই পাণ্ডুলিপি ১৮৭১ সালের ফেব্রুআরি মাসের ১৮ তারিখে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ মন্ত্রিসভায় পঠিত হইল এবং মনোনীত কমিটীর প্রতি অর্পিত হইয়া ছয় সপ্তাহের মধ্যে তদ্বিষয়ের রিপোর্ট করিবার আজ্ঞা হইয়াছে।

হাবড়া ও কলিকাতার মধ্য হুগলী নদীর উপর সেতু নির্ম্মাণ করিবার নিমিত্ত আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

হাবড়া ও কলিকাতার মধ্য হুগলী নদীর উপর সেতু নির্ম্মাণ করা বিহিত, এই হেতুক নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

অর্থকরণের ধারা।

১ ধারা। এই ধারায় নিম্নলিখিত কথার ও শব্দের যে অর্থ নিরূপণ হইয়াছে, পূর্ব্বাপর কথায় ভাবান্তর প্রকাশ না হইলে সেই কথার ও শব্দের সেই অর্থ ধরিতে হইবে।

কমিশ্যনর।

পশ্চাৎ লিখিত ধারায় হাবড়ার সেতুর নিমিত্ত যে কমিশ্যনরদিগের সমাবায়িত হইবার বিধান করা গেল, কমিশ্যনর শব্দে সেই কমিশ্যনরদিগকে বুঝাইবে।

মাজিষ্ট্রেট।

মাজিষ্ট্রেট শব্দে কলিকাতার শান্তিরক্ষার্থ জষ্টিস এবং যে ব্যক্তি মাজিষ্ট্রেটের সকল কি অন্যতর ক্ষমতামতে কার্য্য করেন তিনিও গণ্য ইতি।

II. It shall be lawful for the Lieutenant-Governor of Bengal to cause a bridge to be constructed across the river Hooghly, between Calcutta and Howrah, at such place at or near Armenian Ghât as he may select, and to construct such ways and approaches to such bridge as he shall deem necessary.

Power to make a bridge.

III. The said Lieutenant-Governor shall form a scale of tolls, fees, and charges for the use of the said bridge, and for goods conveyed on the railway of the East Indian Railway Company into their station at Howrah, and may from time to time vary such scale; and such tolls, fees, and charges shall be leviable in respect of the several matters mentioned in the first schedule hereto: Provided always that such tolls, fees, and charges shall not exceed the respective rates mentioned in the said schedule.

Power to charge tolls.

IV. It shall be lawful for the Lieutenant-Governor of Bengal from time to time to make bye-laws for the guidance of persons employed by him under this Act; for the safe and convenient use of the bridge to be constructed under the provisions of this Act, and approaches thereto; for the passage of ships, boats, and vessels through the said bridge; for the mode of payment of the tolls, fees, and charges leviable under this Act; or otherwise for carrying out the purposes of this Act; and from time to time to vary, alter, or revoke any such bye-law so made by him.

Lieutenant-Governor may make bye-laws.

V. No penalty for any one infringement of a bye-law shall exceed one hundred Rupees, nor in case of a continuing infringement shall any penalty exceed fifty Rupees per diem, for every day after notice of such infringement shall have been given by or on behalf of the said Lieutenant-Governor to the person guilty of such infringement.

Penalty for infringement of bye-law.

VI. The Lieutenant-Governor of Bengal shall cause the said bye-laws, and the tables of tolls, fees, and charges leviable, to be printed in the English and Bengalee languages and characters, and to be hung up and kept hung up at the approaches to the said bridge.

Bye-laws and tables of tolls to be exhibited.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭১। ৭ মার্চ।]

২ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব আরমানি ঘাট কিম্বা তাহার নিকট যে স্থান মনোনীত করেন সেই স্থানহইতে কলিকাতার ও হাবড়ার মধ্যে হুগলী নদীর উপর সেতু নির্ম্মাণ করাইতে পারিবেন। ও সেই সেতুতে পঁহুছিবার যে পথ ও গমনীয় স্থান আবশ্যক জ্ঞান করেন প্রস্তুত করাইতে পারিবেন ইতি।

সেতু করিবার ক্ষমতার কথা।

৩ ধারা। উক্ত সেতুর ব্যবহারের নিমিত্ত এবং ইষ্ট ইণ্ডিয়া রেলওয়ে কোম্পানির রেলপথ দিয়া যে মাল চালান করা যাইবে তাহা তাঁহারদের হাবড়ার ষ্টেশনে পঁহুছাইবার নিমিত্ত ঐ কোম্পানির যত মাসুল ও ফী ও খরচ লাগিবে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ইহার এক ফর্দ্দ প্রস্তুত করাইবেন ও সময়ে২ তাহা পরিবর্ত্তন করিতে পারিবেন। এই আইনের প্রথম তফসীলে যে২ বিষয়ের উল্লেখ হইয়াছে সেই২ বিষয়ের উপর সেই মাসুল ও ফী ও খরচ আদায় হইবে। কিন্তু ঐ তফসীলে যে দ্রব্যের উপর যত পয়সা নিরূপণ হইল মাসুল ও ফী ও খরচ বলিয়া তাহার অধিক লওয়া যাইতে পারিবে না ইতি।

মাসুল লইবার ক্ষমতার কথা।

৪ ধারা। যে ব্যক্তিরা এই আইনমতে কর্ম্ম করিবেন বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সময়ে২ তাঁহারদের কার্য্য পদ্ধতি দর্শাইবার নিমিত্ত এবং এই আইনের বিধানমতে যে সেতু করা যায় তাহার উপর ও সেতুতে পঁহুছিবার যে পথ করা যায় সেই পথে নিরাপদে ও সুবিধামতে যাইবার নিমিত্ত ও সেই সেতুর মধ্য দিয়া জাহাজের ও নৌকাদির যাইবার নিমিত্ত, এবং এই আইনমতে যে মাসুল ও ফী ও খরচ আদায় হইতে পারিবে তাহা আদায় করিবার, এবং এই আইনের কার্য্য সফল করিবার জন্যে অন্যান্য বিষয়ের উপবিধি করিতে পারিবেন। ও আপনার কৃত সেই উপবিধি সময়ে২ মতান্তর বা পরিবর্ত্তন বা রহিত করিতে পারিবেন ইতি।

লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের উপবিধি করিবার কথা।

৫ ধারা। কোন উপবিধি একবার লঙ্ঘন হইলে তাহার এক শত টাকার অধিক দণ্ড হইবে না। কোন ব্যক্তি নিয়ত লঙ্ঘন করিতে থাকিলে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের দ্বারা কিম্বা তাঁহার পক্ষে অন্য ব্যক্তির দ্বারা সেই লঙ্ঘন দোষের নোটিস দেওয়া গেলে পর ঐ ব্যক্তি যত দিন তাহা লঙ্ঘন করে দিন প্রতি তাঁহার পঞ্চাশ টাকার অধিক দণ্ড হইতে পারিবে না ইতি।

উপবিধি লঙ্ঘন করিবার দণ্ডের কথা।

৬ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব উক্ত উপবিধি এবং যত মাসুল ও ফী ও খরচ আদায় হইতে পারিবে তাহার ফর্দ্দ ইংরেজী ও বাঙ্গলা ভাষায় ও অক্ষরে ছাপাইয়া ঐ সেতুতে যাইবার পথে লটকাইবেন ও লটকাইয়া রাখিবেন ইতি।

উপবিধি ও মাসুলের ফর্দ্দ লটকাইয়া রাখিবার কথা।

VII. It shall be lawful for the said Lieutenant-Governor to make such arrangement or agreement with the East Indian Railway Company for the collection of tolls, fees, and charges by the said Company in respect of passengers, animals, carriages, and goods crossing the said bridge between the stations of the said Company respectively situate at Howrah and Calcutta, or brought into the said station at Howrah, as to the said Company and the Lieutenant-Governor of Bengal shall seem fit, and the said Company shall for the levy of such tolls, fees, and charges have all such and the same powers as in and by this Act are conferred on the Lieutenant-Governor of Bengal.

Power to collect tolls through East Indian Railway Company.

VIII. It shall be lawful for the said Lieutenant-Governor to advance for the construction of the said bridge and approaches thereto such sums out of the public funds as from time to time may be in that behalf sanctioned by the Governor General of India in Council.

Power to apply public funds in construction of bridge.

IX. The said Lieutenant-Governor shall cause separate accounts to be kept of all expenditure in or about the construction or maintenance of the said bridge, or the collection of such tolls, fees, or charges, or otherwise in relation to the said bridge, and also of the income derived from such tolls, fees, and charges, and shall from time to time apply the balance which shall remain of such income, after defraying thereout the current expenses incurred in relation to such bridge, in repaying to the Secretary of State for India in Council all sums which shall have been advanced from the public funds for the construction or maintenance of the said bridge, with interest thereon at the rate of four and a half per cent. per annum from the date when such sums shall respectively have been advanced.

Lieutenant-Governor to keep separate accounts of bridge.

X. It shall be lawful for the said Lieutenant-Governor of Bengal at any time after the commencement of this Act, if he think fit, by order published in the *Calcutta Gazette*, to nominate and appoint nine persons to be Howrah Bridge Commissioners, and by the same or any other order published in like manner to nominate one of such persons to be Chairman and another of such persons to be Vice-Chairman.

Power to nominate Commissioners.

[*Government Gazette, 7th March* 1871.]

৭ ধারা। হাবড়ায় ও কলিকাতায় ইষ্টইণ্ডিয়া রেলওয়ের যেং ষ্টেশন আছে তাহার এক ষ্টেশনহইতে যে পথিকেরা ঐ সেতু দিয়া অন্য ষ্টেশনে পার হয় কিম্বা যে পশ্বাদি ও গাড়ি ও মাল পার করা যায় কিম্বা যে মাল প্রভৃতি ঐ হাবড়া ষ্টেশনে আনা যায়, তাহার উপর ঐ কোম্পানির দ্বারা যে মাসুল ও ফী ও খরচা আদায় করা যাইবে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের ও উক্ত কোম্পানির বিবেচনায় তদ্বিষয়ের যে করার ও নিয়ম উপযুক্ত বোধ হয়, উক্ত শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ঐ কোম্পানির সঙ্গে সেই মাসুল আদায় করিবার সেই নিয়ম ও করার করিবেন। এবং এই আইনে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রতি যেং ক্ষমতা অর্পিত হইয়াছে ঐ মাসুল ও ফী ও খরচা আদায় করিবার জন্যে ঐ কোম্পানির প্রতি সেই ক্ষমতা প্রদান করা যাইবে ইতি।

ইষ্ট ইণ্ডিয়া রেলওয়ে কোম্পানির দ্বারা মাসুল আদায় করিবার ক্ষমতার কথা।

৮ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সেতু নির্ম্মাণ ও সেতুতে পঁহুছিবার পথ প্রস্তুত করিবার নিমিত্ত সময়েং রাজকোষহইতে যত টাকা ব্যয় করিতে অনুমতি দেন, উক্ত শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ঐ কার্য্যের নিমিত্তে সেই টাকা অগ্রিম দিবেন ইতি।

সেতুপ্রস্তুত করিবার নিমিত্ত রাজকীয় ধন ব্যয় করিবার কথা।

৯ ধারা। উক্ত সেতুর নির্ম্মাণ ও রক্ষা করণ ও সেতু সম্পর্কীয় উক্ত মাসুল ও ফী ও খরচা আদায় করণ প্রভৃতি কার্য্যে যত টাকা খরচ হয় এবং ঐ মাসুল ও ফী ও খরচা আদায় করণ দ্বারা যত টাকা আয় হয় শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ইহার স্বতন্ত্র হিসাব রাখিবার নিয়ম করিবেন। সেই আয়হইতে সেতুসংক্রান্ত চলিত খরচ দেওয়া গেলে পর যাহা অবশিষ্ট থাকে ঐ সেতুর নির্ম্মাণ ও রক্ষা করণের জন্যে রাজকোষহইতে যে টাকা অগ্রিম দেওয়া গেল সেই টাকা ও তাহা পাইবার সময়াবধি তাহার উপর বৎসর শতকরা সাড়েচারি টাকার হিসাবে সুদের পরিশোধে ঐ অবশিষ্ট টাকা ভারতবর্ষের পক্ষ মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবকে দেওয়া যাইবে ইতি

সেতুর স্বতন্ত্র হিসাব রাখিবার কথা।

১০ ধারা। বঙ্গদেশের উক্ত শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব এই আইন প্রচলিত হইবার পর কোন সময়ে বিহিত বোধ করিলে, কলিকাতা গেজেটে আজ্ঞা প্রকাশ করিয়া হাবড়ার সেতুর কমিশ্যনর নামে নয় জনকে মনোনীত ও নিযুক্ত করিতে পারিবেন এবং সেই আজ্ঞাপত্রে কিম্বা তদ্রূপে অন্য আজ্ঞাপত্র প্রকাশ করিয়া উক্ত ব্যক্তিদের মধ্যে এক জনকে সভাপতি ও আর এক জনকে প্রতিনিধিসভাপতি পদে মনোনীত করিবেন ইতি।

কমিশ্যনরদিগকে মনোনীত করিবার ক্ষমতার কথা।

Term of office under Act.

XI. Every person who shall be appointed to be a Chairman, Vice-Chairman, or Commissioner, shall, subject to the provisions hereinafter contained, continue to hold the office to which he shall be appointed for the term of two years, but may at the expiration of such term be re-appointed.

Appointment of successors.

XII. The Lieutenant-Governor of Bengal, after any person appointed to be a Chairman, Vice-Chairman, or Commissioner under this Act, shall have died or ceased to be such Chairman, Vice-Chairman, or Commissioner, may, by an order published in the *Calcutta Gazette*, appoint some other person to be a Chairman, Vice-Chairman, or Commissioner, as the case may be, in the place or stead of the person so dying or ceasing to be a Chairman, Vice-Chairman, or Commissioner.

Commissioners to be a corporation.

XIII. The Howrah Bridge Commissioners to be appointed as hereinbefore provided, and their successors, shall be and they are hereby created a corporation under the name and style of "Howrah Bridge Commissioners," and they shall have a common seal.

Commissioners to have powers and duties of the Lieutenant-Governor.

XIV. When and so soon as the Commissioners shall be so appointed, the Commissioners, subject however to the provisions hereinafter in that behalf contained, shall and may have and exercise all the powers and authorities, and shall perform all the duties in and by Sections II. to VII., of this Act or any of them, or by Section IX., conferred or imposed on the said Lieutenant-Governor.

Property to vest in the Commissioners.

XV. Immediately upon the appointment of such Commissioners all property procured for the construction of the said bridge and the approaches thereof, and the said bridge and approaches, and the tolls, fees, and charges thereof, and right to enforce all contracts respecting the same, shall become vested in the Commissioners.

Sums to be due from the Commissioners.

XVI. Immediately on the appointment of the Commissioners there shall be taken to be due from them to the Secretary of State for India in Council the sums which, by the accounts hereinbefore directed to be kept, shall appear to be due in respect of the said bridge.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭১। ৭ মার্চ।]

এই আইনমতে যত কাল পদে থাকিবেন তাহার কথা।

১১ ধারা। কোন ব্যক্তি সভাপতি কি প্রতিনিধি সভাপতি কিম্বা কমিশ্যনরের পদে নিযুক্ত হইলে, পশ্চাৎলিখিত বিধানের বশে দুই বৎসর সেই পদ ধারণ করিবেন। কিন্তু ঐ দুই বৎসর গত হইলে পর তিনি পুনশ্চ নিযুক্ত হইতে পারিবেন ইতি।

উত্তরপদধারিদের নিয়োগের কথা।

১২ ধারা। কোন ব্যক্তি এই আইনমতে সভাপতির কি প্রতিনিধি সভাপতির কি কমিশ্যনরের পদে নিযুক্ত হওনানন্তর মরিলে, কিম্বা ঐ সভাপতির কি প্রতিনিধি সভাপতির কি কমিশ্যনরের কর্ম্মে নিবৃত্ত হইলে, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে আজ্ঞাপত্র প্রকাশ করিয়া সেই মৃতব্যক্তির কিম্বা সভাপতির কি প্রতিনিধি সভাপতির কিম্বা কমিশ্যনরের কর্ম্মে নিবৃত্ত সেই ব্যক্তির পরিবর্ত্তে অন্য ব্যক্তিকে সেই সভাপতির কি প্রতিনিধি সভাপতির কি কমিশ্যনরের পদে নিযুক্ত করিবেন ইতি।

কমিশ্যনরদের সমবায়িত সমাজ হইবার কথা।

১৩ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে হাবড়ার সেতুর যে কমিশ্যনরেরা নিযুক্ত হন তাঁহারা হাবড়ার ব্রিজ কমিশ্যনর নামে সমবায়িত সমাজ হইবেন ও এতদ্দ্বারা তাঁহারদিগকে সমবায়িত সমাজ করা গেল, ও তাঁহারদের সাধারণ মোহর থাকিবে ইতি।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শক্তি ও কর্ত্তব্যকর্ম্ম কমিশ্যনরদের প্রতি বর্ত্তিবার কথা।

১৪ ধারা। এই আইনের ২ অবধি ৭ পর্য্যন্ত সমস্ত কিম্বা অন্যতর ধারাক্রমে ও ৯ ধারাক্রমে উক্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি যে শক্তি ও ক্ষমতা প্রদত্ত হইয়াছে ও যে কর্ত্তব্য কর্ম্ম অর্পিত হইয়াছে, কমিশ্যনরেরা উক্ত প্রকারে নিযুক্ত হইলেই তাঁহারদের প্রতি সেই শক্তি ও ক্ষমতা ও সেই কর্ত্তব্য কর্ম্ম বর্ত্তিবে, কিন্তু পশ্চাৎ সেই বিষয়ের যে বিধান প্রণয়ন করা যাইতেছে তাহা প্রবল থাকিবে ইতি।

কমিশ্যনরদের প্রতি সম্পত্তি বর্ত্তিবার কথা।

১৫ ধারা। ঐ কমিশ্যনরেরা নিযুক্ত হইলেই উক্ত সেতু, ও সেতুতে পঁহুছিবার পথ প্রস্তুত করিবার জন্যে যত দ্রব্যের আয়োজন হয় তাহা ও সেই সেতু ও তাহাতে পঁহুছিবার পথ ও তাহার উপর মাসুল ও ফী ও খরচা ও তদ্বিষয়ের সকল চুক্তি প্রবল করিবার অধিকার, এই সকল ঐ কমিশ্যনরদের প্রতি বর্ত্তিবে ইতি।

কমিশ্যনরদের স্থানে যে টাকা প্রাপ্য হইবে তাহার কথা।

১৬ ধারা। পূর্ব্বলিখিত ধারায় যে হিসাব রাখিবার আদেশ হইয়াছে সেই হিসাবমতে উক্ত সেতু সম্পর্কে যত টাকা দেনা বলিয়া দৃষ্ট হয়, কমিশ্যনরেরা নিযুক্ত হইলেই মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের নিকট তাঁহারদের সেই টাকা দেনা বলিয়া জ্ঞান হইবে ইতি।

XVII. All property vested in, or acquired by, the Commissioners under or by virtue of this Act, and all monies raised by or payable to them under or by virtue of this Act, shall be held in trust and be applied in the first place for the payment of all sums which from time to time shall be due and payable to the Secretary of State for India in Council for monies advanced or applied, or to be advanced or applied by or on behalf of the said Secretary of State for India in Council for the construction of a bridge across the river Hooghly between Howrah and Calcutta, or otherwise under the provisions of this Act, and subject thereto upon trust for the purposes of this Act, and not otherwise.

Property of Commissioners to be applied for purposes of this Act.

XVIII. Every sum which may become due from the Commissioners to the said Secretary of State shall be by them re-paid to him in thirty equal annual instalments, the first of such instalments to be paid on the 1st day of April, which shall be next after the completion of twenty-four calendar months from the day on which such sum shall become due, and the other instalments to be paid respectively on the 1st day of April in every year, computing from the day fixed from the payment of the first of such instalments.

Repayment of principal sums due.

XIX. Interest at the rate of four and a half per cent. per annum shall be paid by the Commissioners to the said Secretary of State upon all sums which for the time being may be due to him from them upon the 31st day of March and the 30th day of September in each year, the first of such payments of interest in respect of any sum which may become due or payable from the said Commissioners to the said Secretary of State to be calculated from the day on which such sum shall become due, and to be made on the 31st day of March or the 30th day of September, whichever may first happen next after such sum shall have become due.

Payment of interest.

XX. Notwithstanding the provisions of Section XVIII., it shall be lawful for the Commissioners, if they think fit, out of any monies which may come to their hands under the provisions of this Act, to re-pay to the said Secretary of State in Council any sum which for the time being may remain due to him under the provisions of this Act for principal, although the time fixed by the said section for the re-payment of the same shall not have arrived. Provided always that no

Power to re-pay before due date.

১৭ ধারা। এই আইনক্রমে কিম্বা তাহার বলে যত সম্পত্তি কমিশ্যনরদের প্রতি বর্ত্তে কিম্বা তাঁহারা যত সম্পত্তিপ্রাপ্ত হন, ও এই আইনক্রমে কিম্বা তাহার বলে যত টাকা তাঁহাদের দ্বারা তোলা যায় কিম্বা তাঁহারদের নিকট দেনা হয়, তাহা তাঁহারদের হাতে ন্যস্তস্বরূপ থাকিবে, হাবড়ার ও কলিকাতার মধ্যে হুগলী নদীর উপর সেতু নির্ম্মাণ করিবার নিমিত্ত কিম্বা এই আইনের বিধানমত অন্য কার্য্যের নিমিত্ত মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের পক্ষ শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের দ্বারা কিম্বা তাঁহার পক্ষে অন্যের দ্বারা যে টাকা অগ্রিম দেওয়া যায় বা প্রয়োগ হয় কিম্বা অগ্রিম দেওয়া যাইবে কি প্রয়োগ করা যাইবে, তদ্ধেতুক মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের যে সময়ে যে টাকা পাওনা থাকে পূর্ব্বোক্ত টাকাহইতে প্রথমে সেই দেনা শোধ করিতে হইবে। পরে এই আইনের কার্য্যে ন্যস্ত স্বরূপ প্রয়োগ হইবে প্রকারান্তরে নয় ইতি।

কমিশ্যনরদের সম্পত্তি এই আইনের কার্য্যে প্রয়োগ করিবার কথা।

১৮ ধারা। উক্ত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের নিকট কমিশ্যনরদের যত টাকা দেনা হয়, তাহা তাঁহারদের দ্বারা বার্ষিক ত্রিশ সমান কিস্তি করিয়া পরিশোধ করা যাইবে। ঐ ঋণ যে দিনে লওয়া যায় সেই দিনাবধি ইঙ্গলণ্ডীয় পঞ্জিকামত চব্বিশ মাস গত হইলে পর যে আপ্রিল মাস আইসে তাহার প্রথম দিনে প্রথম কিস্তি দিতে হইবে। এবং সেই প্রথম কিস্তি দিবার নিরূপিত দিন অবধি হিসাব করিয়া অন্য সকল কিস্তি বৎসরং আপ্রিল মাসের প্রথম দিনে দিতে হইবে ইতি।

মূল টাকা শোধ করিবার কথা।

১৯ ধারা। উক্ত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের নিকট কমিশ্যনরদের যে সময়ে যত টাকা দেনা হয়, তাহার উপর তাঁহারা বৎসরং মার্চ মাসের ৩১ তারিখে ও সেপ্টেম্বর মাসের ৩০ তারিখে শতকরা সাড়ে চারি টাকার হিসাবে সুদ দিবেন। উক্ত ষ্টেট সেক্রেটারী সাহেবের নিকট কমিশ্যনরের যে দিনে ঋণ গ্রহণ করেন সেই দিনাবধি সেই ঋণের উপর সুদ চলিবে ও তৎপশ্চাৎ মার্চ মাসের ৩১ দিন অথবা সেপ্টেম্বর মাসের ৩০ দিন ইহার মধ্যে যেটি প্রথম আইসে সেই দিনে ঐ সুদ প্রথম দেনা পড়িবে ইতি।

সুদ দিবার কথা।

২০ ধারা। এই আইনের বিধানমতে কমিশ্যনরদের হাতে যে টাকা আইসে, তাহাহইতে তাঁহারা এই আইনের বিধানমতে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের পাওনা মূল টাকা শোধ করিতে ইচ্ছুক হইলে, ১৮ ধারার বিধান সত্ত্বেও এবং উক্ত ধারামতে ঐ টাকা শোধ করিবার সময় উপস্থিত না হইলেও তাঁহারা তৎকালে আপনারদের দেনা টাকার কোন অংশ শোধ করিতে পারিবেন। কিন্তু ঋণশোধে পাঁচ সহস্র টাকার কিম্বা

দেনা হইবার তারিখের পূর্ব্বে শোধ করিবার ক্ষমতার কথা।

such re-payment shall be made of any sum less than five thousand Rupees, nor of any sum not being a multiple of five thousand Rupees, and from and after any such re-payment no further sum as interest shall be payable to the said Secretary of State in Council in respect of the sum which shall have been so re-paid.

পাঁচ সহস্রের গুনিতকের ন্যূন কখন দিতে পারিবেন না। ও ঋণের সেই অংশ শোধ হইবার দিনাবধি সেই অংশের উপর মন্ত্রিসভাধিষ্ঠিত উক্ত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের সুদ আর চলিবে না ইতি।

Application of surplus income.

XXI. Whenever the half-yearly accounts to be laid before the Lieutenant-Governor of Bengal under the provisions of this Act shall show a surplus for the half-year of income over expenditure, such surplus, or so much thereof as the said Lieutenant-Governor shall think fit, shall be applied by the Commissioners in paying off any part of the debt due by them to the said Secretary of State, or such surplus may, if the Lieutenant-Governor shall so direct, in whole or part be invested by the Commissioners in the purchase in their corporate name of Government securities, and the interest thereof may be accumulated and invested in like manner, with power to the Commissioners at any time to dispose of any such securities, and to apply the proceeds and interest thereof, with the sanction of the Lieutenant-Governor, in or towards any of the purposes of this Act.

উদ্বর্ত্ত আয় যদ্রূপে প্রয়োগ হইবে তাহার কথা।

২১ ধারা। এই আইনের বিধানমতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের সম্মুখে ছয়২ মাসের যে হিসাব অর্পণ করিতে হইবে তদ্দ্বারা সেই ছয় মাসের ব্যয়াপেক্ষা অধিক আয় প্রকাশ হইলে, কমিশ্যনরেরা উক্ত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের প্রাপ্য ঋণের একাংশ শোধ করণে সেই উদ্বর্ত্ত টাকা, কিম্বা উক্ত শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব তাহার যে অংশ বিহিত জ্ঞান করেন সেই অংশ প্রয়োগ করিবেন। কিম্বা শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব উচিত বোধ করিলে কমিশ্যনরেরা সেই উদ্বর্ত্ত টাকা কিম্বা তাহার একাংশ লইয়া আপনাদের সমাবায়িত নামে কোম্পানির কাগজ ক্রয় করিবেন। ও তাহার উপর সুদ জমা হইলে তাহাও লইয়া সেইরূপ কার্য্য করিতে পারিবেন। এবং কমিশ্যনরেরা শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অনুমতি লইয়া উক্ত কোন কাগজ বিক্রয় করিয়া তাহার উৎপন্ন টাকা ও সুদ এই আইনের অন্যতর কার্য্যে প্রয়োগ করিতে ক্ষমতাপন্ন হইবেন ইতি।

An estimate of income and expenditure to be submitted annually to the Commissioners.

XXII. The salaried Chairman or salaried Vice-Chairman shall at a special general meeting, to be held within two months after the Commissioners shall have been appointed, lay before the Commissioners a separate estimate of the expenditure and income of the Commissioners for the period which shall be to come from the commencement of this Act up to the 1st day of April then next ensuing; and shall also at a special general meeting, to be held in the month of February in each year, lay before the Commissioners a like estimate of such income and expenditure for the year commencing on the 1st day of April then next ensuing. Every such estimate shall be in such form as the Lieutenant-Governor of Bengal shall, by an order published in the *Calcutta Gazette*, direct. Provided always that such estimate shall be completed and printed, and a copy thereof sent by post or otherwise to each Commissioner, at least ten clear days prior to the meeting before which the estimate is to be laid.

আয়ব্যয়ের আনুমানিক হিসাব বৎসরং কমিশ্যনরদের সম্মুখে অর্পণ করিবার কথা।

২২ ধারা। কমিশ্যনরেরা নিযুক্ত হইলে বেতনভোগি সভাপতি কিম্বা বেতনভোগি প্রতিনিধি সভাপতি দুই মাসের মধ্যে সকল কমিশ্যনরের বিশেষ সভা করিয়া এই আইন প্রচলিত হইবার সময়াবধি তৎপশ্চাৎ আপ্রিল মাসের প্রথম দিবস পর্য্যন্ত কমিশ্যনরদের যত টাকা আয় ও ব্যয় হইবার সম্ভাবনা তাঁহারদের সম্মুখে ইহার স্বতন্ত্র অনুমানপত্র অর্পণ করিবেন। আরো তাঁহারা প্রতিবৎসর ফেব্রুআরি মাসে সকলের সাধারণ সভা করিয়া তৎপশ্চাৎ আপ্রিল মাসের প্রথম দিবসাবধি এক বৎসর যত টাকা আয় ও ব্যয় হইবার সম্ভাবনা ঐ কমিশ্যনরদের সম্মুখে ইহারও তদ্রূপ অনুমানপত্র অর্পণ করিবেন। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশ করিয়া যে পাঠ নিরূপণ করেন উক্ত প্রত্যেক অনুমানপত্র সেই পাঠে প্রস্তুত করা যাইবে। পরন্তু ঐ অনুমানপত্র যে দিনে সভায় উপস্থিত করা যাইবে, তাহার পূর্ব্ব সম্পূর্ণ দশ দিন থাকিতে ঐ অনুমানপত্র প্রস্তুত ও মুদ্রিত হইয়া প্রত্যেক জন কমিশ্যনরের নিকট তাহার একং খানি ডাকযোগে কিম্বা অন্য প্রকারে পাঠাইতে হইবে ইতি।

Revision and passing of estimate.

XXIII. It shall be in the discretion of the Commissioners at such meeting by resolution to pass or to reject, or to modify or alter

অনুমানপত্রের পুনরালোচনা ও গ্রাহ্য হইবার কথা।

২৩ ধারা। উক্ত সভায় কমিশ্যনরেরা বিহিত বিবেচনায় নির্দ্ধারণ করিয়া ঐ অনুমানপত্র গ্রাহ্য কিম্বা অগ্রাহ্য করিতে কিম্বা মতান্তর বা পরিবর্ত্তন করিতে পারিবেন ও সেই মতান্ত-

such estimate, and pass such estimate so modified or altered.

XXIV. Every such estimate, when passed by the Commissioners in pursuance of the provisions of this Act, shall be submitted to the Lieutenant-Governor of Bengal, and it shall be lawful for such Lieutenant-Governor either to approve of such estimate or to return the same with his remarks thereupon, and the Commissioners shall forthwith at a meeting proceed to reconsider such estimate in reference to such remarks, and to modify or alter the same, and to resubmit such estimates to the said Lieutenant-Governor, and it shall not be lawful for the Commissioners to expend any greater sum under such estimate than shall be approved by the said Lieutenant-Governor.

Estimate to be approved by the Lieutenant-Governor.

XXV. It shall be lawful for the Commissioners, in the course of any year for which an estimate shall have been approved by the Lieutenant-Governor, to cause a supplemental estimate for the residue of such year to be prepared and laid before the Commissioners at a meeting, and thereupon such proceedings shall be had as in and by Sections XXII, XXIII, and XXIV, are directed to be had with respect to the estimate therein mentioned.

Power to make supplemental estimate.

XXVI. No bye-law or table of tolls, fees, or charges, or alteration or revocation of a bye-law or table of tolls, fees, or charges made by the Commissioners, shall have effect until the same shall have been approved by the Lieutenant-Governor of Bengal by an order published in the *Calcutta Gazette*, and no bye-law made by the Commissioners shall be approved by the said Lieutenant-Governor until it shall have been published for three weeks successively in the *Calcutta Gazette;* and when such bye-law shall have been so approved, all courts of law shall take judicial notice thereof.

Approval of bye-laws.

XXVII. It shall be lawful for the Lieutenant-Governor of Bengal, by an order published in the *Calcutta Gazette,* to revoke, annul, and make void any bye-law made by the Commissioners.

Lieutenant-Governor may revoke and annul bye-laws.

XXVIII. All the provisions contained in Sections XI, XII, XIII, XIV, XV, XVI, XVII, XVIII, XIX, XX, XXI, XXII, XXIII, XXIV, XXV, XXVI, XXVII, XXVIII,

Certain provisions of Act V. of 1870 extended.

[*Government Gazette, 7th March* 1871.]

রিত কি পরিবর্ত্তিত অনুমানপত্র গ্রাহ্য করিতে পারিবেন ইতি।

২৪ ধারা। কমিশ্যনরেরা এই আইনের বিধানানুসারে উক্ত অনুমানপত্র গ্রাহ্য করিলে তাহা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের সম্মুখে অর্পিত হইবে। তিনি তাহা অনুমোদন করিতে পারিবেন, অথবা তদ্বিষয়ে আপনার মন্তব্য লিখিয়া তাহা ফিরিয়া পাঠাইবেন। তাহা হইলে কমিশ্যনরেরা অগৌণে সভা করিয়া ঐ মন্তব্য কথার উপলক্ষে সেই অনুমানপত্র পুনর্বিবেচনা করিতে প্রবর্ত্ত হইবেন। এবং মতান্তর কিম্বা পরিবর্ত্তন করিয়া উক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের সম্মুখে পুনশ্চ অর্পণ করিবেন। উক্ত শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব যত টাকা অনুমোদন করেন কমিশ্যনরেরা ঐ অনুমানপত্রমতে তাহার অধিক ব্যয় করিতে পারিবেন না ইতি।

অনুমানপত্র শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কর্ত্তৃক অনুমোদিত হইবার কথা।

২৫ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব যে বৎসরের অনুমানপত্র অনুমোদন করেন কমিশ্যনরেরা সেই বৎসরের মধ্যে ঐ বৎসরের অবশিষ্ট কালের পরিশিষ্ট অনুমানপত্র প্রস্তুত করাইয়া সভাগত কমিশ্যনরদের সম্মুখে অর্পণ করিতে পারিবেন। তাহা হইলে, ২২ ও ২৩ ও ২৪ ধারার উল্লিখিত অনুমানপত্র লইয়া যেং কার্য্য করিবার বিধান হইল সেই পরিশিষ্টপত্রও লইয়া তদ্রূপ কার্য্য হইবে ইতি।

পরিশিষ্ট অনুমানপত্র করিবার ক্ষমতার কথা।

২৬ ধারা। কমিশ্যনরেরা উপবিধি করিলে কিম্বা মাসুলের ও ফীর ও খরচার নির্ঘণ্টপত্র করিলে কিম্বা উপবিধি বা মাসুলের ও ফীর ও খরচার নির্ঘণ্টপত্র পরিবর্ত্তন কিম্বা রহিত করিলে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশ করিয়া অনুমোদন না করিলে তাহা সফল হইবে না। এবং কমিশ্যনরদের কৃত কোন উপবিধি কলিকাতা গেজেটে ক্রমশঃ তিন সপ্তাহ প্রকাশ না হইলে, উক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব তাহা অনুমোদন করিবেন না। ঐ উপবিধি তদ্রূপে অনুমোদিত হইলে পর আইনের অনুষ্ঠান করণার্থ সকল আদালত বিচার কার্য্যে তাহা সিদ্ধ বলিয়া স্বীকার করিবেন ইতি।

উপবিধির অনুমোদনের কথা।

২৭ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশ করিয়া কমিশ্যনরেরদের কোন উপবিধি রহিত ও অসিদ্ধ ও ব্যর্থ করিতে পারিবেন ইতি।

উপবিধি অসিদ্ধ ও রহিত করিতে লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের ক্ষমতার কথা।

২৮ ধারা। এই আইনমতে যে কমিশ্যনরেরা নিযুক্ত হন কিম্বা যাঁহারা এই আইনমত কমিশ্যনরের কর্ত্তব্য কর্ম্ম নির্ব্বাহ করেন মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের

১৮৭০ সালের ৫ আইনের কোনং বিধান বর্ত্তাইবার কথা।

XXIX, XXX, XXXI, XXXIII, XXXIV, XXXV, XXXVI, XXXVII, XXXVIII, LII LIII, LXXIX, LXXX, LXXXVIII, LXXXIX, XC, and XCI of Act V. of 1870, passed by the Lieutenant-Governor of Bengal in Council, shall apply to the Commissioners to be appointed under or performing the duties of such Commissioners under this Act as if the said sections were re-enacted herein.

শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রণীত ১৮৭০ সালের ৫ আইনের ১১, ১২, ১৩, ১৪, ১৫, ১৬, ১৭, ১৮, ১৯, ২০, ২১, ২২, ২৩, ২৪, ২৫, ২৬, ২৭, ২৮, ২৯, ৩০, ৩১, ৩৩, ৩৪, ৩৫, ৩৬, ৩৭, ৩৮, ৫২, ৫৩, ৭৯, ৮০, ৮৮, ৮৯, ৯০, ও ৯১ ধারার বিধান এই আইনের মধ্যে পুনরায় উল্লিখিত হওনের ন্যায় ঐ কমিশ্যনরদের প্রতি বর্ত্তিবে ইতি।

Port Commissioners may be appointed to carry out Act.

XXIX. The said Lieutenant-Governor may at any time before the appointment of Commissioners under this Act, by an order published in the *Calcutta Gazette*, authorize and empower the Commissioners for the improvement of the Port of Calcutta to exercise the powers and authorities hereby conferred on the Commissioners, and after the publication of such an order all the property which by this Act would vest in the Commissioners upon their appointment shall vest in the said Commissioners for the improvement of the Port of Calcutta as if they were the Commissioners, and they shall perform the duties and trusts hereby imposed on the Commissioners. After the publication of such order, no appointment of Commissioners shall be made under this Act.

বন্দরের কমিশ্যনরদিগকে আইনমত কর্ম্ম সাধনার্থে নিযুক্ত করিবার কথা।

২৯ ধারা। এই আইনে কমিশ্যনরদের প্রতি যে ক্ষমতা ও যে শক্তি প্রদান করা গেল উক্ত শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব এই আইনমত কমিশ্যনরদের নিযুক্ত হইবার পূর্ব্বে কোন সময়ে কলিকাতা গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশ করিয়া কলিকাতার সৌষ্ঠব করণার্থ কমিশ্যনরদের প্রতি সেই শক্তি ও ক্ষমতা প্রদান করিতে পারিবেন। কমিশ্যনরেরা নিযুক্ত হইলে এই আইনমতে তাঁহাদের প্রতি যে সকল সম্পত্তি অর্শে ঐ অনুজ্ঞাপত্র প্রকাশ হইলে পর সেই কমিশ্যনর হওয়ার ন্যায় কলিকাতা বন্দরের সৌষ্ঠব করণার্থ কমিশ্যনরগণের প্রতি সেই সম্পত্তি অর্শিবে। ও কমিশ্যনরদের প্রতি এই আইনমতে যে কর্ত্তব্য কর্ম্ম ও বিশ্বাসপূর্ব্বক যে ন্যস্তদ্রব্য অর্পিত হয় তাঁহারাও সেই কর্ত্তব্য কর্ম্ম করিবেন ও সেই বিশ্বাসপাত্র হইবেন। উক্ত আজ্ঞা প্রকাশ হইলে পর এই আইনমতে কমিশ্যনরেরা নিযুক্ত হইবেন না ইতি।

Limitation of suits.

XXX. No suit or other proceeding shall be commenced or prosecuted against any person for anything done or professing or purporting to be done in pursuance of this Act without giving to such person a month's previous notice of the intended proceeding and of the cause thereof, nor after tender of sufficient amends, nor after the expiration of three months from the accrual of the cause of suit or other proceeding.

মোকদ্দমা করিবার সময়ের কথা।

৩০ ধারা। এই আইনঅনুসারে যে কার্য্য করা যায় কিম্বা এই আইনঅনুযায়ি কার্য্য বলিয়া যে কার্য্যের আভাস প্রকাশ হয় কি দেখা যায় কোন ব্যক্তি এমত কোন কার্য্যহেতুক ঐ কার্য্যকারকের নামে মোকদ্দমা কিম্বা অন্য কার্য্য অনুষ্ঠান করিতে চাহিলে, এক মাস থাকিতে তাহাকে সেই মোকদ্দমা প্রভৃতি করিবার কল্পনার ও হেতুর সম্বাদ জানাইবেন নতুবা করিতে পারিবেন না। ও যথোচিতমতে ক্ষতি শোধ করিবার প্রস্তাব হইলে কিম্বা ঐ মোকদ্দমার কিম্বা আনুষ্ঠানিক কার্য্যের হেতু হইবার পর তিন মাস অবসান হইলে মোকদ্দমাপ্রভৃতি করিতে পারিবেন না ইতি।

No compensation for obstruction to be payable.

XXXI. No person shall be entitled to any compensation for any loss or injury which he may sustain by reason of any obstruction to the navigation of the said river which may be caused by the said bridge, or by anything done in the construction thereof.

অবরোধহেতুক হানিপূরণ না পাইবার কথা।

৩১ ধারা। উক্ত সেতুদ্বারা কিম্বা সেতুর নির্ম্মাণঘটিত কোন কার্য্যদ্বারা ঐ নদীতে নৌকাদি গমনের বাধাপ্রযুক্ত ক্ষতি কি হানি হইয়াছে বলিয়া কোন ব্যক্তির ঐ ক্ষতিপূরণ পাইবার স্বত্ব থাকিবে না ইতি।

Lands to vest in Commissioners.

XXXII. When such Commissioners shall have been appointed under this Act, all lands and property theretofore acquired for the purposes of this Act shall vest in such Commissioners, and the Commissioners shall be bound by all contracts and agreements in respect to any

কমিশ্যনরদের প্রতি ভূমি অর্শিবার কথা।

৩২ ধারা। উক্ত কমিশ্যনরেরা এই আইনমতে নিযুক্ত হইলে, এই আইনের কার্য্যপক্ষে যত ভূমি ও সম্পত্তি তৎকালপর্য্যন্ত প্রাপ্ত হওয়া গিয়াছে তাহা ঐ কমিশ্যনরদের প্রতি অর্শিবে, এবং বঙ্গদেশের উক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কিম্বা পূর্ব্বোক্ত কার্য্যকারক এই আইনের কার্য্য সম্বন্ধে যে

of the purposes of this Act which shall theretofore have been made or entered into by the said Lieutenant-Governor of Bengal or such officer as aforesaid.

Penalty on evasion of toll.

XXXIII. Any person who shall evade, or attempt to evade, payment of any toll, fee, or charge payable under this Act, shall be liable to a fine which may extend to fifty Rupees or to imprisonment, simple or rigorous, which may extend to fourteen days, or to both.

Power to arrest.

XXXIV. Any person committing any offence against the provisions of the last section may be arrested by any officer of the Commissioners to be by them thereunto appointed, and by such officer or any person by him thereunto authorized, or by any officer of police, and forthwith conveyed before some Magistrate having jurisdiction in the place in which such offence shall have been committed, or to the nearest police station within the said jurisdiction.

Summary jurisdiction.

XXXV. Whenever such person shall be brought before a Magistrate, such Magistrate may forthwith hear and determine the charge of such offence.

Offenders to be forthwith brought to trial.

XXXVI. Whenever such person shall be taken to a police station, the officer in charge of such station shall, as soon as conveniently may be, cause him to be conveyed before some Magistrate having jurisdiction in the matter.

Short title.

XXXVII. This Act may be called. The Howrah Bridge Act, 1871.

SCHEDULE.

(Referred to in Section III.)

Maximum amount of tolls, fees, and charges.

	A.	P.
For every passenger	0	3
For every horse	1	0
For every pony	0	6
For every elephant	3	0
For every buffalo	1	0
For every camel	1	0
For every cow, ox, or bull	0	6
For every calf or sheep, dog or pig, or other animal	0	3
For every two-wheeled vehicle without springs	1	0

সকল চুক্তি ও নিয়ম করিয়া থাকেন, উক্ত কমিশ্যনরেরা তাহাতে বদ্ধ হইবেন ইতি।

মাশুল এড়াইবার দণ্ডের কথা।

৩৩ ধারা। এই আইনমতে যে মাশুল কি ফী কি খরচা দিতে হয়, যদি কোন ব্যক্তি ছলনা করিয়া তাহা না দেয় কিম্বা না দিবার উদ্যোগ করে, তবে তাহার অর্থদণ্ড কিম্বা কারাদণ্ড কিম্বা ঐ উভয় দণ্ড হইতে পারিবে। অর্থদণ্ড হইলে পঞ্চাশ টাকার অধিক হইবে না, কারাদণ্ড হইলে চৌদ্দ দিনের অনধিক সামান্য কিম্বা কঠোর কারাদণ্ড হইবে ইতি।

ধৃত করিবার ক্ষমতার কথা।

৩৪ ধারা। কোন ব্যক্তি ইহার পূর্ব্ব ধারার উল্লিখিত কোন অপরাধ করিলে কমিশ্যনরেরা তদ্রূপ অপরাধিদিগকে ধরিবার নিমিত্ত যে কার্য্যকারককে নিযুক্ত করেন এমত কোন কার্য্যকারক সে ব্যক্তিকে ধৃত করিতে পারিবেন এবং অপরাধ যে স্থানে করা গিয়াছে উক্ত কার্য্যকারক কিম্বা তাঁহাহইতে ক্ষমতাপ্রাপ্ত অন্য ব্যক্তি কিম্বা পোলীসের কোন কর্ম্মকারক তৎক্ষণাৎ সেই স্থানে বিচার করিবার ক্ষমতা বিশিষ্ট কোন মাজিষ্ট্রেটের সম্মুখে কিম্বা উক্ত বিচারাধিপত্যের অন্তর্গত অতি নিকট পোলীস থানায় তাহাকে লইয়া যাইবে ইতি।

সরাসরী বিচারের কথা।

৩৫ ধারা। উক্ত ব্যক্তিকে মাজিষ্ট্রেটের সম্মুখে আনা গেলে ঐ মাজিষ্ট্রেট তৎক্ষণাৎ ঐ অপরাধের অভিযোগ শুনিয়া নির্ণয় করিবেন ইতি।

অপরাধিদগকে অগৌণে বিচারার্থে উপস্থিত করিবার কথা।

৩৬ ধারা। উক্ত ব্যক্তিকে পোলীস থানায় আনা গেলে যে মাজিষ্ট্রেটের সেই বিষয় বিচার করিবার ক্ষমতা থাকে ঐ থানার অধ্যক্ষ সুবিধামতে ত্বরায় তাহাকে সেই মাজিষ্ট্রেটের নিকট চালান করিবেন ইতি।

সংক্ষেপ নামের কথা।

৩৭ ধারা। এই আইন "হাবড়া সেতুর ১৮৭১ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে ইতি।

(৩ ধারার উল্লিখিত)।

তফসীল।

যাহার অধিক মাশুল ও ফী ও খরচা লওয়া যাইবে না তাহার নির্ঘন্টপত্র।

	পাই
প্রত্যেক পথিকের ...	৩
প্রত্যেক ঘোড়ার ...	/০
প্রত্যেক টাটুর ...	৬
প্রত্যেক হাতির ...	৶০
প্রত্যেক মহিষের ...	/০
প্রত্যেক গোরুর ও বলদের ও ষাঁড়ের ...	/০
প্রত্যেক বাছুরের ও কুকুরের ও শূকরের ও অন্য পশুর ...	৩
স্প্রিংভিন্ন দুই চাকার প্রত্যেক গাড়ির ...	/০

For every two-wheeled vehicle with springs	2	0
For every four-wheeled vehicle without springs	2	0
For every two-wheeled vehicle with springs	4	0
For every maund of goods brought into the Howrah Railway Station ..	0	2

STATEMENT OF OBJECTS AND REASONS.

THE construction of a bridge across the Hooghly connecting Howrah and Calcutta in the vicinity of the railway station having been long under discussion, has now been determined upon.

The Secretary of State has sanctioned the advance from the public funds of the sums necessary to construct such a bridge, a contract has been completed, and the work is about to be commenced upon.

The object of this Bill is to empower the Government to construct the bridge and to make arrangements for its management, and for securing the due repayment of the sums advanced for its construction from the tolls and dues to be levied on passengers and goods.

ASHLEY EDEN.

The 11*th February* 1871.

J. PITT KENNEDY.
Asst. Secy. to the Govt. of Bengal,
Legislative Department.

THE following Bill was read in the Council of the Lieutenant-Governor of Bengal for the purpose of making Laws and Regulations on the 18th February 1871, and was referred to a Select Committee with instructions to report within one month :—

A Bill for the better regulation of Markets in Calcutta.

Preamble.

WHEREAS it is expedient to enable the Justices of the Peace for the Town of Calcutta to establish markets for the sale of meat, fish, fruit, and vegetables within the limits of the town of Calcutta, and to make provision for the better supervision and regulation of all markets therein ; It is enacted as follows :—

Power to grant licenses for markets.

I. It shall be lawful for the Justices of the Peace for the town of Calcutta to grant licenses for the use of any place, not being a place used at the time of the passing of this Act as a market for the sale of meat, fish, fruit,

স্প্রিংসহিত দুই চাকার প্রত্যেক গাড়ির	...	৶০
স্প্রিংভিন্ন চারিচাকার প্রত্যেক গাড়ির	...	৶০
স্প্রিংসহিত চারি চাকার প্রত্যেক গাড়ির	...	।০
হাবড়ার রেলওয়ে ষ্টেশনে যে মাল আনা যায় তাহার মণপ্রতি	...	৲২

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

হাবড়া ও কলিকাতা সংযোগ করণার্থে হুগলী নদীর উপর রেলওয়ে ষ্টেশনের নিকট কোন স্থানে অনেক দিনাবধি সেতু নির্ম্মাণ করিবার কথাবার্ত্তা হইয়া আসিতেছে। এইক্ষণে তাহা করা স্থির হইয়াছে।

ঐ সেতু নির্ম্মাণ করিতে যত খরচ লাগিবে শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব রাজকোষহইতে তাহা অগ্রিম দিতে সম্মত হইয়াছেন তাহার চুক্তিও করা গিয়াছে এবং সেই কার্য্য আরম্ভ করিবার উদ্যোগ হইতেছে।

গবর্ণমেণ্টের প্রতি সেই সেতু নির্ম্মাণ ও তদ্ঘটিত কার্য্যের বিধান করিবার, এবং সেতুর উপর দিয়া যে পথিকেরা যায় ও মাল চালান হয় তাহার উপর মাসুল আদায় করিয়া, ঐ সেতুনির্ম্মাণের নিমিত্ত যে টাকা অগ্রিম দেওয়া যাইবে তাহা নিয়মমতে শোধ করিবার সদুপায় করণের ক্ষমতা প্রদান করা এই পাণ্ডুলিপির উদ্দেশ্য।

আশলি ইডন।

১৮৭১ সাল ১১ ফেব্রুআরি।

জে পিট কেনেডি,
ব্যবস্থাপন কর্ম্মবিভাগে বঙ্গদেশের গবর্ণমেণ্টের
আসিষ্টাণ্ট সেক্রেটারী।

আইনের এই পাণ্ডুলিপি ১৮৭১ সালের ফেব্রুআরি মাসের ১৮ তারিখে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ মন্ত্রিসভায় পঠিত হইল এবং মনোনীত কমিটির প্রতি অর্পিত হইয়া ছয় সপ্তাহের মধ্যে তদ্বিষয়ের রিপোর্ট করিবার আজ্ঞা হইয়াছে

কলিকাতার বাজারের আরো উত্তম বিধান করিবার আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

কলিকাতা নগরের শান্তিরক্ষার্থ জষ্টিসেরা কলিকাতা নগরের মধ্যে মাংস মাছ ফল ও শাকসবজী বিক্রয় করিবার বাজার স্থাপন করিতে পারেন এই নিমিত্ত এবং ঐ নগরের সকল বাজারের আরো উত্তমরূপে তত্ত্বাবধারণ করা যায় ও কার্য্যের সুবিধান হইবার নিমিত্ত বিধান করা বিহিতপ্রযুক্ত নিম্ন লিখিত বিধান করা যাইতেছে।

বাজারের অনুমতিপত্র দিবার ক্ষমতার কথা।

১ ধারা। এই আইন প্রচলিত হইবার সময়ে উক্ত নগরের সীমার অন্তর্গত যে২ স্থান মাংস, মাছ, ফল ও শাকসবজী বিক্রয় করিবার বাজার বলিয়া ব্যবহার হইয়া থাকে, কলিকাতা নগরের শান্তিরক্ষার্থ জষ্টিসেরা তদ্ভিন্ন কোন স্থানে সেই২ দ্রব্য

and vegetables within the said town, as a market for the sale of the aforesaid articles.

Duration of license, and terms on which granted.

II. Every license to be granted under the provisions of this Act shall be in force until the 1st day of January next ensuing the day therein named for the commencement thereof, and the said Justices shall grant such license whenever it shall be certified to them by some writing, under the hands of the Health Officer and of the Engineer of the Justices, that such place is fit to be used as a market.

Penalty on permitting unauthorized places to be used as markets.

III. Whoever being owner, lessee, or occupier of, or otherwise interested in any land, house, or building within the limits aforesaid, permits the same to be used as a market for the sale of meat, fish, fruit, or vegetables, or permits meat, fish, fruit, or vegetables to be sold therein or thereon, shall, unless a license under this Act for the use of such place as a market at the time when it shall have been so used shall have been granted, or unless such place shall have been used as a market for the sale of similar articles at the time of the passing of this Act, be liable to a penalty not exceeding two hundred Rupees, and shall also be liable to a further penalty not exceeding fifty Rupees for every day during which the said offence shall be continued.

Penalty on selling in unlicensed places.

IV. Every person who shall sell or expose for sale meat, fish, fruit, or vegetables in any place not used as a market at the time of the passing of this Act, and not licensed as a market, shall be liable to a fine which may extend to ten Rupees: provided, however, that nothing in this section shall extend to itinerant vendors of fish, fruit, or vegetables.

Present markets to be registered.

V. The owner or occupier of every place within the limits aforesaid at the time of the passing of this Act used as a market for the sale of meat, fish, fruit, or vegetables, shall, within three months of the passing of this Act, register or cause to be registered the same in a book to be kept for that purpose by the Justices at their office, in which shall be stated the name of the owner thereof and of the occupier, the extent and boundary of the market, and the description of articles sold therein.

[*Government Gazette, 7th March* 1871.]

বিক্রয়ার্থ বাজার করিবার অনুমতিপত্র দিতে পারিবেন ইতি।

ঐ অনুমতিপত্র যত দিন চলিবে ও যে নিয়মে দেওয়া যাইবে তাহার কথা।

২ ধারা। এই আইনের বিধানমতে যে অনুমতিপত্র দেওয়া যায়, তাহা প্রবল হইবার যে তারিখ ঐ পত্রে নির্ণয় করা যায়, সেই তারিখঅবধি তৎপশ্চাৎ জানুআরি মাসের ১ তারিখপর্য্যন্ত প্রবল থাকিবে। স্বাস্থ্যরক্ষক সাহেব ও জষ্টিসদের ইঞ্জিনিয়র সাহেব আপনারদের স্বাক্ষরিত লিপিদ্বারা সেই স্থান বাজার করিবার উপযুক্ত স্থান বলিয়া নির্দ্দেশ করিলে উক্ত জষ্টিসেরা সেই অনুমতিপত্র দিবেন ইতি।

কোন স্থানের অনুমতি না হইলেও বাজার করিতে দিবার দণ্ডের কথা।

৩ ধারা। মাংস মাছ প্রভৃতি বিক্রয় করিবার বাজারস্বরূপ যে সময়ে যে স্থানের ব্যবহার হয়, সেই সময়ে এই আইনমতে ঐ স্থানের তদ্রূপ ব্যবহার হইবার অনুমতিপত্র না দেওয়া গেলে, বা বাজার অথবা এই আইন প্রচলিত হইবার সময়ে সেই প্রকারের দ্রব্য বিক্রয় করিবার বাজারস্বরূপ ঐ স্থানের না থাকিলে, যদি কোন ব্যক্তি পূর্ব্বোক্ত সীমার অন্তর্গত কোন ভূমির কি ঘরের কি বাটীর স্বামী কি পাট্টাদার কি দখীলকার হইয়া কিম্বা প্রকারান্তরে তাহাতে স্বার্থযুক্ত হইয়া, মাংস মাছ ফল ও শাকসবজী বিক্রয় করিবার বাজারমতে সেই স্থানের ব্যবহার হইতে দেন কিম্বা তন্মধ্যে মাংস মাছ ফল ও শাকসবজী বিক্রয় হইবার অনুমতি দেন, তবে তাঁহার দুই শত টাকার অনধিক অর্থদণ্ড হইবে, ও সেই অপরাধ যত দিন হইতে থাকে তাহার দিন প্রতি সেই ব্যক্তির আর পঞ্চাশ টাকা অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

অনুমতিভিন্নস্থানে বিক্রয় করিবার দণ্ডের কথা।

৪ ধারা। এই আইনপ্রচলিত হইবার সময়ে বাজার বলিয়া যে স্থানের ব্যবহার না থাকে, ও বাজার স্বরূপ যে স্থানের ব্যবহারের অনুমতিপত্র না হয়, কোন ব্যক্তি এমত স্থানে মাংস মাছ ফল কি শাকসবজী বিক্রয় করিলে কি বিক্রয়ার্থে সাজাইয়া রাখিলে তাহার দশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে। কিন্তু যে ফেরিওয়ালারা পথে২ মাছ ও ফল ও শাকসবজী বিক্রয় করে এই আইনের কোন কথা তাহারদের প্রতি বর্ত্তে না ইতি।

এইক্ষণে যে বাজার আছে তাহা রেজিষ্টরী করিবার কথা।

৫ ধারা। এই আইন প্রচলন সময়ে পূর্ব্বোক্ত সীমার অন্তর্গত যে২ স্থান মাংস ও মাছ ও ফল ও শাকসবজী বিক্রয় করিবার বাজারস্বরূপ ব্যবহার হইয়া থাকে সেই২ স্থানের স্বামী কিম্বা দখিলকার জষ্টিসের আফিসে সেই প্রকারের স্থান রেজিষ্টরী করিবার যে বহী থাকে সেই বহীতে এই আইন প্রচলিত হইবার সময়াবধি তিন মাসের মধ্যে তাহা রেজিষ্টরী করিবেন বা করাইবেন। ঐ স্থানের স্বামির ও দখিলকারের নাম ও বাজার যত দূর ব্যাপ্ত হয় ও তাহার চতুঃসীমা ও তন্মধ্যে কি২ প্রকারের দ্রব্য বিক্রয় হইয়া থাকে ঐ রেজিষ্টরী বহীতে এই২ কথা লেখা থাকিবে ইতি।

Mode of registration.

VI. Such registration shall be made on the application in writing of the owner, lessee, or occupier, or some one of the owners, lessees, or occupiers thereof, and every such application shall contain the particulars hereinbefore required to be set out in the registration.

Transfers to be registered.

VII. Every transfer of interest of any owner, lessee, or occupier shall be in like manner registered.

Markets not to be privileged if not registered.

VIII. No market shall be deemed to have been used as a market at the time of the passing of this Act which shall not have been registered as aforesaid in pursuance of some application presented within three months from the passing of this Act.

Effect of non-registration of transfer.

IX. In case the interest of any owner or lessee or occupier in any place used as a market at the time of the passing of this Act shall not be registered as aforesaid within one month after such transfer shall have occurred, the person to whom such interest shall have been transferred shall be liable to such and the same penalties as if such place had not been licensed under this Act nor used as a market at the time of the passing of this Act.

Power to Justices to construct markets.

X. The Justices may from time to time, if they shall think fit, with the sanction of the Government of Bengal, provide places within the said town for the purpose of being used as markets, and may charge such rates, tolls, and fees as to them may seem fit for the use of or right to expose goods for sale in such markets, and for the use of shops, stalls, and standings therein.

Recovery of fees.

XI. All such rents, tolls, and fees which shall be imposed shall be recoverable by the Justices, from the persons liable to pay the same, as if the amounts payable in respect thereof were rates due to the Justices from such persons under the provisions of Act VI. of 1863 passed by the Lieutenant-Governor of Bengal in Council.

Power to raise loan for market.

XII. For the acquisition of land for the purpose of a market, and the construction of a market thereupon, the Justices may, from time to time, with the sanction of the Lieutenant-Governor of Bengal, borrow, by way of debenture

রেজিষ্টরী করিবার ধারার কথা।

৬ ধারা। স্বামী কি পাট্টাদার বা দখিলকার কিম্বা স্বামিদের কি পাট্টাদারদের কি দখিলকারদের অন্যতর ব্যক্তি লিখিয়া প্রার্থনা করিলে ঐ বাজার রেজিষ্টরী করা যাইবে। পূর্ব্ব ধারামতে ঐ রেজিষ্টরী বহীতে যেং বিবরণ লিখিবার আদেশ হইল, ঐ প্রার্থনাপত্রে সেইং বিবরণ জানাইতে হইবে ইতি।

হস্তান্তর করা গেলে রেজিষ্টরী করিবার কথা।

৭ ধারা। কোন স্বামির কি পাট্টাদারের কি দখিলকারের স্বার্থ হস্তান্তর করা গেলে, তাহাও সেই প্রকারে রেজিষ্টরী করিতে হইবে ইতি।

বাজার রেজিষ্টরী না করা গেলে তাহার বিশেষ অনুমতি না থাকার কথা।

৮ ধারা। এই আইন প্রচলিত হইবার সময়াবধি তিন মাসের মধ্যে রেজিষ্টরী করিবার পূর্ব্বোক্ত প্রার্থনামতে কোন বাজার রেজিষ্টরী করা না গেলে এই আইন প্রচলিত হওন সময়ে বাজারস্বরূপ ঐ স্থানের ব্যবহার ছিল এমত জ্ঞান হইবে না ইতি।

হস্তান্তর কার্য্য রেজিষ্টরী না করিবার ফলের কথা।

৯ ধারা। এই আইন প্রচলিত হওনের সময়ে বাজারস্বরূপ যে স্থানের ব্যবহার ছিল তাহার কোন স্বামির কি পাট্টাদারের কি দখিলকারের স্বার্থ হস্তান্তর হইয়া পূর্ব্বোক্তমতে এক মাসের মধ্যে রেজিষ্টরী না করা গেলে, ঐ স্থান এই আইনমতে অনুমতিপ্রাপ্ত না হইলে এবং এই আইন প্রচলিত হওন সময়ে বাজারস্বরূপ ব্যবহার না হইলে যে দণ্ড বর্ত্তে ঐ স্বার্থ যে ব্যক্তির হস্তগত করা যায় তাহার প্রতি সেই দণ্ড বর্ত্তিবে ইতি।

বাজার প্রস্তুত করিতে জষ্টিসদের ক্ষমতার কথা।

১০ ধারা। জষ্টিসেরা সময়েং বিহিত বোধ করিলে বঙ্গদেশের গবর্ণমেণ্টের অনুমতি লইয়া উক্ত নগরের মধ্যে বাজার প্রস্তুত করিবার স্থান নিরূপণ করিতে পারিবেন। ও সেই বাজারের ব্যবহারের নিমিত্ত ও তম্মধ্যে বিক্রয় করণার্থে দ্রব্য সাজাইয়া রাখিবার অধিকারের নিমিত্ত ও তম্মধ্যে দোকান ও মাঁচা ও আড্ডার নিমিত্ত জষ্টিসেরা যে হারে যত মাসুল ও ফী লওয়া বিহিত বোধ করেন লইতে পারিবেন ইতি।

ফী আদায় করিবার কথা।

১১ ধারা। তদ্রূপ যে সকল ভাড়া ও মাসুল ও ফী ধার্য্য হয়, তাহা যে ব্যক্তিদের স্থানে পাওনা থাকে বঙ্গদেশের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত ১৮৬৩ সালের ৬ আইনের বিধানমতে সেই ব্যক্তিদের স্থানে জষ্টিসদের পাওনা টাক্সের ন্যায় জষ্টিসেরা তাঁহারদের সেই ভাড়া প্রভৃতি আদায় করিতে পারিবেন ইতি।

বাজারের নিমিত্ত ঋণগ্রহণ করিবার ক্ষমতার কথা।

১২ ধারা। বাজার করিবার ভূমি পাইবার জন্যে ও সেই ভূমিতে বাজার করিবার জন্যে জষ্টিসেরা সময়েং বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমতি লইয়া উক্ত কার্য্যের নিমিত্তে যত টাকা প্রয়োজন হয় ঋণপত্র দিয়া

on the security of the tolls and fees payable in respect of such market, and the collateral security of the rates, taxes, and dues imposed and levied on account of the municipal fund under any Act passed in that behalf, or of a portion of them, and at such rate of interest and upon such terms as to the time of re-payment and otherwise as the Lieutenant-Governor of Bengal may approve, any sums of money the Justices may require for the objects aforesaid.

তত টাকা ঋণগ্রহণ করিতে পারিবেন। এবং ঐ বাজারের সম্পর্কে তাঁহাদের যে মাসুল ও ফী প্রাপ্য হয় তাহা ঐ ঋণের জামিনস্বরূপ থাকিবে এবং মুনিসিপল ফণ্ডের নিমিত্ত টাক্স প্রভৃতি ধার্য্য ও আদায় করিবার কোন আইনঅনুসারে যে রেট ও টাক্স ও প্রাপ্য টাকা ধার্য্য হইয়া আদায় হয় তাহা কিম্বা তাহার একাংশ ঐ ঋণের সমকক্ষ জামিন হইবে। এবং ঐ ঋণের সুদ যে হারে দেওয়া যাইবে ও ঐ ঋণ যে সময়ে শোধ করিতে হইবে ইত্যাদি বিষয় বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অনুমোদন অনুসারে নিরূপণ করা যাইবে ইতি।

Form of Debenture.

XIII. All the debentures aforesaid issued under the authority of this Act shall be in the form contained in the schedule to this Act, and shall be transferable by endorsement, and the right to sue in respect of the monies secured by any of such debentures shall be vested in the holders thereof for the time being, without any preference by reason of some of such debentures being prior in date to others.

ঋণপত্রের পাঠ।

১৩ ধারা। এই আইনের বলে পূর্ব্বোক্ত যে সকল ঋণপত্র দেওয়া যায় তাহা এই আইনের তফসীলের পাঠে লিখিতে হইবে। তাহা পৃষ্ঠলিপিকরণ দ্বারা হস্তান্তর করা যাইতে পারিবে। এবং উক্ত ঋণপত্রদ্বারা যে টাকা সংশ্রিত হয় সেই পত্র যৎকালে যাঁহার অধিকারে থাকে সেই টাকা পাইবার নিমিত্ত তাঁহার নালিশ করিবার অধিকার থাকিবে। ইহাতে এক ঋণপত্রের তারিখ অন্য ঋণপত্রের তারিখের অগ্র বলিয়া তাহার অগ্রগণ্যতা হইবে না ইতি।

Power to raise fresh debentures.

XIV. The Justices may at any time, with such consent as aforesaid, raise, by the issue of new debentures, any money that may be required to pay any monies for the time being due on any debentures issued in pursuance of this Act.

নূতন ঋণপত্র দিবার ক্ষমতার কথা।

১৪ ধারা। এই আইন অনুসারে যে ঋণপত্র দেওয়া যায় কোন সময়ে তাহার টাকা দেনা হওয়াতে টাকা তুলিবার প্রয়োজন হইলে, জষ্টিসেরা সেই সময়ে পূর্ব্বোক্ত অনুমতি লইয়া নূতন ঋণপত্র দিয়া ঐ টাকা তুলিতে পারিবেন ইতি।

Liability of Municipal Fund.

XV. The security of monies borrowed under the provisions of this Act shall, so far as regards the rates, tolls, and dues imposed and levied on account of the municipal fund, be subject and puisne to the rights and securities of holders of debentures under the provisions of the said Act VI. of 1863.

মুনিসিপল ফণ্ডের উপর দায়ের কথা।

১৫ ধারা। মুনিসিপল ফণ্ডের নিমিত্ত যে রেট ও মাসুল ও প্রাপ্য টাকা ধার্য্য হইয়া আদায় হয়, এই আইনের বিধানমতে গৃহীত ঋণের পক্ষে ঐ রেট প্রভৃতি যে জামিনস্বরূপ থাকিবে, ১৮৬৩ সালের উক্ত ৬ আইনের বিধানমতে যে ব্যক্তিরা ঋণপত্র পাইলেন উক্ত জামিন তাঁহারদের স্বত্বের ও প্রাপ্তির অধীন ও বশতাপন্ন হইবে ইতি।

Power to take land.

XVI. It shall be lawful for the Justices to purchase any land which may be required for the establishment of a market under this Act, and such land shall be deemed to be land required to be taken for public purposes.

ভূমি গ্রহণ করিবার ক্ষমতার কথা।

১৬ ধারা। এই আইনমতে বাজার স্থাপন করিবার জন্যে ভূমির প্রয়োজন হইলে জষ্টিসেরা তাহা ক্রয় করিতে পারিবেন। ঐ ভূমি রাজকীয় কার্য্যের নিমিত্ত গৃহীত ভূমি বলিয়া জ্ঞান হইবে ইতি।

Construction of Act.

XVII. This Act shall be read with and as part of Act VI. of 1863 passed by the Lieutenent-Governor of Bengal in Council.

এই আইনের অর্থ করণের কথা।

১৭ ধারা। এই আইন মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রণীত ১৮৬৩ সালের ৬ আইনের সহিত ও তাহার একাংশস্বরূপ পাঠ করিতে হইবে ইতি।

Short title.

XVIII. This Act may be called The Calcutta Markets Act, 1871.

সংক্ষেপ নামের কথা।

১৮ ধারা। এই আইন কলিকাতার বাজারের ১৮৭১ সালের আইন নামে খ্যাত হইতে পারিবে ইতি।

SCHEDULE.

FORM OF DEBENTURE FOR MARKET LOAN.

The Justices of the Peace for the Town of Calcutta.

Calcutta, the 18 .

No.

By virtue of the Calcutta Markets Act, 1871, we, the Justices of the Peace for the Town of Calcutta in consideration of the sum of Rs. paid to us by A. B. of promise to pay to the said or order, the said sum of Rs. after the date hereof, together with interest thereon at the rate of per centum per annum, payable half-yearly, on the day of and the day of

[*Signature of the Chairman or Vice-Chairman and two Justices of the Peace.*]

STATEMENT OF OBJECTS AND REASONS.

THE present Bill is intended to enable the Calcutta Municipality to prevent the future establishment of markets for the sale of perishable commodities except in places and buildings suited for the purpose, and to give a ready means of ascertaining the persons liable to penalty in case of any infraction of the law relating to the sanitary condition of markets in places where they now exist.

It is also intended by this Bill to empower the Justices to erect a proper place for markets in Calcutta, and to raise by loan the money required for that purpose.

V. H. SCHALCH.

The 11th February 1871.

J. PITT KENNEDY,
Asst. Secy. to the Govt. of Bengal,
Legislative Department.

তফসীল।

বাজারের ঋণপত্রের পাঠ।

কলিকাতা নগরের শান্তিরক্ষার্থ জষ্টিসগণ
সমীপেষু।

কলিকাতা সাল তাং

নম্বর।

অমুক স্থানবাসি শ্রীঅমুক কলিকাতা নগরের শান্তিরক্ষার্থ জষ্টিস আমারদিগকে এত টাকা দিয়াছেন অতএব কলিকাতার বাজারের ১৮৭১ সালের আইনের বলে, আমরা অদ্যকার তারিখঅবধি এত দিনের পর উক্ত শ্রী অমুকের উক্ত এত টাকা শোধ করিব এবং ঐ টাকার উপর ছয়২ মাসে, অর্থাৎ অমুক মাসের অমুক তারিখে ও অমুক মাসের অমুক তারিখে বৎসর শত করা এত টাকার হারে সুদ দিব এই প্রতিজ্ঞা করিলাম।

সভাপতির কিম্বা প্রতিনিধিসভাপতির
ও দুই জন জষ্টিসের স্বাক্ষর।

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

কলিকাতার মুনিসিপল কমিশ্যনরদের প্রতি ক্ষয়ণীয় দ্রব্য বিক্রয় করিবার উপযুক্ত স্থান ও ঘরভিন্ন কোন স্থানে সেই প্রকারের দ্রব্য বিক্রয় করিবার বাজার করিতে নিবারণ করণের ক্ষমতা প্রদান করা এবং এইক্ষণে যে বাজার আছে তাহার স্বাস্থ্যাবস্থা বিষয়ক আইন লঙ্ঘন হইলে কে ঐ দোষের দণ্ডের যোগ্য হয় ইহা নির্ণয় করিবার সুবিধান করা এই পাণ্ডুলিপির উদ্দেশ্য।

আরো জষ্টেসরা কলিকাতার উপযুক্ত স্থানে বাজার করিতে সক্ষম হন ও তন্নিমিত্ত প্রয়োজনমতে ঋণগ্রহণ করিতে পারেন এই আইনের এই অভিপ্রায়।

বি এচ শক।

১৮৭১ সাল ১১ ফেব্রুআরি।

জে পিট কেনেডি,
ব্যবস্থাপন কর্ম্মবিভাগে বঙ্গদেশের গবর্ণমেন্টের
আসিষ্টান্ট সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

Circular Orders of the Board of Revenue, L. P.

FEBRUARY 1871.

ERRATUM.

For "1868," in the last line of Rule 7, page 340, Board's Rules, read "1869."

No. 1.

The following is to be added as Rule 3A., Section XIV, Chapter VIII, page 155, Board's Rules:—

"Whenever the collection of revenue from an estate borne upon the Towjee is held in abeyance

বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরক্যুলর অর্ডর।

১৮৭১ সাল ফেব্রুআরি মাস।

অশুদ্ধশোধন।

বোর্ডের বিধিপুস্তকের ৫২০ পৃষ্ঠায়, (১৮৭০ সালের ৪ অক্টোবরের গেজেটের ১৪৩৯ পৃষ্ঠায় ২৫ অধ্যায়ের) ৭ বিধির ১২ পঁক্তিতে "১৮৬৮" উঠাইয়া "১৮৬৯" পাঠ করিতে হইবে।

---

১ নম্বর।

বোর্ডের বিধিপুস্তকের ২৩৫ পৃষ্ঠায়, অষ্টম অধ্যায়ের ১৪ পরিচ্ছেদের ৩ ক ধারা বলিয়া এই নূতন ধারা দিতে হইবে।

"তৌজীতে যে মহাল লেখা আছে, তাহা বাকী রাজস্বের নিমিত্তে বিক্রয় হইয়া গবর্ণমেন্টের দ্বারা

pending a settlement of the estate, consequent upon its purchase by Government at a sale for arrears of revenue, the Collector, in the explanation given in his Return No. X. of the balances due from the estate, shall invariably report on what date the estate has been made over for re-settlement, and within what period he expects the settlement to be completed. This information is to be repeated in each succeeding Quarterly Statement until the estate is settled."

No. 2.

Circular Order No. 5, of January 1867, is hereby cancelled. The necessary alteration should be made in Rule 18, Section XVII, Chapter V, page 78, Board's Rules.

No. 3.

The 2nd clause of Rule 4, Section III, Chapter XIX, page 266, Board's Rules, should be struck out, and the following should be substituted:—

"Collectors will forward the English and vernacular notices together to the Board for transmission to the publishers of the Gazettes. They should be headed 'Notice of Sale' and should be very plainly signed and dated."

No. 4.

In order to facilitate the comparison between the entries made by District Officers in Return No. X, and those made in the Cash Accounts submitted to the Accountant-General, the Board are pleased to direct that receipts from "fines and forfeitures," which do not appear at present under the head "Forest" in Table V of Return No. X, shall be entered in it in future, under a separate head (d— 1).

No. 5.

In line 4, Rule 9, Section II, Chapter VII, page 148, Board's Rules, line 4, after "the revenue" add "and road cess."

No. 6.

Rule I, Section XII, at page 32 of the Board's Rules, is hereby rescinded, and the following substituted for it:—

I. All officers in charge of the Government Treasuries are authorized by orders of the Government of India, to act under Sections XVI and XXVIII of the Indian Coinage Act, No. XXIII of 1870.

Ia. On the tender to any such officer of silver coin purporting to be that of the Government of India, he shall, if he has reason to believe that

ক্রয় করা গেলে, যদি ঐ মহালের বন্দোবস্ত হওয়ার অপেক্ষায়, তাহার রাজস্ব আদায়ের কার্য্য স্থগিত থাকে, তবে কালেক্টর সাহেব আপনার ১০ নম্বরের রিটর্ণে ঐ মহালের বাকী পাওনার যে ব্যাখ্যা করেন, তন্মধ্যে ঐ মহাল পুনরায় বন্দোবস্ত হইবার নিমিত্ত কোন্ তারিখে সমর্পণ করা গেল, ও তাঁহার বিবেচনায় সেই বন্দোবস্ত সমাপ্ত করিতে কত দিন লাগিতে পারে এই কথাও তাঁহার লিখিতে হইবে। মহালের বন্দোবস্ত যত দিন না হয়, তত দিন তাঁহার তিন২ মাসের বর্ণনাপত্রে ঐ কথা লিখিতে হইবে।

---

২ নম্বর

১৮৬৭ সালের জানুআরি মাসের ৫ নম্বরের সরকুালর এতৎক্রমে রহিত করা গেল। তদনুসারে বোর্ডের বিধিপুস্তকের ১২৬ পৃষ্ঠায় ৫ অধ্যায়ের ১৭ পরিচ্ছেদের ১৮ ধারার পরিবর্ত্তন করিতে হইবে।

---

৩ নম্বর।

বোর্ডের বিধিপুস্তকের ৪১২ পৃষ্ঠায় ১৯ অধ্যায়ের ৩ পরিচ্ছেদের ৪ ধারার দ্বিতীয় পদ ত্যাগ করিয়া তৎপরিবর্ত্তে এই কথা দিতে হইবে।

"কালেক্টর সাহেবেরা ইঙ্গ্রেজী ও দেশীয় ভাষার নোটিস গেজেটের প্রকাশকদের নিকট পাঠাইবার জন্যে বোর্ডে প্রেরণ করিবেন। তাহার শিরোভাগে "নীলামের ইশতিহার" এই কথা লিখিতে হইবে। ও তাহাতে স্পষ্টরূপে স্বাক্ষর ও তারিখ লিখিতে হইবে।

---

৪ নম্বর।

আকৌন্টেন্ট জেনেরল সাহেবের নিকট নগদের যে হিসাব পাঠান যায় তাহার লিখিত কথার সঙ্গে জিলার কর্তৃপক্ষদের ১০ নম্বরের রিটর্ণের কথা অনায়াসে মিলাইয়া দেখা যাইতে পারে এই নিমিত্ত বোর্ডের সাহেবেরা এই আজ্ঞা করিয়াছেন। "অর্থ ও সম্পত্তি দণ্ড" দ্বারা প্রাপ্ত যে টাকা এইক্ষণে ১০ নম্বরের রিটর্ণের ৫ নং টেবিলে "বন" এই শীর্ষকে লেখা না গিয়া থাকে এই অবধি তাহা তন্মধ্যে স্বতন্ত্র দফামতে লিখিতে হইবে।

---

৫ নম্বর।

বোর্ডের বিধিপুস্তকের ২২৪ পৃষ্ঠায়, ৭ অধ্যায়ের ২ পরিচ্ছেদের ৯ ধারার ৩ পঁক্তিতে "রাজস্ব" শব্দের পর ও "পথের টাক্স" এই কথা দিতে হইবে।

---

৬ নম্বর।

বোর্ডের বিধিপুস্তকের ৫২ পৃষ্ঠায়, ১২ পরিচ্ছেদের ১ ধারা এতৎক্রমে রহিত করা গেল ও তৎপরিবর্ত্তে এই২ বিধি পাঠ্য।

১। যে সকল কার্য্যকারক গবর্ণমেন্টের খাজানাখানার অধ্যক্ষতা ভারপ্রাপ্ত হন, ভারতবর্ষের গবর্ণমেন্টের আজ্ঞাক্রমে তাঁহারা ভারতবর্ষীয় মুদ্রাবিষয়ক ১৮৭০ সালের ২৩ আইনের ১৬ ও ২৮ ধারামতে কার্য্য করিতে ক্ষমতাপন্ন হইলেন।

১ক। ভারতবর্ষের গবর্ণমেন্টের মুদ্রা বলিয়া রুপার মুদ্রা উক্ত কোন কার্য্যকারককে দেওয়া গেলে, তিনি সেই মুদ্রা অকৃত জ্ঞান করিলে কিম্বা ঘোষণাপত্র দ্বারা

it is genuine coin, but has been called in by proclamation, or has lost by reasonable wearing more than 2 per cent. in weight, by himself or another cut or break the coin, and either return the pieces to the person tendering the coin, or, at the option of the latter, receive it at the rate of one rupee per tolah.

1*b*. If such officer has reason to believe the coin to be counterfeit, or to have been reduced in weight otherwise than by reasonable wearing, he shall cut or break the coin and return the pieces to the person tendering it.

1*c*. All officers condemning coin under these rules must personally see it cut or broken and rendered unfit for currency.

1*d*. These rules, so far as they relate to light weight coins, must be considered permissive. It is not the desire of Government to interfere with the circulation of good coin which passes unquestioned in currency, even though it may, in exceptional cases, have lost something more than 2 per cent. by fair wear. On the other hand, where there is reason to suspect reduction of weight by other means, and still more in the case of counterfeit coin, the law should be rigidly enforced.

No. 7.

In line 4 of Rule I, Section VII, page 280, and in line 5 of Rule V, the same Section, at page 281 of the Board's Rules, the words "Section 2, Act VII (B.C.) of 1862" should be substituted for the words "Section 30, Regulation II of 1819."

No. 8.

Act VI of 1857 having been repealed by the new Land Acquisition Act X 1870, Chapter I of the Board's Rules is hereby cancelled, except as regards cases in which the proceedings commenced under the former Act have not yet been brought to a close.

2. The Board are now distributing to all Commissioners and Collectors copies of the pamphlet containing the directions for the administration of Act X of 1870. Collectors should supply all officers in their districts, who may be concerned in the working of the Act, with copies of the pamphlet. A copy should also be supplied for record in each sub-divisional office. Special care should be taken of the copies of the pamphlet which are not required for immediate use.

3. Collectors are requested to indent upon the Superintendent of Stationery for the requisite

তাহার চলন রহিত করা গেলে কিম্বা উপযুক্ত ব্যবহার-দ্বারা ক্ষয় পাইয়া তাহার ওজন শতকরা দুই অংশের অধিক কমিয়া গেলে তিনি আপনি কিম্বা অন্য ব্যক্তির দ্বারা তাহা কাটিয়া বা ভাঙ্গিয়া, যে ব্যক্তি ঐ মুদ্রা আনিলেন তাঁহাকে ঐ কাটা কি ভাঙ্গা মুদ্রা ফিরিয়া দিবেন কিম্বা তাঁহার স্থানে তোলা প্রতি ১৲ টাকা হিসাবে লইবেন।

১খ। কোন কারণে সেই মুদ্রা কৃত্রিম কিম্বা যুক্তিমত ব্যবহারদ্বারা ক্ষয় না হইয়া অন্য প্রকারে তাহার ওজন কম করা গিয়াছে উক্ত কার্য্যকারক কোন কারণে এমত জ্ঞান করিলে, সেই মুদ্রা কাটিয়া কি ভাঙ্গিয়া যে ব্যক্তি মুদ্রা আনিলেন তাঁহাকে ঐ কাটা কি ভাঙ্গা খণ্ড ফিরিয়া দিবেন।

১গ। উক্ত কার্য্যকারকেরা এই বিধিমতে মুদ্রা অচলনীয় বলিয়া নির্ণয় করিলে, সেই মুদ্রা যে কাটিয়া কি ভাঙ্গিয়া ফেলা যায় ও চলিবার অনুপযুক্ত করা যায় ইহা স্বচক্ষে দেখিবেন।

১ঘ। কম ওজনের মুদ্রা সম্পর্কীয় এই বিধি কেবল অনুমতিদানসূচক বিধি জ্ঞান করিতে হইবে। স্থলবিশেষে উপযুক্ত ব্যবহার দ্বারা ক্ষয় হইয়া ভাল মুদ্রার ওজন শতকরা দুই অংশের কিঞ্চিৎ অধিক কমিয়া গেলেও যদি ঐ মুদ্রার চলনবিষয়ে সাধারণের কোন আপত্তি না থাকে, তবে গবর্ণমেণ্ট তাহার চলিবার বাধা করিতে চাহেন না। পরন্তু মুদ্রার ওজন অন্য কোন উপায়ে কম করা গিয়াছে এমত সন্দেহ হইবার কারণ থাকিলে, বিশেষতঃ মুদ্রা কৃত্রিম জানা গেলে, আইনঅনুসারে অতি দৃঢ়মতে কার্য্য করিতেই হইবে।

---

৭ নম্বর।

বোর্ডের বিধিপুস্তকের ৪৩৩ পৃষ্ঠায়, ৭ পরিচ্ছেদের ১ ধারার ৩ পংক্তিতে এবং ৪৩৫ পৃষ্ঠায় ঐ পরিচ্ছেদের ৫ ধারার ৪ পংক্তিতে "১৮১৯ সালের ২ আইনের ৩০ ধারা" এই কথার পরিবর্ত্তে "১৮৬২ সালের বঙ্গীয় ৭ আইনের ২ ধারা" পাঠ করিতে হইবে।

---

৮ নম্বর।

ভূমি গ্রহণবিষয়ক ১৮৭০ সালের ১০ আইনমতে ১৮৫৭ সালের ৬ আইন রহিত হইয়াছে, এইপ্রযুক্ত বোর্ডের বিধিপুস্তকের ১ অধ্যায় রহিত করা গেল। কিন্তু শেষোক্ত আইনমতে কার্য্য আরম্ভ হইয়া যদ্যপি সমাপ্ত না হইয়া থাকে, তবে তদ্বিষয়ে উক্ত বিধি প্রবল থাকিবে।

২। ১৮৭০ সালের ১০ আইনমতে যে বিধি মানিয়া কার্য্য সম্পাদন করিতে হইবে বোর্ডের সাহেবেরা সকল কমিশ্যনর ও কালেক্টর সাহেবদিগকে এইক্ষণে সেই বিধির কএক খানি পুস্তক দিতেছেন। কালেক্টর সাহেবদের জিলার মধ্যে উক্ত আইন সংক্রান্ত কার্য্যে যে কর্ম্মকারকদের সম্পর্ক থাকে কালেক্টর সাহেবেরা তাঁহারদিগকে উক্ত এক২ খানি পুস্তক দিবেন। আরো প্রত্যেক মহকুমার কাছারী ঘরেও ঐ পুস্তকের এক২ খানি রাখিতে হইবে। উক্ত যে২ পুস্তক এক্ষণে কর্ম্মে না লাগে তাহা অত্যন্ত সাবধানে রাখিতে হইবে।

৩। ঐ বিধিপুস্তকের ক্রোড়পত্রানুসারে A অবধি M পর্য্যন্ত যে সকল পাঠের ব্যবহার হইবে, কালেক্টর

supplies of copies of the forms, Appendices A to M, of the directions.

No. 9.

The following rule is added as Rule 11, Section III, Chapter VII, page 150 of the Board's Rules:—

Diluviated estates, the property of Government, are not to be removed from the Rent Roll. A similar course is to be followed in the case of diluviated estates other than the property of Government, so long as the revenue is paid by the proprietors. On failure of a proprietor to pay, the fact must be reported to the Board.

Orders by the Lieutenant-Governor of Bengal.

REVENUE AND GENERAL DEPARTMENTS

No. 304R.

APPOINTMENTS.

The 24th February 1871.—Mr. Hugh Lloyd Jones to be a Member of the Local Committee of Public Instruction at Dinagepore.

Mr. Arthur Weekes, Officiating Joint-Magistrate and Deputy Collector of Purneah, is vested with the powers of a Collector, under Act XVI. of 1870, in that District.

The 25th February 1871.—Mr. C. H. Tawney, M.A., to officiate in the Second Class of the Bengal Educational Service, during the absence, on leave, of Mr. J. Sanders, or until further orders.

The 27th February 1871.—Shah Mahomed Ishaq, Deputy Magistrate and Deputy Collector, Bhaugulpore, is transferred temporarily to Purneah, and vested with the powers of a Collector under Act XVI. of 1870.

Mr. Adam Gillies Tytler to officiate as Sub-Deputy Opium Agent of Chuprah, during the absence, on leave, of Mr. George Field, or until further orders.

Mr. William Blundell to officiate as Sub-Deputy Opium Agent of Allygunge, during the absence, on deputation, of Mr. Adam Gillies Tytler, or until further orders.

The 28th February 1871.—Moulvie Azharool Huq, Deputy Magistrate and Deputy Collector, to have charge of the Sub-division of Magoorah, in Jessore, during the absence, on leave, of Mr. James Francis Bradbury, or until further orders.

সাহেবেরা তাহার মধ্যে যত খানি চাহেন ষ্টেশনরির সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের নিকট তাহার নিমিত্ত পত্র লিখিবেন।

---

৯ নম্বর।

বোর্ডের বিধিপুস্তকের ২২৮ পৃষ্ঠার ৭ অধ্যায়ের ৩ পরিচ্ছেদের ১১ ধারা বলিয়া এই ধারা দিতে হইবে।

গবর্ণমেণ্টের যে মহাল শিকস্তু হইয়া যায় তাহা তৌজীহইতে উঠাইয়া দিতে হইবে না। যে মহাল গবর্ণমেণ্টের সম্পত্তি না হইয়াও শিকস্তু হয় তাহার ভূম্যধিকারিরা যত কাল রাজস্ব দিয়া থাকেন তত কাল তাহাও উঠাইয়া দিতে হইবে না। ভূম্যধিকারী রাজস্ব না দিলে সেই কথা বোর্ডে জানাইতে হইবে।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্ট।

---

৩০৪ R নম্বর।

নিয়োগ।

১৮৭১ সাল ২৪ ফেব্রুআরি।—শ্রীযুত হিউ লয়ড জোন্স সাহেব দিনাজপুরে সাধারণের শিক্ষাসংক্রান্ত কমিটীর মেম্বর হইবেন।

পুরণিয়ার একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত আর্থর উইকস সাহেব ঐ জিলাতে ১৮৭০ সালের ১৬ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

১৮৭১ সাল ২৫ ফেব্রুআরি।—শ্রীযুত জে সাণ্ডর্স সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত সি, এচ, টনি সাহেব এম, এ, বঙ্গদেশের শিক্ষাসংক্রান্ত কার্য্যের দ্বিতীয় শ্রেণীমতে কর্ম্ম করিবেন।

১৮৭১ সাল ২৭ ফেব্রুআরি।—ভাগলপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত শাহ মহম্মদ ইসাক কিয়ৎকালের নিমিত্তে পুরণিয়ায় প্রেরিত হইয়াছে এবং ১৮৭০ সালের ১৬ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত জর্জ ফিলড সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত আডাম গিলিস টাইটলর সাহেব ছাপরার আফীমের সব-ডেপুটী এজেণ্টের কর্ম্ম করিবেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত আডাম গিলিস টাইটলর সাহেবের অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত উলিয়ম ব্লণ্ডেল সাহেব আলীগঞ্জের আফিমের সব-ডেপুটী এজেণ্টের কর্ম্ম করিবেন।

১৮৭১ সাল ২৮ ফেব্রুআরি। শ্রীযুত জেমস্ ফ্রান্সিস ব্রাডবরি সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী আজার উল্‌হক যশোহরের অন্তর্গত মাগুরা শাখাখণ্ডের অধ্যক্ষতা ভার পাইবেন।

The following gentlemen to be Members of the Local Committee of Public Instruction at Beerbhoom:—

Mr. Colman Patrick Louis Macaulay, M.A.

Baboo Nobin Kristo Sircar.

Mr. Edward Vesey Westmacott, B.A., to officiate temporarily as Magistrate and Collector of Dinagepore, in the Second Grade.

Mr. William Bushe Power to officiate as Joint-Magistrate and Deputy Collector of Sylhet, during the absence, on leave, of Mr. Frederick William Voysey Peterson, or until further orders.

LEAVE OF ABSENCE.

The 24th February 1871.—Mr. Ross Lowis Mangles, Officiating Secretary to the Board of Revenue, Lower Provinces, for two weeks, under Section XVIII. of the Covenanted Service Absentee Rules, in extension of the leave granted to him under the orders of the 31st ultimo.

The 25th February 1871.—Mr. J. Sanders, Professor in the Presidency College, is allowed twenty months' leave of absence to Europe on Medical Certificate, together with preparatory eave from the 13th to the 28th instant.

The 28th February 1871.—Mr. Henry Leland Harrison, B.A., is allowed four days' subsidiary leave of absence, to enable him to rejoin his appointment as Junior Secretary to the Government of Bengal on his return from furlough.

Mr. James Francis Bradbury, Assistant Magistrate of Magoorah, in Jessore, is allowed special leave for one month, from the 1st proximo, under Section XXIII of the Covenanted Service Absentee Rules.

Baboo Sham Chunder Nath, Deputy Magistrate and Deputy Collector, Mymensing, for one and a half months, under the Financial Notification No. 3622, dated the 22nd December 1865, from the 15th proximo, or any other day within one month after that date on which he may take the leave.

NOTIFICATION.

The 28th February 1871.—Mr. Henry Leland Harrison, B.A., Junior Secretary to the Government of Bengal, having returned to Bombay on the 18th instant, the unexpired portion of the furlough granted to him under the orders of the 16th February 1869 is cancelled.

RIVERS THOMPSON,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 22nd February 1871.—The following list of villages transferred from the District of Gha-

নিম্নলিখিত মহাশয়েরা বীরভূমে সাধারণের শিক্ষা সংক্রান্ত কমিটীর মেম্বর হইবেন,

শ্রীযুত কোলমান পার্টিক লুইস মাকলি সাহেব এম, এ।

শ্রীযুত বাবু নবীনকৃষ্ণ সরকার।

শ্রীযুত এডওয়ার্ড বেসি ওয়েষ্টমাকট সাহেব বি. এ. কিয়ৎকালের নিমিত্তে দ্বিতীয় শ্রেণীমতে দিনাজপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত ফ্রেড্রিক উলিয়ম বয়সি পিটারসন সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত উলিয়ম বুশ পৌয়র সাহেব শ্রীহট্টের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৭১ সাল ২৪ ফেব্রুআরি।—বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের একটিং সেক্রেটারী শ্রীযুত রস্ লোইস মাঙ্গেলস সাহেব গত মাসের ৩১ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ ধারামতে দুই সপ্তাহ ছুটী পাইয়াছেন।

১৮৭১ সাল ২৫ ফেব্রুআরি।—প্রেসিডেন্সী কালেজের অধ্যাপক শ্রীযুত জে সাণ্ডর্স সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে ইউরোপে গমনার্থ বিশ মাস ছুটী পাইয়াছেন, তদ্ভিন্ন এই মাসের ১৩ অবধি ২৮ তারিখ পর্য্যন্ত প্রস্তুত হওনার্থে ছুটী পাইয়াছেন।

১৮৭১ সাল ২৮ ফেব্রুআরি।—শ্রীযুত হেনরি লিলাণ্ড হারিসন সাহেব বি, এ, নিয়মিত ছুটী হইতে প্রত্যাগমন করাতে বঙ্গদেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটারীর কর্ম্ম পুনঃগ্রহণ করিতে পারিবার নিমিত্তে চারি দিন উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

যশোহরের অন্তর্গত মাগুরার আসিষ্টান্ট মাজিষ্ট্রেট শ্রীযুত জেমস্ ফ্রান্সিস ব্রাডবরি সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ২৩ ধারামতে আগামি মাসের ১ তারিখঅবধি এক মাস বিশেষ ছুটী পাইয়াছেন।

ময়মন সিংহের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু শ্যামচন্দ্র নাথ, আগামি মাসের ১৫ তারিখঅবধি অথবা তাহার পর এক মাসের মধ্যে যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি ফিনান্শ্যাল ডিপার্টমেণ্টের ১৮৬৫ সালের ডিসেম্বর মাসের ২২ তারিখের ৩৬২২ নং বিজ্ঞাপনমতে দেড় মাস ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৭১ সাল ২৮ ফেব্রুআরি—বঙ্গদেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটারী শ্রীযুত হেনরি লিলাণ্ড হারিসন সাহেব বি, এ, এই মাসের ১৮ তারিখে বোম্বাইয়ে প্রত্যাগমন করাতে ১৮৬৯ সালের ফেব্রুআরি মাসের ১৬ তারিখের আজ্ঞামতে যে নিয়মিত ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত করা গেল।

রিবর্স তামসন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

বিজ্ঞাপন।

১৮৭১ সাল ২২ ফেব্রুআরি।—১৮৬৮ সালের নবেম্বর মাসের ১৬ তারিখের যে বিজ্ঞাপন ঐ মাসের ২৪

zeepore to that of Shahabad is published, in supersession of that given in the Notification of the 16th November 1868, at page 1851 of the *Calcutta Gazette* of the 18th idem :—

1. Shewpoor-Dear-Nowberar.
2. Oomurpoor-Deara.
3. Bara-Singha.
4. Bara-Puttee-Judas-Kooer.
5. Tika-Simureea.
6. Oomurputtee-Futtehpoor.
7. Nurdurah.
8. Nipuneah.
* 9. Shewpoor-Dear-Chuke.
*10. Suraimunpoor-Hurnarain.
*11. Arazee Belabundobustee.
*12. Arazee-Bahoora.
*13. Seopoor-Capoor-Deara.
*14. Jownhee Dear.

Note.—The revenue of the villages marked thus,* which form part of the estates of Ghazeepore, will continue to be paid, as at present, into the Ghazeepore collectorate.

RIVERS THOMPSON,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 27th February 1871.—Mr. John Mountstuart Elphinstone Gouldsbury, District Superintendent of Police, in the Khasi and Jynteeah Hills, has passed in the Khasi language.

RIVERS THOMPSON,
Offg. Secy. to the Govt. of Bengal.

JUDICIAL AND POLITICAL DEPARTMENTS

No. 233J.

APPOINTMENTS.

The 22nd February 1871.—Major William Henry Joseph Lance is appointed, under Section 3, Act II. of 1869, to be a Justice of the Peace within the territories under the Lieutenant-Governor's control.

The 23rd February 1871.—Captain Alfred Reginald Wilkinson to officiate in the Third Grade of District Superintendents of Police, with effect from the 11th instant.

Surgeon Charles Julian Jackson to officiate as Civil Surgeon of Patna, during the absence, on special duty, of Surgeon Benjamin Simpson, or until further orders.

[*Government Gazette, 7th March* 1871.]

তারিখের বাঙ্গলা গেজেটের ১৩৮৭ পৃষ্ঠায় প্রকাশ হইয়াছিল তাহা রহিত করা গেল ও তৎপরিবর্ত্তে গাজীপুর জিলাহইতে যেং গ্রাম উঠাইয়া শাহাবাদ জিলাভুক্ত হইয়াছে তাহার নিম্নলিখিত লিষ্ট প্রকাশ করা গেল।

১। শিবপুর দীয়ার নৌবেরার।
২। উমরপুর দীয়ারা।
৩। বড়সিংহ।
৪। বড় পটী যুদাস-কুয়ার।
৫। টীকা সিমুরিয়া।
৬। উঁমর পটী ফতেপুর।
৭। নর্দ্দরা।
৮। নিপুণিয়া।
* ৯। শিবপুর দীয়ার চক।
* ১০। শরেমনপুর-হরনারায়ণ।
* ১১। আরাজী-বিলা-বন্দোবস্তী।
* ১২। আরাজী-বাহুরা।
* ১৩। শিবপুর-কাপুর-দিয়ারা।
* ১৪। জৌনহি দীয়ার।

মন্তব্য। গাজীপুরের অন্তর্গত মহালের যেং গ্রামের পার্শ্বে * এই চিহ্ন দেওয়া গেল সেইং গ্রামের রাজস্ব এক্ষণে যেমন গাজীপুরের কালেক্টরীতে দেওয়া গিয়া থাকে তেমনি দেওয়া যাইবে।

রিবর্স তামসন।
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

বিজ্ঞাপন।

১৮৭১ সাল ২৭ ফেব্রুআরি।—খাসী ও জয়ন্তী পর্ব্বতের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত জান মৌণ্টষ্টুয়ার্ট এলফিনিষ্টোন গুল্ডস্বরি সাহেব খাসী ভাষাতে পরীক্ষোত্তীর্ণ হইয়াছেন।

রিবর্স তামসন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

জুডিশ্যল ও পলিটিকাল ডিপার্টমেন্ট

---

২৩৩ J. নম্বর।

নিয়োগ।

১৮৭১ সাল ২২ ফেব্রুআরি।—মেজর শ্রীযুত উলিয়ম হেনরি যোজেফ লান্স সাহেব শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন দেশে ১৮৬৯ সালের ২ আইনের ৩ ধারামতে শান্তিরক্ষার্থ জষ্টিসের পদে নিযুক্ত হইবেন।

১৮৭১ সাল ২৩ ফেব্রুআরি।—কাপ্তেন শ্রীযুত আলফ্রেড রেজিনাল্ড উইলকিন্সন সাহেব এই মাসের ১১ তারিখ অবধি পোলীসের তৃতীয় শ্রেণীর ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

বিশেষ কার্য্যোপলক্ষে সর্জ্জন শ্রীযুত বেঞ্জামিন সিমসন সাহেবের অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত সর্জ্জন শ্রীযুত চার্লস জুলিয়ন্ জাক্সন সাহেব পাটনার সিবিল চিকিৎসকের কর্ম্ম করিবেন।

The 27th February 1871.—The following appointments are made, *vice* Captain C. Burbank, resigned :—

Dr. J. G. Garrow Grant to be Protector of Emigrants and Superintendent of Labor Transport, Calcutta.

Dr. P. B. C. Ayres to have medical charge of the Sub-division of Kooshtea, and to be Superintendent of Labor Transport and Medical Inspector of Laborers at that station.

LEAVE OF ABSENCE.

The 23rd February 1871.—Lieutenant-Colonel Adrian Hugh Paterson, Deputy Inspector-General of Police, Lower Provinces, is allowed subsidiary leave for a period not exceeding thirty days, preparatory to proceeding to Europe on furlough.

The 27th February 1871.—Major Thomas Buttanshaw, District Superintendent of Police, Beerbhoom, is allowed fifteen days' subsidiary leave of absence from the 8th proximo, preparatory to proceeding to Europe on furlough.

A. EDEN,
Secy. to the Govt. of Bengal.

১৮৭১ সাল ২৭ ফেব্রুআরি।—কাপ্তান শ্রীযুত সি, বরবাঙ্ক সাহেব কর্ম্ম ত্যাগ করাতে তৎপরিবর্ত্তে নিম্নলিখিত নিয়োগ করা গেল।

ডাক্তর শ্রীযুত জে, জি, গারোগ্রাণ্ট সাহেব কলিকাতায় মজুররক্ষক ও মজুর প্রেরণের সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

ডাক্তর শ্রীযুত পি, বি, সি, এর্স সাহেব কুষ্ট্যা-শাখাখণ্ডের চিকিৎসা কার্য্যের অধ্যক্ষতাভার পাইবেন ও উক্ত মোকামের মজুর প্রেরণের সুপরিণ্টেণ্ডেণ্ট ও মজুরদের পরিদর্শনার্থ চিকিৎসক হইবেন।

ছুটী।

১৮৭১ সাল ২৩ ফেব্রুআরি।—বঙ্গপ্রভৃতিদেশের পোলীসের ডেপুটী ইনস্পেকটর জেনরল লেপ্টেনেণ্ট কর্ণেল শ্রীযুত এড্রিয়ন হিউ পাটরসন সাহেব নিয়মিত ছুটী লইয়া ইউরোপে গমনার্থ প্রস্তুত হইবার জন্যে ত্রিশ দিনের অনধিক উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

১৮৭১ সাল ২৭ ফেব্রুআরি।—বীরভূমের পোলীসের ডিষ্ট্রিকট সুপরিণ্টেণ্ডেণ্ট মেজর শ্রীযুত তামস বটনশা সাহেব নিয়মিত ছুটী লইয়া ইউরোপে গমনার্থ প্রস্তুত হইবার জন্যে আগামি মাসের ৮ তারিখ অবধি পনের দিন উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

এ ইডন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

NOTIFICATION.

The 23rd February 1871.—It is hereby notified that under Section 68 of Act VI. (B.C.) of 1870 (The Village Chowkedaree Act) the Lieutenant-Governor of Bengal has been pleased to extend the provisions of the Act to the undermentioned Districts, where the Act shall commence and take effect from the 1st day of April next :—

1. Patna.	5. Rajshahye.
2. Bhaugulpore.	6. Dacca.
3. Beerbhoom.	7. Chittagong.
4. Jessore.	

It is further notified that in each of the first three Districts the Lieutenant-Governor has, under Section 58 of the Act, appointed a Commission, consisting of the gentlemen named below, to ascertain and determine the Chowkeedaree Chackran lands, and other lands heretofore assigned in the District, for the maintenance of any officer to keep watch in any village and to report crime to the Police :—

In Patna.

The District Superintendent of Police for the time being.

Moulvie Jainooddeen Hossein, Deputy Magistrate and Deputy Collector.

In Bhaugulpore.

The District Superintendent of Police for the time being.

বিজ্ঞাপন।

১৮৭১ সাল ২৩ ফেব্রুআরি।—১৮৭০ সালের বঙ্গীয় ৬ আইনের (অর্থাৎ গ্রাম্য চৌকীদারী আইনের) ৬৮ ধারামতে এই সংবাদ দেওয়া গেল বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব নিম্নলিখিত জিলাতে উক্ত আইনের বিধান প্রচলিত করিয়াছেন তাহা আগামি আপ্রিল মাসের ১ তারিখ অবধি আরম্ভ হইয়া প্রবল হইবে।

১। পাটনা।	৫। রাজশাহী।
২। ভাগলপুর।	৬। ঢাকা।
৩। বীরভূম।	৭। চট্টগ্রাম।
৪। যশোহর।	

আরো সংবাদ দেওয়া যাইতেছে যে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব উক্ত আইনের ৫৮ ধারামতে প্রথমোক্ত তিন জিলায় নিম্নলিখিত মহাশয়দিগকে কমিশ্যনস্বরূপ নিযুক্ত করিয়াছেন। কোন গ্রামে চৌকী দিবার ও পোলীসে অপরাধের সংবাদ দিবার কার্য্যকারকের ভরণপোষণের নিমিত্তে চৌকীদারী যে চাকরান্ ভূমি আছে ও জিলার মধ্যে অন্য যে ভূমি নিরূপণ হইয়াছে তাঁহারা তাহা নিশ্চিতমতে জানিয়া নির্ণয় করিবেন।

পাটনায়।

যিনি যে সময়ে পোলীসের ডিষ্ট্রিকট সুপরিণ্টেণ্ডেণ্ট হন তিনি।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী জৈনুদ্দীন্ হুসেন।

ভাগলপুরে।

যিনি যে সময়ে পোলীসের ডিষ্ট্রিকট সুপরিণ্টেণ্ডেণ্ট হন, তিনি।

Baboo Poran Chunder Newgy, Deputy Magistrate and Deputy Collector.

In Beerbhoom.

The District Superintendent of Police for the time being.

Baboo Nobin Kristo Sircar, Deputy Magistrate and Deputy Collector.

A. EDEN,
Secy. to the Govt. of Bengal.

DECLARATION.

The 21st February 1871.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense, for a public purpose, *viz.*, for building a pound-keeper's house at Futooha, Pergunnah Azimabad, Zillah Patna, it is hereby declared that, for the above purpose, a piece of land is required, measuring 2 cottahs 9 dhoors, more or less; bounded on the east by a ditch; west by a public road; north by Futooha Police station; and south by Choony Gowallah's house.

This Declaration is made, under Section 6, Act X. of 1870, to all whom it may concern.

A. EDEN,
Secy. to the Govt. of Bengal.

DECLARATION.

The 22nd February 1871.—Whereas it appears to the Hon'ble the Lieutenant-Governor of Bengal that land is required by the Municipal Commissioners of Howrah, to be taken by Government at their expense for a public purpose, *viz.*, as a site for the erection of a public latrine, it is hereby declared that, for the above purpose, a plot of land is required, situated at Ross's Road, in the District of Howrah, and measuring 6 cottahs, more or less. It is bounded on the north by Sreedhur Banerjee's, Gopaul Nye's, and Sooboh Bewah's land; on the south by Fukeerah Mether's, Suhochurry Bewah's, and Urjoon Mether's land; on the east by Pittamber Banerjee's boitackhana; and on the west by Sreemutty Boistobee's and Odhur Doss's land.

This Declaration is made, under the provisions of Act X. of 1870, to all whom it may concern.

A. EDEN,
Secy. to the Govt. of Bengal.

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু পরাণচন্দ্র নিয়োগী।

বীরভূমে।

যিনি যে সময়ে পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেন্ট হন, তিনি।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু নবীনকৃষ্ণ সরকার।

এ ইডন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

বিজ্ঞাপন।

ছুটী।

১৮৭১ সাল ১ মার্চ।—উত্তরপূর্ব্ব খণ্ডের বিদ্যালয় সমূহের ইনস্পেকুটর শ্রীযুত জি. বেলেট সাহেব, এম, এ, গত নবেম্বর মাসের ২১ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে এক মাস ছুটী পাইয়াছেন।

১৮৭১ সাল ৩ মার্চ।—সিবিল কার্য্যসম্পর্কীয় শ্রীযুত উলিয়ম কর্ণেল সাহেব গত মাসের ২৪ তারিখে নিয়মিত ছুটী হইতে প্রত্যাগমন করাতে আপন কর্ম্ম পুনগ্রহণ করিতে পারিবার নিমিত্ত উক্ত তারিখ অবধি নিয়মিত উপকরণার্থ ছুটী পাইয়াছেন। তাঁহার নিয়মিত ছুটীর অবশিষ্টাংশ রহিত করা গেল।

Captain Ninian Lowis, Assistant Commissioner of Hazareebaugh, for five weeks, under Section XIX. of the Covenanted Service Absentee Rules, from the 8th instant, or any day within a month after that date on which he may take it.

The 6th March 1871.—Mr. Delabene Weston Marsden, Assistant Magistrate and Collector of Cuttack, is allowed furlough on Medical Certificate for two years, under Section VIII. of the Covenanted Service Absentee Rules.

Mr. Francis James Alexander, of the Civil Service, is allowed the usual subsidiary leave to enable him to rejoin his appointment on his return from furlough.

The 7th March 1871.—Baboo Goluck Chunder Roy, Deputy Magistrate and Deputy Collector, Moorshedabad, for two months and sixteen days, under Financial Notification No. 3622, dated the 22nd December 1865.

Mr. William Charles Muller, Extra Assistant Commissioner, Darjeeling, for two months, under Financial Notification No. 3622, dated the 22nd December 1865.

Mr. H. W. W. Ellis, Deputy Magistrate and Deputy Collector, Jessore, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from the 14th instant, or any day within one month of that date on which he may take the leave.

NOTIFICATION.

The 28th February 1871.—Baboo Bogolanund Mookerjee, Deputy Magistrate and Deputy Collector, Burdwan, having returned to duty on the 5th instant, the unexpired portion of the leave granted to him under the orders of the 20th idem is cancelled.

The 3rd March 1871.—Major Frederick Collingridge, Commandant of the Behar Mounted Rifle Volunteers, reported his return to India from leave of absence on the 18th December last.

The 6th March 1871.—Mr. Francis James Alexander, of the Civil Service, having reported his return to India on the 28th ultimo per Steamer *Australia*, the unexpired portion of his furlough is cancelled.

RIVERS THOMPSON,
Offg. Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette*, 14*th March* 1871.]

হাজারীবাগের আসিষ্টান্ট কমিশ্যনর কাপ্তান শ্রীযুত নিনিয়ান্ লোইস সাহেব এই মাসের ৮ তারিখঅবধি অথবা তাহার পর এক মাসের মধ্যে যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৯ ধারামতে পাঁচ সপ্তাহ ছুটী পাইয়াছেন।

১৮৭১ সাল ৬ মার্চ।—কটকের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডেলাবীন ওয়েষ্টন্ মার্সডেন্ সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৮ ধারামতে দুই বৎসর নিয়মিত ছুটী পাইয়াছেন।

সিবিল কার্য্যসংক্রান্ত শ্রীযুত ফ্রান্সিস জেমস আলেকজাণ্ডর সাহেব নিয়মিত ছুটী হইতে প্রত্যাগমন করিয়া আপন কর্ম্ম পুনর্গ্রহণ করিতে পারিবার নিমিত্ত নিয়মিত উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

১৮৭১ সাল ৭ মার্চ।—মুরশিদাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গোলোকচন্দ্র রায় ফিনান্সিয়ল ডিপার্টমেন্টের ১৮৬৫ সালের ডিসেম্বর মাসের ২২ তারিখের ৩৬২২ নং বিজ্ঞাপনমতে দুই মাস ষোল দিন ছুটী পাইয়াছেন।

দার্জ্জিলিঙ্গের অতিরিক্ত আসিষ্টান্ট কমিশ্যনর শ্রীযুত উলিয়ম চার্লস মলর সাহেব ফিনান্সিয়ল ডিপার্টমেন্টের ১৮৬৫ সালের ডিসেম্বর মাসের ২২ তারিখের ৩৬২২ নং বিজ্ঞাপনমতে দুই মাস ছুটী পাইয়াছেন।

যশোহরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ, ডবলিউ ডবলিউ এলিস সাহেব এই মাসের ১৪ তারিখঅবধি অথবা তাহার পর এক মাসের মধ্যে যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাস পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৭১ সাল ২৮ ফেব্রুআরি।—বর্দ্ধমানের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু বগলানন্দ মুখোপাধ্যায় এই মাসের ৫ তারিখে আপন কর্ম্মে প্রত্যাগমন করাতে গত মাসের ২০ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত করা গেল।

১৮৭১ সাল ৩ মার্চ।—বেহারের অশ্বারোহী রাইফল বলণ্টিয়র দলের কমাণ্ডান্ট মেজর শ্রীযুত ফ্রেড্রিক কলিঙ্গ্রিজ সাহেব গত ডিসেম্বর মাসের ১৮ তারিখে ছুটী হইতে ভারতবর্ষে প্রত্যাগমন করিয়াছেন এমত রিপোর্ট করেন।

১৮৭১ সাল ৬ মার্চ।—সিবিল কার্য্য সংক্রান্ত শ্রীযুত ফ্রান্সিস জেমস আলেকজণ্ডার সাহেব অষ্ট্রেলিয়া নামক ষ্টীমরে গত মাসের ২৮ তারিখে ভারতবর্ষে প্রত্যাগমন করেন এমত রিপোর্ট করাতে তাঁহার নিয়মিত ছুটীর অবশিষ্ট কাল রহিত করা গেল।

রিবর্স তামসন।
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

The following Order, issued by the Government of India, in the Public Work Department, is republished for general information :—

No 13. *F.—Revenue—Forests—The* 16*th February* 1871.—**The following rules drawn up under Act VII. of 1865 have been confirmed by the Viceroy and Governor General in Council, and are, in accordance with section 6 of the Act, published in the *Gazette of India*:—**

Rules for the better management and preservation of the Government Forests in the Lower Provinces of Bengal.

PART I.

PRELIMINARY.

These rules shall be in force in those tracts of land which may be declared to be Government forests under Act VII. of 1865, and they shall regulate the transit of timber and other matters in those districts to which these rules may be extended by an order of the Government of Bengal published in the *Gazette.*

2. On any tract being declared by notification under section 2, Act VII. of 1865, to be subject to the provisions of that Act, it shall be subject to the authority of the conservator of forests under the following rules Provided that the Government may appoint any person, other than the conservator of Bengal forests, to be conservator of any specified tract.

3. Divisions and sections of Government forests will be placed under the management of deputy and assistant conservators, as may be determined by the Government of Bengal.

4. All officers charged with the protection and management of any Government forests, or with the control and management of any matters to which these rules relate, will be designated forest officers.

5. The Government forests, as notified under section 2, Act VII. of 1865, shall be marked on a copy of the revenue survey map of the district, which shall be deposited in the office of the commissioner of the division, and attested by his signature.

6. There will be two classes of forests—"reserved" and "open"; and whenever any notification is issued under section 2 of Act VII. of 1865, rendering any land subject to the provisions of that Act, such notification shall state whether such land is to be a reserved or an open forest

PART II.

OF RESERVED FORESTS.

7. The reserved forests shall consist of tracts or forest of waste lands, the soil of which is the property and is in the possession of Government, which may be set apart as such by order of Government, and defined by notification in the official *Gazette.* The conservator of forests and his subordinates shall have entire administration, custody, and control over these forests and their products.

8. Within reserved forests no tree of any kind is to be felled, nor shall any forest produce be removed without general or special authority obtained from the conservator of forests.

9. The boundaries of these forests must be clearly marked off by substantial marks where no natural boundaries exist. Should villages be included within these tracts, the boundaries around the village lands must be demarcated in the same manner as the forest, subject to the proviso in section 2, Act VII of 1865.

10 Whenever the Government may resolve to set apart any tract as a reserved forest, the privileges which villagers are to be allowed to enjoy, and any customary rights which may belong to them in the matter of providing themselves with fire-wood and wood for domestic and farming purposes and otherwise, shall be distinctly defined and approved by Government. It shall not be competent to the conservator in any way to restrict or modify privileges so allowed, except with the approval of Government.

11. As soon as the notification required by section 2 of the Government Forest Act, stating that the forest is to be a reserved forest, is published in the *Gazette*, a notification shall be published and issued to the villages around, mentioning the boundaries of the tract reserved, warning the villagers against trespass or mischief, and defining the restrictions imposed on them, and the privileges allowed to them, within the reserved forest under this section. This notification will be issued by the district officer, and a copy will be sent to the forest officer for information. The conservator will, nevertheless, be careful to give prompt attention and consideration to any complaints which may subsequently be preferred, to the effect that the restrictions so imposed infringe rights of, or inflict hardship upon, individuals or communities.

12. The conservator of forests may prohibit all persons from passing through a reserved forest, except by the authorized roads or paths, of which a list shall be published, drawn up by the conservator in conjunction with the chief civil authority.

PART III.

OF OPEN FORESTS.

13. The open forests shall consist of such tracts of forest or waste land notified under section 2, Act VII. of 1865, as may not, by special notification, be included in the reserved forests. In these tracts the authority of the forest department shall extend only to the protection of such reserved trees as may from time to time be notified with the approval of the local Government.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭১। ১৪ মার্চ।]

14. Within the limits of open forests, and subject to the proviso in section 2, Act VII. of 1865, no person, without the permission of the forest officer, may mark, cut, girdle, or fell, or in any way injure any tree of the kinds which may be reserved as aforesaid.

15. Until the Government forests, to which these rules shall be applicable in any district, are settled and defined under section 2 of the Act, no lands in the district which are covered with trees, brushwood, or jungle, and after the forests shall have been defined, no such land in the open forests, shall be sold, nor shall grants or leases in such lands be given, except under the orders of the commissioner, who should, before passing final orders, communicate with the forest department; and in case of difference of opinion between him and that department, refer the question to the Government.

16. In addition to the reservation of the trees of the kinds which may be notified as reserved under rule 13, it shall be competent to the conservator of forests and his assistants to prohibit the felling, cutting, or otherwise using trees of other kinds which they may have marked or girdled within the open forests.

17. No other restrictions shall be imposed by the forest department in regard to the open forests, except after the publication of notifications with the approval of the Government.

18. Should the conservator think it desirable to impose any further restrictions than those above specified in any open forest, he shall, in the first place, communicate his proposals to the commissioner of the division, who shall give his opinion on the subject. Before approving of any such proposals, it will be the duty of the commissioner of the division to satisfy himself that the proposed restrictions will infringe no rights or privileges which should be preserved, and to define precisely any privileges which should be kept intact. On receipt of the proposals as agreed upon between the conservator and commissioner, the Government will sanction the issue of notifications imposing such restrictions as it may see fit.

PART IV.

OF THE USE OF STREAMS, OF MARKING-HAMMERS, OF TIMBER IN TRANSIT, AND OF DRIFT TIMBER.

19. A list of rivers, streams, and waters in each district to which these rules may have been extended, which must be kept open for the passage of timber, will be made by the forest department in conjunction with the civil officers of the district, and be published for general information; and it will be the duty of the civil officers to see that these streams, rivers, or waters are kept open.

20. No timber, the produce of any Government forest, found adrift or stranded in any river, stream, or water of any district to which these rules may be extended, shall be marked until disposed of by the forest department; neither shall any mark on it be defaced. It shall not be converted or cut into pieces, neither shall it be removed or disposed of in any way without the orders of the forest officer, except on an order or decree by a competent court.

21. All timber disposed of by the forest department must be stamped by the forest department with such marks as the conservator may direct.

22. All brands, or marking-hammers used in the marking of timber, must be registered in the principal forest office of the division in which they are to be used. A fee of Rs. 10 must be paid for every mark registered, and a certificate will be granted on payment of fee.

23. The use by any private person of any Government timber mark, or of any other timber brand or mark, save the one registered in his own name, is prohibited.

24. All foreign timber brought into British territory shall be reported and stopped at such stations as the Government of Bengal may from time to time direct, and such timber shall not be allowed to pass until it has been examined. The persons in charge will receive a pass in the form shown in schedule A, and the timber will be liable to detention, if found afterwards without a pass in any district to which these rules are extended.

25. All timber found adrift or stranded in the rivers, streams, and waters of any district to which these rules may be extended, and which is the produce of any Government forest, will be considered the property of Government, unless proof of ownership be given.

26. Persons who may have saved such drift timber are required to deliver the same to such persons as are authorized by the conservator of forests to receive it, on receipt of such salvage rates as may be approved by the Government of Bengal.

27. The forest officers shall take possession of any drift timber found in any river or stream, or lying in the bed of any river or stream within any district to which these rules may be extended, as to the ownership of which there may be any doubt; and the same shall be treated as drift timber under rules Nos. 28, 29, 30, 31, and 32 below.

28. All drift timber collected by forest officers shall be stored at such depôts as the conservator of forests may from time to time order to be established.

29. From time to time, as the collection of drift timber may render it advisable, public notice, inviting claimants to the ownership of such drift timber to come forward, will be issued at the chief stations of the district, and in the nearest town to the place or depôt at which such drift timber may be lying. These notices shall state the number and description of logs collected.

30. Six months' notice will be given for the reception by the forest officer, by whom the notice was issued, of claims to drift timber, after which, if not claimed, the timber will be sold on behalf of Government.

31. Claims to drift timber must be sent to the forest officer, by whom the notice was issued, with particulars of marks by which it may recognised. The said forest officer will inquire into the claim. If the claim be a single one, he may, on being satisfied of its validity, release the timber after expiration of the term mentioned in the notice. If the claim be a disputed one, he should endeavour to obtain the formal consent of the claimants to his arbitrating on their claims. Where the dispute cannot be so decided, and there exists any reasonable doubt as to the rightful owner, the forest officer will retain possession of the timber until the question of ownership be decided by the civil court having jurisdiction in the case: Provided that if no claim be preferred in such court within two months from the date on which the forest officer shall declare his inability to settle the dispute, the timber may be disposed of by the forest officer on account of Government.

32. Timber awarded to claimants must be redeemed by payment of the salvage rates approved by the Government of Bengal, and other expenses which may have been incurred on account of such timber.

PART V.

Of the prevention of offences and of punishments.

33. It shall be the duty of all forest officers to see that these rules are not violated; and should they in any case be infringed, to arrest the offenders and convey them without delay to the nearest magistrate or police officer in the division or sub-division in which the offence took place.

34. Any person infringing any of these rules shall be liable to be punished by fine not exceeding Rs. 500, or, in default of payment of such fine, by imprisonment for such term as is mentioned in the 6th section of the Indian Penal Code. But no fine shall be imposed in addition to the confiscation of any timber or other forest produce, or of implements, which may have been incurred under Act VII. of 1865.

35. Any marking-hammers or other tools or implements, boats, carts, and cattle used in an act which constitutes an offence against these rules, and all timber that has been marked or obtained in a manner contrary to these rules, or that has not been reported and passed in accordance with these rules, whether entire, or cut up, or sawn up, may be seized by an officer of the forest department, or police officer, and such tools or implements, boats, carts, cattle, and timber may be confiscated by the orders of the magistrate of the district.

Schedule A.

Form of pass for foreign timber imported into British Territory.

Number.	Date.	Owner or consignee.	Place of destination.	Description of timber.	Timber marks.	Number of logs or pieces.	Total.

Rivers Thompson,
Offg. Secy. to the Govt. of Bengal.

[গবর্ণমেন্ট গেজেট । ১৮৭১ । ১৪ মার্চ ।]

ভারতবর্ষের গবর্ণমেণ্ট পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে নিম্নলিখিত যে আজ্ঞা প্রচার করিলেন তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

বনোৎপন্ন রাজস্ব বিষয়ক।—১৩ F নম্বর।—১৮৭১ সাল ১৬ ফেব্রুআরি।

নিম্নলিখিত বিধি ১৮৬৫ সালের ৭ আইনমতে প্রণীত হইয়া রাজপ্রতিনিধি মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবকর্তৃক অনুমোদিত হইয়া ঐ আইনের ৬ ধারামতে ইণ্ডিয়া গেজেটে প্রকাশ করা গেল।

বঙ্গপ্রভৃতি দেশের অন্তর্গত গবর্ণমেণ্টের বনের সুধারামতে অধ্যক্ষতা ও সুরক্ষা হইবার বিধি।

প্রথম অধ্যায়।

পারিভাষা।

১৮৬৫ সালের ৭ আইনমতে যেং প্রদেশ গবর্ণমেণ্টের বনপ্রদেশ নামে নির্দ্দিষ্ট হয় এই বিধি সেইং প্রদেশে প্রবল করা যাইবে। বঙ্গদেশের গবর্ণমেণ্ট যেং জিলার মধ্যে এই বিধি গেজেটে প্রকাশ করণপূর্ব্বক প্রচলিত করান তন্মধ্যে বাহাদুরী কাষ্ঠ চালান প্রভৃতি কার্য্য সেই বিধিমতে করা যাইবে।

২। ১৮৬৫ সালের ৭ আইনের ২ ধারামত জ্ঞাপনপত্রদ্বারা কোন বনপ্রদেশ ঐ আইনের বিধানের অধীন প্রকাশ হইলে তাহা নিম্নলিখিত বিধিমতে বনরক্ষক সাহেবের কর্তৃত্বাধীন থাকিবে। পরন্তু গবর্ণমেণ্ট বঙ্গদেশের বনরক্ষকভিন্ন কোন ব্যক্তিকে কোন বিশেষ বন প্রদেশের রক্ষকস্বরূপ নিযুক্ত করিতে পারিবেন।

৩। বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্ণয়ানুসারে গবর্ণমেণ্টের বন নানা ভাগবিভাগে বিভক্ত হইয়া ডেপুটী ও আসিষ্টাণ্ট রক্ষকদের অধীন করা যাইবে।

৪। গবর্ণমেণ্টের কোন বনের রক্ষকতা ও অধ্যক্ষতা কার্য্য ভার কিম্বা যেং বিষয়ের সহিত এই বিধির সম্পর্ক থাকে তাহার তত্ত্বাবধারণ ও অধ্যক্ষতা কার্য্যের ভার যে কর্ম্মকারকদের প্রতি বর্ত্তে তাঁহারা বনসংক্রান্ত কর্ম্মকারক নামে খ্যাত হইবেন।

৫। ১৮৬৫ সালের ৭ আইনের ২ ধারামতে গবর্ণমেণ্টের যেং বনের বিজ্ঞাপন প্রকাশ করা যায় তাহা জিলার রেবিনিউ সরবের ম্যাপে চিহ্নিত হইবে ও সেই ম্যাপ দেশখণ্ডের কমিশ্যনর সাহেবের কার্য্যালয়ে রাখিতে হইবে। ও তিনি তাহাতে স্বাক্ষর করিবেন।

৬। "রক্ষিত" ও "মুক্ত" নামে বনের দুই শ্রেণী হইবে। ১৮৬৫ সালের ৭ আইনের ২ ধারা মতে কোন জ্ঞাপনপত্রে প্রকাশ করণপূর্ব্বক কোন ভূমি ঐ আইনের বিধানের অধীন করা গেলে ঐ ভূমি "রক্ষিত" বনের বা "মুক্ত" বনের ভূমি ঐ জ্ঞাপনপত্রে ইহা জানাইতে হইবে।

দ্বিতীয় অধ্যায়।

রক্ষিত বনের বিধি।

৭। যে পতিত বা বনভূমি গবর্ণমেণ্টের সম্পত্তি ও গবর্ণমেণ্টের অধিকারে থাকিয়া গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে স্বতন্ত্র রাখা যায় তাহাই "রক্ষিত" বন। রাজকীয় গেজেটে জ্ঞাপনি প্রকাশ হইয়া তাহার সীমা নির্ণয় হইবে। বনরক্ষক সাহেব ও তাঁহার অধীন কর্ম্মকারকেরা ঐং বনের ও তদুৎপন্ন দ্রব্যের সমস্ত কার্য্য নিরূপণ করিবেন ও তাহা তাঁহারদের সংরক্ষণে ও কর্তৃত্বাধীনে থাকিবে।

৮। বনরক্ষক সাহেবের সাধারণ বা বিশেষ অনুমতিপ্রাপ্ত না হইলে রক্ষিত বনের মধ্যে কোন প্রকারের বৃক্ষ ছেদন করিতে হইবে না ও কোন বন্য দ্রব্য স্থানান্তর করিতে হইবে না।

৯। ঐং বনের সীমা নিরূপণের স্বাভাবিক চিহ্ন না থাকিলে, কোন স্থায়ি চিহ্ন দিয়া তাহার নিরূপণ করিতে হইবে। যদি ঐ বনভূমির মধ্যে গ্রাম থাকে তবে বনের সীমার ন্যায় ঐং গ্রামের সীমার চিহ্ন দিতে হইবে, এমন স্থলে ১৮৬৫ সালের ৭ আইনের ২ ধারার উপবিধি প্রবল থাকিবে।

১০। গবর্ণমেণ্ট কোন ভূমিখণ্ড রক্ষিত বনস্বরূপ স্বতন্ত্র রাখিতে নির্দ্ধার্য্য করিলে, গ্রামের লোকেরা যেং বিশেষ ক্ষমতা প্রাপ্ত হইতে পারিবেন, এবং গৃহকার্য্যের ও চাষাদি কার্য্যের নিমিত্ত রীতিমতে জ্বালানি কাষ্ঠ ও কাষ্ঠ লইবার যে অধিকার হইয়া আসিতেছে, তাহা গবর্ণমেণ্টের দ্বারা স্পষ্টরূপে নির্দ্দিষ্ট ও অনুমোদিত হইবে। তদ্রূপ যে বিশেষ ক্ষমতা প্রদান করা যায়, বনরক্ষক সাহেব গবর্ণমেণ্টের অনুমতি বিনা তাহা কোন প্রকারে সঙ্কোচ কি মতান্তর করিতে পারিবেন না।

১১। গবর্ণমেণ্টের বনবিষয়ক আইনের ২ ধারার আজ্ঞামতে কোন বন রক্ষিত বন বলিয়া গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করা গেলে চতুর্দ্দিগস্থ সমস্ত গ্রামে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া প্রচার করা যাইবে। তন্মধ্যে রক্ষিত বনভূমির সীমা নিরূপণ হইয়া এই ধারামতে রক্ষিত ঐ বনে গ্রামের লোকেরা যেন প্রবেশ ও অপকার না করে এই বিষয়ে তাহাদিগকে সতর্ক করা যাইবে, ও তাঁহারদের পক্ষে যাহা নিষিদ্ধ ও যে বিশেষ ক্ষমতা প্রদত্ত হইয়াছে তাহার নিরূপণ হইবে। জিলার কর্তৃপক্ষ ঐ জ্ঞাপনপত্র

প্রচার করিয়া বনের কর্ত্তৃপক্ষের জ্ঞানার্থে তাঁহার নিকট এক কেতা পাঠাইবেন। পরন্ত পূর্ব্বোক্ত নিষেধসূচক আজ্ঞা হওয়াতে ব্যক্তিবিশেষের কি লোক সম্প্রদায়ের কোন স্বত্ব লঙ্ঘন হয় কিম্বা কষ্ট হইবে এই মর্ম্মের কোন নালিশ হইলে বনরক্ষক সাহেব ত্বরায় তৎপ্রতি মনোযোগ করিয়া তাহার বিবেচনা করিবেন।

১২। রক্ষিত বনের মধ্যদিয়া যে রাস্তায় কি পথে যাইবার অনুমতি হয় বনরক্ষক সাহেব সকল লোককে সেই পথভিন্ন অন্য পথে যাইতে নিষেধ করিবেন। বনরক্ষক সাহেব দেওয়ানী প্রধান কর্ত্তৃপক্ষের সহিত ঐক্যবাক্য হইয়া ঐ২ পথের নির্ঘণ্টপত্র প্রস্তুত করিয়া প্রকাশ করিবেন।

তৃতীয় অধ্যায়।

মুক্ত বনের বিধি।

১৩ ধারা। ১৮৬৫ সালের ৭ আইনের ২ ধারামত জ্ঞাপনপত্রের প্রকাশিত যে বনভূমি কিম্বা পতিত ভূমি বিশেষ বিজ্ঞাপনক্রমে রক্ষিত বনের মধ্যে ধরা না যায়, তাহাই মুক্ত বন। উক্ত ভূমির মধ্যে স্থানীয় গবর্ণমেণ্টের অনুমোদনক্রমে যে২ বৃক্ষ রক্ষিত বলিয়া সময়ে২ প্রকাশ করা যায় কেবল সেই বৃক্ষ রক্ষা করণ বিষয়ে বনবিভাগের ক্ষমতা বর্ত্তিবে।

১৪। মুক্ত বনের সীমার মধ্যে এবং ১৮৬৫ সালের ৭ আইনের ২ ধারার বিধানের বশে যে২ প্রকারের বৃক্ষ পূর্ব্বোক্ত মতে রক্ষিত হয় কোন ব্যক্তি বনের কর্ত্তৃপক্ষের অনুমতি না লইয়া সেই বৃক্ষে দাগ দিতে কি কাটিতে কিম্বা বৃক্ষের চতুর্দ্দিগে গোলাকার চিহ্ন দিতে কি তাহা ছেদন করিতে কিম্বা কোন মতে তাহার অপকার করিতে পারিবে না।

১৫। এই২ বিধি কোন জিলার অন্তর্গত গবর্ণমেণ্টের যে২ বনের প্রতি খাটিবে এই আইনের ২ ধারামতে তাহা যতকাল নির্দ্ধারিত ও তাহার সীমানির্ণীত না হয়, তত কাল ঐ জিলার অন্তর্গত যে ভূমি বৃক্ষে কি উপবনে কি জঙ্গলে আবৃত হয় সেই ভূমি, এবং ঐ বনসীমা নির্দ্ধারিত হইলে পর কমিশ্যনর সাহেবের আজ্ঞাভিন্ন মুক্ত বনের অন্তর্গত ভূমি বিক্রয় করা যাইবে না ও তাহার কোন অংশ দান করা যাইবে না ও তাহার পাট্টা দেওয়া যাইবে না। কমিশ্যনর সাহেব চূড়ান্ত আজ্ঞা দিবার পূর্ব্বে বনবিভাগের কর্ম্মকারকদের সহিত লিখনপঠন করিবেন। তাঁহার ও উক্ত বিভাগের কর্ম্মকারকদের মতের অনৈক্য হইলে তিনি গবর্ণমেণ্টের নির্ণয়ার্থে ঐ কথা অর্পণ করিবেন।

১৬। ১৩ ধারামতে রক্ষিত বলিয়া যে প্রকারের বৃক্ষ রক্ষা করা যায়, বনরক্ষক সাহেব ও তদীয় আসিষ্টাণ্টেরা তদ্ভিন্ন মুক্ত বনে অন্য যে২ প্রকারের বৃক্ষে দাগ দিয়া কিম্বা চতুর্দ্দিগে গোলাকার চিহ্ন দিয়া রাখেন তাহাও ছেদন করিবার কি কাটিবার কিম্বা অন্য প্রকারে ব্যবহার করিবার নিষেধ করিতে পারিবেন।

১৭। উক্ত প্রকারের নিষেধসূচক আজ্ঞাভিন্ন বনের কর্ম্মবিভাগ গবর্ণমেণ্টের অনুমোদনক্রমে জ্ঞাপনপত্র প্রকাশ না করিয়া মুক্ত বনসম্পর্কে অন্য নিষেধ করিতে পারিবেন না।

১৮। বনরক্ষক সাহেব কোন মুক্ত বনে পূর্ব্বোক্ত নিষেধ ভিন্ন অন্য কোন কার্য্যের নিষেধ করা বিহিত জ্ঞান করিলে তিনি প্রথমে দেশ খণ্ডের কমিশ্যনর সাহেবকে আপনার প্রস্তাব জানাইবেন। ও তিনি তদ্বিষয়ে আপনার অভিমত জ্ঞাত করিবেন। যে স্বত্ব বা বিশেষ ক্ষমতা রক্ষা করা বিহিত উক্ত প্রকারে প্রস্তাবিত কার্য্যের নিষেধ হইলে সেই স্বত্বাদির রক্ষা করা যায় দেশ খণ্ডের কমিশ্যনর সাহেব সেই প্রস্তাবে সম্মত হওয়ার পূর্ব্বে এই বিষয় নিশ্চিতমতে জানিবেন. এবং লোকদের যে সকল অধিকার অলঙ্ঘ্যভাবে রক্ষা করিতে হইবে, ইহা স্পষ্টরূপে নির্দ্দেশ করিবেন। বনরক্ষক ও কমিশ্যনর সাহেব যে প্রস্তাবের বিষয়ে ঐকবাক্য হন গবর্ণমেণ্ট তাহা প্রাপ্ত হইলে যে২ কার্য্যের নিষেধ করা বিহিত বোধ করেন তাহার জ্ঞাপনি প্রচার করিবেন।

চতুর্থ অধ্যায়।

জলস্রোতের ও দাগ করিবার হাতড়ার ও পথে চালান করা বাহাদুরী কাষ্ঠের ও ভাসান বাহাদুরী কাষ্ঠের কথা।

১৯। এই বিধি যে২ জিলায় প্রচলিত করা যায় সেই২ জিলার মধ্যে বাহাদুরী কাষ্ঠ চালান করিবার নিমিত্তে যে সকল নদী ও স্রোত ও জলপথ মুক্ত রাখিতে হইবে, বনের কর্ম্মবিভাগ ঐ জিলার দেওয়ানী কর্ত্তৃপক্ষদের সহিত ঐক্যবাক্য হইয়া ইহার এক নির্ঘণ্ট প্রস্তুত করিয়া সাধারণের জানিবার জন্যে প্রকাশ করিবেন। এবং সেই স্রোত ও নদী ও জলপথ মুক্ত থাকে এই বিষয় দেখা দেওয়ানী কর্ত্তৃপক্ষদের কর্ত্তব্য।

২০। এই বিধি যে জিলায় প্রচলিত হয়, সেই জিলার অন্তর্গত কোন নদীতে কি স্রোতে কি জলপথে গবর্ণমেণ্টের কোন বন্য বাহাদুরী কাষ্ঠ ভাসিয়া যাইতেছে কি ডাঙ্গায় ঠেকিয়াছে দেখা গেলে তাহা লইয়া কি কারতে হইবে বনের কর্ম্মবিভাগ যত কাল ইহার আজ্ঞা না করেন তত কাল

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭১। ১৪ মার্চ।]

তাহাতে দাগ দেওয়া যাইবে না ও তাহাতে দাগ থাকিলে তাহা উঠাইয়া ফেলিতে হইবে না। উপযুক্ত ক্ষমতাপন্ন কোন আদালতের আজ্ঞা কি ডিক্রী না হইলে ঐ কাষ্ঠ লইয়া বনের কর্ত্তৃপক্ষের আজ্ঞাভিন্ন কোন দ্রব্য প্রস্তুত করা যাইবে না ও তাহা চেরা যাইবে না এবং স্থানান্তর বা বিক্রয়াদি করা যাইবে না।

২১। বনের কর্ম্মবিভাগদারা যে বাহাদুরী কাষ্ঠ বিক্রয় করা যায় বন রক্ষক যে প্রকারের চিহ্ন নিরূপণ করেন ঐ কাষ্ঠে বনের কর্ম্মবিভাগদ্বারা সেই চিহ্ন দেওয়া যাইবে।

২২। বাহাদুরী কাষ্ঠে দাগ দিবার জন্যে যে তপ্ত লৌহ কিম্বা হাতড়া ব্যবহার হয়, যে খণ্ডে তাহার ব্যবহার হইবে, সেই খণ্ডে বনের প্রধান কার্য্যালয়ে তাহা রেজিষ্টরী করা যাইবে। তদ্রূপ যত যন্ত্র রেজিষ্টরী করা যায় তাহার প্রত্যেকের উপর ১০৲ টাকা ফী লাগিবে। ফী দেওয়া গেলে তাহার সর্টিফিকট দেওয়া যাইবে।

২৩। বাহাদুরী কাষ্ঠে চিহ্ন দিবার যে হাতড়া সাধারণ কোন ব্যক্তির নামে রেজিষ্টরী করা যায় তদ্ভিন্ন তাঁহার প্রতি গবর্ণমেণ্টের কোন হাতড়া কিম্বা বাহাদুরী কাষ্ঠে চিহ্ন দিবার জন্য লৌহ কি হাতড়া ব্যবহার করিতে নিষেধ আছে।

২৪। ভিন্ন দেশীয় বাহাদুরী কাষ্ঠ ব্রিটনীয় দেশের মধ্যে আনা গেলে বঙ্গদেশের গবর্ণমেণ্ট সময়ে২ যে স্থান নিরূপণ করেন সেই স্থানে তাহা পঁহুছিবার রিপোর্ট করিতে হইবে ও সেই স্থানে তাহা আটক থাকিবে। ভালমতে দেখিয়া লওয়া না গেলে তাহা ছাড়িয়া দিবার অনুমতি হইবে না। যে ব্যক্তিরা সেই স্থানের অধ্যক্ষ হন তাঁহারদিগকে A তফসীলের লিখিত পাঠানুসারে পাস দেওয়া যাইবে। এই বিধি যে২ জিলায় প্রচলন করা যায় সেই২ জিলার মধ্যে উক্ত বাহাদুরী কাষ্ঠ দেখা গেলে ও তাহার সঙ্গে ঐ পাস না থাকিলে তাহা আটক করিয়া রাখা যাইতে পারিবে।

২৫। এই২ বিধি যে জিলায় প্রচলন করা যায়, সেই জিলার নদীতে কি স্রোতে কি জলপথে গবর্ণমেণ্টের কোন বন্য বাহাদুরী কাষ্ঠ ভাসিয়া যাইতেছে কিম্বা ডাঙ্গায় ঠেকিয়াছে দেখা গেলে ঐ কাষ্ঠ কাহার এই বিষয়ের প্রমাণ না হইলে তাহা গবর্ণমেণ্টের কাষ্ঠ বলিয়া জ্ঞান হইবে।

২৬। কোন ব্যক্তি সেই প্রকারের কাষ্ঠ ভাসিয়া যাইতে দেখিয়া তাহা ধরিয়া রক্ষা করিলে, বঙ্গদেশের গবর্ণমেণ্ট ঐ কাষ্ঠরক্ষার যত টাকা পারিতোষিক নিরূপণ করেন ঐ ব্যক্তি তাহা পাইলে পর বনরক্ষক সাহেব যে ব্যক্তিদের প্রতি ঐ কাষ্ঠ গ্রহণ করিবার অনুমতি দেন তিনি তাহারদিগকে ঐ কাষ্ঠ দিবেন।

২৭। এই২ বিধি যে জিলায় প্রচলন করা যায়, সেই জিলার কোন নদীতে কি স্রোতে বাহাদুরী কাষ্ঠ ভাসিয়া যাইতেছে কিম্বা ঐ নদীর কি স্রোতের গাভায় পড়িয়াছে দেখা গেলে এবং সে কাষ্ঠ কাহার এই বিষয়ে কিছু সন্দেহ থাকিলে বনের কর্ত্তৃপক্ষেরা তাহা লইবেন ও তাহা লইয়া নিম্নলিখিত ২৮, ২৯, ৩০ ও ৩১ ও ৩২ ধারার বিধিমতে কার্য্য হইবে।

২৮। বনরক্ষক সাহেব সময়ে২ যে২ গুদাম করিবার আজ্ঞা করেন, বনের কর্ম্মকারকেরা ভাসিয়া যাওয়া যে বাহাদুরী কাষ্ঠ সংগ্রহ করেন তাহা সেই গুদামে রাখিবেন।

২৯। সময়ে২ ভাসিয়া যাওয়া বাহাদুরী কাষ্ঠ অনেক থাকা প্রযুক্ত সেই কাষ্ঠের উপর যে ব্যক্তিরা দাওয়া রাখেন তাঁহারদের উপস্থিত হইবার নোটিস প্রচার করা বিহিত বোধ হইলে, জিলার অন্তর্গত সকল প্রধান২ নগরে ও কাষ্ঠ যে স্থানে কি গুদামে থাকে তাহার নিকটস্থ নগরে ঐ প্রকারের নোটিস দেওয়া যাইবে। কি প্রকারের কত খানি কাষ্ঠ আছে ঐ নোটিসে ইহা ব্যক্ত হইবে।

৩০। বনের যে কর্ম্মকারক নোটিস প্রচার করেন তিনি ঐ বাহাদুরী কাষ্ঠের উপর দাওয়া করিবার ছয় মাস মিয়াদ দিবেন। ইহার মধ্যে দাওয়া না হইলে গবর্ণমেণ্টের নিমিত্ত বিক্রয় করা যাইবে।

৩১। ঐ ভাসিয়া যাওয়া বাহাদুরী কাষ্ঠের উপর কোন ব্যক্তির দাওয়া থাকিলে, বনের যে কর্ম্মকারক নোটিস প্রচার করেন তাঁহাকে তিনি আপনার দাওয়া জানাইবেন ও যে চিহ্ন দ্বারা তাহার সেই কাষ্ঠ চেনা যায় তাহাও জানাইবেন। তাহা হইলে বনের ঐ কর্ম্মকারক ঐ দাওয়ার অনুসন্ধান লইবেন। যদি ঐ দাওয়ার কোন আপত্তি না করা যায় তবে তিনি সেই দাওয়া যথার্থ জ্ঞান করিলে, নোটিসের লিখিত মিয়াদ গত হইলেই তিনি সেই কাষ্ঠ ছাড়িয়া দিবেন। যদি দাওয়ার উপর আপত্তি করা যায় তবে সেই দাওয়াদারদের স্থানে সালিসের দ্বারা সেই দাওয়া নিষ্পত্তি হইবার অনুমতি পাইতে চেষ্টা করিবেন। বিবাদ সেই প্রকারে নিষ্পত্তি হইতে না পারিলে, ও কাষ্ঠ কাহার, যুক্তিমতে এই বিষয়ের সন্দেহ থাকিলে, সেই বিষয়ে যে দেওয়ানী আদালতের বিচারাধিপত্য থাকে সেই আদালতে যত কাল ঐ স্বামিত্ব বিবাদের নিষ্পত্তি না হয় বনের কর্ম্মকারক ততকাল সেই কাষ্ঠ রাখিবেন। কিন্তু বনের রক্ষক যে দিনে আপনাকে ঐ বিবাদের নিষ্পত্তি করিতে অক্ষম বলিয়া স্বীকার করেন সেই দিনাবধি দুই মাসের মধ্যে ঐ আদালতে দাওয়া উপস্থিত না করা গেলে, বনের কর্ম্মকারক গবর্ণমেণ্টের পক্ষে ঐ কাষ্ঠ বিক্রয় করিতে পারিবেন।

৩২। কোন কাষ্ঠ দাওয়াদারের বলিয়া নিরূপণ হইলে ঐ কাষ্ঠ রক্ষা করিবার পারিতোষিক বলিয়া বঙ্গদেশের গবর্ণমেণ্ট যত টাকা অনুমোদন করেন তাহা এবং ঐ কাষ্ঠের নিমিত্ত আর যত টাকা খরচ হয় দাওয়াদার তাহা দিয়া ঐ কাষ্ঠ লইয়া যাইতে পারিবে।

পঞ্চম অধ্যায়।

অপরাধ নিবারণের ও দণ্ডের বিধি।

৩৩। এই বিধি লঙ্ঘন না হয়, বনের সকল কর্ম্মকারক এই বিষয়ে সতর্ক থাকিবেন। কোন ব্যক্তি কোন সময়ে তাহা লঙ্ঘন করিলে তাঁহারা অপরাধিকে ধরিয়া যে জিলার কি মহকুমার অপরাধ হইয়াছে অগৌণে তথাকার মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা পোলীসের কর্ম্মকারকের নিকট তাহাকে চালান করিবেন।

৩৪। কোন ব্যক্তি এই বিধির মধ্যে কোন বিধি লঙ্ঘন করিলে তাহার ৫০০৲ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে। দণ্ডের টাকা না দিলে, ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৬ ধারায় নির্দ্দিষ্ট কাল কারাদণ্ড হইবে। কিন্তু ১৮৬৫ সালের ৭ আইনমতে বাহাদুরী কাষ্ঠ কিম্বা বনজাত অন্য দ্রব্য কিম্বা হাতড়া জব্দ করা গেলে তদ্ভিন্ন অর্থদণ্ড ধার্য্য হইবে না।

৩৫। এই বিধিমতে যে কার্য্য অপরাধ বলিয়া গণ্য হয়, সেই কার্য্য করণে চিহ্ন দিবার যে হাতড়া কিম্বা অন্য অস্ত্রশস্ত্র কি হাতিয়ার ও যে নৌকা ও গাড়ী ও বলদাদি ব্যবহার হয়, তাহা, ও এই বিধির বিপরীতমতে যে সকল বাহাদুরী কাষ্ঠে দাগ দেওয়া যায় কিম্বা যে কাষ্ঠ পাওয়া যায় এই বিধিমতে তাহার রিপোর্ট ও পাস না থাকিলে, ঐ কাষ্ঠ আদৎ থাকিলে কি কাটা গেলে কি করাৎ দিয়া চেরা গেলেও, বনের কর্ম্মবিভাগের কোন কর্ম্মকারক কিম্বা পোলীসের কর্ম্মকারক তাহা ধরিয়া লইতে পারিবেন। এবং জিলার মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞাক্রমে সেই অস্ত্রশস্ত্র ও হাতিয়ার ঐ নৌকা ও গাড়ী ও বলদাদি ও বাহাদুরী কাষ্ঠ জব্দ হইতে পারিবে।

A তফসীল।

ভিন্নদেশীয় যে বাহাদুরী কাষ্ঠ ব্রিটনীয় দেশে আনীত হয় তাহার পাস লিখিবার পাঠ।

নম্বর	তারিখ	স্বামির বা কারসাইদীর নাম	যে স্থানে চালান হইবে	যে প্রকারের বাহাদুরী কাষ্ঠ	বাহাদুরী কাষ্ঠের চিহ্ন	যত খান কি টুকরা কাষ্ঠ	মোট।

রিবর্স্ তামসন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭১। ১৪ মার্চ।]

JUDICIAL AND POLITICAL DEPARTMENTS

No. 244J.

APPOINTMENTS

The 28th February 1871.—Major Augustus Kirkwood Comber, on furlough, who has been appointed, under separate orders of this date, to be Deputy Commissioner of Durrung, to be also Subordinate Judge of that District.

Major John Moore Graham, who has been appointed, under separate orders of this date, to officiate as Deputy Commissioner of Durrung, to officiate also as Subordinate Judge of that District.

Major Joseph Ford Sherer, on furlough, who has been appointed, under separate orders of this date, to be Deputy Commissioner of Nowgong, to be also Subordinate Judge of that District.

The 1st. March 1871.—Baboo Bolak Chand, Moonsiff of Bhaugulpore, to officiate as Judge of the Small Cause Court at Patna, and as Subordinate Judge of that District, during the absence, on leave, of Baboo Gobind Chunder Sandyal, or until further orders.

The 2nd March 1871.—Baboo Poreshnath Banerjee, B.L., additional Moonsiff of Gya, is temporarily deputed to Patna.

The 4th March 1871.—The following gentlemen to be Members of the Committee for the management of the Charitable Dispensary at Dinagepore:—

Mr. T. W. Tweedie.
Moulvie Mahomed.
" Moazzim Hossein.

Mr. Alfred Wallis Paul to be a Municipal Commissioner for the Town of Dacca, and Mr. Robert Fulton Rampini to be Vice-Chairman of the Municipal Commissioners for that Town.

The 6th March 1871.—The following gentlemen to be Members of the Committee for the management of the Charitable Dispensary at Beerbhoom:—

Mr. Colman Patrick Louis Macaulay, M.A

Baboo Ram Runjun Chuckerbutty.
" Shib Chunder Shome.

Dr. Stephen Coull Mackenzie is appointed, under Section 12, Act XXI. of 1869, to be Governor of the work-house in the Presidency Jail.

The visitors of the Presidency Jail are appointed, under Section 12, Act XXI. of 1869, to form a Committee for the management of the work-house in that Jail, with effect from the 16th November 1870.

[*Government Gazette*, 14*th March* 1871.]

জুডিশ্যাল ও পলিটিকল ডিপার্টমেন্ট।

২৪৪ J. নম্বর।

নিয়োগ।

১৮৭১ সাল ২৮ ফেব্রুয়ারি।—মেজর শ্রীযুক্ত আগষ্টস্ কর্কউড কুম্বর সাহেব যিনি অদ্যকার তারিখের স্বতন্ত্র আজ্ঞাক্রমে দরঙ্গের ডেপুটী কমিশ্যনরের পদে নিযুক্ত হন তিনি ঐ জিলার সবর্ডিনেট জজও হইবেন। ইনি নিয়মিত ছুটী লইয়াছেন।

মেজর শ্রীযুত জান মোর গ্রেহাম সাহেব যিনি অদ্যকার তারিখের স্বতন্ত্র আজ্ঞাক্রমে দরঙ্গের ডেপুটী কমিশ্যনরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হন তিনি ঐ জিলার সবর্ডিনেট জজের কর্ম্ম করিবেন।

মেজর শ্রীযুত জোজেফ ফর্ড শিরর সাহেব যিনি অদ্যকার তারিখের স্বতন্ত্র আজ্ঞাক্রমে নৌগাঁয়ের ডেপুটী কমিশ্যনরের পদে নিযুক্ত হন তিনি ঐ জিলার সবর্ডিনেট জজও হইবেন।

১৮৭১ সাল ১ মার্চ।—শ্রীযুত বাবু গোবিন্দ চন্দ্র সান্যালের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ভাগলপুরের মুনসেফ শ্রীযুত বলাকচাঁদ বাবু পাটনার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজের ও ঐ জিলার সবর্ডিনেট জজের কর্ম্ম করিবেন।

১৮৭১ সাল ২ মার্চ।—গয়ার আডিশ্যনল মুনসেফ শ্রীযুত বাবু পরেশনাথ বন্দ্যোপাধ্যায় বি, এল, কিয়ৎকালের নিমিত্তে পাটনায় প্রেরিত হইয়াছেন।

১৮৭১ সাল ৪ মার্চ।—নিম্নলিখিত মহাশয়েরা দিনাজপুরের দাতব্য ঔষধালয়ের কার্য্য সম্পাদনার্থ কমিটীর মেম্বর হইবেন।

শ্রীযুত টি ডবলিউ টুইডী সাহেব।
,, মৌলবী মহম্মদ।
,, মৌলবী মোয়াজ্জীম হুসেন।

শ্রীযুত আলফ্রেড ওয়ালিস পাল সাহেব ঢাকানগরের মুনিসিপল কমিশ্যনর এবং শ্রীযুত রবর্ট ফুলটন রাম্পিনি সাহেব ঐ নগরের মুনিসিপল কমিশ্যনরদের প্রতিনিধি সভাপতি হইবেন।

১৮৭১ সাল ৬ মার্চ।—নিম্নলিখিত মহাশয়েরা বীরভূমের দাতব্য ঔষধালয়ের কার্য্যসম্পাদনার্থ কমিটীর মেম্বর হইবেন।

শ্রীযুত কোলমান পাট্রিক লুইস মাকলি সাহেব এম. এ.।
,, বাবু রামরঞ্জন চক্রবর্ত্তী।
,, বাবু শিবচন্দ্র সোম।

ডাক্তর শ্রীযুত ষ্টীফন কৌল মাকেঞ্জি সাহেব ১৮৬৯ সালের ২১ আইনের ১২ ধারামতে প্রেসিডেন্সী জেলের কর্ম্মশালার কর্ত্তৃপদে নিযুক্ত হইয়াছেন।

প্রেসিডেন্সীজেলের পরিদর্শকেরা ১৮৬৯ সালের আইনের ১২ ধারামতে ঐ জেলের কর্ম্মশালার অধ্যক্ষ করণার্থ কমিটি হইবেন। এই নিয়োগ ১৮৭০ নবেম্বর মাসের ১৬ তারিখ অবধি প্রবল হই

The 7th March 1871.—Mr. Robertson Francis Home Pughe, Assistant Superintendent of Police, Maunbhoom, to officiate in the First Grade of Assistant Superintendents of Police, with effect from the date of his return to duty.

Major William Robert Gordon to officiate as a Deputy Inspector-General of Police, during the absence, on leave, of Lieutenant-Colonel Adrian Hugh Paterson, or until further orders.

The following acting grade promotions of District Superintendents of Police are sanctioned, with effect from the 23rd ultimo:—

Captain John Charles Campbell Daunt, v.c., in the First Grade.

Mr. Edward Inglis Shuttleworth, in the Second Grade.

Captain Alfred Reginald Wilkinson, in the Third Grade.

Mr. William Henry Cornish, in the Fourth Grade.

LEAVE OF ABSENCE.

The 1st March 1871.—Baboo Gobind Chunder Sandyal, Officiating Judge of the Small Cause Court at Patna, and Subordinate Judge of that District, for one month, from the 20th ultimo, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules.

The 2nd March 1871.—Mr. William Dering Pratt, District Superintendent of Police, Shahabad, for six months, on private affairs, under paragraph 12, clause 1 of the Uncovenanted Service Absentee Rules, together with fifteen days' preparatory leave.

NOTIFICATION.

The 3rd March 1871.—The subsidiary leave granted to Major William Turton Fagan, District Superintendent of Police, Rajshahye, will have effect from the 22nd, instead of from the 15th ultimo, as notified in the *Calcutta Gazette* of the 8th idem.

A. EDEN,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 28th February 1871.—Under the provisions of Section 2 of Act VII. (B.C.) of 1869, the Lieutenant-Governor is pleased to direct that from the 1st of April next, the Commissionership of Assam, comprising the Districts of Kamroop, Durrung, Nowgong, Seebsaugor, Luckimpore, the Khasi and Jynteah Hills, and the Naga Hills, separated from the rest of Bengal, and be into a general Police District by itself.

Section 3 of the said Act the Lieutenant-Governor is pleased to appoint the Commis-

১৮৭১ সাল ৭ মার্চ।—মানভূমের পোলীসের আসিষ্টান্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত রবর্টসন, ফ্রান্সিস. হোম, পিউ সাহেব আপন কর্ম্মে প্রত্যাগমন করিবার তারিখ অবধি পোলীসের আসিষ্টান্ট সুপরিণ্টেণ্ডেণ্টদের প্রথম শ্রেণীমতে কর্ম্ম করিবেন।

লেপ্টেনেণ্ট কর্ণেল শ্রীযুত আড্রিয়ান হিউ, পাটরসন সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত মেজর শ্রীযুত উলিয়ম রবর্ট গডন সাহেব পোলীসের ডেপুটী ইনস্পেকটর জেনরলের কর্ম্ম করিবেন।

পোলীসের নিম্নলিখিত ডিষ্ট্রিকট সুপরিণ্টেণ্ডেণ্টেরা গত মাসের ২৩ তারিখঅবধি একটিংরূপে উচ্চ শ্রেণীভুক্ত হইয়াছেন।

কাপ্তান শ্রীযুত জান চার্লস কাম্বেল ডাণ্ট সাহেব বি. সি. প্রথম শ্রেণীতে।

শ্রীযুত এডওয়ার্ড ইঙ্গলিস শটলওয়ার্থ সাহেব দ্বিতীয় শ্রেণীতে।

কাপ্তান শ্রীযুত আলফ্রেড রেজিনাল্ড উইলকিনসন সাহেব তৃতীয় শ্রেণীতে।

শ্রীযুত উলিয়ম হেনরি কর্ণিস সাহেব চতুর্থ শ্রেণীতে।

ছুটী।

১৮৭১ সাল ১ মার্চ।—পাটনার ক্ষুদ্রমোকদ্দমার আদালতের একটিং জজ ও ঐ জিলার সবর্ডিনেট জজ শ্রীযুত বাবু গোবিন্দ চন্দ্র সান্ন্যাল অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে গত মাসের ২০ তারিখ অবধি এক মাস ছুটী পাইয়াছেন।

১৮৭১ সাল ২ মার্চ।—শাহাবাদের পোলীসের ডিষ্ট্রিকট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত উলিয়ম ডেরিংপ্রাট সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে অচিহ্নিত কর্ম্মকারকদের ছুটীর বিধির ১২ ধারার ১ প্রকরণমতে ছয় মাস ছুটী পাইয়াছেন, তদ্ভিন্ন প্রস্তুত হওনার্থে পনের দিন ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৭১ সাল ৩ মার্চ।—রাজশাহীর পোলীসের ডিষ্ট্রিকট সুপরিণ্টেণ্ডেণ্ট মেজর শ্রীযুত উলিয়ম টর্টন ফেগান সাহেব উপকরণার্থ যে ছুটী পান, তাহা গত মাসের ৮ তারিখের বাঙ্গলাগেজেটের প্রকাশিত ১৫ তারিখ অবধি না হইয়া ২২ তারিখ অবধি প্রবল হইবে।

এ ইডন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

বিজ্ঞাপন।

১৮৭১ সাল ২৮ ফেব্রুআরি।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৬৯ সালের বঙ্গীয় ৭ আইনের ২ ধারার বিধানমতে আজ্ঞা করিয়াছেন যে আসামের কমিশ্যনর সাহেবের অধীন সমস্ত দেশ অর্থাৎ কামরূপ, দরঙ্গ, নৌগাঁ, শিবসাগর, লক্ষ্মীপুর জিলা ও খাসি এবং জয়ন্তীপর্ব্বত এবং নাগাপর্ব্বত আগামি আপ্রেল মাসের ১ তারিখঅবধি বঙ্গদেশহইতে স্বতন্ত্র হইয়া পৃথকরূপে পোলীসের সাধারণ প্রদেশ হয়।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব উক্ত আইনের ৩ ধারামতে উক্ত পোলীস ডিষ্ট্রিকটের মধ্যে আসামের

sioner of Assam to exercise the powers of Inspector-General of Police in the said Police District.

A. EDEN,
Secy. to the Govt. of Bengal.

Public Works Department, Bengal.

CIVIL BUILDINGS.

No. 57.

Declaration under Section 6, Act X. of 1870 of the Government of India.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense, for a public purpose, *viz*, for the site of the Sub-divisional Buildings at the Attea Sub-divisional Head-quarters in the village of Tangail, in the District of Mymensing, it is hereby declared that, for the above purpose, a piece of land measuring, more or less, 40 beegahs, bounded on the north by the village of Acoortakoor; on the south by a dry nullah; on the east by village site of Acoortakoor; and on the west by the river Lohajung, is required within the aforesaid village of Tangail.

2. This Declaration is made, under the provisions of Section 6, Act X. of 1870, to all whom it may concern.

COMMUNICATIONS.

No. 58.

Notification.—In supersession of the Notification No. 311 of the 7th September 1869, published at page 1669 of the *Calcutta Gazette* of the 8th idem, the following Declaration, under Section 6, Act X. of 1870 of the Government of India, is published for general information :—

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense, for a public purpose, *viz*, for widening, straightening, and making bricks for the road from the Dhoomchur Bridge on the Chittagong road *via* Pergunnahs Ameerabad, Bhoollooah, Joynugger, and Jagdia to Chupprassee's Haut, in the District of Noacolly, it is hereby declared that, for the above purpose, strips of land measuring in the aggregate about nine miles, more or less, in length, and in breadth from 10 to 120 feet each, more or less, are required

This Declaration is made, under the provisions of Section 6 of the said Act X. of 1870, to all whom it may concern.

কমিশ্যনর সাহেবকে পোলীসের ইনেস্পেক্টর জেনরলের ক্ষমতাক্রমে কার্য্য করণার্থে নিযুক্ত করিয়াছেন।

এ, ইডন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

পবলিক ওকস ডিপার্টমেণ্ট।

গৃহাদি নির্ম্মাণ বিষয়ক।

৫৭ নম্বর।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামত বিজ্ঞাপন।—বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ ময়মনসিংহ জিলার অন্তর্গত টাঙ্গেল গ্রামে আটিয়া শাখাখণ্ডের সদর স্থানে মহকুমার কাছারী ঘর করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত টাঙ্গেল গ্রামে ন্যূনাধিক ৪০/ বিঘা এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা অক্রূ ঠাকুর গ্রাম, দক্ষিণ সীমা শুষ্ক নালা, পূর্ব্ব সীমা স্থাপিত অক্রূরঠাকুরের গ্রাম ও পশ্চিম সীমা লোহাজঙ্গ নদী।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সম্বাদ প্রকাশ করা গেল।

বর্ত্মাদি বিষয়ক।

৫৮ নম্বর।

বিজ্ঞাপন।—১৮৬৯ সালের সেপ্টেম্বর মাসের ৭ তারিখের ৩১১ নং যে বিজ্ঞাপন ঐ মাসের ১৪ তারিখের বাঙ্গলা গেজেটের ১২২৩ পৃষ্ঠায় প্রকাশ হয় তাহা রহিত করিয়া ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামতে নিম্নলিখিত বিজ্ঞাপন সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ নওয়াখালী জিলার আমীরাবাদ, ভুলুয়া, জয়নগর ও জাগিদিয়া পরগনা হইয়া চট্টগ্রামের পথে ধুমচর সাঁকো হইতে চাপরাসীর হাটপর্য্যন্ত পথ পরিসর ও সোজা ও উক্ত পথের নিমিত্তে ইঁট প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে গড়ে ন্যূনাধিক ৯ মাইল দীর্ঘ ও ১০ অবধি ১২০ ফুট পর্য্যন্ত প্রস্থ ভূমির প্রয়োজন।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

LOCAL,—COMMUNICATIONS.

No. 59.

Notification.—In supersession of the Notification No. 84 of the 9th March 1869, published at page 392 of the *Calcutta Gazette* of the 10th idem, the following Declaration, under Section 6, Act X. of 1870 of the Government of India, is published for general information:—

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense, for a public purpose, *viz.*, for the construction of the third section of the Urjungunge Railway Feeder Road, it is hereby declared that, for the above purpose, strips of land of an average breadth of 52½ feet, and measuring about 104 beegahs, more or less, will be required from the village of Luckimpore to Rampore, in the District of Bhaugulpore.

A plan of the land has been made, and may be inspected at the office of the Collector of Bhaugulpore.

This Declaration is made, under the provisions of Section 6 of the said Act X. of 1870 of the Government of India, to all whom it may concern.

No. 60.

Notification.—In supersession of the Notification No. 26 of the 1st February 1870, published at page 213 of the *Calcutta Gazette* of the 2nd idem, the following Declaration, under Section 6, Act X. of 1870 of the Government of India, is published for general information:—

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense, for a public purpose, *viz.*, for widening, straightening, completing, and making bricks for the road from Chittagong to Ramghur, from about the sixth mile-post from Chittagong to Ramghur, in Thannahs Chittagong, Hathazaree, and Futtickcherry, in the Chittagong District, it is hereby declared that, for the above purpose, a strip of land measuring about 43 miles in length, and from 10 to 120 feet in breadth, more or less, is required.

This Declaration is made, under the provisions of Section 6 of the said Act X. of 1870, to all whom it may concern.

No. 61.

Notification.—In supersession of the Notification No. 27 of the 1st February 1870, published at page 213 of the *Calcutta Gazette* of the 2nd idem, the following Declaration, under Section 6, Act X.

স্থানীয় বর্ত্মাদিবিষয়ক।

৫৯ নম্বর।

বিজ্ঞাপন।—১৮৬৯ সালের মার্চ মাসের ৯ তারিখের ৮৪ নং যে বিজ্ঞাপন ঐ মাসের ১৬ তারিখের বাঙ্গলা গেজেটের ৩৪৪ পৃষ্ঠায় প্রকাশ হয় তাহা রহিত করিয়া ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামতে নিম্নলিখিত বিজ্ঞাপন সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ অর্জ্জনগঞ্জ রেলওয়ের পোষক পথের তৃতীয় ভাগ প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ভাগলপুর জিলার লক্ষ্মীপুর অবধি রামপুর গ্রাম পর্য্যন্ত গড়ে ৫২॥ ফুট প্রস্থ ও ন্যূনাধিক ১০৪/ বিঘাভূমির প্রয়োজন হইবে।

উক্ত ভূমির নক্সা করা গিয়াছে ও ভাগলপুরের কালেক্টরের কার্য্যালয়ে দেখা যাইতে পারে।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহারদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

৬০ নম্বর।

বিজ্ঞাপন।—১৮৭০ সালের ফেব্রুআরি মাসের ১ তারিখের ২৬ নং যে বিজ্ঞাপন ১৮৭০ সালের ফেব্রুআরি মাসের ৮ তারিখের বাঙ্গলা গেজেটের ৭৫ পৃষ্ঠায় প্রকাশ হয় তাহা রহিত করিয়া ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামতে নিম্নলিখিত বিজ্ঞাপন সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ চট্টগ্রাম জিলার অন্তর্গত চট্টগ্রাম, হাটহাজারী ও ফটিকছোড় থানার চট্টগ্রাম অবধি রামগড় পর্য্যন্ত পথের ষষ্ঠ মাইল নিরূপক স্তম্ভ হইতে চট্টগ্রাম অবধি রামগড় পর্য্যন্ত পথ পরিসর, সোজা ও সমাপ্ত করিবার ও উক্ত পথের নিমিত্তে ইট প্রস্তুত করিবার নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে ভূমিলওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ন্যূনাধিক ৪৩ মাইল দীর্ঘ ও ১০ অবধি ১২০ ফুট পর্য্যন্ত প্রস্থ ভূমির প্রয়োজন।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের উক্ত ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

৬১ নম্বর।

বিজ্ঞাপন।—১৮৭০ সালের ফেব্রুআরি মাসের ১ তারিখের ২৭ নং যে বিজ্ঞাপন ১৮৭০ সালের ফেব্রুআরি ৮ তারিখের বাঙ্গালা গেজেটের ৭৫ পৃষ্ঠায় প্রকাশ হয় তাহা রহিত করিয়া ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৭০

of 1870 of the Government of India, is published for general information:—

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense, for a public purpose, *viz.*, for widening, straightening, completing, and making bricks for the road from Chittagong to Arracan *viâ* Ramoo, in Thannahs Satkaneah, Chuckireea, Cox's Bazar, and Ramoo, in the Chittagong District, it is hereby declared that, for the above purpose, a strip of land measuring about 65 miles in length, and from 10 to 120 feet in breadth, more or less, is required.

This Declaration is made, under the provisions of Section 6 of the said Act X. of 1870, to all whom it may concern.

No. 62.

Notification.—In supersession of the Notification No. 28 of the 1st February 1870, published at page 213 of the *Calcutta Gazette* of the 2nd idem, the following Declaration, under Section 6, Act X. of 1870 of the Government of India, is published for general information:—

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense, for a public purpose, *viz.*, for widening, straightening, completing, and making bricks for the road from Cox's Bazar to Ramoo, in Thannahs Cox's Bazar and Ramoo, in the Chittagong District, it is hereby declared that, for the above purpose, a strip of land measuring about 7 miles in length, and from 10 to 120 feet in breadth, more or less, is required.

This Declaration is made, under the provisions of Section 6 of the said Act X. of 1870, to all whom it may concern.

No. 63.

Notification.—In supersession of the Notification No. 29 of the 1st February 1870, published at page 214 of the *Calcutta Gazette* of the 2nd idem, the following Declaration, under Section 6, Act X. of 1870 of the Government of India, is published for general information:—

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense, for a public purpose, *viz.* for widening, straightening, completing, and making bricks for the road from Hathazaree to the boundary of the hill tracts in Thannahs Hathazaree and Raojan, in the Chittagong Dis-

সালের ১০ আইনের ৬ ধারামতে নিম্নলিখিত বিজ্ঞাপন সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ চট্টগ্রাম জিলার অন্তর্গত সাতকনা', চকিরিয়া কক্সবাজার ও রামুথানার রামুদিয়া চট্টগ্রাম অবধি আরাকান পর্য্যন্ত পথ পরিসর সোজা ও সমাপ্ত করিবার এবং উক্ত পথের নিমিত্ত ইঁট প্রস্তুত করিবার নিমিত্তে রাজকীয় অর্থ-ব্যয়ে ভূমি লওয়া আবশ্যক অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে, ন্যূনাধিক ৬৫ মাইল দীর্ঘ ও ১০ অবধি ১২০ ফুট পর্য্যন্ত ভূমির প্রয়োজন।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামতে এই সম্বাদ প্রকাশ করা গেল।

---

৬২ নম্বর।

বিজ্ঞাপন।—১৮৭০ সালের ফেব্রুয়ারি মাসের ১ তারিখের ২৮ নং যে বিজ্ঞাপন ১৮৭০ সালের ফেব্রু-আরি মাসের ৮ তারিখের বাঙ্গলা গেজেটের ৭৫ পৃষ্ঠায় প্রকাশ হয় তাহা রহিত করিয়া ভারতবর্ষের গবর্ণমেন্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামতে নিম্নলিখিত বিজ্ঞাপন সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

আরো তিনি যে বন্দরে রক্ষক হন, কোন জাহাজ মজুরদিগকে ফিরিয়া আনিয়া সেই বন্দরে পঁহুছিলে, তিনি সেই জাহাজের পরিদর্শন করিবেন, এবং মজুরেরা যে স্থানে গিয়াছিল সেই স্থানে তাহারদের কর্ম্মকরণকালে ও জাহাজে আসিবার সময়ে তাহারদের প্রতি যদ্রূপ আচার ব্যবহার হইয়াছিল এই বিষয়ের অনুসন্ধান লইয়া স্থানবিশেষের গবর্ণমেন্টের নিকট তদ্বিষয়ের রিপোর্ট করিবেন।

and he shall aid and advise such return Emigrants so far as he reasonably can when called upon by them to do so.

Appointment of Medical Inspector.

9. At each of the three ports aforesaid, the Local Government may appoint a competent person to be Medical Inspector of Emigrants; and may, with the sanction of the Governor General in Council, assign to the Medical Inspector so appointed such salary as is deemed proper.

Depôts to be established in Calcutta, Madras, and Bombay.

10. In each of the Towns of Calcutta, Madras, and Bombay, or in the suburbs of those Towns, the Emigration Agent of every place to which emigration is lawful under this Act, shall establish a suitable depôt for the persons engaged as labourers for such place.

Licensing of depôts

11. Every depôt shall be licensed by the Protector of Emigrants, after being inspected and approved of by him and by the Medical Inspector of Emigrants.

No license shall be in force for a longer period than a year, and any license may be cancelled by the Protector of Emigrants if he considers that the depôt for which it was granted is unhealthy or in any respect has become unsuitable for the purpose for which the depôt was established.

For every license granted under this section there shall be paid to the Protector a fee of fifteen rupees.

Inspection by Protector and Medical Inspector.

12. Every Protector of Emigrants and every Medical Inspector of Emigrants shall from time to time, and at least once in every week, inspect the Emigrants in the various depôts for the reception of Emigrants about to embark from the port at which they are Protector and Medical Inspector respectively, and examine into the state of the depôts, and the manner in which the Emigrants are therein lodged, fed, clothed and otherwise provided for and attended to.

Report to be made by Medical Inspector.

13. The Medical Inspector shall report to the Protector of Emigrants any circumstance which may come to his knowledge, showing that the depôt is not suitable for its purpose, or that the Emigrants are treated with any neglect or oppression.

ও দেশান্তর হইতে প্রত্যাগত সেই ব্যক্তিরা তাঁহার নিকট সাহায্য কি পরামর্শ চাহিলে তিনি যুক্তিমতে যত দূর পারেন, তত দূর তাহারদিগকে সাহায্য করিবেন ও পরামর্শ দিবেন ইতি।

পরিদর্শনার্থ চিকিৎসককে নিযুক্ত করণের কথা।

৯ ধারা। স্থানবিশেষের গবর্ণমেণ্ট পূর্ব্বোক্ত তিন বন্দরের প্রত্যেক বন্দরে দেশান্তরগামিদের পরিদর্শনার্থ চিকিৎসকপদে উপযুক্ত একং ব্যক্তিকে নিযুক্ত করিবেন, এবং তদ্রূপ নিযুক্ত চিকিৎসকের যে বেতন উপযুক্ত জ্ঞান হয়, মন্ত্রিসভাগত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতিক্রমে তাঁহার সেই বেতন নিরূপণ হইবে ইতি।

কলিকাতায় ও মান্দ্রাজে ও বোম্বাইতে আড্ডা স্থাপন করিবার কথা।

১০ ধারা। এই আইনঅনুসারে ভিন্ন যেং দেশে গমনের অনুমতি হয়, যাহারা মজুর স্বরূপ সেইং দেশে যাইতে নিয়ম করে সেই দেশ গমনসম্পর্কীয় এজেণ্ট উক্ত কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই নগরে কি শাখানগরে তাহারদের থাকিবার উপযুক্ত একং আড্ডা স্থাপন করিবেন ইতি।

আড্ডার অনুমতিপত্র দেওনের কথা।

১১ ধারা। দেশান্তরগামিদের রক্ষক এবং দেশান্তরগামিরদের পরিদর্শনার্থ চিকিৎসক সেইং আড্ডা উত্তমরূপে দেখিয়া তাহা উপযুক্ত জ্ঞান করিলে, উক্ত রক্ষক ঐ আড্ডার অনুমতিপত্র দিবেন।

উক্ত অনুমতিপত্র এক বৎসরের অধিক বলবৎ থাকিবে না, এবং দেশান্তরগামিদের রক্ষক আড্ডার অনুমতিপত্র দিলে পর তাহা অস্বাস্থ্যজনক, কিম্বা যে অভিপ্রায়ে স্থাপন হইয়াছে তজ্জন্যে কোন প্রকারে অনুপযুক্ত হইয়াছে জ্ঞান করিলে, তিনি সেই অনুমতিপত্র রহিত করিতে পারিবেন;

এই ধারামতে যে প্রত্যেক অনুমতিপত্র দেওয়া যায় তাহার জন্যে রক্ষককে ১৫৲ টাকা ফী দেওয়া যাইবে ইতি।

রক্ষকের ও চিকিৎসকের দ্বারা পরিদর্শনের কথা।

১২ ধারা। দেশান্তরগামিদের প্রত্যেক রক্ষক এবং দেশান্তরগামিদের পরিদর্শনার্থ চিকিৎসক যেং বন্দরের রক্ষক ও চিকিৎসক হন, সেইং বন্দরের উক্ত সকল আড্ডাতে দেশান্তরগামি যে ব্যক্তিরা থাকে তাহা সময়েং ও সপ্তাহের মধ্যে অন্যূন একবার তাহারদিগকে দৃষ্টি করিবেন, এবং আড্ডার অবস্থার অনুসন্ধান করিয়া তন্মধ্যে দেশান্তরগামিরা যে প্রকারে আছে ও তাহারদের যেরূপ আহার ও বস্ত্র দেওয়া যায় ও প্রকারান্তরে তাহারদের যেরূপ তত্ত্বাবধারণ ও রক্ষণাবেক্ষণ হইয়া থাকে এই বিষয়ের অনুসন্ধান লইবেন ইতি।

চিকিৎসকের যে রিপোর্ট করিতে হইবে তাহার কথা।

১৩ ধারা। আড্ডা যে কার্য্যের নিমিত্তে করা গেল সেই কার্য্যের উপযুক্ত নহে, কিম্বা তন্মধ্যে যে দেশান্তরগামিরা আছে তাহাদের প্রতি অমনোযোগ কি অত্যাচার হইয়া থাকে পরিদর্শনার্থ চিকিৎসক কোন বৃত্তান্তদ্বারা ইহা জানিতে পাইলে, দেশান্তরগামিদের রক্ষকের নিকটে তদ্বিষয়ের রিপোর্ট করিবেন ইতি।

14. Every Protector of Emigrants and every Medical Inspector of Emigrants shall be a public servant within the meaning of the Indian Penal Code.

Protectors and Medical Inspectors to be public servants.

15. Every Emigration Agent, and all persons in charge of or employed in any depôt, or in any vessel licensed to carry Emigrants as hereinafter provided, shall give the Protector and the Medical Inspector every facility for making such inspections, examinations and surveys as may be necessary or proper under this Act, and shall afford them all such information as may be reasonably required by them.

And to have facilities for inspections, &c.

IV.—Recruiters of Emigrants.

16. The Protector of Emigrants at each of the three ports aforesaid, and the British Consular Agent at each of the French ports in India, shall license so many fit persons as to him seems necessary, to be Recruiters of labourers,

Protector of Emigrants to license Recruiters.

and no person shall act or be employed as a Recruiter of labourers except under a license from a Protector of Emigrants or British Consular Agent.

17. Every Recruiter shall be licensed to obtain labourers for some particular place to which emigration is lawful under this Act, and no license to obtain labourers for any place shall be granted except on the application of the Emigration Agent of such place.

Recruiter's license.

18. No license shall be in force for a longer period than one year; and in case of misconduct on the part of any Recruiter, the Protector of Emigrants may cancel his license before the expiration of the period for which it was granted.

Duration and cancelment of license.

19. Every license shall be in the form set forth in the second schedule hereto annexed.

Form of license, and fee therefor.

For every license there shall be paid to the Protector a fee of fifteen rupees.

১৪ ধারা। দেশান্তরগামিদের প্রত্যেক রক্ষক ও দেশান্তরগামিদের পরিদর্শনার্থ প্রত্যেক চিকিৎসক ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের অর্থগত রাজকীয় কার্য্যকারক হইবেন ইতি।

রক্ষক ও চিকিৎসকদিগকে রাজকীয় কার্য্যকারক জ্ঞান হইবার কথা।

১৫ ধারা। এই আইনমতে রক্ষকের কি পরিদর্শনার্থ চিকিৎসকের যে পরিদর্শন ও অনুসন্ধান ও পর্য্যবেক্ষণ করা আবশ্যক বা উচিত হয়, দেশান্তরগমনসম্পর্কীয় প্রত্যেক এজেন্ট এবং আড্ডার কর্ম্ম চালাইবার ভারপ্রাপ্ত প্রত্যেক ব্যক্তি ও আড্ডার প্রত্যেক কর্ম্মচারী, এবং যে সকল জাহাজ পশ্চাৎ লিখিত বিধানমতে দেশান্তরগামি ব্যক্তিদিগকে লইয়া যাইবার অনুমতিপত্র প্রাপ্ত হয়, সেই সকল জাহাজের কর্ম্মচারিগণ ঐ অনুসন্ধানাদি করিবার সুবিধা করিবেন ও তাঁহারা যুক্তিমতে যে সকল বিষয়ের সন্ধান জানিতে চাহেন তাহা তাঁহারদিগকে জ্ঞাত করিবেন ইতি।

ও তাঁহারদের পরিদর্শন কার্য্যের সুবিধার কথা।

৪ অধ্যায়।—মজুরসংগ্রাহকদের বিধি।

১৬ ধারা। উক্ত তিন বন্দরের প্রত্যেক বন্দরে দেশান্তরগামিদের যেং রক্ষক নিযুক্ত হন তাঁহারা এবং ভারতবর্ষের অন্তর্গত ফ্রান্সীয়দের প্রত্যেক বন্দরে ব্রিটনীয় যেং কনসলের এজেন্ট থাকেন তাঁহারা উপযুক্ত যত ব্যক্তিকে আবশ্যক জ্ঞান করেন তত ব্যক্তিকে মজুর সংগ্রহ করণের অনুমতিপত্র দিবেন।

মজুরসংগ্রাহকদিগকে দেশান্তরগামিরদের রক্ষকের অনুমতিপত্র দিবার কথা।

এবং দেশান্তরগামিদের রক্ষকের কি ব্রিটনীয় কনসলের এজেন্টের স্থানে অনুমতিপত্র না পাইলে কোন ব্যক্তি মজুর সংগ্রাহকের কর্ম্ম করিতে বা সেই কর্ম্মে নিযুক্ত হইতে পারিবে না ইতি।

১৭ ধারা। এই আইনমতে যেং দেশে মজুরদের যাইবার অনুমতি হয়, তন্মধ্যে একং দেশে যাইবার মজুরদিগকে সংগ্রহ করিবার জন্যে একং জন সংগ্রাহককে অনুমতিপত্র দেওয়া যাইবে, এবং উক্ত দেশগমনসম্পর্কীয় এজেন্টের প্রার্থনা না হইলে সেই দেশে পাঠাইবার জন্যে মজুরদিগকে সংগ্রহ করণের অনুমতিপত্র দেওয়া যাইবে না ইতি।

মজুর সংগ্রাহকের অনুমতিপত্রের কথা।

১৮ ধারা। অনুমতিপত্র এক বৎসরের অধিক প্রবল থাকিবে না। কোন মজুরসংগ্রাহকের অত্যাচার হইলে যে সময়ের নিমিত্তে অনুমতিপত্র দেওয়া গেল দেশান্তরগামিদের রক্ষক সেই সময়ের মধ্যেই তাহা রহিত করিতে পারিবেন ইতি।

অনুমতিপত্র বলবৎ থাকার ও রহিত হইবার কথা।

১৯ ধারা। প্রত্যেক অনুমতিপত্র এই আইনের দ্বিতীয় তফসীলের পাঠে লেখা যাইবে।

অনুমতিপত্র লিখিবার পাঠ ও যত ফী দিতে হইবে তাহার কথা।

প্রত্যেক অনুমতিপত্রের নিমিত্তে রক্ষককে ১৫ টাকা ফী দেওয়া যাইবে ইতি।

20. Every person holding a license as a Recruiter of labourers shall wear a badge bearing the following inscription in English and in the vernacular language of the Town, District or Districts in which he is licensed to engage labourers:—"Recruiter of Emigrants for the Mauritius" *(or other place as the case may be).*

Recruiter to wear badge.

21. No Recruiter shall engage or attempt to engage labourers in any District or in the Towns of Calcutta, Madras or Bombay, without having first exhibited his license to the Magistrate of such District, or a Magistrate of such Town, and obtained the countersignature of such Magistrate thereupon.

Countersignature of Recruiter's license.

Such countersignature shall be given, provided that the license is in force at the time.

V.—CONTRACTS WITH EMIGRANTS.

22. Except under and in conformity with the provisions of this Act, it shall not be lawful to make any contract with any Native of India for labour to be performed in any place beyond British India, or to enable any Native of India to emigrate, or to assist any Native of India in emigrating:

Contracts for labour out of India unlawful, except under this Act.

provided that nothing in this Act shall apply—

to any contract with any Native of India for labour to be performed in any Foreign Settlement on the mainland of India or in any Native State in India;

to emigration to any such Settlement or State;

to any contract for labour to be performed in, or to emigration to, the Island of Ceylon; or

to any contract with or the emigration of any Native seaman or other person who of his own free will contracts to navigate or serve on board of any vessel or who embarks on board such vessel in pursuance of such contract, or any person who contracts to serve as a menial servant only, and who embarks as such menial servant.

23. Contracts may be made with Natives of India to emigrate—

Places for emigration to which contracts may be made with Natives.

to any of the British Colonies of Mauritius, Jamaica, British Guiana, Trinidad, St. Lucia, Grenada, St. Vincent, Natal, St. Kitts and Seychelles;

[*Government Gazette,* 21*st March* 1871.]

২০ ধারা। যে ব্যক্তি মজুর সংগ্রহ করিবার অনুমতি পত্র পায় তাহার চাপরাস পরিতে হইবে। সে যে নগরে বা জিলায় কি যেং জিলায় মজুর সংগ্রহ করিবার অনুমতি পায় সেই নগরের বা জিলার চলিত ভাষায় ও ইংলণ্ডীয় ভাষায়, "মরীচ (প্রভৃতি স্থান বিশেষে) যাইবার মজুর সংগ্রাহক," এই কথা ঐ চাপরাসে সুপাঠ্যরূপে খোদা থাকিবে ইতি।

মজুরসংগ্রাহকের চাপরাস পরিবার কথা।

২১ ধারা। কোন মজুরসংগ্রাহক যে জিলায় কিম্বা কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাই যে নগরে মজুর সংগ্রহ করিবে, সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবকে কিম্বা ঐ নগরের কোন মাজিষ্ট্রেট সাহেবকে আপনার অনুমতিপত্র প্রথমে না দেখাইলে, ও সেই মাজিষ্ট্রেট সাহেব তাহাতে স্বাক্ষর না করিলে, সেই জিলায় কি নগরে কোন মজুরের সঙ্গে করার করিবে না ও করিবার উদ্যোগ করিবে না।

মজুর সংগ্রাহকের অনুমতিপত্রে ক্রোড় স্বাক্ষর হইবার কথা।

অনুমতিপত্র যে সময়ে মাজিষ্ট্রেট সাহেবকে দেখান যায় সেই সময়ে বলবৎ থাকিলে, তিনি তাহাতে ক্রোড় স্বাক্ষর করিবেন ইতি।

৫ অধ্যায়।—ভিন্নদেশগামি মজুরদের সহিত চুক্তির কথা।

২২ ধারা। ভারতবর্ষীয় কোন লোকের সঙ্গে ব্রিটিশ ভারতবর্ষের বহির্ভূত কোন স্থানে মজুরী করিবার কোন চুক্তি করা, কিম্বা ভারতবর্ষীয় কোন ব্যক্তির ভিন্নদেশে যাইবার সামর্থ্য দেওয়া কিম্বা সাহায্য করা এই আইনের বিধানক্রমে ও তদনুসারে না হইলে আইনবিরুদ্ধ কার্য্য হইবে।

এই আইন অনুযায়ি না হইলে ভারতবর্ষের বাহিরে মজুরি করিবার চুক্তি আইনবিরুদ্ধ হওয়ার কথা।

কিন্তু ভারতবর্ষের অন্তর্গত ভিন্নদেশীয়দের কোন উপনিবেশে কিম্বা ভারতবর্ষীয় কোন রাজার দেশে ভারতবর্ষীয় কোন লোকের সঙ্গে মজুরী করিবার যে চুক্তি করা যায় তাহার প্রতি,

ও ঐ উপনিবেশে কি দেশে গমনের প্রতি,

এবং সিংহলদ্বীপে মজুরী করিবার কোন চুক্তির প্রতি কিম্বা তথায় গমনের প্রতি, এই আইনের কোন কথা বর্ত্তিবে না।

এবং এদেশীয় কোন খালাসি কি অন্য ব্যক্তি আপন ইচ্ছামতে কোন জাহাজে যাইতে কি কর্ম্ম করিতে চুক্তি করিলে কিম্বা সেই চুক্তির নিয়মমতে ঐ জাহাজে উঠিলে কিম্বা কোন ব্যক্তি কেবল চাকরী করিবার চুক্তি করিয়া চাকরস্বরূপে জাহাজে গেলে তাহার সেই চুক্তির কিম্বা ভিন্নদেশে গমনের প্রতি এই আইনের কোন কথা খাটিবে না ইতি।

২৩ ধারা। ভারতবর্ষীয় লোকদিগের সঙ্গে পশ্চাৎ লিখিত কোন স্থানে যাইবার চুক্তি করা যাইতে পারিবে।

এদেশীয় লোকদের সঙ্গে যেং দেশে যাইবার চুক্তি হইতে পারিবে তাহার কথা।

মরীচ, জামেকা, ব্রিটিস গৈয়ানা, ত্রিনিদাদ, সেন্ট লুসিয়া, গ্রেনেডা, সেন্টবিনসেন্ট, নেটাল, সেন্ট কিটস ও সেশেলনামক ব্রিটনীয় উপনিবেশ,

to any of the French Colonies of Réunion, Martinique, Guadeloupe and its dependencies, and Guiana,

and to the Danish Colony of St. Croix;

and it shall be lawful to enable or assist any Native of India to emigrate to any such Colony.

Power to legalize emigration to other places.

24. The Governor General in Council may, from time to time, by notification published in the *Gazette of India*, declare that the emigration of Natives of India shall be lawful to any place other than the places mentioned in section twenty-three:

Proviso.

provided that every such notification contain also a declaration, that the Governor General in Council has been duly certified that the Government of the place to which the notification refers has made such laws and other provisions as the Governor General in Council thinks sufficient for the protection of Natives of India emigrating to such place.

Contracts may be made for emigration to such other places.

25. From the date of any such notification contracts may be made with any Native of India for labour to be performed in any place to which emigration is authorized in the notification, and it shall be lawful to enable or assist any Native of India to emigrate to such place;

but all contracts and emigration under such notification shall be made and conducted subject to the provisions of this Act.

From what ports emigration lawful.

26. Emigration shall not be lawful except from the port of Calcutta, the port of Madras or the port of Bombay.

VI.—Registration of Emigrants.

Natives engaging to emigrate to appear before Magistrate.

27. Every Native of India, who in any place other than the Towns of Calcutta, Madras or Bombay, enters into any engagement with a Recruiter to emigrate, shall, before leaving the District within which the engagement was entered into, appear with the Recruiter before a Magistrate, and no Recruiter shall remove such Emigrant from the said District until he has so appeared.

এবং রিউনিয়ন ও মার্টিনীক ও গাডিলুপ ও তাহার অধীন স্থান ও গয়ানা নামক ফ্রান্সীয়দের উপনিবেশ।

এবং সেন্ট ক্রয় নামক দিনামারেরদের উপনিবেশ।

উক্ত কোন উপনিবেশে ভারতবর্ষীয় কোন ব্যক্তির যাইবার সামর্থ্য দান ও সাহায্য করা আইনঅনুগত হইবে ইতি।

অন্যং স্থানে গমন করা আইনঅনুগত প্রকাশ করিবার ক্ষমতার কথা।

২৪ ধারা। ২৩ ধারার লিখিত স্থানভিন্ন ভারতবর্ষীয় ব্যক্তিরদের যেং স্থানে গমন করা আইনসিদ্ধ হইবে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করণপূর্ব্বক সময়েং এমত অন্যং স্থান নিদ্ধার্য্য করিতে পারিবেন।

উপবিধি।

পরন্তু উক্ত জ্ঞাপনপত্রে যে স্থানের উল্লেখ হয়, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সেই স্থানে গমনকারি ভারতবর্ষীয় লোকেরদের সুরক্ষার নিমিত্ত আইন ও অন্য যেং বিধান যথাযোগ্য জ্ঞান করেন, উক্ত স্থানের গবর্ণমেণ্ট এমত আইনপ্রভৃতি করিয়াছেন মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবকে ইহা নিয়মিতমতে জ্ঞাত করা গিয়াছে, এই কথাও সেই জ্ঞাপনপত্রে প্রকাশ হইবে ইতি।

উক্ত অন্যং স্থানে গমনের চুক্তি হইতে পারিবার কথা।

২৫ ধারা। তদ্রূপ জ্ঞাপনপত্রদ্বারা যে স্থানে যাইবার অনুমতি দেওয়া যায় ঐ জ্ঞাপনপত্রের তারিখঅবধি ভারতবর্ষীয় কোন ব্যক্তির সঙ্গে সেই স্থানে গিয়া মজুরী করিবার চুক্তি করা যাইতে পারিবে এবং ভারতবর্ষীয় কোন ব্যক্তিকে সেই স্থানে যাইবার সামর্থ্যদান ও সাহায্য করা আইন অনুগত হইবে।

কিন্তু উক্ত জ্ঞাপনপত্রক্রমে যে সকল চুক্তি করা যায় ও যে দেশান্তরগমন হয় তাহা এই আইনের বিধানানুসারে করিতে হইবে ইতি।

যেং বন্দরহইতে দেশান্তরে যাওয়া যাইতে পারিবে তাহার কথা।

২৬ ধারা। কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই বন্দরভিন্ন কোন স্থানহইতে ভিন্ন দেশে যাওয়া আইনসিদ্ধ হইবে না ইতি।

৬ অধ্যায়।—ভিন্নদেশ গামিদের রেজিষ্টরী করিবার বিধি।

দেশীয় লোকেরা দেশান্তর গমন করিতে করার করিলে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে উপস্থিত হইবার কথা।

২৭ ধারা। ভারতবর্ষীয় কোন ব্যক্তি কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই নগরভিন্ন কোন স্থানে মজুর সংগ্রাহকের সঙ্গে দেশান্তরে যাইবার করার করিলে, সেই মজুর যে জিলায় ঐ করার করিয়াছে সেই জিলাহইতে যাইবার পূর্ব্বে ঐ সংগ্রাহকের সঙ্গে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে যাইবে। তদ্রূপে যতকাল না যায়, কোন মজুরসংগ্রাহক ততকাল ঐ দেশান্তরগামি ব্যক্তিকে সেই জিলাহইতে স্থানান্তর করিবে না।

Examination and registration.

Upon so appearing, the Magistrate shall examine the intending Emigrant with reference to his engagement; and if it appears that he understands the nature of the engagement he has entered into and that he is willing to fulfil the same, the Magistrate shall register in a book to be kept for the purpose, in such form as the Local Government prescribes,

(*a*) the name, name of the father, and the age, of such Emigrant,

(*b*) the name of the village or place of which such Emigrant is a resident,

(*c*) the Emigration depôt to which it is intended he shall proceed, and

(*d*) the rate of wages and period of service, if any, agreed upon between the Emigrant and the Recruiter.

If the Magistrate thinks that the intending Emigrant does not understand the nature of the engagement, or has been induced to enter into the engagement by fraud or misrepresentation, he shall refuse to register his name.

A copy of every registration under this section written on substantial paper which shall not require a stamp, shall be furnished by the Magistrate to the Emigrant registered.

পরীক্ষা ও রেজিষ্টরী করণের কথা।

মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে গেলে, তিনি দেশান্তর গমনেচ্ছুক ব্যক্তিকে তাহার করারের কথা জিজ্ঞাসা করিবেন, এবং ঐ করারের মর্ম্ম বুঝিয়াছে ও সেই করারমতে কার্য্য করিতে ইচ্ছুক আছে মাজিষ্ট্রেট সাহেব ইহা দেখিলে,

(ক) ঐ দেশান্তর গমনেচ্ছুক ব্যক্তির নাম ও তাহার পিতার নাম ও তাহার বয়স,

(খ) ও যে গ্রামে কি স্থানে তাহার নিবাস তাহার নাম,

(গ) ও দেশান্তরগামিদের যে আড্ডায় তাহাকে পাঠাইবার কল্পনা আছে,

(ঘ) এবং দেশান্তর গমনেচ্ছুক সেই ব্যক্তির ও সংগ্রাহকের মধ্যে বেতনের ও কালের করার হইলে যত বেতন পাইবার ও যত কাল কর্ম্ম করিবার করার হইল, এই সকল কথা লিখিবার বহীতে রেজিষ্টরী করিবেন। স্থানীয় দেশের গবর্ণমেণ্ট যে পাঠ নিরূপণ করেন, ঐ রেজিষ্টরী বহী সেই পাঠে রাখিতে হইবে।

কিন্তু দেশান্তর গমনেচ্ছুক ব্যক্তি ঐ করারের মর্ম্ম বুঝে নাই, কিম্বা কোন ছলনাক্রমে কি অযথার্থ কথা দ্বারা তাহাকে সেই করার করিবার প্রবৃত্তি দেওয়া গিয়াছে, মাজিষ্ট্রেট সাহেব ইহা বোধ করিলে সেই ব্যক্তির নাম রেজিষ্টরী করিবেন না।

এই ধারামতে যে সকল কথা রেজিষ্টরী করা যায় মাজিষ্ট্রেট সাহেব রেজিষ্টরী করা দেশান্তরগামিকে তাহার প্রতিলিপি দিবেন। তাহা উত্তম কাগজে লেখা যাইবে। ইষ্টাম্প লাগিবে না ইতি।

Copy of registration to be sent to Emigration Agent and Protector.

28. Authentic copies of every such registration shall be forthwith forwarded by the Magistrate to the Emigration Agent at the depôt to which the person named therein has been engaged to proceed, and to the Protector of Emigrants at the intended port of embarkation.

রেজিষ্টরী কথার প্রতিলিপি দেশান্তর গমনসম্পর্কীয় এজেণ্টের ও রক্ষকের নিকটে পাঠাইবার কথা।

২৮ ধারা। কোন মজুর সম্বন্ধে যে কথা রেজিষ্টরী বহীতে লেখা যায়, ঐ রেজিষ্টরের লিখিত মজুর যে স্থানে যাইবার করার করিয়াছে সেই স্থানের আড্ডাতে যিনি দেশান্তরগমনসম্পর্কীয় এজেণ্ট হন তাঁহার নিকটে এবং যে বন্দরে মজুরকে জাহাজে উঠাইয়া দিবার কল্পনা হয় সেই বন্দরে যিনি দেশান্তরগামিদের রক্ষক হন তাঁহার নিকটে মাজিষ্ট্রেট সাহেব অবিলম্বে ঐ রেজিষ্টরী কথার যথার্থ প্রতিলিপি স্বাক্ষর করিয়া পাঠাইবেন ইতি।

Registration of Emigrants recruited in presidency towns.

29. Every Native of India, who in the towns of Calcutta, Madras or Bombay, enters into any engagement with a Recruiter to emigrate, shall, within forty-eight hours of making such engagement, appear with the Recruiter before the Protector of Emigrants in such town; and no Recruiter shall remove such Emigrant from the said town, or to any Emigration depôt, until he has so appeared.

Upon his so appearing, the Protector of Emigrants shall examine the intending Emigrant with reference to his engagement; and if it appears that

রাজধানীতে সংগৃহীত মজুরের রেজিষ্টরী করণের কথা।

২৯ ধারা। ভারতবর্ষীয় কোন ব্যক্তি কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাই নগরে, মজুর সংগ্রাহকের সঙ্গে দেশান্তরে যাইবার করার করিলে সেই করার করিবার পর ঐ ব্যক্তি ৪৮ ঘণ্টার মধ্যে মজুরসংগ্রাহকের সঙ্গে উক্ত নগরস্থ দেশান্তরগামিদের রক্ষকের সম্মুখে উপস্থিত হইবে। যতকাল তদ্রূপে উপস্থিত না হয়, মজুরসংগ্রাহক দেশান্তর গমনেচ্ছুক ঐ ব্যক্তিকে তত কাল ঐ নগর হইতে স্থানান্তর করিতে কি দেশান্তরগামিদের কোন আড্ডাতে পাঠাইতে পারিবে না।

তদ্রূপে উপস্থিত হইলে দেশান্তরগামিদের রক্ষক ঐ দেশান্তরগমনেচ্ছুক ব্যক্তিকে তাহার করারের কথা জিজ্ঞাসা করিবেন। এবং সে ঐ করারের মর্ম্ম বুঝিয়াছে

he understands the nature of the engagement he has entered into, and that he is willing to fulfil the same, the Protector of Emigrants shall register in a book to be kept for the purpose, in such form as the Local Government prescribes,

(*a*) the name, the name of the father, and the age of such Emigrant,

(*b*) the name of the village or place of which such Emigrant is a resident,

(*c*) the Emigration depôt to which it is intended he shall proceed, and

(*d*) the rate of wages and period of service, if any, agreed upon between the Emigrant and the Recruiter.

If the Protector of Emigrants thinks that the intending Emigrant does not understand the nature of the engagement, or has been induced to enter into the engagement by fraud or misrepresentation, he shall refuse to register his name.

A copy of every registration under this section, written on substantial paper which shall not require a stamp, shall be furnished by the Protector to the Emigrant registered.

Copy of registration by Protector to be forwarded to Agent.

30. An authentic copy of every such registration shall be forthwith forwarded by the Protector to the Emigration Agent of the place for which the person named therein has been engaged.

Fee for registration by Protector.

31. For the registration of every Emigrant under section twenty-seven or twenty-nine, the Recruiter shall pay to the Magistrate or the Protector of Emigrants, as the case may be, a fee of one rupee and eight annas.

On proof of the desertion of any Emigrant before embarkation, the fee paid in respect of such Emigrant may be refunded by the Magistrate or the Protector to the Recruiter by whom it was paid, under such rules as are from time to time made in that behalf by the Governor General in Council.

VII.—Conveyance of Emigrants to Depôts.

Conveyance of Emigrant to depôt.

32. (1.) Every Emigrant recruited under the provisions of this Act shall be conveyed by land or river with all convenient despatch to the depôt, at the port of embarkation, established by the Emigration Agent of the place to which such Emigrant has contracted to emigrate.

ও সেই করারমতে কার্য্য করিতে ইচ্ছুক আছে দেশান্তরগামিদের রক্ষক ইহা দেখিলে

(ক) ঐ দেশান্তরগমনেচ্ছুক ব্যক্তির ও তাহার পিতার নাম ও তাহার বয়স,

(খ) ও যে গ্রামে কি স্থানে তাহার নিবাস তাহার নাম,

(গ) ও দেশান্তরগামিদের যে আড্ডায় তাহাকে পাঠাইবার কল্পনা আছে সেই আড্ডার নাম,

(ঘ) এবং দেশান্তরগমনেচ্ছুক সেই ব্যক্তির ও মজুরসংগ্রাহকের মধ্যে বেতনের ও কালের করার হইলে যত বেতন পাইবার ও যত কাল কর্ম্ম করিবার করার হইল এই সকল কথা লিখিবার বহীতে রেজিষ্টরী করিবেন। স্থানবিশেষের গবর্ণমেণ্ট যে পাঠ নিরূপণ করেন, সেই পাঠে ঐ রেজিষ্টরী বহী রাখিতে হইবে।

কিন্তু দেশান্তরগমনেচ্ছুক ব্যক্তি ঐ করারের মর্ম্ম বুঝে নাই কিম্বা কোন ছলমাক্রমে কি অযথার্থ কথাদ্বারা তাহাকে সেই করার করিবার প্রবৃত্তি দেওয়া গিয়াছে, দেশান্তরগামিদের রক্ষক ইহা বোধ করিলে সেই ব্যক্তির নাম রেজিষ্টরী করিবেন না।

এই ধারামতে যে সকল কথা রেজিষ্টরী করা যায়, রক্ষক রেজিষ্টরী করা দেশান্তরগামিকে তাহার প্রতিলিপি দিবেন। তাহা উত্তম কাগজে লেখা যাইবে। ইষ্টাম্প লাগিবে না ইতি।

রক্ষকের রেজিষ্টরী কথার প্রতিলিপি এজেণ্টের নিকটে পাঠাইবার কথা।

৩০ ধারা। উক্ত যে সকল কথা রেজিষ্টরী বহীতে লেখা যায় তাহার উল্লিখিত মজুর যে স্থানে যাইবার করার করিয়াছে, দেশান্তরগামিদের রক্ষক ঐ রেজিষ্টরের যথার্থ প্রতিলিপি স্বাক্ষর করিয়া সেই স্থানের দেশান্তরগমনসম্পর্কীয় এজেণ্টের নিকটে পাঠাইবেন ইতি।

রক্ষকদ্বারা রেজিষ্টর করণের ফীর কথা।

৩১ ধারা। ২৭ কি ২৯ ধারামতে প্রত্যেক মজুরের নাম রেজিষ্টরী করণের নিমিত্তে মজুরসংগ্রাহক মাজিষ্ট্রেট সাহেবকে কিম্বা বিষয়বিশেষে মজুরদের রক্ষককে দেড় টাকা ফী দিবেন।

মজুর জাহাজে উঠিবার পূর্ব্বে পলায়ন করিয়াছে প্রমাণ হইলে মাজিষ্ট্রেট সাহেব কিম্বা মজুররক্ষক দেশান্তরগামি ঐ ব্যক্তির নিমিত্তে যে মজুরসংগ্রাহকের স্থানে ঐ ফী পাইয়াছিলেন মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়েং তাহা ফিরিয়া দিবার যেং বিধি করেন, তদনুসারে তাহা ফিরিয়া দিতে পারিবেন ইতি।

৭ অধ্যায়।—দেশান্তরগামিদিগকে আড্ডায় লইয়া যাইবার বিধি।

দেশান্তরগামিকে আড্ডাতে লইয়া যাইবার কথা।

৩২ ধারা। ১ প্রকরণ। এই আইনের বিধানক্রমে দেশান্তরগামি কোন ব্যক্তিকে সংগ্রহ করা গেলে সেই ব্যক্তি যে দেশে যাইবার করার করিয়াছে সেই দেশে গমনার্থ বন্দরে তদ্দেশগমনসম্পর্কীয় এজেণ্টের যে আড্ডা আছে সেই আড্ডায় তাহাকে জল কি স্থলপথে সুবিধামতে ত্বরায় লইয়া যাইতে হইবে।

(2.) The registered Emigrants engaged by any Recruiter shall, while proceeding to a depôt, be accompanied throughout the journey either by the Recruiter himself or by a competent person appointed by him with the approval of the Magistrate by whom the Emigrants have been registered. The Magistrate shall give to the person so appointed a certificate under his signature, stating that he has been appointed for the journey to the depôt.

Emigrants to be accompanied by Recruiter.

২ প্রকরণ। রেজিষ্টরী যে মজুরেরা কোন সংগ্রাহকের সঙ্গে করার করে, আড্ডায় যাইবার সময়ে মজুরসংগ্রাহক তাহারদের সঙ্গে২ আপনি সমস্ত পথ যাইবে, অথবা যে মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা ঐ মজুরদিগকে রেজিষ্টরী করা গেল তাঁহার সম্মতিক্রমে ঐ মজুরসংগ্রাহকের নিযুক্ত কোন উপযুক্ত ব্যক্তি তাহারদের সঙ্গে যাইবে। এবং সেই ব্যক্তি আড্ডাপর্য্যন্ত যাইতে নিযুক্ত হইয়াছে মাজিষ্ট্রেট সাহেব এই মর্ম্মের সর্টিফিকটে স্বাক্ষর করিয়া ঐ নিযুক্ত ব্যক্তিকে দিবেন।

মজুরের সঙ্গে সংগ্রাহকের যাইবার কথা।

(3.) Every Recruiter by or through whom Emigrants may be forwarded to a depôt shall, throughout their journey, provide them with suitable lodging and food.

Recruiter to provide suitable food and lodging.

৩ প্রকরণ। যে মজুর সংগ্রাহকের সঙ্গে কি যাহার দ্বারা মজুরদিগকে কোন আড্ডায় পাঠান যায়, সেই মজুরসংগ্রাহক পথে তাহারদের উপযুক্ত বাসা ও আহারের বিধান করিবে ইতি।

আহার ও বাসার সদুপায় করা মজুরসংগ্রাহকের কর্ত্তব্যের কথা।

VIII.—Arrival at Depôts and Procedure thereon.

৮ অধ্যায়।—আড্ডায় পঁহুছিবার ও তৎপরে কার্য্য প্রণালীর বিধি।

33. The arrival of each Emigrant at a depôt shall immediately be reported by the person in charge of the depôt to the Emigration Agent, and by such Agent to the Protector of Emigrants.

Arrival at depôt to be reported.

৩৩ ধারা। দেশান্তরগামি প্রত্যেক ব্যক্তি আড্ডায় পঁহুছিলে, সেই আড্ডার অধ্যক্ষ অযৌণে দেশান্তরগমনসম্পর্কীয় এজেণ্টকে সেই ব্যক্তির পঁহুছিবার সম্বাদ দিবেন ও সেই এজেণ্ট দেশান্তরগামিরদের রক্ষককে সম্বাদ দিবেন ইতি।

আড্ডায় পঁহুছিলে জ্ঞাত করিবার কথা।

34. The copy of the registration of every Emigrant, received by the Emigration Agent from the Magistrate or from the Protector of Emigrants, shall as soon as conveniently may be after the arrival of the Emigrant be shewn to the Medical Inspector of Emigrants; and the Emigrant shall be examined by the Medical Inspector to ascertain if he is in a fit state of health to emigrate to the place to which he has contracted to proceed.

Copy of registration to be shewn to Medical Inspector.

Emigrants to be inspected by him.

৩৪ ধারা। দেশান্তরগমনসম্পর্কীয় এজেণ্ট মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা দেশান্তরগামিদের রক্ষকের স্থানে দেশান্তরগামি প্রত্যেক ব্যক্তির রেজিষ্টরী করার যে প্রতিলিপি পান, তাহা সেই দেশান্তরগামি ব্যক্তির পঁহুছিবার পর দেশান্তরগামিদের পরিদর্শনার্থ চিকিৎসককে সুবিধামতে ত্বরায় দেখাইবেন। সেই ব্যক্তি যে স্থানে যাইবার চুক্তি করিয়াছে, শারীরিক স্বাস্থ্য বিবেচনায় সেই স্থানে যাইবার উপযুক্ত কি না, পরিদর্শনার্থ চিকিৎসক ইহা নিশ্চয়মতে জানিবার নিমিত্তে তাহার পরীক্ষা করিয়া দেখিবেন।

পরিদর্শনার্থ চিকিৎসককে রেজিষ্টরী করার প্রতিলিপি দেখাইবার কথা।

দেশান্তরগামিদিগকে তাঁহার দৃষ্টি করিবার কথা।

The Medical Inspector, if satisfied of his fitness, shall give a certificate thereof to the Emigration Agent: if satisfied of his unfitness, he shall give a certificate thereof to the Protector of Emigrants.

সেই ব্যক্তি যাইবার উপযুক্ত, চিকিৎসক ইহা সন্তোষমতে জ্ঞাত হইলে দেশান্তরগমনসম্পর্কীয় এজেণ্টকে সেই মর্ম্মের সর্টিফিকট দিবেন। ও যাইবার উপযুক্ত নয় ইহা সন্তোষমতে জ্ঞাত হইলে, দেশান্তরগামিদের রক্ষককে সেই মর্ম্মের সর্টিফিকট দিবেন ইতি।

35. If the Medical Inspector certifies that any Emigrant is not in a fit state of health to emigrate to the place to which he has contracted to proceed,

When emigrant to be sent back to place of registration.

৩৫ ধারা। দেশান্তরগামি কোন মজুর যে স্থানে যাইবার চুক্তি করিল শারীরিক অস্বাস্থ্য বিবেচনায় তাহার সেই স্থানে যাওয়া উচিত নয়, চিকিৎসক এই মর্ম্মের সর্টিফিকট দিলে,

যে স্থানে রেজিষ্টর হইয়াছিল সেই স্থানে মজুরকে ফিরিয়া পাঠাইবার কথা।

or if any irregularity has occurred in the recruitment of any Emigrant,

কিম্বা কোন দেশান্তরগামিকে সংগ্রহকরণে অনিয়মিত কার্য্য হইলে,

the Protector of Emigrants may order the Emigration Agent in whose depôt such Emi-

ঐ মজুরকে যে স্থানে রেজিষ্টরী করা গেল তাহার সেই স্থানে ফিরিয়া যাইতে যুক্তিমতে যত খরচ লাগে

grant may be, forthwith to pay to him, the Protector of Emigrants, such reasonable sum as is necessary to enable the labourer to return to the place where he was registered, and the Protector may take any steps he thinks necessary for the conveyance of the labourer to such place.

Failure of Emigration Agent to pay sum required to enable Emigrant to return.

36. On failure of the Emigration Agent for twenty-four hours to comply with an order of the Protector for the payment of any such sum, the Protector may pay the same to or on behalf of the Emigrant.

Every sum so disbursed shall be recoverable by the Protector, with six per cent. interest from the date of disbursement, from the Emigration Agent on whose default it is paid, as money paid to the use of such Emigration Agent.

No further proof shall be required by any Court in any such case than that the Protector gave the Emigration Agent an order to pay such money, and that the Emigration Agent for a space of twenty-four hours made default in complying therewith.

Provided that every Emigrant who, from his state of health, is, in the opinion of the Medical Inspector, unfit to undertake the journey back to the place where he was registered, shall, in addition to his being conveyed back at the expense of the Emigration Agent, be entitled to continue in the depôt and to be fed, clothed, lodged and attended to there, by and at the expense of the Emigration Agent, until such time as the Protector otherwise orders.

Duty of Emigration Agent.

37. The Emigration Agent, in the presence of the Protector of Emigrants and within forty-eight hours after the arrival of each Emigrant at the depôt, shall ascertain by personal communication with such Emigrant whether or not he has been properly fed and otherwise properly treated on his journey to the depôt.

The Emigration Agent shall also, in the presence of the Protector and within such time as aforesaid, examine the copy of the registration furnished to the Emigrant under section twenty-seven or section twenty-nine. If for any reason further enquiry be necessary, such enquiry shall be made forthwith.

Unless the Emigration Agent, with the consent of the Protector, refuses to recognize or to be bound by the contract entered into by the Recruiter with the Emigrant, as shown by the copy of

মজুর দেশান্তরগমনসম্পর্কীয় যে এজেন্টের আডডায় থাকে দেশান্তরগামিদের রক্ষক তাঁহাকে আপনার হাতে সেই খরচ দিতে আজ্ঞা করিয়া মজুরকে ঐ স্থানে ফিরিয়া পাঠাইবার আবশ্যক উপায় করিবেন ইতি।

মজুরের প্রত্যাগমনার্থে যত টাকা প্রয়োজন দেশান্তরগমনসম্পর্কীয় এজেন্ট তাহা না দিলে তদ্বিষয়ের কথা।

৩৬ ধারা। রক্ষক ঐ খরচ দিবার আজ্ঞা করিলে, যদি দেশান্তরগমনসম্পর্কীয় এজেন্ট চব্বিশ ঘন্টাপর্য্যন্ত ঐ আজ্ঞামতে খরচ না দেন, তবে রক্ষক মজুরের হাতে কিম্বা তাহার নিমিত্তে অন্যের হাতে সেই খরচ দিতে পারিবেন

দেশান্তরগমনসম্পর্কীয় যে এজেন্টের ত্রুটিপ্রযুক্ত ঐ টাকা দেওয়া যায় ঐ রক্ষক, তাঁহারি ব্যবহারার্থে দেওনের ন্যায় ঐ টাকা দিবার তারিখঅবধি শতকরা ৬৲ টাকার হিসাবে সুদসুদ্ধ ঐ এজেন্টের স্থানে তাহা ফিরিয়া পাইতে পারিবেন।

সেই বিষয়ের মোকদ্দমা হইলে, রক্ষক দেশান্তরগমনসম্পর্কীয় এজেন্টকে ঐ টাকা দিবার আজ্ঞা করিয়াছিলেন, এবং দেশান্তরগমনসম্পর্কীয় এজেন্ট ২৪ ঘন্টাপর্য্যন্ত সেই আজ্ঞামতে কর্ম্ম করেন নাই ইহার প্রমাণভিন্ন কোন আদালতে অধিক প্রমাণের প্রয়োজন হইবে না।

কিন্তু যদি দেশান্তরগমনেচ্ছুক ব্যক্তি চিকিৎসকের বিবেচনায় শারীরিক রোগ প্রযুক্ত রেজিস্টরী হইবার স্থানে ফিরিয়া যাইতে না পারে, তবে দেশান্তরগমনসম্পর্কীয় এজেন্টের খরচে ফিরিয়া যাইতে ঐ মজুরের যে স্বত্ব আছে, তদ্ভিন্ন রক্ষক যত কাল অন্য প্রকারের আজ্ঞা না করেন, ততকাল ঐ মজুরের সেই আডডাতে থাকিবার এবং দেশান্তরগমনসম্পর্কীয় এজেন্টের দ্বারা ও তাহার খরচে আহার ও বস্ত্র ও বাসা পাইবার ও তত্ত্বাবধারণ হইবার স্বত্ব থাকিবে ইতি।

দেশান্তর গমনসম্পর্কীয় এজেন্টের কর্ত্তব্য কর্ম্মের কথা।

৩৭ ধারা। দেশান্তরগামি প্রত্যেক ব্যক্তির আডডায় পঁহুছিবার পর আটচল্লিশ ঘন্টার মধ্যে দেশান্তর গমন সম্পর্কীয় এজেন্ট দেশান্তরগামিদের রক্ষকের সাক্ষাতে দেশান্তরগমনোদ্যত উক্ত ব্যক্তির সঙ্গে স্বয়ং কথা কহিয়া, সে আডডায় আসিবার পথে উপযুক্ত মতে আহার পাইয়াছে কি না ও প্রকারান্তরে তাহার প্রতি উপযুক্ত আচার হইয়াছে কি না ইহা নিযমমতে জানিবেন।

আরো দেশান্তরগামি ব্যক্তিকে ২৭ ধারা কি ২৯ ধারামতে রেজিস্টরী কথার যে প্রতিলিপি দেওয়া গেল দেশান্তরগমনসম্পর্কীয় এজেন্ট পূর্ব্বোক্ত সময়ের মধ্যে রক্ষকের সাক্ষাতে তাহা দৃষ্টি করিবেন। কোন কারণে অধিক অনুসন্ধান লইবার আবশ্যক হইলে, অগৌণে লওয়া যাইবে।

দেশান্তরগামি মজুর রেজিস্টরী করা যে কথার প্রতিলিপি দেখাইয়া দেয়, তাহাতে ঐ মজুরের সঙ্গে সংগ্রাহকের যে চুক্তি দৃষ্ট হয়, যদি দেশান্তরগমনসম্পর্কীয় এজেন্ট রক্ষকের সম্মতিক্রমে সেই চুক্তি

the registration produced by the Emigrant, such copy, if it be a copy furnished under section twenty-seven, shall be countersigned by both the Emigration Agent and the Protector, and if it be a copy furnished under section twenty-nine shall be countersigned by the Emigration Agent alone. The copy so countersigned, under whichever section it may have been furnished, shall be delivered back to the Emigrant.

Refusal of Agent, without consent of Protector, to be bound by contract made by Recruiter.

If the Emigration Agent, without the consent of the Protector, refuses to be bound by the contract entered into by the Recruiter with the Emigrant, the Protector may thereupon order the Emigration Agent forthwith to pay to him, the Protector of Emigrants, such reasonable sum as is necessary to enable the Emigrant to return to the place where he was registered. On failure of the Emigration Agent to pay such sum within twenty-four hours of his being ordered so to do, the Protector may pay the same to or on behalf of the Emigrant. All the provisions of section thirty-six as to sums paid by the Protector shall apply, so far as the circumstances of the case permit, to sums paid by him under this section.

Suits against Emigration Agent.

The Protector shall also, in every case in which it seems to him proper to do so, institute a suit on behalf of the Emigrant against the Emigration Agent, for the recovery of damages for the breach of contract committed by the Emigration Agent.

In every such suit, the contract entered into by the Recruiter shall be deemed to have been entered into by and to be binding on the Emigration Agent.

After examination and Medical Inspector's certificate, Emigration Agent to grant a pass.

38. After the examination mentioned in section thirty-seven, and if the Medical Inspector has given a certificate of the fitness of the Emigrant to emigrate, the Emigration Agent shall deliver to the Emigrant a pass, countersigned by the Protector of Emigrants as hereinafter provided, stating the name and the age of the Emigrant and the name of his father, and certifying that he is in a fit state of health to emigrate to the place to which he has contracted to go.

Protector of Emigrants to attend personally at examination and passing.

39. The Protector of Emigrants shall attend personally at the examination and passing of Emigrants by the Emigration Agent under sections thirty-seven and thirty-eight, and shall see that the Emigration

স্বীকার করিতে ও তাহাতে আবদ্ধ হইতে অসম্মত না হন, তবে সেই প্রতিলিপি ২৭ ধারামতে দেওয়া গেলে দেশান্তরগমনসম্পর্কীয় এজেণ্ট এবং রক্ষক উভয়েই তাহাতে স্বাক্ষর করিবেন। ২৯ ধারামতে দেওয়া গেলে কেবল দেশান্তর গমনসম্পর্কীয় এজেণ্ট তাহাতে স্বাক্ষর করিবেন। উক্ত যে ধারামতে দেওয়া যাউক, স্বাক্ষর হইলে পর, সেই প্রতিলিপি দেশান্তরগামি মজুরকে ফিরিয়া দেওয়া যাইবে।

রক্ষকের সম্মতিভিন্ন এজেণ্ট সংগ্রাহকের চুক্তি স্বীকার না করিলে তাহার কথা।

দেশান্তরগামি মজুরের সঙ্গে সংগ্রাহক যে চুক্তি করিয়াছে রক্ষকের সম্মতি বিনা দেশান্তরগমনসম্পর্কীয় এজেণ্ট সেই চুক্তিতে আবদ্ধ থাকিতে স্বীকার না করিলে মজুরকে যে স্থানে রেজিষ্টরী করা গেল তাহার সেই স্থানে ফিরিয়া যাইবার যুক্তিমতে যত খরচ লাগে দেশান্তরগামিদের রক্ষক দেশান্তরগমনসম্পর্কীয় এজেণ্টের প্রতি আপনার হাতে সেই খরচ দিতে আজ্ঞা করিবেন। তিনি সেই খরচ দিবার আজ্ঞা পাইলে পর যদি চব্বিশ ঘণ্টার মধ্যে না দেন, তবে রক্ষক ঐ মজুরের হাতে কি তাহার নিমিত্তে অন্যের হাতে সেই খরচ দিবেন। এবং ৩৬ ধারাতে রক্ষকের দত্ত টাকার যে সকল বিধান হইয়াছে, তাহা গতিক বিবেচনায় এই ধারামতে দত্ত টাকা বিষয়ে যত দূর খাটিতে পারে, খাটিবে।

দেশান্তর গমনসম্পর্কীয় এজেণ্টের নামে মোকদ্দমার কথা।

আরো দেশান্তরগমনসম্পর্কীয় এজেণ্ট চুক্তিভঙ্গ করিলে রক্ষক কোন স্থলে উচিত বিবেচনায় দেশান্তরগামি মজুরের পক্ষে ঐ এজেণ্টের নামে ক্ষতিপূরণের মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন।

তদ্রূপ প্রত্যেক মোকদ্দমায়, মজুর সংগ্রাহকের চুক্তি দেশান্তরগমনসম্পর্কীয় এজেণ্টের চুক্তির ন্যায় ও তিনি তাহাতে আবদ্ধ এমত জ্ঞান হইবে ইতি।

পরীক্ষা হইলে এবং চিকিৎসক সর্টিফিকট দিলে পর দেশান্তরগমনসম্পর্কীয় এজেণ্টের ছাড়পত্র দিবার কথা।

৩৮ ধারা। ৩৭ ধারার উল্লিখিত পরীক্ষা করা গেলে পর দেশান্তরগমনেচ্ছুক ব্যক্তি দেশান্তরে যাইবার উপযুক্ত, পরিদর্শনার্থ চিকিৎসক এই মর্ম্মের সর্টিফিকট দিলে দেশান্তরগমনসম্পর্কীয় এজেণ্ট ঐ দেশান্তরগামি মজুরকে ছাড়পত্র দিবেন। দেশান্তরগামিদের রক্ষক পশ্চাৎ লিখিত বিধানমতে সেই ছাড়পত্রে স্বাক্ষর করিবেন। তাহাতে দেশান্তরগামির নাম ও বয়স ও তাহার পিতার নাম লেখা থাকিবে, এবং সেই ব্যক্তি যে স্থানে যাইবার চুক্তি করিয়াছে সে শরীরের স্বাস্থ্য বিবেচনায় ঐ স্থানে যাইবার উপযুক্ত, এই কথা লিখিত থাকিবে ইতি।

পরীক্ষা করণের ও ছাড়পত্র দেওনের সময়ে, দেশান্তরগামিদের রক্ষকের উপস্থিত থাকিবার কথা।

৩৯ ধারা। দেশান্তর গমনসম্পর্কীয় এজেণ্ট যে সময়ে ৩৭ ও ৩৮ ধারামতে দেশান্তরগামিদিগকে পরীক্ষা করিয়া দেখন ও ছাড়পত্র দেন, দেশান্তরগামিদের রক্ষক স্বয়ং সেই সময়ে উপ-

Agent makes all such enquiries of the Emigrants as it may be his duty to make.

And to countersign pass.

If such Protector is satisfied with such enquiries, but not otherwise, he shall countersign the pass delivered by the Emigration Agent.

IX.—Emigrant Vessels.

Emigrant not to be received on board an unlicensed ship.

40. (1.) It shall not be lawful to receive any Emigrant on board any vessel unless a license to carry Emigrants in such vessel has been obtained from the Local Government. The granting or withholding any such license shall be in the discretion of the Local Government.

Application for license.

(2.) The Master or owner of any vessel who desires to obtain a license to carry Emigrants in such vessel, shall apply in writing through the Protector of Emigrants to the Local Government for such license.

Contents of license.

(3.) Every such application shall state the number of men, women, and children proposed to be carried, and the tonnage and other particulars respecting the vessel.

Survey of vessel.

(4.) The Protector of Emigrants shall cause the vessel to be carefully surveyed by a competent person, with a view to ascertain her sea-worthiness and the extent and nature of her accommodation for Emigrants, and to ascertain that she is properly ventilated and is supplied with all the tackle requisite for her voyage.

Report after survey, and certificate to Master.

(5.) The Protector of Emigrants shall make a full report on the survey to the Local Government; and if he is of opinion that the vessel is in all respects suitable for the carrying of Emigrants under this Act, but not otherwise, he shall give a certificate to that effect to the Master of the vessel.

Bond to be executed by Master.

(6.) In consideration of his obtaining a license to carry Emigrants, the Master of every vessel intended to carry Emigrants shall, upon the requisition of the Protector of Emigrants and before any Emigrant embarks on board of such vessel, execute in duplicate a bond, in such form as the Local Government prescribes, binding himself

নিতে হইয়া, দেশান্তরগামিদের নিকটে দেশান্তর গমন-সম্পর্কীয় এজেন্টের যে সকল কথা জিজ্ঞাসা করা কর্ত্তব্য তাহা জিজ্ঞাসা করা গেল, ইহা দৃষ্টি করিবেন।

ছাড়পত্রে তাঁহার স্বাক্ষর করিবার কথা।

রক্ষক সেই জিজ্ঞাসায় তৃপ্ত হইলে, দেশান্তরগমন-সম্পর্কীয় এজেন্টের দত্ত ছাড়পত্রে স্বাক্ষর করিবেন। তৃপ্ত না হইলে স্বাক্ষর করিবেন না ইতি।

৯ অধ্যায়।—দেশান্তরগামি মজুরদের জাহাজের বিধি।

জাহাজের অনুমতিপত্র না হইলে দেশান্তরগামিদিগকে না লইবার কথা।

৪০ ধারা। ১ প্রকরণ। কোন জাহাজ স্থানবিশেষের গবর্ণমেণ্টের স্থানে দেশান্তরগামিদিগকে লইবার অনুমতিপত্র না পাইলে, সেই জাহাজে দেশান্তরগামি কোন মজুরকে লওয়া যাইতে পারিবে না। ঐ অনুমতিপত্র দেওয়া বা না দেওয়া ঐ গবর্ণমেণ্টের ইচ্ছা।

অনুমতিপত্র পাইবার প্রার্থনার কথা।

২ প্রকরণ। কোন জাহাজের অধ্যক্ষ কি স্বামী সেই জাহাজে দেশান্তরগামিদিগকে লইবার অনুমতিপত্র পাইতে চাহিলে সেই অনুমতিপত্র পাইবার প্রার্থনা লিখিয়া দেশান্তরগামিদের রক্ষকের দ্বারা স্থানবিশেষের গবর্ণমেণ্টকে দিবেন।

প্রার্থনাপত্রে যাহা লেখা যাইবে তাহার কথা।

৩ প্রকরণ। উক্ত প্রার্থনাপত্রে, যত পুরুষ ও যত স্ত্রী ও যত বালকবালিকা জাহাজে লইবার প্রস্তাব হয়, ও জাহাজে যত টন বোঝাই ধরে ও জাহাজসম্পর্কীয় অন্যান্য বৃত্তান্ত লিখিতে হইবে।

জাহাজ পর্য্যালোচনার কথা।

৪ প্রকরণ। জাহাজ সমুদ্রে যাইবার উপযুক্ত এবং তাহাতে দেশান্তরগামি মজুরদের থাকিবার কি প্রকারের কত স্থান আছে, ও জাহাজে বায়ু চলনের সদুপায় আছে ও গমনীয় স্থানে যাইবার প্রয়োজনীয় কল ও কাচি প্রভৃতি সরঞ্জাম আছে, ইহা নিয়মমতে জানিবার জন্যে, দেশান্তরগামিদের রক্ষক উপযুক্ত ব্যক্তি দ্বারা মনোযোগক্রমে ঐ জাহাজের পর্য্যালোচনা করাইবেন।

পর্য্যালোচনার পরে রিপোর্ট করিবার ও অধ্যক্ষকে সর্টিফিকট দিবার কথা।

৫ প্রকরণ। দেশান্তরগামিদের রক্ষক স্থানবিশেষের গবর্ণমেণ্টের নিকট ঐ পর্য্যালোচনার সম্পূর্ণ রিপোর্ট করিবেন। এবং ঐ জাহাজ এই আইনমতে দেশান্তরগামিদিগকে লইয়া যাইবার সর্ব্বতোভাবে উপযুক্ত জ্ঞান করিলে, তিনি জাহাজের অধ্যক্ষকে সেই মর্ম্মের সর্টিফিকট দিবেন, নতুবা দিবেন না।

অধ্যক্ষের নিবন্ধপত্র লিখিবার কথা।

৬ প্রকরণ। যে জাহাজে দেশান্তরগামি মজুরদিগকে লইবার কল্পনা থাকে তাহাতে দেশান্তরগামিদিগকে লইবার অনুমতিপত্র প্রাপ্ত হওন বিধায়, দেশান্তরগামিদের রক্ষকের আদেশ হইলে ও জাহাজে দেশান্তরগামি কোন মজুরের উঠিবার পূর্ব্বে, ঐ জাহাজের অধ্যক্ষ স্থানবিশেষের গবর্ণমেণ্টের নিরূপিত পাঠে দুই প্রস্থ নিবন্ধ-

and his owners in a penal sum of ten thousand rupees to conform to the several conditions in this Act provided. The Protector of Emigrants shall require the Master to execute such bond as aforesaid in duplicate, and shall forward one copy of it to the Government of the place to which the Emigrants are to be carried (or in the case of a French colony to the British Consular Agent at such colony) and the other copy of it to the Local Government.

Space and accommodation required on board Emigrant ships.

41. (1.) No certificate under section forty shall be granted, unless there be provided for the Emigrants, either between decks or in cabins on the upper deck firmly secured and entirely covered in, a space devoted to their exclusive use. Such cabins and space between decks shall in every part have a height of not less than five feet and a half.

(2.) No compartment shall take more than one adult Emigrant for every twelve superficial feet on deck, and for every cubic space of seventy-two feet, or more than one child who has completed two and has not completed ten years of age for every eight superficial feet on deck.

(3.) A distinct and separate place shall be fitted up for a hospital in every Emigrant vessel.

(4.) Women and children shall occupy a compartment of the vessel distinct and separate from the compartments of the single men.

(5.) An Emigrant above the age of ten years shall, for the purposes of this Act, count as an adult, and two children from one to ten years of age shall count as one adult.

Provisions, fuel and water.

42. (1.) There shall be actually laden and on board of every vessel carrying Emigrants, at the time of the departure of such vessel from the port at which they embark,

(a.) good and wholesome provisions for the use and consumption of the said Emigrants (over and above the victualling of the Captain, officers and crew, and of the cabin and other passengers, if any) in such quantity and of such description and quality as may be prescribed by any rule framed by the Governor General in Council under section fifty-six,

(b.) fuel for cooking such provisions, and

(c.) a supply of water, to the amount of seven gallons for every week of the probable length of

পত্রে স্বাক্ষর করিবেন, তাহাতে এই প্রতিজ্ঞা করিবেন যে এই আইনের বিহিত প্রত্যেক নিয়মানুসারে কার্য্য না হইলে তিনি এবং জাহাজের স্বামিরা দশ সহস্র টাকা দণ্ড দিবেন। দেশান্তরগামিদের রক্ষক জাহাজের অধ্যক্ষকে পূর্ব্বোক্ত নিবন্ধপত্রের দুই প্রস্থে স্বাক্ষর করিতে আদেশ করিবেন, এবং দেশান্তরগামি মজুরদিগকে যে স্থানে লইয়া যাইতে হইবে সেই স্থানের গবর্ণমেণ্টের নিকটে এক প্রস্থ (কিম্বা ফ্রান্সীয়দের উপনিবেশ হইলে ঐ উপনিবেশের ব্রিটনীয় কন্সলর এজেণ্টের নিকট এক প্রস্থ) ও স্থানীয় গবর্ণমেণ্টের নিকটে অন্য প্রস্থ প্রেরণ করিবেন ইতি।

দেশান্তরগামি মজুরদের জাহাজে শূন্য স্থানের ও থাকিবার স্থানের কথা।

৪১ ধারা। ১ প্রকরণ। জাহাজের দুই তুতকের মধ্যস্থানে কিম্বা উপরের তুতকে দৃঢ়মতে আঁটা ও সম্পূর্ণরূপে আবৃত কুঠরীতে কেবল দেশান্তরগামিদের ব্যবহারার্থে স্থান নিরূপণ না থাকিলে ৪০ ধারামত সর্টিফিকট দেওয়া যাইবে না। সেই সকল কুঠরীর ছাত, ও তুতকের মধ্যস্থানের ছাত, মেজ্যা হইতে সর্ব্বাংশে সাড়ে পাঁচ ফুটের ন্যূন উর্দ্ধ হইবে না।

২ প্রকরণ। জাহাজের কোন বিভাগে তুতকের বর্গ দ্বাদশ ফুট, এবং ঘণ ৭২ ফুট স্থানে বয়ঃপ্রাপ্ত দেশান্তরগামি এক ব্যক্তির অধিক গ্রহণ হইবে না ও যে বালকের বয়স দুই বৎসর পূর্ণ হইয়াছে কিন্তু দশ বৎসর পূর্ণ হয় নাই তুতকের বর্গ আট ফুট স্থানে এমত এক বালকের অধিক গ্রহণ হইবে না।

৩ প্রকরণ। দেশান্তরগামিদের প্রত্যেক জাহাজে চিকিৎসালয়স্বরূপ স্বতন্ত্র ও পৃথক স্থান সাজান থাকিবে।

৪ প্রকরণ। অবিবাহিত পুরুষেরা জাহাজের এক ভাগে থাকিবে, স্ত্রী ও বালকবালিকা ভিন্ন ও স্বতন্ত্র স্থানে থাকিবে।

৫ প্রকরণ। এই আইনের কার্য্যপক্ষে দেশান্তরগামিদের দশ বৎসরের অধিক বয়সের প্রত্যেক জন বয়ঃপ্রাপ্তের তুল্য গণ্য হইবে। এবং এক বৎসরের অধিক দশ বৎসরপর্য্যন্ত বয়সের দুই বালক এক জন বয়ঃপ্রাপ্তের তুল্য গণ্য হইবে ইতি।

আহারীয় দ্রব্য ও জ্বালানী কাষ্ঠাদির ও জলের কথা।

৪২ ধারা। ১ প্রকরণ। দেশান্তরগামি মজুরেরা যে বন্দরে মজুরদিগকে লইবার জাহাজে উঠিবে, সেই বন্দর হইতে জাহাজের যাইবার সময়ে,

(ক) কাপ্তান সাহেবের ও মালিমদের ও মাল্লাপ্রভৃতির আহারাদির, এবং ঐ জাহাজের কুঠরীতে কি অন্য স্থানে চড়নদার গেলে সেই চড়নদারদের আহারাদির যে দ্রব্য জাহাজে লওয়া যায়, তদ্ভিন্ন ও তদতিরিক্ত উক্ত দেশান্তরগামি মজুরদের ব্যবহারের ও আহারের নিমিত্ত উত্তম ও স্বাস্থ্যকর দ্রব্য লওয়া যাইবে। যদি ৫৬ ধারামতে ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ৫৬ ধারামতে যে বিধি করেন সেই বিধিতে যে পরিমাণের ও যে প্রকারের ও যে গুণের আহারীয় দ্রব্য নির্দ্দিষ্ট হয়, সেই পরিমাণে সেই প্রকারের দ্রব্য লওয়া যাইবে।

(খ) ঐ আহারীয় দ্রব্য রাঁধিবার কাষ্ঠাদি, এবং

(গ) সেই জাহাজে দেশান্তরগামি যত মজুর যায় তাহাদের যাইবার যত দিন লাগিতে পারে তাহার

the voyage for every Emigrant on board such vessel. Such water shall be carried in tanks to be approved by the Protector of Emigrants.

Surgeon, medicines, and stores.

(2.) Every such vessel shall, at the time of departure aforesaid, have actually on board and shall carry with her a properly qualified European or Native Surgeon, and such medicines and other stores in such quantity and of such quality as may be prescribed by rules made under section fifty-six.

Supply of water for vessel destined to call at intermediate port.

(3.) When any vessel is destined to call at a port or place in the course of her voyage for the purpose of filling up her tanks or casks, a supply of water at the rate hereinbefore mentioned, for every week of the probable length of the voyage to such port or place shall be deemed to be a compliance with this section.

The probable length of the voyage to such port or place shall be determined from time to time by the Protector of Emigrants, subject to the approval of the Local Government.

Supply in vessel fitted with distilling apparatus.

(4.) When any such vessel is fitted with Normandy's apparatus, or other apparatus approved by the Protector of Emigrants, for distilling sea-water, and with proper and sufficient means for working the same, a reduction shall be allowed of one-third in the quantity of water required under this section.

Protector and Inspector of Emigrants to ensure compliance with above provisions.

(5.) The Protector of Emigrants and the Medical Inspector of Emigrants shall see personally that all the provisions of this section are complied with.

Supply of extra clothing.

43. Before any vessel carrying Emigrants clears out for any place westward of the Cape of Good Hope, between the first day of March and the fifteenth day of September, the Protector of Emigrants shall personally see that every Emigrant is supplied with at least one extra double blanket, and that the same is placed with his other clothing or luggage.

Every Emigrant shall be allowed to make use of such double blanket so long as the vessel is outside of the tropics.

Certificates from Protector of Emigrants and from Emigration Agent.

44. Before any vessel licensed to carry Emigrants shall be cleared out from the port of Calcutta, Madras or Bombay, the Master of such vessel shall obtain from the Protector of Emigrants at the port

প্রতি সপ্তাহে প্রত্যেক জনের নিমিত্তে, সাত গ্যালন হারে জল লইতে হইবে। দেশান্তরগামিদের রক্ষক যে জলাশয় কি পিপা উপযুক্ত জ্ঞান করেন, তাহাতে জল লইতে হইবে।

চিকিৎসক ও ঔষধপ্রভৃতি লইবার কথা।

In the case of any Company or Municipal or other public Body or Association not being a Company, "Collector" means the Collector of Land

যে অবধি আরম্ভ হইবে তাহার কথা।

৩ ১৮৭১ সালের আপ্রিল মাসের প্রথম দিবসাবধি প্রচলিত হইবে ইতি।

১৮৭০ সালের ১৬ আইন রহিত হইবার কথা।

২ ধারা। সেই দিনাবধি ১৮৭০ সালের ১৬ আইন রহিত হইবে কিন্তু,

(ক) সেই আইনমতে যে টাক্স পাওনা থাকে তৎসম্পর্কে এবং,

(খ) সেই আইনমতে যে টাক্স ধার্য্য করা উচিত ছিল কিন্তু অদ্যাপি নির্দ্ধার্য্য হইয়া সমাপ্ত হয় নাই তৎসম্পর্কে,

উক্ত আইন ১৮৭২ সালের আপ্রিল মাসের প্রথম দিবসপর্য্যন্ত প্রবল থাকিবে।

আদালতের রসুম বিষয়ক আইনের দ্বিতীয় তফ্সীলে ভারতবর্ষীয় ইনকম টাক্সের আইনের উল্লেখ হইলে এই আইন লক্ষ করিয়া উল্লেখ হইল জ্ঞান হইবে ইতি।

অর্থ করণের ধারা।

৩ ধারা। এই আইনে—বিষয় বুঝিয়া কি পূর্ব্বাপর কথার দ্বারা ভাবান্তর প্রকাশ না হইলে,—

আয়।

"আয়" শব্দে ব্রিটনীয় ভারতবর্ষে যে আয় ও প্রাপ্তি হয় ও উৎপন্ন হয় তাহাই বুঝাইবে।

"মাজিষ্ট্রেট।"

যে ব্যক্তি মাজিষ্ট্রেটের কিম্বা অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কার্য্য করেন "মাজিষ্ট্রেট" শব্দে তাঁহাকে বুঝাইবে। পোলীসের মাজিষ্ট্রেট এবং শান্তিরক্ষার্থ জষ্টিসও সেই শব্দে গণ্য।

"কোম্পানি।"

ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে সমাজবদ্ধ যে ব্যবসায়িদের মূলধন ও সম্পত্তি অংশাংশে বিভক্ত আছে ও হস্তান্তর করা যাইতে পারে, সেই সমাজ চার্টরক্রমে সমবায়িত হইলে কি না হইলেও ও কর্ম্মের প্রধান স্থান ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে থাকিলে কি না থাকিলেও "কোম্পানি" শব্দে সেই প্রকারের সমাজবদ্ধ ব্যবসায়িদিগকে বুঝায়।

"কুঠী।"

"কুঠী" শব্দের মধ্যে অবিভক্ত হিন্দু পরিবারও গণ্য।

"ব্যক্তি।"

"ব্যক্তি" শব্দের মধ্যে কুঠীও গণ্য।

"বাকীদার।"

এই আইনমতে যে টাক্স দিতে হয় কোন কুঠী তাহা না দিলে "বাকীদার" শব্দে সেই কুঠীও গণ্য।

"পূর্ণভাড়া।"

কোন ঘরের বা ভূমির নিমিত্ত বৎসর২ পুরা যত ভাড়া কি খাজানা পাওয়া যাইতে পারে "পূর্ণ" ভাড়া শব্দে সেই খাজানা কি ভাড়া বুঝাইবে।

"কালেক্টর।"

কোম্পানির সম্পর্কে কিম্বা কোম্পানিভিন্ন মুনিসিপল কিম্বা অন্য প্রকাশ দল কি সমাজবদ্ধ ব্যক্তি সম্পর্কে "কালেক্টর" শব্দ প্রয়োগ হইলে, ঐ

Revenue of the place or district at or in which its principal place of business in British India is situate. And in the case of any person chargeable under this Act, "Collector" means the Collector of Land Revenue of the place or district at or in which such person resides.

সমাজের কর্ম্মের প্রধান স্থান ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত যে জিলায় কি স্থানে থাকে তথাকার ভূমির রাজস্বের কালেক্টর সাহেবকে বুঝাইবে। এই আইনমতে যে ব্যক্তির টাকস লাগে তৎসম্পর্কে কালেক্টর শব্দ প্রয়োগ হইলে সেই ব্যক্তি যে স্থানে কি জিলায় বাস করেন তথাকার ভূমির রাজস্বের কালেক্টর সাহেবকে বুঝাইবে ইতি।

Exemptions from Act.

4. Nothing in this Act applies to the pay and allowances of officers, warrant officers, non-commissioned officers and privates of Her Majesty's Forces or of Her Majesty's Indian Forces, who are not in Civil employment, when such pay and allowances do not exceed five hundred rupees per mensem;

এই আইনহইতে যাঁহারা মুক্তি পাইবেন তাঁহারদের কথা।

৪ ধারা। শ্রীশ্রীমতী মহারাণীর সৈন্যদলের কিম্বা শ্রীশ্রীমতী মহারাণীর ভারতবর্ষীয় সৈন্যদলের যে সৈন্যাধ্যক্ষেরা ও ওয়ারণ্ট আফিসরেরা ও সনদ অপ্রাপ্ত হুদ্দাদারেরা ও সৈন্যেরা দেওয়ানী কর্ম্মে নিযুক্ত নহেন, তাঁহারদের বেতন ও উপরি টাকা মাসে ৫০০৲ টাকার অধিক না হইলে সেই বেতনের ও উপরি টাকার প্রতি এই আইনের কোন কথা বর্ত্তিবে না,

or to a any moveable or immoveable property solely employed for religious or charitable public purposes.

এবং স্থাবর কি অস্থাবর যে সম্পত্তি কেবল ধর্ম্মকার্য্যে কিম্বা পরোপকারার্থ দানের কার্য্যে ব্যবহৃত কি প্রতিষ্ঠিত হয় তৎপ্রতি বর্ত্তিবে না,

And no member of a firm which is for the time being chargeable under this Act shall, as such, be chargeable under this Act.

এই আইনমতে যৎকালে যে কুঠীর উপর টাকস লাগে তৎকালে সেই কুঠীর অংশী বলিয়া কোন ব্যক্তির উপর এই আইনমত টাকস লাগিবে না ইতি।

Power to exempt from Act.

5. The Governor General in Council may from time to time, by order, wholly exempt from the operation of this Act the whole or any part of the income and profits of any tribe or class of persons in British India.

আইনহইতে মুক্তি দিবার ক্ষমতার কথা।

৫ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়ে২ আজ্ঞা করিয়া ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন জাতির কি শ্রেণীর লোকদিগের সমুদয় আয় ও লভ্য কিম্বা তাহার কিয়দংশ এই আইনের বিধানহইতে সম্পূর্ণরূপে মুক্ত করিতে পারিবেন।

The Governor General in Council may revoke any such order.

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব উক্ত কোন আজ্ঞা রহিত করিতে পারিবেন।

All orders and revocations made under this section shall be published in the *Gazette of India.*

এই ধারামতে যে আজ্ঞা করা যায় ও আজ্ঞা রহিত করণসূচক যে আজ্ঞা করা যায়, তাহা ইণ্ডিয়া গেজেটে প্রকাশ করা যাইবে ইতি।

PART II.

Duties on Offices.

দ্বিতীয় অধ্যায়।

পদের উপর টাকসের বিধি।

Duties on offices.

6. A duty of two pies for every rupee shall be levied in respect of every Office or employment of profit in British India under Government or under a Company or a Municipal or other public Body or Association not being a Company,

পদের উপর টাক্সের কথা।

৬ ধারা। ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত স্থানে গবর্ণমেণ্টের কিম্বা কোন কোম্পানির অধীন কিম্বা কোম্পানিভিন্ন মুনিসিপল কি অন্য প্রকাশ দলের কি সমাজবদ্ধ ব্যক্তিদের অধীন লভ্যজনক প্রত্যেক পদ ও কর্ম্মসম্পর্কে,

and upon every salary, annuity or pension paid in British India by Government or by a Company or by a Municipal or other public Body or Association not being a Company to any person residing in British India or serving on board a ship lying to and from British Indian ports, whether on account of himself or another person.

এবং গবর্ণমেণ্ট কি কোন কোম্পানি কিম্বা কোম্পানিভিন্ন কোন মুনিসিপল কি অন্য প্রকাশ দল কি সমাজবদ্ধ ব্যক্তিগণ ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যবাসি কোন ব্যক্তির প্রতি, কিম্বা ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত নানা বন্দরের মধ্যে গমনাগমনশীল জাহাজের কোন কর্ম্মকারকের প্রতি তাঁহার নিজের কিম্বা অন্য ব্যক্তির জন্যে ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে যে বেতন কি বার্ষিক বৃত্তি কি পেনশ্যন দিয়া থাকেন তাহার উপর, টাকাপ্রতি দুই পাই টাকস লওয়া যাইবে ইতি।

[*Government Gazette,* 28*th March* 1871.]

Exemption of incomes less than Rs 62-8 per mensem

7. No income amounting to less than sixty-two rupees eight annas per mensem shall be chargeable under this Part

Deduction in case of Government officials and pensioners

8. In the case of every person holding any paid office, employment or commission under Her Majesty or under the Government of India, or under any Local Government, or receiving any annuity or pension from Her Majesty or any such Government,

the duty to which he is liable under this Part shall be deducted from his pay, annuity or pension at the time of payment by the Examiner of Claims or other proper officer, and shall be deemed to be a tax paid under this Act.

Deduction in case of servants and pensioners of Companies and Municipalities

9. In the case of every person holding a paid employment under or receiving any annuity or pension from any Company, or any Municipal or other public Body or Association not being a Company, the duty to which he is liable under this Part shall be deducted from his pay, annuity or pension at the time of payment by the Treasurer or other officer whose duty it is to make such payments, and shall be deemed to be a tax payable under this Act

Payment to Government

Every such Treasurer or other officer shall, as soon as may be after making such deductions, pay to the credit of the Government of India, or as such Government from time to time directs, the amount of such deductions, and shall be answerable to such Government for such payment.

Indemnity

Every Company, public Body or Association, Treasurer or other officer as aforesaid is hereby indemnified for all deductions and payments made in pursuance of this section

Annual return by Treasurer, &c

The Treasurer, Secretary or principal Agent or Manager of every such Company and public Body or Association shall prepare, and, on or before the thirtieth day of April in each year, deliver, to the Collector, in such form as may be prescribed by the Governor General in Council, a return in writing showing the names of every person holding, at the date of the said return, a paid employment under or receiving a pension or annuity from the Company or Body or Association whose pay or pension or annuity

মাসে ৬২।৷০ টাকার কম আয় বা ধরিবার কথা।

৭ ধারা। মাসে ৬২৷৷০ টাকার কম আয় হইলে তাহার উপর এই অধ্যায়মতে টাক্স ধার্য্য হইবে না ইতি।

গবর্ণমেণ্টের কার্য্যকারক ও পেনশ্যনভোগিদের টাক্স কাটিয়া লইবার কথা।

৮ ধারা। যে ব্যক্তি শ্রীশ্রীমতী মহারাণীর কিম্বা ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের কিম্বা কোন স্থানীয় গবর্ণমেণ্টের অধীন বেতনযুক্ত কোন কর্ম্ম কি পদ কি ক্ষমতাপত্র ধারণ করেন কিম্বা শ্রীশ্রীমতী মহারাণীর কিম্বা উক্ত কোন গবর্ণমেণ্টের স্থানে পেনশ্যন কি বার্ষিক বৃত্তি প্রাপ্ত হন,

তাঁহার স্থানে এই অধ্যায়মতে যে টাক্স লওয়া যাইতে পারে একসামিনর অফ ক্লেম কিম্বা উপযুক্ত অন্য কর্ম্মকারক তাঁহার সেই বেতন কি পেনশ্যন কি বার্ষিকবৃত্তি দেওন সময়ে সেই টাক্স কাটিয়া লইবেন। তাহাই এই আইনমতে টাক্স দেওয়া জ্ঞান হইবে ইতি।

কোম্পানির ও মুনিসিপল দলের কর্ম্মকারকদের ও পেনশ্যনভোগিদের টাক্স কাটিয়া লইবার কথা।

৯ ধারা। যে ব্যক্তি কোন কোম্পানির অধীন কিম্বা কোম্পানিভিন্ন কোন মুনিসিপলকিম্বা অন্য প্রকাশ দলের কি সমাজবদ্ধ ব্যক্তিদের অধীন বেতনযুক্ত পদধারণ করেন কিম্বা সেই কোম্পানিপ্রভৃতির স্থানে বার্ষিক বৃত্তি কি পেনশ্যন প্রাপ্ত হন, এই অধ্যায়মতে তাঁহার স্থানে যে টাক্স লওয়া যাইতে পারে খাজাঞ্চী কিম্বা ঐ বেতনাদি দিবার ভার অন্য যে কার্য্যকারকের প্রতি থাকে তিনি ঐ বেতন কি বার্ষিক বৃত্তি কি পেনশ্যন দেওন সময়ে ঐ টাক্স কাটিয়া লইবেন। তাহা এই আইনমতে দাতব্য টাক্স জ্ঞান হইবে।

গবর্ণমেণ্টকে দিবার কথা।

উক্ত প্রত্যেক খাজাঞ্চী কি অন্য কর্ম্মকারক সেই টাকা কাটিয়া লইলে পর সাধ্যমতে ত্বরায় ভারতবর্ষের গবর্ণমেণ্টের নামে জমা দিবেন, কিম্বা ঐ গবর্ণমেণ্ট সময়ে২ যদ্রূপ আজ্ঞা করেন তদ্রূপ করিবেন, ও সেই টাকা দেওনবিষয়ে তিনি গবর্ণমেণ্টের নিকট দায়ী হইবেন।

ক্ষতিহইতে নিষ্কৃতির কথা।

প্রত্যেক কোম্পানি ও প্রকাশদল ও সমাজবদ্ধ ব্যক্তিগণ ও খাজাঞ্চী ও পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারক এই ধারানুসারে যে টাকা কাটিয়া লন ও জমা দেন তজ্জন্যে তিনি ক্ষতি হইতে নিষ্কৃতি পাইবেন।

খেজুরের বার্ষিক রিটর্ণ প্রভৃতির কথা।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যে পাঠ নির্দ্দিষ্ট করেন, উক্ত প্রত্যেক কোম্পানির কি প্রকাশদলের কি সমাজবদ্ধ ব্যক্তিদিগের খাজাঞ্চী কি সেক্রেটারী কিম্বা প্রধান কর্ম্মকারক কিম্বা অধ্যক্ষ প্রতি বৎসর আপ্রিল মাসের ৩০ দিবসে কিম্বা তৎপূর্ব্বে সেই পাঠে কালেক্টর সাহেবকে একখানি রিটর্ণ লিখিয়া দিবেন ঐ রিটর্ণের তারিখে যে প্রত্যেক ব্যক্তি ঐ কোম্পানিপ্রভৃতির অধীনে মাসে ৬২৷৷০ টাকার কি তাহার অধিক বেতনের পদ ধারণ করেন কিম্বা তাঁহারদের স্থানে তত টাকার পেনশ্যন কি বার্ষিক বৃত্তি পান ঐ রিটর্ণে তাঁহারদের

as such amounts to sixty-two rupees eight annas per mensem or upwards, together with the salaries, annuities or pensions payable by the Company or public Body or Association to all such persons respectively.

10. Whenever the duty leviable under this Part in April 1871 or any subsequent month, is not deducted at the time of payment in that month from the pay, annuity or pension chargeable therewith, it shall be deducted from such pay annuity or pension at some subsequent time of payment.

Deduction of duty leviable in April 1871.

PART III.

COMPANIES.

11. The Treasurer, Secretary or principal Agent or Manager in India of every Company shall, in the case of a Shipping Company trading between British India and any other country, pay to Government in respect of one moiety of the nett profits made by each of the ships of such Company engaged in such trade, during the year ending on the day on which the Company's accounts shall have been last made up, the duty of two pies in the rupee,

Shipping Companies.

and in the case of every other Company pay to Government in respect of the whole of the nett profits made in British India by such Company during the year ending on the day on which the Company's accounts shall have been last made up, the duty of two pies in the rupee,

Other Companies.

and shall prepare, and, on or before the thirtieth day of April in each year, deliver, to the Collector, a statement in writing signed by him showing the result of such accounts.

Statement of result of accounts.

12. If in the case of any Company no such accounts have been made up within any year ending on the thirty-first day of March, the Treasurer, Secretary or principal Agent or Manager of such Company shall prepare, and, on or before the next following thirtieth day of April, deliver to the Collector a return in writing signed by him and stating the nett profits made by such ships or by the Company (as the case may be) during the year ending on the said thirty-first day of March.

Annual return of net profits.

নাম ও তাঁহারা প্রত্যেক জন ঐ কোম্পানি কি প্রকাশ্য দল কি সমাজবদ্ধ ব্যক্তিদের স্থানে যত টাকা বেতন ও বার্ষিক বৃত্তি ও পেন্শান পান তাহা ব্যক্ত থাকিবে ইতি।

১০ ধারা। যে বেতনের কি বার্ষিকবৃত্তির কি পেন্শানের উপর টাকুস লাগে ১৮৭১ সালের আপ্রিল মাসে সেই বেতনপ্রভৃতি দেওন সময়ে যদি এই অধ্যায় মতে আদের টাকুস কাটিয়া না লওয়া যায়, তবে ঐ বেতন কি বার্ষিক বৃত্তি কি পেনশ্যান দেওনের অন্য কোন সময়ে কাটিয়া লওয়া যাইতে পারিবে ইতি।

১৮৭১ সালের আপ্রিল মাসের টাক্স কাটিয়া লইবার কথা।

তৃতীয় অধ্যায়।

কোম্পানিবিষয়ক বিধি।

১১ ধারা। ভারতবর্ষে প্রত্যেক কোম্পানির যে খাজাঞ্চী কি সেক্রেটারী কিম্বা যে প্রধান কর্ম্মকারক কিম্বা কর্ম্মাধ্যক্ষ থাকেন তিনি এই বিধি মানিবেন। ঐ কোম্পানি ব্রিটনীয় ভারতবর্ষের ও অন্য দেশের মধ্যে গমনশীল বাণিজ্য জাহাজসংক্রান্ত কোম্পানি হইলে ঐ কোম্পানির হিসাব শেষ যে দিনে নিষ্পত্তি করিয়া দেওয়া যায় সেই দিনে যে বৎসর সমাপ্ত হয়, ঐ বৎসরের মধ্যে ঐ কোম্পানির সেই বাণিজ্যে নিযুক্ত প্রত্যেক জাহাজদ্বারা নিট যত টাকা লাভ হইয়াছে, ঐখাজাঞ্চীপ্রভৃতি তাহার অর্দ্ধেকের উপর গবর্ণমেন্টকে টাকাপ্রতি দুই পাই টাকুস দিবেন।

জাহাজসংক্রান্ত কোম্পানির কথা।

অন্য কোম্পানি হইলে হিসাব শেষ যে দিনে নিষ্পত্তি করিয়া দেওয়া যায়, সেই দিনে যে বৎসর সমাপ্ত হয়, ঐ বৎসরে ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে ঐ কোম্পানির নিট যত টাকা লাভ হইয়াছে, ঐ খাজাঞ্চীপ্রভৃতি সেই সমুদয়ের উপর গবর্ণমেন্টকে টাকাপ্রতি দুই পাই টাকুস দিবেন।

অন্যান্য কোম্পানির কথা।

এবং উক্ত হিসাব দ্বারা যে ফল দর্শায় তাহার বর্ণনসূচক এক লিপি প্রস্তুত করিয়া তাহাতে স্বাক্ষর করিয়া প্রতি বৎসর আপ্রিল মাসের ৩০ দিবসে কি তৎপূর্ব্বে কালেক্টর সাহেবকে দিবেন ইতি।

হিসাবের ফলের বর্ণনার কথা।

১২ ধারা। কোন সালের মার্চ মাসের ৩১ তারিখে যে বৎসর সমাপ্ত হয়, কোন কোম্পানি কোন বৎসরের মধ্যে উক্ত হিসাব নিষ্পত্তি না করিলে মার্চ মাসের উক্ত ৩১ তারিখে যে বৎসর সমাপ্ত হয়, ঐ বৎসরের মধ্যে ঐ জাহাজদ্বারা কিম্বা বিষয়বিশেষে ঐ কোম্পানির নিট যত লভ্য উৎপন্ন হইয়াছে, ঐ কোম্পানির খাজাঞ্চী কি সেক্রেটারী কি প্রধান কর্ম্মকারক কি কর্ম্মাধ্যক্ষ সেই লভ্যের বর্ণনাসূচক এক লিপি প্রস্তুত করিয়া তাহাতে স্বাক্ষর করিয়া তৎপশ্চাৎ আপ্রিল মাসের ৩০ তারিখে কি তৎপূর্ব্বে কালেক্টর সাহেবকে দিবেন ইতি।

নিট লভ্যের বার্ষিক রিটর্ণের কথা।

13. Whenever the Collector has reason to believe that any statement or return mentioned in section eleven or section twelve is incorrect or incomplete, he may cause a notice to be served on the Treasurer, Secretary, Agent or Manager by whom such statement or return was delivered, requiring him, on or before a day to be mentioned in the notice, to attend at the Collector's office and to produce for the inspection of the Collector such of the accounts of the Company as refer to the year mentioned in section eleven or section twelve (as the case may be) and as are in the possession or power of such Treasurer, Secretary, Agent or Manager.

Power to require officers of companies to attend and produce accounts.

The Collector shall thereupon make an order determining the amount at which the company shall be assessed under this Part, and, subject to the provisions hereinafter contained, such sum shall be payable accordingly.

14. Every such Treasurer, Secretary, Agent or Manager is hereby indemnified for all payments made in pursuance of section eleven or section thirteen.

Indemnity.

PART IV.

INTEREST ON GOVERNMENT SECURITIES.

15. A yearly duty of two pies in the rupee shall be levied upon all interest on securities of the Government of India.

Duty on interest.

16. Every person empowered to pay such interest shall deduct the duty at the place where the interest is paid,

Dedution of duty.

and shall, as soon as may be after making such deduction, pay the same to the credit of the Government of India, or as such Government from time to time directs,

and shall be answerable to the Government of India for such payment.

PART V.

DUTIES ON ALL OTHER INCOME AND PROFITS.

17. A yearly duty shall be levied in accordance with the first Schedule hereto annexed upon all income not chargeable under Part II, Part III, or Part IV of this Act.

Duty on income not charged under Parts II, III, IV.

১৩ ধারা। ১১ বা ১২ ধারার উল্লিখিত কোন বর্ণনাপত্র কি রিটর্ণ অশুদ্ধ বা পূর্ণ নহে, কালেকুটর সাহেবের এমত জ্ঞান করিবার কারণ থাকিলে যে ট্রেজুরর কি সেক্রেটারী কি এজেণ্ট কি কার্য্যাধ্যক্ষ ঐ বর্ণনাপত্র কি রিটর্ণ দিলেন তিনি তাঁহার নামে নোটিস দিয়া তাঁহাকে ঐ নোটিসের উল্লিখিত দিনে বা তৎপূর্ব্বে কালেকুটর সাহেবের কাছারীতে উপস্থিত হইয়া ১১ কিম্বা বিষয়বিশেষে ১২ ধারায় যে বৎসরের উল্লেখ হয়, ঐ কোম্পানির সেই বৎসরের যত হিসাব খাতা ঐ ট্রেজুররের কি সেক্রেটারীর কি এজেণ্টের বা অধ্যক্ষের হাতে কি অধিকারে থাকে তাহা কালেকুটর সাহেবের দেখিবার জন্যে আনিতে আজ্ঞা করিবেন।

কোম্পানির কর্ম্মকারকদিগকে উপস্থিত করাইয়া হিসাব দেখাইবার আজ্ঞা করিবার কথা।

তাহা হইলে পর এই অধ্যায়মতে ঐ কোম্পানির যত টাকস ধার্য্য হইবে, কালেকুটর সাহেব ইহার নির্ণয়সূচক আজ্ঞা করিবেন ও পশ্চাৎ লিখিত বিধান বশে ঐ কোম্পানির সেই টাকস দিতে হইবে ইতি।

১৪ ধারা। উক্ত প্রত্যেক খাজাঞ্চী কি সেক্রেটারী কি প্রধান কর্ম্মকারক কি কর্ম্মাধ্যক্ষ ১১ বা ১৩ ধারানুসারে যে সকল টাকা দেন তজ্জন্যে তিনি ক্ষতিহইতে নিষ্কৃতি পাইবেন ইতি।

ক্ষতিহইতে নিষ্কৃতির কথা।

চতুর্থ অধ্যায়।

কোম্পানির কাগজের উপর সুদের টাকস।

১৫ ধারা। ভারতবর্ষের গবর্ণমেণ্টের সিক্যুরিটির উপর যে সুদ হয়, তাহার টাকাপ্রতি দুই পাই বার্ষিক টাকস ধার্য্য হইবে ইতি।

সুদের উপর টাক্সের কথা।

১৬ ধারা। যে ব্যক্তি ঐ সুদ দিবার ক্ষমতাপন্ন হন তিনি যে স্থানে সুদ দেন সেই স্থানেই তাহার টাকস কাটিয়া লইবেন,

টাক্স কাটিয়া লইবার কথা।

ও কাটিয়া লইবার পর সাধ্যমতে ত্বরায় ভারতবর্ষের গবর্ণমেণ্টের নামে কিম্বা ঐ গবর্ণমেণ্ট সময়ে২ যদ্রূপ আদেশ করেন তদ্রূপে ঐ টাকসের টাকা জমা দিবেন,

ও সেই টাকা দিবার বিষয়ে তিনি ভারতবর্ষের গবর্ণমেণ্টের নিকট দায়ী হইবেন ইতি।

পঞ্চম অধ্যায়।

অন্য সকল আয়ের ও প্রাপ্তির উপর টাকসের বিধি।

১৭ ধারা। এই আইনের দ্বিতীয় কি তৃতীয় বা চতুর্থ অধ্যায়মতে যে আয়ের উপর টাকস ধার্য্য না হয়, তাহার উপর এই আইনের প্রথম তফসীল অনুসারে বার্ষিক টাকস লওয়া যাইবে ইতি।

২ কি ৩ বা ৪ অধ্যায়মতে যে আয়ের টাক্স ধার্য্য হয় নাই তাহার উপর টাক্সের কথা।

Trustees, guardians and committees of incapacitated persons to be charged.

18. The trustee, guardian, curator, or committee of any infant, married woman subject to the law of England, lunatic, or idiot, and having the control of the property of such infant, married woman, lunatic, or idiot, whether such infant, married woman, lunatic or idiot resides in British India or not, shall, if the infant, married woman, lunatic or idiot be chargeable under this Part, be chargeable with the said duty in like manner and to the same amount as would be charged to such infant if of full age, or to such married woman if she were sole, or to such lunatic or idiot if he were capable of acting for himself.

Non-residents charged in names of their agents.

Any person not resident in British India, whether a subject of Her Majesty or not, being in receipt, through an agent of any income chargeable under this Part, shall be chargeable in the name of such agent in the like manner and to the like amount as he would be charged if resident in British India and in actual receipt of such income.

Trustees or agents of persons incapacitated or non-resident to furnish statements of income or profits with declaration.

19. Every trustee, guardian, curator, committee or agent shall, when required by the Collector, deliver a statement signed by him, of the amount of the income in respect whereof he is chargeable on account of such infant, married woman, lunatic, idiot or non-resident, together with a declaration of the truth of the statement.

The Collector shall have power to serve a notice upon any person whom he has reason to believe to be a trustee, guardian, curator, committee or agent requiring him to deliver on or before a day to be specified in the notice a statement signed by him of the names of the persons for or of whom he is trustee, guardian, curator, committee or agent.

Receivers, Managers Courts of Wards, Administrators General and Official Trustees.

20. Receivers or Managers appointed by any Court in India, the Courts of Wards, the Administrators General of Bengal, Madras and Bombay, and the Official Trustees, shall be chargeable under this Act in respect of all income officially in their possession or under their control.

[*Government Gazette*, 28*th March* 1871.]

অক্ষম ব্যক্তিদের ন্যাসধারি ও অভিভাবক ও কমিটির স্থানে টাক্স গ্রহণের কথা।

১৮ ধারা। কোন বালকবালিকা কিম্বা ইংলণ্ডের ব্যবস্থাধীনা বিবাহিতা স্ত্রী কি ক্ষিপ্ত কি জড় ব্যক্তি ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত স্থানবাসী হইলে কি না হইলেও, যদি এই অধ্যায়ানুসারে তাহার টাকুস ধার্য্য হইতে পারে, তবে ঐ বালকবালিকা বয়ঃপ্রাপ্ত হইলে, কিম্বা ঐ বিবাহিত স্ত্রী অবিবাহিতা হইলে, কিম্বা ঐ ক্ষিপ্ত কি জড় ব্যক্তি স্বয়ং কার্য্য করিতে সক্ষম হইলে তাঁহার উপর যে প্রকারে যত টাকা টাকুস ধার্য্য হইত, তাঁহার যে ন্যাসধারী কি অভিভাবক কি রক্ষক কি কমিটী তাহার সম্পত্তির অধ্যক্ষতা করেন তাঁহার স্থানে সেই প্রকারে তত টাকা টাকুস লওয়া যাইবে।

ভিন্নদেশনিবাসিদের কর্ম্মকারকদের নামে টাক্স ধার্য্য হইবার কথা।

এই অধ্যায়ানুসারে যে আয়ের উপর টাকুস ধার্য্য হইতে পারে কোন ব্যক্তি ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে বাস না করিলেও শ্রীশ্রীমতী মহারাণীর প্রজা হইয়া বা না হইয়া, যদি কর্ম্মকারকের দ্বারা সেই আয় কি লভ্য প্রাপ্ত হন, তবে ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে বাস করিয়া আপনি সেই আয় প্রাপ্ত হইলে তাঁহার উপর যে প্রকারে যত টাকা টাকুস ধার্য্য হইত তাঁহা সেই কর্ম্মকারকের নামে সেই প্রকারে তত টাকা টাকুস লওয়া যাইবে ইতি।

ন্যাসধারিদের কি কর্ম্মকারকদের সত্য পত্রিকা সহিত অক্ষম ব্যক্তিদের ও ভিন্নদেশবাসিদের আয়ের ও লভ্যের বর্ণনাপত্র দিবার কথা।

১৯ ধারা। তদ্রূপ প্রত্যেক ন্যাসধারী ও অভিভাবক ও রক্ষক ও কমিটী ও কর্ম্মকারক কালেক্টর সাহেবের আজ্ঞা প্রাপ্ত হইলে, উক্ত বালক বালিকার কি বিবাহিতা স্ত্রীর কি ক্ষিপ্ত কি জড় ব্যক্তির কি ভিন্নদেশনিবাসির যত টাকা আয়ের উপর টাকস ধার্য্য হইতে পারে তিনি ইহার বর্ণনা লিখিয়া স্বাক্ষর করিয়া দিবেন ও সেই কথা সত্য ইহার নির্দ্দেশ বাক্য লিখিবেন।

কালেক্টর সাহেব কোন কারণে কোন ব্যক্তিকে ন্যাসধারি কি অভিভাবক কি রক্ষক কি কমিটী কি এজেন্ট বলিয়া জ্ঞান করিলে, তাঁহার নামে নোটিস দিয়া তিনি যে ব্যক্তিদের পক্ষে বা যে ব্যক্তিদের ন্যাসধারী কি অভিভাবক বা রক্ষক বা কমিটী বা এজেন্ট হন তাঁহাদের নামের বর্ণনাপত্র স্বাক্ষর করিয়া ঐ নোটিসের নির্দ্দিষ্ট দিনে বা তৎপূর্ব্বে দিবার আদেশ করিতে সক্ষম হইবেন ইতি।

গ্রাহকের ও কার্য্যাধ্যক্ষের ও রাজানুপালিত ব্যক্তিদের কোর্টের ও আড্মিনিষ্ট্রেটর জেনরলের ও অফিশ্যল ট্রষ্টিদের কথা।

২০ ধারা। যে সম্পত্তিগ্রাহকেরা কি কর্য্যাধ্যক্ষেরা ভারতবর্ষের কোন আদালত কর্ত্তৃক নিযুক্ত হন তাঁহারদের ও রাজানুপালিতদের কোর্টের এবং বঙ্গদেশের ও মান্দ্রাজের ও বোম্বাইয়ের আড্মিনিষ্ট্রেটর জেনরল সাহেবদের ও অফিশ্যল ট্রষ্টীদের পদসম্পর্কে যে সকল আয় ও লভ্য তাঁহারদের অধিকারে কি তত্ত্বাধীনে থাকে তাহার উপরও এই আইনমত টাকুস লাগিবে ইতি।

Power to retain duties charged on trustee, &c.

21. When any trustee guardian, curator or committee, or agent is assessed under this Act in such capacity;

or when any receiver or manager appointed by any Court, Court of Wards, Administrator General, or Official Trustee is assessed under this Act in respect of the income and profits officially received by him;

every person and Court so assessed may, from time to time, out of the money coming to his or its possession as such trustee, guardian, curator, committee or agent, or as such receiver, manager, Court of Wards, Administrator General or Official Trustee, retain so much as shall be sufficient to pay the amount of the assessment.

Indemnity.

Every such person and Court is hereby indemnified for every retention and payment made in pursuance of this Act.

ন্যাসধারি ও এজেণ্ট ও গ্রাহক প্রভৃতির উপর যে টাক্স ধার্য্য হয় তাহা আপনারদের হস্তগত টাকাহইতে লইবার কথা।

২১ ধারা। কোন ন্যাসধারির কি অভিভাবকের কি সম্পাত্তিরক্ষকের কি কমিটীর কি এজেণ্টের উপর স্ব২ পদসম্পর্কে এই আইনমত টাক্স ধার্য্য হইলে,

কিম্বা কোন আদালত কর্ত্তৃক নিযুক্ত সম্পাত্তিগ্রাহক কি কার্য্যাধ্যক্ষ কি রাজানুপালিতদের কোর্ট কি আডমিনিষ্ট্রেটর জেনরল কি অফিশ্যাল ট্রষ্টী আপন২ পদসম্পার্কে যে আয় ও লভ্যপ্রাপ্ত হন তজ্জন্যে এই আইনমত টাক্স ধার্য্য হইলে,

ন্যাসধারী কি অভিভাবক কি সম্পত্তিরক্ষক কি কমিটী কি এজেণ্ট কিম্বা সম্পত্তিগ্রাহক বা কার্য্যাধ্যক্ষ কি রাজানুপালিতদের কোর্ট কি আডমিনিষ্ট্রেটর জেনরল কি অফিশ্যাল ট্রষ্টীস্বরূপ যে টাকা সময়ে২ তাঁহারদের হস্তগত হয়, তাঁহারা উক্ত নির্দ্ধারিত টাক্স দিবার উপযুক্ত টাকা তাহাহইতে কাটিয়া রাখিতে পারিবেন।

নিষ্কৃতির কথা।

উক্ত প্রত্যেক ব্যক্তি ও আদালত এই আইন অনুসারে উক্ত টাকা রাখিলে ও দিলে ক্ষতিহইতে নিষ্কৃত পাইবেন ইতি।

Owners of lands and houses occupying them.

22. Owners of lands or of houses occupying the same shall be chargeable in respect of the annual value thereof at the rackrent at which such lands or houses are worth to be let for the year.

ভূমির ও বাটীর স্বামিরা ঐ গৃহাদিতে বাস করিলে তাহার কথা।

২২ ধারা। কোন বাটীর কি ভূমির স্বামী নিজ সেই বাটীতে বাস করিলে ঐ বাটীর বৎসর সম্পূর্ণ যত ভাড়া কি খাজনা পাওয়া যাইতে পারে বার্ষিক মূল্য বলিয়া সেই সম্পূর্ণ ভাড়ার কি খাজনার উপর তাহার টাক্স দিতে হইবে ইতি।

Notice requiring returns.

23. In the case of every person chargeable under this Part whose annual income or profits is or are in the Collector's opinion four thousand rupees or upwards, the Collector shall,

and in the case of every other person so chargeable,

the Collector may cause a notice to be served on him requiring him to fill in a return of his income during the three years ending on the thirty-first day of December next before the date of the notice, and to state in such return the period during which such income has actually accrued.

Such notice shall be in the form to be prescribed by the Governor General in Council, and shall specify the day by which the return is to be made, and the place of the Collector's office at which the return is to be made.

Every such notice shall be signed by the Collector.

The form of the return shall accompany the notice.

রিটর্ণ দিবার নোটিসের কথা।

২৩ ধারা। এই অধ্যায়মতে যে ব্যক্তিদের টাক্স ধার্য্য হইতে পারে, কালেক্টর সাহেবের বিবেচনায় তাঁহারদের বার্ষিক আয় কি লভ্য চারি সহস্র টাকা কি তদধিক হইলে কালেক্টর সাহেব তাঁহারদের নামে

এবং উক্ত টাক্স দিবার যোগ্য অন্য প্রত্যেক ব্যক্তির নামে,

নোটিস দিয়া ঐ নোটিসের তারিখের পূর্ব্ব ডিসেম্বর মাসের ৩১ তারিখপর্য্যন্ত তিন বৎসর তাঁহার যত টাকা আয় হয় ইহার রিটর্ণ পূর্ণ করিয়া ও কত কালাবধি তাঁহার যথার্থ সেই আয় হইয়াছে এই কথা ঐ রিটর্ণে লিখিয়া জানাইতে আদেশ করিবেন।

ঐ রিটর্ণ ভারতবর্ষের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নির্দ্দিষ্ট পাঠে লিখিতে হইবে। ও সেই রিটর্ণ যে তারিখে ও কালেক্টর সাহেবের কার্য্যালয়ের যে স্থানে ফিরিয়া দিতে হইবে তাহাও ঐ নোটিসে লেখা থাকিবে।

কালেক্টর সাহেব তদ্রূপ প্রত্যেক নোটিসে স্বাক্ষর করিবেন।

নোটিসের সঙ্গে রিটর্ণের পাঠ দিতে হইবে ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭১। ২৮ মার্চ।]

24. Every person on whom such notice is served shall send to or deliver at the Collector's office the return duly filled in and signed by him.

Return how made.

A declaration shall be added by such person at the foot of the return (*a*) that the income stated therein is truly estimated on all the sources therein mentioned, (*b*) that it has actually accrued within the period therein stated, and (*c*) that he has no other source of income.

25. Every person, when required so to do by a notice in the form to be prescribed by the Governor General in Council shall, within the period mentioned in such notice, prepare and deliver to the Collector a list containing, to the best of his belief, the name of every lodger or inmate resident in his dwelling-house, and of any other persons receiving salary or emoluments amounting to sixty-two rupees eight annas per mensem or upwards, employed in his service, whether resident in such dwelling-house or not, and the place of residence of such of them as are not resident in such dwelling-house, and also of any such lodger or inmate who has any ordinary place of residence elsewhere, at which he is liable under this Act to be assessed, and who desires to be so assessed at such place.

Lists of lodgers and employees.

Such list shall be signed by the persons respectively delivering the same, and shall be prepared in the form to be prescribed as aforesaid.

26. The Collector shall from time to time determine what persons are chargeable under this Part and the amount at which every such person shall be assessed,

Collector to determine persons chargeable.

and in making such assessment income exempted under section seven shall be treated as chargeable under this Part.

27. Every such assessment shall be made upon an average of such person's income for three years ending on the thirty-first day of December next before the date of the assessment, and such average shall be computed upon the period during which the income has actually accrued.

Computation when assessee becomes chargeable within year.

In the case of a person for the first time becoming chargeable under this Part within the year of assessment, the assessment shall be made according to an average of his income for such period as

২৪ ধারা। তদ্রূপ নোটিস যে প্রত্যেক ব্যক্তিকে দেওয়া যায় তিনি সেই রিটর্ণ উপযুক্তমতে পূর্ণ করিয়া ও স্বাক্ষর করিয়া কালেক্টর সাহেবের কার্য্যালয়ে পাঠাইবেন কিম্বা দিবেন।

রিটর্ণ যেরূপে দিতে হইবে তাহার কথা।

ঐ রিটর্ণের তলভাগে তিনি এই২ মর্ম্মের নির্দ্দেশ বাক্য লিখিবেন। (১) ঐ রিটর্ণের লিখিত যে সকল উপায় দ্বারা আমার আয় হয় তাহার যথার্থ হিসাব করিয়া লিখিলাম। (২) ঐ রিটর্ণের লিখিত কালের মধ্যে আমার যথার্থই সেই আয় হইয়াছে। (৩) আমার আয়ের অন্য উপায় নাই ইতি।

২৫ ধারা। কোন ব্যক্তি মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের নির্দ্দিষ্ট পাঠের নোটিসক্রমে আজ্ঞা পাইলে, তাঁহার বসতবাটিতে যত জন খোরাকী দিয়া বাস করেন কি যত জন থাকেন, ও তাঁহার গৃহবাসি হইলে কি না হইলেও যত জন তাঁহার নিকট কর্ম্ম করিয়া মাসে ৬২৷৷০ টাকা কি তদধিক বেতন পাইয়া থাকেন আপন বিশ্বাসমতে তাঁহারদের নামের নিঘণ্ট ও তাঁহারদের মধ্যে যাঁহারা সেই বসতবাটীতে বাস না করেন তাঁহারদের বাসস্থান লিখিয়া, এবং উক্ত যে ব্যক্তিরা খোরাক দিয়া তথায় বাস করেন কি থাকেন তাঁহারদের মধ্যে কোন ব্যক্তির নিয়ত অন্য বাসস্থান থাকিলে ও এই আইনমতে তাঁহার সেই বাসস্থানে টাক্স ধার্য্য হইতে পারিলে ও সেই বাসস্থানে তাঁহার টাক্স ধার্য্য হওয়া ইচ্ছা থাকিলে, তাঁহার সেই বাসস্থান লিখিয়া ঐ নোটিসের লিখিত সময়ের মধ্যে কালেক্টর সাহেবকে দিবেন।

গৃহবাসিদের ও কর্ম্মকারকদের নামনিঘণ্টের কথা।

যে ব্যক্তিরা উক্ত নিঘণ্টপত্র দেন তাঁহারাই তাহাতে স্বাক্ষর করিবেন ও পূর্ব্বোক্তমতে যে পাঠ নির্দ্দিষ্ট হয় ঐ নিঘণ্টপত্র সেই পাঠে লিখিতে হইবে ইতি।

২৬ ধারা। এই অধ্যায় অনুসারে কোন্২ ব্যক্তিদের টাক্স দিতে হইবে এবং কাহার কত টাকা টাক্স ধার্য্য হইবে কালেক্টর সাহেব সময়ে২ তাহা নিরূপণ করিবেন।

কাহাদের উপর টাক্স ধার্য্য হইবে এই কথা কালেক্টর সাহেবের নিশ্চয় করিবার কথা।

ঐ টাক্স ধার্য্য করণ সময়ে ৭ ধারাক্রমে যে আয় ত্যক্ত এই অধ্যায়মতে তাহার উপর টাক্স ধার্য্য হইতে পারে বলিয়া তৎসম্পর্কীয় ধার্য্য হইবে ইতি।

২৭ ধারা। টাক্স ধার্য্য হওনার তারিখের পূর্ব্ব ডিসেম্বর মাসের ৩১ তারিখ পর্য্যন্ত উক্ত ব্যক্তির তিন বৎসরের আয়ের গড় ধরিয়া ঐ টাক্স ধার্য্য হইবে, এবং যথার্থ যে কালের মধ্যে আয় হইয়াছে সেই কালের উপর ঐ গড় ধরিতে হইবে।

বৎসরের মধ্যে কোন ব্যক্তির ঐ টাক্স দেওয়া কর্ত্তব্য হইলে হিসাবের কথা।

যদি টাক্সের সালের মধ্যে কোন সময়ে কোন ব্যক্তির এই অধ্যায় মতে প্রথমবার টাক্স ধার্য্য করা কর্ত্তব্য হয়, তবে কালেক্টর সাহেব যাহা বিবেচনার মত কাল নিরূপণ করেন তাঁহার সেই কালের আয়ের

the Collector shall, under the circumstances, direct.

Notice to persons chargeable.

28. The Collector shall cause a notice to be served on every persons chargeable under this Part, stating—

(1)—The name and the profession, trade or other source of the income of such person, or in respect of which he is chargeable:

(2).—The year or portion of the year for which the duty is to be paid:

(3)—The place or places, district or districts, where such income accrues; and

(4)—The amount to be paid;

and requiring him within fifteen days from the date of the service either to pay such amount or to apply to the Collector to have the assessment reduced or cancelled.

Officer to give receipts.

29. Such amount shall be paid to the Collector, who shall give a receipt for such payment to the person making the same:

Provided that, if such income accrues at or in more than one place or district, the receipt shall be granted and payment made by and to the Collector for the place or district at or in which the person mentioned in the notice resides, or (in the case of a firm) at or in which its principal place of business in British India is situate.

Every such receipt shall be signed by the Collector granting it, or by such other officer as he shall from time to time empower in this behalf, and such signature shall be judicially noticed.

Contents of receipt.

30. Every such receipt shall specify—

(1)—The name and source or sources of the income of the person by or on whose behalf the duty is paid:

(2)—The year or portion of the year for which the duty is paid:

(3)—The amount paid, and the date of payment; and

(4)—The place or places, district or districts, where the income accrues;

and shall be admissible as *primâ facie* proof of all matters contained therein.

PART VI.

PETITIONS AND APPEALS AGAINST ASSESSMENTS.

Petition against assessment under Part V.

31. Any person objecting to the amount at which he is assessed, or denying his liability to be assessed under Part V, may within the period mentioned in the notice mentioned

ও লভ্যের গড় ধরিয়া ঐ টাক্সের হিসাব করিতে হইবে ইতি।

যাহার টাক্স লাগে তাহার প্রতি নোটিস দিবার কথা।

২৮ ধারা। এই অধ্যায়ানুসারে যে প্রত্যেক ব্যক্তির টাক্স ধার্য্য হইতে পারে কালেক্টর সাহেব তাঁহাকে নোটিস দেওয়াইবেন। নোটিসে এই২ কথা থাকিবে,

(১) ঐ ব্যক্তির নাম ও বৃত্তি কি ব্যবসায় কিম্বা তাহার প্রাপ্তির অথবা যে আয়ের উপর তাহার টাক্স ধার্য্য হইতে পারে তাহার অন্য উপায়,

(২) যে বৎসরের কিম্বা বৎসরের যে অংশের নিমিত্তে টাক্স দিতে হইবে।

(৩) যে স্থানে কি যেং স্থানে ও যে জিলায় কি যেং জিলায় তাঁহার আয় হয়।

(৪) তাঁহার যত টাকা দিতে হইবে।

এবং ঐ নোটিস পাইবার দিবসাবধি পঞ্চদশ দিনের মধ্যে তাঁহার সেই টাকা দিতে অথবা কালেক্টর সাহেবের নিকট সেই নির্দ্ধারিত টাক্স ন্যূন কি রহিত হইবার প্রার্থনা করিতে আজ্ঞা থাকিবে ইতি।

কার্য্যকারকের রসীদ দিবার কথা।

২৯ ধারা। ঐ টাকা কালেক্টর সাহেবকে দিতে হইবে ও যিনি টাকা দেন কালেক্টর সাহেব তাঁহাকে সেই টাকার রসীদ দিবেন।

কিন্তু যদি দুই কি তদধিক স্থানে কি জিলায় তাঁহার সেই আয় হইয়া থাকে, তবে ঐ নোটিসের উল্লিখিত ব্যক্তি যে স্থানে কি জিলায় বাস করেন, অথবা কুঠী হইলে কর্ম্মের প্রধান স্থান ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত যে স্থানে থাকে সেই স্থানের কি জিলার কালেক্টর সাহেবকে ঐ টাকা দেওয়া যাইবে ও তিনি রসীদ দিবেন।

যে কালেক্টর সাহেব রসীদ দেন তিনি তাহাতে স্বাক্ষর করিবেন, কিম্বা তিনি সময়েং অন্য যে কার্য্যকারককে স্বাক্ষর করিতে অনুমতি দেন তিনি স্বাক্ষর করিবেন ও আদালতে সেই স্বাক্ষর গ্রাহ্য হইবে ইতি।

রসীদের মর্ম্ম।

৩০ ধারা। উক্ত প্রত্যেক রসীদে এইং কথা নির্দ্দিষ্ট থাকিবে, যথা—

(১) যাঁহার দ্বারা কি যাঁহার পক্ষে টাক্স দেওয়া গেল তাঁহার নাম ও যদ্দ্বারা তাঁহার আয় হয়।

(২) যে বৎসরের কিম্বা বৎসরের যে অংশের নিমিত্তে ঐ টাক্স দেওয়া গেল।

(৩) যত টাকা দেওয়া গেল ও টাকা দিবার তারিখ।

(৪) যে স্থানে কি যেং স্থানে ও যে জিলায় কি যেং জিলায় ঐ আয় উৎপন্ন হয়।

ঐ রসীদের লিখিত কথার বিষয়ে ঐ রসীদই আপাততঃ প্রমাণ হইবে ইতি।

ষষ্ঠ অধ্যায়।

নির্দ্ধারিত টাক্সের উপর দরখাস্ত ও আপীল।

৫ অধ্যায়মত টাক্সের বিপরীত দরখাস্তের কথা।

৩১ ধারা। কোন ব্যক্তির উপর যত টাকা টাক্স ধার্য্য হইল তিনি তাহাতে আপত্তি করিলে কিম্বা ৫ অধ্যায়মতে টাক্স দায়ী হওয়া স্বীকার না করিলে তিনি ২৮ ধারার উল্লিখিত

in section twenty-eight, or if the Collector is satisfied that the objector has not received such notice, then at any time within one month from the expiration of such period, apply by petition to the Collector in order to establish his right to have the assessment reduced or cancelled :

Proviso.

Provided that no person who has been served with a notice under section twenty-three shall be entitled to apply by petition under this section unless he has made the return required in such notice on or before the day therein mentioned, or unless he satisfies the Collector that he had a sufficient excuse for not making such return.

Form and verification of petition.

The petition shall be in the form contained in the schedule hereto annexed, or as near thereto as circumstances admit, and the statements therein contained shall be verified by the petitioner or some other competent person in manner required by law for the verification of plaints.

Hearing of petition.

32. The Collector shall fix a day for the hearing of the petition, and, on the day so fixed, or on the day (if any) to which he has adjourned such hearing, shall hear such petition and pass his order thereon.

Such order may be in favor of the petitioner, or it may simply reject the petition, or it may reject the petition and enhance the petitioner's assessment to an amount to be specified in the order.

If the order be in favor of the petitioner, the Collector shall at once refund the fee on the petition.

If the order simply reject the petition or reject the petition and enhance the petitioner's assessment, the petitioner shall within one week from the passing of the order pay the amount mentioned in the said notice or in the order of enhancement (as the case may be).

Appeal to Commissioner from order under section 13 or section 32.

33. Any person dissatisfied with any order under section thirteen or section thirty-two may, within fifteen days from the date thereof, on payment of the sum assessed or to which the assessment was enhanced, present a petition of appeal to the Commissioner of Revenue of the Division, whose order upon such appeal shall be final.

Such order may be in favour of the petitioner, or it may simply reject the petition, or it may reject

নোটিসের উল্লিখিত সময়ের মধ্যে, অথবা তিনি ঐ নোটিস পান নাই কালেকুটর সাহেব ইহা হৃদ্বোধমতে জানিলে ঐ সময় অতীত হইবার পর এক মাসের মধ্য কোন সময়ে সেই টাকুস ন্যূন করিবার কি রহিত হইবার জন্যে আপনার দাওয়া স্থাপন করণার্থে কালেকুটর সাহেবের নিকট দরখাস্ত দিতে পারিবেন।

উপবিধি।

কিন্তু কোন ব্যক্তিকে ২৩ ধারামতে নোটিস দেওয়া গেলে পর তিনি সেই নোটিসের লিখিত দিনে কি তৎপূর্ব্বে ঐ নোটিসের আজ্ঞামত রিটর্ন না দিলে, কিম্বা ঐ রিটর্ন না দিবার উপযুক্ত কারণ থাকার বিষয়ে কালেকুটর সাহেবের হৃদ্বোধ করাইতে না পারিলে তাঁহার এই ধারামতে দরখাস্ত করিবার অধিকার হইবে না।

দরখাস্ত লিখিবার পাঠ ও তাহা সত্যাকরণের কথা।

দরখাস্ত এই আইনের তফসীলের নির্দ্দিষ্ট পাঠে কিম্বা বিষয় বিবেচনায় তাহার ভাবানুসারে লেখা যাইবে। আইনমতে আবেদনপত্রে সত্যাকরণের যে কথা লিখিবার আদেশ আছে দরখাস্তকারী কিম্বা উপযুক্ত অন্য ব্যক্তি সেই প্রকারে ঐ দরখাস্তের উল্লিখিত বর্ণনার সত্যাকরণ কথা লিখিবেন ইতি।

দরখাস্ত শুনিবার কথা।

৩২ ধারা। কালেকুটর সাহেব ঐ দরখাস্ত শুনিবার দিন নিরূপণ করিবেন। সেই নিরূপিত দিনে কিম্বা ঐ দরখাস্ত শুনিবার দিনান্তর নিরূপণ করিলে সেই অন্য দিনে তিনি ঐ দরখাস্ত শুনিয়া তদ্বিষয়ের আজ্ঞা প্রচার করিবেন।

সেই আজ্ঞা প্রার্থকের সপক্ষ হইতে পারিবে, অথবা সেই আজ্ঞাক্রমে কেবল দরখাস্ত অগ্রাহ্য হইতে পারিবে অথবা দরখাস্ত অগ্রাহ্য হইয়া আজ্ঞাপত্রের নির্দ্দিষ্ট টাকাপর্য্যন্ত দরখাস্তকারির টাকুস বৃদ্ধি হইতে পারিবে।

যদি প্রার্থকের সপক্ষ আজ্ঞা হয়, তবে দরখাস্তের উপরে যে ইস্টাম্প লাগিয়াছে কালেকুটর সাহেব তাহা তৎক্ষণাৎ ফিরিয়া দিবেন।

যদি ঐ আজ্ঞাক্রমে দরখাস্ত কেবল অগ্রাহ্য হয়, কিম্বা দরখাস্ত অগ্রাহ্য হইয়া প্রার্থকের টাকুস বৃদ্ধি করা যায়, তবে সেই নোটিসে কিম্বা বিবৃদ্ধিবিষয়ে টাকুস বৃদ্ধি হওনের সেই আজ্ঞাপত্রে যত টাকা লেখা থাকে দরখাস্তকারী ঐ আজ্ঞা হইবার তারিখঅবধি এক সপ্তাহের মধ্যে ঐ টাকা দিবেন ইতি।

১৩ কি ৩২ ধারামতে আজ্ঞার উপর কমিশ্যনর সাহেবের নিকট আপীল হইবার কথা।

৩৩ ধারা। ১৩ বা ৩২ ধারামতে যে আজ্ঞা করা যায় কোন ব্যক্তি তাহাতে সন্তুষ্ট না হইলে, তাঁহার যত টাকা টাকুস ধার্য্য হইল কিম্বা যত টাকাপর্য্যন্ত টাকুস বৃদ্ধি হইল তিনি তত টাকা দিয়া ঐ আজ্ঞার তারিখ অবধি পঞ্চদশ দিনের মধ্যে ঐ দেশখণ্ডের রাজস্বসংক্রান্ত কমিশ্যনর সাহেবের নিকট আপীলের দরখাস্ত উপস্থিত করিতে পারিবেন। ঐ আপীলের উপর তাঁহার নিষ্পত্তি চূড়ান্ত হইবে।

সেই আজ্ঞা প্রার্থকের সপক্ষ হইতে পারিবে অথবা সেই আজ্ঞাক্রমে কেবল দরখাস্ত অগ্রাহ্য হইতে পারিবে

the petition and enhance the assessment to an amount to be specified in the decision.

অথবা দরখাস্ত অগ্রাহ্য হইয়া নিষ্পত্তিপত্রে যত টাকা নির্দ্দিষ্ট থাকে তত টাকা পর্য্যন্ত টাকুস বৃদ্ধি হইতে পারিবে।

If the order rejects the petition and enhances the assessment, the petitioner shall within one week from the passing of the order pay the amount mentioned in the order of enhancement.

উক্ত আজ্ঞাক্রমে যদি দরখাস্ত অগ্রাহ্য হইয়া টাকুস বৃদ্ধি করা যায়, তবে টাকুস বৃদ্ধির আজ্ঞাতে যত টাকা নির্দ্ধারিত হইল ঐ আজ্ঞার তারিখঅবধি এক সপ্তাহের মধ্যে প্রার্থকের সেই টাকা দিতে হইবে।

Documents to accompany appeal.

Every petition presented under this section shall be accompanied by a copy of the petition to the Collector, and a copy of the Collector's order thereon and a list of the documents (if any) on which the appellant relies.

আপীলের সঙ্গে যেই দলীল দিতে হইবে তাহার কথা।

এই ধারামতে যে প্রত্যেক দরখাস্ত উপস্থিত করা যায় তাহার সঙ্গে আপেলান্ট কালেকটর সাহেবের নিকট দরখাস্তের প্রতিলিপি ও তাহার উপর কালেকটর সাহেবের আজ্ঞার প্রতিলিপি এবং কোন দলীলের প্রতি নির্ভর থাকিলে তাহার নির্ঘণ্টপত্রও দিবেন।

Copies of petition and order exempt from fees.

Neither of such copies shall be chargeable under the Court Fees Act.

দরখাস্তের ও আজ্ঞার প্রতিলিপির উপর রসুম না লাগিবার কথা।

উক্ত কোন প্রতিলিপির উপর আদালতের রসুমের আইনমতে ইষ্টাম্প লাগিবে না।

Return of fees and excess.

When the decision on such appeal is in favor of the petitioner, the value of the fee on his petition of appeal, and (where he has presented a petition, to the Collector) the fee on such petition, together with the excess paid by him, or (when the decision is that the petitioner, or the Company which he represents, is not chargeable under this Act) the whole sum so paid, shall at once be refunded.

রসুম ও অধিক টাকা ফিরিয়া দিবার কথা।

সেই আপীলক্রমে যে নিষ্পত্তি করা যায় তাহা যদি প্রার্থকের সপক্ষ হইয়া থাকে, তবে তাহার আপীলের দরখাস্তের উপর ও কালেকটর সাহেবের নিকট দরখাস্ত করিলে তাহার দরখাস্তের উপর যত রসুম লাগিয়াছে তাহা এবং তিনি অতিরিক্ত যত টাকা দিয়াছেন তাহা তাঁহাকে ফিরিয়া দেওয়া যাইবে অথবা এই আইনঅনুসারে প্রার্থকের কিম্বা তিনি যে কোম্পানির স্থলাভিষিক্ত হন সেই কোম্পানির টাকুস লাগিবে না এই মর্ম্মের নিষ্পত্তি হইলে তিনি যত টাকা দিয়াছেন তৎসমুদয় তাঁহাকে ফিরিয়া দেওয়া যাইবে ইতি।

Power to summon persons to give necessary information.

34. The Collector or Commissioner may summon any person whom he thinks able to give evidence for the purpose of enabling him to determine how the petitioner, or the Company which he represents, should be assessed, and may examine on oath the person so summoned and the petitioner, and may require each of them to produce any documents in his possession or power relating to the sources of the income in question.

আবশ্যক সন্ধান দিবার জন্যে লোকদিগকে আহ্বান করিবার কথা।

৩৪ ধারা। প্রার্থকের কিম্বা তিনি যে কোম্পানির স্থলাভিষিক্ত হন সেই কোম্পানির কিপ্রকারে টাক্স ধার্য্য করা উচিত ইহা নির্ণয় করিবার জন্যে কালেকটর সাহেব কিম্বা কমিশ্যনর সাহেব যে কোন ব্যক্তিকে সাক্ষ্য দিতে সমর্থ জ্ঞান করেন তাঁহাকে সমন করিয়া শপথ করাইয়া সেই আহূত ব্যক্তির ও প্রার্থকের পরীক্ষা লইতে পারিবেন। এবং কথিত আয় যে প্রকারে উৎপন্ন হয় এই বিষয়ের কোন দলীল তাঁহাদের নিকটে কি অধিকারে থাকিলে তাহা দেখাইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

Power to issue fresh notice.

35. Whenever the Collector has reason to believe that, in assessing any person under this Act, any source of income not specified in the receipt granted to him under section twenty-nine has been overlooked, which source, if it had then been known to exist, would have increased the assessment, the Collector may cause a further notice to be served on such person, stating the amount to be paid in respect of such source.

নূতন নোটিস দিবার ক্ষমতার কথা।

৩৫ ধারা। কালেকটর সাহেব কোন ব্যক্তিকে ২৯ ধারামতে যে রসীদ দেন এই আইনমতে ঐ ব্যক্তির টাকুস ধার্য্য করণকালে তাহার আয় যে উপায়ে আয় হয় তাহা ঐ রসীদে ভুলক্রমে লেখা যায় নাই কিন্তু তখন সেই উপায়ের কথা জানা গেলে তাঁহার অধিক টাকুস ধার্য্য হইত, কালেকটর সাহেব এমত জ্ঞান করিলে, ঐ ব্যক্তিকে নূতন নোটিস দেওয়াইতে পারিবেন। ঐ উপায় লক্ষ করিয়া তাঁহার যত টাকা দিতে হইবে তাহা ঐ নোটিসে লেখা থাকিবে।

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৭১ । ২৮ মার্চ ।]

The provisions contained in sections twenty-eight to thirty-four (both inclusive) shall apply to such notice and regulate the procedure thereunder.

Exclusion of legal practitioners.

36. No Advocate, Pleader, or other legal practitioner shall be allowed to appear or plead on behalf of any other person on the hearing of any petition or appeal under this Part.

PART VII.

Payment and Recovery of Tax.

Tax when payable.

37. All taxes under this Act, except when they are deducted under section eight or section nine, shall be payable on the first day of April in this and every subsequent year:

Payment by instalments.

Provided that the amount so payable may be paid by two equal instalments: the first instalment to be paid on some day not later than fifteen days after service of the notice mentioned in section twenty-eight upon the person paying the same, and the second instalment on the first day of October.

Recovery of subsequent instalment.

38. If the Collector has caused a notice to be served on any person liable to pay the said second instalment and requiring him within seven days from the date of the service to pay the amount of such instalment (mentioning it), and if the person so served does not within that period pay such amount as required by the said notice, a sum not exceeding twice the amount so mentioned may be recovered from him in manner hereinafter mentioned.

Recovery under revenue-law.

39. In any case of default under this Act, the Collector may, if a notice has been served on the defaulter requiring him to pay, within fifteen days from the date of the service, the amount of the tax or instalment due by him under this Act, recover a sum not exceeding double the amount of such tax or instalment.

Every such sum shall be recoverable as if it were an arrear of land-revenue:

Provided that where any person has presented a petition under section thirty-one, such sum shall not be recoverable from him unless, within one week from the passing of the order thereon, he fails to pay the amount (if any) required by such order.

On the recovery of such sum from the defaulter, the Collector shall grant him a receipt without any further payment.

এবং সেই নোটিসের প্রতি ২৮ অবধি ৩৪ পর্য্যন্ত সমস্ত ধারার কথা বর্ত্তিবে ও সেই২ ধারানুসারে সেই নোটিস অনুযায়ি কার্য্যের বিধান হইবে ইতি।

উকীলকে নিযুক্ত না করিবার কথা।

৩৬ ধারা। এই অধ্যায়মতে কোন দরখাস্ত কি আপীল শুনিবার সময়ে কোন আডবোকেট কি উকীল কি অন্য ব্যবহারাজীব কোন ব্যক্তির সপক্ষে উপস্থিত হইতে কিম্বা তাহার পক্ষ সমর্থন করিতে পাইবেন না ইতি।

সপ্তম অধ্যায়।

টাক্স দিবার ও আদায় করিবার বিধি।

টাক্স যে সময়ে দিতে হইবে তাহার কথা।

৩৭ ধারা। ৮ বা ৯ ধারামতে যে টাক্সের টাকা কাটিয়া লওয়া যায় তদ্ভিন্ন, এই আইনমত সকল টাক্সের টাকা এই বৎসর ও ইহার পর প্রতি বৎসর আপ্রিল মাসের ১ তারিখে দেনা হইবে।

কিস্তি করিয়া টাকা দিবার কথা।

পরন্তু উক্ত দেনা টাকা সমান অংশের দুই কিস্তি করিয়া দেওয়া যাইতে পারিবে। যে ব্যক্তির ঐ টাকা দিতে হইবে ২৩ ধারার উল্লিখিত নোটিস তাঁহাকে দেওয়া গেলে পর পঞ্চদশ দিনের অনধিক কোন দিনে তাঁহার প্রথম কিস্তি দিতে হইবে। অক্টোবর মাসের ১ তারিখে দ্বিতীয় কিস্তি দিতে হইবে ইতি।

পশ্চাৎ প্রাপ্য কিস্তি আদায় করিবার কথা।

৩৮ ধারা। যে ব্যক্তির স্থানে উক্ত দ্বিতীয় কিস্তি পাওনা থাকে কালেক্টর সাহেব তাঁহার নামে নোটিস দিয়া ঐ নোটিস দিবার তারিখঅবধি সাত দিনের মধ্যে ঐ কিস্তির এত টাকা দিবার আজ্ঞা করিলে, যদি সেই ব্যক্তি ঐ নোটিসের উল্লিখিত সময়ের মধ্যে ঐ টাকা না দেন, তবে নিম্নলিখিত বিধানমতে তাঁহার সেই উল্লিখিত টাকার দ্বিগুণের অনধিক আদায় হইতে পারিবে ইতি।

রাজস্বসংক্রান্ত আইনমতে টাকা আদায় করিবার কথা।

৩৯ ধারা। এই আইনমত টাকা দিবার ত্রুটি হইলে, কালেক্টর সাহেব বাকীদারের নামে নোটিস দিয়া ঐ নোটিস দিবার তারিখ অবধি পঞ্চদশ দিনের মধ্যে তাঁহার এই আইনমত দেনা টাক্স কি কিস্তির টাকা দিবার আদেশ করিলে পর তাঁহার স্থানে ঐ টাক্সের কি কিস্তির দ্বিগুণের অনধিক টাকা আদায় করিতে পারিবেন।

উক্ত প্রকারের সকল টাকা ভূমির বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারিবে।

কিন্তু যদি কোন ব্যক্তি ৩১ ধারামতে দরখাস্ত করেন, তবে ঐ দরখাস্তের উপর যে আজ্ঞা হয় তদনুসারে তাঁহার যত টাকা দিতে হইবে তিনি সেই আজ্ঞার তারিখঅবধি এক সপ্তাহের মধ্যে ঐ টাকা না দিলে তাহা আদায় করা যাইতে পারিবে।

বাকীদারের স্থানে ঐ টাকা আদায় করা গেলে কালেক্টর সাহেব আর কিছু না লইয়া তাহাকে রসীদ দিবেন।

Every such receipt shall bear date from the recovery of the amount, and, save as aforesaid, the provisions of this Act relating to receipts shall apply to receipts granted under this section.

Amendment of assessment.

40. If within or at the end of the year for which any computation under Part V has been made, the person assessed proves to the satisfaction of the Collector, that his income during such year fell short of the sum so computed, the Collector may cause the assessment made for such year to be amended as the case requires, and if the sum assessed has been paid, may refund the sum overpaid.

In case any person assessed under Part V ceases to exercise the profession, or to carry on the trade, in respect whereof such assessment was made, or dies or becomes insolvent before the end of the year for which the assessment was made, or is, from any other specific cause, deprived of or loses the income on which the computation was made,

he or his representative in interest may apply to the Collector within three months after the end of such year, and on proof thereof to his satisfaction, the Collector shall amend the assessment as the case may require, and give such relief to the person charged or his representative in interest as is just, and in cases requiring it, the Collector shall refund such sum as has been overpaid on the assessment amended or vacated.

PART VIII.

PENALTIES.

Treasurers, &c., failing to make payments or deliver returns.

41. Every Treasurer, Secretary, Agent, Manager or other person failing to make any payment or deduction, or to prepare and deliver any return required by section nine or section sixteen,

or failing to make any payment or to prepare and deliver in due time any statement or return required by section eleven,

Trustees, &c., failing to deliver statements or declarations.

and every trustee, guardain curator, committee or agent failing to deliver any statement or declaration required by section nineteen,

shall, for every day during which such default continues, be fined, on conviction before a Magistrate, ten rupees.

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৭১ । ২৮ মার্চ্চ।]

সেই রসীদে ঐ টাকা আদায় হইবার তারিখ দেওয় যাইবে। উক্ত স্থলভিন্ন এই আইনেতে রসীদের যে সকল বিধান আছে, এই ধারামত রসীদের প্রতিও সেই বিধান বর্ত্তিবে ইতি।

নির্দ্ধারিত টাক্স সংশোধন করিবার কথা।

32. The Collector shall fix a day and place for the hearing of the petition, and, on the day and at the place so fixed, or on the day and at the place (if any) to which he has adjourned such hearing, shall hear such petition and pass his order thereon.

Hearing of petition.

Such order may be in favor of the petitioner, or it may simply reject the petition, or it may reject the petition and enhance the petitioner's assessment to an amount to be specified in the order.

ষষ্ঠ অধ্যায়।

নির্দ্ধারিত টাক্সের উপর দরখাস্ত ও আপীল।

৩১ ধারা। কোন ব্যক্তির উপর যত টাকা টাকস ধার্য্য হইল তিনি তাহাতে আপত্তি করিলে কিম্বা ৫ অধ্যায়মতে টাকস দায়ী হওনা স্বীকার না করিলে তিনি সেই টাকস হ্রাস কি রহিত করিবার জন্যে আপনার দাওয়া স্থাপন করণার্থে কালেক্টর সাহেবের নিকট দরখাস্ত দিতে পারিবেন।

৫ অধ্যায়মত টাক্সের বিপরীত দরখাস্তের কথা।

সাধারণ্যে ২৮ ধারার উল্লিখিত নোটিস পাইবার তারিখঅবধি পঞ্চদশ দিনের মধ্যে ঐ দরখাস্ত উপস্থিত করিতে হইবে। কিন্তু আপত্তিকারক ঐ নোটিস পান নাই কালেক্টর সাহেব ইহা হৃদ্বোধমতে জানিলে কালেক্টর সাহেবের বিবেচনামতে তিনি যে তারিখে ঐ টাকস ধার্য্য হইবার কথা জানিতে পাইলেন সেই তারিখঅবধি পঞ্চদশ দিনের মধ্যে ঐ দরখাস্ত উপস্থিত করা যাইতে পারিবে।

কিন্তু কোন ব্যক্তিকে ২৩ ধারামতে নোটিস দেওয়া গেলে পর তিনি সেই নোটিসের লিখিত দিনে কি [illegible] দিনে, কিম্বা ঐ রিটর্ণ না দিবার উপযুক্ত কারণ থাকার বিষয়ে কালেক্টর সাহেবের হৃদ্বোধ জন্মাইতে না পারিলে তাঁহার এই ধারামতে দরখাস্ত করিবার অধিকার হইবে না।

উপবিধি।

দরখাস্ত এই আইনের তফসীলের নির্দ্দিষ্ট পাঠে কিম্বা বিষয় বিবেচনায় তাহার ভাবানুসারে লেখা যাইবে। আইনমতে আবেদনপত্রে সত্যাকরণের যে কথা লিখিবার আদেশ আছে দরখাস্তকারী কিম্বা উপযুক্ত অন্য ব্যক্তি সেই প্রকারে ঐ দরখাস্তের উল্লিখিত বর্ণনার সত্যাকরণ কথা লিখিবেন ইতি।

দরখাস্ত লিখিবার পাঠ ও তাহা সত্যাকরণের কথা।

৩২ ধারা। কালেক্টর সাহেব ঐ দরখাস্ত শুনিবার দিন ও স্থান নিরূপণ করিবেন। সেই নিরূপিত দিনে ও স্থানে কিম্বা ঐ দরখাস্ত শুনিবার অন্য দিন ও স্থান নিরূপণ করিলে সেই অন্য দিনে ও স্থানে তিনি ঐ দরখাস্ত শুনিয়া তদ্বিষয়ের আজ্ঞা প্রচার করিবেন।

দরখাস্ত শুনিবার কথা।

সেই আজ্ঞা প্রার্থকের সপক্ষ হইতে পারিবে, অথবা সেই আজ্ঞাক্রমে কেবল দরখাস্ত অগ্রাহ্য হইতে পারিবে অথবা দরখাস্ত অগ্রাহ্য হইয়া আজ্ঞাপত্রের নির্দ্দিষ্ট টাকাপর্য্যন্ত দরখাস্তকারির টাকস বৃদ্ধি হইতে পারিবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭১। ৪ আপ্রিল।]

If the order be in favor of the petitioner, the Collector shall at once refund the fee on the petition.

প্রার্থকের সপক্ষ আজ্ঞা হইলে দরখাস্তের উপর যে রসুম লাগিয়াছে কালেক্টর সাহেব তাহা তৎক্ষণাৎ ফিরিয়া দিবেন।

If the order simply reject the petition or reject the petition and enhance the petitioner's assessment, the petitioner shall within fifteen days from the passing of the order pay the amount mentioned in the said notice or in the order of enhancement (as the case may be).

ঐ আজ্ঞাক্রমে দরখাস্ত কেবল অগ্রাহ্য হইলে কিম্বা দরখাস্ত অগ্রাহ্য হইয়া প্রার্থকের টাকুস বৃদ্ধি করা গেলে সেই নোটিসে কিম্বা বিষয়বিশেষে টাকুস বৃদ্ধি হইবার সেই আজ্ঞাপত্রে যত টাকা লেখা থাকে দরখাস্তকারী ঐ আজ্ঞা হইবার তারিখঅবধি পঞ্চদশ দিনের মধ্যে ঐ টাকা দিবেন ইতি।

33 Any person dissatisfied with any order under section thirteen or section thirty-two may, within fifteen days from the date thereof, on payment of the sum payable under such order, present a petition of appeal to the Commissioner of Revenue of the Division, whose order upon such appeal shall be final.

Appeal to Commissioner from order under section 13 or section 32.

৩৩ ধারা। ১৩ বা ৩২ ধারামতে যে আজ্ঞা করা যায় কোন ব্যক্তি তাহাতে সন্তুষ্ট না হইলে, ঐ আজ্ঞামতে তাঁহার যত টাকা দিতে হইবে তিনি তত টাকা দিয়া ঐ আজ্ঞার তারিখ অবধি পঞ্চদশ দিনের মধ্যে ঐ দেশখণ্ডের রাজস্ব সংক্রান্ত কমিশ্যনর সাহেবের নিকট আপীলের দরখাস্ত উপস্থিত করিতে পারিবেন। ঐ আপীলের উপর তাঁহার আজ্ঞা চূড়ান্ত হইবে।

১৩ কি ৩২ ধারামত আজ্ঞার উপর কমিশ্যনর সাহেবের নিকট আপীল হইবার কথা।

The time requisite for obtaining a copy of the order shall be excluded in computing the said period of fifteen days.

ঐ পঞ্চ দশ দিন মিয়াদের হিসাব করিতে আজ্ঞার প্রতিলিপি পাইবার যত দিন লাগে তাহা ঐ মিয়াদের মধ্যে ধরিতে হইবে না।

The order of such Commissioner shall be final. It may be in favor of the petitioner, or it may simply reject the petition, or it may reject the petition and enhance the assessment to an amount to be specified in the decision.

উক্ত কমিশ্যনর সাহেবের আজ্ঞা চূড়ান্ত হইবে। সেই আজ্ঞা প্রার্থকের সপক্ষ হইতে পারিবে অথবা সেই আজ্ঞাক্রমে কেবল দরখাস্ত অগ্রাহ্য হইতে পারিবে অথবা দরখাস্ত অগ্রাহ্য হইয়া নিষ্পত্তিপত্রে যত টাকা নির্দিষ্ট থাকে তত টাকা পর্যন্ত টাকুস বৃদ্ধি হইতে পারিবে।

If the order rejects the petition and enhances the assessment, the petitioner shall within one week from the passing of the order pay the amount mentioned in the order of enhancement.

উক্ত আজ্ঞাক্রমে যদি দরখাস্ত অগ্রাহ্য হইয়া টাকুস বৃদ্ধি করা যায়, তবে টাকুস বৃদ্ধির আজ্ঞাতে যত টাকা নিদ্ধারিত হইল ঐ আজ্ঞার তারিখঅবধি এক সপ্তাহের মধ্যে প্রার্থকের সেই টাকা দিতে হইবে।

Every petition presented under this section shall be accompanied by a copy of the petition to the Collector, and a copy of the Collector's order thereon and a list of the documents (if any) on which the appellant relies.

Documents to accompany appeal.

এই ধারামতে যে প্রত্যেক দরখাস্ত উপস্থিত করা যায় তাহার সঙ্গে আপেলান্ট কালেক্টর সাহেবের নিকট দরখাস্তের প্রতিলিপি ও তাহার উপর কালেক্টর সাহেবের আজ্ঞার প্রতিলিপি এবং কোন দলীলের প্রতি নির্ভর থাকিলে তাহার নির্ঘণ্টপত্রও দিবেন।

আপীলের সঙ্গে যে দলীল দিতে হইবে তাহার কথা।

Neither of such copies shall be chargeable under the Court Fees Act.

Copies of petition and order exempt from fees.

উক্ত কোন প্রতিলিপির উপর আদালতের রসুমের আইনমতে কিছুই লাগিবে না।

দরখাস্তের ও আজ্ঞার প্রতিলিপির উপর রসুম না লাগিবার কথা।

When the decision on such appeal is in favor of the petitioner, the value of the fee on his petition of appeal, and (where he has presented a petition to the Collector) the fee on such petition, together with the excess paid by him, or (when the decision is that the petitioner, or the Company which he represents, is not chargeable under this Act) the whole sum so paid, shall at once be refunded.

Return of fees and excess.

সেই আপীলক্রমে যে নিষ্পত্তি করা যায় তাহা প্রার্থকের সপক্ষ হইলে তাঁহার আপীলের দরখাস্তের উপর ও কালেক্টর সাহেবের নিকট দরখাস্ত করিলে সেই দরখাস্তের উপর যত রসুম লাগিয়াছে তাহা এবং তিনি অতিরিক্ত যত টাকা দিয়াছেন তাহা তাঁহাকে ফিরিয়া দেওয়া যাইবে অথবা এই আইনঅনুসারে প্রার্থকের কিম্বা তিনি যে কোম্পানির স্থলাভিষিক্ত হন সেই কোম্পানির টাকুস লাগিবে না এই মর্ম্মের নিষ্পত্তি হইলে তিনি যত টাকা দিয়াছেন তৎসমুদয় তাঁহাকে ফিরিয়া দেওয়া যাইবে ইতি।

রসুম ও অধিক টাকা ফিরিয়া দিবার কথা।

[*Government Gazette, 4th April* 1871.]

34. The Collector or Commissioner may summon any person whom he thinks able to give evidence for the purpose of enabling him to determine how the petitioner, or the Company which he represents, should be assessed, and may examine on oath the person so summoned and the petitioner, and may require each of them to produce any documents in his possession or power relating to the sources of the income in question.

Power to summon persons to give necessary information.

35. Whenever the Collector has reason to believe that, in assessing any person under this Act, any source of income not specified in the receipt granted to him under section twenty-nine has been overlooked, which source, if it had then been known to exist, would have increased the assessment, the Collector may cause a further notice to be served on such person, stating the amount to be paid in respect of such source.

Power to issue fresh notice.

The provisions contained in sections twenty-eight to thirty-four (both inclusive) shall apply to such notice and regulate the procedure thereunder.

PART VII.

PAYMENT AND RECOVERY OF DUTIES.

36. All duties under this Act, except when they are deducted under section eight, section nine, or section sixteen shall be payable on the first day of April 1871

Tax when payable.

Provided that the amount so payable may be paid by two equal instalments: the first instalment to be paid on some day not later than fifteen days after service of the notice mentioned in section twenty-eight upon the person paying the same, and the second instalment on the first day of October next.

Payment by instalments.

37. In any case of default under this Act, the Collector may, if a notice has been served on the defaulter requiring him to pay, within fifteen days from the date of the service, the amount of the duty or instalment due by him under this Act, either recover a sum not exceeding double the amount as if it were an arrear of land-revenue,

Recovery under revenue-law.

or pass an order that a sum not exceeding double the amount of such duty or instalment shall be recovered from such defaulter.

Every such order shall have the force of a decree of a Civil Court in a suit in which the Government is the plaintiff and the defaulter is the de-

৩৪ ধারা। প্রার্থকের কিম্বা তিনি যে কোম্পানির স্থলাভিষিক্ত হন সেই কোম্পানির কি প্রকারে টাক্স ধার্য্য করা উচিত ইহা নির্ণয় করিবার জন্যে কালেক্টর সাহেব কিম্বা কমিশ্যনর সাহেব যে কোন ব্যক্তিকে সাক্ষ্য দিতে সমর্থ জ্ঞান করেন তাঁহাকে সমন করিয়া শপথ করাইয়া সেই আহূত ব্যক্তির এবং প্রার্থকের পরীক্ষা লইতে পারিবেন। এবং কথিত আয় যে প্রকারে উৎপন্ন হয় এই বিষয়ের কোন দলীল তাঁহারদের নিকটে কি অধিকারে থাকিলে তাহা দেখাইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

আবশ্যক সন্ধান দিবার জন্যে লোকদিগকে সমন করিবার কথা।

৩৫ ধারা। কালেক্টর সাহেব কোন ব্যক্তিকে ২৯ ধারামতে যে রসীদ দেন এই আইনমতে ঐ ব্যক্তির টাকুস ধার্য্য করণকালে তাঁহার অন্য যে উপায়ে আয় হয় তাহা ঐ রসীদে ভুলক্রমে লেখা যায় নাই কিন্তু তখন সেই উপায়ের কথা জানা গেলে তাঁহার অধিক টাকুস ধার্য্য হইত, কালেক্টর সাহেব এমত জ্ঞান করিলে, ঐ ব্যক্তিকে নূতন নোটিস দেওয়াইতে পারিবেন। ঐ উপায় লক্ষ করিয়া তাঁহার যত টাকা দিতে হইবে তাহা ঐ নোটিসে লেখা থাকিবে।

নূতন নোটিস দিবার ক্ষমতার কথা।

এবং সেই নোটিসের প্রতি ২৮ অবধি ৩৪ পর্য্যন্ত সমস্ত ধারার কথা বর্ত্তিবে ও সেই২ ধারানুসারে সেই নোটিস অনুযায়ি কার্য্যের বিধান হইবে ইতি।

সপ্তম অধ্যায়।

টাকুস দিবার ও আদায় করিবার বিধি।

৩৬ ধারা। ৮ বা ৯ বা ১৬ ধারামতে যে টাক্সের টাকা কাটিয়া লওয়া যায় তদ্ভিন্ন, এই আইনমত সকল টাক্সের টাকা ১৮৭১ সালের আপ্রিল মাসের ১ তারিখে দেনা হইবে।

টাক্স যে সময়ে দিতে হইবে তাহার কথা।

পরন্তু উক্ত দেনা টাকা সমান অংশের দুই কিস্তি করিয়া দেওয়া যাইতে পারিবে। যে ব্যক্তির ঐ টাকা দিতে হইবে ২৮ ধারার উল্লিখিত নোটিস তাঁহাকে দেওয়া গেলে পর পঞ্চদশ দিনের অনধিক কোন দিনে তাঁহার প্রথম কিস্তি দিতে হইবে। আগামি অক্টোবর মাসের ১ তারিখে দ্বিতীয় কিস্তি দিতে হইবে ইতি।

কিস্তি করিয়া টাকা দিবার কথা।

৩৭ ধারা। এই আইনমত টাকা দিবার ত্রুটি হইলে, কালেক্টর সাহেব বাকীদারের নামে নোটিস দিয়া ঐ নোটিস দিবার তারিখ অবধি পঞ্চদশ দিনের মধ্যে তাঁহার এই আইনমত দেনা টাকুস কি কিস্তির টাকা দিবার আদেশ করিলে পর তাহার দ্বিগুণের অনধিক টাকা বাকী রাজস্বের ন্যায় আদায় করিতে পারিবেন।

রাজস্বসংক্রান্ত আইনমতে টাকা আদায় করিবার কথা।

অথবা ঐ বাকীদারের স্থানে ঐ টাকুসের কিম্বা কিস্তির দ্বিগুণের অনধিক টাকা আদায় করিবার আজ্ঞা করিতে পারিবেন।

যে মোকদ্দমায় গবর্ণমেণ্ট বাদী ও বাকীদার প্রতিবাদী হন সেই মোকদ্দমায় দেওয়ানী আদালতের ডিক্রীর যদ্রূপ বল থাকে পূর্ব্বোক্ত আজ্ঞা তত্তুল্য বলবৎ হইবে।

fendant; and such order may be enforced in manner provided by the Code of Civil Procedure for the enforcement of decrees for money and the procedure under the said Code in respect of the following matters :—

(*a*) sales in execution of decrees:

(*b*) arrests in execution of decrees for money:

(*c*) execution of decrees by imprisonment:

(*d*) claims to attached property; and

(*e*) execution of decrees out of the jurisdiction of the Courts by which they were passed,

shall apply to every execution issued for levying the monies mentioned in such order, save that all the powers and duties conferred and imposed by the said Code upon the Court shall be executed by the Collector by whom such order has been made or to whom a copy thereof has been transmitted for execution according to the provisions of the said Code, section two hundred and eighty-six:

Provided that, where any person has presented a petition under section thirty-one, such sum shall not be recoverable from him unless, within fifteen days from the passing of the order thereon, he fails to pay the amount (if any) required by such order.

On the recovery of such sum from the defaulter, the Collector shall grant him a receipt without any further payment.

Every such receipt shall bear date from the recovery of the amount, and, save as aforesaid, the provisions of this Act relating to receipts shall apply to receipts granted under this section.

Amendment of assessment.

38. If during or within two months from the end of the year for which any assessment under Part V has been made, the Company or person assessed proves to the satisfaction of the Collector, that the nett profits or income of such Company or person during such year fell short of the sum so assessed, the Collector may cause the assessment made for such year to be amended as the case requires, and if the sum assessed has been paid, may refund the sum overpaid.

In case any Company or person assessed under Part III or Part V ceases to carry on the trade or business in respect whereof such assessment was made, or if any such person dies or becomes insolvent before the end of the year for which the assessment was made, or if any such Company or person is, from any other specific cause, deprived of or loses the income on which the assessment was made,

এবং দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনে টাকার নিমিত্ত ডিক্রী প্রবল করণের যে বিধি আছে ঐ আজ্ঞা সেই বিধিমতে প্রবল করা যাইতে পারিবে। এবং নিম্নলিখিত বিষয়ে উক্ত আইনেতে,

(ক) ডিক্রীজারীক্রমে বিক্রয়।

(খ) টাকার নিমিত্ত ডিক্রীজারীক্রমে আসেধ।

(গ) কারাবদ্ধদ্বারা ডিক্রী জারী করণ।

(ঘ) ক্রোক করা সম্পত্তির উপর দাওয়া। এবং

(ঙ) যে আদালত ডিক্রী করেন তাহার বিচারাধিপত্যের বহির্ভূত স্থানে ঐ ডিক্রী জারী করণ সম্পর্কে,

যে কার্য্য প্রণালী আছে, উক্ত আজ্ঞার উল্লিখিত টাকা আদায় করিবার যে পরওয়ানা বাহির হয় তাহার প্রতি সেই কার্য্য প্রণালী বর্ত্তিবে। কেবল বিশেষ এই যে উক্ত আইনেতে আদালতের প্রতি যে সকল ক্ষমতা অর্পণ করা গেল ও যে কর্ত্তব্য কার্য্য নির্দ্ধারিত হইল, যে কালেক্টর সাহেব ঐ আজ্ঞা করিলেন কিম্বা ঐ আইনের ২৮৬ ধারার বিধানমতে ঐ আজ্ঞা সাধন করিবার জন্যে যে কালেক্টর সাহেবের প্রতি তাহার প্রতিলিপি পাঠান যায়, সেই ক্ষমতা ও কর্ত্তব্য কর্ম্ম তাহার প্রতি অর্পিত হইবে।

কিন্তু যদি কোন ব্যক্তি ৩১ ধারামতে দরখাস্ত করেন, তবে ঐ দরখাস্তের উপর যে আজ্ঞা হয় তদনুসারে তাঁহার যত টাকা দিতে হইবে তিনি সেই আজ্ঞার তারিখঅবধি পঞ্চদশ দিনের মধ্যে ঐ টাকা না দিলে তাঁহার স্থানে আদায় করা যাইতে পারিবে।

বাকীদারের স্থানে ঐ টাকা আদায় করা গেলে কালেক্টর সাহেব আর কিছু না লইয়া তাহাকে রসীদ দিবেন।

সেই রসীদে ঐ টাকা আদায় হইবার তারিখ দেওয়া যাইবে। উক্ত স্থলভিন্ন এই আইনেতে রসীদের যে সকল বিধান আছে, এই ধারামত রসীদের প্রতিও সেই বিধান বর্ত্তিবে ইতি।

নির্দ্ধারিত টাক্স সংশোধন করিবার কথা।

৩৮ ধারা। ৫ অধ্যায়মতে কোন কোম্পানির কিম্বা ব্যক্তির টাক্স ধার্য্য হইলে যে বৎসরের যত টাকার উপর ঐ টাক্স ধার্য্য করা যায় তাহার সেই বৎসরের নিট্ তত লভ্য কি আয় হয় নাই ঐ ব্যক্তি কি কোম্পানি সেই বৎসরের মধ্যে কিম্বা তাহার অবসান হইলে পর দুই মাসের মধ্যে কালেক্টর সাহেবের সন্তোষমতে ইহার প্রমাণ করিতে পারিলে কালেক্টর সাহেব বিষয় বিবেচনায় তাঁহার সেই বৎসরের অবধারিত টাক্স প্রয়োজনমতে সংশোধন করিতে পারিবেন ও সেই টাকা অগ্রিম দেওয়া গেলে তাঁহাকে ঐ অতিরিক্ত টাকা ফিরিয়া দিতে পারিবেন।

কোন কোম্পানির কি ব্যক্তির যে ব্যবসায় কি কার্য্য হেতুক ৩ কি ৫ অধ্যায়মতে টাক্স ধার্য্য হইল, যে বৎসরের ঐ টাক্স ধার্য্য হয় তিনি সেই বৎসরের অবসানের পূর্ব্বে যদি সেই বৃত্তি কি ব্যবসায় চালাইতে ক্ষান্ত হন, কিম্বা যদি সেই ব্যক্তি মরেন কিম্বা ঋণশোধ করিতে অক্ষম হন, অথবা যে আয় ধরিয়া উক্ত হিসাব হইল যদি কোন বিশেষ কারণে ঐ কোম্পানি কি ব্যক্তি সেই আয়ে বঞ্চিত হন কিম্বা তাহা হারান,

such Company or person or its or his representative in interest may apply to the Collector within three months after the end of such year, and on proof thereof to his satisfaction, the Collector shall amend the assessment as the case may require, and give such relief to the Company or person charged as is just, and in cases requring it, the Collector shall refund such sum as has been overpaid on the assessment amended or vacated.

PART VIII.

Penalties.

Treasurers, &c., failing to make payments or deliver returns.

39. Every Treasurer, Secretary, Agent, Manager or other person failing to make any payment or deduction, or to prepare and deliver in due time any statement or return, or to produce any accounts, required by sections nine, ten, twelve or thirteen,

Trustees, &c., failing to deliver statements or declarations.

and every trustee, guardain, curator, committee or agent failing to deliver any statement or declaration required by section nineteen,

shall, for every day during which such default continues, be fined, on conviction before a Magistrate, ten rupees.

The Commissioner of the Division shall have power to remit wholly or in part any penalty imposed under this section.

False statement in declaration, list or petition.

40. Whoever makes a statement in any declaration or list made or delivered under section twenty-four or twenty-five, which is false and which he either knows or believes to be false or does not believe to be true, shall be deemed to have committed the offence described in section one hundred and seventy-seven of the Indian Penal Code.

Whoever makes a statement in any petition presented under section thirty-one which is false, and which he either knows or believes to be false or does not believe to be true, shall be deemed to have intentionally given false evidence in a stage of a judicial proceeding.

Prosecution to be at instance of Collector.

41. No person shall be proceeded against for any offence under section thirty-nine or section forty except at the instance of the Collector.

তবে ঐ কোম্পানি কি ব্যক্তি কিম্বা স্বার্থপক্ষে তাঁহারস্থলাভিষিক্ত ঐ বৎসরান্তে তিন মাসের মধ্যে কালেক্টর সাহেবের নিকট দরখাস্ত করিতে পারিবেন, ও কালেক্টর সাহেবের হৃদ্বোধমতে প্রমাণ হইলে তিনি বিষয় বিবেচনায় ঐ অবধারিত টাকস প্রয়োজনমতে সংশোধন করিয়া যে ব্যক্তির কি কোম্পানির ঐ টাকস ধার্য্য হইল ন্যায্যমতে তাঁহার কিম্বা স্বার্থপক্ষে তাঁহার স্থলাভিষিক্তের উপকার করিবেন এবং যে টাকস সংশোধন কি ব্যর্থ করা গেল তন্নিমিত্ত অতিরিক্ত টাকা দেওয়া গিয়া থাকিলে কালেক্টর সাহেব তাহা ফিরিয়া দিবেন ইতি।

অষ্টম অধ্যায়।

দণ্ডের বিধি।

খাজাঞ্চীপ্রভৃতি টাকা ও বর্ণনা দিতে ত্রুটি করিলে তাহার কথা।

৩৯ ধারা। ৯, ১০, ১১, ১২ কি ১৩ ধারাতে যে টাকা দিবার বা কাটিয়া লইবার কিম্বা যে বর্ণনাপত্র কি রিটর্ণ নিয়মিত সময়ে প্রস্তুত করিয়া দিবার কিম্বা যে হিসাব দেখাইবার আজ্ঞা হইল কোন খাজাঞ্চী কি সেক্রেটারী কি কর্ম্মকারক কি অন্য ব্যক্তি তাহা না দিলে,

ন্যাসধারীপ্রভৃতি বর্ণনা ও সত্যপ্রতিজ্ঞা না দিলে তাঁহারদের কথা।

এবং ১৯ ধারাতে যে বর্ণনাপত্র কি নির্দ্দেশবাক্য লিখিয়া দিবার আজ্ঞা হইল ন্যাসধারী কি অভিভাবক কি রক্ষক কি কমিটী কি কর্ম্মকারক তাহা লিখিয়া না দিলে,

যত দিন তদ্রূপ ত্রুটি করিয়া থাকেন, মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে প্রমাণ হইলে দিনপ্রতি তাঁহার দশ টাকা অর্থদণ্ড হইবে।

এই ধারামতে যে দণ্ড ধার্য্য হয়, দেশখণ্ডের কমিশ্যনর সাহেব তাহার সমুদয় কি একাংশ ক্ষমা করিতে পারিবেন ইতি।

নির্দ্দেশ বাক্যে বা নির্ঘণ্টে বা দরখাস্তে মিথ্যা বর্ণনার কথা।

৪০ ধারা। কোন ব্যক্তি ২৪ কি ২৫ ধারামতে যে নির্দ্দেশবাক্য কি নির্ঘণ্টপত্র লিখিয়া দেয়, তন্মধ্যে কোন মিথ্যা কথা লিখিলে কিম্বা যাহা মিথ্যা জানে কি বোধ করে কিম্বা যাহা সত্য জ্ঞান না করে এমত কথা লিখিলে, সে ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১৭৭ ধারার নির্দ্দিষ্ট অপরাধের অপরাধী জ্ঞান হইবে।

৩১ ধারামতে যে দরখাস্ত উপস্থিত করা যায় কোন ব্যক্তি তন্মধ্যে কোন মিথ্যা কথা লিখিলে, কিম্বা যাহা মিথ্যা জানে কি বোধ করে কিম্বা যাহা সত্য জ্ঞান না করে এমত কথা লিখিলে সে মোকদ্দমার বিচারকালে ইচ্ছাপূর্ব্বক মিথ্যা প্রমাণ দিয়াছে জ্ঞান হইবে ইতি।

কালেক্টর সাহেবের যত্নে মোকদ্দমা হইবার কথা।

৪১ ধারা। কেবল কালেক্টর সাহেবের যত্নভিন্ন ৩৯ কি ৪০ ধারামত কোন অপরাধ হেতুক কোন ব্যক্তির নামে নালিশ হইবে না ইতি।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭১। ৪ আপ্রিল।]

42. **In sections one hundred and ninety-three and two hundred and twenty-eight of the Indian Penal Code, the words "judicial proceeding" shall be taken to include any proceeding under this Act.**

Sections 193 and 228 of Penal Code to apply to proceedings.

PART IX.

Miscellaneous.

43. No suit shall lie in any Civil Court to set aside or modify any assessment made under this Act.

Bar of suits in Civil Court.

44. All or any of the powers and duties conferred and imposed by this Act on a Collector and on a Commissioner of Revenue may be exercised and performed by such other officers or persons as the Local Government shall from time to time appoint in this behalf.

Exercise of powers of Collector and Commissioner.

45. Service of any notice under this Act shall be made by delivering or tendering a copy thereof under the signature of the Collector.

Service of notices.

Whenever it may be practicable, the service of the notice shall be on the person therein named, or, in the case of a firm, or a Hindu undivided family, on some member thereof.

When such person or member cannot be found, the service may be made on any adult male member of his family residing with him; and if no such adult male member can be found, the serving officer shall fix the copy of the notice on the outer door of the house in which the person or firm therein named ordinarily dwells or carries on business.

46. When any Company or firm has several places of business in the territories subject to different Local Governments, the Governor General in Council shall have power to declare which of such places shall, for the purposes of this Act, be deemed to be the principal place of business, and when any Company has several Agents or Managers, which of them shall, for the purposes of this Act, be deemed to be the principal Agent or Manager.

Power to declare principal place of business.

When any Company or firm has several places of business in the territories subject to a single Local Government, such Government shall have power to

४२ ধারা। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১৯৩ ও ২২৮ ধারাতে "মোকদ্দমা প্রভৃতি কার্য্য" এই যে শব্দ আছে এই আইনমত মোকদ্দমাঘটিত কার্য্যও সেই শব্দের মধ্যে গণ্য ইতি।

এই আইনমত কার্য্যের প্রতি দণ্ডবিধির ১৯৩ ও ২২৮ ধারা বর্ত্তিবার কথা।

নবম অধ্যায়।

বিবিধ বিধি।

৪৩ ধারা। এই আইনমতে যে টাক্স ধার্য্য হয় কোন দেওয়ানী আদালতে তাহা অসিদ্ধ কি মতান্তর করিবার মোকদ্দমা করা যাইতে পারিবে না ইতি।

দেওয়ানী আদালতে মোকদ্দমা না হইবার কথা।

৪৪ ধারা। এই আইনদ্বারা রাজস্বের কালেক্টর সাহেবের এবং কমিশ্যনর সাহেবের প্রতি যে সকল ক্ষমতা প্রদত্ত ও যে সকল কার্য্য অর্পিত হইয়াছে, স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং অন্য যে কার্য্যকারকদিগকে কি ব্যক্তিদিগকে তৎপক্ষে নিযুক্ত করেন তাঁহারাও সেই সকল কি তন্মধ্য কোনং ক্ষমতামতে ঐ কর্ম্ম নির্ব্বাহ করিতে পারিবেন ইতি।

কালেক্টরের ও কমিশ্যনরের ক্ষমতামতে কার্য্য হইবার কথা।

৪৫ ধারা। এই আইনমতে কোন নোটিসের প্রতিলিপিতে কালেক্টর সাহেবের স্বাক্ষর থাকিলে সেই প্রতিলিপি কোন ব্যক্তিকে দেওয়া গেলে কি দিবার প্রস্তাব হইলে ঐ নোটিস দেওয়া হয়।

নোটিস দেওনের কথা।

নোটিসে যে ব্যক্তির নাম থাকে আছে তাঁহাকে কিম্বা কুঠী কিম্বা অবিভক্ত হিন্দুপরিবার হইলে তদন্তর্গত কোন অংশিকে নোটিস দেওয়া যাইতে পারিলে দেওয়া যাইবে।

যদি সেই ব্যক্তির কি অংশির সন্ধান না পাওয়া যায় তবে তাঁহার পরিবারের বয়োপ্রাপ্ত যে পুরুষ তাঁহার সঙ্গে বাস করেন তাঁহাকে নোটিস দেওয়া যাইতে পারিবে। যদি বয়োপ্রাপ্ত কোন পুরুষকে না পাওয়া যায়, তবে ঐ নোটিসের উল্লিখিত ব্যক্তি সাধারণতো যে ঘরে বাস করেন কিম্বা কুঠীর কর্ম্ম যে ঘরে চালান নোটিস দিবার আমলা সেই ঘরের বহির্দ্বারে ঐ নোটিস লাগাইয়া দিবেন ইতি।

৪৬ ধারা। স্থানীয় ভিন্নং গবর্ণমেণ্টের শাসিত দেশের মধ্যে কোন কোম্পানির কি কুঠীর ভিন্নং কর্ম্মস্থান থাকিলে উক্ত সকল স্থানের মধ্যে কোনটি এই আইনের কার্য্যের নিমিত্ত প্রধান স্থান হইবে, এবং কোন কোম্পানির অনেক কর্ম্মকারক কি কার্য্যাধ্যক্ষ থাকিলে এই আইনের কার্য্যের নিমিত্তে তাঁহারদের মধ্যে কে প্রধান স্থান হইবেন মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইহা নির্ণয় করিয়া প্রকাশ করিতে পারিবেন।

কর্ম্মের প্রধান স্থান নিরূপণ করিবার ক্ষমতার কথা।

যদি স্থানীয় একি গবর্ণমেণ্টের শাসিত দেশের মধ্যে কোন কোম্পানির কি কুঠীর অনেক কর্ম্ম স্থান থাকে, তবে এই আইনের কার্য্যের নিমিত্তে কোনটি প্রধান

declare which of them shall, for the purposes of this Act, be deemed to be the principal place of business.

Power to declare residence.

When any person has several places of residence in the territories subject to drent Local Governments the Governor General in Council shall have power to declare which of such places shall, for the purposes of this Act, be deemed to be his residence, and when any person has several places of residence in the territories subject to a single Local Government, such Government shall have power to declare which of such places shall, for the purposes of this Act, be deemed to be his residence.

The powers given by this section may be delegated to and exercised by such officers as the Governor General in Council or the Local Government, as the case may be, shall from time to time appoint in this behalf.

Power to prescribe forms and make rules.

47. The Governor General in Council may from time to time

(a) prescribe forms for the returns, notices and lists hereinbefore mentioned,

Governor General in Council empowered to make rules.

(b) make rules consistent with this Act for the guidance of officers in matters connected with its enforcement, and

(c) delegate to any Local Government the powers given by this section, clause *(b)*, so far as regards the territories subject to such Government.

জ্ঞান হইবে, ঐ গবর্ণমেণ্ট ইহা নির্ণয় করিয়া প্রচার করিতে পারিবেন।

বাসস্থান নির্ণয় করিবার ক্ষমতার কথা।

যদি স্থানীয় ভিন্ন২ গবর্ণমেণ্টের শাসিত দেশের মধ্যে কোন ব্যক্তির ভিন্ন২ বাস স্থান থাকে, তবে এই আইনের কার্য্যের নিমিত্তে কোনটি তাঁহার বাস স্থান জ্ঞান হইবে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইহা নির্ণয় করিয়া প্রকাশ করিতে পারিবেন। যদি স্থানীয় একি গবর্ণমেণ্টের শাসিত দেশের মধ্যে কোন ব্যক্তির ভিন্ন২ বাস স্থান থাকে তবে এই আইনের কার্য্যের নিমিত্তে কোনটি তাঁহার বাস স্থান জ্ঞান হইবে, ঐ গবর্ণমেণ্ট ইহা নির্ণয় করিয়া প্রকাশ করিতে পারিবেন।

এই ধারাক্রমে যে ক্ষমতা প্রদত্ত হয়, মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কিম্বা বিষম বিশেষে স্থানীয় গবর্ণমেণ্ট তদর্থে যে কার্য্যকারকদিগকে সময়ে২ নিযুক্ত করেন তাঁহাদের প্রতি সেই ক্ষমতা প্রদত্ত হইতে পারিবে ও তাঁহারা সেই ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন ইতি।

পাঠ নির্দ্দিষ্ট করিবার ও বিধি করিবার কথা।

৪৭ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়ে২ এই২ কার্য্য করিতে পারিবেন।

(ক) পূর্ব্বোক্ত বিবর্ণ ও নোটিস ও নির্ঘণ্টপত্র যে২ পাঠে লিখিতে হইবে তাহার নিরূপণ,

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের বিধি করিবার ক্ষমতার কথা।

(খ) এবং এই আইন বলবৎ করণসম্পর্কীয় কার্য্যে কর্ম্মকারকগণ যে বিধি দৃষ্টে কার্য্য করিবেন এই আইনের সঙ্গত এমত বিধিও করিতে পারিবেন।

(গ) এবং এই ধারার (খ) প্রকরণে যে২ ক্ষমতা প্রদত্ত হইয়াছে কোন স্থানীয় গবর্ণমেণ্টের অধীন দেশ সম্পর্কে সেই গবর্ণমেণ্টের প্রতি সেই২ ক্ষমতা প্রদান করিতে পারিবেন ইতি।

SCHEDULE.

Form of Petition under Section 31.

Stamp eight annas.

To THE COLLECTOR OF

The *day of* 187 .

The petition of *A. B.* of

SHEWETH—

1.—That under the Indian Income Tax Act your petitioner has been assessed in the sum of *twenty-seven* rupees for the year commencing the first day of April 187 .

2.—That your petitioner's income and profits accruing and arising from [*here specify petitioner's trade or other source or sources of income or profits and the place or places at which such income or profits accrues or arise*] for the year ending the thirty-first day of March last were rupees , as will appear from the documents of which a list is presented herewith.

3.—That such income and profits actually accrued and arose during a period of months and days. [*Here state the exact number of months and days in which the income and profits accrued and arose.*]

4.—That during the said three years your petitioner had no other income or profits.

Your petitioner therefore prays that he may be assessed accordingly, and that the value of the fee on this petition may be refunded [*or* that he may be declared not to be chargeable under the said Act, and that the value of the fee on this petition may be refunded].

(Signed) *A. B.*

Form of Verification

I, *A. B.*, the petitioner named in the above petition, do declare that what is stated therein is true to the best of my information and belief.

(Signed) *A. B.*

WHITLEY STOKES,
Secy. to the Govt. of India.

তফসীল।

৩১ ধারার উল্লিখিত দরখাস্তের পাঠ।

||০ আনা
ইষ্টাম্প।

অমুক জিলার শ্রীযুত কালেক্‌টর সাহেব সমীপেষু।

সাল তাং

অমুক গ্রাম বাসি শ্রী অমুকের দরখাস্ত এই যে,

১। ভারতবর্ষের ইনকম টাকসের আইনঅনুসারে ১৮৭ সালের আপ্রিল মাসের ১ দিবসঅবধি আমার এক বৎসরের ২৭৲ টাকা টাকস ধার্য্য হইয়াছে।

২। অমুক২ স্থানে অমুক২ ব্যবসায়দ্বারা কিম্বা অন্য উপায়ে (এই সকল বিশেষ করিয়া লিখিতে হইবে) অমুক সালের মার্চ মাসের ৩১ তারিখপর্য্যন্ত আমার এক বৎসরে এত টাকা আয় ও লভ্য হইয়াছে। ইহার সঙ্গে যেং দলীলের নির্ঘণ্টপত্র অর্পণ করিলাম তাহাতে আমার উক্ত কথা জানা যাইবে।

৩। এত মাসের ও এত দিনের মধ্যে সেই আয় ও প্রাপ্তি যথার্থ পাওয়া গেল ও উৎপন্ন হইল। [ঐ আয় ও লভ্য ঠিক কত মাসে ও কত দিনে পাওয়া গেল ইহা লিখিতে হইবে।]

৪। উক্ত তিন বৎসর আমার আয়ের কি লভ্যের অন্য উপায় ছিল না।

অতএব প্রার্থনা এই, আপনি অনুগ্রহপূর্ব্বক তদনুসারে আমার টাকস ধার্য্য করুন এবং এই দরখাস্তে ইষ্টাম্পের যে মূল্য লাগিয়াছে তাহা আমার ফিরিয়া পাইবার আজ্ঞা করুন। [অথবা উক্ত আইনঅনুসারে আমার টাকস লাগিবে না আপনি এই আজ্ঞা করিয়া আমার ঐ ইষ্টাম্পের মূল্য ফিরিয়া পাইবার আজ্ঞা করুন।]

শ্রী অমুক।

সত্যাকরণ পত্রের পাঠ।

উক্ত দরখাস্তের উল্লিখিত প্রার্থক শ্রী অমুক আমি নিশ্চিতমতে কহিতেছি যে ঐ দরখাস্তে যাহা লেখা আছে তাহা আমার সন্ধান ও বিশ্বাসমতে সত্য।

শ্রী অমুক।

উইটলি ষ্টোকস।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

Circular Orders of the Board of Revenue, L. P.

MARCH 1871.

No. 1.

The following has been substituted for Rule 3, Section VII, Chapter XXIII, page 326, Board's Rules:—

Fines are payable daily until complaince with the requisition, and measures must therefore be taken regularly for levying them promptly by recourse to the process specified for the recovery of arrears of revenue in sections 18, 20 to 24 of Act VII, (B. C.) of 1868. The attention of Collectors is specially drawn to the provisions of section 24, whereby the practice or procedure in force for the time being in respect of arrest in execution of decrees for money, in respect of the execution of decrees by imprisonment, in respect of claims to attached property, and in respect of execution of decrees out of the jurisdiction of the Courts by which they were passed, is made applicable to every execution issued for levying the monies expressed in the certificate recorded by the Collector.

No. 2.

In continuation of Circular Order No. 1, of July 1870, the following addition is made to Clause 21, section XIII, Chapter XI, page 189 of the Board's Rules:—

Security bonds of ministerial officers, which require frequent examination and testing by the local authorities, need not be sent to the Registrar General for deposit.

No. 3.

The following should be inserted at page 162 of the Board's Rules:—

4*a*. In all cases payment of arrears, which have accumulated during a period exceeding two years, requires the sanction of Government.

No. 4.

A revised form of Return No. XXX for 1870-71 will be supplied by the Superintendent of Stationery to all district officers. The return should be carefully filled in and submitted as soon after the due date as practicable.

2. The Board trust that the Commissioners will be able to transmit, on an early date, their Reports on the administration of the Income Tax in their respective Divisions.

গবর্ণমেন্ট গেজেট। ১৮৭১। ৪ আপ্রিল।]

বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরক্যুলর অর্ডর্।

১৮৭১ সাল মার্চ মাস।

১নম্বর।

বোর্ডের বিধিপুস্তকের ৫০৫ পৃষ্ঠায় ২৩ অধ্যায়ের ৭ পরিচ্ছেদের ৩ ধারার পরিবর্ত্তে এই ধারা পাঠ্য।

যত দিন আজ্ঞামতে কর্ম্ম না হয়, তত দিন অর্থদণ্ড দিতে হইবে অতএব ১৮৬৮ সালের বঙ্গীয় ৭ আইনের ১৮ ও ২০ অবধি ২৪ পর্য্যন্ত ধারায় বাকী রাজস্ব আদায় করিবার নিমিত্ত যে পরওয়ানা নির্দ্দিষ্ট হইয়াছে সেই পরওয়ানা জারী করিয়া ত্বরায় ঐ টাকা আদায় করিবার উপায় নিয়মিতরূপে করিতে হইবে। কালেক্‌টর সাহেবদের প্রতি বিশেষরূপে ২৪ ধারার বিধানে মনোযোগ করিবার আদেশ হইতেছে ঐ। বিধানমতে টাকার নিমিত্ত ডিক্রীজারী করণক্রমে ব্যক্তিকে ধৃত করিবার এবং কারাবদ্ধ করণদ্বারা ডিক্রীজারী করিবার বিষয়ের এবং ক্রোক করা সম্পত্তির উপর দাওয়ার বিষয়ের, এবং যে আদালত ডিক্রী করিলেন তাঁহার বিচারাধিপত্যের বহির্ভূত স্থানে ডিক্রীজারী করণ বিষয়ের যে রীতি ও কার্য্যপ্রণালী যৎকালে প্রবল থাকে কালেক্টর সাহেবের লিপিবদ্ধ সর্টিফিকটে নির্দ্দিষ্ট টাকা আদায় করিবার যে পরওয়ানা জারী হয় তাহার প্রতও সেই রীতি ও সেই কার্য্যপ্রণালী বর্ত্তে

২ নম্বর।

১৮৭০ সালের জুলাইমাসের ১ নম্বরের সরকুলর অর্ডর অবলম্বনে বোর্ডের বিধিপুস্তকের ১৮৯ পৃষ্ঠার ১১ অধ্যায়ের ১৩ পরিচ্ছেদের ২১ ধারায় এই কথা সংযোগ করিতে হইবে।

আমলাদের যে প্রতিভূপত্র স্থানীয় কর্ত্তৃপক্ষদের বারম্বার দৃষ্টি করিয়া পরীক্ষা করা আবশ্যক তাহা গচ্ছিত করিবার নিমিত্ত রেজিষ্ট্রার জেনেরল সাহেবের নিকট প্রেরণ করা প্রয়োজন নাই।

৩ নম্বর।

বোর্ডের বিধিপুস্তকের ১৬২ পৃষ্ঠায় এই বিধি সংযোগ করিতে হইবে।

৪ ক। যে বাকী টাকা দুই বৎসরের অধিক কাল দেওয়া যায় নাই সেই টাকা গ্রহণ করিবার বিষয়ে সর্ব্বদাই গবর্ণমেন্টের অনুমতি লওয়া প্রয়োজন।

৪ নম্বর।

ষ্টেশনরীর সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব সকল জিলার কর্ত্তৃপক্ষদিগকে ১৮৭০।৭১ সালের ৩০ নং রিটর্ণের সংশোধিত পাঠ প্রেরণ করিবেন। ঐ রিটর্ণ সাবধানে পূর্ণ করিয়া যে তারিখে দেয় হয় তাহার পর যথাসাধ্য ত্বরায় দিতে হইবে।

২। প্রত্যেক কমিশ্যনর সাহেবের খণ্ডের মধ্যে ইনকম টাক্‌সের কার্য্য যে রূপে সম্পাদন হইয়া থাকে তিনি গৌণ না করিয়া তাহার রিপোর্ট প্রেরণ করিতে পারিবেন বোর্ডের এই আশা।

Circular Orders by the High Court of Judicature at Fort William in Bengal.

CIVIL SIDE.

No. 6.

To all Zillah Judges and Judicial Commissioners,—
(dated Calcutta, the 17th March 1871.)

AN instance having been brought to the notice of the High Court of culpable carelessness and negligence on the part of a Moonsiff, in hearing witnesses and recording evidence in cases under Section 15, Act XIV of 1859, which misconduct has since led to the removal of the Moonsiff from office, the attention of Zillah Judges and Judicial Commissioners is drawn to the necessity of satisfying themselves that evidence is properly recorded in such cases. The Court directs that Judges on their inspection tours will give special attention to the subject, and that they will not omit to notice it in their report.

By order of the High Court,

(Sd.) W. M. SOUTTAR,
Offg. Registrar.

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের দেওয়ানী সরক্যুলর অর্ডর।

৬ নম্বর।

সকল জিলার জজ ও জুডিশ্যাল কমিশ্যনর সাহেব সমীপেষু।
কলিকাতা ১৮৭১ সাল ১৭ মার্চ।

কোন মুনসেফ ১৮৫৯ সালের ১৪ আইনের ১৫ ধারামতে সাক্ষিদের কথা শ্রবণ ও সাক্ষ্য লিপিবদ্ধ করণ কার্য্যে দোষঘটিত অনবধানতা ও শৈথিল্য প্রকাশ করিলেন হাই কোর্টে এই কথা জ্ঞাত করা গিয়াছে। পরে সেই অপিতাচারপ্রযুক্ত ঐ মুনসেফকে পদহইতে অবসর করা গিয়াছে। অতএব সেই প্রকারের মোকদ্দমায় সাক্ষ্য উপযুক্তমতে লিপিবদ্ধ হইয়া থাকে এই বিষয় জিলার জজ সাহেবদের ও জুডিশ্যল কমিশ্যনরদের স্বচোখমতে জানা আবশ্যক এই বিষয়ে তাহারদের প্রতি মনোযোগ করিবার আদেশ হইল। জজ সাহেবেরা দওরায় গেলে সেই বিষয়ে বিশেষ মনোযোগ করিবেন ও আপনারদের রিপোর্টে সেই বিষয়ের কথা লিখিতে ত্রুটি করিবেন না হাই কোর্টের এই আজ্ঞা।

হাই কোর্টের আজ্ঞাক্রমে।

ডবলিউ এম স্টর,
একটিং রেজিষ্টার।

Orders by the Lieutenant-Governor of Bengal.

REVENUE AND GENERAL DEPARTMENTS.

No. 458R.

APPOINTMENTS.

The 22nd March 1871.—Mr. Joseph Samuel Carstairs to officiate as Magistrate and Collector of Rajshahye, in the Second Grade, during the absence, on leave, of Mr. Wilfred Lucas Heeley, B.A., or until further orders.

Mr. Henry Roberts Madocks to officiate as Commissioner of Revenue and Circuit of the Bhaugulpore Division, during the absence, on leave, of Mr. John Warrander Dalrymple, or until further orders.

The 23rd March 1871.—Moulvie Dulleelooddeen, Deputy Collector, Patna, is vested with the powers of a Collector under Section 3, Act X. of 1870.

The 24th March 1871.—Baboo Shamachurn Chatterjee, Deputy Collector at Serampore, is vested with the powers of a Collector under Act X. of 1870.

Mr. Henry Sneyd Beadon, B.A., to be Private Secretary to the Lieutenant-Governor as a temporary arrangement.

[*Government Gazette, 4th April* 1871.]

বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্ট।

৪৫৮ R নম্বর।

নিয়োগ।

১৮৭১ সাল ২২ মার্চ।—শ্রীযুক্ত উইলফ্রেড্ লুকাস্ হিলী সাহেব বি এ ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত শ্রীযুক্ত জোসেফ সামুএল কার্ষ্টেয়র্স সাহেব দ্বিতীয় শ্রেণীমতে রাজশাহীর মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুক্ত জান ওয়ারান্ডর ডালরিম্পল সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত শ্রীযুক্ত হেনরি রবর্টস মাডকস সাহেব ভাগলপুর খণ্ডের রাজস্বের ও দায়েরসায়েরীর কমিশ্যনরের কর্ম্ম করিবেন।

১৮৭১ সাল ২৩ মার্চ।—পাটনার ডেপুটী কালেক্টর শ্রীযুক্ত মৌলবী দলীলুদ্দীন ১৮৭০ সালের ১০ আইনের ৩ ধারামতে কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

১৮৭১ সাল ২৪ মার্চ।—শ্রীরামপুরের ডেপুটী কালেক্টর শ্রীযুক্ত বাবু শ্যামাচরণ চট্টোপাধ্যায় ১৮৭০ সালের ১০ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুক্ত হেনরি স্নাইড্ বীডন সাহেব বি. এ. কিয়ৎকালের নিমিত্তে শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের স্বকীয় সেক্রেটারী হইবেন।

Mr. Robert Henry Wilson, B.A., to officiate as Under-Secretary to the Government of Bengal, during the absence, on furlough, of Mr. Alexander Mackenzie, B.A., or until further orders.

The 25th March 1871.—Baboo Ramcoomar Bose, Deputy Magistrate and Deputy Collector, to have charge of the Sub-division of Culna, in Burdwan.

Mr. Arthur Lloyd Clay to officiate as Magistrate and Collector of Chittagong, in the Second Grade, during the absence, on deputation, of Mr. James Duff Ward, or until further orders. This cancels the orders of the 9th ultimo, appointing Mr. Clay to officiate as Magistrate and Collector of Noakhally.

Mr. Lucas Barnet Blacker King to officiate as Magistrate and Collector of Noakhally, in the Second Grade, during the absence, on furlough, of Mr. John Mangles Lowis, or until further orders.

Mr. Francis William Rice Cowley to officiate as Joint-Magistrate and Deputy Collector of Chittagong.

Mr. Frederick William Joseph Rees, B.A., is re-appointed to officiate as Superintendent of Stamps and Stationery, during the absence, on deputation, of Mr. William Cornell, M.A., or until further orders.

The 27th March 1871.—The following appointments are sanctioned *vice* Baboo Doorgadas Kur, deceased:—

Baboo Jugobundhoo Bose, M.D., to be Teacher of Materia Medica in the Vernacular Classes of the Calcutta Medical College.

Baboo Chunder Mohun Ghose, B.A. and M.B., to be Teacher of Anatomy in the Vernacular Classes of the Calcutta Medical College.

Baboo Gobind Chunder Chatterjee to be Second Demonstrator of Anatomy, Calcutta Medical College.

Leave of Absence.

The 22nd March 1871.—Mr. Wilfred Lucas Heeley, B.A., Officiating Magistrate and Collector of Rajshahye, for twenty-four days, under Section XVIII. of the Covenanted Service Absentee Rules.

Mr. John Warrander Dalrymple, Commissioner of Bhaugulpore, for three months, from the 2nd proximo, under Section XIX. of the Covenanted Service Absentee Rules.

The 24th March 1871.—Mr. Edmund Craster Craster, of the Civil Service, is allowed subsidiary leave of absence from the 25th ultimo to the

শ্রীযুত আলেক্‌জণ্ডার মাকেঞ্জি বি. এ. সাহেবের নিয়মিত ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত শ্রীযুত রবর্ট হেনরি উইলসন সাহেব বি. এ. বঙ্গদেশের গবর্ণমেন্টের ছোট সেক্রেটারীর কর্ম্ম করিবেন।

১৮৭১ সাল ২৫ মার্চ।—ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রামকুমার বসু বর্দ্ধমানের অন্তর্গত কাল্‌না শাখাখণ্ডের অধ্যক্ষতা ভার পাইবেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত জেমস্ ডফ্ ওয়ার্ড সাহেবের অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত আর্থর লয়ড ক্লে সাহেব দ্বিতীয় শ্রেণীমতে চট্টগ্রামের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন। নওয়াখালীর মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করণার্থে শ্রীযুত ক্লে সাহেবের নিয়োগসূচক গত মাসের ৯ তারিখের আজ্ঞা রহিত করা গেল।

শ্রীযুত জান মাঙ্গেলস লৌইস সাহেবের নিয়মিত ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত লুকাস বার্ণেট ব্লাকর কিং সাহেব দ্বিতীয় শ্রেণীমতে নওয়াখালীর মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত ফ্রান্সিস উলিয়ম রাইস কৌলে সাহেব চট্টগ্রামের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

রাজকার্য্যোপক্ষে শ্রীযুত উলিয়ম কর্ণেল এম এ সাহেবের অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত ফ্রেড্রিক উলিয়ম জোজেফ রীস্ সাহেব বি এ ইষ্টাম্পের ও ষ্টেশনরির সুপরিন্টেণ্ডেণ্টের কর্ম্ম করণার্থে পুনর্ব্বার নিযুক্ত হইয়াছেন।

১৮৭১ সালে ২৭ মার্চ।—বাবু দুর্গাদাস করের মৃত্যু হওয়াতে তৎপরিবর্ত্তে নিম্নলিখিত নিয়োগ অনুমোদিত হইল।

শ্রীযুত বাবু জগদ্বন্ধু বসু এম ডি কলিকাতার মেডিকাল কালেজে বাঙ্গলা শ্রেণীর ভৈষজ্য তত্ত্বের শিক্ষক হইবেন।

শ্রীযুত বাবু চন্দ্রমোহন ঘোষ বি এ ও এম বি কলিকাতার মেডিকাল কালেজের বাঙ্গলা শ্রেণীর ব্যবচ্ছেদ বিদ্যার শিক্ষক হইবেন।

শ্রীযুত বাবু গোবিন্দ চন্দ্র চট্টোপাধ্যায় কলিকাতার মেডিকাল কালেজে ব্যবচ্ছেদ বিদ্যার দ্বিতীয় প্রদর্শক হইবেন।

ছুটী।

১৮৭১ সাল ২২ মার্চ।—রাজশাহীর একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত উইল ফ্রেড লুকাস হিলী সাহেব বি এ চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ ধারামতে চব্বিশ দিন ছুটী পাইয়াছেন।

ভাগলপুরের কমিশ্যনর শ্রীযুত জান ওয়ারাণ্ডার ডাল রিম্পাল সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৯ ধারামতে আগামি মাসের ২ তারিখ অবধি তিন মাস ছুটী পাইয়াছেন।

১৮৭১ সাল ২৪ মার্চ।—সিবিল কার্য্যসংক্রান্ত শ্রীযুত এডমণ্ড ক্রাষ্টর ক্রাষ্টর সাহেব নিয়মিত ছুটী হইতে প্রত্যাগমন করাতে আপন কর্ম্ম পুনর্গ্রহণ করিতে

3rd instant, to enable him to rejoin his appointment on his return from furlough.

Colonel Henry Hopkinson is allowed leave of absence from the 6th to the 10th instant, under subsidiary Rule 2, Section XI. of the Covenanted Service Absentee Code, in excess of the usual period of subsidiary leave, to enable him to join his appointment on return from furlough.

The 27th March 1871.—Mr. Edward Drummond, c.s., is allowed the usual subsidiary leave of absence, to enable him to join his appointment on return from furlough.

Mr. Gustave Mann, Assistant Conservator of Forests in Assam, for twenty months, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules, together with preparatory leave for a period not exceeding thirty days.

The 28th March 1871.—Baboo Tarucknath Ghose, Deputy Collector of Survey, for six months, from the 1st ultimo, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules.

Mr. Frederick Horatio Elphinstone, Deputy Magistrate and Deputy Collector, Gya, for fifteen days, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules.

Mr. Henry Luttman-Johnson, Officiating Joint-Magistrate and Deputy Collector of the 24-Pergunnahs, for fourteen days, under Section XVIII. of the Covenanted Service Absentee Rules, from the date on which he may be relieved of his present appointment.

Baboo Uma Churn Bose, Special Sub-Registrar of Assurances, Patna, for one month, from the 5th proximo, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules.

NOTIFICATION.

The 22nd March 1871.—The following Officers reported their departure from India on the date and on the vessel mentioned :—

Names.	Date of departure.	Vessel.
Mr. James Randall Muspratt, c.s.	1st March 1871.	*Columbian.*
Mr. John Foster Stevens, c.s.	Ditto. ...	*Ditto.*

The 24th March 1871.—The services of Captain R. Gordon Loch, Private Secretary and Aide-de-Camp to the Lieutenant-Governor, are placed at the disposal of the Government of India, in the Military Department, with effect from the afternoon of this day.

The services of the Hon'ble Ashley Eden, Secretary to the Government of Bengal, in the

পারিবার নিমিত্ত গত মাসের ২৫ অবধি এই মাসের ৩ তারিখ পর্য্যন্ত উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

কর্ণেল শ্রীযুত হেনরি হপকিন্স সাহেব নিয়মিত ছুটী হইতে প্রত্যাগমন করাতে আপন কর্ম্ম পুনর্গ্রহণার্থে যে নিয়মিত উপকরণার্থ ছুটী পান তদতিরিক্ত চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারার ২ প্রকরণমতে এই মাসের ৬ অবধি ১০ তারিখ পর্য্যন্ত উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

১৮৭১ সাল ২৭ মার্চ।—সিবিল কার্য্যসম্পর্কীয় শ্রীযুত এডওয়ার্ড ড্রমণ্ড সাহেব নিয়মিত ছুটী হইতে প্রত্যাগমন করাতে আপন কর্ম্ম পুনঃগ্রহণার্থে নিয়মিত উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

আসামের আসিষ্টান্ট বনরক্ষক শ্রীযুত গষ্টেব মান সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে বিশ মাস ছুটী পাইয়াছেন তদ্ভিন্ন ত্রিশ দিনের অনধিক প্রস্তুত হওনার্থ ছুটী পাইয়াছেন।

১৮৭১ সাল ২৮ মার্চ।—জরীপী কার্য্যের ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু তারকনাথ ঘোষ অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে গত মাসের ১ তারিখ অবধি ছয় মাস ছুটী পাইয়াছেন।

গয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ফ্রেডরিক হোরেশিও এলফিন্‌ষ্টন সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে পনের দিন ছুটী পাইয়াছেন।

২৪ পরগনার একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত হেনরি লটমান জন্‌সন সাহেব যে তারিখে অন্যের প্রতি আপন কর্ম্মের ভার অর্পণ করেন সেই তারিখ অবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ ধারামতে চৌদ্দ দিন ছুটী পাইয়াছেন

পাটনার নিদর্শনপত্রাদির বিশেষ সব-রেজিষ্ট্রার শ্রীযুত বাবু উমাচরণ বসু অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে আগামি মাসের ৫ তারিখ অবধি এক মাস ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৭১ সাল ২২ মার্চ।—নিম্নলিখিত কার্য্যকারকেরা আপনং নামের পাশের লিখিত তারিখে ও জাহাজে ভারতবর্ষহইতে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন।

নাম	গমনের তারিখ	জাহাজ।
সিবিল কার্য্যসংক্রান্ত শ্রীযুত জেমস রাণ্ডল মসপ্রাট সাহেব	১৮৭১ সাল ১ মার্চ	কলম্বিয়ান।
সিবিল কার্য্যসংক্রান্ত শ্রীযুত জান ফষ্টর ষ্টিবন্স সাহেব	ঐ	ঐ

১৮৭১ সাল ২৪ মার্চ।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের স্বকীয় সেক্রেটারী ও মোসাহেব কাপ্তান শ্রীযুত আর গর্ডন লক্‌ সাহেব অদ্য অপরাহ্ণ অবধি মিলিটারী ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

জুডিশ্যাল ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী মান্যবর শ্রীযুত আশ্‌লী ইডেন সাহেব

Judicial Department, are placed at the disposal of the Government of India, in the Foreign Department.

The 25th March 1871.—Mr. Lucas Barnet Blacker King, of the Civil Service, reported his return to Bombay from furlough on the 18th instant.

RIVERS THOMPSON,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 22nd March 1871.—In continuation of the Notification published in the *Calcutta Gazette* of the 6th April 1870, pages Nos. 751-55, the Lieutenant-Governor directs that the following article, which has received the approval of His Excellency the Governor General in Council, may be substituted for the present article E.

2. The fee to be paid for search shall be—
For the first year, eight annas.
For any subsequent year, four annas.
Up to a maximum of Rs. 5.

RIVERS THOMPSON,
Offg. Secy. to the Govt. of Bengal.

JUDICIAL AND POLITICAL DEPARTMENTS

No. 318J.

APPOINTMENTS.

The 3rd March 1871.—Baboo Bhoopati Roy, Subordinate Judge of Tirhoot, to officiate as Judge of the Small Cause Court at Mozufferpore in addition to his own duties, during the absence, on leave, of Moulvie Syed Imdad Ali, or until further orders.

The 23rd March 1871.—The following gentlemen to be Members of the Committee for the management of the Charitable Dispensary at Goberdangah, in the 24-Pergunnahs:—

Baboo Baneymadhub Chatterjee.
" Tarapersad Mitter.
" Bejoy Chunder Dutt.
" Grish Chunder Bose.

Baboo Grish Chunder Bose to be also Secretary to the Committee.

Baboo Shama Churn Roy to officiate as Moonsiff of Arrareah, in Purneah, during the absence, on leave, of Moulvie Syed Ali Hossein, or until further orders.

Baboo Debendro Lall Shome, B.L., to officiate as Moonsiff of Patuakhali, in Backergunge, during the absence, on leave, of Baboo Mohesh Chunder Chuckerbutty, or until further orders.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭১। ৪ আপ্রিল।]

করিন ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

১৮৭১ সাল ২৫ মার্চ।—সিবিল কার্য্যসংক্রান্ত শ্রীযুত লুকাস বার্ণেট ব্লাকর কিং সাহেব নিয়মিত ছুটীহইতে এই মাসের ১৮ তারিখে বোম্বাইয়ে প্রত্যাগমন করিয়াছেন এমত রিপোর্ট করেন।

রিবর্স তামসন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

বিজ্ঞাপন।

১৮৭১ সাল ২২ মার্চ।—১৮৭০ সালের আপ্রিল মাসের ১১ তারিখের বাঙ্গলা গেজেটের ৫৭৮, ৫৭৯ পৃষ্ঠায় যে বিজ্ঞাপন প্রকাশ হয় তদতিরিক্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব আজ্ঞা করিতেছেন যে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমোদিত নিম্নলিখিত বিধি বর্ত্তমান E প্রকরণের পরিবর্ত্তে দেওয়া যায়।

২। প্রথম বৎসরের রেজিস্টরী বহীতে অনুসন্ধান করিবার ... ৷৷০ আনা
তৎপরের কোন বৎসরের ... ৷০ আনা
অত্যাচচ ৫৲ টাকাপর্য্যন্ত ফী লাগিবে।

রিবর্স তামসন।
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী

জুডিশ্যল ও পলিটিকল ডিপার্টমেণ্ট।

৩১৮ J. নম্বর।

নিয়োগ।

১৮৭১ সাল ৩ মার্চ।—শ্রীযুত মৌলবী সৈয়দ ইমদাদ আলীর ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত ত্রিহুতের সবর্ডিনেট জজ শ্রীযুত বাবু ভূপতি রায় আপন কর্ম্মাতিরিক্ত মজঃফরপুরের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজের কর্ম্ম করিবেন।

১৮৭১ সাল ২৩ মার্চ।—নিম্নলিখিত মহাশয়েরা ২৪ পরগনার অন্তর্গত গোবরডাঙ্গার দাতব্য ঔষধালয়ের কর্ম্মসম্পাদনার্থ কমিটীর মেম্বর হইবেন।

শ্রীযুত বাবু বেণীমাধব চট্টোপাধ্যায়।
" " তারাপ্রসাদ মিত্র।
" " বিজয়চন্দ্র দত্ত।
" " গিরীশচন্দ্র বসু।

শ্রীযুত বাবু গিরীশচন্দ্র বসু উক্ত কমিটীর সেক্রেটারীও হইবেন।

শ্রীযুত মৌলবী সৈয়দ আলী হুসেনের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত শ্রীযুত বাবু শ্যামাচরণ রায় পুরণিয়ার অন্তর্গত অররিয়ার মুনসেফের কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু মহেশচন্দ্র চক্রবর্ত্তির ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু দেবেন্দ্রলাল সোম বি, এল, বাকরগঞ্জের অন্তর্গত পাতুয়াখালির মুনসেফের কর্ম্ম করিবেন।

Shah Lutafut Hossein to officiate as Moonsiff of Bhaugulpore, during the absence, on deputation, of Baboo Bolak Chand, or until further orders.

